

## Assembly Proceedings

#### OFFICIAL REPORT


## West Bengal Legislative Assembly

Hundred and third Session

(January to April, 1994)

(The 30th, 31st March & 4th, 5th, 6th, 7th, 8th, 11th, 12th & 13th April, 1994)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly



### GOVERNMENT OF WEST BENGAL

#### Governor PROF.SAIYID NURUL HASAN

### MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

- Shri Jyoti Basu, Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails Branch and matters relating to Minority Affairs and Haj), Department of Hill Affairs, Department of Commerce and Industries and Civil Defence Branch of Home Department.
- Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of Department of Land and Land Reforms and Department of Development and Planning (excluding Sundarban Affairs Branch and Jhargram Affairs Branch).
- 3. Shri Buddhadeb Bhattacharjee, Minister-in-charge of Department of Information and Cultural Affairs.
- Shri Kanti Biswas, Minister-in-charge of Primary and Secondary Education Branches (Excluding an audio visual educations) and integrated education for disabled childred in the Department of education.
- 5. Shri Shyamal Chakraborty, Minister-in-charge of Transport Department.
- Dr. Asim Kumar Dasgupta, Minister-in-charge of Finance Department and Department of Excise, Department of Urban-Development.
- Shri Prasanta Kumar Sur, Minister-in-chage of Department of Health and Family Welfare and Department of Refugee Relief and Rehabilitation.
- 8. Shri Santi Ghatak, Minister-in-charge of Department of Labour.
- Shri Prabir Sengupta, Minister-in-charge of Department of Cottage and Small Scale Industries.
- 10. Shri Subhas Chakraborti, Minister-in-charge of Department of Sports and Youth Services and Department of Tourism.
- 11. Shri Mahboob Zahedi, Minister-in-charge of Department of Animal Resources Development, matters relating to Wakf in the Judicial

- Department, and matters relating to Minority Affairs and Haj in the Home Department.
- 12. **Dr. Suriya Kanta Mishra**, Minister-in-charge of Department of Panchayats and Department of Rural Development.
- 13. Shri Goutam Deb, Minister-in-charge of Department of Housing and Department of Public Health Enginerinhg. New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.
- Dr. Sankar Kumar Sen, Minister-in-charge of Department of Power and Non-Conventional Energy Sources and Department of Science and Technology New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.
- 15. Shri Achintya Kirshna Ray, Minister-in-charge of Department of Environment and Department of Forests.
- 16. Shri Satya Sadhan Chakraborty, Minister-in-charge of Department of Education [excluding Primary and Secondary Education Branches, Madrasah Education, Non-formal Education, Adult Education, Audio-Visual Education and Education of the Handicapped, Social Welfare Homes all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education) Library Services and Book Fairs not relating to Higher Education.]
- 17. Shri Patit Paban Pathak, Minister-in-charge of Department of Industrial Reconstruction and Department of Public Undertakings (Encluding matters connected with West Bengal Agro Industries Corporation Limited). Assembly House, Calcutt. 700001.
- 18. Shri Dinesh Chandra Dakua, Minister-in-charge of Department of Scheduled Castes and Tribes Welfare.
- 19. Shri Abdul Quiyom Molla, Minister-in-charge of Law Department and Judicial Department (excluding matters relating to Wakf.)
- Shri Abdur Razzak Molla, Minister-in-charge of Sundarban Affairs
  Branch of Department of Development and Planning and Department
  of Food Processing Industries.
- 21. Shri Nihar Basu, Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation. Small Irrigation, and Command Area Development, and Agricultural Marketing Branch).

- 22. Shri Kalimuddin Shams, Minister-in-charge of Agricultural Marketing Branch of Department of Agriculture.
- 23. Shri Saral Deb, Minister-in-charge of Department of Co-operation.
- 24. Smt. Chhaya Ghosh, Minister-in-charge of Relief Branch of Department of Relief and Welfare.
- 25. Shri Narendranath Dey, Minister of State for Department of Food and Supplies (Excluding Food Processing Industries) Food Supplies Department, 11A, Mirza Galib Street, Calcutta-16.
- 26. Shri Debabrata Bandopadhyay, Minister-in-charge of Department of Irrigation & Waterways.
- 27. Shri Matish Ray, Minister-in-charge of Public Works Department.
- Shri Biswanath Choudhury, Minister-in-charge of Social Welfare Branch of Department of Relief and Welfare and Jails Branch of Home Department.
- 29. Dr. Omar Ali, Minister-in-charge, Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connected with West Bengal Agro Industries Corporation Limited in the Department of Public Undertakings.
- 30. Shri Kiranmay Nanda, Minister-in-charge of Department of Fisheries.
- 31. Shri Probodh Chandra Sinha, Minister-in-charge of Department of Parliamentary Affairs. Assembly House, Calcutta-700001.

#### Ministers of State

- 32. Shri Banamali Roy, Minister-in-charge of State for Department of Environment and Department of Forests under Minister-in-charge of Department of Environment and Department of Forests.
- 33. Smt. Chhaya Bera, Minister of State for Family Welfare Branch of Department of Health and Family Welfare.
- Shri Maheswar Murmu, Minister of State in Charge Jhargram Affairs Branch of Department of Development and Planning, Assembly House, Calcutta-700001
- 35. Shri Bidyut Ganguly, Minister-of-State for Department of Commerce and Industries under the Chief Minister and Minister-in-

- charge of Department of Commerce and Industries.
- 36. Shri Ashoke Bhattacharyya, Minister-of-State incharge of Department of Municipal Affairs and Department of Hill Affairs.
- 37. Shri Subodh Chaudhuri, Minister-of-State for Department of Transport Development.
- 38. Shri Anisur Rahaman, Minister-of-State for Primary and Secondary Education Branch of Department of Education including Madrasah Education.
- 39. Shri Bansa Gopal Choudhury, Minister-of-State in Charge of Department of Technical Education and Training.
- 40. Shri Khagendranath Sinha, Minister-of-State for Department of Housing and Department of Public Health Engineering. New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.
- 41. Shri Tapan Ray, Minister-of-State in charge of Library Services in the Department of Mass Education Extension.
- 42. Shri Upen Kisku, Minister-of-State for Department of Cottage and Small Scale Industries.
- 43. Smt. Anju Kár, Minister-of-State in charge of Adult Education. Non-formal Education, Audio Visual Education, Social Welfare Homes, Education of the Handicapped (excluding Integrated Education for Disabled Children and Library Services) and Social Education not connected with Higher Education in the Department of Mass Education Extension and all matters relating District Social Education Officers and Extension Officers (Social Education) in the Department of Education.
- Shri Ganesh Chandra Mondal, Minister-of-State for Department of Irrigation & Waterways under the Minister-in-Charge of Department of Irrigation and Waterways. Assembly House, Calcutta-700001.
- 45. Shri Madan Bauri, Minister-of-State for Home (Civil Defence) Department.
- 46. **Shri Dawa Lama,** Minister-in-charge for Department of Animal Resources Development.
- 47. Smt. Bilasi Bala Sahis, Minister-in-charge of State for Scheduled Casts and Tribes Welfare Department.

# WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY PRINCIPAL OFFICERS & OFFICIALS

Speaker: Shri Hashim Abdul Halim

Deputy Speaker: Shri Anil Mukherjee

**SECRETARIAT** 

Secretary: Shri S. R. Chattopadhyay.

- 1. Abul Haque, Shri (54-Jangipur-Murshidabad)
- 2. Abdul Mannan, Shri (181-Champdani-Hooghly)
- Abdul Quiyom Molla, Shri (119 Diamond Harbour South 24 -Parganas)
- 4. Abdur Razzak Molla, Shri (106 Canning East South 24 Parganas)
- 5. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj-Nadia)
- 6. Abedin, Dr. Zainal, (34-Itahar—North Dinajpur)
- 7. Abu Ayes Mondal, Shri (278-Monteswar-Burdwan)
- 8. Abu Hena, Shri (55-Lalgola-Murshidabad)
- 9. Abul Basar, Shri (115-Maheshtala—South 24-Parganas)
- 10. Abul Hasnat Khan, Shri (50-Farakka-Murshidabad)
- 11. Acharya, Shri Prabhat (46-English Bazar—Malda)
- 12. Acherjee, Shri Manik Lal (257-Kulti-Burdwan)
- 13. Adak, Kashi Nath (111-Bishnupur West-South 24-Parganas)
- 14. Adak, Shri Nitai Charan (174-Kalyanpur-Howrah)
- 15. Adhikary, Shri Nityananda (17-Maynaguri (SC)--Jalpaiguri)
- 16. Adhikary, Shri Paresh Chandra (1-Mekliganj (SC)-Cooch Behar)
- 17. Adhikary, Dr. Tarun (129-Naihati-North 24-Parganas)
- 18. Anisur Rahaman, Shri (60-Domkal-Murshidabad)
- 19. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
- 20. Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C.)-Burdwan]
- 21. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (SC)-Purulia]
- 22. Bal, Shri Sakti (206-Nandigram—Midnapore)
- 23. Bandyopadhyay, Shri Debabrata (67-Barwan-Murshidabad)
- 24. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar-Calcutta)
- 25. Banerjee, Shri Ambica (163-Howrah Central-Howrah)
- 26. Banerjee, Shri Prabir (86-Gaighata-North 24-Parganas)
- 27. Baora, Shri Samar (281-Mangalkot-Burdwan)
- 28. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur-South 24-Parganas)
- 29. Barman, Shri Debendra Nath, (9-Tufanganj (SC)-Cooch Behar)
- 30. Barman, Shri Jogesh Chandra (13-Falakata (SC)-Jalpaiguri)
- 31. Basu, Shri Bimal Kanti (4-Cooch Behar North-Cooch Behar)
- 32. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue-Calcutta)

- 33. Basu, Shri Jyoti (117 Satgachia South 24-Parganas)
- 34. Basu, Shri Subhas (81-Ranaghat West-Nadia)
- 35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]
- 36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
- 37. Bauri, Shri Madan [247-Indpur (SC)—Bankura]
- 38. Bera, Shri Bishnu (192-Pursurah—Hooghly)
- 39. Bera, Shrimati Chhaya (199-Nandanpur—Midnapore)
- 40. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
- 41. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24-Parganas)
- 42. Bhattacharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
- 43. Bhattarai, Shri Tulsi (24-Karseang—Darjeeling)
- 44. Bhowmik, Shri Manik (203-Moyna—Midnapore)
- 45. Bhunia, Dr. Manas Ranjan (216-Sabong-Midnapore)
- 46. Biswas, Shri Binoy Krishna [80-Ranaghat East (S.C.)-Nadia]
- 47. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
- 48. Biswas, Shri Kaliprasad (184-Haripal—Hooghly)
- 49. Biswas, Shri Kanti (98-Sandeshkhali (S.C.) 24-Parganas)
- 50. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC)—North 24-Parganas]
- 51. Biswas, Shri Sushil [74-Krishnagani (SC)—Nadia]
- 52. Bose, Shri Nihar (131-Jagatdal North 24-Parganas)
- 53. Bose, Shri Shyama Prasad [271-Burdwan (South)—Burdwan]
- 54. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
- 55. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
- 56. Chakrabortty, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
- 57. Chakraborty, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)
- 58. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
- 59. Chakraborty, Shri Shyamal (159-Manicktola-Calcutta)
- 60. Chakraborty, Shrimati Tania (135-Panihati-North 24-Parganas)
- 61. Chanda, Dr. Dipak (140-Cossipur—Calcutta)
- 62. Chatterjee, Shri Anil (146-Chowringhee—Calcutta)
- 63. Chatterjee, Shri Anjan (280-Katwa—Burdwan)
- 64. Chatterjee, Shri Dhirendranath (273-Raina—Burdwan)
- 65. Chatterjee, Shrimati Sandhya (182-Chandernagore—Hooghly)

### West Bengal Legislative Assembly—Contd

- 66. Chatterjee, Shri Santasri (179-Uttarpara-Hooghly)
- 67. Chatterjee, Shrimati Santi (185-Tarakeswar-Hooghly)
- 68. Chatterjee, Shri Tarun (265-Durgapur-II-Burdwan)
- 69. Chattopadhyay, Shrimati Nirupama (173-Bagnan-Howrah)
- 70. Chattopadhyay, Shri Sobhandeb (104-Baruipur-South 24-Parganas)
- 71. Chowdhury, Shri Subodh (47-Manickchak---Malda)
- 72. Choudhury, Shri Bansa Gopal (261-Raniganj-Burdwan)
- 73. Chowdhury, Shri Biswanath (38 Balurghat South Dinajpur)
- 74. Chowdhury Md. Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
- 75. Chowdhury, Shri Benoy Krishna (270 Burdwan North Burdwan)
- 76. Chowdhury, Shri Bikash (262 Jamuria Burdwan)
- 77. Chowdhury, Shri Jyoti (180 Serampur Hooghly)
- 78. Chowdhury, Shri Sibendra Narayan (8 Natabari Cooch Behar)
- 79. Chowdhury, Shri Subhendu [45 Malda (S.C.) Malda]
- 80. Dakua, Shri Dinesh Chandra [3 -Mathabhanga (S.C.) Cooch Behar]
- 81. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
- 82. Dalui, Shri Sibaprasad [272-Khandaghosh (S.C.)—Burdwan]
- 83. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.)—Birbhum]
- 84. Das, Shri Atul Chandra (230-Gopiballavpur---Midnapore)
- 85. Das, Shri Benode (194-Arambagh—Hooghly)
- 86. Das, Shri Bidyut Kumar (183-Singur-Hooghly)
- 87. Das, Shri Debesh [154-Taltola (SC)—Calcutta]
- 88. Das, Jagadish Chandra (128 Bijpur North 24 Parganas)
- 89. Das, Shri Nirmal (12-Alipurduar Jalpaiguri)
- 90. Das, Shri Paresh Nath [54-Sagardighi (S.C.)—Murshidabad]
- 91. Das Shri Sailaja Kumar (211-Contai South-Midnapore)
- 92. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)
- 93. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West-Cooch Behar)
- 94. Das, Shri S. R. (258-Barabani-Burdwan)
- 95. Das, Shri Sukumar (204-Mahishadal--Midnapore)
- 96. Das, Shri Trilochan [292-Hansan(SC)-Birbhum]
- 97. Dasgupta, Shrimati Arati (118-Falta-South 24-Parganas)
- 98. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)

- 99. Das Mohapatra, Shri Kamakhyanandan (215-Pataspur-Midnapore)
- 100. De, Shri Partha (251-Bankura—Bankura)
- 101. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)
- 102. Deb, Shri Rabin (152 Ballygunge Calcutta)
- 103. Deb, Shri Saral (90-Barasat—North 24-Parganas)
- 104. Dey, Shri Ajoy (78-Santipur-Nadia)
- 105. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar-Calcutta)
- 106. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
- 107. Debsarma, Shri Ramani Kanta [32-Kaliaganj (SC)—North Dinajpur]
- 108. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
- 109. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
- 110. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur-Bankura)
- 111. Fazle Azim Molla, Shri (114-Garden Reach—South 24-Parganas)
- 112. Ganguli, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
- 113. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
- 114. Gayen, Shri Nripen [99-Hingalgani (SC)—North 24-Parganas]
- 115. Ghatak, Shri Santi (136-Kamarhati—North 24-Parganas)
- 116. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
- 117. Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad—Murshidabad)
- 118. Ghosh, Shri Kamakhya (223-Midnapore—Midnapore)
- 119. Ghosh, Shri Malin Kumar (178-Chanditala—Hooghly)
- 120. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)
- 121. Ghosh, Shri Rabindra (171-Uluberia South-Howrah)
- 122. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West-Nadia)
- 123. Ghosh, Shri Susanta (220-Garhbeta East-Midnapore)
- 124. Goala, Shri Rajdeo (160-Belgachia West-Calcutta)
- 125. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
- 126. Goswami, Shri Subhas (248-Chhatna-Bankura)
- 127. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
- 128. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
- 129. Haji, Sajjad Hussain, Shri (30-Karandighi—North Dinajpur)
- 130. Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (SC)—Hooghly)
- 131. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (SC)—South 24-Parganas)

- 132. Halder, Shri Krishna Chandra [266-Kanksa (SC)-Burdwan)
- 133. Hansda, Shri Naren [232-Binpur (ST)-Midnapore)
- 134. Hart, Shrimati Gillian Rosemary (295-Nominated)
- 135. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
- 136. Hazra, Shri Haran [169-Sankrail (SC)—Howrah)
- 137. Hazra, Shri Samar (274-Jamialpur (SC)—Burdwan)
- 138. Hazra, Shri Sundar (222-Salboni-Midnapore)
- 139. Hembram, Shrimati Arati [246-Ranibandh (ST)-Bankura)
- 140. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
- 141. Id. Mohammed, Shri (68-Bharatpur-Murshidabad)
- 142. Idrish Mondal, Shri (269-Galsi—Burdwan)
- 143. Jamadar, Shri Badal (107-Bhangar—South 24-Parganas)
- 144. Jana, Shri Hari Pada (217-Pingla-Midnapore)
- 145. Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)
- 146. Joardar, Shri Dinesh (49-Kaliachak—Malda)
- 147. Kalimuddin Shams, Shri (147-Kabitirtha—Calcutta)
- 148. Kar, Shrimati Anju (276-Kalna-Burdwan)
- 149. Kar, Shri Nani (88-Ashokenagar-North 24-Parganas)
- 150. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakashipara—Nadia)
- 151. Khaitan, Shri Rajesh (144-Bara Bazar---Calcutta)
- 152. Kisku, Shri Lakhi Ram [233-Banduan (ST)—Purulia
- 153. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura)
- 154. Koley, Shri Barindra Nath (175-Amta—Howrah)
- 155. Konar, Shrimati Maharani (275-Memari—Burdwan)
- 156. Kujur, Shri Sushil (14-Madarihat (ST)—Jalpaiguri)
- 157. Lahiri, Shri Jatu (165-Shibpur-Howrah)
- 158. Lama, Shri Dawa (23 Darjeeling-Darjeeling)
- 159. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum)
- 160. M. Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
- 161. Mahamuddin, Shri (27-Chopra—North Dinajpur)
- 162. Mahammad Ramjan Ali, Shri (29-Goalpokhar-North Dinajpur)
- 163. Mahata, Shri Bindeswar (238-Joypur-Purulia)
- 164. Mahata, Shri Kamala Kanta (234-Manbazar-Purulia)

- 165. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda---Purulia)
- 166. Mahboob Zahedi, Shri (268-Bhatar—Burdwan)
- 167. Maitra, Shri Birendra Kumar (42-Harischandrapur-Malda)
- 168. Maity, Shri Hrishikesh (126-Kakdwip-South 24-Parganas)
- 169. Maity, Shri Mukul Bikash (210-Contai North-Midnapore)
- 170. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia
- 171. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura)
- 172. Majhi, Shri Raicharan [282-Ketugram (SC)—Burdwan)
- 73. Majhi, Shri Surendranath [242-Kashipur (ST)—Purulia)
- 74. Majhi, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
- 75. Malakar, Shri Nani Gopal (83-Haringhata-Nadia)
- 76. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly
- 77. Malik, Shri Sreedhar [267-Ausgram (SC)-Burdwan)
- 78. Mamtaz Begum, Shrimati (43-Ratua-Malda)
- 79. Mandal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
- 80. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
- 81. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)-North 24-Parganas]
- 82. Manna, Shri Janmenjay (125-Patharpratima—South 24-Parganas)
- 83. Mazumdar, Shri Dilip (264-Durgapur I—Burdwan)
- 84. Md. Nezamuddin, Shri (153-Entally-Calcutta)
- 85. Md. Yakub, Shri (92-Deganga-North 24-Parganas)
- 86. Mehta, Shri Nishi Kanta (236-Arsha-Purulia)
- 77. Minj, Shri Prakash [26-Phansidewa (ST)—Darjeeling
- 8. Mir Quasem Mondal, Shri (73-Chapra-Nadia)
- 9. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapore)
- 0. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—South 24-Parganas)
- 1. Mitra, Shri Biswanath (77-Nabadwip-Nadia)
- 2. Mitra, Shrimati Jayasri (250-Barjora—Bankura)
- 3. Mitra, Shrimati Sabitri (44-Araidanga-Malda)
- 4. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
- 5. Muktan, Shri Nima Tshering (22-Kalimpong—Darjeeling)
- 5 Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
- 7. Mondal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)

- 198. Mondal, Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
- 199. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (SC)—South 24-Parganas]
- 200. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
- 201. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (SC)-Howrah]
- 202. Mondal, Shri Sailen (168-Panchla-Howrah)
- 203. Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat—Birbhum)
- 204. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
- 205. Motahar Hossain, Dr. (294-Murarai-Birbhum)
- 206. Mozammel Haque, Shri (62-Hariharpara—Murshidabad)
- 207. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)
- 208. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
- 209. Mukherjee, Shri Dipak (116-Budge Budge-South 24-Parganas)
- 210. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)
- 211. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
- 212. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
- 213. Mukherjee, Shri Nirmal (113-Behala West-South 24-Parganas)
- 214. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
- 215. Mukherjee, Shri Subrata (142-Jorabagan—Calcutta)
- 216. Mumtaz Hassan, Shri (259-Hirapur-Burdwan)
- 217. Munda, shri Chaitan [16-Nagrakata (ST)-Jalpaiguri]
- 218. Murmu, Shri Debnath [40-Gazole (ST)-Malda]
- 219. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)-Midnapore]
- 220. Murmu, Shri Sarkar [39-Habibpur (ST)-Malda]
- 221. Nanda, Shri Brahmamoy [207-Narghat-Midnapore]
- 222. Nanda, Shri Kiranmoy (214-Mugberia-Midnapore)
- 223. Nasiruddin Khan, Shri (61-Noada-Murshidabad)
- 224. Naskar, Shri Subhas [101-Basanti (SC)-South 24-Parganas]
- 225. Naskar, Shri Sundar [110-Bishnupur East (SC)—South 24-Parganasl
- 226. Nath, Shri Madan Mohan (132-Noapara—North 24-Parganas)
- 227. Nath, Shri Manoranjan (279-Purbasthali-Burdwan)
- 228. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural-Midnapore)
- 229. Nazmul Hoque, Shri (41-Kharba-Malda)
- 230. Neogy, Shri Brajo Gopal (190-Polha-Hooghly)

- 231. Nutul Islam Chowdhury, Shri (64-Beldanga-Murshidabad)
- 232. Omar, Ali, Dr. (200-Panskura West-Midnapore)
- 233. Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]
- 234. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC)-Midnapore]
- 235. Pakhira, Shri Ratanchandra [197-Ghatal (SC)-Midnapore]
- 236. Pande, Shri Sadhan (158-Burtola-Calcutta)
- 237. Pathak, Shri Patit Paban (161-Bally—Howrah)
- 238. Patra, Shri Amiya (244-Taldangra-Bankura)
- 239. Patra, Shri Ranjit (228-Dantan-Midnapore)
- 240. Paul, Smt. Maya Rani (63-Berhampur-Murshidabad)
- 241. Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur-Midnapore)
- 242. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko-Calcutta)
- 243. Pradhan, Shri Prasanta (208-Bhagwanpur-Midnapore)
- 244. Pramanik, Shri Abinash [188-Balagarh (SC)—Hooghly]
- 245. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]
- 246. Purkait, Shri Prabodh [102-Kultali (SC)—South 24-Parganas]
- 247. Putatunda (Dev), Shrimati Anuradha (120-Magrahat West—South 24-Parganas)
- 248. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)
- 249. Raha, Shri Sudhan (19-Kranti-Jalpaiguri)
- 250. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur—Bankura)
- 251. Ray, Shri Jatindranath [21-Rajgani (SC)—Jalpaiguri]
- 252. Ray, Shri Matish (137-Baranagar-North 24-Parganas)
- 253. Roy, Shri Sattick Kumar (293-Nalhati-Birbhum)
- 54. Ray, Shri Subhash (122-Mandirbazar (SC)—South 24-Parganas)
- 55. Ray, Shri Tapan (288-Suri—Birbhum)
- 56. Roy, Shri Banamali (15-Dhupguri (SC)-Jalpaiguri)
- 57. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
- 58. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar-Midnapore)
- 59. Roy, Shri Narmada Chandra (33-Kushmandi (SC)—South Dinajpur)
- 60. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)
- 51. Roychowdhury, Shri Goutam (260-Asansol-Burdwan)
- <sup>62</sup> Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)

- 263, Saha, Shri Kripa Sindhu (191-Dhaniakhali (SC)-Hooghly)
- 264. Sahis, Shrimati Bilasi (240-Para (SC)-Purulia)
- 265. Sanyal, Shri Kamalendu (70-Palashipara-Nadia
- 266. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
- 267, Sarkar, Shri Nayan (79-Hanskhali (SC)-Nadia)
- 268. Sarkar. Shri Sisir (201-Panskura East—Midnapore)
- 269. Sarkar, Shri Sisir Kumar (57-Nabagram—Murshidabad)
- 270. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
- 271. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar-Birbhum)
- 272. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum-North 24-Parganas)
- 273. Sengupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)
- 274. Sen Gupta (Bose), Shrimati Kamal (87-Habra—North 24-Parganas)
- 275. Sen Gupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
- 276. Seth, Shri Bhpendranath (85-Bongaon—North 24-Parganas)
- 277. Seth, Shri Lakshman Chandra (205-Sutahata (SC)—Midnapore)
- 278. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
- 279. Shish Mohammad, Shri (52-Suti-Murshidabad)
- 280. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
- 281. Sinha, Shri Khagendra Nath (31-Raiganj (SC)-North Dinajpur)
- 282. Sinha, Dr. Nirmal (121-Magrahat East (SC)—South 24-Parganas)
- 283. Sinha, Shri Prabodh Chandra (213-Egra-Midnapore)
- 284. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
- 285. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
- 286. Soren, Shri Khara (36-Tapan (ST)—South Dinajpur)
- 287. Soren, Shri Subhas Chandra (229-Nayagram (ST)-Midnapore)
- 288. Sur, Shri Prasanta Kumar (150-Tollygunge—Calcutta)
- 289. Syed Nawab Jani Meerza, Shri (56-Bhagabangola-Murshidabad)
- 290. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
- 291. Tirkey, Shri Manohar (11-Kalchini (ST)-Jalpaiguri)
- 292. Toppo, Shri Salib (10-Kumargram (ST)—Jalpaiguri)
- 293. Touab Ali, Shri (51-Aurangabad—Murshidabad)
- 294. Unus Sarkar, Shri (59-Jalangi-Murshidabad)
- 295. Vacant (243 Hura Purulia)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 30th March, 1994 at 11.00 a.m.

#### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 9 Ministers, 6 Ministers of State and 143 Members.

[11-00 — 11-10 a.m.]

শ্রী অম্বিকা ব্যানার্জি : স্যার, আমার একটা ইমপর্টেন্ট ইনফর্মেশন আছে।

মিঃ স্পিকার ঃ আজকে ব্যাপারটা ছেড়ে দিন, কালকে বলবেন। আপনি তো আমার চেম্বারে ব্যাপারটা বলেছেন। আই উইল টেক অ্যাকশন অন দ্যাট। আমি ব্যাপারটা শুনেছি আপনি কালকে বলবেন, কারণ আপনাকে বলতে দিলে স্বাইকেই বলতে দিতে হবে।

### **Adjournment Motion**

Mr. Speaker: Today I have received on notice of Adjournment Motion from Shri Sudip Bandyopadhyay on the subject of steps taken by the Government in perspective of the attack on the Ananda Bazar Patrika.

A discussion on the subject was made in the House on the 29/3/94. The member may call further attention of the concerned Minister on the subject through Calling Attention, Question, Mention etc.

I do not, therefore, accept the motion.

### Calling Attention

Mr. Speaker: Today I have received seven notices of Calling Attention, namely:—

- i) Reported confinement of ten workmen: Shri Lakshman Chandra following gas-leak in Chanpui Colliery Seth and Shri Samar at Asansol on the 29th March, 1994; Baora
- ii) Acute scarcity of drinking water at: Dr. Manas Bhunia Sabang Block of Midnapore district;
- iii) Danger of drying up of Boro-crops at : Shri Jahangir Karim Debra of Midnapore Dist. for want of irrigation due to low voltage power transmission :

- iv) Problem of lessee-farmers to take pos- : Shri Kamalendu Sanyal session of land at Gopinathpur in Nadia dist. :
- v) Steps taken by the Govt. to prevent : Shri Nirmal Das chaos in perspective of the Madhyamik Mathematics Exam.;
- vi) Reported attack on Ananda Bazar : Shri Sudip Bandyopadhyay Patrika by one party of the Left Front on the 27th March, 1994;
- vii) Reported lack of supply of electricity: Shri Sibaprasad Malik. at Goghat Police Stn of Hooghly dist.

I have selected the notice of Shri Lakshman Chandra Seth and Shri Samar Baora on the subject of 'Reported confinement of ten workmen following gas-leak in Chanpui Colliery at Asansol on the 29th March, 1994.'

The Minister-in-Charge may please make a statement today, if possible, or give a date.

Shri Prabodh Chandra Sinha: Sir the statement will be made on 6th April, 1994.

#### PRESENTATION OF REPORT

Presentation of the Thirty-second Report of the Committee on Public Undertakings (1993-94).

Shri Lakshman Chandra Seth (The Chairman): Sir, I beg to present the Thirty-second Report of he Committee on Public Undertakings (1993-94) on the West Bengal Industrial Development Corporation Ltd.

শ্রী অধিকা ব্যানার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ। স্যার, আপনি জানেন কিনা তাও জানি না। আমি কয়েকদিন আগে মাননীয় শ্রমমন্ত্রীকে বলেছিলাম হাওড়া বন্ধের ডাক দেওয়া হয়েছে। উনি ব্যাপারটা জানতেন না। উনি বললেন কেন? তখন আমি বল্লাম শুনেছি গ্যাট এবং কেন্দ্রীয় সরকারের বাজেটের বিরুদ্ধে এবং বদ্ধ কলকারখানা খোলার দাবিতে সিটুর নেড়ত্থে এই বদ্ধের ডাক দেওয়া হয়েছে। উনি তখন এটা সমর্থন করেননি। যাই হোক বদ্ধের ডাক দেবার অধিকার যে কোনও পলিটিক্যাল পার্টিরই আছে। স্যার, আমি যখন বিধানসভায় আসছিলাম দিতীয় হগলি সেতুর উপর দিয়ে, তখন সেখানে ব্যারিকেড করে দেওয়া হয়েছিল। যারা আসতে চাইছেন তাদের সেখান দিয়ে আসতে দেওয়া হয়েছে। আমাকে সেখানে পূলিশ প্রত্যক্ষভাবে তাদের মানে রয়েছে এবং তাদের সহযোগিতা করছে। আমাকে সেখান দিয়ে আসতে দেওয়া হয়েছ।

তিন জায়গা পেরিয়ে যখন হাওডা স্টেশনের চত্বরে আসি তখন আমার গাড়ির উপর ষ্ট্রটু মারা হয় এবং আমাকে অকথ্য ভাষায় গালিগালাজ দেওয়া হয়। আমার গাড়িটা সামনেই আছে একবার গিয়ে দেখে আসুন। আমি তাদের বললাম আমাদের একজন নেতা মারা গিয়েছেন, আমাকে বিধানসভায় যেতে হবে কিন্তু তা সত্তেও আমার উপর এইভাবে আক্রমণ চালানো হয়। ওরা এখানে চেঁচামেচি করছেন, কোনও গণতন্ত্রে একথা বলে যে একজন বিধায়ককে বিধানসভায় আসতে দেওয়া হবে নাং আপনারা বন্ধ ডিক্লিয়ার করেছেন হাওড়াতে কিন্তু তা সত্তেও গিয়ে দেখে আসুন যে সেখানে কলকারখানা চলছে। সেখানে আপনাদের পেশি শক্তির জোরে বনধ ডিক্লিয়ার করেছেন কিন্তু তাতে মানুষকে আপনারা আটকে রাখতে পারেন নি। একজন বিধায়ককে যারা বলতে দেন না বিধানসভার ভেতরে এবং তাকে পথ দিয়ে আসতে দেন না সেই পার্টি কি রকম গণতন্ত্র রক্ষা করছেন তা একট চিম্ভা করে দেখুন। ওরা গণতন্ত্র গণতন্ত্র বলে চিৎকার করছেন কিন্তু গণতন্ত্রকে রক্ষা করছেন না। এ বিষয়ে সারে, আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি, আপনি এমন ব্যবস্থা করুন যে যারা আসতে চাইছে তাদের আসতে দেওয়া হোক। কেন তাদের আসতে দেওয়া হবে না? ঐ তো ওদিকে একজন দেখছি এসেছেন। আমি জানি না কি করে উনি এসেছেন। হাওডার ওখানে ব্যারিকেড করে দেওয়া হয়েছে, মানুষজনকে আসতে দেওয়া হচ্ছে না, একজন বিধায়ককে আক্রমণ করা হয়েছে। এ বিষয়ে স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

#### (গোলমাল)

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ স্যার, আমি বাগনান থেকে আসছি। হওড়া শহরে শ্রমিক সংগঠনগুলির পক্ষ থেকে যেবদ্ধ ডাকা হয়েছে সে সম্পর্কে উনি যা বললেন সে ধরনের কোনও সংবাদ আমার জানা নেই। উনি যা বললেন তা ভিত্তিহীন। সেখানকার শ্রমজীবী মানুষরা স্বতস্ফুর্তভাবে বন্ধে সাড়া দিয়েছেন। উনি অন্যভাবে জিনিসটা বিকৃত করে এখানে বলছেন। আমি নিজে ঐ এলাকা দিয়ে এসেছি। স্যার, এইসব কথা বলে প্রোভোকেশন দেওয়া হচ্ছে যাতে বন্ধ ব্যর্থ হয়। আমি হাওড়ার উপর দিয়ে এসেছি।

#### **LEGISLATION**

### The West Bengal Luxury Tax Bill, 1994

Dr. Asim Kumar Dasgupta: Sir, I beg to introduce the West Bengal Luxury Tax Bill, 1994.

(Secretary then read the title of the Bill)

Dr. Asim Kumar Dasgupta: Sir, I beg to move that the West Bengal Luxury Tax Bill, 1994 be taken into consideration.

[11-10 — 11-20 a.m.]

### শ্রী সৌগত রায় ঃ [\*\*\*]

Mr. Speaker: Nothing will be recorded. All will be expunged. I have called upon you to speak on the Bill. If you do not speak on the

<sup>\*</sup> Expunged as ordered by the Chair.

[30th March, 1994]

Bill, I will call next speaker. If you do not speak on the Bill, I will expunge your speech.

Shri Saugata Roy: Sir, you can expunge.

কিন্তু এটা ঠিক হচ্ছে না। আপনার এক্সপাঞ্জ করার অধিকার আছে, আমাদেরও বলার অধিকার আছে। অম্বিকবাবুর বলার কথা ছিল, পার্টিসিপেট করার কথা ছিল কিন্তু আজকে উনি বলতে পারছেন না। কারণ তার উপর যে আত্র-মণ হয়েছে, উনি মেন্টালি আপসেট।

Mr. Speaker: Hon'ble Members are expected to make correct statement and not incorrect statement. You have stated that Mr. Ambica Banerjee was supposed to speak on the Bill. Your leader submitted a list of speakers which does not contain the name of Mr. Banerjee. It means you are making incorrect statement. Don't do it.

শ্রী সৌগত রায় : Sir, I do not agree with you. আমরা যে লিস্ট দিয়েছি তা পাঁচ মিনিট আগে দিয়েছি। আর ইন্সিডেন্ট হয়েছে ৯।। টার সময়। এই অবস্থায় আমাদের চিফ হুইপ এবং লিডার আমাকে বলতে বলেছেন। আমি কিছটা আনপ্রিপেয়ার্ড ছিলাম। এই সিম্পল ব্যাপারটা বঝতে পারছেন না কাগজে কিছ লেখা হলে আপনারা কাগজ পড়িয়ে দেবেন। মেম্বাররা তাদের বক্তব্য রাখতে পারবেন না। আজকে এই যে জায়গায় ব্যাপারটা দাঁডাচ্ছে, এটা খুব হেলদি সাইন নয়। লাক্সারি ট্যাক্স বিল সম্পর্কে বলতে গিয়ে বলছি, মন্ত্রী মহাশয় এই যে বিল এনেছেন, এটা লজিক্যালি টেনেবল নয়। আর কতবার উনি এই ধরনের বিল আনবেন আর সুপ্রিম কোর্টে গিয়ে চ্যালেঞ্জড হবে? সংবিধানের সেভেম্ব শিডিউল দেখন. সেখানে স্টেট লিস্টে বলা আছে taxes on luxuries including taxes on entertainment, anusemet, beting and gambling, তাতে স্পেসিফিক্যালি বলা আছে এন্টারটেনমেন্ট, অ্যামিউজমেন্ট, বেটিং, গ্যাম্বলিং। উনি সিগারেট, সিগার, পাইপ টোবাকো, সিগারেট টোবাকো, এইগুলোকে সব লাক্সারি গুডসের মধ্যে নিয়ে এলেন। এটাও সুপ্রিম কোর্টে **চ্যালেঞ্জড হবে এবং এটা লিগ্যালি টেনেবল হবে कि ।। এই বিষয়ে আমি ডাউটফল।** কারণ অতীতে আমরা দেখেছি এখান থেকে বিল পাশ হয়েছে এবং সুপ্রিম কোর্টে চ্যালেঞ্জড হয়েছে। যেমন রুর্য়াল অ্যামপ্লয়মেন্ট অ্যান্ড প্রোডাকশন সেস, ৭৬, চা বাগানের সবজ চায়ের উপর উনি সেস বসিয়েছিলেন এটা সুপ্রিম কোর্টে চ্যালেঞ্জড হয়, সুপ্রিম কোর্ট ৮৯ সালে রুলিং দেয় যে সেসটা ইললিগ্যাল। তারপর উনি আবার হাউসে এসে বললেন,—সুপ্রিম কোর্ট যেহেতু রুলিং দিয়েছে সেহেতু রেট্রোম্পেকটিভ দিয়ে আবার আইন করতে চাইছি। তথাপি উনি এখন পর্যন্ত চা-বাগানের মালিকদের কাছ থেকে কাঁচা পাতার বা সবুজ পাতার উপর এক পয়সাও সেস আদায় করতে পারেন নি। তারপর উনি কয়লার উপর সেস বসিয়েছেন এবং উনি দাবি করছেন, সেস এবং রয়ালিটি, দুটোই ওর বসাবার অধিকার আছে। সুপ্রিম কোর্টে মামলা হয়েছে, একটা প্রাইভেট কোম্পানি সুপ্রিম কোর্টে গিয়ে সেস এর উপর মামলা করেছে, তারা বলছে—এর ফলে আমাদের কয়লার দাম বেডে যাচেছ। তারপর সেস নিয়ে রাজা সরকারও গি**রেছে। সন্ত্রিম কোর্ট এখনও** রায় দেয়নি এবং কেন্দ্রীয় সরকার বা কোল ইন্ডিয়াও পার্টি হয়েছে। **এখন যদি সুপ্রিম** কোর্ট আবার কোল সেস'কে ইলিগ্যাল বা আলট্রা ভাইরেস বলে

তাহলে রাজ্য সরকারকে মোট ২.০০০ কোটি টাকা ফেরত দিতে হবে। আমি গতকালই হাউসে উল্লেখ করেছি যে, উনি কেবল বর্ডার লাইন টান্স করছেন। এগুলো যদি চ্যালেঞ্জ হয় এবং আলটা ভাইরেস বলে ঘোষিত হয় তাহলে রাজ্য সরকারকে সাংঘাতিক বিপদে পড়তে হয়, আবার নতুন করে বিল আনতে হয়। তখন বলতে হয়—পূর্বের আইনে এই এই ক্রটি ছিল, সুপ্রিম কোর্ট এই এই বলৈ দিয়েছে, অতএব এই ভাবে এখন আইনটা করতে হচ্ছে। অথচ রাজ্যের যে জায়গায় ট্যাক্স বসাবার সম্পর্ণ অধিকার আছে তা হচ্ছে সেলস ট্যাক্স। আমরা দেখছি এ রাজ্যে প্রতি বছর যে সেলস টাক্সি বসছে তা রাজ্য সরকার আদায় করতে পারছে না। উনি গতবারে এস্টিমেট করেছিলেন ২ হাজার ৪০ কোটি টাকা সেলস টাক্স থেকে আদায় করবেন, মাত্র ১.৯০০ কোটি টাকা আদায় করেছেন। সেলস ট্যান্স আদায়ের অধিকারটা রাজ্যের অত্যন্ত ক্রিয়ার অধিকার, সেটাই পুরোপুরি আদায় করতে পারছেন না ওর মেশিনারির ব্যর্থতার জন্য। আর উনি নতন নতন উত্থাবনি শক্তি ব্যবহার করে নতন নতন ক্ষেত্রে নতন নতন ট্যাক্স বসাতে চাইছেন যেগুলো আমার মনে হচ্ছে বর্ডার লাইন কেস। এগুলো সম্বন্ধে আমার যথেষ্ট সন্দেহ আছে। সিগারেট এবং পান-মশালাকে লাক্সারি আইটেম বলতে পারেন কিনা এ বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। সিগারেট এবং পান-মশালাকে লাক্সারি আইটেম হিসাবে ঘোষণা করে একটা লাক্সারি ট্যাক্স মেকানিজম করতে চাইছেন. একটা নতুন করে প্যারালাল অ্যাডমিনিস্ট্রেশন করতে চাইছেন। আমি জানি না এই ট্যাক্স বসানোটা শেষ পর্যন্ত সপ্রিম কোর্ট গণ্য করবে কিনা! এর আগে এই ধরনের দটো ট্যাক্স স্টাক ডাউন হয়েছে। সেই জন্য আমি চাইছি মাননীয় মন্ত্রী এখানে আডভোকেট জেনারেলকে ডাকন এবং অ্যাডভোকেট জেনারেল আমাদের জানান যে, সিগারেটের উপর ল্যাক্সারি ট্যাক্স বসানো লিগাল হচ্ছে কিনা? আমি যতটক কনস্টিটিউশন ববি৷ তাতে আমার মনে হচ্ছে এটা বর্ডার লাইন কেস। হাাঁ, এটা ঠিক কথা যে সেন্ট্রাল গভর্নমেন্ট সিগারেটের উপর ট্যাক্স বৃদ্ধি করেছেন। কিন্তু বিলাস দ্রব্য হিসাবে তা করেন নি। সিগারেটকে বিলাস দ্রব্য মনে করার কোনও কারণ আছে বলে আমার মনে হয় না। রবীনবাব খুব সহজ লোক, উনি বই-পত্র, কনস্টিটিউশন ইত্যাদির মধ্যে যান না। ফলে মনমোহন সিং তার বাজেটে কি ভাবে সিগারেটের উপর কর বসালেন তা তিনি বুঝতে পারেন নি। তাই রবীনবাবু হয়ত বলতে চাইছেন—মনমোহন সিং তো সিগারেটের উপর ট্যাক্স বসিয়ে দাম বাডিয়ে দিয়েছে। উনি 'উইলস ফিল্টার' সিগারেট খান. ১০ টাকা থেকে দাম বেডে ১১ টাকা প্যাকেট হয়েছে। मनस्मारन निः ১०% वाष्टिसारहन। चामि निरूपार वजव स्य. माननीय मन्ती मनस्मारन निः কিভাবে তা করেছেন। তিনি তা এক্স-ফার্ট্রেরি ট্যাক্স বিশিয়ে করেছেন। এক্সাইস ডিউটি, কোনও দ্রব্য ফাাক্টরির গেট থেকে বেরবার সময়ই ফাাক্টরির গেটেই সেট্টাল গভর্নমেন্ট তা আদায় করেন। সেইভাবে যদি সিগারেটের উপর সেলস ট্যাক্সের হার বৃদ্ধি করে আদায় করা হ'ত তাহলে নিশ্চয়ই কেউ আপত্তি করতে পারত না। আমিও আপত্তি করতে পারতাম না।

[11-20 — 11-30 a.m.]

্রতাহলে কেউ আমরা আপত্তি করতে পারব না। তার কারণ সিগারেটটা কোয়াইট ক্রিয়ারলি স্টেট গভর্নমেন্টের আওতার মধ্যে এবং সেটা উনি আদায় করতে পারতেন। আমার প্রশ্ন হচ্ছে যে, লাক্সারি ট্যাক্স আদায় করার জন্য উনি একটা নৃতন ট্যাক্সের কনসেপ্ট তৈরি

করেছেন। সেটা বেসিক্যালি এই রেস, জুয়া খেলার উপর করেছেন। সিগারেটটা কি আমিউজমেন্ট, সিগারেটটা কি গ্যামবেলিং? উনি বলেছেন, ওনার মতে সিগারেটটা লাক্সারি। উনি সব কিছ নেই লাক্সারি বলতে পারেন, সেটা আইনে আটকাবে কিনা আমি জানি না। তথু সিগারেট নয়, সেখানে অনেক ক্লাসিফিকেশন করেছেন। শিডিউলে উনি বলে দিয়েছেন যে কি কি পড়বে এই লাক্সারি ট্যাক্সের আওতায়। সেখানে চরুট পড়বে, সিগারেট পড়বে, সিগার পভবে এবং পান মসলা পডবে। পান মসলা কি সেটা উনি আবার খুব স্পেসিফিক নাম করে করে বঙ্গে দিয়েছেন। আমি জ্বানি না একটা রাজ্য সরকারের পক্ষে কোম্পানির ব্রান্ডস এই ভাবে প্রোক্তেকশন করা উচিত কিনা। উনি বলে দিচ্ছেন Various trade names or descriptions such as Pan Bahar, Pan Pasand, Pan Parag, Pan Tarang, Talab Prem Ranjan উনি যে নামগুলি জানেন সেটা আমার জানা ছিল না। আমরা টি. ভি.-তে দেখি "ধম মাচাও, পান পরাগ লাও"। আবার একটা দেখবেন টি. ভি.-তে দেখায়, মোটা সাম্মি কাপুর আসছে, অশোক কুমারের সাথে বলছে' ম্যায় চা তা হুঁ কি বরাতকো ভভকামনা পান পরাগ সে কিয়া যায়ে।। তখন বলল 'হাম ভি এহি চাহেতে হাাঁয়'। আমি দেখছি যে আমি একটা জিনিস পান পরাগ পান মসালা জানতাম, অসীমবাবু এতগুলো পান মসালার নাম জানেন। সূতরাং এতগুলো প্রাইভেট কোম্পানির ব্রান্ড মে একটা বিলের মধ্যে কেন প্রোমোট করলেন আমি জানি না। মন্ত্রী মহাশয়ের এই মোটিভ আমার কাছে খুব ক্লিয়ার নয়। উনি মোকিং মিকচার ফর পাইপ অ্যান্ড সিগারেট এটা লাগজারির মধ্যে এনেছেন। উনি ৫টি আইটেম—চরুট, সিগারেট, সিগার, পান মসালা এবং স্মোকিং মিকচার এই গুলি লাগজারির মধ্যে এনেছেন। ওনার হিসাব হচ্ছে যে উনি ৪০ কোটি টাকা এর থেকে ট্যাক্স হিসাবে পাবেন। ধরুন ২০০ কোটি টাকা সিগারেট এবং এই সব জিনিসের ব্যবসা পশ্চিমবাংলায় প্রতি মাসে হচ্ছে। এর থেকে উনি ৪০ কোটি টাকা তুলবেন। এই ৪০ কোটি টাকা কেন উনি তুলবেন? ৮২ কোটি টাকা সট ফল আছে. তার মধ্যে ৪০ কোটি টাকা উনি লাগজারি ট্যা**ন্স করে করবেন। এই লাগজা**রি ট্যা**ন্স** করার ক্ষমতা কতটা উনি নিয়েছেন? উনি লাগজারি টা**ন্ত্র আপ ট ২০ পারনেন্ট করার ক্ষমতা নিয়েছেন। উনি লাগজারি ট্যাক্স সমস্ত জিনিসের** উপর চাপাতে পারবেন, এই প্রচন্ত ক্ষমতা উনি নিয়েছেন এবং উনি রুল মেকিং পাওয়ারও নিয়েছেন। উনি এখানে বলেছেন যে এই লাগজারি ট্যাক্স চালু করতে গেলে রাজ্যের খরচ হবে ট দি এক্সটেন্ট অফ ৫০ লাখ অফ কুপিজ। এটা তো ইমপিরিক্যাল। উনি তো বলবেন এই ৫০ লক্ষ টাকা কিসে খরচ হবে। কত লোককে অ্যাপ্লয়মেন্ট দিতে হবে অ্যাপ্রকসিমেটল তো বলবেন। কত জন লাগজারি ট্যাক্স কমিশনার হবেন, কারা কারা হবেন, কত অফিসার **লাগবে. পরো প্রস্তাবটা তো করতে হবে। সেই জা**য়গায় কিছু নেই। শুধু দু-লাইন বলে শিলো. To give effect to the provision of the Bill and expenditure to the extent of 50 lakhs of rupees is expected to be incurred for the year 1994-95. উনি একট ডিটেলসে গেলেন না যে কি ভাবে এই ৫০ লক্ষ টাকা খরচ হবে। দেখতে পাচিছ ৪০ কোটি টাকা তুলতে ওনার আরও ৫০ লক্ষ টাকার নতন মেশিনারি **লাগবে। বর্তমানে সেলস ট্যাঙ্গের** যে বিরাট মেশিনারি আছে. কোরাপটেড মেশিনারি আছে **সেটা যথেন্ট নয়. আর্ত্ত ৫০ লক্ষ টাকা** খরচ করে উনি এটা করবেন। আমি জানতে চাই এই রকম একটা ট্যান্সের মধ্যে উনি গেলেন কেন? যেখানে রাজা সরকারের এত রেকারিং

এক্সপেন্ডিচার বেড়ে যাচ্ছে সেখানে আবার নৃতন করে আরও কিছু বাড়াতে যাচ্ছেন। এবারে আমার স্যার পরবর্তী প্রশ্ন যে এই আইনে একটা এক্সটেন্সিভ পাওয়ার সরকারকে দেওয়া হচ্ছে। কি কি করতে পারবে?

[11-30 — 11-40 a.m.]

ওরা বলছেন যে স্টকিস্ট থাকবে এবং তাদের ফার্নিশ অব পিরিওডিক্যাল রিটার্ন করতে হবে। পেমেন্ট অব ট্যাক্স করতে হবে। তারা যদি সময় মতো ট্যাক্স না দেয় তাহলে পেমেন্ট অব ইন্টারেস্ট ফর ডিলেড পেমেন্ট অব ট্যাক্স দিতে হবে। আাসেসমেন্ট অব ট্যাক্স. বিফান্ড করতে হবে, আাপিল করতে হবে। সার্চ আন্ড সিঞ্চার করতে হবে। রুলস বানাবার ক্ষমতা এবং আদার এনফোর্সমেন্ট প্রভিসনস স্টেট গভর্নমেন্টের রইল। আমি জানি না. অসীমবাবর সঙ্গে ছোট ব্যবসা যারা করে তাদের কতটা যোগ আছে? উনি ইমিডিয়েটলি ব্যবসায়িদের উপরে একটা পেপার ওয়ার্ক লোড চাপিয়ে দিলেন এবং যেই ওর আইনটা হবে, তখন রুলস বানাবার পরে ইন্সপেক্টর, কমিশনার তৈরি হবে, অ্যাপিল হবে এবং অমনি একটা নতন কোরাপশনের মেশিনারি তৈরি হয়ে যাবে। অসীমবাব এটা জানেন কিনা জানি না. ওর সেলস ট্যাক্সের ইন্সপেক্টররা যখন বাজারে যান তখন বর্গী এলে যেমন চারিদিকে হৈচৈ পড়ে যায়, তেমনি সেলস ট্যাক্সের ইন্সপেক্টররা বাজারে গেলে হৈচে পড়ে যায়। তারা বাজরে ঢুকলে কখনও খালি পকেটে বেরোয় না। তারা ব্যবসায়িদের বলে, তুমি টাকা দাও, নইলে তোমার নামে কেস ঠকে দেব। ওর দপ্তরের একজন সেলস ট্যাক্স ইন্সপেষ্টরকে কিছু দিন আগে বড বাজারে পেটানো হয়েছে। ওর ইন্সপেক্টররা ব্যবসায়িদের সেলস ট্যাক্সের টাকা পাওনা থাক বা না থাক, ব্যবসায়িদের কাছে গেলে তাদের কাছ থেকে টাকা নিয়ে তবে তারা আসে। একদিকে উনি সেলস ট্যাক্স সিমপ্লিফাই করছেন. এক হাজার পাতার বই একানব্বই পাতার করতে চাইছেন এবং বলছেন যে প্রিজামটিভ ট্যাক্স অ্যালাউড করতে চান. অন্যদিকে পাঁচ লক্ষ টাকা পর্যন্ত যাদের বিক্রি হবে. তাদের বলছেন যে যদি ওয়ান টাইম চার হাজার টাকা ট্যাক্স তারা দেন তাহলে তাদের রিটার্ন দিতে হবে না. ডাইরেক্টলি ট্যাক্স দিতে হবে না। তাদের কাছ থেকে চার হাজার টাকা নিয়ে ছেড়ে দেবেন। এখন উনি নতুন মেশিনারি,নতুন আইন করছেন। উনি বলছেন ট্যাক্স ল'স সিমপ্লিফাই করছেন উনি মনমোহনের রাস্তায় নেমে সিমপ্লিফাই করছেন, ন্যাশনালাইজেশনের রাস্তায় যাচ্ছে। অন্যদিকে আবার ওর পুরনো বুরোক্রাটিক হ্যাবিটটা যাচ্ছে না। উনি কমপ্লিট মেশিনারি করতে চাইছেন। এরফলে সিগারেটের স্টকিস্টদের হিসাব রাখার জন্য তাদের দু'জন লোক রেখে স্টক রিটার্ন তৈরি করতে হবে এবং তাদের বলতে হবে যে এই হচ্ছে তাদের বিক্রি। এরপর দু দিন বাদে বাদেই ইন্সপেক্টররা তাদের কাছে যাবে এবং বলবে, তুমি রিটার্ন দিয়েছ ঠিকই, তোমার স্টক কিন্তু ঠিক নেই। তুমি আমাকে এত টাকা দাও. নইলে তোমাকে শান্তি পেতে হবে। তাকে কৃড়ি দিন ঘূরতে হবে। ট্রাড অ্যান্ড কমার্সকে যদি ডেভেলপ করতে হয়, তাহলে ওকে এই বিধিনিষেধ মুক্ত করতে হবে। অসীমবাবু সেলস ট্যাক্স ল'স সিমপ্লিফাই করছেন। কিন্তু এখন যেটা করছেন তাতে একটা কমপ্লিকেটেড স্টাকচার তৈরি হচ্ছে। এতে কি কি করা হচ্ছে. না পিরিওডিক রিটার্ন দিতে হবে, পেমেন্ট অব ইন্টারেস্ট দিতে হবে। আবার দরকার হলে অ্যাসেসমেন্ট করতে হবে। সার্চ অ্যান্ড সিজারে যে গলদশুলো এখানে রয়েছে, এই সমস্ত গলদ-এর ফলে সিগারেটের

স্টকিস্টদের উপরে, পান মশলার দোকানের উপরে, সমস্ত জায়গায় এর প্রভাব পড়বে। এরপর এটা দেখা যাবে যে ইন্সপেক্টররা পানের দোকানে গিয়ে বলবে, তুমি সিগারেটের স্ট্রকিস্ট। তমি হয় টাকা দাও, নয়ত লাক্সারি স্ট্রক রিটার্ন দেখাও। স্ট্রকটা ফার্স্ট পয়েন্ট। নইলে তোমার বিরুদ্ধে কেস ঠকে দিচ্ছি। এই যে ক্যাটাগোরি অব মাল বিজনেন্স ম্যান. এরা এতে অসবিধায় পড়বে। গোটাটাই উনি কমপ্রিকেটেড অবস্থার মধ্যে নিয়ে যাচ্ছেন। আমরা এর প্রতিবাদ করছি। এর রেজাল্ট কি হবে? রেজাল্ট হবে ভয়ঙ্কর। আই, টি. সি. বড কোম্পানি। মাল্টি ন্যাশনাল কোম্পানির সঙ্গে আপনাদের ভাল সম্পর্ক আছে। হলদিয়া সোরেস কোম্পানির কাছে বিক্রি করে দিয়েছেন। সিমেন্স-এর সঙ্গে আপনাদের ভাল সম্পর্ক আছে। আই. টি. সি. একটা মান্টি ন্যাশনাল কোম্পানি। এদের হেড অফিস হচ্ছে কলকাতায়। আমার আই. টি. সি. নিয়ে কিছ বলার নেই। কিন্তু পশ্চিমবাংলার ওদের একটা সিগারেট ম্যানুফ্যাকচারিং ইউনিট আছে। এন. টি. সি. বলে একটা কারখানা ছিল. সেটি এখন বন্ধ হয়ে গেছে। গোল্ডেন টোবাকো এই রাজ্যের বাইরে। আই. টি. সি. বাইরে প্যারালাল কারখানা ব্যাঙ্গালোরে তৈরি করেছে। আই. টি. সি. পরিষ্কার ভাবে বলছে যে পশ্চিমবাংলায় যদি তাদের উপরে এই টাাক্স চাপে, তাহলে তারা এর পর নতন করে এখানে কোনও ইনভেস্টমেন্ট করবে না। আন্তে আন্তে সিগারেটের উৎপাদন কমে যাবে এর ফলে। এই রাজ্যে এই কারখানাটা থাকার ফলে যে অ্যামপ্লয়মেন্টের সুযোগ ছিল এবং এক্সাইস ডিউটি বাবদ আমাদের সরকারের কাছে যে টাকা আসত সেটা অন্য রাজ্যে চলে যাবে। এটা সিম্পিল ব্যাপার। পশ্চিমবাংলায় খালি স্টকিস্ট থাকলে আপনাদের লাক্সারি ট্যাক্স দিতে হয়। বিহারে সিগারেটের উপরে লাক্সারি টাক্স নেই সেইজন্য সিগারেট বিহার থেকে লোকে আনবে এবং স্মাগল্ড হয়ে এখানে চলে আসবে : এই হাই ইন্সিডেন্স অফ লাক্সারি ট্যাক্সের জন্য। পশ্চিমবাংলায় খালি বড বড স্ট্রকিস্ট নেই, অনেক বেকার ছেলেও আছে তারা সাইকেলে কার্টন নিয়ে দোকানে দোকানে সরবরাহ করে। দোকানদাররা কিন্তু ডাইরেক্টলি বড কোম্পানির কাছ থেকে কেনে না। আপনাদের এই সিগারেটের উপর টাক্স বসানোর ফলে এই সমস্ত ছোট ব্যবসাযীরা যারা করে খাচ্ছে তারা মার খাবে। আমি আপনাকে আগেও বলেছি, সিগারেটটা নেশার জিনিস, এটা পেটল বা ডিজেলের মতো নয়, দাম বাড়িয়ে দিলে কমে যাবে, সেইজন্য বলছি সিগারেট কনজামশনের উপর ট্যাক্স বসালে সিগারেট খাওয়া কমে যাবে না। সিগারেট এখনও কোনও দেশে ব্যান্ড করা হয়নি। যদিও আমেরিরা এবং পশ্চিম ইউরোপে সিগারেটের বিরুদ্ধে ক্যাম্পেন চলছে. কিন্তু সেখানে বহুজাতিক কোম্পানিগুলি যুক্ত, সেখানে তাদের টোবাকোয় ইন্টারেস্ট আছে। কিন্তু সিগারেটের উপর ট্যান্স বসালে সেটা চোরা পথে বিহার থেকে ইললিগালিভাবে এখানে চলে আসবে। অসীমবাবু বললেন আমি প্রত্যেকটি ট্রাক চেক করব, আমি জানিনা উনি নিজে কখনও ট্রাক চেকিং করেছেন কিনা? উলবেডিয়ার কাছে বাণীতলায় একটা অক্টয় চেকিং পোস্ট আছে, ৪ দিন ধরে সেখানে একটা ট্রাক দাঁডিয়ে থাকে, পাঞ্জাব থেকে আসছে, দুর দর এলাকা থেকে আসছে. এই যদি অনেস্ট অ্যাডমিনিস্ট্রেশনের নমুনা হয় তাহলে বলার কিছ নেই. সেখানে গেলে দেখা যায় অক্ট্রয় চেকিং পোস্টে ট্রাক দাঁড়িয়ে আছে এবং ক্লিয়ারিং এজেন্ট তাদের পেপার ক্রিয়ারেন্স দিচ্ছে। অসীমবাবু দয়া করে বলুন, আপনাদের এখানে কি মেকানিজিম আছে টু এন্দিওর ট্রাক যাতে ঠিকমতো চেকিং হয়। এর পাশাপাশি বলি এখানে যারা ছোট বাবসায়ী আছে তাদের ব্যবসা উঠে যাবে. বড বড কোম্পানিগুলি যেমন আই, টি, সি, তাদের

केছ এসে যায় না, তাদের ফেসিলিটি ব্যাঙ্গালোরে উঠিয়ে নিয়ে যাবে. সেখানে প্রোডাকশন প্রান্ট চালু করবে। আপনি ৪০ কোটি টাকা তুলতে চান ভাল কথা, আপনি এতটা হাই ঠনসিডেন্ট অফ ট্যাক্স বসালেন কেন? আপনার বাজেটে ডেফিসিট বেডেছে ৯৮ কোটি টাকা ্যতন ট্যাক্স বসিয়ে আদায় করতে চান, তার মধ্যে ১৬ কোটি টাকা ট্যাক্স ছাড় দিতে চান। ুই বিরাট বাজেট ডেফিসিট মেকআপ করবার জন্য একটা বিরাট লাক্সারি ট্যাক্স বসাতে চান। সংবিধানে যে লিস্ট আছে. সেটা উনি প্রতিদিন পড়েন এবং দেখেন নৃতন নৃতন কোনও কোনও জায়গায় ট্যাপ করা যায়, সেই হিসাবে আপনি সিগারেট এবং পান মশলাকে ধরেছেন। অসীমবাব প্রায় কেন্দ্রীয় সরকারকে জ্ঞান দেন যে ৫০ হাজার কোটি টাকা পাওয়া যেতে পারে যদি কালো টাকার ব্যবসা বন্ধ করা যায়। আমি অসীমবাবুকে এই ব্যাপারে একটু জ্ঞান দিই আপনিও ৪০ কেন ৬০ কোটি টাকা আদায় করতে পারবেন যদি পশ্চিমবঙ্গে যে সমস্ত ইললিগালে টিট ফান্ড আছে সেইগুলিকে বন্ধ করতে পারেন। এই ৬০ কোটি টাকা আপনি সেভিংসে চ্যানালাইজ করতে পারবেন। আপনি ক্রেডিট নেন স্বল্প সঞ্চয়ে. আপনি বলেন জেলা পরিষদ করছে. স্বল্প সঞ্চয় হচ্ছে পোস্ট অফিসে, এটা তো জেলা পরিষদের কাছে টাকা দেয় না, ন্যাশনাল সেভিংস সার্টিফিকেট, ইন্দিরা বিকাশ পত্র এটা তো পোস্ট অফিস থেকে কিনতে হয়, বড় জোর জেলা পরিষদের লোকেরা বলে, এন. এস. সি.-র এজেন্ট সেখানকার মিটিং-এ বললেন জাতীয় সঞ্চয় সার্টিফিকেট কিনে আপনারা পয়সা জমান।

্রাটা গ্রামের লোকেরা, নিজেদের ইচ্ছায় নিজেদের চেষ্টায় করেন। আমি গতকালও বলেছিলম রেঁনেসাস, উদয়ন, ইন্দ্রদীপ প্রতিটি চিটফান্ড লক্ষ লক্ষ টাকা, কোটি কোটি টাকা তারা এখান থেকে তুলে নিয়ে যাচ্ছেন। আমি নিজে জেনেছি অনেক চিট ফান্ডের সাথে সি. পি. এমের লোকাল কমিটির লোকেরা যুক্ত আছে। আমার বিধানসভা কেন্দ্র চেতলা হাটে, সেটা শহরের মধ্যে, সেখানে মাইকে চিৎকার করে বিজ্ঞাপন দিচ্ছে। রিজার্ভ ব্যাঙ্কের কোনও পারমিশন না নিয়ে এই সমস্ত চিট ফাশুগুলো তৈরি করা হচ্ছে। আপনারা দেখেছেন একটা ছেলের এত টাকা হয়েছে যে সে একটা খবরের কাগজই বার করে দিয়েছে। আমার বাড়ির কাছে এই চিট ফান্ডের একজন কালেক্টার ছিল তার বাড়িতে লোকে ইট মারছে ; একটা ছেলে গলায় দঁড়ি দিয়ে মরেছে। এই সমস্ত চিট ফাভণ্ডলো কেন আপনি ব্যান্ড করতে পারলেন না। রিজার্ভ ব্যাঙ্কের পারমিশন ছাড়া পুলিশ কোনও চিট ফান্ড চলতে দেবে না এই কথা আপনারা বলেন না কেন---এর পরেও আপনি বলবেন আপনার এই মেশিনারি নিয়ে আপনি সিগারেটের উপর স্মাগলিং আটকাবেন। আপনাকে জয়নাল সাহেব প্রায়ই বলেন ল্যান্ড এবং প্রপার্টি থেকে আপনার টাকা তোলার স্কোপ বেশি, স্কাইস দি লিমিটি। আপনি স্ট্যাম্প ডিউটির রেটটা মার্কেট ভ্যালু অনুযায়ী ১০ পারসেন্ট করেছেন। এর আগে স্ট্যাম্প ডিউটির রেট আপনি বাড়িয়ে দিয়েছিলেন, কিন্তু এবারে ১০ পারসেন্ট করলেন। আমি কালকেও বলেছিলাম আপনি স্ট্যাম্প ভিউটির রেটটা যদি একটা কমিয়ে, দিল্লির মতো আট পারসেন্ট করেন তাহলে কালেকশন ডাবল হবে। আবার আপনি একটা ডাউটফুলের মধ্যে থাকলেন। আপনার আগের করা ট্যাক্সগুলো নিয়ে অসংখ্য প্রশ্ন দেখা দিয়েছে। কোল সেসের টাকা আপনি ফেরৎ চাইছেন। কিন্তু মন্ত্রী মহাশয় বলেছিল কোল সেসের টাকা কোল বিয়ারিং এরিয়ার উন্নয়নের জন্য ব্যবহার করা হবে। কিন্তু আপনি কোল সেসের টাকা তুলে সেটা পশ্চিমবাংলার বাজেটের মধ্যে রাখছেন। আজকে কোল সেসের ব্যাপার নিয়ে সুপ্রিম কোট মামলা হচ্ছে ১৯৮৯ সাল থেকে। আমার বক্তব্য হচ্ছে যতদিন না ব্যাপারটা সপ্রিম কোট ফয়সালা হচ্ছে বা সপ্রিম কোর্ট এই ব্যাপারে চডান্ত সিদ্ধান্ত নিচ্ছে. ততদিন আপনি সেন্টা গর্ভনমেন্টের সাথে সমঝোতা করে নিন। আপনি এই লাক্সারি ট্যাক্স বিল যে উদ্দেশ্যে নি এনেছেন, আমার মনে হয় না এটা সম্ভব হবে। এর ফলে পশ্চিমবাংলার কি ক্ষতি হ আপনি দেখবেন। আমরা জানি আবার আপনি এই হাউসে এসে বলবেন আমাদের রেভিনি কালেকশনে শর্টফল হয়েছে। আপনি গত বছর বলেছিলেন, ৩,৫০০ কোটি টাকা রেভিনি কালেকশন করবেন. হয়েছিল আপনার ২.৯৬৪ কোটি টাকা। আপনার সেলস ট্যাক্স শর্টফ হয়েছিল, আপনার স্ট্যাম্প ডিউটি, ল্যান্ড রেভিনিউ শর্টফল হয়েছে। এবারে আপনি সেগুল রিকন্সিডার করুন, আমি গতকাল আমার ভাষণের সময় বলেছিলাম। স্ট্যাম্প ডিউটি দিল্লি মতো আট পারসেন্ট করে দিন, চা-বাগানের সবিধা দিতে আপনি অ্যাগ্রিকালচারাল ইনকা টাাক্সটাকে ৮৩ পারসেন্ট থেকে কমিয়ে ৬০ পারসেন্ট করে দিন. ছাতা ইন্ডাস্টির উপর থে আপনি টোটাল ট্যাক্সটাকে তলে দিন এই কথা আপনাকে আমি গতকাল বলেছিলাম। চি ফান্ডের বিরুদ্ধে ব্যবস্থা নিতে গিয়ে অশোক মিত্র মহাশয় ইলেকশনে হেরে গিয়েছিলেন. তা সৎ সাহস ছিল। আপনার সেই সৎ সাহস নেই. তাই আপনি তাদের ব্যান্ড করে দিচ্ছেন ন আপনি শুধু নতুন নতুন কন্ট্রোভার্সিয়াল ট্যাক্স এনে আপনি রাজ্যকে বিপদজনক অবস্থার ম ফেলে দিচ্ছেন। আমি আপনাকে আবার বলব এই লাক্সারি ট্যাক্স যে পরিমাণ চাপাচ্ছেন. মেকানিজম করেছেন সেটা রি-কন্সিডার করলে আমাদের পশ্চিমবাংলার অনেক উন্নতি হ অনেক সবিধা হবে।

[11-40 — 12-30 a.m.] (Including adjournment)

#### POINT OF ORDER

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা একটা শোক এব আঘাতের মধ্যে আছি বলে আপনার দৃষ্টি আকর্ষণ করতে পারি নি, এখন আমি পয়েন্ট অ অর্ডার তুলে সে বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় সদস্য সৌগত রায় মহাশ যে পয়েন্ট-টা তুলেছেন সে প্রসঙ্গেই আমি কয়েকটি কথা বলব। আমাদের রুলস অ প্রসিডিওরের, রুল ৮৯-এ যেটা আছে সেটা আপনাকে দেখতে অনুরোধ করছি। এরক একটা কন্ট্রোভারসিয়াল বিল, এর মাধ্যমে whether the state Government is competent and capable to take such arbitrary step in imposing tax on luxar items, which are not luxary items according to the schedule and cor stitution. আমাদের অসুবিধার কথা আপনাকে একটু আগেই বলেছি। রুলস অব প্রসিডিওরে রুল ৮৯-এ আপনার ক্ষমতা আছে অ্যাট এনি স্টেজ আপনি এই ডিসকাশন বন্ধ করে দিলে পারেন। ৮৯-এ আছে The speaker may, if he thinks fit post—pone th consideration of a clause এখানে ৯০-এর প্রোভাইসোটা দেখুন যদি আপনি আরা সিওর হতে চান। তাহলে শিডিউল যেটা দিয়েছেন মাননীয় মন্ত্রী মহাশয় বিলের সঙ্গে সৌজাগো আলোচনা করতে হয়। ইউ ক্যান ডু দ্যাট। প্রিএমবেল থেকে আরম্ভ করে ব্লক্ষ বা ক্রম্জ যেতে হবে তার কোনও কারণ নেই। ক্রম্জটা বাদ দিয়ে শিডিউলটা আলোচনা করতে

আলট্রা-ভাইরাস নেচার অব দি বিল আপনি দেখতে পাবেন। সেইজন্য আমি প্রস্তাব করছি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যে আপনি অ্যাডভোকেট জেনারেলকে ডাকুন, তার মত নিন এবং আর কোন লেজিসলেচারে এই জাতীয় হটকারিতা হয়েছে কিনা সেটা আমাদের বলুন। আমরা এখানে দীর্ঘদিন ধরে আছি, whether the competence of the Legislature to this extent আছে কিনা সেটা তো দেখতে হবে। আমি এই সঙ্গে জানতে চাই, whether the legal lumineries for this matter. L. R. had been consulted or not before bringing this Bill.

মিঃ স্পিকার ঃ ডাঃ আবেদিন, সুপ্রিম কোর্ট তো এটা ডিফাইন করেছেন, এখানে অ্যাডভোকেট জেনারেল আর বাড়তি কি বলবেন? উনি এখানে রিপ্লাই দেবেন। মামলা হবে বলে বিল আসবে না—এটা তো হয় না।

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার, আমি জানতে চাই, এত জেড বেগে বিল-টা আনার কারণ কি? আগে উনি বলুন, what is the compulsion, what are the forces expedite to bring this Bill hurriedly. এখানে আপার হাউস নেই। আপনারা যে লেজিসলেশন নিয়ে আসছেন তা ধাকা খাবে। তাতে we are not excluded, in larger compulsion opposition is also the part of the Government কারণ আমাদের সাজেশন আপনারা নিতেও পারেন। Let the Minister satisfy us that the hurried legislation is necessay in a Legislature where the Upper House is absent. এখানে সোবার কন্টেমপ্রেসন তো নেই। এরা কিসের ভিত্তিতে...

মিঃ স্পিকার ঃ ডাঃ আবেদিন, আপনি নিজেকে সোবার বলে মনে করেন না? ডাঃ জয়নাল আবেদিন ঃ Not at all.

মিঃ স্পিকাৰ ঃ এ কি কথা?

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার, দেখুন, এগুলি এবনরম্যাল। এখানে লাক্সারি কথাটাতে দেখুন, Taxes on luxaries including taxes on entertainment, amusement, beting, and gambling. এখানে ডিফাইন করে দিয়েছে। ওদের তো লোকজন নেই। They are not capable, competent to bring forword amendment to the constituion. দুতরাং আজকে মাননীয় মন্ত্রী মহাশয়কে আরও একবার স্মরণ করিয়ে দিতে চাই যে আপনারা বারবার সেন্ট্রাল গভর্নমেন্টকে দোষারোপ করেন কিন্তু এটা কেন ভুলে যান, আপনাদের জানা রেকার...

Mr. Speaker: We will now adjourn the House. We will resume at half past 12.

....(According the House was adjourned till 12-30 p.m.)....

[12-30 — 12-40 p.m.] (After Adjournment)

Dr. Zainal Abedin: A. R. Mukherjee—Parliamentary Procedure in India—Questions often arise as to whether a bill is within the leg-

[30th March, 1994]

islative competence of the legislature in which it is introduced and as to the function of the Presiding Officer if such questions are raised. The competence of the legislature is determined by various factors. Certain bills (e. g. bills regulating trade and commerce) require the previous sanction of the President if they are to be introduced in State legislatures; certain bills, e.g. Money Bill, require the recommendation of the Head of the State before they can be introduced. Legislative competence also depends upon the subject matter of legislation—whether a particular subject matter is within the Union List or the State List of Schedule VII of the constitution. Such a question can arise not only when a particular bill relates to a matter not within the legislative list giving the legislature the authority to legislate, but also when a bill is prime facle within the relevant legislative list but may incidentally encroach on a matter not within the competence of the legislature. Different questions of law arise in such circumstances, and reports of decided cases show to what extent even the law courts may differ in their views. In case such situation arises—please see Kaul & Shakhder page 521 para 4. There has also been occasions when the debate on a Government Bill was adjourned, either on a motion or without motion having been moved and adopted, in order to enable the Government to have informal discussion with the Members interested in the Bill, or to meet the demands of the House for the supply of certain data of additional information, or to consider the suggestions and criticisms offered by Members during the discussion on a Bill, or to consider the suggestion for reference of the Bill to a Joint Committee. I have drawn your attention to the point that the Government has not been able to justify its claim to legislate except the first. It is expected anything else what is the expediency it has not been elaborated by the Hon'ble Minister-in-Charge of the Finance Department. This is one point. Here, there is no Upper House. Don't receipt hasty legislation as per contemplation of the House. There is no scope in it. Next I come to constitution. Constitution is specific in item No. 62, 7th Schedule—tax on luxury and entertainments, amusements, betting and gambles.

Sir, I feel there is no compulsion for this legislation to be adopted so hurriedly. There is no justification. Sir, regarding this particular item—in the seventh schedule of the Constitution—it clearly indicates that these are not matters of luxury. It is a relative term—if cigarette is luxury to you, sir, it is not luxury to the members, on your right hand side. It will not be. I am going to help them. Because if this legislation is adopted it will create serious differences amongst themselves because they have become a nucleus in the society. After being in power for more than 17 years and under the help of JRY and other benefits from

the Centre. Hence I would request your goodse-if to postpone and to seek the opinion of the Advocate General and allow the Government to sit with the Opposition to convince us on the points raised by us that there is no legislative competence of this legislature and I have cited examples. Sir, again in the garb of a legislation our Hon'ble Member Shri Saugata Roy has rightly pointed out that the Hon'ble Member-in-Charge has indulged in the advertising of certain patent products of a certain company. This should not happen. This should not have been indulged. They are a nucleus by themselves, PAN MALSALA, PAN BAHAR, PAN PARAG, PAN TARANG, TALAB, PREM RANJAN-Sir, our Minister is very aware that these are the ingredients in the society for love-making and courtship, these are the ingredients to enhance friendship. Sir, Mr. Roy has rightly pointed out that the government in the garb of bringing this legislation has indirectly taken the job of advertisement of the products of certain selected companies. I do not know the relation. Nor do I want to know. But these are the elements used in making courtship or in making all the people together formally or informally.

Mr. Speaker: You are promotion it further?

Dr. Zainal Abedin: Sir, there is a rule. Rule 89 says—"The Speaker may, if he thinks fit, postpone the consideration of a clause". have told repeatedly on the schedule. If the schedule is postponed, he whole legislation is possible postponed. Next, Sir, if you can overcome the objections raised in Rule 89, then there is Rule 90 where it says-"....Provided that the Speaker may allow the schedule or schediles, if any, being considered before the clauses are disposed of or ilong with a clause or otherwise as he may think fit". We have equested you for not any discussion on clause and preamble. You first ring the Schedule. We claim your indulgence that schedule should be liscussed first. Because in the schedule it enumerates where the State Jovernment is competent and where the State Government is not cometent. Further, Sir, and also lastly, I would like to say that the Hon'ble inance Minister has not provided us any detailed information with regard o the financial memorandum. The Financial Memorandum cannot be ummarised like this in one line-"To give effect to the provisions of he Bill, an expenditure to the extent of Fifty lakh rupees is expected be incurred for the year 1994-95".

I may draw the attention of the Hon'ble Finance Minister in cerin taxes. He has not been able to put up the assessing authority districtwise not to speak of sub-divisionwise and this brand of cigarette business percolated upon block and village level.

So, what is the set up of the administration in village? Or you want to empower certain officers already burdened with certain other r activities in addition to their normal activities empowered upon them? There is no mention. So this explanation in the financial memorandum is not sufficient in my opinion. It is absolutely inadequate and cryptic I should say incomplete also. Sir, the chair will kindly see the objections of the opposition with regard to the preparation of the Bill because even after legislation is being adopted on the floor of the House, the Speaker is competent to make certain suggestion in the Bill. There are provisions here and there are instances where it has been done. With these words, I seek your ruling. I am on a point of order that this legislature is not competent to pass any legislation or items mentioned in the Schedules. Next, the Advocate General be summoned and his opinion be sought on this point. Further, the matter should be postponed and let the Finance Minister hold discussion with us. With these words I commend my motion for your ruling.

Mr. Speaker: Dr. Abedin, if I understood you correctly your points basically are that the discussion on this Bill be postponed or deferred because the Bill proposed to tax luxuries as it violates schedule of the Constitution as the subject proposed to tax the luxuries are not covered by the schedule of the Constitution and you also want that the schedule to the Act be discussed first prior to the clause wise discussion. Further you say that the Advocate General should be called and his opinion be sought for the purpose of guiding us in this matter and he will take a correct decision on the question of law and propriety before we proceed in this matter. Now, I request the Hon'ble Finance Minister to reply to the Bills as such in one comprehensive note. Then I will come to the point of order.

Discussion on this should be completed by six minutes past one according to the time schedule that we have. But I do not think we will be able to complete in another 10 minutes or such, So, I contemplate extending the time by 45 minutes.

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গর লাগজারি ট্যাপ্ত বিল ১৯৯৪ এর উপর আলোচনায় অংশগ্রহণ করে বিরোধী দলের মাননীয় নেতা এবং সদস্য সৌগত রায় মহাশয় যে বক্তব্য রেখেছেন সেই গুলির উত্তর দিয়ে মূল কর যেগুলি ধরা হয়েছে সেইগুলি আর একবার বলব। আমি ঠিক এই রকমভাবে শুরু করতে চাইনি। মাননীয় সৌগত রায় মহাশয় যে কথা বলেছেন তাতে মনে হল তিনি খুব ভালভাবে প্রস্তুতি নিয়ে আসেন নি। আমি বলে দিচ্ছি কোথায় কোথায় প্রস্তুতি নিয়ে আসেন নি। আমি বলে দিচ্ছি কোথায় কোথায় প্রস্তুতির অভাব আছে। জয়নাল আবেদিন সাহেব আমার চেয়ে বয়েসে বড়, যদি উনি অনুমতি দেন তাহলে আমি বলে দিতে পারি ওনার কোথায় কোথায় প্রস্তুতির অভাব আছে। এটা রাজ্যের তালিকায়, এন্ট্রি-৬২ থেকে এই পাওয়ারটা রাজ্যে অধিকারে। আমি সেটা সংবিধান থেকে পড়ে দিচ্ছি। লাগজারির সংজ্ঞা কি, সুপ্রিম কোর্টের জাজমেন্টের যা দেওয়া হয়েছে সেটা বলে দিচ্ছি। এন্ট্রি ৬২ সেটা লিস্টে। Taxes on luxuries, including taxes on entertainment, amusements baiting and gambling. তার উপর হয় এবং লাগজারির উপর হয়। প্রশ্ন দুই। লাগজারির সংজ্ঞা কি? মহামান্য সুপ্রিম কোর্টে ১৯৬৬ সালে আবদুর খাদিন ভারসেস সেটা অফ কেরালা এর উপর যে কেস ছিল তার প্যারাগ্রাফ-১২ যে সংজ্ঞা দিয়েছে ঠিক সেই সংজ্ঞাই রেখেছি।

"A luxury' is something which conduces enjoyment over and above the necessaries of life even though the article may be popular among the large number of people, including the proper sections such as tobacco, beer". 'টোবাকো' লাক্সারি, ঐ ডেফিনেশনটা মহামান্য সুপ্রিম কোর্টের জাজমেন্ট থেকে এসেছে। টোবাকো রিলেটেড প্রোডাক্ট সেজন্য ঐ জায়গায় ঢুকবে। মনে হচ্ছে আপনারা আমার উত্তর শোনার জন্য প্রস্তুত নন। whether mixed with tobacco or not any other name of description. এটি বলা হয়েছে এবং Smoking mixtures for pipes and cigarettes" কিছু মনে করবেন না, এটি কিন্তু সেলস্ ট্যাক্স আইন, হরলিকসও নামেই বলা হয়।

শ্রী সৌগত রায় ঃ সুপ্রিম কোর্টের যে জাজমেন্টটা আপনি পড়লেন, আমরা জানি, এর পর মামলা হবে এবং রাজ্য সরকার হারবেন। মাননীয় মন্ত্রী যে ডেফিনেশনটা পড়লেন, Pan masala, perfumed or treated otherwise, of any form of description. এটির ডেসক্রিপশন কিভাবে দিয়েছে? কি কি থাকতে হবে—that is to say. Combination of two or more of the following substances with any other substance. Whether mixed with tobacco or not এবারে বলছে, betel nuts, cardamom, cloves, aniseed, cassia and menthol with why any other special substance, whether mixed with tobacco or not ধরুন অর্ডিনারি একটা পান পরাগ, যাতে জর্দা নেই. তাতে বিটল নাট এবং পারফিউম আছে।

মিঃ ম্পিকার : The question, here is whether a combination of betel nuts perfumed or not perfumed. Whether mixed with tobacco or not, the combination is a luxury item or not. It is the question.

ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ সুপ্রিম কোর্টের জাজমেন্টটা হচ্ছে—"A 'luxury is something which conduces enjoyment over and above the necessaries of life even though the article may be popular among the large number of people, including the proper sections, such as tobacco, beer" একটা উদাহরণ হিসাবে বলা হয়েছে টোবাকো। এই জিনিসগুলোকে, এই ডেফিনেশন অনুযায়ী লাক্সারি বললাম।

[30th March, 1994

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে আমাদের ডেফিনেশনটা বলছি, আইনে যেটি আছে—"Luxury' means the commodities, as specified in the schedule খুব পরিষ্কার। এবারে আমরা কি বলছি? ক্লজ ২, প্যারা টুতে দেখুন, (c)। 'Luxury means the commod ities, as specified in the schedule যে শিডিউল বললাম। শিডিউলের নাম উল্লেখ আছে।As specified in the schedule, for enjoyment over and above the necessaries of life. বলে আমরা এইভাবে ডেফিনেশন করলাম, সুপ্রিম কোর্ট ঠিক বে ডেফিনেশন করেছেন—টোবাকো ইত্যাদি, এগুলো খুব পরিষ্কার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি লাক্সারির ডেফিনেশন খব পরিদ্ধারভাবে বলি। আপনি ক্লজটা আগে দেখুন, সেকেন্ড রিডিং-এ আপনারা বলবেন। লাক্সারির সংজ্ঞাটা আমি আবাং ্বলে দিচ্ছি সেটা এই মূল সংজ্ঞা থেকে নিচ্ছি। এই যে স্টেট লিস্ট এন্ট্রি সিক্সটি টুতে এট বসবে এনজয়েন্ট ওভার অ্যান্ড অ্যাবাভ দি নেসেসারিজ অফ লাইফ, তাতে টোবাকো এব অন্যান্য আইনের শিডিউল দেওয়া আছে। আমি লাক্সারির ডিফাইন করলাম খুব পরিদ্ধারভাবে এটা বলার পরে আর যেখানে যেখানে আপনাদের ঠিকমতো পড়া সম্ভব হয়নি সেটা আহি বলছি. কিসের উপর এই কর বসাচ্ছি। স্টক অফ লাক্সারি কাঁধের উপর এটা কিন্তু উদি যাদের কথা বললেন রিটেল লেবেলে নয়. এখানে সিগারেট যারা সাইকেলে নিয়ে যায় তার নন, স্টক অফ লাক্সারিজ পরিষ্কারভাবে লেখা আছে। মল কনফিউশনটা আপনাদের হচ্ছে স্টকিস্ট যারা ম্যানুফ্যাকচারার এবং ইমপোর্টারস এটা খুব পরিদ্ধারভাবে লেখা আছে ম্যানুফ্যাকচারার দুইজন আছে একটা হচ্ছে আই. টি. সি. আর একটা হচ্ছে ন্যাশনাল টোবাকো-২ টি। আর ইম্পোর্টারের নাম করতে চাচ্ছি না। ভাজির সূলতান ওরা দেখেন, এখানে কোনও রিটেল ব্যবসায়ী যুক্ত নেই. কোনও ছোট ব্যবসায়ী যুক্ত নেই, সাইকেলে করে সিগারেট याता नित्य याळह जात এत भर्पा जामहरून ना। म्हेकिम्हे राज्य मानुग्हाकहातार्म এवः देमलाहातर्म, উনি যাদের কথা বলছিলেন হ্যারাসমেন্ট হবেন তারা এই আদায় থেকে বাদ। সতরাং এরা কাদের কথা বলছেন, এরা বলছেন আই. টি. সি.-র কথা এবং ভাজির সূলতানের কথা. ভল ভাবে বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি মল জায়গার ব্যাপারে বলি, একট লক্ষ করবেন, ওরা যাদের কথা বলছেন তারা অনেক বিজ্ঞাপন করছেন, ক্যাম্পেন করছেন, কিন্তু কোথাও একবারও আইনকে চ্যালেঞ্জ করার ধষ্ঠতা দেখান না। মল একটি জায়গা আমি বলছি, স্টক অফ লাক্সারিস এবং স্টকিস্ট এর ডেফিনেশন পরিষ্কারভাবে বলা আছে।

[12-50 - 1-00 p.m.]

শ্রী সৌগত রায় : স্যার, স্টকিস্ট এর ডেফিনেশন সম্বন্ধে এটায় বলা নেই।

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে উত্তর দেওয়ার সময় বাধ দিলে অসুবিধা হবে, ম্যানুফ্যাকচারার্স এবং ইমপোটার্স, এখানে কোথায় রিটল ট্রেডার্স আসহে?

এখানে কোথাও রিটেইল ট্রেড কথাটা উঠছে না। কোথাও এটা আসছে না। মাননীর অধ্যক্ষ মহাশয়, আমি খুব পরিষ্কারভাবে বলে দিচ্ছি, stockist means a person who has, stock of luxury. "Stockist means a person who has, in customery course of business, in his possession on or control over, a stock of luxuries whether manufactured, made or processed by him in West

Bengal" "or brought by him into West Bengal, either on his own account or on account of others. স্টকিস্ট এবং রিটেইলারের মধ্যে একটা পার্থকা আছে। আপনারা বলছেন সাইকেলে করে স্টকিস্টরা অন্য রাজ্য থেকে আসছেন। এখানে পরিষ্কারভাবে বলি আসছে না। এরপরে আবার দেখন, ভ্যাল অফ স্টকের ডেফিনিশনে, ওপেনিং স্টক এবং তারপর যা ইমপোর্ট করছে, যা ব্যবহার করছে, তারপর যা থাকছে,—যে কোনও পিরিয়ডে—সেই পিরিয়ডটা আমরা রুলসে দেব। এর মধ্যে অনা স্টেটস টাক্সিও আছে। উপরে যে যে ধাপণ্ডলো আছে যে কোনও একটা যদি স্টেট ট্যাক্সে যাওয়া হয় তাহলে রিটার্নস দাখিল করা প্রয়োজন। তবে ছোট ব্যবসায়িরা এর মধ্যে আসছে না। এসেসমেন্টের জনা যা প্রয়োজন, অনাখানেও যা আছে, এখানেও তা আছে সার্চ আন্ড সিজার অনা স্টেটসে যা আছে এখানেও তাই আছে, একদম ওয়ার্ড ফর ওয়ার্ড দেওয়া আছে। কোনও বাডতি কথা নেই। আপিল করা প্রয়োজন, এখানেও ঠিক তাই। বিরুদ্ধে কি আরগুমেন্ট দেওয়া হয়েছে, যখন কেন্দ্র উৎপাদন শুল্ক বাডালো তখন ওরা বাধা দেননি। যারা ম্যানফ্যাকচারাস তারাও দেননি। কাগজে দেখলাম তারা বলছে ও ঠিকই আছে। বিড়ি যারা উৎপাদন করে তাদের খতম করে আমরা ব্যবসা চালাব। এটার মধ্যে আমি যাচ্ছি না.—কিন্তু তখন ওরা কেউ প্রতিবাদ করেনি। তাহলে এখন কেন প্রতিবাদ করছেন? তাদের একটাই মল আরগুমেন্ট হচেছ, এতে নাকি স্মার্গলিং হবে এবং যদি স্মার্গলিং হয় তাহলে এখানে আমপ্লয়মেন্ট কমবে এবং এখানে ইনভেস্টমেন্ট কমবে। যদি কেউ এখানে সিগারেট তৈরি করে অনা রাজ্যে বিক্রি করেন তাহলে কিন্তু এই করটা লাঘু হবে না, করটা বসবে। আর তিনি যদি অন্য কোনও রাজ্যতে ইনভেস্টমেন্ট করেন তাহলেও এই রাজ্যের প্রাপ্য কমবে না। এই রাজ্যে করছেন, অন্য রাজ্যে করছে না, এটা ঠিক নয়। এই আরগুমেন্ট সম্পর্ণ বেসলেস। আপনারা বলছেন শাগলিং হবে, এটাতে তো মাত্র ১০ পারসেন্ট বৃদ্ধি করা হয়েছে, ১০ পারসেন্ট কর বসানো হয়েছে। আমাদের আশেপাশে রাজ্য মাদক দ্রব্যের উপরে ১০০ পারসেন্ট কর বসিয়েছে. কিন্তু মদ আমরা স্মাগলিং হতে দিচ্ছি না। আর সিগারেট ইত্যাদির ক্ষেত্রে জানবেন আমাদের প্রত্যেকটি চেক পোস্টে প্রত্যেকটি ট্রাক-মাননীয় সৌগত রায় মহাশয় জিজ্ঞাসা করলেন আমাদের কোনও সিস্টেম আছে কিনা? আমাদের সর্ব শেষ চেম্টা যেটা করেছি, প্রত্যেকটা ট্রাক यथन एकरह. मह्म मह्म कम्लेউটाরে ইনফর্মেশন আমাদের সেলস ট্যাক্স অফিসে চলে যাচেছ। সৌগতবাব আপনি একদিন গিয়ে দেখে আসলে আপনার ভাল লাগবে। প্রত্যেকটি লরি আমরা দেখব এর মধ্যে কি আসছে? যদি কোনও টাক এইভাবে স্মাগলিং করে আসতে চায়, তাহলে আইনের মধ্যে আমরা সর্বশক্তি দিয়ে তাদের শাস্তি দেব। আপনি আরেকটা কথা বলেছেন, এখানে আপনার প্রিপারেশনের অভাব দেখলাম। আপনি বলেছেন আপনাদের কর मात्य मात्य चार्यक याय। माननीय व्यथक महानय, विग उनि ना वनल व्यामि वनजाम ना। জানবেন এই কয়লার সেসের ক্ষেত্রে আর সমস্ত রাজ্যে আইন দাঁড়াতে পারেনি। একমাত্র পশ্চিমবাংলার আইনই দাঁড়িয়ে আছে। কোল সেসের ব্যাপারে সূপ্রিম কোর্ট অর্ডার দিয়েছে. তারা লেভি এবং কালেকশন করতে পারেন। জানবেন আমরা এই আইন চালু করার পর—আপনাদের ভাল লাগবে কি না জানি না—তামিলনাডু সরকার ঠিক এই ধরনের प्यारेन তाদের বাজেট সেশনে চালু করবেন। আপনি জানেন কিনা জানি না, রাজস্থান সরকার ঠিক একইভাবে রাজ্য তালিকা। ব্যবহার করে করটা লাঘ করলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

এরা যেভাবে রাজ্যের উপর আঘাত আনছেন, তাতে কংগ্রেস শাসিত রাজ্যগুলিকেও অ-কংগ্রেসি রাজ্যগুলির পথে যেতে হবে। মহারাষ্ট্রের আইনটা দুর্বল কোথায় ছিল জানেন?

তারা সেলস ট্যাব্রের সঙ্গে গুলিয়ে ফেলেছিলেন। আপনারা জ্বানেন যে ৫৭ সালের আইনে সেলস ট্যাক্স টোব্যাকোর উপর বসানো যায় না। সেটা খতম করে দিয়েছেন কেন্দ্রীয় সরকার। আর আপনারা সেটা ভলে গিয়ে বললেন, কেন সেলস ট্যাক্স বসাচ্ছেন না? ব্যাপারটা আপনারা ভলে গিয়েছেন। আপনাদের মতো লোকের কাছ থেকে উপদেশ নিয়ে মহারাষ্ট্র সরকার সেলস ট্যাক্সের সঙ্গে গুলিয়ে ফেলে ভল করেছিলেন বলে অসবিধায় পড়েছেন। ঐ ফাঁদে আমাকে কেন জড়াতে চাইছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর সঙ্গে আরও একটা কথা ওরা বলেছেন, সেলস ট্যাক্স আদায়ের কথা। সর্বভারতীয় গড আদায় ছিল ১০ শতাংশের মতোন সেলস ট্যাঙ্গে, আমাদের ১৭ শতাংশ আদায় বৃদ্ধি পেয়েছে, বোধহয় সারা ভারতবর্ষের মধ্যে প্রথম। আপনারা অপ্রাসঙ্গিকভাবে ব্যাপারটা এনেছিলেন, আমি উত্তরটা দিয়ে দিলাম। আর একটা প্রসঙ্গের কথা ওরা এনেছেন, সেটার একট সিরিয়াসলি জবাব দিচ্ছি। ওরা বলেছেন, কালো টাকা উদ্ধারের জন্য চিট ফাল্ডের ব্যাপারে আপনাবা কি করেছেন? এটা যেহেতু বাজেট বক্ততাতে আছে, তবুও আমি জবাবটা আর একবার দিয়ে দিচ্ছি। চিট ফান্ডকে কন্টোল করার মূল যে ক্ষমতাটা Residuary Non Banking Companies and Reserve Bank of India direction আছে। মলু কন্ট্রোল করার ক্ষমতা এবং অধিকার রিজার্ভ ব্যান্ক অব ইন্ডিয়ার এই প্রত্যেকটি চিট ফান্ডের। আমরা মনে করছি রিজার্ভ ব্যান্ক এই কাজটা যথাযথভাবে করছেন না। এ ক্ষেত্রে আমরা যেটা শুরু করেছি সেটা হ'ল, আমরা ইন্ডিয়ান পেনাল কোর্ড ব্যবহার করে, চিটিং হচ্ছে এটা ব্যবহার করে যে কাজটা আমার শুরু করেছি এবং যেটুকু সাফল্য এসেছে সেটা আমি বলছি। আমাদের হিসাবে এরকম প্রায় ৩০-টির মতো তথাকথিত চিট ফান্ড আমাদের রাজ্যে খেলছে। আমাদের ধারণা, ১০০ কোটির মতোন টাকা এরা অসংভাবে গ্রহণ করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে এই সযোগে জানাচ্ছি, ৬টি চিট ফান্ডের ৩০ কোটি টাকা আমরা কিন্তু ধরেছি এবং ক্লান্তিহীনভাবে এই কাজ আমাদের থাকবে এবং এ ব্যাপারে সকলের সহযোগিতা আমি চাইছি। প্রত্যেকটিকে খতম করব। উনি একটা কথা বলেছেন, 'মনমোহন সিং-এর ছাত্র নাকি?' আমি এগুলিকে অগ্রাহ্য করি তবে এটা দায়িত্ব নিয়ে বলছি যে একটা সর্বভারতীয় মিটিং-এর পরে ডঃ मनत्मारन तिः आमात्क এको अनुताध कत्तरहन এवः त्रिंग मूथामञ्जीतक वला रहारह। উनि বলেছেন, 'আপনি আমাদের থেকে ভিন্ন।' ছাত্র হ'লে ভিন্ন হয় না। উনি বলেছেন, যে বিকল্প প্রস্তাবটা রেখেছেন সেটা দয়া করে যদি বিস্তারিতভাবে আনেন তাহলে সেটাকে ঘিরে জাতীয় পর্যায়ে আলোচনা হবে। আমরা আমাদের নিজেদের কথা বলি না, ওরা প্রসঙ্গটা তুললেন তাই তথ্যটা দিয়ে দিলাম। যাইহোক, আমি আমার কথায় ফিরে আসি। স্টেট লিস্টের ৬২ নং ধারার উপর দাঁড়িয়ে সৃপ্রিম কোর্টের ডেফিনেশন অব লাক্সারি, তার একটা উদাহরণ টোব্যাকো এবং অন্যগুলো নিয়ে আমরা এই বিল এনেছি। অন্য রাজ্যও আনতে চলেছে। ওরা জিজ্ঞাসা করেছেন, এখানে আমি কি করে ঐ ফাইনান্দিয়াল মেমোরাভামে টাকা ধরেছি? আমাদের সাধারণত কস্ট অব কালেকশন ১.২৫ পারসেন্ট হয়, তার হিসাবে এটা ধরেছি। अट्टा अट्टाक्टो युक्ति चन्डन क्रतनाम। आत क्र आरे. ि. क्राः—श्ट्रा अकालि कत्रतन ?

আর এটাতে কোনও ছোঁট ব্যবসায়ী ক্ষতিগ্রস্ত হচ্ছে না এবং আই. টি. কোং নিজের টাকাও নয়, এটা হচ্ছে ইন্ডিরেক্ট ট্যাক্স। এ ব্যাপারে এখানে ফলস আর্গ্রমেন্ট দেওয়া হচ্ছে। বলা হচ্ছে, ইনভেস্টমেন্ট নিয়ে যাবে, স্মার্গলিং হবে ইত্যাদি এবং এইসব বলে বলা হচ্ছে এই কর করবেন না। আমি বলছি, এই স্মার্গলিং আমরা ঠেকাব। সঙ্গে সঙ্গে আশা করছি এই স্মার্গলিংকে আপনারাও এনকারেজ করবেন না। এই কথা বলে এই বিলের সমর্থনে বক্তব্য রেখে শেষ করছি।

[1-00 — 1-10 p.m.]

### RULING FROM CHAIR

- Mr. Speaker: The Leader of the Opposition has raised a point of order where he has contended that the bill that has been introduced and under discussion i.e., West Bengal Luxury Tax Bill, 1994 should be deferred basically on the following grounds:—
- (1) That under Rule 89 of our Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly "The Speaker may, if he thinks fit, postpone the consideration of a clause" and secondly, Section 90-he says that under proviso-"Provided that the Speaker may allow the schedule or schedules, if any, being considered before the clauses are disposed of or along with a clause or otherwise as he may think fit." He demands that the schedule be discussed first before the consideration of the clause and more particularly says that the definition of luxury is in contradiction of the provisions in the Schedule of the Constitution which has raised in the State List and, as such, is not included in the schedule which entails the State to include the legislation for the purpose of taxation and further he says that in the financing memo it does not give any process totally as to the expectation scriptic and inadequate. He has also raised a point that certain names brand names to describe certain products which is the form of advertisement of these products. Now coming to the bill which has been introduced and it is under consideration. Luxury has been described in Section 2(d). Luxury tax means the tax payable under Section 4 and the word 'luxury' means any commodity as specified in schedule for enjoyment the necessities of life. He further claims that the description is arbitrary and vague. In the schedule we find that the schedule contains one cheroots, cigarettes, cigar, pan masala, perfumed or treated otherwise, of any form or description that is to say, combination of powder or broken form or otherwise of two or more of the following substance, whether mixed with tobacco or not, and sold under various trade names or descriptions such as Pan Bahar, Pan Pasand, Pan Parag, Pan Tarang, Talab, Prem Ranjan or any other name or description—betel nuts, etc. mostly has been described as contained in

the said schedule. Now whether the discussion or the consideration is of the bill should be postponed or not should be deferred or not. It is mostly depended whether there is another demand of Dr. Abedin is that the Advocate General should be summoned to the House before I clarify the legal position of the bill. Before I comment on this it should be considered whether the legal position is clear or not to us. The procedure of the Assembly Secretariat is that when the bills are received by the Secretariat it is examined and if it is found to be in order then the bill is taken up for passing and if it is found to be defective then it is sent back to the Government for correction and for removal of defects.

[1-10 — 1-20 p.m.]

But that is not the main criterion. Even on the floor of the House. if defects are pointed out that can be taken into consideration, that should be taken into consideration—all times by all the parties. But just because somebody demands that the Bill should be deferred or that the Scheduled should be discussed before the clauses—that cannot be a ground for consideration. It has to be on legal and valid grounds for considering those demands. Now, here we come first into the question of luxury where luxury has been described in the past and the legal definition of luxury as to what it is. The Honourable Finance Minister, Dr. Asim Kumar Dasgupta has drawn my attention to page 1152 of the Shorter Constitution of India by Dr. Durga Das Basu: 10th Edition regarding Taxes on Luxries and Taxes on Entertainment, amusements betting and gambling, where it says - "Use of the plural suggests that the tax that is contemplated is not a tax on an activity which may be considered as unnecessary and in that sense a luxury but a tax on goods or articiles which constitute luxuries, e.g. tobacco as distinguished from a tax on its production, in which case it becomes an excise duty." So there is a reference to the case of luxury. A tax on production of tobacco goods will be excised; a tax on consumption of tobacco goods may be taxed. Again I am coming to page 1153 of the same book where it says - "A luxury is something which conduces enjoyment over and above the necessaries of life, even though the article may be popular among a large number of people including the poorer sections such as tobacco, beer." These are the discussion under Schedule 7 of the Constitution. Now these are the examples which are given here, while defining luxury. The luxury can be in various forms. It depends at what time. The government may decide to tax on the luxury. That is the discretion of the government. There are various luxuries prevailing

in the society. For instance – there is mineral water. We have Cocacola, Pepsi Cola. I am coming on the different mineral water. We have different mineral water. Now did we consider it to be necessary for luxury? What is the necessary of life? But the moment it is converted into a mineral water in the form of Cocacola – I think the coco is the real thing which has come back through multi-nationals or we are coming to Pepsi, we are coming to Limca, we are coming to any other form of soft drinks – then it will go into a form of luxury. It is not necessary for human lives as such. But it is consumed by a large section of the society. If the Government choose to tax the luxury goods – they will tax it if it is in the form of luxury. Because here we have also discussed it. Beer is an article of drinks which is consumed by a large section of people. At the manufacturing stage a tax on Beer will be excised.

### (Noise and Interruptions)

(At this stage, Shri Subrata Mukherjee and many other members belonging to the Congress (I) Parties rose to speak)

(Noise)

Take your seat. Please, please take your seat. Don't make it a farce. Mr. Mukherjee you are not aware of the farce. Don't make it a farce. Be more serious. You have passed your age of the childhood. Mr. Mukherjee you have passed your age. If you do not want, I will not give the ruling. Dr. Abedin, are you serious for a ruling or you don't want a rulling? If you do not want a ruling, I will not give you any ruling. I will not give a ruling. Don't make it a ildish play. We are on a serious business.

We are representing people. We should not behave like this. I am passing my ruling. (Noise and interruption) Please take your seat. Now the question.........

### (Noise and interruptions)

Now it has been.......(Noise and interruptions) whether the decision of the Government to tax certain articles of consumption which is in the tobacco products artificially combined with tobacco products or non-tobacco products, the government terms it as a luxury. If some people decided it not as luxury, it does not matter. They can go to court. Government have a right to declare certain items as luxury. They cannot. They cannot give legislation. The court will decide on that. You are not to decide that. The legislation is in order and the government has a right to pass such a legislation. We should not call the Advocate General for suggestion or law.

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Luxury Tax Bill, 1994, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1-23, Schedule and the Preamble

The question that Clauses 1-23, Schedule and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Asim Kumar Dasgupta: Sir, I beg to move that the West Bengal Luxury Tax Bill, 1994, as settled in the Assembly be passed.

ভাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে ফিনানসিয়াল মেমোরাভাম দিয়েছেন তাতে আপনি বলেন নি What is the machinery that has to be set up for the realisation of this tax? Why are you pressurising us? It may be any part of the State. আমাদের জেলায় কোন এ্যাসেসার নেই, কোন অফিসার নেই, আমাদের মালদায় যেতে হয়। আপনি জানেন জেলা দৃটি ভাগে ভাগ করে দিয়েছেন। আপনি বারে বারে বলেছেন, আমরা কোন পিপারেশান নিই নি। আপনি দেখছি মনে রাখেন না। আমরা ট্যাক্স দেব, হোয়াই আর ইউ পেসারাইজিং আস? ফাইল করে রেখে দেবেন, রিটার্ন তো দিতে হবে। তারপর বলেছেন ম্যানুফ্যাকচারার ছাড়া ট্যাক্স হবে। ইন এনি পার্ট অফ দি স্টেট সেই এস্টাবলিস্টমেন্টটা কোথায়? কোথায় রিটার্ন দেবে, কার কাছে দেবে? Presumably that this has been simplification of the tax procedure. স্পেসিফিক্যালি কিছু দেওয়া নেই, আপনার এখানে কোন ব্যবস্থা নেই। প্রসিডেয়োর পরিষ্কার করে দেওয়া নেই। আপনি আমাকে বলুন ৫০ লক্ষ টাকা কিসের বেসিসে ইউ হ্যাভ এয়ারাইভ এট দ্যাটি? আপনার কমার্সিয়াল ট্যাক্স যেটা আছে তার উপর অতিরিক্ত কর চাপিয়ে দেবেন। একটা কথা বলা চলে জাস্ট টু সেভ টি ফেস এটা করলেন। আপনার ফিনানসিয়াল মেমোরাভামে আমরা স্যাটিসফায়েড নয়।

আর যদি আপনার স্ট্রাকচার কিছু করা থাকে, হোম ওয়ার্ক করে থাকেন, তাহলে ওটা আমাদের সার্কুলেট করুন। আপনি ঐ বিজ্ঞাপনটা কেন করতে গেলেন সেটাও আপনি আমাদের বলবেন। তারপর স্পিকার সাহেব তো আপনাকে ছেড়ে দিয়েছেন, কিন্তু আমরা একমত নই। ওখানে যে ডেফিনেশনে বলেছেন, একবারও টোব্যাকো ছাড়া পানকে আনতে পারেন নি। কিন্তু আপনি বলেছেন, টোব্যাকো ছাড়া লাক্সারি আইটেম হয়, এটা যদি হয়, তাহলে পানটা কি তা পরিষ্কার করে বলুন। বাংলার মানুষকে পান খেতে গেলে ট্যাক্স দিতে হবে। ম্যানুফ্যাকচারিং পানবাহার দিয়ে যে পান খাবে তাকেও কি ট্যাক্স দিতে হবেং এই কথাগুলো আপনি খোলাখুলি বলুন, এড়িয়ে যাবেন না। আপনি এক্সপিডিয়েন্ট ছাড়া কোথাও বলেন নি— You have not been able to justify the claim for quick legislation. এটা কেনং What is the compulsion of the Govt. কি বললেনং সাতদিন বাদে, দুদিন বাদে এলে কি ক্ষতি ছিলং এই কথার উত্তর আপনার কাছ থেকে আমরা পাইনি। আপনি উত্তরটা আমাদের দেবেন।

[1-20 — 1-30 p.m.]

ডঃ অসীম কমার দাশগুপ্তঃ প্রথমত এটি যে বিলাস পণ্যের উপর কর, এটি বোঝাতে বলেছি যে, পাঁচটি উদ্দেশ্যে কর প্রস্তাব, সেটি আমি মল বাজেটের উপরে রেখেছিলাম, বলেছিলাম যে বিলাস পণোর উপর কর বসাবো। এটি সাংবিধানিক ব্যাপার এবং ডেফিনেশানে আমি খব সঠিকভাবে ঠিক সেই ডেফিনেশানটা ব্যবহার করেছি, যেটি মাহামান্য সপ্রিম কোর্ট ব্যবহার করেছেন। এখান পানপরাগকে আমি বলছি লাক্সারি। আর আপনি জিজ্ঞাসা করেছেন. এই মেমোরাণ্ডামে এই খরচের হিসাব পেলেন কি করে? একটি নিরিখ আছে—কষ্ট অব কালেকশানের ১.২ পার্সেন্টকে ভিত্তি করে। এটি থেকে গোলমাল হয় না। এগ্রিকালচারাল ইনকাম টাক্স-এর ব্যাপারে আপনি বলেছেন। এটি এই আইনের সঙ্গে যক্ত নয়, তবও বলছি। সৌগত রায় আমাকে জিজ্ঞাসা করেছিলেন—কোথাও হয়রানি হচ্ছে। মাননীয় সুব্রতবাবও এই কথাটি বলেছিলেন। না, বিক্রয় করের ক্ষেত্রে কাঠামোগত একটি পরিবর্তন আমার দপ্তরে আনছি। একটি হচ্ছে ফাইলের বোঝা ছোট ছোট ব্যবসায়িদের হয়রানি করে, সেটি আমি ক্ষতম করতে চাই। সৌগতবাব, দয়া করে বিতর্ক নয়, দটি বড ম্যানফাকচারার্স আর ইস্পোর্টের এক নয়। কত নয়, যেখানে দেও লক্ষের মত আমাদের বিক্রয়কর-এর রেজিস্টার্ড ডিলার. তার তুলনায় ভগ্নাংশের ভগ্নাংশ। রিটেল লেভেল নয়। এটি মাথা থেকে সরিয়ে নিন। কারণ একটা বড ক্যাম্পেন চলছে। আমি মনে করি যে ঐ ক্যাম্পেনের অংশীদার আপনারা নন. কিন্ত ভিকটিম। ঐ ক্যাম্পেনে স্মাগলিংয়ের ভয় দেখিয়ে কর আদায় ঠেকানো যায় না। এতদিন বিক্রয় কর আদায় হোত চার বছরের রিটার্ণ দাখিলের ভিত্তিতে। আমরা স্পষ্ট ইন্সপেকশানের জায়গায় নিয়ে যেতে চাইছি. গ্রপে গ্রপে ভাগ করে। কলকাতার মত একটা বড শহরে তিনটি বাস্তা।

প্রত্যেকটি ব্যবসায়ির নাম আমরা কম্পিউটারে নিচ্ছি, সমস্ত ডিটেলস। এরপরে আপনাকে মালদায় আসতে হবে না, এপ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের ক্ষেত্রে আমি ব্যবস্থা করবো যাতে এই বিকেন্দ্রীকরণের সুফল আপনারা পাবেন এই কথা বলে আপনাদের ধন্যবাদ জানাই। আমি মনে করি আপনারা প্রস্তুত ছিলেন না এই কথাটা বলা আমার ঠিক হয়নি। কিন্তু মহান সংবিধানের উপর দাঁড়িয়ে, রাজ্যের তালিকার উপর দাঁড়িয়ে মহামান্য সুপ্রীম কোর্টের সংজ্ঞার উপর দাঁড়িয়ে যেটা তামিলনাড়, রাজস্থান করেছিল মহারাষ্ট্র অন্য পথে গিয়েছিল আমরা সেই ভূল করছি না, মনে রাখবেন পশ্চিমবাংলা আজ যা চিন্তা করে অন্য রাজ্যগুলি কাল তা চিন্তা করে. এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Luxury Tax Bill, 1994, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

The West Bengal Finance Bill, 1994.

**Dr.** Asim Kumar Dasgupta: Sir, I beg to introduce the West Bengal Finance Bill, 1994.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta:** Sir, I beg to move that the West Bengal Finance Bill, 1994, be taken into consideration.

ভাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় অর্থমন্ত্রী যেটা এনেছেন সেটাকে তো আপনি কমপ্রিহেনসিভলি দেবেন। You have exempted certain productions. Certain items from taxation you have reduced taxation on certain items. এখানে যে সমস্ত জিনিস আপনি বলেছেন সেই ব্যাপারে আমাকে আলোচনা আগে করতে হচ্ছে। এখানে আপনি এক হাতে দিয়ে আর এক হাতে নিয়ে নিচ্ছেন। যে সমস্ত জিনিসণ্ডলি এনেছেন সেইগুলি সাংঘাতিক সাংঘাতিক ব্যাপার। ভায়মণ্ডের উপর করেছেন ঠিক আছে, কিন্তু অনেকগুলি জিনিস ইউটেনসিল, শ্রুকারিস এইগুলিও কি চলে আসবে? টেলিফোন এটা কি আপনি মনে করেছেন হেন্ডি ট্যাক্সোনের জিনিস? এইগুলি আপনাকে ভাববার জন্য আমি বলব। বালিশ, বিছানা সবটাতেই ট্যাক্স করে দিয়েছেন। আপনাকে একটা বাক্য উদাহরণ হিসাবে বলি, হোয়াইল ইণ্ডিয়ান ইনডিপেনডেন্স বিল, বিলাতে হাউস অফ কমন্সে এসেছিল তখন চার্চিল অপোজড ইট, অপোজড করে চার্চিল বলেছিলেন I oppose to the proposal of Indian Independence Bill. Rogues and rascals will rule India. Everything will be taxed and only air will be free. আজকে আপনারাও কি সেই চার্চিলকে অনুসরণ করতে চলেছেন?

### (গোলমাল)

আমরা এখানে দাবি করেছিলাম ছাতার উপর থেকে ট্যাক্স তলে দিন। কিন্তু ছাতার উপরে আপনি ট্যাক্স রেখে দিয়েছিলেন। কোথাও ফাইভ পারসেন্ট, আবার কোথাও ফিফটিন পারসেন্ট। আপনি একট ভেবে দেখবেন এটার ব্যাপারে কিছু যায় কিনা। আপনি সফটওয়ারকে কনসেসান দেবেন বললেন, ফর দি প্রোমোশান অফ দি ইণ্ডাস্টি। কিন্তু আরো কিছ সযোগ দিলে ভালো হত। বাংলার বেকারদের একটা সুযোগ হত। বাঙালিরা ইঞ্জিনে আগুন দিতে পারে না ঠিকই, কিন্তু ওরা ঘড়ি ম্যানফাকচার করতে পারে, রেডিও, টি.ভি করতে পারে। ফিলিপস কোম্পানি, যারা রেডিও, টি.ভি. তৈরি করে তারা আজকে এগিয়ে যাচ্ছে। এরা পরিশ্রমের দিকে যতটা না যেতে পারে, বসে কাজ করতে হয় এমন কাজ বাঙালিরা পারে। এই ব্যাপারে আপনি অল ইণ্ডিয়ার পিকচারের সঙ্গে কিভাবে তলনা করবেন বলবেন। এগ্রিকালচারের ব্যাপারে আমরা আপনাকে বার বার বলেছি, টু অসীম দাশগুপ্ত, ইকনমিস্ট, আপনি জবাব দিন। আমি একটা ব্যবসা করে ৫০ হাজার টাকা আয় করি, আমার ৩৫ হাজার টাকা একজেমপটেড। যারা লাঙ্গল ধরে ১১ হাজার টাকা আয় করে তার ১০ হাজার টাকা একজেমপটেড, এক হাজার টাকা ট্যাক্স। এত ডিসক্রিপেসি কেন, আপনি এটা একট জাস্টিফাই করুন। একটা লোক, যে চাকরি করে সে একজেমশান পাচেছ, তাহলে চাষ করাটা কি আপনি অপরাধ বলে মনে করছেন। না পেনালাইজ করছেন। ট্যাক্স ডেভালপমেন্টের জন্য জমিদারি নেই, যদি জমিদারি থেকে থাকে তাহলে আপনাদের ব্যর্থতা। You have been able to retain Zamidari, resign and for sake your responsibility. এখানে আবার আপনি কমপ্লিকেশান করছেন, এ্যাডভান্স ট্যাক্স দিতে বলেছেন। আপনি এগ্রিকালচার

হনকাম ট্যা**ন্স** অফিসারদের কাছ থেকে জেনে নেবেন ওরা রিটার্ন নোটিশ দিতে পারে, কিন্তু একটা রিটার্ন ফর্ম আছে সেটা দিতে পারেনা। রিটার্ন ফর্ম পাওয়া যাচ্ছে না, প্রিন্ট নেই। বিটার্লের স্পেসিফিক ফর্ম আপনারা দিতে পারছেন না। কারণ আপনাদের সরকারের মল অবস্তা হিডিয়াস ব্যাঙ্করাপটসি। কংসিৎভাবে এই সরকার দেউলিয়া হয়ে গেছে। আমাদের টাক্স দিতে হচ্ছে. অথচ আমরা ফর্ম পাচ্ছি না। একটা সাদা কাগজে লিখে জামা দিতে হচ্ছে. তারজন্য উকিল রাখতে হচ্ছে। Yoru regime in another form it is a paradise for lawyers, incometax lawyers and criminal lawyers. নোটিশ আসছে কিন্ত ফর্ম পাওয়া যাচ্ছে না। আবার এই ফর্ম বাইরেও কিনতে পাওয়া যাচ্ছে না। আমাদের সাদা কাগজে লিখে দিতে হচ্ছে এবং আপনারা অফিসাররা হম্বিতম্বি করছে। আপনি এখানেই বলেছেন এ্যাডভান্স টাকা দিতে হবে। আমাদের কাছে পেপারটা কি, এ্যাডভান্স ট্যাক্স আমরা কিসের ভিত্তিতে দেব। আপনারা যে চালানটা দেন তার তিনটে পার্ট আছে। একটা টেজাবি রেখে দেয়. একটা এসেসিং অফিসে যায় এবং একটা আমাদের কাছে যায়। একটা উকিল দিয়ে আপনাদের কাছে আমাদের দরখাস্ত করতে হয়, আমরা কোথায় দিলে সুবিধা হয়। এটা একটা কামবারসাম প্রসেস আনছেন। এ্যাডভান্স ট্যাক্সের ভিত্তি কি হবে? দ্বিতীয়ত, আপনার কাছে বলি. আপনি তো এগ্রিকালচারাল মার্কেটিং থেকে প্রত্যেক অফিসে জানিয়ে দিয়েছেন এই জিনিসের এই দাম। দ্রব্যমূল্য বৃদ্ধি হয়নি বলে আপনি বলে দিয়েছেন। প্রিতেইলিং প্রাইস এটা আপনি বলে দিচ্ছেন। এসেসমেন্টের সময় মার্কেট প্রাইস যেটা এখন প্রিভেইল করছে তার উপর নয়. হায়েস্ট প্রাইসের উপর ট্যাক্স দিতে হবে। দিজ ইজ এনাদার। আপনি ল্যাণ্ড রিফর্মস এাক্ট করেছেন, আপনি তো ভূমি সংস্কারের প্রবক্তা, এই নিয়ে আপনি বার্জেট বক্তৃতায় তেইশ বার বলেছেন। আপনি বলেছেন জমির ২৫ শতাংশ মালিক পাবে। আপনি জানেন চাষ করাতে হলে বর্গা এবং শেয়ার ক্রপারদের একটা মার্জিন দিতে হয়।

# [1-30 — 1-40 p.m.]

আগে অর্ধেক ছিল, এখন ২৫ পারসেন্ট যদি ইমপুটসগুলি ওরা দেয়। কিন্তু বলা আছে জমির ব্যাপারে যে দিস ইজ শেয়ার ক্রপিং ল্যাণ্ড। তা সত্ত্বেও আপনি যখন এ্যাসেসমেন্ট করছেন তখন ৫০ পারসেন্ট বাদ দিচ্ছেন। এটা একটা এ্যানোমাল হয়ে যাচছে। আপনি এখানে আইনে বলে দিচ্ছেন যে, আমার বর্গা জমি আছে, আমি এনটায়টল টু ২৫ পারসেন্ট অব দি প্রডিউস কিন্তু আপনার অফিসাররা যখন এ্যাসেস করছেন তখন তারা তো করছেন না, সেখানে ফ্ল্যাট ৫০ পারসেন্ট ধরে করছেন। এটা তো হবার কথা নয়। আমি আপনাকে কিছুদিন আগে ফোন করে বলেছিলাম যে কি রকম রাজত্ব চালাচ্ছেন দেখুন। আমি ধান বেচলাম ১৫০ টাকা দরে, এখন বাজার প্রিভেল করছে ২০০ টাকাতে অথচ যখন ট্যাক্স হবে—এখানে আপনার ডিসট্রেস সেলের ব্যাপারে কোন ব্যবস্থা নেই। স্টেট ওয়ারহাউসিং কর্পোরেশনের সঙ্গে ন্যাশানালাইজড্ ব্যাক্ষগুলির কোন লিয়াঁজো নেই, কো-অপারেটিভ সোসাইটিগুলির সঙ্গে কোন লিয়াঁজো নেই, আমি যে সরকারি গোডাউনে জমা দিয়ে একটা রসিদ নিয়ে ডিসট্রেস সেলটা এ্যাভয়েড করবো সে ব্যবস্থা করেন নি। তাহলে উপায় কি আছেং এখন তো বড় চাবি কেউ নেই, সবাই এখন উইদিন ১৭ একরস। কেউ যদি বড় না থাকে, নট ইভন মিডিয়াম, বরং অল আর শ্বল ফার্মাস বলা

[30th March, 1994

যেতে পারে. এদের সেলটা আগে করতে হচ্ছে অথচ ট্যাক্স সবচেয়ে বেশি দিতে হচে এখানে। এটা আপনি একট দেখবেন। তারপর অন্যান্য ক্ষেত্রে যেসব ইনসেনটিভস দিয়েছে — কোন ইণ্ডান্টি করলে মাফ পাবে—আপনি অন্য ইনকামের ক্ষেত্রে এটা দিয়েছেন তাহতে এগ্রিকালচারের ক্ষেত্রে কেন দেবেন না? এর পর আমি আর দটি ব্যাপার আপনার কা বলব। আইন তো সকলের জন্যই সমান। এই যে ১০ হাজার টাকার ব্যাপারটা এট আপনিও জানেন যে আজকের দ্রব্যমূল্য বৃদ্ধির যুগে এটা কিছুই নয়। আপনাকে আমি े হেনজির জর্জের কথাটা বারবার বলি, এটাতেও বলছি। আপনি যেটা করেছেন ১০ পারসে ট্রাপফারের ক্ষেত্রে এটা যে কিনছে তাকে দিতে হচ্ছে। ঐ যে দীপকবাবরা বজবজের সম জমি আগে কিনে রেখেছে, আজকে যদি সেই জায়গা বিক্রি করে আমাদের তাহলে ৫০০ পারসেন্ট প্রিমিয়াম পাছেছ। যারা বিক্রি করছে, ক্যাপিটাল গেন যেটা ইনকাম ট্যাক্সে দেখানে হয়। এখানে জমির ক্ষেত্রেও যারা বিক্রি করছে তাদের ক্ষেত্রে কিছ ভাবতে পারেন কিনা সৌ দেখতে বলছি। তবে নট ফর স্মল, যারা মার্জিন্যাল ফারমাল, স্মল ফারমার তাদের ক্ষেত্র नग्न, मि व्यातवान क्षेत्रार्धि, क्यानकांगित क्षेत्रार्धि, উচ্চ-मुल्य विकि २८५६ रमशान याता विधि করছে তাদের ক্ষেত্রে কিছু করা যায় কিনা এই স্ট্যাম্প ডিউটিতে সেটা দেখুন। যে কিন সে দিচ্ছে কিন্তু যে বিক্রি করছে সে দিচ্ছে না। আমি একটা তুলনা দিই। গ্রামে যে সব হা वर्स व्यापनि कातन रा स्थात रामव कन्छ, काताग्रात विकि श्र स्थात रा विकि कर তাকে একটা পোরসান দিতে হয় এবং যে কেনে তাকেও একটা পোরসান দিতে হয় ডেভালপ ল্যাণ্ড একটা প্রিমিয়াম প্রপার্টি, বিল্ডিং এণ্ডলির ক্ষেত্রেও এটা করতে পারেন কিন দেখন। প্রোমোটাররা যা আরম্ভ করেছে তার পরিপ্রেক্ষিতে এটা আপনাকে আরো বেশি করে ভাবতে বলছি। তারপর প্রফেসান ট্যাক্সের ক্ষেত্রে কয়েকটা কথা বলছি। এটার বছল প্রচারে দরকার। এ ব্যাপারে আপনার অফিসারদের ইক্টেপড করা দরকার। আমরা এম.এল.এ হিসাবে সামান্য কিছু মাহিনা, এ্যালাউন্স পাই, আমাদের দিতে আপত্তি নেই কিন্তু সব অফিসাং এটার সম্বন্ধে জানেন না।

# [1-40 — 1-50 p.m.]

এটা সাত টাকা হবে না, চার টাকা হবে, এই সম্পর্কে একটা ব্যাপক প্রচার দরকার। আপনার টেন্থ ফাইনান্স কমিশান মেনে নিচ্ছি, কিন্তু আমাদের অবজারভেশন তো দিতে হবে ফেল টু মোবিলাইজ রিসোর্সেন। আমরা বলেছি উই আর নট অপোজ্ড টু দি প্রিপিপ্ল আপনাদের ব্যর্থতা যেটা সেটা বলতে পারবো না? আমাদের সাহায্য আরও দরকার হবে ফিউচারে। আর একটা কথা, আপনি সিম্পলিফিকেশনের নামে জটিলতা বাড়াচেছন কী না—চারটি ধারা ধরেছেন, এটাও ধকন। আর সেল্স ট্যাক্স ছাড়া ঐ লাক্সারি ট্যাক্স দিতে হলে, এইগুলো যে বাড়িয়ে দিলেন, হয়তো বলবেন এটা আমার নয়, ট্রেড এবং কমার্স এর উপর কি হবে সেটা দেখবেন। এখানে মেট্রিক সিস্টেমের ফলে ওজন যেটা কম দেয়, ডাভা দিরে দুপাশে দুটো প্যান লাগিয়ে যে ওজন করে, অনেক সময় পাথর দিয়েও ওজন করে, এটা স্ট্যাণ্ডার্ড নয়, এটা চেক আপ করার কোন ব্যবস্থা আছে কি না জানি না, যদিও এটা কমার্স এয়াও ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টের কাজ। এটা যদি ইমপ্রুড করতে পারেন তাহলে মানুযের বঞ্চনা কমবে। ভেজাল, কম ওজন যে দেওয়া হয় ইন্ডিন সোনায়, উইদিন দি গ্লাস বক্স একটা বে

স্কেল থাকে সেখানে নাকি জোচ্চরি হচ্ছে কাগজে দেখছি, এই বিষয়টা দেখবেন। এতে বেভিনিউ বাডছে না. কমছে। ডায়মন্ডে আমাদের আপত্তি নেই. কিন্তু গয়নার উপর ফোর পারসেন্ট করতে চাইছি। কিন্তু যেগুলো জুয়েলারি সেটা ১৫ পারসেন্ট করতে চাইছেন, সেটা দেখবেন। তারপর লেদার গুডস-এ এ্যাবাভ রুপিজ ২০০ হলে তার উপর ১৫ পারসেন্ট করতে চাইছেন। কিন্তু ট্রেডারদের মধ্যে যদি একটা ব্যবস্থা থাকে গোড়া থেকে কম দাম দেখিয়ে দেয় এবং সেই হিসাবে আন্ডার টেবল ট্রানজ্যাকশন হয় সেটা কিভাবে চেক করবেন বলবেন। বাইরের মাল যেগুলো আন্ডার ইনভয়েসে আসে তার এাারেঞ্জমেন্ট যদি সিকবেটলি হয়, ৫০০ টাকার জিনিস যদি ২০০ টাকায় টানজাকশন স্লিপ দেখায় তাহলে ফাঁকি দেবাব একটা স্কোপ থাকে, সেটা চেক করার কি ব্যবস্থা করছেন। আর কতকগুলো জিনিস আমাদের স্কল-কলেজে লাগে যেমন—ক্লক, টাইমপিস, অল টাইপ্স অব পার্টস এইগুলো তো বিলাসিতার আইটেম নয়, এটার ব্যবহার তো ভাল, এতে ট্যাক্স থাকবে কি না, সেটা রিকনসিডার করুন। আজকে আমি একটা কথা জিজ্ঞেস করবো, হোয়াট ইজ দি ফোর্স বিহাইন্ড দিস হেসটি লেজিসলেশন? এইগুলো তো একটু ভেবে করতে পারেন। এাপ্রোপ্রিয়েশন বিল তো পাশ করিয়ে নিচ্ছেন, এটা আপনি সাত দিন অপেক্ষা করে বিভিন্ন ইন্ডাম্টি এবং টেড অফিসগুলোর সঙ্গে আলোচনা করে, এক্সপার্টদের সঙ্গে আলোচনা করে করতে পারতেন। খাটা পায়খানা তলে দিয়ে স্যানিটারি ল্যাট্রিন-এর ব্যবস্থা করছেন। খুব ভাল কথা, কিন্তু স্যানিটারি ফিটিংস-্র এর উপর ছাড় দেবেন কি না, এইগুলো একটু ভেবে দেখবেন।

আমি আইটেম ওয়াইজ আপনার দৃষ্টি আকর্ষণ করলাম। আই য্যাম নট অপোজিং টু
দি ট্যাক্সসেশন সিস্টেম। আপনি মানুষের ওপর এ্যাভিশনাল বোঝা না চাপিয়ে আয় বাড়াবার
চেষ্টা করুন, সিম্পিলিফেকেশন করুন। আমি মনে করি গত ১৭ বছর ধরে আপনারা
মানুষকে কোন দিক দিয়েই কোন রিলিফ দিতে পারেন নি। মাননীয় অর্থমন্ত্রী এই ১৭ বছরের
মধ্যে আপনার কার্যকাল হচ্ছে ১০ বছর। এর মধ্যে হয়ত দীপক মুখার্জিদের মত মানুষের
কিছু রিলিফ হয়েছে। এই বিলকে আমি ওভারওল সমর্থন করতে পারছি না, এই কথা বলে
আমার বক্তব্য শেষ করছি। থ্যাংক ইউ, স্যার।

শ্রী অমিয় পাত্রঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে ফিনান্স বিল আজকে এখানে উত্থাপিত হয়েছে তার ওপর বিরোধীদলের পক্ষ থেকে মাননীয় ডাঃ জয়নাল আবেদিন উঠে পারতপক্ষে তাকে সমর্থন করেছেন। আমি এখন সংক্ষেপ্রে ফিনান্স বিল সম্পর্কে দু'একটি কথা বলতে চাই। প্রথমেই আমি মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। তিনি এই বিলের মাধ্যমে ওয়েস্ট বেঙ্গল এন্টারটেনমেন্ট কাম-অ্যামিউসমেন্ট ট্যাক্স এ্যাক্ট, ১৯৮২-র সংশোধন চেয়েছেন। এটা ঠিক যে আমাদের রাজ্যে যত্র-তত্র ভি.ডি.ও শো হচ্ছে এবং বেশিরভাগ ক্ষেত্রেই ট্যাক্স ফাঁকি দেবার একটা প্রবণতা দেখা যাচ্ছে। দ্বিতীয়ত, আমরা দেখছি কেবল টি.ভি.-র মাধ্যমে এমন সব চলচ্চিত্র প্রদর্শনী হচ্ছে যেগুলো সিনেমা হলে প্রদর্শিত হলে সরকার সেখান থেকে অ্যামিউজমেন্ট ট্যাক্স আদায় করতে পারত। এ ক্ষেত্রে মাননীয় মন্ত্রী যে প্রস্তাব উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। এখন পর্যন্ত কলকাতা কর্পোরেশন এলাকায় ভি.ডি.ও শো-র জন্য সপ্তাহে ১২০০ টাকা ট্যাক্স দিতে হয়। এটাকে পরিবর্তন করা হচ্ছে—কলকাতা কর্পোরেশন এলাকায় যে সমস্ত ভি.ডি.ও পার্লারের সিট ক্যাপাসিটি ১০০, সে সমন্তেদের ক্ষেত্র

সপ্তাহে টাব্রু হবে ৯০০ টাকা। কিন্তু যেখানে সিট ক্যাপাসিটি ১০০ থেকে ২০০ সেখানে সপ্তাহে ট্যান্স হবে ১২০০ টাকা এবং সিট ক্যাপাসিটি ২০০-এর উধের্ব হলে ১৫০০ টাকা টাব্রে লাগবে। এইভাবে মিউনিসিপাল এলাকার ক্ষেত্রেও ভি.ডি.ও হলের আমিউজমেন্ট টাক্সের পুনর্বিন্যাস করা হচ্ছে। প্রতি সপ্তাহে গড়ে ৯০০ টাকা যেখানে ট্যাক্স ধার্য আছে সেখানে ওটাকে ১/২/৩ ভাগে ভাগ করা হচ্ছে সিট ক্যাপাসিটির ভিত্তিতে। আর গ্রামাঞ্চলের ক্ষেত্রে সপ্তাহে ৬০০ টাকার যে ট্যাক্স চালু আছে সেটাই থাকছে। আর একটা গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে ডিস এ্যান্টোনার মধ্য দিয়ে স্যাটালাইট ট্রান্সমিশন সিস্টেম-এ যে সিনেমা শো হয় তার ওপর থেকে আগে আমরা কোন ট্যাক্স আদায় করতে পারতাম না-অথচ সিনেমা হলে যদি ঐ একই ছবি প্রদর্শিত হ'ত তাহলে সেখান থেকে আমরা ট্যাক্স আদায় করতে পারতাম, ফলে এই সিস্টেম আমাদের যথেষ্ট ক্ষতির কারণ হয়েছিল। সেইজন্য এই সিস্টেমের ওপর নতুন টাব্রে প্রস্তাব করা হচ্ছে এবং পরবর্তী সময়ে টাব্রের রেট ঘোষণা করা হবে তা মাননীয় অর্থমন্ত্রী উল্লেখ করেছেন। এর জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। তারপর ওয়েস্ট বেঙ্গল মাল্টি-স্টোরিড বিল্ডিং ট্যাক্স এ্যাক্ট, ১৯৭৯-এর কিছু পরিবর্তন ঘটান হচ্ছে। আমরা দেখছি আমাদের বাঁকডার মত একটা ইন্টিরিয়র জেলাতেও বাডি তৈরির ক্ষেত্রে এক स्कारात भिगत वित्रार प्रानुरान छान थुव कम करतछ ১২৫ টাকার कम कता হয় ना। অথচ কলকাতায় যারা মান্টি-স্টোরিড বিন্ডিং তৈরি করছে তারা এক স্কোয়ার এরিয়ার মলা বলছে—আন্য়াল ভাল ২০ টাকা. ৩০ টাকা! এটা কিছতেই হতে পারে না। বাঁকডায় যদি এক স্কোয়ার মিটার বাডি তৈরি করতে ২ হাজার টাকা খরচ হয়, তাহলে কলকাতায় কত হ'তে পারে? এই পরিস্থিতিটা বিবেচনা করে এখানে প্রস্তাব করা হয়েছে, কলকাতায় যদি এক স্কোয়ার মিটার বাড়ি করতে ৬০ টাকা খরচ হয় তাহলে ট্যাক্স হবে ২ টাকা এবং ৬০ টাকার ওপরে এবং ১০০ টাকার মধ্যে খরচ হলে ট্যাক্স হবে আড়াই টাকা, ২ টাকা ৫০ পয়সা। তবে এটা আরো বেশি করা যেত বলে আমি অন্তত মনে করি। ইতিপূর্বে আমি একটা কোন্চেনের মাধ্যমে আনতে চেয়েছিলাম, সিনেমা হলের ট্যাক্স আদায়ের ক্ষেত্রে আমরা লক্ষ্য করছি ট্যাক্স ফাঁকি দেবার একটা স্যোগ রয়েছে, সে বিষয়ে সরকার কি চিন্তা-ভাবনা করছেন?

### [1-50 — 2-00 p.m.]

সেই ক্ষেত্রে সিনেমা হলের টোটাল সিট ক্যাপাসিটির উপর একটা ট্যাক্স নির্ধারন করতে পারি কিনা সেটা দেখতে হবে, তাদের সেই অনুযায়ি ট্যাক্স জমা দিতে হবে। তাহলে ফাঁকটা আর থাকবে না। এটা করতে পারলে আগামি দিনে আমাদের ট্যাক্স কালেকশানটা বাড়বে বলে আমার মনে হয়েছে। যে সমস্ত ডিলার রেজিস্টার ডিলার নয়, যারা রেজিষ্ট্রেশান নেন নি, যারা রেকর্ড মেনটেন করে না এবং যাদের টার্ন ওভার ৫ লক্ষ টাকার নিচে তাদের জন্য ব্যবস্থা করা হয়েছে এখন থেকে তাদের একটা ল্যাম্প অ্যামাউন্ট ট্যাক্স হিসাবে দিতে হবে এবং সেটা হচ্ছে বছরে ৪ হাজার টাকা। এই ক্ষেত্রে ফিলজফি খুব ভাল, এখন এটা করার প্রয়োজন হয়েছে, এটা যদি হয় তাহলে আগামী দিনে আরো ট্যাক্স আদায় হবে। কারণ এই ট্যাক্স আদায় করার ক্ষেত্রে আগে একটা সমতার প্রশ্ন ছিল। এই ট্যাক্স আদায় করার ক্ষেত্রে তাক্স এগাসেনার নেবে তাদের সঙ্গে এবং এবং এতা টাকা দিলে ট্যাক্স লাগবে না। একজন অফিসার

টাকা পয়সা নিয়ে ট্রান্সফার হয়ে গেল, আর একজন এসে টাকা-পয়সা নিলে এই রকম হতো। সেই জন্য ডিলারদের অফসান দেওয়ার স্যোগ হয়েছে। যদি বলেন যে বছরে যে ৪ হাজার টাকা দেব তাহলে তাকে আর রিটার্ন দাখিল করতে হবে না, অন্য আর কিছু করতে হবে না। অর্থাৎ গভর্ণমেন্ট এক্সচেকারে ৪ হাজার টাকা চলে আসবে। প্রিজামটিভ ট্যাক্সের ক্ষেত্রে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে সেটা আমি সমর্থন করি। এখানে ফরেন লিকার সম্বন্ধে বলা হয়েছে যে ফার্স্ট পয়েন্টে ট্যাক্স হবে। আগে যেটা ছিল সেটা হচ্ছে যে দোকান থেকে মদ বিক্রি হতো সেখানে তার উপর ট্যাক্স হতো। এখন যেটা করতে চেয়েছেন সেটা হচ্ছে ফার্স্ট পয়েন্টে ট্যাক্স হবে। কিন্তু যদি কোন রকমে ধরা না পড়ে, একবার ট্যাক্স ফাঁকি দিয়ে চলে যায় তাহলে এখন যে আয়টা হচ্ছে সেটা আর হবে না। মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন ফার্স্ট পয়েন্টে কেন ট্যাক্স করতে চাইছেন। আরো একটা জিনিস খুব অভিন্দন যোগ্য। এবারের বাজেটে কম্পিউটার সফটওয়্যার, ফুটবল, টেনিশ বল ইত্যাদির উপর যে সেলস ট্যাক্স নিচ্ছেন সেটা এবারে একজেমড করে দিলেন। এখন থেকে আর লাগবে না। এক দিক থেকে ভাল হয়েছে। আর এডিশনাল ট্যাক্স যেটা আমাদের প্রচলিত সেলস ট্যাক্স ১৫ পারসেন্ট নেওয়া হতো সেটা ছাড দেওয়া হলো। টাক্সের স্টাকচার সরলিকরণ করে দেওয়া হয়েছে, এর ফলে আমাদের রাজ্যে কোন ডিলারকে বাডতি ট্যাক্স দিতে হবে না। র্যাশানালাইজেশানের ফলে ১.১৫ পারসেন্ট যেটা দিতে হতো সেটা ১ পারসেন্ট দিতে হবে. যেটা ২৩ পারসেন্ট দিতে হতো সেটা ১৫ পারসেন্ট দিতে হবে. যেটা ১৭.২৫ পারসেন্ট দিতে হতো সেটা কমে হয়েছে ১৫ পারসেন্ট, যেটা ১২.৬৪ পারসেন্ট দিতে হতো সেটা কমে হয়েছে ১০ পারসেন্ট। কতকগুলি গুডসের উপর আমরা এখানে পশ্চিমবাংলায় ৫ পারসেন্ট নিই সেটা ৫ পারসেন্ট থাকবে। বেড়েছে মাত্র দৃটি, একটা হচ্ছে যেটা ২-৩ পারসেন্ট ছিল সেটা ৩ পারসেন্ট হয়েছে এবং যেটা ৯.২ পারসেন্ট ছিল সেটা ১০ পারসেন্ট হয়েছে। আর একটা ব্যাপার হলো টোটাল ২৫ লক্ষ টাকা টার্ন ওভারের ক্ষেত্রে আগে যা ছিল তা হলো ২৫ লক্ষ টাকা টার্ন ওভার যদি বছরের একটা সময় হয় তাহলে তার উপর ট্যাক্স ধার্য যেটা সেটা পরের বছরের পয়লা এপ্রিল থেকে। নতন করে যেটা বলা হচ্ছে তা হলো টার্ন ওভার কোন একটা দিন ২৫ লক্ষ টাকা ক্রন্স করলো, তার পরের দিন থেকে ট্যাক্স হবে। এই ক্ষেত্রে এমন কিছ বিষয় নেই যাতে জয়নাল আবেদিন সাহেবের আপত্তি করার বিষয় আছে। ৪টি সিডিউলে ছিল সেটা ২টি সিডিউলে করা হয়েছে। তাতে গভর্ণমেন্টের রিটার্নের ঝামেলা কমে যাবে। বাজেট প্রস্তাবে যেটা বলা হয়েছে ওয়েস্ট বেঙ্গল রুরাল এমপ্লয়মেন্ট সেস সম্বন্ধে সেটা নতুনত্ব কিছু নয়।

শেষে বলা হয়েছে যে আমরা এবার থেকে এমপ্লয়মেন্ট সেস, যেটা চা পাতার উপরে আদায় করতাম সেটা কম আদায় করবো, রেট হবে কম। সেটা হচ্ছে প্রতি কিলোগ্রাম টি লিফের উপরে আগে যার ট্যাক্স ছিল ১২ পয়সা, এবারে কম হয়ে ৮ পয়সা ট্যাক্স হয়ে যাবে। এই পরিবর্তনগুলো ফিনান্স বিলে করতে চাওয়া হয়েছে। এই বিলটিতে বিরোধী পক্ষ থেকে সমূর্থন করে নিন, সরকার পক্ষ থেকে বিরোধী বেঞ্চের কাছে আবেদন রাখবো, এই বিলটি যেন আমরা সর্বসন্মত ভাবে গ্রহণ করি। মাননীয় সদস্য লক্ষ্মী দে একটি এ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন, যেটি ১লা এপ্রিল থেকে লাণ্ড করতে চাওয়া হয়েছিল, সেটি ১১ই এপ্রিল

থেকে লাশু হবে এই কথা সেখানে আছে। এটি যাতে সর্বসন্মতিক্রমে আমরা গ্রহণ করতে পারি তারজন্য বিরোধী পক্ষের কাছে আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

প্রী অতীশ চন্দ্র সিনহা: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী আমাদের সামনে 'দি ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল '৯৪ এনেছেন। আমার প্রথমে যে কথাটা মনে হয়েছে যে উনি একসঙ্গে অনেকগুলো আইনের পরিবর্তন সাধন করতে চাইছেন—বেঙ্গল ফিনান্স বিল, ১৯৪১, ১৯৫৪, সেলস ট্যাক্স আইন, এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স আইন ইত্যাদি অনেকগুলো আইনের পরিবর্তন উনি করতে চাইছেন। প্রথমে আমার যে কথা মনে হয়েছে. আমি মাননীয় অর্থমন্ত্রীকে যেটি জিজ্ঞাসা করতে চাই তা হচ্ছে, আপনি জানেন, সদস্যরাও জানেন, ওয়েস্ট বেঙ্গল সেলস ট্যাক্স আইনগুলোকে—৪টি আইন আছে, ওয়েস্ট বেঙ্গল সেলস ট্যাক্স ১৯৪১, ১৯৫৪ এবং জুটের উপরে যেটি আছে, মোটর স্পিরিটের উপর যেটা আছে. এই চারটিকে একসঙ্গে এনে করা হচ্ছে. এরজন্য সিলেক্ট কমিটি করা হয়েছে। সিলেক্ট কমিটিতে তা আলোচনাধীন আছে এই বিলটি। সিলেক্ট কমিটি আলোচনা শেষ করেনি। তারমধ্যে আমরা দেখছি এই ফিনান্স বিল। ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল, ১৯৪১ এবং ১৯৫৪ ইত্যাদি অনেকণ্ডলো ধারার পরিবর্তন করতে চাইছেন। এটি আমি বুঝতে পারছি না। আজকে যদি ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল গৃহীত হয়, আপনাদের যথেষ্ট মেজরিটি আছে. সতরাং এটি গহীত হবে বলে আমাদের মনে হয়, তাহলে সেলস ট্যাক্স আইনগুলো সম্বন্ধে আলোচনার জনা যে সিলেক্ট কমিটিতে গেছে সেখানে আলোচনা করার কোন মানে থাকবে বলে আমার মনে হয় না। আজকে এণ্ডলো যদি গহীত হয় তাহলে পরবর্তীকালে সেলস ট্যাক্স আইন, যেটি সিলেক্ট কমিটিতে আলোচনাধীন আছে, তার কোনও গুরুত্ব থাকবে কিনা, আলোচনা করে লাভ হবে কিনা তা পরিষ্কার করে মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাইছি। একদিন আলোচনা হয়েছে, সিলেক্ট কমিটিতে আমিও আছি, সেখানে অনেক প্রশ্ন করার পর একটি জিনিস জানতে পেরেছি—বিভিন্ন ধারাগুলো যা পরিবর্তন করা হচ্ছে, বিভিন্ন রেটের যে পরিবর্তনগুলো করা হচ্ছে তা জানতে পেরেছি। একটু আগে অমিয় পাত্র মহাশয় যা উল্লেখ করেছেন তাতে দেখা যাচ্ছে কিছু কিছু জায়গায় কমছে, আবার কিছু কিছু জায়গায় বাড়ছে। আমি সিলেক্ট্র কমিটির মিটিংয়ে পরিষ্কার করে জানতে চেয়েছিলাম, যেগুলো কমছে এবং যেগুলো বাডছে তার নেট রেজান্ট কি দাঁডাচ্ছে—টোটাল যে সেলস ট্যাক্স আদায় হয় তা বাডবে কিনা?

# [2-00 — 2-10 p.m.]

আমরা জানতাম কমাবার জন্য কেউ নৃতন করে আইন আনে না, আমরা ধরে নিচ্ছি এই আইনের ফলে মাননীয় অর্থমন্ত্রী যে আইন আনছেন,তার ফলে সেলস ট্যাক্স আদায় অনেক বেড়ে যাবে। এটা কতখানি বাড়বে সেটার একটু ধারণা মাননীয় অর্থমন্ত্রীর কাছ থেকে জানতে চাইছি। এখানে কিছু কিছু গুডস এর উপর ফাইভ পারসেন্ট এবং ফিফটিন পারসেন্ট আছে সেইগুলির ডেসক্রিপশন সিডিউল ফোর এবং সিডিউল ফাইভে দেওয়া আছে। নৃতন সেলস ট্যাক্স আদায় করবার জন্য যেটা প্রস্তুত করা হয়েছে সেটা সিলেক্ট কমিটির বিচার্য। তাদের মতামত আসার আগেই যদি এই ফিনান্স বিল আইনে রপান্তরিত হয়ে যায় তাহলে পরে সংশোধিত আ্যাক্ট বা সংশোধনী আনতে হতে পারে। সূতরাং ২টি যাতে পরস্পর বিরোধী

না হয় সেটা দেখার জন্য আমি অনুরোধ করছি। জয়নাল আবেদিন সাহেব বলেছেন, আাগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের কথা, এটার যে স্ল্যাব ছিল ৩ হাজার টাকা, সেটা বেডে ১০ নাজাব টাকা হয়েছে। কিন্তু সাধারণ ইনকাম ট্যাক্সের যে সীমা ৩৫ হাজার টাকা তার চেয়েও আগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের স্ন্যাব এখনও অনেক কম। আমি মনে করি এটা বাডানো উচিত। তার কারণ সমস্ত জিনিসের দাম বেড়েছে, ধান চালের দাম বেড়েছে। সূতরাং আগ্রিকালচারাল ইনকাম ট্যাঙ্গে যে ১০ হাজার টাকার স্ল্যাব আছে সেটার পরিবর্তন করার म्वकात विल आमि मत्न कति। विश्वात याँग वित्वतः विग्न भातिमाना आधिकानाताना ইনকাম ট্যাক্স. এই ডোমেস্টিক কোম্পানি বিশেষ করে টি কোম্পানির উপর আরোপিত হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে বিশেষভাবে অনুরোধ করব, এখানে ট্যাক্স এত বেশি করা হয়েছে, বলা হয়েছে—The provisions for payment of advance tax are sought to be streamlined. In the rate Schedule affecting the domestic companies, etc. the rate of agricultural income-tax, where the total agricultural income does not exceed one lakh rupees, is sought to be fixed at 65 paise in the rupee, and where the total agricultural income exceeds one lakh rupees, 70 paise in the rupee অর্থাৎ কোনও চা কোম্পানির যদি আয় ১ লক্ষ টাকার নিচে হয় তাহলে তাকে ৬৫ শতাংশ রেটে ট্যাক্স দিতে হবে, ১ লক্ষ টাকার উপরে হলে ৭০ শতাংশ রেটে ট্যাক্স দিতে হবে। ট্যাক্স এত বেশি এখানে. সত্যিকারের আয় তারা দেখাবে না। কারণ এইভাবে যদি আপনারা ট্যাক্স করেন ৬৫ শতাংশ ৭০ শতাংশ তাহলে ইভেশন অফ ট্যাক্স হবেই, আপনারা যদি চা কোম্পানি গুলির উপর থেকে এই ভাবে ট্যাক্স আদায়ের চেষ্টা করেন। আমি মনে করি এটা অত্যন্ত বেশি। এইজন্য বলছি আপনারা রেটটাকে একট রিজিনিবিল স্লাবে নিয়ে আসন ৪০।৫০ শতাংশ ট্যাকসেশন হোক। কেননা ৬৫।৭০ শতাংশ যে অ্যাগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স এর রেট. এটা অত্যন্ত বেশি। এখানে আপনারা বলেছেন প্রিজামটিভ ট্যাক্স. যে কোনও ব্যবসায় হলে ৪ হাজার টাকা দিতে হবে। কেন্দ্রীয় সরকারের প্রিজামটিভ ট্যাক্স আদায় করবার জনা গত বছরে আইন করেছিলেন, কিন্তু আমরা দেখছি প্রিজামটিভ ট্যাক্স এর জন্য যা আদায় হবে বলে আশা করা গিয়েছিল সেটা আদায় হয়নি।

আপনি যদি এখানে আশা করেন চার হাজার টাকা দিলে কোনও আন-রেজিস্টার্ড ডিলারকে আর কোনও ঝামেলা পোহাতে হবে না, এই কথা ভেবে তারা সব ধরা দেবে এটা ঠিক না। এই ব্যাপারে আমার যথেষ্ট সন্দেহ আছে। কারণ সে যদি ধরা দের তাহলেই বোঝা যাবে তার ব্যবসা আছে এবং তার ব্যবসাটা ভাল এবং আপনার নিশ্চয় অভিজ্ঞতা আছে কোনও আন-রেজিস্টার্ড ডিলার সেটা করবেন না। আপনি যতই বলুন না কেন তার বিরুদ্ধে কোনও তদস্ত হবে না। আপনি এখানে বললেন প্রতি রাস্তায় গিয়ে কে কে ডিলার আছে, তার কত টাকা ব্যবসা আছে সেটা এনকোয়ারি করবেন, সেই ব্যবস্থাটা আপনি যদি চালু করতে পারেন তাহলে আমার মনে হয় ভাল। তাহলে এই আন-রেজিস্টার্ড ডিলারদের রেজিস্ট্রেশন নিতে আপনি বাধ্য করতে পারবেন এবং তারা ট্যাক্স দিতে বাধ্য হবে। আমি আরেকটা কথা আপনাকে বলছি, মাল্টি স্টোরিড বিশ্ভিং ট্যাক্স সম্বন্ধে। উচ্চ মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত লোকদের মাল্টি স্টোরিড বিশ্ভিংঙ একটা ফ্ল্যাট নেওয়া ছাড়া আর কোনও

উপায় নেই। কারণ কলকাতায় জমির দাম প্রায় আকাশ ছোঁয়া। কিন্তু তাদেরকে এই মান্টি স্টোরিড বিল্ডিং ট্যাক্সের আওতায় আসতে হচ্ছে এবং যে রেট আপনি ধার্য করেছেন সেই রেটে তাদের ট্যাক্স দিতে হবে। যাদের কলকাতায় বসবাস করবার কোনও জায়গা নেই তারা কলকাতায় ৫০০ স্কোয়ার ফিট বা ৭০০ স্কোয়ার ফিটের একটা ফ্লাট কোনও রকমে কিনছেন। কিন্তু আপনি তাদের উপর ট্যাক্স ধার্য করে তাদেরকে বিপদের মধ্যে ঠেলে দিচ্ছেন। একজন মধ্যবিত্ত মানুষ যিনি তার সারা জীবনের আয় জমিয়ে একটা ফ্লাট কলকাত্য কিনতে চাইছেন পাঁচতলা বা ছয়তলা একটা বাড়িতে তাকেও আপনার এই মান্টি স্টোরিড বিল্ডিং ট্যাক্সের মধ্যে আসতে হল। এদেরকে এই ট্যাক্সের আওতা থেকে বাদ দেওয়া যায় কিনা সেটা আপনি একট্ট ভেবে দেখবেন। আমি এটা মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে এবং হাউসের মাননীয় সদস্যদেরও এটা ভেবে দেখতে অনুরোধ করছি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল, ১৯১৪ যেটা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এখানে উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। আমরা সকলেই জানি একটা দেশ যখন এগিয়ে চলতে চায় তখন তার রিসোর্সকে বাড়াতে হয় এবং আমরা দেখেছি সমাজতান্ত্রিক ব্যবস্থায় যে সমস্ত দেশ গড়ে উঠছে সেখানে এই দৃষ্টিভঙ্গিতে সেখানে রাষ্ট্র ব্যবস্থা পরিচালিত হচ্ছে। সেখানে যারা রোজগার বেশি করেন যাদের আর্থিক স্বচ্ছলতা বেশি আছে সেখানে তাদের ট্যাক্স বেশি দিতে হয়। আমরা দেখেছি আজকে কিন্তু অবস্থাটা সেই জায়গায় নেই। আগে সাধারণ মানুযের যে সমস্ত প্রয়োজনীয় সামগ্রী ছিল সেণ্ডলোর উপর কোনও ট্যাক্স তাদের দিতে হত্ত না এবং স্বল্প মূল্যে তারা সেণ্ডলো পেতেন।

# [2-10 — 2-20 p.m.]

এখানেও আমরা লক্ষ্য করেছি যে আমাদের বামফ্রন্ট সরকারের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকমার দাশগুপ্ত চেষ্টা করেছেন যারা উচ্চবিত্ত, যাদের রোজগার বেশি তাদের যেসব বিচরণক্ষেত্র সেখান থেকে ট্যাক্স আদায় বেশি করে করতে। এইভাবেই তিনি এখানে উন্নয়নের ধারাকে বজায় রেখে চলেছেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে এই প্রসঙ্গে বলব, এই য়ে অ্যাগ্রিকালচারাল ট্যাক্স যেটা সম্বন্ধে বলা হচ্ছে তাতে উত্তরবঙ্গে তুলনামূলকভাবে জমির উপ বা ভূমির উপর ট্যাক্সটা বেশি। তার কারণ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে সেচ সেবিত এলাক। যেভাবে উৎপাদন হয় এবং তারা এক্ষেত্রে যে ধরনের সুযোগ সবিধা পান উত্তরবঙ্গের জেলাগুলি তা থেকে বঞ্চিত বিশেষ করে সম্প্রতি উত্তরবঙ্গের বন্যার পর সেখানকার অবস্থ আরও খারাপ হয়ে পড়েছে। দক্ষিশবঙ্গের জেলাগুলির তুলনায় ওখানে প্রডাকশন অনেক কম, বলা যেতে পারে ওয়ানটেম্ব। কাজেই এই সেচ সেবিত এবং অসেচ এলাকার জন্য যে ট্যান্স করেছেন আপনাকে অনুরোধ, সেটা আপনি বিবেচনা করবেন। তা না হলে প্রকৃতপক্ষে তার যে উদ্দেশ্য সেটা খেল হয়ে যাবে। তা ছাডা এটা একটা যন্ত্রণার কারণ হয়ে দাঁডাবে। আম্র জানি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় চান যে তিনি যে ট্যাক্স বসিয়েছেন তা যথাযথভাবে আদায় হোক। काष्ट्रिंग्ट स्मिर्विण এবং অসেচ এলাকার জন্য যে ট্যাক্স করেছেন সেটা বিবেচনা করে অসেচ এলীকার জন্য কম করুন। তারপর এখানে চা বাগানের কথা বলা হয়েছে। অতীশবাবর গলায় কার গান শুনলাম জানি না। চা বাগানগুলির আধনিকিরণ হচ্ছে এ<sup>বং</sup>

সেখানে আজ থেকে ১০ বছর আগে যা উৎপাদন হ'ত তার থেকে দু/তিন গুণ বেশি উৎপাদন হচ্ছে। এ ক্ষেত্রে আরও সুযোগ আছে। কাজেই তারা এর উন্নয়নের ক্ষেত্রে এবং আধনিকিকরণের ক্ষেত্রে আরও বেশি করে অংশ গ্রহণ করবেন না কেন? তা ছাড়া তারা যথাযথভাবে ট্যাক্স দেবেন না কেন? এই প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রীকে একটি আশচ্চার কথা আমি জ্বানাচ্ছি। আপনার অর্থ দপ্তরের এক শ্রেণীর কর্মচারী, তারা সংখ্যায় কম হলেও তাদের সঙ্গে একটা অশুভ আঁতাত এই চা বাগানের মালিকদের গড়ে উঠেছে। তাদের ম্যানেজ করে এই চা বাগানের মালিকরা অনেক কিছ করে। কাজেই আপনি যে ট্যাক্স বসানোর বিল এনেছেন এ ক্ষেত্রে এই ট্যাক্স আদায়ের নিশ্চিত ব্যবস্থা করতে হবে। তারপর ওয়েট অ্যাভ মেজারের ব্যাপারে আমাদের যে ডিপার্টমেন্ট আছে তাদের সম্বন্ধেও গুরুতর অভিযোগ আছে। আজি পার আফ্রি যেমন মানবের কাছ থেকে টাক্সি আদায় করা হবে তেমন আমরা চাইব এই ট্যাক্স আদায়ের মেশিনারি সঠিকভাবে কাজ করুক। তারপর যে সব ক্ষেত্রগুলিকে ট্যাক্স থেকে বাদ দেওয়া হয়েছে সেগুলি অভিনন্দনযোগ্য। মাননীয় অর্থমন্ত্রী যুব ছাত্রদের অনেক বেশি করে খেলাধুলায় আকৃষ্ট করতে চেয়ে ট্যাক্স বাদ দিয়েছেন খেলার সরঞ্জাম থেকে, এটা অভিনন্দনযোগ্য। সেটাকে প্রতিহত করুন, যারা উপভোগ করেন তাদের দিকে হাত বাড়ান সেটা সমর্থন করছি। কিন্তু পাশাপাশি ঐ সমস্ত যুবক যারা আগামী দিনের প্রজন্ম, দেশের ভবিষ্যত তাদের মাঠে নিয়ে যাবার চেষ্টা করুন। তাদেরকে ইনগেজ করার জন্য বে সমস্ত ক্রীড়া উপকরণ আছে সেইগুলো যাতে তারা স্বন্ধ মূল্যে পায় এবং তাদের যাতে দেওয়া হয় সেই ব্যবস্থা করুন। তা যদি হয় তাহলে প্রকৃতপক্ষে যেভাবে ট্যাক্সের পুনর্বিন্যাস সরলিকরণ করার চেষ্টা করেছেন সেটা সঠিক হবে। তবে কেন্দ্রীয় সরকার যে ৬ হাঞ্জার কোটি টাকা পশ্চিমবঙ্গ থেকে নিয়ে চলে যায়, আগে যেমন বর্গীরা, ব্রিটিশরা লুঠ করে নিয়ে যেত, তেমনি ভাবে স্বাধীনতার পর থেকে গত ৪৭ বছর ধরে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ থেকে লুঠ করে নিয়ে যাচ্ছে, সেই ট্রাডিশন সমানে চলছে। যেহেতু সেটা বাধা দেবার কোনও উপায় নেই, সেই জন্য তেঁতো হলেও আমাদের কিছু ট্যাক্স বাড়াতে হচ্ছে, আমি অনুরোধ করব চা বাগানের মালিকদের কাছ থেকে ট্যাক্স বসাবার কথা বলছেন, কিন্তু তারা এডুকেশন সেস বলে যে টাকাটা চা শ্রমিকদের কাছ থেকে কেটে রাখেন, সেই রকমভাবে এডুকেশন এক্সপ্যানশন করার কোনও পদক্ষেপ তারা নেন না। আমরা জানি চা বাগিচা এলাকা পঞ্চায়েত এলাকার বাইরে। আমাদের রাজ্যে ২।। লক্ষ চা বাগানের শ্রমিক আছে, তার পাশাপাশি আরও তিন লক্ষ লোক এর সঙ্গে যুক্ত সেখানকার জল সরবরাহ ব্যবস্থা, বাসস্থান, স্বাস্থ্য, রাস্ভাঘাট এই সব উন্নয়নের জন্য তাদের কথা একটু মনে রেখে যে ট্যাক্স আদায় হবে তার একটা অংশ চা বাগানের উন্নয়নের জন্য, সেখানকার স্বাস্থ্য, পরিসেবার উন্নতির জন্য খরচ করবেন এবং পাশাপাশি আবেদন জানানো আজকে যে সমস্ত ফাঁকিবাজ লোকেরা বিভিন্ন জায়গায় ভি. ডি. ও. ইত্যাদি করেছেন, যেখানে খুবই নিম্ন মানের ছবি দেখানো হয়, কোনও কোনও জায়গায় পর্ণগ্রাফির বই পর্যন্ত দেখানো হয়, আগামী দিনে যেমন আপনি তাদের কাছ থেকে ট্যাক্স আদায় করবেন, তেমনি পাশাপাশি আবেদন করব তাদের সঙ্গে প্রশাসনকে যুক্ত করে, তারা যাতে খারাপ বই দেখাতে না পারে, উল্টো পাল্টা বই যাতে না দেখানো হয়, এটা সুনিশ্চিতভাবে ব্যবস্থা করতে হবে। কারণ এতে এখানকার জনসাধারণের মোরেল নম্ট হয়ে যাচ্ছে। তাছাডা যে সমস্ত টাাক্সের ক্ষেত্রগুলো চিহ্নিত করেছেন, সেইগুলো সকলে সমর্থন করব। এখানে আর্মস

জ্যান্ড জ্যামুনেশনের উপর ট্যাঙ্গ বসিয়েছেন, এটা সঠিক কাজই করেছেন, ওয়েল টু ডু ম্যানরা এই সব ব্যবহার করে তাদের নিরাপন্তার জন্য, অথচ তারা ট্যাঙ্গ দেবেন না এটা হতে পারে না। সূতরাং এই জায়গায় ট্যাঙ্গ বসিয়ে ঠিকই করেছেন। অ্যামিউজমেন্ট যারা করবে তাদের অ্যামিউজমেন্ট ট্যাঙ্গ দিতে হবে। আমরা যেখানে দেখছি শতকরা ৫০ ভাগ মানুষকে যদি পরিসেবার মধ্যে রাখতে হয়, তাদের সমস্ত রকম সুযোগসুবিধা যদি দিতে হয় তাহলে ১৫ থেকে ২০ পার্সেন্ট মানুষের কাছ থেকে ট্যাঙ্গ নিতে হবে যারা বিগুণালী, তাদের কাছ থেকে ট্যাঙ্গ নিতে হবে। শতকরা ৮০/৮৫ ভাগ মানুষ যারা বিগুত তাদের জীবনের গ্যারান্টি সৃষ্টি করার যে উদ্যোগ নিয়েছেন সেটা প্রশংসনীয়।

আমরা দশম অর্থ কমিশনের কাছে যে বক্তব্য রেখেছি তাকে আমাদের বিরোধীরাও সমর্থন করেছেন। তথাপি আমরা জানি সেদিকে তাকিয়ে থাকলে হবে না, নিজেদেরই অর্থ সংগ্রহের চেষ্টা করতে হবে। সেই উদ্দেশ্য নিয়েই আজকে এখানে এই ট্যাক্স প্রস্তাব পেশ করা হয়েছে। আমি এই প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করব যে, তিনি ট্যাক্স ফাঁকির দিকে একট্টু সজাগ দৃষ্টি দেবেন। অ্যাগ্রিকালচারাল লোনের বিষয়ে এবং চা ব্যবসায়িদের সম্বন্ধে আমি যে কথা গুলো বললাম আশা করব সেগুলো সম্বন্ধে তিনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। এই আশা রেখে এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-20 - 2-30 p.m.]

শ্রী সৌগত রায় ঃ স্যার, আমার বক্তব্য শুরু করতে হচ্ছে একটা অপ্রাসঙ্গিক কথার সূত্র ধরে। আর. এস. পি. আমাকে মান্টি-ন্যান্দালদের প্রতিনিধি বলছে। গত কয়েক দিন ধরে এখানে যে সমস্ত আলোচনা হচ্ছে তাতে আমরা লক্ষ্য করছি যে, আমাদের দেশি পুঁজিপতিদের বা দেশীয় বুর্জোর্য়াদের সব চেয়ে বড় স্পোক্সম্যান হচ্ছে জ্যোতি বসুর নেতৃত্বে বাম-পত্নীরা। ভারতবর্বের দেশীয় পুঁজিপতিদের স্বার্থের প্রধান বক্তা আজকে কেং বামপত্নীরা লেড বাই খ্রী জ্যোতি বসু। যখন বিশ্বনাথ প্রতাপ সিং হিন্দুজা এবং আম্বানিদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার কথা বলেছিলেন তখন লগুনে গিয়ে জ্যোতি বসু বলেছিলেন, 'এখন ওদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দরকার নেই।' পরবর্তীকালে সেই আম্বানিরা শুনলাম পশ্চিম বাংলায় নাকি টাকা ইনভেষ্ট করতে আসবেন।

আমি মূলত ট্যাক্সের ব্যাপারে বলব। তবে আমাদের যে সরকার মাল্টি-ন্যাশনালদের প্রতিনিধি বলছে তারাই সিমেন্স এর মতো মাল্টি-ন্যাশনালের কাছে, ওয়েবল টেলিম্যাটিক্স-এর কাছে পশ্চিমবঙ্গ সরকারের সমস্ত শেয়ার বেচে দেয় এবং সেই সরকারের নেতা হচ্ছে ত্রী জ্যোতি বসু। জয়েন্ট সেক্টর কন্সেপ্ট ছেড়ে দিয়ে শুধু প্রাইভেট সেক্টরের হাতে সব ছেড়ে দেয় যে সরকার তার অর্থমন্ত্রী হচ্ছেন ডঃ অসীম দাশগুপু। টাটা'র সঙ্গে হলদিয়ায় পেট্রো-কেমিক্যালস হবে না জেনে নিয়ে আমেরিকার মাল্টি-ন্যাশনালদের কাছে গিয়ে ধর্ণা দেয় এবং বিশিষ্ট্য মাল্টি-ন্যাশনাল সোর্সে-এর সাহায্যে হলদিয়ায় উদ্ধার পাবেন বলে আশা করেন যে সরকার, সেই সরকারের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু। বক্রেশ্বরে সোভিয়েত ঋণ পাওয়া যাবে না জেনে প্রথমে জাপান এবং পরের ইউনিট গুলোর জন্য জার্মানির সঙ্গে আলোচনা করে যে সরকার সেই সরকারের প্রধান হচ্ছেন শ্রী জ্যোতি বসু। এরপরেও ওরা ডাঙ্কেল নিয়ে

বিরোধিতা করছেন। আমরা জানি ভারতবর্ষে খোলা-বাজার হলে কারা অসুবিধায় পড়বে। 
যারা ভারতবর্ষে বাজে কোয়ালিটির জিনিস তৈরি করে বেশি দামে বিক্রি করে তারা অসুবিধায় পড়বে। 
থরা ওদের খুশি মতো ভারতবর্ষের প্রোডাক্টিভ মার্কেটে ভারতবর্ষের মানুষের উপর 
দাম চাপিয়ে দিছে। ঐ সমস্ত একচেটিয়া পুঁজিপতিরা প্রতিযোগিতায় ক্ষতিগ্রস্ত হবে। এবং 
তাদের নিয়ে সব চেয়ে বেশি চিৎকার করছে কে জানেন? তাদের বক্তব্য তুলে ধরার দায়িছ 
নিয়েছে বামফ্রন্ট। শুধু বামফ্রন্ট একাই নয়, ওদের আরও বদ্ধু আছে। ওদের সব চেয়ে বড় বদ্ধু—সে ডাঙ্কেল বিরোধী লড়াই-এর প্রস্তাব নিয়েছে। ডাঙ্কেল প্রস্তাবের বিরুদ্ধে নিজের দলের 
ক্যাডারদের আন্দোলন করার নির্দেশ দিয়েছেন কে জানেন, রাজেন্দ্র সিং, রাজ্জু ভাইয়া আর. 
এস. এস.-এর। আর. এস. এস. বি. জে. পি., সি. পি. এম. আজকে এক হয়ে গেছে। 
সূতরাং আর. এস. পি.-র নির্মলবাবুর কাছে আমরা ঐ কথা শুনতে চাই না য়ে, কে মান্টিন্যাশনালদের প্রতিনিধি।

নিরেজর মাথা বিক্রি হয়ে গিয়েছে, সরকার দেউলিয়া হয়ে গিয়েছে। আপনারা বর্জয়া একচেটিয়া প্রাঞ্জিপতিদের প্রবক্তা হয়ে দাঁডাতে চান তাতে আমাদের কোনও আপত্তি নেই। আজকে যখন আর কিছ হচ্ছে না তখন আপনারা সংবাদপত্রে পেছনে লেগেছেন, সংবাদপত্রকে সি. আই. এ-র এজেন্ট বলে আক্রমণ করছেন, ভবিষ্যতে বন্ধ করে দেওয়া হবে সংবাদপত্র পোডাচ্ছেন। আপনাদের মানসিকতা এই জায়গায় গিয়েছে। নির্মলবাব ডিসটার্ভ করছিলেন বলে আমাকে এই সব কথা বলতে হল। আমি এবার আসল কথায় আসতে চাই। ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল '৯৪ সাধারণভাবে সরকার নিয়ে আসে। কিছ নতন ট্যাক্স নতন ট্যাক্স রেভিনিউ সেগুলিকে পাশ করাবর জন্য নিয়ে এসেছেন। এবারে দেখছি অর্থমন্ত্রী মনুমোহন সিং যে রাস্তা দিয়ে হেঁটেছেন সেই রাস্তা দিয়ে হাঁটা সঠিকভাবে হাঁটা সেটা অসীমবাব বঝেছেন। সেই জন্য অসীমবাব ন্যাশনালাইজেশন করে ছাড দিয়েছেন। সংবাদপত্র লিখেছে মনমোহন সিং যে পথে হাঁটছেন অসীমবাব সেই পথে হাঁটছেন। মনমোহন সিং দেখেছেন ট্যাক্সের রেট বাডালে বেশি কালেকশন হয় না। যদি ইন্ডাস্টিকে রিলিফ দিতে হয়, যদি তাকে জোর দিতে হয় তাহলে ট্যাক্স ছাড দেওয়া হবে ডেমোক্রাটিক ছাড দেওয়া। অসীমবাব সেই রাস্তা দিয়ে সঠিকভাবে হেঁটেছেন। সি. পি. এম.-এর পার্টি অফিসে না পড়ে আমেরিকার ইকনমিস্ট ম্যাসাচয়েনের হিসাব অনুযায়ী যা শিখেছেন সেটা কাজে লাগিয়েছেন। এই জন্য অসীমবাবুকে ধন্যবাদ জানাচ্ছি। আমরা যেটা বার বার বলছি যে অর্থমন্ত্রী ভাল কিন্তু তাকে ভাল হতে দিচ্ছে না। তার পেছন থেকে জগদ্দল পাথরের মতো জামা টেনে রেখে দিয়েছে। তাই তার চেষ্টা ভাল হতে পারছে না। তাই আপনার ছাডগুলো দে গো ফার বাট নট ফার এনাফ। মনমোহন সিং বলেছেন যে এক্সাসাইজ ডিউটি পুরো রাসানালাইজ করে কি হবে। কিন্তু শেষ পর্যন্ত এক্সাসাইজ ডিউটি থেকে ২ হাজার কোটি টাকা ছাড় দিয়েছেন এবং ২,১৮০ কোটি টাকা নুতন ইনকাম হবে। অসীমবাব সঠিকভাবে ১৬ কোটি টাকা ছাড় দিয়েছেন সেলস ট্যাক্স থেকে এবং অন্য থেকে ৯৮ কোটি টাকা নতনভাবে ধার্য করেছেন। আমি বলতে চাই এটা ভুল হবে। অসীমবাবু ৯৮ কোটি টাকা সেলস ট্যাক্স থেকে তুলছেন না, সেই টাকা তোলার চেষ্টা করছেন সিগারেট থেকে। এই ব্যাপারে তিনি যা বলছেন সেই ব্যাপারে ওনার এক্সপ্লানেশন স্যাটিসফ্যাক্টরি নয়। আমি বঝতে পারছি না কি করে সপ্রিম কোর্টের রায় অনুযায়ী পান মসলা কি করে ইনক্লড

হয়। উনি কয়েকটি সরকারকে মডেল হিসাবে দেখিয়েছেন। সিগারেট লাগজারি এটা বলা নেই। আমি মনে করছি সিগারেটের উপর যদি লাগজারি টাব্রে বসানো হয় তাহলে এই সিগারেট স্মাগলিং হবে। বাংলার হকাররা ক্ষতিগ্রস্ত হবে। এবারে চলে আসি ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল '৯৪ সম্বন্ধে অসীমবাবর ব্যাখ্যা অনুযায়ী ট্যান্স স্টাকচার র্যাশানালাইজ করেছেন এই দি সেন্স অফ সেলস ট্যাক্স। আগে ১৬টি ডিফারেন্ট ট্যাক্স রেট ছিল সেটা ৭টি রেট করেছেন। তাতে অধিকাংশ ক্ষেত্রে ট্যান্স কমে যাবে। কিছ কিছ ক্ষেত্রে ট্যান্স বাডবে। তার মধ্যে কিছ টাব্রে বাডার আমি বিরোধী। পঞ্চেটিভ আকশন সিমেন্টের উপর ট্যাব্র ৯.৩ পারসেন্ট থেকে বেডে ১০ পারসেন্ট করা হবে। বেঙ্গলে ইন্ডাস্টিয়াল একটিভিটিজ কিছ নেই. আক্রিভিটিজ যদি আমাদের রাজ্যে থাকে তা হচ্ছে বিশ্ডিং আক্রিভিটিজ। আমি অসীমবাবকে বলব আজকে যে মানষ বাড়ি তৈরি করে থাকতে চাই তার কাছে সিমেন্ট হচ্ছে অ্যাসেপিয়াল কমিউডিটি। সতরাং আপনি সিমেন্টের উপর যে বাডতি ট্যাক্স চাপাচ্ছেন সেটা কমিয়ে দিন। আপনি ট্যাক্সের স্লাবগুলির সংখ্যা কমিয়ে কম করে দিচ্ছেন, এবং যে পারসেন্টেজগুলি ডেসিম্যাল পয়েন্টে ট্যাক্স ছিল সেটা হোল নাম্বারে করে দিচ্ছেন। এত দিন পরে এই বোধ-বৃদ্ধি হল কেন বঝতে পারছি না। সঠিক করেছেন, এতে ক্যালকলেশনে ভল হবে না। সেলস ট্যাক্স আদায় ভাল হবে। দ্বিতীয় যে কথা বলতে চাই তা হল উনি যে প্রিজেমটিভ ট্যাক্স করেছেন. আমি মনে করি এটা ভাল কাজ করেছেন। ৫ লক্ষ টাকা কম যাদের টার্ন ওভার ইনকাম ট্যান্সের ক্ষেত্রে, বছরে ১,৪০০ টাকা দিয়ে দিলে রিটার্ন দাখিল করতে হয় না। তেমনি সেলস ট্যান্ত্রের ক্ষেত্রে ৫ লক্ষ টাকার কম টার্ন ওভার হলেও এক কালীন ৪ হাজার টাকা দিয়ে দিলে রিটার্ন দিতে হবে না। গতকাল বলেছি, আজকেও বলছি ভাল পদক্ষেপ। এটা এত দিন বাদে বঝেছেন? এতে টাক্সি আদায় বেশি হবে। সাধারণ মান্য যেটা ভয় পায় ট্যাক্সের হিসাব কসা সেটা কমবে।

### [2-30 — 2-40 p.m.]

দেলস ট্যাঙ্গের ব্যাপারে জয়নাল আবেদিন সাহেব বলেছেন, আমি আবার রিপিট করে বলছি। সেট্রাল গভর্নমেন্ট প্রথমে ছাতার উপরে এক্সাইজ বসিয়েছেন। অবশ্য ওরা বলেছেন ৩০ লক্ষ টাকার উপরে যাদের টার্ন ওভার তাদের উপরে এটি প্রযোজ্য হবে। আমি ছাতার যারা ব্যবসা কবে তাদের বলেছিলাম, আপনাদের তো ৩০ লক্ষ টাকার বেশি টার্ন ওভার নয়। সারা ভারতবর্ষে ৮/১০ জন ব্যবসায়ী আছে যাদের টার্নওভার ৩০ লক্ষ টাকা বা তার বেশি, সূতরাং আপনারা ভয় পাচ্ছেন কেন? ওরা বললেন, একবার ট্যাঙ্গের মধ্যে এসে গেলে ট্যাঞ্জ দিয়ে যেতে হবে এবং আমাদের ট্যাঞ্জ ইলপেক্টরদের খয়রের পড়ে যেতে হবে। এক্সাইজ ইলপেক্টররা যেমন বাজারে চুকলে পয়সা না নিয়ে বেরোয় না, তেমনি সেলস ট্যাঞ্জ ইলপেক্টররা বাজারে চুকলে পয়সা না নিয়ে বেরোয় না। এতে আপনি কত টাকা পাবেন? মহারাট্রে ছাতার উপরে কোনও ট্যাক্স নেই। কৃষকরা মাথায় ছাতা ব্যবহার করে কাজ করে। প্রমিকরা, রাজমিন্তিরা ছাতা মাথায় দিয়ে কাজ করে। এদের জন্য আপনার যদি বিন্দুমাত্র সিমপ্যাথি থাকে, তাহলে আমাদের রোদ জলে মরন্ডম, সূতরাং আপনি ছাতার উপর থেকে সেলস ট্যাক্সটা সম্পূর্ণ তুলে নিন। আপনি পেপারের উপরে ফাইভ পার্সেট কম করেছেন। কিন্তু এর আগে কি ছিলং কাগজের উপরে আপনি ট্যাক্স যেটা কমিয়েছেন, সেখানে আগে পেপার

বোর্ডের উপরে ট্যাক্স ওয়ান পার্সেন্ট কম ছিল। অধিকাংশ ম্যানফ্যাক্চারার পেপারকে বোর্ডে ক্রমন্তার্ট করত, তাতে তাদের ওয়ান পার্সেন্ট ট্যাক্স কম দিতে হোত, তারা কম দিয়ে চলে য়েত। এখন যেটা করলেন, তাতে পেপার রেটটা এসে গেল। কিন্তু একচয়্যাল রিলিফ তাদের হল না। আমার বক্তব্য হচ্ছে, যারা লেখাপড়া করে তাদের যদি সত্যিই উৎসাহ দিতে চান—নব সাক্ষরদের প্রতি আপনার সহান্ততি আছে—তাহলে তাদের জন্য আপনি ওয়ান পার্সেন্ট আরও ছাড দিন। ভোটের জন্য হোক বা যে কোনও কারণেই হোক সেলস ট্যাক্স বাডানোর জন্য আপনি একটা ভাল কাজ করেছেন। ওরা খব ইনফ্রয়েলিয়াল বলে আপনাকে দিয়ে একটা কান্স করিয়ে নিয়েছে। আন-অকুপায়েড ক্রমের উপরে ট্যান্স হবে না। Twenty five percent of the daily charges realised or realisable for an occupied সেই জায়গায় আপনি করে দিয়েছেন "twenty-five per cent of the daily charges realised or realisable, as the may be, for an occupied room" shall be substituted and shall be deemed to have been substituted with effect from the 1st day of April, 1985. আমি আপনাকে বলছি. আপনি যে আন-অকপায়েড রুমের উপর থেকে ট্যাক্স তলে দিয়েছেন. আমি সমর্থন করি। এতে তাজ বেঙ্গল. ফাইভ স্টারের শুধু সুবিধা হবে তাই নয়. ছোট হোটেলগুলোর ক্ষেত্রে কিন্তু হঠাৎ করে ১লা এপ্রিল, '৮৯ থেকে তলে দিলেন, এটা কেন করলেন, দয়া করে হাউসে তা ব্যাখ্যা করবেন। নতবা আপনাদের এই পদক্ষেপকে অন্য ব্যাখ্যা দেবে। মনমোহন সিং হোটেলের উপর ইনকামের উপরে রিলিফ দেবার জন্য ট্যাক্স কমিয়েছেন। আমরা আশা করেছিলাম হোটেল ইন্ডাস্টির রিলিপের জন্য আপনি আর একট ট্যাক্স কমাবেন এবং রেট্রোম্পেকটিভ এফেক্ট দেবেন। আপনি ইন্ডাস্টিকে একট রিলিফ দিয়েছেন। কিন্তু প্রকৃতপক্ষে ট্যুরিজম ইন্ডাস্টিকে রিলিফ দেন নি অথচ টারিজম এমন একটা ইন্ডাস্টি, পশ্চিমবাংলায় যেটার পোটেনশিয়ালিটি আছে এবং আমপ্লয়মেন্ট জেনারেশন আছে।

আমি আপনাকে এটা ভেবে দেখতে বলব ট্যুরিজম ইন্ডাস্ট্রির জন্য কোনও ট্যাক্স রিলিফ আপনি কলিডার করতে পারেন কিনা। আপনি এই প্রথম এই বারে একটা ভাল কাজ করেছেন। আপনি ভিডিও হলের উপর একটা কড়া ট্যাক্স বিসয়েছেন। ১০০ জনের বেশি যদি ভিডিও হলে বসার জায়গা হয় তাহলে ৯০০ টাকা পার উইক কলকাতায় তাদের ট্যাক্স দিতে হবে। আপনি বলেছেন, আপনারা মনে করছেন, নৃতন টেকনোলজি এসেছে, আমি আপনাকে জানাই, আমেরিকায় যেটা সরাসরি সেটের মাধ্যমে দেওয়ালে প্রোক্রেক্ট করে দেখার অর্থাৎ সেটে একটা ম্যাগনিফায়ার থাকে সেটা এখনও এখানে আসেনি: এখানে খ্ব জোর একটা ভিডিও হলে চওড়া সেটে ছবি দেখানো হয়। সেজন্য আমার মনে হয় যেটা করার দরকার ছিল সেটা হচ্ছে কড়া পুলিশি ব্যবস্থা। আমার মনে হয় এই রেট খুব হাই এবং প্রহিবিটেড, অবশ্য ভিডিও হলে বন্ধ হলে আমার আপত্তি নেই। কারণ সিনেমা ইন্ডাস্ট্রি এমনিতেই মার খাচ্ছে, অধিকাংশ হল বন্ধ হওয়ার মুখে। লোকের এন্টারটেইনমেন্ট দরকার, সেইজন্য ভিডিও হলে বন্ধ হয়ে যাবে। অমার মনে হয়, এই ট্যাক্স রেট খুব হাইরেট এর ফলে কিছু ভিডিও হলে বন্ধ হয়ে যাবে। এক্সেরে আপনাদের পুলিশি ব্যবস্থা দরকার যাতে এই সমন্ত জায়গায় পর্ণগ্রাফি ছবি প্রদর্শন ব্যব্থা দরকার যাতে এই সমন্ত জায়গায় পর্ণগ্রাফি ছবি প্রদর্শন

বন্ধ হয়। আপনারা কেবিল টিভি অপারেশনের উপর ট্যান্স বসিয়েছেন। একটা লোক মাসে দেড়শত টাকা চার্জ দিচ্ছে, যারা ডিস অ্যান্টেনা করেছে হি শ্যাল বি লায়াবিল টু পে ট্যাক্স নট এক্সিডিং রুপিস ১,৫০০ পার উইক। সূতরাং এটা যে খুব বেশি ট্যাক্স নয় ৬ হাজার টাকা একটা লোককে ট্যান্স দিতে হবে যার ১০০ জন কাস্টমার আছে তার ১৫ হাজার টাকা ইনকাম হয়, তাহলে ৬ হাজার টাকা নেবেন। কিন্তু আপনার এখন পর্যন্ত কতজন ইন্সপেস্টার আছে যারা বিভিন্ন জায়গায় গিয়ে কখন কেবল টিভি. দেখাচ্ছে, কি রেট নিচ্ছে, কি ছবি দেখাচ্ছে, তার উপর কোনও রেস্ট্রিকশন, কোনও কন্ট্রোল, কোনও চেক আপনি এখন পর্যন্ত করতে পেরেছেন কিনা বলবেন। কেবল টিভির যে মিনিমাম আইন চালু করেছেন সেটার প্রপার ফিগার নেই। কলকাতা শহরে কত কেবল টিভির অপারেটার থাকতে পারে কত লোক কেবল টিভি দেখে তার লিস্ট আপনার কাছে নেই। এবং কেবল টিভির সিনেমা থেকে কত জন বেনিফিটেড হয় আমার মনে হয় না আপনার ডিপার্টমেন্টে সেই রকম কোনও আসেসমেন্ট আছে। আমার মনে হয় পুলিশিং অফ দি হোল কেবল টিভি নিয়ন্ত্রণ দরকার। এখানে অ্যাডিশনাল সেলস ট্যাক্স তুলে আনাটা আমার সঠিক স্টেপ বলে মনে হয়। এখানেও আপনারা মনমোহন সিং এর রাস্তায় হেঁটেছেন। বাজেট ডেফিসিট আই. এম. এফ.-এর নির্দেশ অনুযায়ী ৫ শতাংশের মধ্যে রাখতে হবে বলা হয়েছিল, সেটা মনমোহন সিংও পারেননি, তার **ফিসকাল** ডেফিসিট হয়েছিল ৭.৩ পারসেন্ট। সেখানে আপনি প্রেস কনফারেন্স করে বলেছেন আমার বাজেট ডেফিসিট ৩.৪ পারসেন্টের মধ্যে রেখেছি : আই. এম. এফ. এর শর্ত অনুযায়ী বা**জেট ডেফিসিট রয়েছে, সেখানে আপনি একজন মোস্ট ওবিভিয়েন্ট স্টুডেন্ট। আরও কিছ** কিছু ক্ষেত্রে যে হায়ার রেট অফ ট্যাক্স রয়েছে যেমন ফিফটিন পারসেন্ট, এটা আপনাকে একট্ রিভিউ করতে বলব। কোনগুলি লাক্সারি আইটেম নয় সেটা একটু বিচার করা দরকার। যেমন ফট ওয়ারের উপর ফিফটিন পারসেন্ট সেলস ট্যাক্স আপনি বসিয়েছেন, বলন তো কোন জ্বতোটা আজকে ২০০ টাকার নিচে পাওয়া যায়?

আপনি যেটা জুতো কিনছেন সেটা কি দুশো টাকার কম। এমনকি চর্মজেও দুশো টাকার কমে কোনও জুতো পাওয়া যায় না। গরিব লোকরা বেশি টাকার জুতো পরে না, কিন্তু দুশো টাকার কমে কোনও জুতো পাওয়া যায় না। বাটার ভাল জুতোর কথা আমি বলছি না। এখন টাইপ রাইটার সাধারণ মানুষের ব্যবহার্য জিনিসের মধ্যে পড়ে। অনেক বেকার ছেলে একটা টাইপ রাইটার নিয়ে রাস্তার পাশে কোনও একটা জায়গায় বসে আছেন এবং সেখান থেকে কিছু ইনকাম করছেন। কিন্তু আপনি তার উপরে ১৫ পারসেন্ট সেলস ট্যাক্স বসিয়েছেন। আমি আপনাকে আগেও বলেছি আমব্রেলার উপর থেকে আপনি ৫ পারসেন্ট সেলস ট্যাকসটা ছুলে নিন। আপনাকে আরও একটা আমি বলব সন্তার স্পেইকলস-এর উপর থেকে আপনি সেলস ট্যাক্স তারি তুলে নিন। আপ্রাপ্তিকালচারাল ইনকাম ট্যাক্স বেশি হয়েছে এটা কমান আমি বলছি কারণ আমার জমি নেই—আমি ওধু আপনাকে বলছি আপনি সেলস ট্যাক্সটা একটু কমান।

[2-40 - 2-50 p.m.]

ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ফিনান্স বিল ১৯৯৪-এর উপর আলোচনায় অংশগ্রহণ করতে উঠে আমি প্রথমেই মাননীয় বিরোধী দলের সদস্যদের বিশেষ

করে বিরোধী দলের নেতাকে ধন্যবাদ জানাচ্ছি, যে মূলত এই গুলো ওরা সমর্থন করেছে একট উল্টো বুঝলি রামের মতো। ওরা ভেবেছেন মনমোহন সিং-এর মতোন আমি করেছি বলে ওরা এটাকে সমর্থন করেছেন। আমি ওনাদের বলতে চাই আমরা বামপন্থী নীতি যেনেই এটা করেছি। মূলত যে উদ্দেশ্য নিয়ে আমরা এই প্রস্তাবগুলো এনেছি সেই উদ্দেশগুলো আমার বাজেট বক্ততায় আছে। দেশের মধ্যে সমান প্রতিযোগিতায় যাবার চেষ্টা করা। যদিও সমান প্রতিযোগিতায় যাবার অবস্থা নেই, কিন্তু যাবার চেষ্টা করা। অর্থাৎ ছোট ব্যবসায়ী, ছোট শিল্পপতিদের একটু রেহাই দেওয়া। এটার জন্যই মূলত আইনগুলোকে সরলিকরণ করা প্রয়োজন তবে ঢালাওভাবে নয়। যেখানে যেখানে জটিলতা আছে. যেখানে যেখানে অনা কারোর সাহায্য নিতে হয়, বা হয়রানি হয় সেগুলোকে লাঘব করা। কেন্দ্রীয় বাজেটে ডঃ মনমোহন সিং যেসব জায়গায় আঘাত এনেছেন সেখানে কিছটা করে লাঘব করে প্রশমন করা। ছোট শিল্পের সমর্থনে কোনও কথা কেন্দ্রীয় বাজেটে নেই। ছোট শিল্পকে নির্দিষ্ট করে সাহায্যের প্রস্তাব দেওয়া, আইডেন্টিটি করা। তিনটি উদ্দেশ্য নিয়েই এই কাজগুলো করার চেষ্টা করেছি। মাননীয় সদস্য অতীশ সিনহা মহাশয় যেটা বলেছেন যে চারটে বিক্রয়কর আইন আছে তাদের সরলিকতভাবে একটা আইনে নিয়ে আসা। এটা কিন্তু ধাপে ধাপে আমরা করছি, এটা কিন্ত বিলে নেই এটাকে আগে প্রস্তাব আকারে আমরা সিলেক্ট কমিটিতে নিয়ে গেছি। কারণ চারটি কর আইন থাকলে চারবার রিটার্ন দাখিল করতে হবে, চারবার এসেসমেন্ট করতে হবে।

মাননীয় সদস্য অতীশ সিনহা মহাশয় বলেছেন, আপনি যে আমেন্ডমেন্টগুলি আনছেন আর সিলেক্ট কমিটিতে আমরা যে ইউনিফাই করছি. এটা আমরা আলোচনা করছি. এর মধ্যে স্ববিরোধিতা আছে কি না? না। মাননীয় উপাধ্যক্ষ মহাশ্য, আমি আপনার মাধ্যমে শ্রী সিনহাকে আশ্বন্ত করছি এই বলে যে এরমধ্যে কোনও স্ববিরোধিতা নেই। তার কারণ, একটা ট্রানজিশ্যনাল প্রভিসন ওখানে দেওয়া আছে। ধরুন এই সিলেক্ট কমিটি তার পরামর্শ দিলেন. আমরা হাউসে আনলাম, হাউসে সেটা গহীত হ'ল এবং তারপর মাননীয় রাষ্টপতির সম্মতি আনতে ৪ মাসের মতোন সময় লাগবে। সেই সময় কি হবে পেই সময় এই যে আইনগুলি আছে সেগুলি বলবৎ থাকবে। যদি আপনারা আজকে যে করের প্রস্তাবগুলি এনেছি সে ব্যাপারে আমাকে সুযোগ দেন তাহলে সেই করগুলির মাধ্যমেই থাকবে। এই প্রস্তাবগুলি কিন্তু কর হারের হেরফেরের প্রস্তাব। এটা মূল কাঠামোর ক্ষেত্রে নয় সেটা বলে রাখছি। এই সুযোগে আর একটা কথা বলছি, আরও একটা বড সরলিকরণ আমরা আনতে চলেছি, যেহেত বাজেট পেশ করার মধ্যে আনতে পারি নি তাই বলি নি. সেটা হচ্ছে রিটার্ন ফরমগুলিকে সিমপ্লিফাই করা। এগুলি খুব কমপ্লিকেটেড থাকে। একজন সাধারণ ব্যবসায়ী যাতে দেখে একটা রিটার্ন ফরম ফিল আপ করতে পারেন এবং তারজন্য তাকে আর কোনও বিশেষজ্ঞের কাছে যাতে যেতে না হয় সেটা আমরা করব। এবারে যে ধাপগুলি আছে, এই কর আইনে যেটা আছে সেখানে ক্রজণুলি আমি রেফার করতে করতে যাচ্ছি। হয়ত প্রয়োজন নেই কারণ মাননীয় সদস্যরা অনেকগুলি ক্ষেত্রেই সহমত হয়েছেন, কতকগুলি খব গুরুত্বপূর্ণ প্রমণ্ড তলেছেন সে সম্পর্কে আমি কয়েকটি কথা বলছি। ছোট ব্যবসায়িদের ক্ষেত্রের যাদের এ গ্রস টার্ন ওভার বছরে অনুর্দ্ধ ৫ লক্ষ টাকা ভাদের ক্ষেত্রে যে নিয়মটা এনেছি সেটা এই টাক্রেশন বিলের ৫ নং পাতায় ক্রন্ড দুই, সাব ক্লন্ত ৭-এ আছে। তারপর আরও ৩টে আছে

দেখবেন এর কলিকোয়েলিয়াল। এর মূল কথাটা হ'ল, এই ধরনের ছোট ব্যবসায়িদের কাছেও সরকারের দিক থেকে কারুর যাবার দরকার নেই, এদেরও কিছু সেলস ট্রাক্স অফিসে যাবার দরকার নেই। এরা শুধ ব্যান্তে গিয়ে ৪ হাজার টাকার একটা চালান জমা দিন। সেই চালানের একটা কপি রেজিস্টার্ড পোস্টে পাঠিয়ে দিলেই হবে। তার পরিবর্তে তিনি একটা নম্বর পাবেন এবং সেটা ব্যবহার করে সামনের বছর থেকে দিতে পারবেন। মাননীয় অতীশ সিনহা বলেছেন যে এটা কেন্দ্রীয় সরকার শুকু করে কিন্তু সফল হ'তে পারেন নি। স্যার, এটা ঘটনা। ওরা করেছেন তো উৎপাদন শুল্কের। এটা কেন্দ্রীয় আইন। উৎপাদন শুল্কের কিন্তু ডিটেল কোনও রাজ্যের মধ্যে পরিকাঠামো থাকে না। কোনও রাজ্যেই থাকে না। এটা হয়ত সম্ভব নয়। কিন্তু বিক্রয় করের ব্যাপারে একটা সুবিধা আছে যাতে করে আমরা এতে সফল হ'তে পারি। আমরা আশা করছি, এতে সফল হ'ব। আমরা কিন্তু সতি। সতি। রাস্তা ধরে ধরে প্রত্যেকটি ইউনিটের নাম কম্পিউটারাইজড করে ফেলছি এবং মল কাজটা হয়ে গিয়েছে। তাদের কাছে গিয়ে তাদের একটু এনকারেজ করা যে, 'আপনাকে আসতে হবে না'—ক্যাম্পেন যেটাকে বলে সেটা দরকার। এই ক্যাম্পেনের ক্ষেত্রে একটি জায়গায় জয়নাল সাহেব সঠিকভাবেই বলেছেন ঐ প্রফেশনাল ট্যাব্দের ক্ষেত্রে। প্রফেশন্যাল ট্যাব্দের ক্ষেত্রে এই ক্যাম্পেনের ব্যাপারে **কিন্তু আমরা স্থানীয়ভাবে বিধায়কদের, পঞ্চায়েত, পৌরসভাগুলির সাহায্য চাইব। এ ছাডা ঐ** ব্যাপারেও সবাই বলুন যে বেলেঘাটার অফিসে যাবার দরকার নেই। এটার ব্যাপারে আপনাদের সহযোগিতা চাইছি। একটু সরলীকরণ করার ব্যাপারটা রূপায়ণ করতে গেলে একটু হাওয়া তোলা দরকার তণমল ভরে এটা আমি বলে রাখলাম। বৃত্তি করের ব্যাপারটা আমরা খুব সরল করে দিয়েছি। একটা স্যামারি অ্যাসেসমেন্ট, মানে রিটার্ন যা দাখিল করবেন তার ভিত্তিতেই দিয়ে দিন। আমরা তারমধ্যেই করব। এর পর স্যাম্পেল চেক করব। এটা ক্রজ সেভেনে আছে। এর পরের পয়েন্ট হচ্ছে, যেটা সৌগতবাব বলেছেন, অভিরিক্ত বিক্রয় কর। এই রাজ্যে ছিল ১৫ শতাংশ, সেটা আমি শূন্য শতাংশ করলাম। অতিরিক্ত বিক্রয় কর একেবারেই আমি তলে দিলাম। এটা ক্লব্জ দুই, সাব ক্লব্জ ৪-এ আছে। এর পর যেটা সৌগতবাবু বলেছেন যে ৬টি করের হার ছিল। এই কাজটা অবশ্য মনমোহন সিং ক্ষমতায় আসার আগেই আমরা শুরু করেছিলাম, আই. এম. এফের ঋণ নেবার আগেই শুরু করেছিলাম. আমাদের ৪ বছর লেগেছে, আপনার কিন্তু রেটগুলি সিমগ্লিফাই করতে পারেন নি. আমরা করলাম। আমরা ১৬টা রেট-কে ৭টা রেটে আনলাম। স্যার, আগে এই রেটগুলি ভগ্নাংশ দশমিক হয়ে ছিল, আমি ১/২/৩/৪/৫/১০/১৫—এটাই করলাম। এটা করতে গিয়ে মল জায়গায় কিছু করের হার কমেছে কিছু কোনও কোনও জায়গায় বেডেছে। এশেন্সিয়াল আইটেম একটা জায়গায় শুধু বেডেছে, ৯.২ পার্সেন্ট থেকে ১০ শতাংশ করা হয়েছে, এটা আমি বাজেট বক্তৃতায় বলেছি। হাফ পার্সেট বেডেছে। এখন কিছ করতে পারছি না আমাকে **এর মধ্যে একট কর আদায় করতে হবে। বা**ডি করার জন্য সিমেন্টের দাম ছাড়া সমস্ত **জিনিসের দাম কমেছে, রঙের ক্ষেত্রেও লাভ হবে। আমি এখানে বলে রাখি এটা ২৩ শতাংশ** হার ছিল করের সেটা কমিয়ে ১৫ শতাংশ করা হচ্ছে। যেটা ১৭.২৫ শতাংশ যেটা ছিল সেটা ১৫ শতাংশ করা হয়েছে। যেটা ১২.৬৫ শতাংশ ছিল সাধারণভাবে সেটাকে ১০ শতাংশ করা হয়েছে কয়েকটা আইটেম বাদে, সেটা সম্পর্কে পরে আসছি। ২৩ শতাংশ, ১৭ শতাংশ এবং ১২ শতাংশ যেগুলো ছিল, ২৩, ১৭, ১২, সেইগুলোকে ১৫ এবং ২০

শকাংশে কমানো হল। সবচেয়ে বড হল তিনটি হার ছিল ৮.০০ শতাংশ, ৬.৯ শতাংশ, ৭ শতাংশ এইগুলো সব কমিয়ে পাঁচ শতাংশ করা হল। আর ২.৩ শতাংশ যেটা করা হয়েছে তার মধ্যে এসেন্সিয়াল অইটেম নেই। জয়নাল সাহেব দেখবেন ইউটেন্সিলে কমিয়েছি সেখানে দেখবেন আদার দ্যান ইউটেন্সিল লেখা আছে। তথু তাই নয়, ইউটেন্সিল একটা আইটেম যেটা রাজ্যের ছোট ছোট সংস্থা করে, শুধু সেখানেই কমেনি তারা শতকরা ৯০ ভাগ টাাক্স ফেরৎ পাবেন. এটা একটা বিগ রিলিফ। জয়নাল সাহেব স্যানিটারি ফিটিং সম্পর্কে বলেছেন। সেটা আসলে দেখে বোঝা যাচছে না ১৭.২৫ শতাংশ কমিয়ে ১৫ শতাংশ হল। একইভাবে বালিশ ইত্যাদি শুলো এইশুলো কমিয়ে ১৭.২৫ ছিল. তার থেকে কমিয়ে ১৫ শতাংশ হল। চশমা সম্পর্কে বলি, চশমা সম্পর্কে পরিষ্কারভাবে বলা যায়নি বিলে। চশমায় আমাদের দটো হার ছিল। একটা হচ্ছে ১০০ টাকার নিচে যেটা ৪.২৬ শতাংশ আর ১০০ টাকার বেশি যেটা ৮ শতাংশ। এই দুটোকে এক সঙ্গে করে কমিয়ে পাঁচ শতাংশ করা হয়েছে। সতরাং এতে চশমার দাম কমবে। ডায়মশুটায় আমরা বাডিয়েছি। ১২ পার্সেন্ট ছিল ১৫ পার্সেন্ট করেছি। গহনায় কমেছে. স্বর্ণ শিল্পিরা এটাই চেয়েছিলেন সাধারণভাবে হারটা ছিল ৩ শতাংশ আর যে কোনও গহনা তাতে যদি একটা পাথর লাগানো হয়. তাতে ছিল ১১ পার্সেন্ট সেটা কমিয়ে ে পার্সেন্ট করা হয়েছে। কাগজে পাঁচ শতাংশ করেছিলাম, আগের বছর ৮ শতাংশ ছিল এবারে ৫ শতাংশ করলাম।

[2-50 — 3-00 p.m.]

এরপর আর একটা মেজর রিলিফ আইটেমকে মান্টিপল্ পয়েন্ট থেকে সিঙ্গল পয়েন্টে নিয়ে আসছি। এক সঙ্গে সবগুলো আইটেমকে করা গেল না, তবে অনেকগুলো আইটেমকেই ক্রলাম। ১৯৫৪-র আাক্টের নোটিফিকেশন আছে. কিন্তু এখন উল্লেখ নেই। যাতে হৈচৈ না হয় সে জন্য বলেছি। এডিবল অয়েল, রঙ, বার্ণিশ, প্ল্যাস্টিক গ্রানুলাস, ফ্যাক্স মেশিনস, ওয়্যার-লেস সেট ইত্যাদি সমস্ত এখন এর মধ্যে এল। আর একটা সুখবর মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি জানাতে চাই—মাননীয় সত্য বাপুলি থাকলে ভাল হ'ত, উনি একটা প্রশ্ন করেছিলেন. স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে আমরা বাজার মূল্যের ভিত্তিতে গেলাম কেন? আমি আগেও বলেছি, আবারও বলছি, এক একটা জায়গায়, বালিগঞ্জ সার্কুলার রোডের মতো জায়গায় কাঠা প্রতি এক হাজার টাকার কম মূল্য দেখান হচ্ছিল। এটা বন্ধ করার জনা এবং একই সঙ্গে কিছু রিলিফ দেওয়ার জন্য আমরা বাজার মূল্যে গেলাম। এই কথাটা কাগজে বেরলে একট ভাল হয়, কেননা মানুষের কাছে এসব কথা পৌছয় না। স্ট্যাম্প ডিউটির হার ২০ শতাংশ ছিল, কমিয়ে ১০ শতাংশ করা হ'ল। (কংগ্রোস বেঞ্চ থেকে একটি ধ্বনি : দিল্লিতে কত?) দয়া করে দিল্লির সঙ্গে তলনা করবেন না। দিল্লি সেন্ট্রাল বাজেট থেকে প্রচর <sup>টাকা</sup> পায়। এটা মহারাষ্ট্র এবং অন্যান্য রাজ্য থেকে অনেক কম হ'ল। দিল্লি ইউনিয়ন টেরিটোরি—তাদের নিজেদের কোনও কর তোলার প্রয়োজন নেই, এত টাকা পায়। যাই হোক আমাদের স্ট্যাম্প ডিউটির হার কমল। এটা আনন্দের খবর এবং ডিড রাইটারর্স-রা তাদের ষ্ট্রীইক তুলে নিয়েছেন। ভালই করেছেন। আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। এখন স্ট্যাম্প ডিউটি আদায়ের ক্ষেত্রে লোকসান ছাপিয়ে লাভে আসছে, তাই নয়, আমরা স্ট্যাম্প ডিউটি আদায়ের রেঞ্জ ১৮০ কোটি টাকা ধার্য করেছিলাম, কিন্তু গত ৭ দিনে যা বৃদ্ধি পেয়েছে, আমার মনে

হচ্ছে সামনের বছর আমাদের এ-ক্ষেত্রে আদায় ৩০০ কোটি টাকাকে অতিক্রম করে যাবে। করেকটা বছর সময় দিলে এটাকে ১ হাজার কোটি টাকায় তুলে ছাড়ব। এটা আমাদের কালো টাকা ধরার একটা অভিযানও। এর পরের তিনটে আইনে পাবেন না, কারণ তা '৫৪ আ্যাক্টের নোটিফিকেশনে হয়। কিট-নাশকের মূল্য কেন্দ্রীয় সরকারের বাজেটে বেড়েছিল, আমরা অনেকটা কমালাম, ৮.৫ শতাংশ থেকে ৩ শতাংশে কমালাম। সারে আরও কমিয়ে ৩ শতাংশ করা হ'ল। ওমুধে সামগ্রিকভাবে ৪ শতাংশ ছিল, কমিয়ে সামগ্রিকভাবে ৩ শতাংশ করা হ'ল। অনুধি সামগ্রিকভাবে ৪ শতাংশ ছিল, কমিয়ে সামগ্রিকভাবে ৩ শতাংশ করা হ'ল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা কথা বলছি—ডাঙ্কেল প্রস্তাব সই হয়নি, ১৪ তারিখ হবে, আলোচনা চলছে। আমরা বারংবার বলছি, আমাদেরও আলোচনায় বসা উচিত, আমাদের ক্ষতি হতে চলেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা বলি, যদি এরপরেও সই হয়—সাধারণ মানুবের স্বার্থ বিরোধী চুক্তি সই হয়—সেই সই-এর যে জায়গাণ্ডলো রাজ্য তালিকাভুক্ত সেই জায়গা গুলো আমাদের রাজ্যে আমরা অগ্রাহ্য করব।

ওরা সই করে যদি বলেন যে, ডাঙ্কেল প্রস্তাব মানতে হবে তাহলেও অমরা অগ্রাহ্য করব রাজ্য তালিকার ক্ষেত্রগুলো এবং আমাদের পরবর্তী পদক্ষেপ হবে ডাঙ্কেল প্রস্তাবের জন্য ওষুধের দাম বাড়লে আমরা সেলস ট্যাক্স কমাব। ওষুধের কমাব, সারের কমাব, কিটনাশকের কমাব। ডাঙ্কেল প্রস্তাব নিয়ে শুধু দিল্লি অভিযানই নয়, রাজ্য স্তরে রাজ্য তালিকার ক্ষেত্রে ডাঙ্কেল প্রস্তাব আমরা অগ্রাহ্য করলাম। তাতে ওরা যা করেন করুন। সাবসিডি দিতে হয়, আমরা দেব। আমরা কেয়ার করি না আর ডাঙ্কেল প্রস্তাবকে। আমাদের অর্থ, সম্পদ, সামর্থ্য সীমিত, কিন্তু একবার মনে করুন তো সেই সীমিত সামর্থ্য নিয়ে যদি ২৫-টা রাজ্য বলে উঠে,—যে চুক্তিতে সই করছে, সেই চুক্তির রাজ্য তালিকাভুক্ত বিষয়ে সই করার তোমার কোনও সাংবিধানিক অধিকার নেই। যদি ২৫-টা রাজ্য রাজনীতির উর্দ্ধে উঠে বলে,—সাধারণ মানুষের স্বার্থ বিরোধী এটা আমরা মানছি না। তাহলে ওরা সই করলেও কিছুই হবে না। এই হচ্ছে আমাদের মূল বক্তব্য।

[3-00 — 3-10 p.m.]

এর পর যৌ চোখে পড়ে যায়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা নিজেদের লেনিন মনে করি না, আমরা সাধারণ মানুষের মতো বাঁচার প্রয়োজনে বলছি, আমি একজন বিধায়ক, একটা মন্ত্রকের দায়িত্বে আছি, আমি সাধারণ মানুষের কথা বলছি, সকলের কথা বলছি। আপনারা যদি নিজেদের বুকের মধ্যে হাত দেন তাহলে আপনাদের পার্টির মধ্যে বিভাজন হবে সাধারণ মানুষের স্বার্থে। তারপর যৌতে আসছি সেটা হল ইলেকট্রনিক সফট ওয়ার শূন্য করা হয়েছে। ক্লজ (২) সাব ক্লজ (১২)-এ পাবেন টেবিল টেনিশ, ফুটবল থেকে খুব বেশি কিছু পেতাম না, সেই জন্য বাদ দেওয়া হয়েছে। এটা যদি বলেন বলতে পারি দৃষ্টিভঙ্গি। আমাদের একটি ছেলে এবং একটি মেয়ে জিতেছে। ফুটবলে অনেক বছর পরে আমরা জিতেছি। তাদের পাশাপাশি আমরা দাঁড়াতে চাই, সেই জন্য ট্যাক্স কমানো হয়েছে। চা শিঙ্কের ক্ষেত্রে সাধারণ বাজেট আলোচনায় সময় সরকার পক্ষ বলেছেন বিরোধী পক্ষ বলেছেন ট্যাক্স কমানোর ব্যাপারে। আমি মনে করি যতটা আপনারা বলেছেন ততটা পারব না, কিছুটা হয়ত কমাতে পারি উপরের দিকে। কৃষি করের উপর শুরুত্বপূর্ণ প্রস্তাব জয়নান্স আবেদিন সাহেব রেখেছেন, আমাকে সুযোগ দিন, আমি পরীক্ষা করে

নেষি যদি এর থেকে পথ বার করতে পারি তাহলে এই বিলে হয়ত পারব না আমি আবার ফিরে আসব অ্যাসেম্বলিতে। কর আদায়ের ক্ষেত্রে যা বলেছেন, আদায়ের যে গুলি প্রসিডিওরাল পয়েন্ট সেটা নোট করেছি, অফিসাররা নোট করেছেন। আর একটা কথা বলা দবকার। ভি. ডি. ও.-র ক্ষেত্রে আমরা করটা বাড়িয়ে দিলাম, এখন যেটা হয়েছে সেটা শুধু পলিশিং-এর ব্যাপার নয়, শুধু সিনেমা শিল্পে আসে তা নয়, একসঙ্গে বেশি লোক দেখতে পারে. ৩টি স্লাব করা হয়েছে ৯০০, ১২০০, ১৫০০। আগে ছিল ৬০০, ৯০০০, ১২৫০। সংস্কৃতির ব্যাপারটা আইন করে কিছু করা যায় না, সাধারম মানুষকে এর মধ্যে আনতে হবে। বলে রাখি পরিসেবার ক্ষেত্রে ডাঙ্কেল প্রস্তাব একটা শর্ত। অনিলবাব উপস্থিত আছেন উনি ভাল করে জানেন। এটা কোনও বিচ্ছিন্ন ব্যাপার নয়। এটা সূর মিলিয়ে এত ঘুরিয়ে না করে পরিসেবার ক্ষেত্রে ডাঙ্কেল প্রস্তাবের যে শর্ত তার বিরুদ্ধে বলেছেন। একটা জায়গায় পরিসেবা আসছে। মাননীয় সদস্য সৌগতবাবু বললেন আমি বিদেশে গিয়েছিলাম, সেখানকার অর্থনীতি শিখে এসেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্টাড়ি লিভ নিয়ে বিদেশে গিয়েছিলাম, ম্যাসাচয়েট ইউনিভার্সিটিতে আমি পি. এইচ. ডি. করি। এম. আই. টি. স্থল এবং কেনসেন্ট ইকনমি স্থল, আই. এম. এফ. যেটা করেছেন, শিকাগোতে যে স্থল আছে এদের মধ্যে অহি-নকুল সম্পর্ক। যদি অর্থনীতির দিক থেকে বলেন—বলেছেন ভালই করেছেন—আপনি যদি মূল জায়গাটা লক্ষ্য করেন, সেটা যদি অসম প্রতিযোগিতার ভিত্তিতে করেন. যদিন কোনও উদার নীতি হয় সেটা কিন্তু মনোপলি পাওয়ার দাঁড়ায় এবং আন্তর্জাতিক ক্ষেত্রে আরও জোরদার করে তবে সেটা পঁজিবাদী বর্জয়া ইকনমিস্টদের তথা অনুযায়ী সেটা শ্বতিকারক।

আমরা যেটি বলছি, সমান প্রতিযোগিতাার দিকে যাওয়ার কথা, এটি মার্ক্সীয় দর্শনের উপরে দাঁড়িয়ে বলছি। আপনাদের যদি সেই ভাষাতে অসুবিধা থাকে, আমি বুরোক্রাট ইকনোমিক্সের ল্যাঙ্গোয়েজে ট্রানস্লেট করে বলতে পারি, সমান প্রতিদ্বন্দিতা। আপনাদের যতই বিরক্ত লাগুক, কৃষকদের কাছে. ছোঁট শিল্পপতিদের কাছে আমরা যেতে চাই। আমরা চাই পঞ্চায়েতের মাধ্যমে বিকেন্দ্রীকরণ। এটা জানবেন, আমরা যেটা বলছি তা আপনাদের বিকল্প। সময় কম ছিল বলে কালকে একটি কথা বলতে পারিনি, সেটি বলে শেষ করছি। শুধু এটি <sup>বলে</sup> শেষ করছি। আমি যখন বলব তখন আপনারা বাধা দেবেন জানি, তবু শুনুন। ভূমি সংস্কারকে ভিত্তি করে কৃষির দিকে গিয়ে আমরা কিন্তু কৃষি উৎপাদন বৃদ্ধির হার আন্তে আন্তে এই দুরপাল্লার দৌড়, একে ডিঙোতে ডিঙোতে গিয়েছি। শিল্পের ক্ষেত্রে আমরা কিন্তু প্রথম ছিলাম। আমাদের কতকণ্ডলো ক্ষেত্রে সুবিধা হরণ করে নিয়ে যাওয়া হয়। সেখানে দাঁড়িয়ে আমরা, কালকে শুধু এইটুকু বলেছি দুরপাল্লার দৌড়ে কৃষির দিকে এগিয়েছি, এবারে যে সম্ভাবনাগুলো আছে তা বলছি। শির্মের সম্ভাবনা আছে। এটি দাঁড়িয়ে আছে স্থানীয় সম্পদের <sup>উপরে,</sup> দাঁড়িয়ে আছে পরিকাঠামোর উপরে, দাঁড়িয়ে থাকব। আমি মনে করি, এই সাধারণভাবে কর ব্যবস্থা ইত্যাদি ক্ষেত্রে ইনসেনটিভ আমরা কি দিতে পারি, এর উপরে দাঁড়িয়ে, দক্ষ শ্রমিকের উপরে দাঁডিয়ে থাকব, ম্যানেজমেন্টের উপরে দাঁড়িয়ে থাকব। স্থানীয় সম্পদের ক্ষেত্রে কিন্তু ফ্রেট ইকুয়ালাইজেশনের উপরে আমাদের ক্ষতি করা হয়েছিল। লোহা, কয়লা ইত্যাদি ক্ষেত্রে আমাদের ক্ষতি করা হয়েছিল। সেটি তুলে নেওয়ার ফলে গোটা পূর্বাঞ্চল ফিরে

এসেছে। মহারাষ্ট্রের কথায় আপনারা হাততালি দেন, তারা এই সুবিধাণ্ডলো নিয়ে বড় হয়েছে। এর পরে পরিকাঠামোর ক্ষেত্রে, বিদ্যুতের ব্যাপারে আমরা একটা জায়গায় গিয়েছি। সব জায়গায় আমরা এখনও যেতে পারিনি। আমি তথ্য দিতে পারি, তবে সেই তথ্যের খেলায় আমি যাচ্ছি না। সর্ব ভারতীয় যেখানে ১০০, সেখানে মহারাষ্ট্র হচ্ছে ১১১ এবং আমাদের স্থান হচ্ছে ১১৫। বিদ্যুৎ, সেচ সমস্ত কিছুর উপরে আমরা আছি, অবশ্য তাতে আমরা সল্পন্ত নই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা চিন্তা করছি, এই বিষয়ে যোজনা কমিশনের সঙ্গে আলোচনা হয়েছে এবং রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গেও আলোচনা করেছি। আমরা একটি ইনফ্রাস্ট্রাকচার ডেডেলপমেন্ট কর্পোরেশন করব। স্পেশ্যাল বন্ডের ব্যাপারে যোজনা কমিশন আমাদের অনুমতি দিয়েছেন। আমরা ৭০ কোটি টাকা বেশি ধরে রেখেছি এবং আমরা তা ব্যবহার করতে চাইছি। আর এই পরিকাঠামো, রাস্তা, শুধু কলকাতা নয়, মেগাসিটি যেটা হবে, জেলার রাস্তা, সংযোগকারি রাস্তা আর একটু কভার করবে। টেলি কমিউনিকেশন আছে, ইলেকট্রনিক্স সিস্টেমটা শুকুত পারে।

আর একটি কথা আমি এখানে বলি, ব্যাঙ্কের ক্ষেত্রে কিন্তু ফ্রেইট ইকোয়ালাইজেশনের ফলে আমরা সুযোগ পাচ্ছি না। এখনও ক্রেডিট ডিপোজিট রেশিও ফিফটি পারসেন্ট আছে, এইজন্য সমবায় ব্যাঙ্কের কথা বলছি, যেখানে ৮৫ শতাংশ অর্থ ইনভেস্টেড হবে, এতে ছোট ইন্ডান্ট্রি বাঁচবে। আগামী দিনে দক্ষ শ্রমিক এখানে আসবে। ছোট শিঙ্কের সমাহারে বড় শিঙ্ককে কেন্দ্র করে—যাদের হাতে এখন শিঙ্ক্ব আছে, তারা ইন্ডান্ট্রিয়ালিস্ট নয়, তারা ট্রেডার্স, তাদের সরিয়ে দিয়ে নৃতন শিক্বপতিদের জন্য দরজা খুলতে হবে জানবেন। তারা কিন্তু বঙ্গবাসীর মধ্যবিত্ত বাড়ি থেকে উঠে আসবে। Gone are the days of dinosaur industries. মধ্যবিত্তর বাড়ি থেকে যারা উঠে আসবে তারাই হবে এন্টারপ্রেনার্স, তারা কিন্তু প্রতিযোগিতার দায়িছে থাকবে। যে ভাবে ভূমি সংস্কারকে ভিত্তি করে কৃষিতে এগিয়েছি, এখানেও জানবেন, মাঝারি শিক্সকে ভিত্তি করে দুরপাল্লার দৌড়ে যেমন শুরু করেছিলাম, তেমনি এটাতেও জিতব। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Finance Bill, 1994, be taken into consideration, was then put and agreed to.

#### Clause 1

Mr. Speaker: There is amendment to clause 1 by Shri Lakshmi Kanta Dey being amendment No. 1. The amendment is in order. Shri Dey may now move his amendment.

শ্রী লক্ষ্মীকান্ত দেঃ স্যার, এতে সময়টা বাড়ানোর কথা বলা হয়েছে, যেহেতু ১ তারিখের মধ্যে এটা কার্যকর করা যাবে না। স্যার আমি অ্যামেন্ডমেন্ট নম্বর ওয়ান মুভ করছি।

Sir, I beg to move that in clause 1, in Sub-clause (2) for the letters and word "1st day" the figures letters and word "11th day" be substituted.

ডঃ অসীম কুমার দাশগুপ্তঃ এই সুযোগে আর একটা কথা বলে নিই, উত্তরটা দিতে ভূলে গিয়েছিলাম, এটার কারণ হচ্ছে, আমাদের সত্যি যে ঘরগুলি ব্যবহাত হয়নি, সেখানে কর এনেছি, ডিমান্ড পাঠিয়েছি। তবে ঐদিন থেকে লাগু হয়েছিল, নাহলে ওদের ঐ ট্যাক্স দিতে হবে, তারই জন্য, আর কিছু নয়।

The motion of Shri Lakshmi Kanta Dey that in clause 1, in subclause (2), for the figure, letters and word "1st day", the figures, letters and word "11th day" be substituted, was then put and agreed to.

The question that clause 1, as amended, do stand part of the Bill was then put and agreed to.

#### Clause 2

Mr. Speaker: There is amendment to clause 2 by Shri Lakshmi Kanta Dey being amendment No. 2. The amendment is in order and Shri Dey may now move his amendment.

[3-10 — 3-20 p.m.]

শ্রী লক্ষ্মীকান্ত দেঃ স্যার, অ্যামেন্ডমেন্ট নম্বর ২ আমি মুভ করছি। এটা হচ্ছে মদের উপর ট্যাক্স ধরার জন্য। যারা অন্তঃশুক্ষ দেয় তাদের জন্য এটা করা হয়েছে।

Sir, I beg to move that in clause 2, -

- (1) in sub-clause (3), in item (b), in sub-item (i), in lines 4-13, for the letters, figures, words and brackets beginning with "(B) after sub-clause (ve)" and ending with "a registered dealer", the following letters, figures, words and brackets be substituted:-
  - '(B)' after sub-clause (ve), the following sub-clauses shall be added:-
    - "(vf) sales of foreign liquor, whether made in India or not, including brandy, whisky, vodka, gin, rum, liqueur, cordials, bitters and wines or a mixture containing any of these, as also beer, porter, cider, sherry and other similar potable fermented liquors, purchases whereof made on or after the 11th day of April, 1994, are shown to the satisfaction of the commissioner to have been made by him in West Bengal from a registered dealer other than a registered dealer who has liability to make payment of excise duty as required by the Bengal Excise Act, 1909 but has not made payment of such excise duty payable by him in respect of such goods;

(vg) Sales of foreign liquor, whether made in India or not, including brandy, whisky, vodka, gin, rum, liqueur, cordials, bitters and wines or a mixture containing any of these, as also beer, ale, porter, cider, sherry and other similar potable fermented liquors, when the registered dealer selling such goods has liability to make payment of excise duty as required by the Bengal Excise Act, 1909 but has not made payment of such excise duty payable by him in respect of such goods.

Explanation — For the removal doubt, it is hereby declared that no turnover representing sales of goods referred to in sub-clause (vf) or sub-clause (vg) by a registered dealer shall be deducted under that clause where the registered dealer selling such goods makes payment of excise duty in respect of such goods under the Bengal Excise Act, 1909:"

- (2) in sub-clause (5), in item (a),
  - '(a)' in sub-item (ii), for the figure, letters and word "1st day" in the two places where they occur, the figures, letters and word "11th day" be substituted;
  - (b) in sub-item (iii), for the figures, letters and word "lst day" in the two places where they occur, the figures, letters and word "11th day" be substituted;
- (3) in sub-clause (6),—
  - '(a)' in item (a), for the figure, letters and word "1st day" in the two places where they occur, the figures, letters and word "11th day" be substituted;
  - (b) in item (b), for the figure, letters and word "1st day" in the two places where they occur, the figures, letters and word "11th day" be substituted;
- (4) after sub-clause, (9), the following sub-clauses be inserted:
  - 9(A) in this Explanation to section 10F, the words, figures and letter "or section 10G" shall be omitted;
  - 9(B) in section 10G, in sub-section (1), for the second proviso, the following proviso shall be substituted:—

"Provided further that notwithstanding anything contained in the foregoing provisions of this subsection or the rues made thereunder, a registered dealer, who has established a new industrial unit on or after the 1st day of April, 1989, and not later than the 31st day of May, 1990, or has expanded on or after the 1st day of April, 1989, and not later than the 31st day of May, 1990, his existing industrial unit established before the 1st day of April, 1989, shall be entitled to the remission of tax payable under this Act in respect of any period commencing on or after the 1st day of April, 1989, and ending on or before the 31st day of March, 1992, and all other provisions of this section and the rules made thereunder shall apply to such dealer:"

মিঃ ডেপুটি ম্পিকার ঃ এটা আপনি গ্রহণ করেছেন?

ডঃ অসীম কুমার দাশগুপ্তঃ হাঁা, এটা আমি গ্রহণ করছি।

The motion of Shri Lakshmikanta Dey that-

- (1) in sub-clause (3), in item (b), in sub-item (i), in lines 4-13, for the letters, figures, words and brackets beginning with "(B) after sub-clause (ve)" and ending with "a registered dealer", the following letters, figures, words and brackets be substituted:
  - '(B)' after sub-clause (ve), the following sub-clauses shall be added:-
    - "(vf) sales of foreign liquor, whether made in India or not, including brandy, whisky, vodka, gin, rum, liqueur, cordials, bitters and wines or a mixture containing any of these, as also beer, ale, porter, cider, sherry and other similar potable fermented liquors, purchases whereof made on or after the 11th day of April, 1994, are shown to the satisfaction of the commissioner to have been made by him in West Bengal from a registered dealer other than a registered dealer who has liability to make payment of excise duty as required by the Bengal Excise Act, 1909 but has not made payment of such excise duty payable by him in respect of such goods:

(vg) Sales of foreign liquor, whether made in India or not, including brandy, whisky, vodka, gin, rum, liqueur, cordials, bitters and wines or a mixture containing any of these, as also beer, ale, porter, cider, sherry and other similar potable fermented liquors, when the registered dealer selling such goods has liability to make payment of excise duty as required by the Bengal Excise Act, 1909 but has not made payment of such excise duty payable by him in respect of such goods.

Explanation — For the removal doubt, it is hereby declared that no turnover representing sales of goods referred to in sub-clause (vf) or sub-clause (vg) by a registered dealer shall be deducted under that clause where the registered dealer selling such goods makes payment of excise duty in respect of such goods under the Bengal Excise Act, 1999;"

- (2) in sub-clause (5), in item (a),
  - '(a)' in sub-item (ii), for the figure, letters and word 'lst day'' in the two places where they occur, the figures letters and word '11th day' be substituted;
  - (b) in sub-item (iii), for the figures, letters and word "I day" in the two places where they occur, the figure letters and word "11th day" be substituted;
- (3) in sub-clause (6).—
  - '(a)' in item (a), for the figure, letters and word "1st day" in the two places where they occur, the figures, letters and word "11th day" be substituted;
  - (b) in item (b), for the figure, letters and word "1st day" in the two places where they occur, the figures, letter and word "11th day" be substituted;
- (4) after sub-clause, (9), the following sub-clauses be inserted:
  - 9(A) in this Explanation to section 10F, the words, figure and letter "or section 10G" shall be omitted;
  - 9(B) in section 10G, in sub-section (1), for the second proviso the following proviso shall be substituted:—
    - "Provided further that notwithstanding anything contained in the foregoing provisions of this sub

section or the rues made thereunder, a registered dealer, who has established a new industrial unit on or after the 1st day of April, 1989, and not later than the 31st day of May, 1990, or has expanded on or after the 1st day of April, 1989, and not later than the 31st day of May, 1990, his existing industrial unit established before the 1st day of April, 1989, shall be entitled to the remission of tax payable under this Act in respect of any period commencing on or after the 1st day of April, 1989, and ending on or before the 31st day of March, 1992, and all other provisions of this section and the rules made thereunder shall apply to such dealer;" was then put and agreed to.

The question that Clause 2, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

#### Clause - 3

Mr. Dy. Speaker: There is amendment to Clause by Shri Lakshmi Kanta Dey being amendment No. 3. The amendment is in order. Shri Dey may please move his motion.

Shri Lakshmi Kanta Dey: Sir, I beg to move that in Clause 3, in sub-clause (4), after the words "shall be substituted", the words, figures and letters "and shall be deemed to have been substituted with effect from the 1st day of April, 1994" be inserted.

Mr. Dy. Speaker: Γο you accept the amendment?

Dr. Asim Kumar Dasgupta: Yes, I accept it.

The motion of Shri Lakshmi Kanta Dey (amendment no. 3) was then put and agreed to.

The question that Clause-3, as amended, do stand part of the Bill was then put and agreed to.

#### Clause - 4

Mr. Dy. Speaker: There is amendment by Shr. Lakshmi Kanta Dey being to amendment no.-4. The amendments is in order. Shri Dey may please move his amendment.

Shri Lakshmi Kanta Dey: Sir, I beg to move that (a) in subclause (3), in item (a),-

(i) in sub-item (1), for the figure, letters and word "1st day" in the two places where they occur, the figures, letters and word "11th day" be substituted;

- (ii) in sub-item (ii), for the figure, letters and word "1st day" in the two places where they occur, the figures, letters and word "11th day" be substituted;
  - (b), after sub-clause (5), the following sub-clauses be inserted;
  - '(5A) in the Explanation to Section 8th, the words,

figure and letters "or section 8I" shall be omitted;

(5B) in section 8H, in sub-section (1), for the second proviso, the following proviso shall be substituted:

"Provided further that notwithstanding anything contained in the foregoing provisions of this sub-section or the rules made thereunder, a registered dealer, who has established a new industrial unit on or after the 1st day of April, 1989, and not later than the 31st day of May, 1980, or has expanded on or after the 1st day of April, 1989, and not later than the 31st day of May, 1990, his existing industrial unit established before the 1st day or April, 1989, shall be entitled to the remission of tax payable under this Act in respect of any period commencing on or after the 1st day of April, 1989, and ending on or before the 31st day of March, 1992, and all other provisions of this section and the rules made thereunder shall apply to such dealer:"

Mr. Dy. Speaker: Do you accept the amendment?

Dr. Asim Kumar Dasgupta: Yes.

The motion of Shri Lakshmi Kanta Dey (amendment nos. 4  $(\underline{a})(i)$ , (ii), (b) was then put and agreed to.

The question that Clause-4, as amended, do stand part of the Bill was then put and agreed to.

#### Clause - 5

The question that Clause-5 do stand part of the Bill was then put and agreed to.

#### Clause - 6

There is amendment to Clause-6 by Shri Lakshmi Kanta Dey being amendment No. 5. The amendment is in order. Shri Dey may please move his amendment.

Shri Lakshmi Kanta Dey: Sir, I beg to move that in Clause-6, after the words "shall be substituted", the words, figures and letters "and shall be deemed to have been substituted with effect from the 1st day of April, 1994" be inserted.

Mr. Dy. Speaker: Do you accept the amendment?

Dr. Asim Kumar Dasgupta: Yes.

The motion of Shri Lakshmi Kanta Dey (amendment no. 5) was then put and agreed to.

The question that Clause-6, as amended, do stand part of the Bill was then put and agreed to.

#### Clause - 7

Mr. Speaker: There is amendment to Clause-7 by Shri Lakshmi Kanta Dey being amendment No. 6. The amendment is in order. Shri Dey may move his amendment.

Shri Lakshmi Kanta Dey: Sir, I beg to move that in Clause-7, in sub-clause (1), in item (b), in the proposed sub-section (6), for the figure, letters and word "1st day", the figures, letters and word "11th day" be substituted.

Mr. Speaker: Do you accept the amendment?

Dr. Asim Kumar Dasgupta: Yes.

The motion of Shri Lakshmi Kanta Dey (amendment no. 6) was then put and agreed to.

The question that Clause-7, as amended, do stand part of the Bill was then put and agreed to.

#### Clause - 8

There are amendments to clause - 8 by Shri Lakshmi Kanta Dey being amendment No. 6, 7(a), (b), (c). The amendments are in order. Shri Dey may please move his amendments.

Shri Lakshmi Kanta Dey: Sir, I beg to move that in Clause-8,

- (a) in sub-cluase (a), after the words "shall be substituted", the words, figures and letters" and shall be deemed to have been substituted with effect from the 1st day of April, 1984" be inserted;
- (b) in sub-clause (b), after the words "shall be omitted" the words, figures and letters "and shall be deemed to have been omitted with effect from the 1st day of April, 1994" be inserted;
- (c) in sub-clause (c), after the words "shall be substituted", the words, figures and letters" and shall be deemed to have been substituted with effect from the 1st day of April, 1994" be inserted.

Mr. Speaker: Do you accept the amendments?

Dr. Asim Kumar Dasgupta: Yes.

The motion of Shri Lakshmi Kanta Dey (amendment no. 6, 7(a), (b), & (c) was then put and agreed to.

The question that clause - 8, as amended, do stand part of the Bill was then put and agreed to.

#### Clause - 9 and Preamble

The question that Clause 9 and preamble do stand part of the Bill was then put and agreed to.

[3-20 — 3-30 p.m.]

Dr. Asim Kumar Dasgupta: Sir, I beg to move that the West Bengal Finance Bill, 1994, as settled in the Assembly, be passed.

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অসীমবাব তার বক্ততায় কয়েকটি **অগ্রাসঙ্গিক বিষয়ের অবতারনা করেছেন**, তার জবাব দেওয়া দরকার তাই কয়েকটি কথা বলছি। অসীমবাব তার বক্ততায় ডাংকেল প্রস্তাব নিয়ে এলেন, তিনি এর উত্তর দেবেন কি যে, উরুগুয়ে রাউন্ডের কথাবার্তা শুরু হয়েছে ৮৬ সাল থেকে, মাঝে আপনাদের বন্ধ সরকার ছিল কেন্দ্র এবং সেই সরকারকে বি.জে.পি.ও সাপোর্ট করেছিল, এখন বি.জে.পি. যে কথা বলছে আপনারাও সেই একই কথা বলছেন এটা কি কো-ইনসিডেন্স নাকি? আপনারা ওদের সমর্থন করছেন, না ওরা আপনাদের সমর্থন করছেন সেটা একট বলবেন। আমরা দেখছি ডাংকেলের আউটরাইট বিরোধিতায় চলে গিয়েছে বি.জে.পি. এবং আপনারাও তাই করছেন— ওরা আপনাদের সঙ্গে হাত মিলিয়েছেন, না কি আপনারা ওদের সঙ্গে হাত মিলিয়েছেন? আমাদের ভয় হয় দটি শক্তি এক হলে আবার বাবরির মতন ঘটনা না ঘটে যায়। আর এই ভাঙ্কেলের ব্যাপারটা আপনারা এতদিন বাদে বুঝলেন কেন? এতে আগে আপত্তি করেন নি কেন? এটা কি ঠিক যে ভাঙ্কেল শুরু হ'ল তখনই যখন সোভিয়েত ইউনিয়ন ভেন্তে গেল? আজকে সোভিয়েত ইউনিয়ানে পেরোক্রেকা, গ্লাসতনভস্ত, গর্বাচভের মুখবদ্ধ, চীনের মুখবদ অর্থনৈতিক সংস্কারের জন্য-এ সবই কি একই সরে? এর কি কৈফিয়ত দেবেন? এখানে ১২ মার্চ ডিসকাসান হয়ে গেল ডাঙ্কেল প্রভাবের উপর, আপনি তো পার্টিসিপেট করলেন না<sup>9</sup> সেই সময় আমরা এ সম্পর্কে আপনার মতামতটাও জানতে পারলাম না। আপনি তো কনভিন্স করতে পারলেন না আপনার বক্তব্য দিয়ে। অবশ্য আমরা জানি আপনারা লালকে **লাল দেখেন না. কালো** দেখেন। আপনাকে বারবার বলা সত্তেও সেদিন এই ডাঙ্কেল নিয়ে আপনি একটি কথাত বললেন না। আজকে আপনি বললেন, কেন্দ্রীয় সরকার করেন করন, **আপনারা এটা ইগনোর করবেন। এটা** কি ভূলে গিয়েছেন যে যাদের ভোটে জিতে আপনি এখানে এসেছেন সেই ভারতবর্ষের মানুষের ভোটে জিতেই পি. ভি. নরসিনা রাও প্রধানমন্ত্রী হয়েছেন। না কি আপনাদের মতে তিনি কি সোভিয়েত ইউনিয়ন বা আমেরিকার মান্থের ভোটে জিতে এসেছেন । এখানে সেম সেট অব পিপল ইলেকটেড দেম। আপনারা <sup>যদি</sup>

গণতন্ত্রের প্রতি এবং পিপলস ওপিনিয়ানের উপর মিনিমাম শ্রদ্ধা থাকে তাহলে জানবৈন Some set of people who have elected you here, they have elected them there also. পি. ভি. নরসিমা রাও আকাশ থেকে পড়েন নি। আপনারা এখনও পর্যন্ত সারা ভারতবর্ষে গ্রহণীয় হলেন না because of your dubious nature. আমি ইংরেজিতে পণ্ডিত নই, টেব অব টু সিটিস, ফরাসি বিপ্লবের পর চার্লস ডিকেন্স একটা বই লিখেছিলেন, তাতে প্রথমে বলেছেন, It was the best of time.

It was the worst of time.

It was the age of wisdom.

It was the age of foolishness.

It was the epoch of life.

It was the epoch of darkness.

It was the spring hopes.

It was the winter of despair. ভারত সরকার যে মিনিমাম সংস্কার করার পথে 
যাবার চেন্টা করছেন, মর্ডানাইজসানের জন্য স্ট্যাণ্ড নিয়েছেন It is granted all over the 
world. জাপান যদি বিশ্চ আপ করতে পারে, কোরিয়া ভাগ হবার পর যদি বিশ্চ আপ 
করতে পারে....

মিঃ শ্পিকার ঃ মাননীয় সদস্যগণ, এর উপর আলোচনার জন্য যে সময় নির্দিষ্ট ছিল দেখা যাচ্ছে তারমধ্যে এটা শেষ করা যাচ্ছে না। আমি তাই আপনাদের সম্মতি নিয়ে এর উপর সময় আরো ২০ মিনিট বাড়াতে চাইছি। আশা করি এতে আপনাদের সম্মতি আছে।

# (মাননীয় সদস্যগণ সম্মতি দেন।)

সময় আরো ২০ মিনিট বাডলো।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আজকে গোটা বিশ্ব বোকা আর আপনারাই শুধু মালাকং চীন তা রেল লাইন পর্যন্ত প্রাইভেটাইজ করছে—একবারও তারজন্য বাধা দিয়ে বলেছেন যে চীন লা কাজ করছেং আর আমরা এখানে যখন একটু অগ্রগতির পথে যাই আপনার। মনৈতিকভাবে বাধা দেন। বি. জে. পি.-র সঙ্গে তো আপনাদের থাকার কথা নয়। আপনাংশ তা টটা, বিড়লাদের বিরুদ্ধে বলে ক্ষমতায় এসেছেন। এখন আমরা নাকি দালাল, আপনারা বি ভাল মানুষ।

এখন তো দেখছি যত দালালি আপনারাই করছেন, আমাদের ভাগ কিছু নেই, করার চ্ছাও নেই। আজকে এই অবস্থার মধ্যে অপ্রাসঙ্গি কথা বারবার আনছেন কেন? আপনি স্মি সংস্কারের কথা বলেছেন, আইনটা তো আমাদের, আপনারা করেন নি। স্টেট আকুইজিশন আইনটা তো আমাদের, আপনারা করেন নি। আমাকে একটা কথার জবাব দিন, পশ্চিমবাংলায় য দাটিলাইজার কনজাম্পশন, দাম তো কোনওটা ৯ গুণ বেড়ে গেছে, কনজাম্পশন কমেছে কি, কমেনি, বেডেছে। আপনি কি মনে করেন এখানে ৭১ এর আ্যাগ্রিকালচারাল প্রাইস যা

ছিল এবং কেমিক্যাল ফার্টিলাইজারের যা প্রাইস ছিল. ট্যাকাভিলোন. মানে শর্ট টার্ম লোনের জন্য অ্যাট দি প্রাইস লেভেল অব ৭১, রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট ৩০০ কোটি টাকার দরকার, এখন আমাদের মিনিমাম দু হাজার কোটি টাকার দরকার, আপনি দিয়েছেন ১ কোটি ৭০ লক্ষ টাকা। দিতে পারেননি। এই মানুষগুলো কোথা থেকে পাচেছ টাকা? ফার্টিলাইজার কনজাস্পশন कमल ना कि करत ? এकটाই পথ, আপনারা যেটা চোখ দিয়ে দেখেন না. অন প্রিমিয়াম যে জমিণ্ডলো পাট্টা হোল্ডাররা পেয়েছে, এরা, যাদের হাতে ওয়েলথ আছে তাকে দিয়ে দিচ্ছে। প্রভাকশনটা সেই করছে, এরা করছে না। আমি এটা আর একবার বলেছি, আপনাদের উত্তর নেই। লব্ধ জমি দু বিঘা, চার বিঘা করে যা দিয়েছেন, আমরা দিয়েছি মেনলি, আপনারা দেননি কিছই, ১০ হাজার একরের বেশি দেন নি বছরে, এটা একটা প্রিমিয়াম কিংবা ইয়জার্স यगुक्ठग्रानि मर्पेशक राल, चाँरे थानामि, এর বদলে একটা বিত্তশালিকে দিয়ে দিচ্ছে। এর ফলে চাষীরা কিন্তু চাষ করছেন না অনেক জায়গায়। নট এভরি হয়্যার, মেজর জায়গায় এই জিনিস হচ্ছে। ফার্টিলাইজার কনজাম্পশন ইনপুটস দেখে এবং ট্যাকাভেলোন আপনি দিতে পারছেন না. তা সত্তেও আবার পড়েনেই কোথাও। এটা বিকজ ফাইনাসিয়্যাল স্ট্রং আপনারা যতই বল্ন, Because of your wrong policy losses have been again consolidated in the hands of people. এটার তো উত্তর আপনি দেবেন আমাদের? কেন এটাতে চেক হচ্ছে না? যদি করতে চান, আপনাদের রেজিস্টেশনে যে লিজের প্রভিশন আছে, আপনি পাট্রা জমির লিজ কোনও রকমে ট্রান্সফারেবল নয়, কেন লিজের রেজিস্টেশন করেন, আপনারা কটা অফিসারকে প্রসিকিউট করবেন, শুড আই প্রডিউস সাম ডকুমেন্টস, আমি নিজে দিতে বাধ্য হয়েছি, অন্য লোক চলে যায়। আমি যেতে পারি নাকি? কিন্তু মানুষগুলোকে বাঁচাবার জন্য, বিকজ আমরাই তো দিয়েছি? আইনটা আমাদের, জমি আমাদের, লোকগুলোকে मिराहि, व्यापनास्त्र जाँदामात्र नग्न। व्याक्षरक निकारी रकन वाम मिराह्म ना त्य Any officer abandoning the paddy land shall be prosecuted. আপনি মনে করেন, আপনি জানেন না এটা? আপনাদের মধ্যবর্তী যে অপারেট চিক্স, যে নেতাগুলো আছে, এরা গ্রামাঞ্চলে কি হচ্ছে জানে না? আর আপনি বারবার এই কথা বলেন আমরা আতঞ্চিত নই, আমাদের আইন, আপনারা নকল করছেন, তার জন্য অর্ধেক সাধুবাদ দিচ্ছি আর অর্ধেকটা ভিতর থেকে বাঞ্চাল করছেন বলে, এদিকে প্রিমিয়াম দিয়ে জমিগুলোকে দিয়ে দিচ্ছেন, এটার জন্য আপত্তি করছি। এটা তোআমাদের আইন, অতীশবাবুর বাবা প্রণয়ন করেছিলেন এই সব আইন। সবশুলোই অল প্রশ্রেসিভ থিংকিং আমাদের, আপনাদের নয়। আপনারা তো আরও আছেন অন্য জায়গায়. কেন ভারতবর্ষে, আপনাদের গ্রহণযোগ্য হল না। এতদিন ধরে সংগ্রাম করছেন, ভারতে কোথাও যেতে পারলেন না কেন? এখন আবার ভল পথ ধরে বি. জে পি.-র সঙ্গে যেতে চাইছেন। কবে বি. জে. পি.-র সঙ্গে চক্তি করবেন সেটাও বলে দিন। আমরা একট সতর্ক হব। কারণ একবার বাররি ভেঙেছেন, এখন নাখোদা কত আছে ভাঙবেন। এটাও আমাদের বলে দেবেন। আপনি কতকগুলো আইটেমে ৯.২ থেকে টেন পার্সন্ট ট্যাক্সটা করেছেন রাউন্ড অ্যাবাউট করার জন্য। এতে কি আমাদের দৈনন্দিন জীবনের বেশির ভাগ আইটেম পড়ে, যারদাম বেড়ে যারে? আপনার এই ট্যাক্স প্রপোজালের ফলে দৈনন্দিন জীবনে, আমাদের বেঁচে থাকার জন্য ওভার অল আমাদের জীবনের উপর, <sup>এক</sup> একটা ফ্যামিলির উপর, করের বোঝা চাপবে না কমবে সেটা আমাদের বঝিয়ে দেবেন। কারণ

আমরা আতন্ধিত, আপনি কি সব বললেন গয়নার উপর ট্যাক্স বসাচ্ছেন, এই সব বুঝতে পারছি না। আমাদের ওভার অল এই ট্যাক্স মেজারের পর whether we are relieved of the burden or we are overburdened বোঝার উপর শাকের আঁটি চাপালেন কি না, এটা আমাদের একটু বলে দেবেন।

[3-30 — 3-40 p.m.]

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে একেবারে সর্বশেষে যেটা বললেন, সেটা সবচেয়ে সত্যি বেশি প্রাসঙ্গিক যে এর জন্য কোথাও কোনও দাম বাডবে কি না কোন জিনিসের। ১৪টা এসেন্সিয়াল আইটেম যা বলা হয়, তার মধ্যে একমাত্র সিমেন্ট ছাড়া যেটা .৮ শতাংশ বৃদ্ধি, আর প্রত্যেকটা জায়গায় কমবে এটা একেবারে উপ্টো ঘটনা ঘটবে। (২) কারণ মনে রাখবেন যে সি. এস. টি.-টা সর্বত্র তলে নেওয়া হয়েছে ১৫ শতাংশ। কোথাও আরও বেশি কমবে, কোথাও কম কমবে। আমি কিন্তু আর একবার বলি ইউটেপিলস এ কমবে পরিষ্কারভাবে বললাম। চশমায় কমবে, সোনার গহনাটায় কমবে, এইগুলো আপনার মল প্রশ্ন ছিল। আপনি বলেছেন সানিটারির ব্যাপারে, সেটাও কমবে। এবার আপনি ডাঙ্কেল প্রস্তাব নিয়ে যেগুলো বললেন, একটু মাথা ঠান্ডা করে সেইগুলোর উত্তর দিচ্ছি। প্রথম আপনার প্রশ্ন ছিল সেটা ডাঙ্কেল প্রস্তাবের বিরোধিতা ততটা নয়, সেটা বি. জে. পি.-র বিরোধিতা করছেন আর আমরা বিরোধিতা করছি, এটা কোইন্সিডেন্স না কি কোনও সম্পর্ক? আমি খুব পরিষ্কারভাবে বলছি, আমরা বিরোধিতা করছি, আমাদের মতো করে, আর কোনও দল কি করছে, সেটা আমাদের কাছে কোনও লক্ষ্যণীয় ব্যাপারই নয়, খব পরিষ্কারভাবে বলে দিলাম। তারা কি করছে, কি করছে না, তাদের ব্যাপার, কোনও স্তরে করছে তাদের ব্যাপার। আমরা আমাদের ভিত্তিতে দাঁডিয়ে বামপন্থী গণতান্ত্রিক ভিত্তিতে দাঁডিয়ে করছি, এটার উত্তর এক।

দুই, আপনি একটা প্রাসঙ্গিক কথা, বোধ হয় ঠিক কথাই বলেছেন যে, ডাঙ্কেল প্রস্তাব তো আজকেই আসে নি। হাাঁ, ডাঙ্কেল প্রস্তাবের আজকের রূপটা '৯১ সাল থেকে নিয়েছে। '৮৬ সালের উরুগুয়ে রাউন্ডের পরেও '৯১ সাল পর্যন্ত এক দাপাদাপি কেউ করতে পারে নি! মনে রাখবেন তখন ইউ. এস. এস. আর. এই ভাবে ভেঙ্গে যায় নি, তখন পর্যন্ত অভিভাবকত্বের মেরুকরণ হয়নি। আমরা মনে করি ইউ. এস. এস. আর. ভেঙে যাওয়ার ফলেই এই অবস্থার সৃষ্টি হয়েছে।

শ্রী নাসিরুদ্দিন খান ঃ ইউ. এস. এস. আর. ভেঙে গেল কেন?

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : নাসিরুদিন সাহেব, আজকে আর মস্ক্রোর পথে ইয়েলেৎসিন নেই, লাল পতাকা উড়ছে। শেষ কথা কে বলবে, আমি নই, আপনিও নন, শেষ কথা সাধারণ মানুষ বলবে। স্যার, আমি যে কথা বলছিলাম, আজকে ওরা তৃতীয় বিশ্বকে অগ্রাহ্য করার সাহস পেল কেন? মেধা স্বস্থের ক্ষেত্রে, পরিসেবায় বিনিয়োগের ক্ষেত্রে ওরা ঐসব কথা বলার সাহস পেল কি করে? আমরা মনে করি সোভিয়েত ইউনিয়ন ভেঙে যাওয়ার ফলেই ওরা সাহস পেয়েছে। তৃতীয় বিশ্বের দেশগুলোকে শোষণ করবার সাহস দেখাছে। আমরা মনে করি এশিয়া, আফ্রিকা, ল্যাটিন আমেরিকা সহ তৃতীয় বিশ্বের দেশগুলির মাথা তুলে দাঁড়িয়ে বলা উচিত যেগুলো তাদের দেশের স্বার্থ বিরোধী সেগুলো তারা মানবেন না। তাদের বলা

উচিত—আমরা আমাদের কৃষিতে, জনস্বাস্থ্যে, ফার্টিলাইজারে সাবসিতি দেব, কি দেব না তা তোমরা বলার কেং মালয়েশিয়া ইতিমধ্যেই এই সাহস দেখিয়েছে। এতং সত্তেও যদি সই হয় আমরা আমাদের রাজ্যে—যে গুলো স্টেট লিস্টের বিষয় সে গুলোর ক্ষেত্রে উই উইল ডিফাই ইট। আমরা গুধু রাস্তায় প্রতিবাদ করব না, আমরা ডিফাই করব। আর একটা কথা এখানে বলা হয়েছে—নরসিমা রাও-এর সরকার, দেশের মানুযের সরকার। এটা আমার কাছে খুব খটকা লাগল। যখন নির্বাচন হয়েছিল তখন নরসিমা রাও-এর সরকার সংখ্যালঘু ছিল, তারপরে আর নির্বাচন হয়নি, সংখ্যা গরিষ্ঠ হ'ল কি করে? কি পদ্ধতিতে হয়েছে, এটার একটু উত্তর আপনারা দেবেন। আমি আমার মূল বক্তব্যর সমর্থনে এখানেই আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Asim Kumar Das Gupta that the West Bengal Finance Bill, 1994, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

# WEST BENGAL APPROPRIATION (VOTE ON ACCOUNT) BILL 1994

Mr. Speaker: Now, we have the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1994. This will be voted without debate. Then, we will take up the West Bengal Appropriation Bill, 1994. That will be debated.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1994.

Dr. Asim Kumar Dasgupta: Sir, I beg to introduce the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta:** Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1994, be taken into consideration.

The motion was then put and agreed to.

Clauses 1 to 3, Schedule and Preamble:

Mr. Speaker: There are no amendments to Clauses 1 to 3, Schedule and Preamble.

The question that Clauses 1 to 3, Schedule and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Asim Kumar Das Gupta: Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1994, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

#### The West Bengal Appropriation Bill 1994

**Dr. Asim Kumar Dasgupta**: Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 1994 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Sir, under Article 266(3) of the Constitution of India no moneys out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with the law and for the purposes and in the manner provided in the Constitution.

The West Bengal Appropriation (2) Act, 1993 authorised the payment and appropriation of certain sums from and out of this consolidated fund of the state of West Bengal towards the defraying the several charges which came and will come in the course of payment during the financial year 93-94.

During the present session; the Assembly voted certain further grants for the purposes of the year 1993-94 under the provisions of Article 203 read with Article 205 of the Constitution of India. The present Bill is accordingly being introduced under the provisions of Article 204 read with Article 205 of the Constitution to provide for the appropriation out of the consolidated fund of West Bengal of all the moneys required to meet the further grants which have been so voted by the Assembly and also to meet further expenditure charged on the consolidated fund of the state in accordance with the provisions of the Constitution.

The Constitution provides that no amendment shall be proposed to this Bill having the effect of varying the amount or altering the destination of any grant so made or of varying the amount of any expenditure charged on the consolidated fund of the state.

The details of the proposed Appropriation Bill will appear from the schedule to the Bill.

Sir, with these words, I command my motion for acceptance by the House.

(Secretary then read the title of the Bill)

Dr. Asim Kumar Dasgupta: Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1994 be taken into consideration.

[30th March, 1994

[3-40 — 3-50 p.m.]

শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপিয়েশ বিল এনেছেন আমাদের সামনে আমি তার তীব্র বিরোধিতা করছি। মনে হয় গত কা আপনার সাপ্লিমেন্টারি বিল সম্বন্ধে কিছু আলোচনা হয়েছে এবং ৪২২ কোটি টাকার ে অ্যাপ্রোপিয়েশন চেয়েছেন সেই চাওয়ার আমি তীব্র বিরোধিতা করছি। তার প্রথম কার আমরা দেখতে পাচ্ছি পুলিশ খাতে আরও এক্সট্রা প্রায় ৪০ কোটি ২২ লক্ষ ৭৮ হাজা: টাকা ব্যায় হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে কয়েক দিন আগে যে ঘটনাগুলি আমাদের পশ্চিমবাংলায় ঘটেছে তাতে পুলিশের নক্কারজনক ভূমিকা লক্ষ্য করেছি এবং পশ্চিমবাংলায় এই জিনিস উত্তর উত্তর বৃদ্ধি পাচ্ছে। তা দেখে মনে হয় না যে এই খাতে একটা পয়সাও সরকারকে গ্রান্ট করা উচিত। গত কয়েক দিন আগে আমার নিজের কেন্দ্রে কান্দির রাজ কলেজের ইলেকশনকে কেন্দ্র করে ছাত্র পরিষদ এবং এ. আই. এস. এফ. সংগঠনের মধ্যে মারপিট হয়। প্রথমে এ. আই. এস. এফ.-র ছাত্ররা আমাদের ছাত্র পরিষদের ছেলেদের মারধোর করে। সঙ্গে সঙ্গে সেখানে পুলিশ আসে এবং এসে দু রাউভ গুলি চালায়। আমাদের ছাত্র পরিষদের অফিস পুলিশের উপস্থিতিতে এ. আই. এস. এফ.-এর ছাত্ররা। ভাঙচুর করে, সাইকেল ভাঙচুর করে নিশ্চিন্ন করে দেয়। সেই সময় এই বিধানসভায় হাউস চলছিল, এই ঘটনা আমি ফোনের মাধ্যমে জানতে পারলাম এবং সদে সঙ্গে সেখানে চলে যায় এবং গিয়ে দেখি ছাত্র পরিযদের ছাত্ররা এত ভীত সম্ভ্রস্ত যে ২০ তারিখের মধ্যে ইলেকশন করা যাবে বলে মনে হল না। এরপর আমি প্রিপিপ্যালের সঙ্গে যোগাযোগ করি, প্রিন্দিপ্যাল বললেন যে আপনার সঙ্গে আমি একমত যে এই অবস্থার মধো ছাত্র সংসদের নির্বাচন করা সম্ভব নয়।

নির্বাচন বাতিল হল। আমরা পুলিশকে বললাম যে আপনারা একটা সাধারণ ছাত্র সংসদের নির্বাচনে গুলি চালালেন কেন? অতীতে কোনওদিন সেখানে ছাত্র সংসদের নির্বাচনকে কেন্দ্র করে এই ধরনের মারপিঠ হয়নি বা গুলি চালেনি। কোনওদিন এই রকম ঘটনা ঘটেনি। আমার কেন্দ্রে পাতেন্ডা বলে একটি জায়গা আছে। সেখানে গিয়ে শুনলাম জমি নিয়ে গন্ডগোল, এক পক্ষ আমাদের আর এক পক্ষ সি. পি. আই.। সি. পি. আই.-এর প্ররোচনায় সেখানে পুলিশ যায়, রাতের অন্ধকারে কাউকে দেখতে না পেয়ে তারা পুলিশকে টর্চ মারে, কারা এসেছে তা দেখতে তারা টর্চ মারে। তারপরে পুলিশ ৪০ রাউন্ড গুলি ছোঁড়ে। তাতে একজন মহিলাসহ কয়েকজন শুরুতরভাবে আহত হয়। একজন হাসপাতালে ভর্তি আছে। সে এখন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। গতকাল বহরমপুর অঞ্চলের এম. এল. এ., মায়ারাণী পাল অভিযোগ করেছেন, হরিদাসমাটিতে আমাদের গ্রাম পঞ্চায়েত সদস্য বাবলু, তাকে গুলি করে হত্যা করা হয়েছে। এইভাবে দিনের পর দিন আমরা দেখছি একটির পর একটি ঘটনা পুলি<sup>ন</sup> ঘটিয়ে চলেছে। ট্রিগার হ্যাপি পুলিশ যে কোনও ভাবে প্ররোচিত হয়ে কংগ্রেসের লোকদের, ছাত্র পরিষদের লোকদের যে ভাবে নির্যাতন করছে, যে ভাবে নারী নির্যাতন চালাচ্ছে, তাতে পুলিশ খাতে একটি টাকাও দেওয়া উচিত কিনা তা আপনারা ভেবে দেখবেন। গতকাল অমিয় পাত্র মহাশয় বলছিলেন পুলিশকে রেশনে খাওয়াতে হচেছ, সেজন্য তাদের এই টাকা দেওয়া উচিত। পুলিশকে সস্তায় রেশনে মাল দেবেন—সাধারণ মানুষকে হত্যা করা এবং

নারীদের উপরে নির্যাতন করাই হচ্ছে তাদের কাজ। সাধারণ মানুষকে তারা যদি রক্ষা করতে না পারে, তাহলে সস্তায় তাদের রেশনে জিনিস দেবার জন্য কেন অতিরিক্ত টাকা বরাদ্দ করবং এটা আমাদের ভেবে দেখতে হবে। আমরা আশা করব, '৭৭ সালের নির্বাচনের আগে য়খন জ্যোতিবাব মখামন্ত্রী হননি, তখন জনসাধারণের কাছে বলেছিলেন যে, 'আমরা যদি ক্ষমতায় আসি তাহলে আমরা নিরপেক্ষ প্রশাসন উপহার দেব, সেই নিরপেক্ষ প্রশাসন আমরা আশা করেছিলাম। কিন্তু আমরা আজকে কি দেখছি? প্রশাসন কি নিরপেক্ষ? সরকারি দলভক্ত না হলে কোনও কাজ হয় না। কোনও কাজ আদায় করতে হলে হয় তাকে সি. পি. এম. দলভক্ত হতে হবে বা বামপত্নী, যারা সংশ্লিষ্ট এলাকায় শক্তিশালী সেই দলের সদস্য হতে হবে। বন্দকের লাইসেন্স থেকে আরম্ভ করে সাধারণ কাজে সরকারি অফিসে গেলে আপনাকে জিজ্ঞাসা করা হবে, আপনি কোনও দল করেন? এটা কি নিরপেক্ষ প্রশাসনের নমনা? আপনার যেটা ন্যায্য পাওয়ার অধিকার সেটা পাবার ব্যাপারে সরকারি দলভুক্ত হতে হবে কেন? এই ব্যাপারে আজকে প্রতিটি মানুষ ক্ষুত্ত। একটির পর একটি নির্বাচনে যখন জিতছেন তখন বলছেন নির্বাচনে যখন জিতছেন তখন বলছেন নির্বাচনে জিতে এসেছেন. এতগুলো পঞ্চায়েত আমাদের হাতে আছে। কিন্তু পলিশ ছাড়া নিরপেক্ষ প্রশাসন দিয়ে যদি নির্বাচন করেন তাহলে দেখবেন, কি পঞ্চায়েতে, কি মিউনিসিপ্যালিটি, কি বিধানসভার নির্বাচনে এর ফলাফল সম্পূর্ণ অন্য রকম হয়ে যাবে, এই বিষয়ে কোনও সন্দেহ নেই। একটির পর একটি উদাহরণ আপনাদের দিচ্ছি—ভূমি সংস্কারের ব্যাপারে আপনাদের এখানে আমল পরিবর্তন হয়েছে বলছেন। আমি সেদিন বলেছিলাম যে ভূমি সংস্কার গত তিন চার বছর ধরে বন্ধ হয়ে আছে। ১৪ লক্ষ ৪০ হাজারের মতো যে বর্গাদার রেকর্ডিং করেছেন, তারপর থেকে একটিও বাডেনি।

## [3-50 — 4-00 p.m.]

আপনারা যে জমি বিলি করেছেন সেই জমি গত ৩।৪ বছরে ২।৩ হাজার একরের বেশি হচ্ছে না। আপনারা ভূমি সংস্কার-এর ২।৩টি সংশোধনী এনেছেন। কিন্তু সেই সংশোধনী কার্যকরি করার জন্য কোনও পদক্ষেপ গ্রহণ করছেন না। ২ এবং ৩ যে ভূমিসংস্কার সংশোধনী আপনারা এনেছেন তাতে একজন মানুষের গ্রামে যার জমি আছে তার সিলিং ১৭ একর পর্যন্ত ছিল, সেই সিলিংকে আপনারা ঠিক রেখেছেন। কিন্তু সিলিং-এর মধ্যে এখন কৃষি জমি ছাড়া বাস্তুভিটা, পুকুর, বাগান থাকে; শুধু তাই নয়, '৬৯ সালের ৭ আগস্ট পর্যন্ত যা ছিল, যদি কোনও মানুষ তার মেয়ের বিয়ের জন্য অথবা বাবা মায়ের শ্রাদ্ধের জন্য বিক্রি করে থাকেন, সেক্ষেত্রে সেই জমি আবার সিলিং-এর মধ্যে অর্ভভূক্ত হয়ে টোটাল সিলিং-এর হিসাবে হবে। আপনারা বলুন তো যদি কাক্ষর পুকুর বা বাগান আজকে ভেস্টেড হয় তাহলে সেগুলি বিলি করবেন কি করে, তার কোনও নিয়ম কানুন নেই। আপনারা কি খবর রাখেন আমি জানি না। আজকে পশ্চিমবাংলায় বিশেষ করে মুর্শিদাবাদ মালদায় যে আম বাগান ছিল সেইগুলি আজকে সাফ হয়ে যাচ্ছে ফলে পশ্চিমবাংলায় ফলের উৎপাদন ছফ্ করে কমে যাচ্ছে। যেখানে এমনিতে ফলের উৎপাদন খুবই কম হোত, বাইরের রাজ্য থেকে আমদানি করতে হোত, সেখানে ২।৩টি ভূমি সংস্কার সংশোধনীর ফলে সমস্ত আম বাগান, লিচু বাগান সাফ হয়ে যাচ্ছে। কারণ লোকে জেনেছে ভূমি-সংস্কার সংশোধনীর জন্য ভেস্ট

হওয়ার আগে যে ২।৪ পয়সা যা পাচেছ সে তুলে নিচেছ, এটার প্রতিবাদ করার ক্ষমত নেই। আজকে যদি কোনও বাগান ২।৩ ভমিসংস্কার সংশোধনীতে ভেস্ট করে, সেক্ষেত্রে আপনাদের কাছে কোনও আইনের ধারা নেই. জমি বিলি করবার কোনও ধারা নেই—একজনার জমি বিলি করতে গেলে কি কি শর্তে জমি বিলি করা যায়। তাতে এক একরের বেশি জফি থাকবে না. এস. সি.. এস. টি. হলে কিছ সবিধা পাবে। এই রকম নির্দেশ আইনের মধে আছে। আজকে যদি কোনও পুকুর ভেস্টেড হয় তা কোনও সুষ্ঠ মীমাংসা আইনের মধে নেই। অথচ দ্বিতীয় তৃতীয় সংশোধনীতে বলে দিলেন ভূমিসংস্কারের ফলে এত পুকুর বাগানবে আমরা সিলিং-এর মধ্যে অর্প্তভক্ত করব। দ্বিতীয় ও ততীয় সংশোধনী বহুদিন আগে রাষ্ট্রদপ্তর সম্মতি পেয়েছে প্রায় ৫ ।৬ বছর আগে। এখনও সেটাকে কার্যকরি করতে পারেননি। অথা ভমিসংস্কার নিয়ে অর্থমন্ত্রী বাজেট ভাষণ থেকে আরম্ভ করে রাজ্যপালের ভাষণের প্রতিটি ছয়ে ছত্রে বলছেন, ভূমিসংস্কারের জন্য নাকি পশ্চিমবঙ্গে বিপ্লব সাধিত হয়ে গেছে। আপনার জানেন পশ্চিমবঙ্গে জমিদারি আইন, পারমানেন্ট সেটেলমেন্ট ছিল স্বাধীনতার পর '৫৫ সালে যথন তলে দেওয়া হল তখন পশ্চিমবাংলার অনেক জমি ভেস্ট হয়ে গেছে। এবং যে ২০ লক্ষ একর জমি সাধারণ মানুষের মধ্যে বিলি করা হয়েছে তার একটা সিংহ ভাগ প্রায় ১২ লক্ষ একরের মতো জমি বহু আগে আমরা সাধারণের মধ্যে বিলি করে দিয়েছি। সতরাং ১৭ বছর ধরে যে জমি ভেস্ট হয়েছে তার একজাক্ট ফিগার আমি মনে করতে পারছি না। জমি **আপনারা সাধারণের মধ্যে বিলি করেছেন তার পরিমাণ খব একটা বেশি নয়। এবং এর** ফলে যে একটা বিপ্লব সাধিত হচ্ছে পশ্চিমবাংলায় এই কথা আমরা স্বীকার করতে রাজি নয়। আজকে এই কথা ঠিক পশ্চিমবাংলায় খাদ্য উৎপাদন বেড়েছে এবং যেভাবে বাডার কথা ছিল সেইভাবেই বেডেছে। আমি পরিসংখ্যান দিয়ে দেখিয়ে দিতে পারি ১৯৭২-৭৭ সালে পশ্চিমবাংলায় খাদ্য উৎপাদন যা হয়েছিল, ঐকিক নিয়মে যদি আপনি ধরেন তাহলে দেখবেন ১৯৭৭-৮৮ সালে ঐকিক নিয়মে সেই হারেই বেডেছে। বরঞ্চ এখন কিছটা কমে গেছে। আগের বছরেও সেটা ১২৮ লক্ষ টনে ছিল, এখন সেটা কমে ১২৬ লক্ষ টনে এসে নেমেছে। আপনাকে আগেই আমি বলেছি মাইনর ইরিগেশন, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর—অর্থাৎ ১৯৭৭ সাল থেকে আপনারা সেটাকে নেগলেক্ট করেছিলেন। যদি বিধানসভার রেকর্ডস দেখা যায় তাহলে আপনারা দেখবেন ১৯৭৮-৭৯ সালে তৎকালীন অর্থমন্ত্রী যিনি ছিলেন তিনি আমাদের প্রশ্নের উত্তরে বলেছিলেন, আমরা মনে করি পশ্চিমবাংলায় এতে করে ছোট চাষীদের উপকার হবে না, জোতদারদের উপকার হবে। সেইজন্য আপনারা সেই সময়ে মাল ইরিগেশনকে ইম্পর্টেন্সি দেননি। সাতার সাহেবের আমলে যে কাজগুলো আমরা শুরু করেছিলাম আপনারা ক্ষমতায় আসার পর সেওলো একেবারে বন্ধ হয়ে গেল। পরবর্তীকালে যখন আপনারা বুঝলেন—আপনারা সব বিষয়ই দেরিতে বোঝেন—যে স্মল ইরিগেশন একটা ইম্পটেন্ট পার্ট প্লে করে কৃষি উৎপাদনের ক্ষেত্রে। গ্রামীণ জীবনের ক্ষেত্রে, তখন আপনাদের বোধগম্য হল তখন আপনার ওয়ার্ল্ড ব্যাঙ্ক ইত্যাদি জায়গা থেকে লোন নিয়ে আপনারা মাইনর ইরিগেশন করবার চেষ্টা করছেন। ওমর আলির কাছে আজকে কমপ্লেইন করবার জন্য বাধ্য হচ্ছে। শ্যালো টিউবওয়েল, ডিপমিনি টিউবওয়েলগুলো আজকে বিদ্যুতের অভাবে বর্ষ হয়ে যাছে কোথাও তার চরি হয়ে যাছে, কোথাও ট্রাসফর্মার চরি হয়ে যাছে। নানা রক্ম ডেপটেশন দিয়ে কোনও রকম ফল হচ্ছে না। বিদ্যুৎ যদিও বা থাকে বাত্রি ৬-১০ পর্যন্ত লো

ভোল্টেজ থাকে, প্রদীপ জালিয়ে তবে কিছু দেখতে পাওয়া যায়। আপনারা নাকি বিদ্যুতে ধ্য়ম্ভর হয়ে গেছেন। পশ্চিমবাংলা সব কলকারখানা একের পর একটা বদ্ধ হয়ে যাচছে। তার ফলে বিদ্যুৎ উদ্বৃত্ত হচ্ছে, এতে আশ্চর্যের কিছু নেই। আজকে যদি সত্যিকারে পশ্চিমবাংলায় কলকারখানা হত তাহলে পরে আজকে এখানে বিদ্যুৎ ঘাটতি হত সে বিষয়ে কোনও সন্দেহ নেই। ১৭ বছর ধরে আপনারা বলছেন হলদিয়া করবেন, রক্ত দিয়ে বক্রেশ্বর করবেন। কিন্তু আমরা দেখতে পাছিছ টাটারাও সেখান থেকে পিছিয়ে আসছে। আপনারা আমেরিকার পুঁজিপতিদের সেখানে ধরে নিয়ে আসার চেষ্টা করছেন। যারা ডাঙ্কেল প্রস্তাবের কর্তা সেই জাপান, জার্মানির সাথে আপনারা বক্রেশ্বর করবার চেষ্টা করছেন। আজকে যে কোনও একটা ছোট শিল্প করার ক্ষমতাও আপনাদের নেই। একটা বড় শিল্প করতে হলে কেন্দ্রীয় সরকারকে অনেক সময় ভাবনা-চিন্তা করতে হয়। তাদেরও ভাবতে হয় এত টাকা আমরা কোথা থেকে পাব। আমাদের প্রধানমন্ত্রী নরসিমা রাও কর্ণাটকে গিয়ে দুটি প্রোজেক্ট উদ্বোধন করতে গিয়ে বলছেন আমাদের মেগা প্রোজেক্ট করতে হবে।

[4-00 — 4-10 p.m.]

২০ হাজার কোটি টাকা যদি এই সমস্ত মেগা প্রকল্পে কেন্দ্রীয় সরকারকে রাজস্ব আদায় থেকে দিতে হ'ত তাহলে ৩০ হাজার কোটি নেহেন্দ রোজগার যোজনা, জওহর রোজগার যোজনাতে গ্রামের উন্নয়নের পরিকল্পনার জন্য দেওয়া সম্ভব হত না। কারণ একটা জায়গায় টাকা বাঁচাতে পারলে সেই টাকাটা অন্য জায়গায় নিয়ে গিয়ে খরচ করা যায়। এই ক্ষেত্রেও তাই। কেন্দ্রীয় সরকার এইভাবে টাকা বাঁচিয়ে গ্রামের উন্নয়ন পরিকল্পনার জন্য বরাদ্দ বাডিয়ে চলেছেন। তারপর যেটা বলতে চাই সেটা হচ্ছে, এখানে যে শিল্প হচ্ছে না তার প্রধান কারণ হচ্ছে এখানে ওয়ার্ক কালচার নেই। এখানে শিল্প করতে হলে একজন সি. আই. টি. ইউ. নেতার পদান্ত হয়ে থাকতে হবে। আপনারা মুখে যতই বলুন না কেন যে এখানে শিল্পপতিরা এসে শিল্পের বন্যা বইয়ে দেবেন কিন্তু যদি একজন শিল্পপতি দেখেন যে এখানে শিল্প করতে হলে একজন সি. আই. টি. ইউ. নেতার পদানত হয়ে থাকতে হবে, তাদের কথা না শুনলে তাদের দ্বারা ঘেরাও হতে হবে. তাদের কথা মেনে এত ঘন্টা কাজ করতে হবে, তাদের কথা অনুযায়ী বেতন বাড়াতে হবে এবং তা না করলে অ্যাডমিনিস্টেটারকে ঘেরাও হতে হবে-এইভাবে চলবে না। কাজেই যদি এখানে ওয়ার্ক কালচার ঠিকমতোন ফিরিয়ে আনতে না পারেন এবং যারা এখানে শিল্প স্থাপন করতে চান তাদের কাছে কিছটা আশ্বাস না দিতে পারেন তাহলে এখানে শিল্প স্থাপন হবে না। তবে আমার এসব কথাতে আপনারা মোটেই মনে করবেন না যে আমি অ্যান্টি লেবার কথাবার্তা বলছি, তা কিন্তু নয়, শ্রমিকদের স্বার্থ নিশ্চয় পুরোপুরি দেখতে হবে কিন্তু সাথে সাথে পশ্চিমবঙ্গে যাতে শিল্প স্থাপনের উপযক্ত পরিবেশ গড়ে উঠতে পারে তার অনুকল পরিবেশ সৃষ্টি করে যথার্থ ওয়ার্ক কালচারও গড়ে তুলতে হবে। কারণ এখানে শিল্প যদি গড়ে না উঠে তাহলে একেই তো ভয়াবহ বেকারত্বেরর জ্বালায় পশ্চিমবঙ্গ জুলছে—এখানে ৫০ লক্ষ বেকার—তার উপর এই বেকারত্বের জ্বালায় পশ্চিমবঙ্গ <sup>জুলছে</sup>—এখানে ৫০ বেকার—তার উপর এই বেকারত্বের সমস্যা আরও তীব্র **হ**বে। কাজেই এই বেকার সমস্যার সমাধান করতে হলে বড, মাঝারি, ছোট ইত্যাদি নানান শিল্প এখানে <sup>গড়ে</sup> তুলতে হবে। তা কিন্তু এখানে হচ্ছে না, বলুন আপনারা কতগুলি নতুন শিল্প আপনাদের

আমলে পশ্চিমবাংলায় গড়ে উঠেছে? আপনারা বফ্রেশ্বর এবং হলদিয়া নিয়ে অনেক গালভ কথা মানুষকে শুনিয়েছিলেন কিন্তু তা হচ্ছে না কেন? অর্থমন্ত্রী দম্ভভরে বললেন ( পশ্চিমবাংলায় ডাঙ্কেল প্রস্তাব আমরা মানব না। ডাঙ্কেল প্রস্তাবকে এস এস করে আম: ডেকে এনেছি তা তো নয়। আমাদের বাণিজামন্ত্রী, প্রধানমন্ত্রী পরিষ্কারভাবে বলেছেন ে ডাঙ্কেল প্রস্তাবের খারাপ দিকগুলির ব্যাপারে আমাদের সংঘবদ্ধ হতে হবে। ১২০ টি দে মিলে যে প্রস্তাব করেছে ভারতবর্ষের মতোন একটা উন্নয়নশীল দেশের কাছে তার সবর্গু দিক আমাদের পক্ষে আসবে তা তো নয়—কিছুটা আমাদের পক্ষে এবং কিছুটা বিপক্ষে যাবে যেগুলি বিপক্ষে যাবে তার বিরুদ্ধে আমাদের মাথা তুলে দাঁডাতে হবে এবং প্রস্তাবের কুফলগুর্ভ যাতে বাস্তবায়িত না হয় সেটা দেখতে হবে। মালয়েশিয়ার জোর প্রতিবাদের কথা উ বললেন। কিন্তু আমাদের তরফ থেকে প্রতিবাদ যে হয়নি তা তো নয়। ডাঙ্কেল প্রস্তাবে খারাপ দিকগুলি নিয়ে ভারত প্রতিবাদ করেছে এবং এখনও সে চেষ্টা চলছে। যখন এ প্রস্তাব সই হবে তখন দেখা যাবে কিভাবে এটা বাস্তবায়িত হচ্ছে। এখন এটা যদি আম্ সই না করি তাহলে এর অলটারনেটিভ কি? এর অলটারনেটিভ হচ্ছে, আপনারা জানেন হে বারবার বলাও হচ্ছে যে প্রত্যেকটি রাষ্ট্রের সঙ্গে দ্বিপাক্ষিক চক্তি করতে হবে এবং তা কর হলে ভারতবর্ষের মতোন একটা উন্নয়নশীল দেশের পক্ষে নানান রকমের অসুবিধা হবে। আ আগেই বলেছি যে গ্যাট চক্তিতে সবটাই আমাদের পক্ষে যাবে, আমাদের সব ক্ষেত্রেই সুবিং হয়ে যাবে এমন নয় কিন্তু আপনারা অনর্থক ভীতি প্রদর্শন করে সাধারণ মানুষের ম বিভ্রাম্ভি সষ্টি করছেন। এবং এই বিভ্রাম্ভি সষ্টি করা টিক নয়। আমি ভেবেছিলাম এই ডাঙ্কে প্রস্তাব হবার পর আমাদের অ্যাগ্রিকালচারে বিশেষ করে অসুবিধার সৃষ্টি হবে, বিশেষ ক বীজের ক্ষেত্রে। আমি সেই সন্দেহ নিরশন করবার জন্য কয়েকদিন আগে চ্চুডায় রাইস রিসা স্টেশনে গিয়েছিলাম এবং সেখানকার বিভিন্ন বৈজ্ঞানিক এবং যারা কারিগরি শিল্পের সং জড়িত তাদের সঙ্গে কথা বলেছি। আপনারা কিভাবে হাই ইয়েল্ডিং করছেন, সেই পদ্ধरি সম্পর্কে আপনারা অবগত আছেন কি না জানিনা, আমি গিয়ে পরীক্ষা করে এসেছি, সেখানকা বৈজ্ঞানিক কারিগরিতে যারা যুক্ত আছেন, ঐ শিল্পের সঙ্গে যুক্ত, তাদের সঙ্গে কথা বলো তারা দুপ্ত কণ্ঠে জানিয়েছে, আমি পরিম্বারভাবে জিজ্ঞাসা করেছি, আমরা বাইরে থেকে হা ইয়েন্ডিং ভ্যারাইটি সিড না আনতে পারি, যদি ডাঙ্কেল প্রস্তাবের বিরোধিতা হয়, তাহদে পশ্চিমবঙ্গে বীজ সাপ্লাই এর ক্ষেত্রে অসুবিধা হবে কি না? তারা বলেছেন, না, হবে না বর্তমানে যে বৈজ্ঞানিকভাবে আমরা এত উন্নত হয়েছি তাতে আমরা হাই ইয়েন্ডিং ভ্যারাইটি সিড করতে পারি। আমরা যা তৈরি করি তা পশ্চিমবাংলার মান্যের পক্ষে সম্পর্ণ প্রয়োজ ভিত্তিক হবে সেই বিষয়ে কোনও সন্দেহ নেই। এর পরে যদি আপনারা বলেন মানুযের মনে অনর্থক ভীতি সঞ্চার করেন তাহলে আমরা বলব আপনারা এটা রাজনৈতিক স্বার্থে করছেন এর কোনও বাস্তব ভিত্তি নেই। যদি টুঁচুঁড়ার রাইস রিসার্চ সেন্টারে যান, সেখানকার বৈজ্ঞানি এবং যারা কারিগরি শিঙ্গের সঙ্গে যুক্ত আছেন. তারা দ্বর্থহীন কণ্ঠে বলতে পারেন, আমর সমস্ত সিড নিজেরা তৈরি করতে পারি এবং সাপ্লাই করতে পারি। আপনারা বর্তমানে কিউ অনর্থক মানুষের মনে ভীতির সঞ্চার করছেন। আমরা জানি রাজনৈতিক উদ্দেশ্যে এই জিনিস করছেন। পশ্চিমবাংলার মানুষ আপনাদের কথায় ভুলবে না. আপনারা যতই কথায় <sup>কথায়</sup> ভাক্ষেল ভাক্ষেল করে চিৎকার করুন, আপনাদের কথায় জনসাধারণ ভুলবে না। আমি আর্গ

দ-তিনটে কথা বলব। বৈদ্যুতিকরণের ব্যাপারে বলতে চাই, বিদ্যুৎ আপনারা জানেন একটা দেশের. একটা রাজ্যের উন্নয়ন কতখানি এগিয়েছে তার একটা মাপকাঠি হচ্ছে বিদ্যুৎ। আমরা যখন ক্ষমতায় ছিলাম ৭২ সাল থেকে ৭৭ সাল পর্যন্ত আমরা বিভিন্ন গ্রামে বিদাৎ নিয়ে যাবার চেষ্টা করেছিলাম। সেই নিয়ে পরবর্তী কালে আপনারা অনেক পরিহাস করেছেন. বিদ্রূপ করেছেন। কয়েকটা খাঁটি পাঁতে দিয়ে একটা গ্রাম বৈদ্যুতিকরণ হয়ে গেয়ে, এই সব কথা বলেছিলেন। কিন্তু কিছুদিন আগে পর্যন্ত ৭৭ থেকে ৭৮, ৭৮, ৮০ সাল থেকে ৯০ সাল পর্যন্ত বহু বিদ্রাপ করেছেন। কিন্তু আপনাদের সময়ে কি দেখছি, আমরা যেটক গ্রাম নিয়ে করেছিলাম, সেটুকুও চুরি হয়ে গেছে খুঁটিগুলো, তারগুলো চুরি হয়ে গেছে। **উলেক্টিফিকেশনের মৌজা ভিত্তিক যে স্কীম আছে. যে মৌজাতে একাধিক গ্রাম আছে. প্রত্যেকটা** গ্রামে বিদ্যুৎ পৌছে দেওয়া। পুরো গ্রামগুলোকে বৈদ্যুতিকরণের জন্য ব্যবস্থা নেওয়া হয়েছিল। আমার নিজম্ব এলাকার কথা বলছি, ৩৫টা মৌজায় ইলেকটিফিকেশনের অন্তর্ভক্ত ছিল, রুর্যাল ইলেকট্রিফিকেশনের টাকা যা কেন্দ্রের কাছ থেকে আসে, জানি না সেই টাকা কোথায় যায়. আমরা দেখছি প্রতি বছর তিন চারটে করে গ্রাম প্রতি মৌজায় হবার কথা। কিন্তু ৯০ সাল থেকে কটা গ্রাম মাত্র টেক আপ করা হয়েছে। সেখানকার মান্যকে বলা হয়েছে টাকা তলে দিতে হবে। তা দেওয়া সত্তেও হয়নি। অথচ বলা হচ্ছে পশ্চিমবাংলার গ্রামণ্ডলো বৈদ্যতিকরণ করা হয়েছে। সেই জনা এই আাপ্রোপ্রিয়েশন বিলকে আমি সমর্থন করতে পার্রছি না।

শ্রী নিরুপমা চ্যাটার্জিঃ মাননীয় উপাধাক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন বিল, ১৯৯৪ এখানে পেশ করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা উল্লেখ করতে চাই। বিরোধী দলের মাননীয় সদস্য বললেন, ''আমরা পশ্চিমবঙ্গে জমিদারি প্রথা উচ্ছেদ করে কৃষকদের হাতে জমি তুলে দিয়েছি, আমাদের সময়ে এত জমি কৃষকরা পেয়েছে।" আমি এখানে প্রথমেই উল্লেখ করতে চাই যে, তার এই দাবি মোটেই সত্য নয়। আজ পশ্চিমবঙ্গে কষকরা যে জায়গায় এসে পৌচেছে তা তারা আন্দোলন, লডাই. সংগ্রামের মধ্যে দিয়ে অর্জন করেছেন। ওরা জমিদারি প্রথা উচ্ছেদ করেও চাযীদের হাতে জমি না দিয়ে সমস্ত জমি বড়লোকদের হাতে রাখার এবং লুকিয়ে রাখার ব্যবস্থা করেছিলেন। যার ফলে ঠাকুরের নামে, কুকুরের নামে, হাতির নামে জমি লুকনো ছিল। প্রথম যুক্তফ্রন্টে সরকারের আমলে তৎকালীন ভূমি-রাজস্ব মন্ত্রী কমরেড হরেকৃষ্ণ কোঙার কৃষকদের আহ্বান জানিয়ে বলেছিলেন, "তোমরাই শুধু জান যে জমিদারদের জমি কোথায় লুকনো আছে—সে জমি খুঁজে বার কর। এত দিন তোমরা জমির জন্য আন্দোলন করেছ, লডাই করেছ—কথায় কথায় সরকার পুলিশ পাঠিয়ে দিয়ে তোমাদের উপর অত্যাচার করেছে, লাঠি চালিয়েছে, গুলি চালিয়েছে, জেলখানায় পুরেছে। কিন্তু যুক্ত ফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে কৃষকদের আন্দোলন, শ্রমিকদের আন্দোলন ভাঙতে পলিশ পাঠাবে না।" তখন আমরা দেখেছি ঐ সময়ে কৃষকদের <sup>মধ্যে</sup> যে আন্দোলন গড়ে উঠেছিল সে আন্দোলনেরই ফলশ্রুতি হিসাবে পশ্চিমবঙ্গে প্রচুর পরিমাণে বেনামি লুকোনো জমি বের করে এনে উদ্ধার করা সম্ভব হয়েছিল। আমরা সে সময়ে কৃষকদের নিয়ে, শ্রমিকদের নিয়ে—ইউনিয়নের মাধ্যমে—যে আন্দোলন গড়েছিলাম, সেই <sup>আন্দোলনকে</sup> বাঞ্চাল করার জন্য মখ্যমন্ত্রী অজয় মুখার্জিকে দিয়ে বলানো হয়েছিল—সি. পি. এম নারী ধর্ষণ করছে। সি. পি. এম. নারী নির্যাতন করছে। এই সব অপপ্রচার করে, ষড়যন্ত্র

করে পশ্চিমবঙ্গে যুক্ত ফ্রন্ট সরকারকে ভাঙা হয়েছিল। যেদিন যুক্ত ফ্রন্ট সরকারকে ভাঙ হয়েছিল তার দু' দিন পরে বিভিন্ন জায়গায় ব্যাপক মারপিট হয়েছিল—সে সময় বিভি: পত্র-পত্রিকায় ব্যাপকভাবে অপপ্রচার করা হয়েছিল যে, সি. পি. এম. মানেই নারী ধর্ষণকাবি অপপ্রচারের মাধ্যমে জনগণ থেকে সি. পি. এম.-কে, বামপস্থিদের বিচ্ছিন্ন করার চেষ্টা হয়েছিল আমি সে সময়েও এম. এল. এ. ছিলাম—যুক্ত ফ্রন্ট সরকার ভাঙার পরে আমার বিরুদ্ধে কেস দেওয়া হ'ল যে, আমি নারী ধর্ষণ করেছি। আমাদের দলের আরও ৫০ জন কমবেদের সঙ্গে আমার নামেও নারী ধর্ষণের কেস দেওয়া হয়েছিল। দিল্লি থেকে নির্দেশ এসেছিল ধাওয়ান বলেছিল, 'অবিলম্বে ওকে অ্যারেস্ট করা হোক।'' পুলিশের নিরুপম সোম তখ বলেছিলেন, ''আমি নিরুপম সোম, আর উনি নিরুপমা চ্যাটার্জি।'' এখন আবার পশ্চিঃ বাংলায় নতুন করে সেই খেলা শুরু হয়েছে। নানা ভাবে প্রচার করার চেষ্টা হচেছ যে বামফ্রন্ট সরকারের রাজত্বে পশ্চিমবঙ্গে শান্তি-শঙ্খলা ভেঙে পড়েছে—আর কথায় কথায় নার্ট ধর্ষণের কথা বলা হচ্ছে। বলছে,—পশ্চিমবঙ্গে শুধই নারী ধর্ষণ হচ্ছে। এই কিছ দিন আগে গত ১৮ই মার্চ আনন্দবাজার পত্রিকায় একটা সংবাদ প্রচারিত হ'ল-বাগনানে একজন নারীকে বিবস্ত্র করা হয়েছে। প্রকৃত সত্য গোপন করে বাগনানের জনগণের মুখে মিথা কালিমা লেপন করা হ'ল। রাস্তা নিয়ে একটা গন্তগোলকে কেন্দ্র করে নারীর কাপত খল নেওয়া হয়েছে ইত্যাদি প্রচার করা হ'ল। এই সমস্ত প্রচারের মাধ্যমে রাজনীতিকে আবার ঐ জায়গায় নিয়ে যাবাব চেট্টা কবা হচ্চে।

এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর থেকে কৃষকরা তিনটে করে ফসল ফলাচ্ছে এবং সেই ফসল তারা তাদের ঘরে তুলছে। অতীতে আমরা কি দেখেছি? তারা একটা ফসলও ঘরে তুলতে পারত না। একেই কংগ্রেস সরকার ভ্রান্ত দামোদর পরিকল্পনার মাধ্যমে রাজ্যের ব্যাপক অংশের সর্বনাশ করেছে, আমানে জেলাকে ভাসিয়ে দিয়েছে। তারপর আমরা দেখেছি কংগ্রেস আমালে কৃষক মাঠের ধান মাঠ থেকে তুলে নিয়ে যেতে পারত না। বামফ্রন্ট সরকার কৃষকদের পাশে গিয়ে গাঁড়াবার বাল তারা তাদের ফসল তুলতে পারছে এবং বামফ্রন্ট সরকার ব্যাপকভাবে নদী-নালা কেই, শ্যালো টিউবওয়েল বসিয়ে, ডিপ টিউবওয়েল বসিয়ে, রিভার লিফ্ট বসিয়ে সেচের ব্যবহা করে দেওয়ার ফলে তারা তিনটে ফসল ফলাচ্ছে। ফলে আজ পশ্চিমবঙ্গ ধান উৎপাদনে গোটা দেশে প্রথম স্থান অধিকার করেছে। আমি বিরোধী সদস্যদের বলছি, চলে যান চার্যীর ঘরে, জিজ্ঞাসা করুন তাদের, দেখবেন তারা বলে দেবে বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে বিকরেছে।

[4-10 — 4-20 p.m.]

এই সীমিত ক্ষমতার মধ্যে দাঁড়িয়েওে ভূমি রাজস্বমন্ত্রী প্রতিটি গ্রাম পঞ্চায়েতে কৃষকরে সূবিধার জন্য ভূমি অফিস করে দিয়েছেন। মাননীয় বিরোধী দলের সদস্য বলছিলেন যে, ও জমি খাস হয়ে গিয়েছে, যে পুকুর খাস হয়ে গিয়েছে সেই গুলি কি ভাবে বন্টন হবে। আপনাদের জানা উচিত প্রতিটি পঞ্চায়েত সমিতিতে ল্যান্ডের কটি তৈরি হয়েছে, তানের মাধ্যমেই পাট্টা দেওয়া হচ্ছে। এর মাধ্যমে অনেক চাবীকে জমি দেওয়া গেছে, ভূমিহীনদের জমি দেওয়া গেছে, বাস্ত হারাদের বাস্ত দেওয়া গেছে। এই সীমিত ক্ষমতার মধ্যে সাঁড়িয়েও

এই সরকার এই কাজ করেছে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়েও পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এই কাজ করার চেন্টা করছে। শিল্পে আজকে ভয়ঙ্কর দূর্দিন। ভারতবর্ষে ৯০ কোটি মানুষের বাস, কেন্দ্রের কংগ্রেস সরকার যে নীতি নিয়েছেন সেই নীতির ফলে সমস্ত মানুষকে তারা ঘোর বিপদের পথে ফেলে দিচ্ছেন। বড় শিল্পকে একেবারে শেষ করে দেওয়া হচ্ছে। আজকে বিদেশীদের কাছে ভারতবর্ষের দ্বার উন্মক্ত করে দেওয়া হচ্ছে, বলা হচ্ছে ভারতবর্ষকে তোমরা লটেপ্টে খাও. ভারতবর্ষকে তোমরা লুষ্ঠন করে নিয়ে যাও। ক্ষকদের জমি বন্ধা করে দাও। ভাঙ্কেল প্রস্তাব এনে ভারতবর্ষকে একেবারে শেষ করে দেওয়া হচ্ছে। এই অনুস্থার মধ্যে দাঁডিয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সীমিত ক্ষমতা নিয়ে লড়াই করে যাচ্ছে। আজকে কেন্দ্রের কংগ্রেস সরকার যেভাবে গরিব মানুষের উপর ট্যাক্সের উপর ট্যাক্স চাপাচ্ছেন, খেটে খাওয়া মানুষ, দীন মজুরদের ঘাড়ে যেভাবে ট্যাক্সের বোঝা চাপাচ্ছেন, রেলের ভাড়া যেভাবে বাড়িয়ে দেওয়া হচ্ছে তাতে সাধারণ খেটে খাওয়া মানুষদের জীবন নির্বাহ করা কঠিন হয়ে পড়েছে। রেশনে জিনিসের দাম বাড়িয়ে দেওয়া হচ্ছে। লোকসভার মিটিং না ডেকে অগণতান্তিক পদ্ধতিতে ডিজেল, পেট্রল, চাল, গম, চিনির দাম বাড়িয়ে দেওয়া হচেছ। তারা যে বলেন গণতদ্রের বিশ্বাস করি, গরিব মানুষের জন্য লড়াই করি, এই সব অসত্য কথা। দেশের মান্যকে বিপদের মধ্যে ঠেলে দিয়ে তারা নাকি দেশের ভাল করছেন। আজকে ডাঙ্কেল প্রস্তাব পাশ করতে চলেছেন, এর মাধ্যমে দেশের কৃষকদের সর্বনাশ করতে যাছেন। আজকে ভারতবর্ষের মানষ পদযাত্রার মাধ্যমে এই ডাঙ্কেল প্রস্তাবকে প্রত্যাখান করতে চাইছে। আমাদের কৃষান সভার পক্ষ থেকে আন্দোলনের ডাক দেওয়া হয়েছে, শ্রমিক আন্দোলনের ডাক দেওয়া হয়েছে। এই সীমিত ক্ষমতার মধ্যে দাঁডিয়েওে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার শিল্পে উন্নতি করবার চেষ্টা করছে। এই সরকার গরিব মানুষের কি করে ট্যাক্স কমানো যায় তার চেষ্টা করছে। বামফ্রন্ট সরকারের প্রতিটি বাজেট গরিব মানুষের পক্ষে, তাদের উপর ট্যাক্স যাতে বেশি না পড়ে তার জন্য এই সরকার আপ্রাণ চেষ্টা করছে। সেই তুলনায় কেন্দ্রীয় কংগ্রেস সরকারের নীতি আকাশ পাতাল তফাৎ। আজকে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে নানা কথা প্রচার করা হাক না কেন. আমি বলতে পারি সেটা জনগণের মধ্যে সেটা দাগ কাটছে না। আজকে কৃষকরা বোকা নয়, তফসিলি জাতি এবং আদিবাসীরা মানুষ জন বোকা নয়। আজকে তাদের শিক্ষার মান বাড়ছে। গ্রামবাংলার মানুষের মধ্যে বিনা বেতনে শিক্ষার ব্যবস্থা করার ফলে আজকে শিক্ষার ক্ষেত্রে একটা নৃতন অবস্থার সৃষ্টি হয়েছে, ফলে তাদরে চেতনা বাড়ছে। এই ক্রতনার মধ্যে দিয়ে তারা এগিয়ে আসছে। আজকে স্বাক্ষরতা অভিযান শুরু **হয়েছে।** গ্রামবাংলার <sup>মানুষকে</sup>, গরিব মানুষকে উন্নত চেতনায় উদ্বন্ধ করা হচ্ছে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার তার যে কাজ তার যে উন্নতি সেই উন্নতি অব্যহত রাখার <sup>টেম্টা</sup> করছে। আজকে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করে পঞ্চায়েতের মাধ্যমে সমস্ত কাজ করা হচ্ছে। <sup>এই</sup> পঞ্চায়েতের মাধ্যমে কাজ করিয়ে বন দপ্তর তাদের কাজের অনেক অগ্রগতি ঘটিয়েছে। <sup>যার জন্য</sup> দিল্লির সরকার বাধ্য হয়েছে এই সরকারকে পুরস্কার দিতে। আজকে মংস্য দপ্তরে <sup>যে কাজ</sup> হয়েছে সেই কাজ দেখে দিল্লির সরকার বাধ্য হয়েছে বার বার প্রথম প্রাইজ দিতে।

আজকে আমরা মনে করি থে, কৃষি বিভাগের পক্ষ থেকে কৃষির উন্নয়ন যা হয়েছে তা দেখে আমরা বলতে চাই ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা এই উন্নয়নের মধ্যে দিয়ে যে ক্ষ**প্রগতি ঘটেছে, এটা আম**রা মনে করি বিশেষ পরিস্থিতির উপরে দাঁডিয়ে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তাদের কাজকে এগিয়ে নিয়ে যাচেছ। যেদিন থেকে এই সরকার ক্ষমতায় এসেছে সেদিন থেকে আইন-শন্থলা বিপন্ন বলে ওরা প্রচার চালাচ্ছেন। ওরা বলছেন পুলিশ খাতে ব্যয় বাডানো হক্তে কেনং যে দেশে ৯০ কোটি মানষ, সাধারণভাবে পশ্চিমবাংলায় সেইভাবে জনসংখ্যা বেডেছে। এই অবস্থায় আমরা দেখতে পাচ্ছি, এখানে আডমিনিস্টেশনে যে পরিকাঠামো থাকা দরকার, সেই অনুপাতে পুলিশ নেই, সেই অনুপাতে ব্যবস্থা নেই। অথচ সেই ব্যবস্থা যদি আজকে গড়ে তোলা না যায় তাহলে অবস্থাটা কোথায় যাবে? ভারতবর্ষে কংগ্রেস সরকার যে ভাবে প্রশাসনকে গড়ে তুলেছেন, পশ্চিমবাংলার প্রশাসনকে এখানকার আইনকে দুর্বল করার জন্য চেষ্টা করছেন। সেজন্য আমি মনে করি, অর্থমন্ত্রী যে ব্যয় বরাদ বাড়িয়েছেন এটা ঠিক। পলিশকে রেশন দেওয়া হচ্ছে কেন বলা হচ্ছে। আমরা ছোটবেলা থেকে দেখছি পলিশ আইন-শঙ্কলা রক্ষার জনা যে ভাবে ব্যস্ত থাকেন, রেশনিং সিস্টেম দীর্ঘদিন ধরে চলছে, এই সিস্টেমকে বাতিল করার কোনও প্রশ্ন উঠে না। তাদের যে ডিউটি যেভাবে তাদের বিভিন্ন জায়গায় যাতায়াত করতে হয়, তাদের পরিবার পরিজন আছে, তাদের বাঁচানোর দরকার আছে। আজকে আমরা দেখছি, কংগ্রেসিরা ভাইয়ে ভাইয়ে, স্বামী-স্ত্রীর গন্ডগোল হলে সব জায়গায় ঢকে বসে আছে। চারিদিকে গভগোল হলে তারা ঢকে পডছে। পশ্চিমবঙ্গ সরকারকে শান্তি শঙ্কালা রক্ষা করতে হচ্ছে। জমির পরিমাণ কম, বাস্তর পরিমাণ কম, রাস্তার পরিমাণ কম, ভাইয়ে ভাইয়ে মারামারি হচ্ছে, শান্তি শৃঙ্খলা রক্ষা করার জন্য সেখনে পুলিশকে যেতে হচ্ছে। স্কমি স্বায়গার লডাইকে কেন্দ্র করে আইন শন্ধলা বিঘ্লিত হচ্ছে, তারজনা পুলিশকে ব্যবহার করা হচ্ছে। রাজ্য সরকার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁডিয়ে যে ভাবে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছে, এই অগ্রগতিকে আমরা আরও এগিয়ে নিয়ে যেতে পারব। এই কথা বলে এই আ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শোভদদেব চট্টোপাখ্যায় ঃ মাননীয় উপাধ্যক মহাশয়, অসীমবাবু যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এখানে রেখেছেন—আজকে হাউসের অবস্থা খুব শোচনীয়, দু'জন মন্ত্রী উপস্থিত আছেন, আর অসীমবাবু নিজেই চলে গিয়েছেন, যিনি বিল পেশ করেছেন তিনি চলে গিয়েছেন—এই বিলের অনুমোদন দিছে আমার কোনও আপত্তি ছিল না যদি এই বিলের যে খরচ তা যদি যথাযথজাবে হোও। এই খরচ যেহেতু যথাযথ ভাবে হয় না এবং এর দ্বারা সত্যিকারের কিছু হয় না। এখানে বাজেট বজ্জার সময় আপনারা টেবিল চাপড়ান এটা আমি দেখেছি। পরবর্তীকালে, হাসপাতাল বলুন, বিদ্যুতের কথা বলুন, প্রামীণ বিদ্যুতের কথা বলুন, রাজাবাটের কথা বলুন, সরকার পক্ষের সদস্যরা চিংকার, করেন, ওধু আমরা নই। এর থেকে বোঝা যায়, উনি যে খরচের অনুমোদন চেয়েছেন ডা আমরা দিছে পারছি না। অসীমবাবুকে ভাল লাগছিল যখন তিনি বজ্জা শেব করলেন। আজকে ফিনান্স বিলের উপরে যখন বজ্তা শেব করলেন—আজকে আসতে একটি বাসে দেখছিলাম লেখা আছে 'ম্যান ইজ অ্যান্টর গড় ইজ ডিরেক্টা'—আমার মনে হাছিল অসীমবাবুর ক্ষেত্রে এই কথা প্রযোজ্য। তিনি বজ্তা করতে করতে কখনও পারের উপরে মাড়িরে লাফান, কখনও আওয়াজটা বাড়ান, কখনও কমান। এই সবের দ্বারা তিনি বোঝাতে চান যে কত ভাল বজ্জতা তিনি করেন। তিনি এইভাবে কনভিল করতে চান।

[4-20 — 4-30 p.m.]

ম্যান ইজ আক্টর, অসীমবাব যতই অভিনয় করুন বাংলার মান্যকে এই অভিনয় করে ' ভোলাতে পারছেন না, বাংলার অগ্রগতি হচ্ছে না। যে কথাগুলি বলেছেন আপনারা অনেক আগে সেই কথাগুলির সঙ্গে আপনারা আজকে মেলাতেও পারছেন না। অসীমবাবকে ধন্যবাদ জ্ঞানাচিছ. তিনি কথা প্রসঙ্গে ডাঙ্কেল প্রস্তাব নিয়ে আলোচনা তুলেছেন, সেই একই কথা ধান ভাঙতে শিবের গীত, যে কোনও প্রসঙ্গ উঠলেই একবার দোষটা দিল্লির ঘাডে দিয়ে দিলেন। একট আগে দিদি তিনিও ডাঙ্কেল প্রস্তাব নিয়ে কথা বলছিলেন। উনি একটা কথা সতা কথা বলেছেন, সোভিয়েত রাশিয়ার পতনের পর নতন যে শক্তির মেরুকরণ হল, যে কারণের জন্য এই উন্নয়নশীল দেশগুলি একটা শক্তির কাছে নির্ভর করতে পারত, সেই শক্তি ভেঙে পড়ার জন্য আজকে উময়নশীল দেশগুলির উপর একটা চাপ আছে, এটা অস্বীকার করা যায় না। উনি এ পর্যন্ত স্বীকার করেছেন, সোভিয়েত ভেঙে পড়ার কারণে যে নতন চাপ সৃষ্টি হচ্ছে, যেটা বাস্তব কথা—তার জন্য উন্নয়নশীল দেশগুলি গ্যাটচ্ন্ডির মাধ্যমে একত্র হতে চাচ্ছে, আজকে যে চাপ সৃষ্টি হচ্ছে এটা ভারতবর্ষের প্রধানমন্ত্রী স্বীকার করেছেন, অসীমবাব একা স্বীকার করেননি, আমাদের দেশের প্রধানমন্ত্রী স্বীকার করেছেন, তিনি বলেছেন এর জন্য আমাদের সঙ্ঘবন্ধ হতে হবে। কিন্তু আমরা সঙ্ঘবন্ধ হতে পারিনি। আলজেরিয়ার নেতত্বে ৩৭টি উন্নয়নশীল দেশ এই গাটেচক্তির, ডাঙ্কেল চক্তির বিরোধিতা করতে চেষ্টা করেছিল, বাস্তব সত্যটা কি. অসীমবাব থাকলে নিশ্চয় বলতেন। আলজেরিয়ার নেতৃত্বে যে সমস্ত দেশগুলি বিরোধিতা করেছিল, আজকে দেশগুলি বলছে, অবিলম্বে চক্তিতে সই করতে হবে, পারেনি চাপ সহা করতে। তার মল কারণ হচ্ছে, যেটা অসীমবাব টাঁচ করে গেলেন আমরা বলতে চাচ্ছি এই যে বাস্তবকে অম্বীকার করার প্রবণতা বা ম্ববিরোধিতা করা এই ইতিহাসটা আপনাদের নৃতন নয়। আপনাদের দীর্ঘদিনের ইতিহাস। ৫০ এর দশকে কি বলেছেন, ৫০ এর দশকে বলেছেন টু রেক দি কলটিটিউশন ফ্রম উইদিন, সংবিধানকে ভাঙবার জন্যই আমরা সংবিধানের সযোগ গ্রহণ করব। আজকে সেই সংবিধান আপনারা মেনে চলছেন বা ঐ নিয়মগুলি মেনে চলবেন বলেছেন। দীর্ঘকাল হয়ে গেছে, সংবিধান ভাঙতে পারেননি আরও বেশি করে ঢকেছেন এবং তার সযোগ সবিধা গ্রহণ করেছেন। আজকে আপনারা যা বলেছেন পরবর্তীকালে সেইগুলি মেনে নিয়েছেন। এখানে দাঁড়িয়ে অসীমবাব বুড়ো আঙুল দেখাচ্ছিলেন, আমার মনে পড়ে যাচ্ছিল ৭০ এর দশকে বিমানবাবকে, এমনি করে বড়ো আঙ্কুল দেখিয়ে বলেছিলেন ম্যাকনামারাকে তোমায় নামতে দেব না। যেমন করে আজকে অসীমবাবু বললেন, উপহাস করে—ইতিহাস আপনাদের উপহাস করে—৫০-এর দশকে যে কথা বলেছিলেন সেটা রক্ষা করতে পারেননি, সংবিধান ভাঙবার জন্য সংবিধানের মধ্যে আসবেন, পেরেছেন আজকে তো '৯৪ সাল ? আরও ১০০ বছর পার হয়ে যাবে, আপনাদের ইতিহাস আপনাদের <sup>উপহাস</sup> করবে। ঠিক যেমন করে ৭০ এর দশকের বিমানবার, অসীমবারদের উপহাস করে। আজকে অসীমবাবর এই দছক্তি আমি জানি না দশের রাজনীতির মধ্যে কতদিন থাকতে পারব, যদি থাকি সেদিন আমরা দেখাতে চাই. অসীমবাব যে বুড়ো আঙুল দেখিয়েছেন, আজকে যদি তিনি বলতে পারতেন বিশ্বব্যাঙ্কের টাকা নেব না, আমি ব্রুতাম হাাঁ বাপের <sup>বেটা।</sup> আমি বুঝতাম এই দন্ত মানায়, মানাচ্ছে না, এইগুলি ফাঁপা, এইগুলি<sup>-</sup> মানাচ্ছে না।

যেহেতু মেনে নিয়েছেন সেইজন্য বলছি এইগুলি ফাঁপা আওয়াজ।

কয়েকদিন আগে জ্যোতি বসু বললেন মাল্টিন্যাশনালিস্টদের আমাদের দেশে আসতে দিতে হবে। আবার এখানে বলছেন মাল্টি ন্যাশনালিস্টদের এখানে আসতে দেব না। প্রতি মহর্তে আপনারা বিরোধী বক্তব্য রাখছেন, আর এদিকে বিদেশি শক্তির সঙ্গে হাত মেলাচ্ছেন। বক্রেশ্বরের ব্যাপারে বিদেশি শিল্পপতিদের সঙ্গে হাত মেলাবেন বলে ঘোষণা করেছেন, হলদিয়ার ব্যাপারেও বিদেশি শক্তির সঙ্গে হাত মেলাবেন বলে ঘোষণা করেছেন। আপনারা কোনওটা চাইছেন এটা আমরা আপনাদের বক্তৃতা থেকে বুঝতে পারছি না। আজকে আপনারা বক্তৃতা করতে গিয়ে বার বার বলেন আমরা কম্যুউনিস্ট। আজকে তো আমাদের ব্রুতে অসুবিধা নেই. কে কমাউনিস্ট, আর কে কমাইনিস্ট নয়। 'বিপ্লব স্পন্দিত বকে মনে হয় আমি **লেলিন'। বৃহৎ পুঁজিবাদের পক্ষে আপনা**রা ওকালতি করবেন, আবার বিরোধী কথা বলবেন. আবার যখন দরকার হবে তখন সমর্থন করবেন, এটা হয় না। পুঁজির সঙ্গে ব্যবসা করে পঁজি বাডানো যায়, কিন্তু পঁজির বিরুদ্ধে লগ্নি করে পঁজি বাডানো যায় না। অসীমবাব যে এপ্রোপিয়েশন বিল চাইছেন আমরা তা দিতে পারছি না। কত টাকা আপনি গ্রামীণ উন্নয়নের ক্ষেত্রে খরচ করেছেন? ১১৮.৫ কোটি টাকার থেকে বেডে ১৬৫.২৭ কোটি টাকা হয়েছে। তাহলে আপনি কত টাকা বাড়িয়েছেন? খুবই সামান্য, মাত্র ৪৪ কোটি টাকার মতো বেড়েছে। যেখানে কেন্দ্রীয় সরকার দৃ'হাজার কোটি টাকার মতো বাডিয়েছেন, সেখানে আপনারা বাডিয়েছেন মাত্র ৪৪ কোটি টাকা। গ্রামীণ উন্নয়ন আপনার কি হয়েছে? গ্রামের লোক বিদ্যুতের জন্য দরখান্ত করেও বিদ্যুৎ পাচ্ছে না। আমি একবার রুর্য়াল বৈদ্যুতিকরণের যে অফিস আচে সেখানে একবার গিয়েছিলাম। ১৯৮০ সাল থেকে নতন বিদ্যুতের জন্য আবেদন করে বদ্যু আছে. কিন্তু লাইন পাওয়া যাচেছ না। আমাদের রাজ্যে বিদ্যুৎ এত বেশি উৎপাদন হচ্ছে 🔅 বাইরে নাকি বিক্রি করতে হচ্ছে। অসীমবাব আপনি আমার সঙ্গে বালিগঞ্জ থেকে লক্ষ্মীকান্তপর অবধি যাবেন, দেখবেন রেল লাইনের দুপাশে তাকিয়ে, দেখবেন সেখানে ভধু অন্ধকার। বিদুং সেখানে থাকে না। গ্রামীণ **উন্নয়ন কি হ**য়েছে? কোথাও রাস্তাঘাট হয়েছে? জওহর রোজগার যোজনার জন্য টাকা দেওয়া হচ্ছে, আর আপনারা সেই টাকা অন্য খাতে খরচ করেছেন। এখানে কি তাহলে মিস এপ্রোপিয়েশনের জন্য টাকা দেওয়া হবে। আমি আপনাকে বলি আমাদের রাজ্যে স্বাস্থ্য ক্ষেত্রে একটা প্রচন্ড অস্বাস্থ্যকর অবস্থা চলছে। এই সরকার ২.২ পারসেন্ট টাকা স্বাস্থ্য খাতে রেখেছেন। এই টাকা দিয়ে হাসপাতালে চিকিৎসা হয় না। হাসপাতালগুলিকে লোকে বলছে ওয়ান ওয়ে ট্রাফিক। এক রাস্তা দিয়ে লোকে হাসপাতালে ঢোকে. আর অন্য রাস্তা দিয়ে শ্বশানে চলে যায়। আমার ওখানে একটা হাসপাতাল আছে সেখানে গাইনির চিকিৎসা হয়, কিন্তু সেখানে কোনও গাইনির ডাক্তার নেই। সেখানে চিকিৎসা করতে গেলে ডাক্তারে বলছে তুমি কলকাতার হাসপাতালে চলে যাও। হাসপাতাল আছে ডাক্তার আছে অথচ তারা চিকিৎসা করতে পারবে না। গ্রামে বিদ্যুৎ থাকে না, যদিও <sup>বা</sup> থাকে এত লো ভোল্টেজ যে ছেলেমেয়েদের লেখাপড়া করার জন্য আবার একটা কেরোসিনের লম্ফ লাগছে। পশ্চিমবাংলায় আজকে যে পরিমাণ কলকারখানা বন্ধ হয়ে আছে তাতে আজকে এখানে বিদ্যুৎ সারপ্লাস হওয়া উচিত, কিন্তু বিদৃৎ থাকছেই না। আজকে গ্রামের <sup>লোক</sup> আপনারা বিদ্যুৎ দিতে পারছেন না। ১৯৮০ সাল থেকে আবেদন করেও লাইন পাচ্ছে না।

কোনও জায়গায় পোল লাগলে লোককে তার দাম দিতে হচ্ছে, লোকেরা তা এপ্রিও করছে, কিন্তু তারা বিদ্যুতের লাইন পাচ্ছে না। এর পরেও কি আপনি বলবেন এই বিলকে আমরা সমর্থন করব।

[4-30 — 4-40 p.m.]

কি রকম? গত তিন বছরে জ্যোতিবাবু বিদেশ গিয়েছেন বছবার। গত তিন বছরে আমাদের রাজ্যে এন. আর. আই.-দের ইনভেস্টমেন্ট কত? ১২ কোটি ৫ লক্ষ টাকা। আর জ্যোতিবাবর এই বিদেশ সফরে কয়েক বছরে খরচ হয়েছে কত? জ্যোতিবাবুর বিদেশ সফরে যত খরচ হয়েছে তার কতগুণ টাকা এখানে বিদেশ থেকে ইনভেস্টমেন্ট এসেছে অর্থমন্ত্রী তার ক্রবারি ভাষণে আশা করি সেটা বলবেন। আর আপনারা কোনও শিল্পের কথা বলছেন জানি না—চানাচর শিল্প কিনা জানি না কিন্তু আমরা দেখছি ১০০ কোটি টাকার প্রোজক্টে এখানে একটির বেশি দটি হয়নি। তাহলে কিসের জোরে আপনারা লাফাচ্ছেন? এর পর বেকারদের কথায় আমি আসছি। কংগ্রেস আমলে এখানে বছরে অ্যাভারেজে ২১ হাজার লোকের চাকরি হয়েছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে আর সেখানে আপনাদের আমলে এই ফিগারটা কত? এখানে ১৯৯২/৯৩ সালের হিসাবটা দেখছি মাত্র ৭ হাজার। এটা কি তাহলে শিল্প, কলকারখানা এখানে তৈরির নিদর্শন? এন. আর. আই. ইনভেস্ট তিন বছরে কত তা আগেই বলেছি, আর আপনাদের ইনভেস্টমেন্ট হচ্ছে ৪৯২ কোটি টাকা। এই নিয়ে কি আপনারা এখানে শিল্পের বনা বইয়ে দেবেন ? অথচ এই সময়ে মহারাষ্টে হচ্ছে মোর দ্যান ১০ হাজার ক্রোরস। আর ওরা প্রায় এক লক্ষ কোটি টাকার প্রোজেক্ট নিয়ে নেমেছেন। অসীমবাবু বলেছেন এখানে নাকি শিল্পের বন্যা বইয়ে দেবেন। সেইসব শিল্পকারখানা কি ভাবে হবে, বন্ধ কারখানাগুলি কবে খলবে, সোকের চাকরি কবে হবে তার পরিষ্কার চিত্র কিন্তু তিনি দিলেন না। তারপর আমাদের রাজ্য সরকারের পরিচালনাধীন যে কারখানাগুলি রয়েছে সেগুলির অবস্থা কিং তাতে কত টাকা আপনারা বরাদ করেছেন? জ্যোতিবাবু ১৯৯১ সালে বলেছিলেন, এখানে ৫ লক্ষ বেকারকে চাকরি দেবেন। নির্বাচনের আগে এই প্রতিশ্রুতি আপনারা দিয়েছিলেন, এখন বলুন. সেই কাজ আপনারা করতে পেরেছেন কি? না, পারেন নি। শুধু শিল্পের অবস্থায় এখানে খারাপ তাই নয়, শিক্ষা, সংস্কৃতি থেকে আরম্ভ করে সমস্ত ক্ষেত্রেই এখানে অচলাবস্থা চলেছে। শিক্ষা ক্ষেত্রের অচলাবস্থার কথা বারবার এখানে আমরা বলেছি। একটা বিশ্ববিদ্যালয় ছাড়া নতুন বিশ্ববিদ্যালয় হল না। তিন বছরের মধ্যে নতুন স্কুলের অ্যাপ্রভাল দিলেন না-প্রাইমারি থেকে সেকেন্ডারি পর্যন্ত নতুন কোনও স্কুলের আ্যাপ্রন্ডাল দিলেন না। কাজেই এখানে শিক্ষার প্রগতি কি রকম হচ্ছে সেটা সহজেই অনুমান করতে পারছেন। এক জায়গায় কিন্তু প্রগতি <sup>হচ্ছে</sup>। সেটা কোথায়? সেটা হচ্ছে পুলিশে। পুলিশে দারুন কাজ হচ্ছে। গত ৫ বছরে এখানে পুলিশ ১ হাজার ৮০ বারগুলি চালিয়েছে। শ্রী জ্ঞান সিং সোহনপালের প্রশ্নের উত্তরে এই <sup>বিধানসভাতে</sup>ই জানানো হয়েছে যে পুলিশ এখানে ১ হাজার ৮০ বার গুলি চালিয়েছে ৫ <sup>বছরে।</sup> আর এরজন্যই আরও ৪০ কোটি টাকা পুলিশের জন্য আপনারা বাড়তি চেয়েছেন। পুলিশের জনা এই যে বাডতি বরাদ্দ চেয়েছেন এই পুলিশের কাজ কি? এই পুলিশের কাজ হচ্ছে আমরা দেখলাম বালুরঘাটে একটি বাচ্ছা ছেলে যে তার প্রধান শিক্ষককে মারা হয়েছে <sup>বলে</sup> প্রতিবাদ জানাতে গিয়েছিল তাকে পুলিশ গুলি করে মারল। তার হাতে তো বন্দুর

পাইপগান, বোমা ছিল না। বলতে পারেন পার্থ সিংহ রায় কি অপরাধ করল. আপনাদের পুলিশ যাদের জন্য রেশন ব্যবস্থা করেছেন এবং প্রতি বছর বরাদ্দ বাড়াচ্ছেন, প্রায় ৪৪০ কোটি টাকার উপর বরান্দ ধরেছেন, এই পুলিশ শান্তি রক্ষা করছে না আরও বেশি করে অশান্তি বৃদ্ধি করছে? আজকে ১৭ বছর পুলিশের থানার লক আপে প্রায় ৭২ জন মহিলা লাঞ্জিত হয়েছে এবং পুলিশের লক আপে আজকে ধর্ষণ হয়েছে. নিহারবানুর ঘটনা সকলেই জানেন। এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলে আপনারা পুলিশের খাতে টাকা বাডাচ্ছেন. কারণ আপনারা জানেন পুলিশ ছাড়া আপনারা ক্ষমতায় আসতে পারবেন না। অতএব পুলিশকে হাতে রাখতে হবে। সমাজ বিরোধী এবং পুলিশের জোট ছাডা পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার নৃতন করে ফিরে আসতে পারবে না। তাই পুলিশকে আপনারা হাতে রেখেছেন যে পুলিশ নির্বিচারে গুলি চালায়, নারী ধর্ষণ করে, ছাত্র হত্যা করে। আমি নিজে নিগম গ্রামে গিয়েছিলাম বর্ধমানে, সেখানে কি দেখলাম, ১৭০টা বাডি পড়িয়ে দেওয়া হয়েছে পুলিশের সামনে, পোড়া গবাদি পশু পড়ে আছে, আমি নিজে দেখে এসেছি, পলিশের সামনে এই ঘটনা ঘটানো হয়েছে. পলিশ দাঁড়িয়ে এই ঘটনা দেখেখে. কোনও বাধা দেয়নি। ১৭০টা লোকের বাড়ি পড়ে গেছে। এখনও পর্যন্ত সেই বাডিগুলো সারানোর পর্যন্ত চেষ্টা করা হয়নি। এদের জন্য মন্ত্রী মহাশয় বায় বরাদ্দ চাইছেন, এই টাকা আমরা দিতে পারছি না, কারণ দিলে অন্যায় করা হবে। যারা গ্রামে বিদ্যুৎ দিতে পারে না, হাসপাতালে চিকিৎসার বদোবস্ত করতে পারে না, রাস্তাঘাট সারাতে পারে না, গ্রামের মানুযুকে বিদ্যুৎ দিতে পারে না, নারীদের সম্মান দিতে পারে না. সেই সমাজ বিরোধী পলিশের জন্য যে ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য এখানে দাবি পেশ করা হয়েছে তাকে সমর্থন করতে পারছি না, আমি এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ কর্মছি।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এখানে এনেছেন, তাকে আন্তরিকভাবে সমর্থন করছি। মাননীয় শোভনদেববাবু এখানে বিভিন্ন বিষয়ে অনেক কথা বললেন। আমি ওকে অনুরোধ করব, ৭২ সালের ডিবেটগুলো বোধ হয় ছাপা হয়েছে, গিয়ে দেখে আসতে পারেন, কংগ্রেসের লোক গৌতম চক্রবর্তী, তিনি বলেছেন যে বিদ্যুতের তার লাগানো হয়েছে, সেখানে কাপড় টাঙানো হচ্ছে, এটা লাইব্রেরিতে আছে পড়ে দেখবেন। এটা কেন হয়েছিল? আমাদের ঘাড়ে যে দোষ দিচ্ছেন তার প্রধান কারণ হচ্ছে আপনাদের যে পাপ সেই পাপ আমাদের বহন করতে হচ্ছে। গান্ধীজীর জন্ম শতবার্ষিকীতে যে টাকা অ্যালটেড হয়েছিল কর্যাল ইলেকট্রিফিকেশনের জন্য সেই টাকা গত তিন বছরে আসছে না. যেটক আসছে তা দিয়ে এখানে কাজ করা যায় না।

[4-40 — 4-50 p.m.]

তখন বরকত মিএগ মন্ত্রী ছিলেন, তখন কন্ট্রাক্টরদের কথায় কাজ হ'ত। যাই হোক, ওরা বলছেন—এখন কোনও কাজ হচ্ছে না; কিন্তু কেন হচ্ছে না? ওরাই দিল্লি থেকে কর্যাল ইলেক্ট্রিফিকেশনের জন্য কোনও টাকা দিচ্ছেন না, সেই জন্য কোনও কাজ হচ্ছে না। তারপর ওরা পুলিশ বাজেট নিয়েও অনেক কথা বললেন। অবশ্য আমরা জানি বিরোধী দলে থাকলে ঐ রকম কথাই বলতে হয়। তবুও আমি ওদের একটু খোঁজ নিতে অনুরোধ করব যে, দিল্লিতে তো ওদের সরকার আছে—সেখানে পুলিশের খরচ কমছে, না বাড়ছে। আগে

এখানে এম. এল. এ.-দের পাহারা দেবার জন্য সিকিউরিটি গার্ডের প্রয়োজন হ'ত না। এখন অবস্থা এমন হয়েছে এম. এল. এ.-দের পাহারা দেবার জন্য তাদের সঙ্গে সিকিউরিটি গার্ড দিতে হচ্ছে এবং কংগ্রেস এম. এল.-দের বেশি করে দিতে হচ্ছে। এখন প্রত্যেক এলাকায় লোকসংখ্যা বেডেছে, বে-আইনি বন্দক ও চরি-ডাকাতি বেডেছে। কাজেই পুলিশি ব্যবস্থাও বাডাতে হচ্ছে। সাথে সাথে পলিশের জন্য খরচও বাডছে। কিন্তু এই প্রসঙ্গে একটা কথা বলতে হচ্ছে যে, রেশনের মাধ্যমে পুলিশ কর্মচারিদের চাল, ডাল, তেল ইত্যাদি কংগ্রেস আমল থেকে দেওয়া হচ্ছে। এটা এখন আর বন্ধ করা যাবে না। এর সঙ্গে পলিশের বেতন বাডছে, ডি. এ. বাডছে। অর্থাৎ পলিশ খাতে সব রক্তম খরচই বাডছে এবং যদি এই বিভাগকে সঠিক পথে পরিচালিত করতে হয় তাহলে আমার ধারণা এই খাতের ব্যয়-বরাদ্দ আগামী দিনে আরও বাডবে। কেন? আমি সবিনয় বলব. পুলিশ স্টেশন বা থানা এক মাত্র জায়গা যেখানে ২৪-ঘন্টা অফিস খোলা থাকে--কিন্তু বেশির ভাগ থানায় গিয়ে সাধারণ মান্য বসবার দাঁডাবার জায়গা পায় না। বেশিরভাগ থানার বাডিগুলো মাদ্ধাতার আমলের—ছাদ দিয়ে জল পড়ে সব কাগজ-পত্র নম্ভ হয়ে যাচছে। কোনও থানায় ওয়েটিং হল নেই। অথচ প্রতিদিন সব থানাতেই প্রচুর মানুষকে যেতে হয়। এই অবস্থার প্রতিকারের জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলব—অপোজিশনের সদস্যরা যাই বলন না কেন. আপনি পলিশের বিভিন্ন অ্যামিনিটিস বাডাবার জন্য যতটা পারেন উদ্যোগ গ্রহণ করুন। অধিকাংশ থানাগুলোর বাডি ঘরের সংস্কার এবং বাডি ঘর নতন করে নির্মাণ করা একান্ত প্রয়োজন। বহু থানায় আর. টি. সেট নেই। অবিলম্বে আর. টি. সেট সরবরাহ করা প্রয়োজন। সাথে সাথে রাজ্যে থানার সংখ্যা বাডানো ভীষণভাবে দরকার। শোভনদেববাব এখানে বললেন, 'আপনারা রুর্যাল ডেভেলপমেন্টে সামান্য কিছ টাকা বাডিয়েছেন, অথচ রুর্য়াল ডেভেলপমেন্টে সেন্ট্রাল কত বাডিয়েছে দেখন।' আমি কিন্তু মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি--্যে কাপড এদিকে টানলে ওদিকে হয় না, সেই কাপড়ের মতো সামর্থ নিয়ে মাননীয় অর্থমন্ত্রী শুধু সিগারেটের উপর ট্যাক্স বসিয়ে বাকি সব কিছর উপর ট্যাক্স কমাবার যে বাজেট পেশ করেছেন তার ঘারাও তিনি সব খাতেই বরাদ্দ বৃদ্ধি করেছেন। এর জন্য আমি তাকে আর একবার ধন্যবাদ জানাচ্ছি। ডাঙ্কেল প্রস্তাব নিয়ে এখানে অনেক কথা ইতিমধ্যেই আলোচিত হয়েছে, আমি আর ঐ নিয়ে আলোচনা করছি না। আমি শুধু দুটো কথা মাননীয় অর্থমন্ত্রীকে বলব—এক নম্বর হচ্ছে, আমাদের উত্তরবঙ্গের মানষদের মনে একটা ধারণা ক্রমশ বাডছে যে, উত্তরবঙ্গ সব দিক দিয়ে ক্রমশ অবহেলিত হচ্ছে। আমি আগে বলেছি. এখনও বলছি—উত্তরবঙ্গের জন্য একটা ডেভেলপমেন্ট কাউন্সিল হওয়া উচিত। ঝাডগ্রামের জন্য যদি উন্নয়ন পর্যদ গঠিত হতে পারে তাহলে উত্তরবঙ্গের জন্য উন্নয়ন পর্যদ গঠন করা দরকার। আগে নর্থ বেঙ্গল ডেভেলপমেন্ট ফান্ডের কিছ টাকা দেওয়া হ'ত, এখন সেই টাকা কমিয়ে কমিয়ে এমন পর্যায়ে আনা হয়েছে যে, তা দিয়ে তার আর কোনও কাজ হয় না। যে কোনও কারণেই হোক, এই অবস্থা रয়েছে। বহু দিন থেকে কংগ্রেস আমল থেকে উত্তরবঙ্গ অবহেলিত। একথা সত্য যে, উত্তরবঙ্গে স্কুল, হাসপাতাল, রাস্তাঘাট—বিভিন্ন সুযোগ সুবিধা কম। স্কুল, কলেজে লেবোরেটোরি, লাইব্রেরি ইত্যাদি স্যোগ স্বিধাও কম। যার ফলে কম্পিটিটিভ পরীক্ষায় উত্তরবঙ্গের ছেলেরা ভাল ফল করতে পারে না। এ অবস্থায় উত্তরবঙ্গের প্রতি আমাদের একটু নজর দেওয়া <sup>দরকার।</sup> তা না হলে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন ইত্যাদি যা কিছু মানুষ গড়ে তোলার চেষ্টা

[30th March, 1994]

করছে তা মাথা চাড়া দিয়ে উঠার সুযোগ পাবে। একটা বিষয়ের জন্য আমি অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি—তিনি ভিডিও শো-এর ট্যাক্স-এর নতুন হার চালু করছেন। এ বিষয়ে আমি গতবার এখানে বলেছিলাম যে, গ্রামে এবং শহরে ভিডিও ট্যাক্সের হার কখনওই এক হতে পারে না। কলকাতা এবং পৌর এলাকা গুলোর ট্যাক্সের হার বৃদ্ধি করা হয়েছে, গ্রামে ৬০০ টাকাই ট্যাক্স রাখা হয়েছে। তবুও আমি বলব ৬০০ টাকা ট্যাক্স দিয়ে গ্রামে ভিডিও শো চালানো সম্ভব নয়। আমরা এলাকার ২৫-টি ভি. ডি. ও. পার্লার আছে, কিন্তু ১/২-টা হয়ত গভর্নমেন্টকে ট্যাক্স দেয়। বাকিগুলো পুলিশের সঙ্গে যোগাযোগ রেখে চলছে। সেই জন্য আমার বক্তব্য হচ্ছে, গ্রামে ভি. ডি. ও. ট্যাক্স কমালে ভাল হ'ত।

আর একটা জিনিস আমি বলতে চাই। মালদায় কোন সাব-ডিভিশান নেই। চাঁচলে সাব-ডিভিশান হওয়ার কথা বহুদিন আগে বলেছেন। সেটা হলো না। বোলপুরে হলো, হলদিয়ায় হলো, খাতরায় হোল। কল্যাণীতে হলো, হোক আমার আপত্তি নেই। এবারে ৮টি হওয়ার কথা হচ্ছে। তার মধ্যে উত্তরবঙ্গে দুটি, একটা হচ্ছে গঙ্গারামপুর এবং আর একটি হচ্ছে চাঁচল। স্বাধীনতার পর এত বছর হয়ে গেলো, মালদায় কোন সাব-ডিভিশন নেই। তাতে লোকের খুব অসুবিধা হচ্ছে। সেইজন্য এই ব্যাপারটা বিবেচনা করতে বলছি। অন্তত চাঁচলে যাতে তাড়াতাড়ি হয় তার জন্য অনুরোধ জানাছি। আর একটা কথা মন্ত্রী মহাশয়ের কাছে সবিনয়ে রাখতে চাই। চাকুরির ক্ষেত্রে মে এমবার্গো গত ১ বছর ধয়ে আছে তার ফলে কোনও পোস্টে লোক অ্যাপয়েন্টমেন্ট দেওয়া যাচ্ছে না। কোন কোন অফিসে দেখা যাচ্ছে কর্মচারিরা বসে বসে খবরের কাগজ পড়ছে আবার কোনও কোনও অফিসে দেখা যাচছে লোক নেই। আমি অনুরোধ করবাে, নতুন লোক যদি অ্যাপয়েন্টমেন্ট না দেওয়া যায় কমিশন করে যে অফিসে লোক বেশি সেখান থেকে লোক নিয়ে যেখানে লোক নেই সেখানে লোক দেওয়ার ব্যবস্থা করা হোক। অফিসে বসে এই খবরের কাগজ পড়া, ম্যাগাজিন পড়া বন্ধ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

## (এই সময় লালবাতি জুলে ওঠে)

আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। সবচেয়ে কম টাকা বরাদ্দ করা হয়েছে, যদিও এই বছর বাড়ানো হয়েছে, টি.বি., ক্যানসার বা অন্যান্য ক্ষেত্রে যদি এ্যাপুলেপের দরকার হয়, এ্যাপুলেপ নেই, পাওয়া যাবে না। এই কথা বলে বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ক্ষিতি গোস্বামী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অতিরিক্ত ব্যয়-বরাদ্দ এবং তার সঙ্গে খরচের জন্য যে বিল পেশ করা হয়েছে আমি সেই বিলকে সমর্থন করছি। এই কথা ঠিক যে একটা বাজেট তৈরি হয় এবং তার মধ্যে দিয়ে সারা বছরের খরচটা হয়ে যাবে সেটা ভেবে নেওয়া হয়। কিন্তু শেষ পর্যন্ত সেটা পারা যায় না। পারা যায়নি বলেই এই অতিরিক্ত ব্যয়-বরাদ্দের দাবি করা হচ্ছে। এই যে পারা গেল না এর জন্য বিরোধীপক্ষ দায়ি করেছেন মাননীয় অর্থমন্ত্রীকে এবং তার বিভিন্ন দপ্তর সম্পর্কে। বলছেন তাঁরা যেভাবে পরিচালনা করেছেন, যেভাবে বায় নির্বাহ করেছেন তাতে তাঁদের অপদার্থতার দিক আছে এবং সেই জন্য বলেছেন যে তাঁরা বায়-বরাদ্দ সমর্থন করতে পারছেন না। আমার একটা প্রশ্ন আছে, সেটা

হচ্ছে এই যে অতিরিক্ত ব্যয়-বরাদ্দ যে পরিমাণ-হয়েছে সেটা কত শতাংশ এবং ইতিমধ্যে য় মূল্য বৃদ্ধি ঘটেছে সেটা কত শতাংশ? বারে বারে টাকার অবমূল্যায়ণ ঘটেছে। এই মূল্যমানের আর্থিক তথ্য এমনই যে তাতে করে কেউ এপ্রিল মাস থেকে খরচ শুরু করবার পর ভাবতে পারবে না যে, যে অর্থ যে খাতে বরাদ্দ করা হয়েছে সেই মূল্য দিয়ে মার্চ মাস পর্যন্ত সেই খাতে বরাদ্দ করা হয়েছে সেই অর্ধ মূল্য দিয়ে মার্চ মাস পর্যন্ত সেই খাতে চলতে পারবে। দেশের বর্তমান পরিস্থিতি যা তাতে কোন একটা কাজ যদি ২-৪ মাস দেরি হয় তাহলে তার বরাদ্দ বেড়ে যাবে। ফলে খরচ বেড়ে যাবে। এই কথা ঠিক যে প্রাইস এক্সকালেকশান সব সময়ের জন্য চালু আছে। সবক্ষেত্রে সরকার পরিচালনা করার ক্ষেত্রে দাসন্ত দিক থেকে বিভিন্ন বিষয়ে আর্থিক দায়-দায়িত্ব সরকারকে গ্রহণ করতে হয়। এবং সেটা করতে গেলে এই অবস্থার সম্মুখীন হতে হয়। একটা ডিপার্টমেনেন্টের জন্য যে টাকা বরাদ্দ করা আছে সমস্ত কাজ করতে গেলে সেই টাকায় সেই কাজ করা সম্ভব হবে না। এই কথা ঠিক যে আমাদের রাজ্যে ব্যাপক উন্নয়নের দরকার আছে। ওরা যেটা বললেন হাসপাতালের কথা। হাসপাতালগুলি যে অবস্থার মধ্যে দাঁড়িয়ে আছে তাতে সাধারণ মানুয সুচিকিৎসা পেতে পারছে না।

[4-50 -- 5-00 p.m.]

ওঁরা বিদ্যুতের প্রশ্ন তলেছেন, এটা ঠিক যে মানুষের চাহিদা আছে, আমরা তা স্বীকার ক্রছি। আমরা সকলে মিলে বলছি, মানষের চাহিদা আছে, সেটি পরণ করা দরকার। তাবজন্য বাডতি অর্থের দরকার। এরমধ্যে তো আপত্তির প্রশ্ন নেই। কিন্তু প্রশ্ন হচ্ছে, আপনাদের প্রিভিন্নির জন্য জিনিসপত্রের দাম বেডে যাচ্ছে। আর এই অবস্থাতেই যদি গালাগালি করে বলেন যে এর জন্য দায়ি এই সরকার, তোমাদের ম্যানেজমেন্ট এর জন্য দায়ি, এটা কখনও ানে নেওয়া যায় না। এরজন্য আরও বরাদ্দ হওয়া দরকার, আরও খরচ এর জন্য করা দরকার। হাসপাতাল বলুন, স্কুল বলুন, বন্যার জল বলুন, এটা দরকার। সেজন্য যে কথা ওবা বলছেন সেটাকে আমরা মেনে নিতে পারি না। ওঁরা আরও একটা খারাপ জায়গায় দেশটাকে নিয়ে যাবার চেষ্টা করছেন এবং সেটা যদি হয় তাহলে বোঝা যাবে যে আমরা আরও একটা ভয়ঙ্কর অবস্থার মধ্যে গিয়ে পডব। আমাদের রাজ্য সরকার চালাবার ক্ষেত্রে তাহলে ভয়ানক অসুবিধার মধ্যে পডতে হবে। বিরোধীপক্ষ পুলিশের সম্পর্কে প্রশ্ন তুলেছেন। প্রিশের বরাদ্দ এলে ওঁরা খুব চটে যান। ওরা রাজ্যব্যাপি তাণ্ডব করে বেডাচ্ছেন, তারজন্য ালিশকে নিয়োজিত করতে হচ্ছে। অনেক সময়ে দুঃখজনক ঘটনা ঘটছে, গুলি চলছে, লাঠি লছে। ওরা প্ররোচনা দিয়ে এইসব অবস্থা সৃষ্টি করছেন এবং আমাদের পুলিশকে নিয়োগ পতে হচ্ছে, এইভাবে আমাদের ব্যয়ভার বৃদ্ধি করার চেষ্টা করছেন। ওরা এমন এক একটা <sup>একি</sup> দেন, যেখানে দীর্ঘ সময় ধরে পুলিশকে রাখতে হচ্ছে। তারপরে দেখা যাবে, ওরা যে <sup>দাত্র</sup> করবেন তাকে সামাল দেবার জন্য পলিশকে আরও দীর্ঘদিন সেখানে রাখতে হবে। <sup>াইভাবে</sup> ওরা বিভিন্ন জায়গায় তছনছ করবেন, সাধারণ মানুষের সম্পত্তি নষ্ট করবেন, সেটা <sup>শিন্ত</sup> মেনে নেওয়া যায় না। আমাদের সেটাকে রক্ষা করতে হবে। সাধারণ মানুষের উপরে <sup>মানাদের</sup> যে দায়িত্ব আছে তা আমাদের পালন করতে হবে। ওঁরা যেহেতু ক্ষমতায় নেই, <sup>সজন্য</sup> যা খুশি তাই করবেন? কিছুদিন আগে বললেন যে মহাকরণ দখল করবেন। এটা

কি কখনও হয় ? নির্বাচনে না জিতে কি মহাকরণ দখল করা যায় ? এটা আমাদের পৈতৃ সম্পত্তি নয়। নির্বাচনের মধ্য দিয়ে মানুষ সেখানে যায়। গুরুত্বপূর্ণ দলিল সেখানে থাকে সেখান থেকে মন্ত্রীরা দশুর চালান এবং তাঁদের কাজকর্ম পরিচালনা করতে হয়। সেটি র্যা জালিয়ে দেওয়া হোত তাহলে কি হোত? বহু পলিশ দিয়ে সেটিকে ঠেকিয়ে রক্ষা করত হয়েছে। এইসব করতে গিয়ে পলিশের জনা বায় আমাদের বেডে যায়। এইক্ষেত্রে পলি দিতে হয় এবং আমাদের যাতায়াতে ব্যয় বেডে যায়। ওঁরা যদি সঠিক অপোজিশান দলে যে ভূমিকা, গণতান্ত্রিক ভূমিকা পালন করতেন এবং যে কাজগুলো করছেন তা যদি ন করতেন, তাহলে আমাদের এই অতিরিক্ত ব্যয়-বরাদের দরকার হোত না। কিন্তু ওঁরা এ সমস্ত কাজ করছেন। শিক্ষাক্ষেত্রে যে অবস্থা চলছে, মাইনেপত্র বা অন্যান্য যে সমস্ত কাছ করতে হচ্ছে, তারপরে আর কিছ করা যাচ্ছে না। এর ফলে স্কুলবাডিগুলো বহক্ষেত্রে ভে: পডছে, রিপেয়ার করা যাচেছ না। মাস্টার মশায়দের কন্টিনজেন্সি ফাণ্ড না থাকার জন কাজকর্ম করতে পারছেন না। তাঁরা আবার ছাত্রদের কাছ থেকে ডেভালপমেন্ট ফি নিয়ে পারেন না, যেহেত ছাত্রদের শিক্ষাকে অবৈতনিক করা হয়েছে। ডেভালপমেন্ট ফি চাল কর পারলে ভাল হোত। সেজন্য অর্থের ব্যয়-বরান্দ যেটা চাওয়া হয়েছে এটি সঠিক এবং যুক্তিপূর্ণ এটি ওঁরা মেনে নিন। তর্কের খাতিতে এটিকে ওঁরা সমর্থন করছেন না। কাজেই আমি আশ করবো, ওঁরা এই বিলটিকে সমর্থন করবেন।

শ্রী শৈলজা কমার দাসঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী দি ওয়েই বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন বিল '৯৪ যেটা উপস্থিত করেছেন আমি এবং আমাদের পার্টির পদ থেকে এর তীব্র বিরোধিতা করছি। অর্থমন্ত্রীর সাধারণ বাজেটকে কেন্দ্র করে লাক্সারি টারে ফিনান্স বিল ইত্যাদি সমস্তকে কেন্দ্র করে সারাদিন ধরে নানানভাবে আলোচিত হয়েছে। আমি এই বিলের বিরোধিতা করছি। কেন করছি, বা আমাদের পক্ষ থেকে কেন বিরোধিতা কর হয়েছে বারংবার আমরা এই কথা বলবার চেষ্টা করেছি যে প্রতিবারে বাজেট পাস করার যে দায়িত রাজা সরকারের হাতে তলে দেওয়া হয়ে রাজা সরকারের তার ঘোষিত কর্মসূচি ঘোষিত কার্যক্রমকে বাস্তবায়িত করতে পারছেন না। অর্থমন্ত্রী কিছক্ষণ আগে যে ফিনাস বিল-এ অংশগ্রহণ করে ফিনান্স বিলের জবাবি ভাষণ দিতে গিয়ে তিনি বলেছিলেন আগার্ম কয়েকদিনের মধ্যে যে ডাঙ্কেল প্রস্তাব স্বাক্ষরিত হবে সেই ডাঙ্কেল প্রস্তাবের মধ্যে যতওনি রাজ্য তালিকাভক্ত আছে, তার বিরোধিতা উনি করবেন, অগ্রাহ্য করবেন। আমি মাননী অর্থমন্ত্রীকে বলতে চাই আজকে ভেবে দেখন, বেশ কয়েক বছর আগে এই বিধানসভা দাঁড়িয়ে তৎকালীন ক্ষদ্র সেচমন্ত্রী প্রাক্তন পরলোকগত কানাই ভৌমিক বারংবার বিধানসভা বলতেন যে বিশ্বব্যাঙ্ক থেকে টাকা নিয়ে ক্ষদ্র সেচ নিয়োগ করা হবে না। কিন্তু পরে দেখ গেল যে সারা ভারতবর্ষ যখন সেচে এগিয়ে গিয়েছে দ্রুত, উৎপাদন বাডছে দ্রুত খাদাশ<sup>সা</sup> তলতে পারছে তখন কানাই ভৌমিক মহাশয়কে বাধ্য হয়ে সেই বিশ্বব্যাস্ক-এর কাছে দ্বার হতে হয়েছিল। বিশ্বব্যাঞ্চ-এর কাছ থেকে টাকা আনতে হয়েছিল এবং ক্ষদ্র সেচ তার্টে বিনিয়োগ করতে হয়েছিল। আজকে আমি এই মাননীয় অর্থমন্ত্রীকে বলতে চাই যে ঐ সংকী দলীয় রাজনৈতিক ঘরানার মধ্যে না থেকে সেখানকার সেই ঘরানার মধ্যে থেকে বেরিয়ে <sup>এ?</sup> আজকে পরিবর্তিত ব্যবস্থার কথা বিবেচনা করে আজকে তাই জিনিস ভাবছেন। সিদ্ধার্থ

নেওয়ার চিন্তা করেন। আজকে এই কথা আমি বলতে চাচ্ছি, আজকে ট্রেজারি বেঞ্চের সদস্যা নিরূপমা দেবী বলেছিলেন কংগ্রেস আমলে জমি লুকিয়ে রাখা যেত, বারংবার এই বাজেটে সাধারণ বক্তৃতার মধ্যে সেখানে ভূমি-সংস্কারের কথা বলা হয়েছে, সেখানে কংগ্রেসকে অভিযুক্ত করা হয়েছে। আজকে তারা জানেনা যে ১৭ বছর পশ্চিমবাংলায় ক্ষমতায় থাকার পর তারা আজকে আসামিকে কাঠগড়ায় নিজেদের দাঁড় করিয়েছে, তাদের কাছে অভিযোগ করে তাদের কাছেই আমরা জবাব চাইব। আজকে যে ভূমি-সংস্কারের কথা বলছেন সেই ভূমি-সংস্কার-এর সূচনা কংগ্রেস আমলে, সেই ভূমি-সংস্কার ৫-এর দশকে শুকু হয়েছিল এই কথা নতুন করে বলবার অবকাশ নেই। আজকে যে চলতি ব্যবস্থায় পারিবারিক সিলিং ৭৫।২৫ ভাগ সেটাও কংগ্রেস শুরু করে। কিন্তু আমি যে কথা বলতে চাই কেবলমাত্র ভূমি-সংস্কার-এর মধ্য দিয়ে একটা রাজ্যে যে কথা অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় বলেছেন, কর্মসংস্থান সেটা হতে পারে না। তাই দেখা গিয়েছে, সারা বিশ্বে আপনাদের কমিউনিস্ট সোভিয়েত দেশ তার পরিপূর্ণ ভূমি-সংস্কার হওয়া সত্ত্বেও সেখানে যে কমিউনিস্ট দেশগুলি ছিল তারা ভেঙে চুরমার হয়ে গেছে, এটাই হচ্ছে ইতিহাস।

### [5-00 — 5-10 p.m.]

আজকে কেন্দ্রে পি. ভি. নরসিমা রাওয়ের সরকার যে সিদ্ধান্ত গ্রহণ করতে চলেছেন, সে ডাঙ্কেলের ক্ষেত্রেই হোক, আর আন্তর্জাতিক অর্থভাণ্ডারের ক্ষেত্রেই হোক, বিশ্বব্যাঙ্কের ক্ষেত্রেই হোক সেখানে আজকে সারা দেশের মানুষ কংগ্রেসের উপর দায়িত্ব দিয়েছে বলেই কংগ্রেস আজকে দেশকে পরিচালনা করছে এবং আজকে এই সিদ্ধান্ত নিতে হচ্ছে। এই কেন্দ্রীয় সরকার নির্বাচনের মধ্যে দিয়ে সংখ্যাগরিষ্ঠ ছিল না ঠিকই, কিন্তু এই কথা আজকে এখানে আমি বলছি পশ্চিমবাংলার মখামন্ত্রী এবং অর্থমন্ত্রীকে কেন আজকে আপনারা বি. জে. পি-র সাথে সূর মিলিয়ে ডাঙ্কেলের বিরোধিতা করছেন। যেমন ১৯৮৯ সালে আপনারা বোফর্সকে কাঁধে করে নির্বাচনী বৈতরনী পার হবার চেষ্টা করেছিলেন, এবারেও আপনারা সেই রকম করার চেষ্টা করছেন। কারণ আগামীদিনে কতকগুলি রাজ্যে নির্বাচন হবে। সেই নির্বাচনকে সামনে রেখে এই ডাঙ্কেলের বিরোধিতা করে আপনারা নির্বাচনী বৈতরনী পার হবার চেষ্টা করছেন। তাদের সাথে আজকে বামফ্রন্ট সরকার কেন হাত মেলাচ্ছে সেই প্রশ্ন আজকে দেখা দিয়েছে। মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় বললেন পশ্চিমবাংলা বিকল্প অর্থনীতির সদ্ধান দিয়েছে। কোন বিকল্প অর্থনীতি, না ৫০ হাজার টাকা, কালো টাকা, তার বিরুদ্ধে অভিযান করলেই হবে। কেন্দ্রীয় সরকারতো কালোবাজারির বিরুদ্ধে, মূনাফাখোরদের বিরুদ্ধে <sup>(জহাদ</sup> ঘোষণা করার প্রমাণ দিয়েছেন। আজকে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলছি, গত <sup>১৭</sup> বছরে আপনারা কালোবাজারিদের বিরুদ্ধে, দুর্নীতিপরায়ণ লোকদের বিরুদ্ধে, মুনাফাখোরদের <sup>বিরুদ্ধে</sup>, ঘুষখোরদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করছেন, আইন করে তাদের শাস্তি দেবার <sup>ব্যবস্থা</sup> করছেন। আজকে আপনারা বলছেন খাদ্য উৎপাদন বেডেছে। কিন্তু কেন্দ্রীয় খাদ্য <sup>ভাণ্ডা</sup>রে রাজ্য সরকার গত ১৭ বছরে কোন খাদ্য দিতে পেরেছেন এবং তারা লক্ষ্যমাত্রায় <sup>পৌছতে</sup> পেরেছেন। কেন দিতে পারেননি? আজকে প্রক্রিওরমেন্ট নেই, কেন আজকে সংগ্রহ <sup>করতে</sup> পারেননি। ঐ সমস্ত মিল মালিকদের উপর লোভ বসিয়ে, আপনাদের যা সংগ্রহ <sup>কিরবার</sup> কথা, **তাদের সঙ্গে হাত মিলিয়ে, দু-নম্বরী কারবার করে আপনারা তো সংগ্রহ করতে** 

[30th March, 1994]

পারেননি। ১৭ তারিখে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন তাতে তির্দিদেক কথা বলেছেন, অনেক ট্যাক্স বসিয়েছেন এবং সেগুলো বিভিন্নভাবে আলোচিত হয়েছে আমি শুধু স্মরণ করিয়ে দিতে চাই সিমেন্ট ০.৮ পারসেন্ট ট্যাক্স বাড়ানো হয়েছে, কিন্তু আর্পানির যান প্রতি বস্তায় চার টাকা করে বেশি লাগছে। কেন এত দাম বাড়ল সেটা আর্পানিবন না।

আপনি শুধ কেন্দ্রের উপর দোষ চাপিয়ে দিয়ে এবং কেন্দ্রের অর্থনৈতিক ব্যবস্থার বিরুদ্ধে কথা বলে একজন বড বিপ্লবী সাজবার চেষ্টা করছেন কিন্তু তা করে কিছ হবে না একটু আগে সরকারি দলের সদস্যরা বক্তৃতা করতে গিয়ে পুলিশ বাজেট নিয়ে অনেক কথ বলছিলেন। স্যার, ৬০-এর দশকে আমরা যখন ছাত্র রাজনীতি করতাম তখন দেখেছি এস. এ. আই. সংগঠন থেকে কলেজের গেটগুলিতে লেখা হ'ত, যে 'শিক্ষান্তে চাকরি চাই' এবং 'পলিশখাতে বাজেট কমাতে হবে'। আপনাদের এই ১৭ বছরের রাজত্বে কোথায় আপনাবা শিক্ষান্তে চাকরির বাবস্থা করেছেন সেটা আমরা জানতে চাই। আমরা তো এই উল্টোটা দেখছি। আপনাদের রাজত্বকালের ১৭ বছরে নথিভক্ত বেকারের সংখ্যাই বেডে হয়েছে আধ কোটির উপর। আর পুলিশ খাতে ব্যয় তো দিন দিন বেড়েই চলেছে। এ ব্যাপারে আমরা বার বার প্রতিবাদ করেছি। গত ২১শে জুলাই রাইটার্স বিল্ডিং অভিযান নিয়ে এখাত ক্ষিতিবাব অসত্য তথা রাখলেন। হাাঁ, সেদিন যব কংগ্রেসের ঘোষিত কর্মসচি ছিল মহাকর অবরোধের এবং এটা একটা গণতান্ত্রিক কর্মসচি। আমরা সেদিন কখনও বলিনি যে রাইটার্য বিল্ডিং দখল করতে হবে এবং তারজন্য এখানে মিছিল করে যাও। বরং আমরা জনগণকে <u>भार थाकरूउर</u> दलिष्टिनाम किन्न शिलम कि कत्रला स्मिण मकरनर जातन। আপনরা ৬०-এর দশকে, ৭০-এর দশকে বারবার বলতেন যে পলিশ খাতের বাজেট কমাতে হবে অগ আপনাদের আমলে সেই পুলিশ খাতে বাজেট দিনের পর দিন প্রচুর পরিমাণে আপনার বাড়িয়ে চলেছেন। আপনারা পুলিশের বাজেট বাড়াচ্ছেন তার কারণ আমাদের য গণতান্ত্রি আন্দোলন তার বিরুদ্ধে পলিশকে লেলিয়ে দেওয়ার জন্য। ১৯৬৫ সালে ডাঃ রায়ের আমত রাজভবনের সামনে খাদ্য আন্দোলনে পুলিশের গুলিতে নিহত হয়েছিল নুরুল ইসলাম এবং আনন্দ হাইত। প্রতি বছর সেই ব্যাপার নিয়ে আপনারা শহিদ দিবস পালন করতেন এব সেই সময় যারা রাজ্যকে আপনারা কাঁপিয়ে দিয়েছিলেন আন্দোলন করে পুলিশের গুলিতে তারা নিহত হয়েছে বলে। আর আজকে আপনাদের আমলে কি অবস্থা? আজকে পশ্চিমব্দ জড়ে পুলিশের গুলিতে কত মানুষ মারা যাচ্ছেন অথচ সেই পুলিশ খাতে আপনারা দিনে পর দিন বাজেট বাডিয়ে চলেছেন। এই কি গণতান্ত্রিক শাসন ব্যবস্থার নমুনা? এই তো গেট পলিশের অবস্থা। এর পর আমি শিক্ষার ক্ষেত্রে আসছি। শিক্ষা ক্ষেত্রে চরম নৈরাজ্য চলহে। গত ১৭ বছরে একটিও প্রাথমিক বিদ্যালয় করতে পারেন নি আপনারা। ফলে দিকে দির্কে নার্সারি স্কল গজিয়ে উঠছে। এই তো আপনাদের শিক্ষা ব্যবস্থার নমনা। শিক্ষাক্ষেত্রে নজির্বিইটি কেলেঙ্কারি ঘটে গিয়েছ। গতকাল বলেছি, আসল জিনিস বার করতে হলে ঐ মধ্য<sup>শিক্ষা</sup> পর্যদের সভাপতিকে রাখলে হবে না। জ্যোতিবাবর বেঙ্গল ল্যাম্প কেলেঙ্কারির সত্যাসত্য <sup>বাং</sup> করার জন্য কংগ্রেসের পক্ষ থেকে দাবি জানানো হয়েছিল।

## [5-10 — 5-20 p.m.]

অর্থমন্ত্রী বসে আছেন অসীমবাবু, মুখ্যমন্ত্রীর বিষয়ে বেঙ্গল ল্যাম্প কেলেঙ্কারি নিয়ে তদন্ত 
করবেন, এটা একটা প্রহসন। তাই আজকে আমরা এই আপ্রোপ্রিয়েশন বিলের ক্ষেত্রে আমরা 
দখতে পাচ্ছি গত ১৭ বছর এমনি করে এই রাজ্যকে মার্কসীয় তত্ত্ব দিয়ে পশ্চিমবঙ্গকে ধীরে 
গৈরে কোথায় নিয়ে যাবার চেষ্টা করছেন, আজকে সেচের ক্ষেত্রে, শিল্পের ক্ষেত্রে, সমস্ত দিকে 
মাজকে বঞ্চিত হচ্ছে এই রাজ্যের মানুষ। আজকে শিল্পের ক্ষেত্রে প্রতিযোগিতার কথা বলছেন, 
চার সঙ্গে প্রতিযোগিতা, যে শিল্পে একদিন এই রাজ্য শীষস্থানে ছিল, আগে গঙ্গার দুই ধারে 
চমনি দিয়ে ধোঁয়া উঠতো শিল্পগুলো থেকে, সেখানে একের পর এক কী দেখতে 
গাচ্ছি—শিল্পগুলো বন্ধ হয়ে যাচ্ছে, রুগ্ন হয়ে যাচ্ছে। শ্রমিকরা বেকার হয়ে যাচ্ছে, কেন এটা 
চেছং তাই আমি এই কথা বলতে চাই, অর্থমন্ত্রী আজকে আপনি শুধু কেবল মাত্র সংকীর্ণা 
ভারনৈতিক গণ্ডীর মধ্যে সীমাবদ্ধ করে নিজেকে রাখবেন না, সেখান থেকে বেরিয়ে আসুন। 
ই রাজ্যে আপনি যে কর্ম সংস্থানের কথা ঘোষণা করেছেন, আজকে শুধু জওহর রোজগার 
যাজনার মধ্যে সীমাবদ্ধ থাকার চেষ্টা করেছেন। কেন্দ্র থেকে যদি ৮০ পারসেন্ট টাকা না 
যাসে তাহলে এই রাজ্যের কোন উন্নয়ন হয় না। সুতরাং এই আ্যপ্রোপ্রিয়েশন বিলের 
করোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

#### PRESENTATION OF REPORT

Mr. Speaker: I beg to present the 59th Report of the Business Advisory Committee which is as follows:

- 0.5.94, Monday:
- (i) The Prevention of Corruption (West Bengal Amendment) Bill, 1994 (Introduction, Consideration and Passing) ... 2 hours
- (ii) The West Bengal Metropolitan Planning Committee Bill 1994 (Introduction, Consideration and Passing)

1 hour

(iii) The West Bengal Town and Country (Planning) and Development) (Amendment) Bill, 1994 (Introduction, Consideration and Passing) ...

1 hour

- 31.5.94, Tuesday:
- (i) Motion under rule 185 greeting Dr. Nelson Mendala and peoples of South Africa for their victory in the recently held election—Notice given by Shri Deba Prasad Sarkar, Shri Lakshmi Kanta Dey, Shri Manabendra Mukherjee, Shri Kripa Sindhu Saha and Shri Kamakhya Nandan Das Mahapatra ...
- 2 hours
- (ii) Motion under rule 185 regarding Central Government attempt to close down the public undertakings in West Bengal—Notice given by

[30th March, 1994

Shri Santasri Chatterjee, Shri Lakshmi Kanta Dey & Shri Manabendra Mukherjee .. 1 hoi

(iii) Motion under rule 185 regarding steps to be taken against the defaulters in depositing the Provident Fund dues—Notice given by Shri Subrata Mukherjee, Shri Saugata Roy and Shri Abdul Mannan ... I hou

1.6.94, Wednesday:

Demand No. 66 Irrigation and

Demand No. 68 Waterways Department .. 4 hour

Demand No. 69 -Minor Irrigation Department

2.6.94, Thursday:

Demand No. 62-Panchayat Department

Demand No. 59

Demand No. 60 Rural Development Department 4 hour

Demand No. 63

3.6.94, Friday:

Demand No. 40-Refugee Relief &

Rehabilitation .. 1 hou

Demand No. 32 Demand No. 33

4 hour

Demand No. 34

There will be no Question for Oral Answers on 30.5.94, Question for Oral Answers and Mention Cases on 31.5.94 and Mention Case of 3.6.94.

I now request the Minister-in-Charge of Parliamentary Affairs Department to move the motion for acceptance of the House.

Shri Prabodh Chandra Sinha: Sir, I beg to move that the 59th Report of the Business Advisory Committee as presented in the House be agreed to.

The motion was put and agreed to.

#### **LEGISLATION**

শ্রী নটবর বাগদী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, শোভনদেববাবু এবং সৌগতবাবু বিলের বিরোধিতা করতে গিয়ে এক বিপ্লবী কবির কবিতার দু-এক লাইন উদ্ধৃতি দিয়েছেন। জীবনানদ দাসের কবিতা একটু বলছি "অদ্ধ যারা চোখে দেখে বেশি তারা।" ওনারা পুলিশ বার্জে সম্পর্কে বলেছেন যে অর্থমন্ত্রী বেশি টাকা চাইছেন পুলিশের ব্যাপারে। অর্থমন্ত্রী এখানে আছেন, উনি বলবেন যে এই কংগ্রেস রাজত্ব যাবার আগে এই পুলিশের রেশনের দার্মটা কারা বাড়িয়েছিলেন? এবং রেশনের দার্মটা সম্ভবত কংগ্রেস আমলে বাড়িয়ে ছিলেন। টার্কা বাকি ছিল ২৭ কোটি ২৮ লক্ষ টাকা। অর্ধেক টাকা দেওয়া হয়েছে, অর্ধেক টাকা দেওয়া হয়েছে, অর্ধেক টাকা কেরমার পুলিশ বাড়ানোর দরকার হয়েছে। এটা কংগ্রেসের সুব্রতবাবু বলুন, মমতা ব্যানার্জি বলুন, আর অন্য কংগ্রেস নেতারা বলুন ব

কংগ্রেস সভাপতি বলুন, ওনাদের অর্জকলহের জন্য যে বিশৃঙ্খলা দেখা দিয়েছে, তার জন্যই পলিশ মোতায়েন করতে হচ্ছে, যার জন্য পুলিশের দরকার হচ্ছে। অনেক জায়ায় কংগ্রেসি ছলেরা মেয়েদের উত্যক্ত করছে, সমাজবিরোধীরা কংগ্রেসের ছত্রছায়ায় বিশৃঙ্খলা সৃষ্টি করছে. ্যহিলাদের ওপর অত্যাচার করছে, রাস্তার ধারে স্কুল কলেজে মেয়েদের উত্যক্ত করছে, তার দ্রনা পলিশের স্টেম্ব বাডাতে হবে। এই জন্য আমাদের সরকার ঘোষণা করেছেন পুলিশের স্তম্ব বাড়াতে হবে। আমি একটা কথা বলি, পুরুলিয়া শহরে আগামীকাল ঝাড়খণ্ডী দলের দুটি ্রপ থেকে একে অপরকে হুমকির ডাক দিয়েছে। ১লা জানুয়ারি পাটনায় যে ঘটনা ঘটে গছে—শিব সোরেনের গোষ্ঠী একদিকে, মারাগণ্ডীর গোষ্ঠী একদিকে—সেই ঘটনা পুরুলিয়ায় ব্টতে চলেছে আগামিকাল থেকে। পুরুলিয়ার একটা ময়দানে ওরা দুটো পার্টি মুখোমুখি হচ্ছে। ঘামাদের ভয়টা হচ্ছে ওরা বিহার থেকে অস্ত্রশস্ত্র নিয়ে এসে নিজেদের মধ্যে শক্তির বা গুণামির প্রতিযোগিতা করবে। গোটা পরুলিয়া শহর জডে মস্তানি করবে। সূতরাং সরকারের চাছে আমার অনুরোধ পুরুলিয়ার শন্তি-শৃঙ্খলা রক্ষার জন্য পুলিশ প্রশাসনকে সতর্ক করা নরকার। এ বিষয়ে পুরুলিয়া জেলার অতীত অভিজ্ঞতা আছে। ইতিমধ্যে জেলার সদর থানা বাদ দিয়ে ১৭টি থানা এলাকায় ১০০-টার মত পুলিশ ক্যাম্প বসানো হয়েছে ঝাড়খণ্ডী এবং কংগ্রেসিদের অর্ন্তকলহর হাত থেকে পুরুলিয়া জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতিকে রক্ষা করার জন্য। তাই পুলিশ খাতের যে অতিরিক্ত ব্যয়-বরান্দের অনুমতি চাওয়া হয়েছে তা বাড়তি কছু নয়। আগে পুলিশ কর্মচারির যে সংখ্যা ছিল বর্তমানে তা অনেক বেড়েছে। সেজন্য বাডতি বরান্দের পিছনে যথেষ্ট যুক্তি আছে, এটা আমি মনে করি এবং সেজন্য আমি এই মতিরিক্ত ব্যয়-বরান্দের দাবিকে সমর্থন করছি। আমরা তো পুলিশকে ঐভাবে ব্যবহার করিনা ্যভাবে কংগ্রেস আমলে পুলিশকে ব্যবহার করা হ'ত। একটু আগে নিরূপমা চ্যাটার্জি এখানে উল্লেখ করলেন, কিভাবে কংগ্রেস আমলে পুলিশকে ব্যবহার করা হ'ত। নিরূপামাদি'র বিরুদ্ধে পুলিশকে দিয়ে কেস দেওয়া হয়েছিল—তিনি মহিলা হয়ে নারী ধর্ষণ করেছেন! ঐভাবে ঘামরা পুলিশকে ব্যবহার করি না। কৃষিক্ষেত্রে যে পরিমাণ বরাদ্দ এ রাজ্যে বৃদ্ধি করা হয়েছে ্যা খুব একটা কম নয়। এমন কি এই হারে কৃষিক্ষেত্রে সেন্ট্রাল গভর্ণমেন্টও বরান্দ বৃদ্ধি করতে পারেনি। এর ফলে গ্রামাঞ্চলের কৃষিজিবী মানুষদের যথেষ্ট লাভ হচ্ছে। আর ভূমি-শংস্কারের কথা বললে ওঁদের তো শুনতে ভালো লাগবে না। আমরা জানি এমন কিছু মানুয মাছে যাদের 'রামনাম' শুনতে ভাল লাগে না। তারা 'রামনাম' শুনতে এবং বলতে পারে না। তারা অন্য কথা বলতে পারে, 'রামনাম' করতে পারে না। তাদের রসগোলা খেতে দিয়ে রামনাম' করতে বললেও তা করতে পারবেনা, কিন্তু রসগোলা ঠিকই খাবে। তথাপি মরার শময়ও 'রামনাম' করতে পারবে না। '৭৭ সালের আগে যেখানে গ্রামাঞ্চলের মানুষরা খেটে <sup>থাও</sup>য়ার সুযোগটুকু পর্যন্ত পেত না সেখানে '৭৭ সালের পর থেকে আদিবাসী এবং সিডিউল কাস্টরা সহ সমস্ত দরিদ্র কৃষক এবং ভূমিহীন মানুষরা ভূমি-সংস্কার এবং পঞ্চায়েত ব্যবস্থার <sup>মধ্য</sup> দিয়ে বাঁচার সুযোগ পেয়েছে, ফসলে উৎপাদন বৃদ্ধি ঘটিয়েছে। আজকে রাজ্যে কৃষি <sup>মজুররা</sup> কোথাও কোথাও দৈনিক ৩০ টাকা পর্যন্ত মজুরি পাচ্ছে। এটা ভূমি-সংস্কারের জন্য <sup>বেমন</sup> সম্ভব হয়েছে তেমন জেলা স্তর থেকে গ্রামস্তর পর্যন্ত শাসন ব্যবস্থার বিকেন্দ্রীকরণের <sup>कल</sup> এই উन्नि সম্ভব *হচে*ছ। সেচ ও বন্যা নিয়ন্ত্ৰণ নিয়ে গতকাল এখানে অনেক আলোচনা <sup>ইয়েছে</sup>—মাননীয় সদস্য মানস ভূঁইএগা কেলেঘাই নিয়ে অনেক কান্না কাঁদলেন। অতীতে

[30th March, 1994]

আমরা শুনতাম মেদিনীপুরে বন্যা হ'ত—কেলেঘাইর বন্যায় মেদিনীপুর ভেসে যেত, আর আমাদের জেলায় দেখতাম মেদিনীপুরের বন্যা বিধ্বস্ত মানুষরা হারমোনিয়াম বাজিয়ে ঘুরে ঘুরে ভিক্ষা করত। বর্তমানে বরাদ্দ বৃদ্ধির মধ্য দিয়ে বন্যা নিয়ন্ত্রণের চেষ্টা হচেছ। সেচ এবং বন্যা নিয়ন্ত্রণের জন্য শুধু উত্তরবঙ্গের তিস্তা প্রকল্পই নয়, বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আপার কংশাবতী প্রকল্প গ্রহণ করা হয়েছে।

[5-20 — 5-30 p.m.]

একমাত্র এখানে যেটা বলার চেষ্টা করছি সেটা হলো মেদিনীপুর ভেষে যায় এটা ঠিক কথা। কিন্তু আগে যে ভাবে ভাষতো সেইভাবে আর এখন ভাষে না এবং এখন মেদিনীপুরের মানুষ কিংবা পুরুলিয়ার মানুষকে অয় সংস্থানের জন্য হারমোনিয়াম নিয়ে যায় না। এটা বামক্রন্ট সরকারের কৃতিত্ব। বন্যা রোধ করার চেষ্টা করছে। এই বন্যা নিয়ন্তরেরে জন্য ১৫২ কোটি ৪৭ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ১৮৫ কোটি ৮০ লক্ষ টাকা ধরা হয়েছে। ১১৯ পারসেন্ট বাড়ানো হয়েছে। রাষ্ট্রীয় পরিবহনের জন্য যেটা ধরা হয়েছে সেটা এমন কিছু রেজিনয়। আপনারা চিৎকার করে বলছেন রাস্তাঘাট ভাল নেই, রাস্তা-ঘাট মেরামত করতে হবে, বাস বেশি চাই। সেখানে তো একটু বেশি খরচ হবেই। জওহর রোজগার যোজনার টাঝ নিয়ে অন্য প্রদেশের গভর্গমেন্ট ঠিকাদারদের দিয়ে কাজ করান, আমরা সেই টাকা দিয়ে পঞ্চায়েতের মাধ্যমে কাজ করছি। আপনারা দেখবেন নগর উয়য়নের ক্ষেত্রে পানীয় জল্পে ব্যবস্থা করা হয়েছে। গ্রামাঞ্চলে স্যালো টিউস্ভয়েল বসানোর ব্যাপারে ব্যাপক কাজ হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী যে বিল এনেছেন তাকে সমর্থন করে, আপনাদের বক্তব্যের বিরোধিতা কং আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সভাষ বসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশান বিল '১ঃ ডঃ অসীম দাসগুপ্ত মহাশয় যেটা পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। এখাত বিরোধী দলের বন্ধরা এই বিলের মধ্যে কিছ খুঁজে পেলেন না এবং উন্নয়নটা তাঁদের চোট পড়ছে না। আমি বলবো, আমি যেখান থেকে নির্বাচিত হয়েছি সেই নদীয়া জেলা মলত ছি আউস প্রধান জেলা। আমরা দেখেছি ছেলেবেলায় এই জেলার বৃহৎ অংশ চলে গিয়েছিল পাকিস্তানে। সেই জেলা ঘাটতি জেলা ছিল। আজকে ৩ বছর যাবত এই জেলা সারগ্লা ডি**ষ্টিক্ট হয়েছে। এখানে আপনারা বর্ক্তা করলেন, আমরা কি করেছি। অতীশবাব এ**খা নেই, থাকলে ভাল হতো, ৩৮ হাজার টিউবওয়েল নদীয়া জেলায় দেওয়া হয়েছে। আপনা কি চোখে ঠলি লাগিয়েছেন নাকিং এই সব দেখতে পাছেনে নাং হাইওয়ে দিয়ে যখন যা তথন মনে হয় রাস্তার দই ধারে সবজ কারপেট পাতা আছে। ১ কোটি ২৫ লক্ষ টন খার্দ উৎপাদন হয়েছে। আগে আপনারা খাওয়াতেন গরুর খাদ্য—মাইলো, ভট্টা, এখন সেইও<sup>রি</sup> খাওয়ানো হয় না। কৃষিক্ষেত্রে ৩৭ পারসেন্ট টাকা ধার্য করা হয়েছে, এটা আপনারা দে<sup>খ</sup>ে পাচ্ছেন না? গোস্ট গোপালের একটা গান আছে "এ জীবনে আর আসা হলো না"। ১৯৭২ সালে যা করেছেন পশ্চিমবাংলার মানুষ আর আপনাদের আনবে না। আপনারা বলেছে পুলিশ খাতে বেশি টাকা ধার্য করা হয়েছে। আপনারা জানুয়ারি মাসে ৬ কোটি <sup>টার্ই</sup> তুলেছেন চাল, গম, চিনি, কেরোসিন ডিজেলের দাম বাড়িয়ে।

পুলিশকে খাদ্য দিতে হয়, সেই ব্যবস্থাটা বিধান চন্দ্র রায় করে গিয়েছিলেন। <sup>যান্ত্র</sup>

জন্য পুলিশকে আজকে ঠিক করতে হচ্ছে, এই যে বিরোধ, ওঁদের মধ্যে এই বিরোধ কি এখানকার? এই বিরোধ স্বাধীনতার আগের বিরোধ। এখানে আমরা দেখলাম বিরোধী দলের নেতা বাজেট আলোচনায় স্বাধীনতা সংগ্রাম, নেতাজি এইসব নিয়ে বললেন। সেজন্য আমি বলছি, এই বিরোধ আজকের নয়। ত্রিপুরা কংগ্রেসে নেতাজিকে জুতো ছুঁড়ে মেরেছিলেন, আর পণ্ডিত নেহেরু বলেছিলেন সোর্ড দিয়ে আমি তাঁর মোকাবিলা করবো। এই কথা কি আমরা ভুলে গিয়েছি? সেই বিরোধ এখন উত্তরাধিকার সূত্রে এসে দাঁড়িয়েছে মমতা আর সোমেনের মধ্যে। এগার তারিখে কৃষ্ণনগরে ওঁরা কমিশনারকে মাইকে দাঁড়িয়ে প্রকাশ্যে বলেছেন, শিবদাস মুখার্জি আসছে না, আসার ক্ষমতা নেই। তাহলে দু'গাড়ি পুলিশ দিয়ে আনতে হবে। ওরা বলেছে, বাবা মায়ের নাম ডেকে নে। আর বলেছে, খেয়ে নে। সাতদিনের মধ্যে খেয়ে নিবি। ওদের লোক ওদের লোককে বলছে। সেজন্যই তো পুলিশকে দরকার। এখানে আমরা প্রায় ২১.৯ পার্সেট টাকা ধার্য করেছি। অন্যায় করেছি? এখানে ওরা সবাই বিরোধিতা করেছিলেন। পার্লামেন্টারি ডেমোক্রেসীর সব বালাই চুকে যাচ্ছে নাকি? এখানে যখন আলোচনা করছিলেন তখন এই বিলটি মুড়ে নিয়ে ঐ ধান ভানতে শিবের গীত গেয়ে গেলেন। ওগুলো একটু চোখ তলেও দেখলেন না যে এইজন্য টাকা ধরা হয়েছে।

মিঃ ম্পিকার ঃ মিঃ বসু, আপনি তো বললেন, ধান ভানতে শিবের গীত গেয়েছেন, ওঁরা বলে দিন ধান ভানবার সময়ে কোন গীত গাওয়া হয়?

শ্রী সূভাষ বসুঃ এত যে বঞ্চনা, এই বঞ্চনার মধ্যে একটি নমুনা দিই। বাণিজ্যিক ব্যাঙ্কণুলো আমানতের ব্যাপারে অন্যান্য রাজ্যে ৬১.৭ পার্সেন্ট টাকা দেয় আর আমাদের এখানে দেয় ৫০.৩ পারসেন্ট। এই যে বঞ্চনা, এটি আপুনারা স্বীকার করবেন না? দিতীয়ত হচ্ছে এই যে. বিভিন্ন সময়ে সমস্ত আর্থিক প্রতিষ্ঠানগুলো সহায়তা দেন, পশ্চিমবঙ্গে দিয়েছেন ৪ হাজার ২৫২ কোটি টাকা, অন্ধ্রে ৬ হাজার ১৭৯ কোটি টাকা, কর্ণাটকে ৫ হাজার ২৮৩ কোটি টাকা, তামিলনাডতে ৭ হাজার ৮৫৯ কোটি টাকা এবং মহারাষ্ট্র দিয়েছেন ১৬ হাজার ৭৫৬ কোটি টাকা। এইভাবে বঞ্চনা করেছেন যেখানে সেখানে আপনাদের অবস্থা হচ্ছে— একটা জীবের তিনটে বাচ্চা হয়, দুটো খায় আর একটা ওদের খাওয়া দেখে লাফায় বলে শুনেছি। পশ্চিমবঙ্গকে এইভাবে বঞ্চনা করেছে সেটা বলছেন? তৃতীয় জীব হিসাবে লাফিয়ে যান আপনারা। এই যে আপনারা টাকা ব্যয় করতে পারলেন না, বিদেশ থেকে যেসব ঋণ নিয়েছেন, ১৩,০৮২ কোটি টাকা খরচ করেছেন, ১০,১০২ কোটি টাকা খরচ করতে পারলেন না এবং সাহায্য যা পেয়েছেন ১.০১১ কোটি টাকা, খরচ করেছেন ৮৭৯ কোটি টাকা। আপনারা ১৩ পারসেন্ট খরচ করতে পারলেন না এবং এখানে ২৩ পারসেন্ট খরচ করতে পারেন নি। উন্নয়ন খাতে বৃদ্ধি হয়েছে ২০ পারসেন্ট, পরিকল্পনায় ব্যয় হয়েছে ১৮ পারসেন্ট, খাদ্যশস্য ভাণ্ডারে ১৫ পারসেন্ট, ক্ষদ্রসেচ, বিদ্যুতের ব্যাপারে ২২ কোটি টাকা, কর্ম সংস্থানে পাঁচ লক্ষ টাকা-এইসব ক্ষেত্রে টাকা যোগানোর জন্য এই বিল।

[5-30 — 5-40 p.m.]

যুগান্তকারী এই বিল থেকে আজকে শিক্ষা নেবে সারা ভারতবর্ষ। এই পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে ডাঙ্কেল প্রস্তাব নিয়ে যে আলোচনা করছেন, এই ডাঙ্কেল প্রস্তাব তো এক রকম হয়েই

গেছে। আপনারা পি.এল. ৪৮০ মাধ্যমে যে গম খাইয়ে ছিলেন দেশের মানুষকে, দেশের কৃষককে, আবার সেই কৃষি ব্যবস্থাকে সাম্রাজ্যবাদীদের হাতে দিতে চলেছেন, ১৪ তারিখে সই করবেন সেই প্রস্তাবে। আমরা ঐ বিলকে সই হলেও কার্যকর হতে দেব না, তাই এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ মানস ভূঁইএলাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপ্রোপ্রিয়েশন বিল '৯৪-মাননীয় অর্থমন্ত্রী সভায় পেশ করেছেন এবং সেই বিল নিয়ে বিতর্ক চলছে আজকে সারাদিন ধরে। অর্থমন্ত্রীর দিন প্রথম থেকে চলছে তার আজকে শোনার পালা এবং আমরাও সেই কারণে এই বিতর্কে অংশগ্রহণ করছি। বিতর্কের শেষ পর্যায়ে বলি, আমরা কেন এর বিরোধিতা করছি—এই বিষয়ে আমাদের বক্তব্য রয়েছে। ওনারা প্রায়ই দষ্টিভঙ্গির কথা বলেন, ওনারা প্রায়ই অর্থনৈতিক চিন্তা-ধারার, অলটারনেটিভ চিন্তা-ধারার কথা বলেন। আমরা মূলতঃ যে বিষয়গুলি গত ১৭ বছর ধরে লক্ষ্য করে চলেছি. একটা সরকারের কাছে ১৭ বছর কম দিন নয়—এটা তর্জা লডাইরে জায়গা নয়—এরা এই রাজ্যে আছে, আমরা কেন্দ্রে আছি. অথচ সব কথাই এদের বিরুদ্ধে বলতে হবে, আর ওরা কেন্দ্র বিরোধী বলবেন, এইভাবে কোন রাজ্য চলতে পারে না। স্যার, আমি খাঁটিয়ে খাঁটিয়ে বাজেট বিশ্লেষণ করলাম, এই যে বাজেট তৈরি হয়—এই বাজেট গাছের জন্য নয়, আকাশের তারা পেদার জন্য নয়, এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল মানুষের জন্য, মানুষ কতটা এগুলেন, তার অর্থনৈতিক বনিয়াদ কতটা শক্ত হল. তার অগ্রগতির কথা হল--বিদ্যুৎ-এর ক্ষেত্রে, শিল্পের ক্ষেত্রে, শিক্ষার ক্ষেত্রে, বেকারত্ব দুরীকরণের ক্ষেত্রে, এখানে সবটাই পর্যালোচনা করতে হবে। নাকি বলবেন, আমাদের মেজরিটি আছে জোর করে পাস করিয়ে নিয়ে চলে যাব, আমরা বিরোধীদের কথা শুনব না, স্বদর্থক হলেও যেহেতু আমাদের ব্রুট মেজরিটি আছে। গণতান্ত্রিক পদ্ধতিতে আমরা পর্যালোচনা করে, ভালমন্দ সব ব্যাপারটা দেখে এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাওয়ার নিয়ে আমরা যখন গণতান্ত্রিক বক্তব্য রাখছিলাম সাগ্লিমেন্টারি গ্রান্টের উপর, অর্থমন্ত্রী তখন বলছিলেন যে মানসবাবু ২৭ কোটি টাকা যেটা বলছিলেন এটা আমরা ৭৮ কোটি টাকা অ্যালট করতে চেয়েছি। আজকে বিদ্যুৎ-এর ক্ষেত্রে পশ্চিমবঙ্গের অবস্থা কি, বিদ্যুতের ক্ষেত্রে পশ্চিমবঙ্গে আমরা আজকে কোন জায়গায় রয়েছি। সারা ভারতবর্ষের মধ্যে গ্রামীণ বৈদ্যতিকরণ হয়েছে ৮৩ শতাংশ, পাশাপাশি শুজরাট, কর্ণাটক, হিমাচল প্রদেশ পাঞ্জাব, হরিয়ানা, কেরালায় ১০০ শতাংশ অ্যাচিভমেন্ট করে গিয়েছে। কেন এটা হল— মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা ভাতরবর্ষে আমরা প্রায় ৮৮ লক্ষ ১৮ হাজার ৩৭৭টি শ্যালো টিউবওয়েল এনারজাইস্ট করেছি. এর মধ্যে পশ্চিমবঙ্গের শেয়ার কত, মাত্র ৫১ হাচার ৩৫৫টি, এটা ইক নমিক রিভিউ এর রেফারেন্স। তাহলে আমরা কোন জায়গায় আছি। এই কয়েকদিনের মধ্যে মাননীয় অর্থমন্ত্রী যদি লক্ষ্য করেন দেখবেন ২৯শে মার্চ এক লিখিত প্রশ্নের উত্তরে বিদাৎমন্ত্রী বলেছেন, তাতে পশ্চিমবঙ্গের গ্রামীণ লোকদ্বীপ প্রকল্পর জেলাওয়ারি যে হিসাব দিয়েছেন তাতে একটা শোচনীয় চিত্র ফুটে উঠেছে। ১৬টি জেলার মধ্যে কত পরিবারকে এই সযোগ দেওয়া গিয়েছে? সেখানে থেকে কি বিপদজনক তথ্য বেরিয়ে আসছে। মাননীয় অর্থমন্ত্রী নিশ্চয় এই ব্যাপারে উত্তর দেবেন। বিদ্যুৎমন্ত্রীকে প্রশ্ন করা হয়েছিল এবং বিদ্যুৎমন্ত্রী তার উত্তর দিয়েছেন—বাঁকুড়া জেলার প্রতিনিধিরা নিশ্চয় আছেন—বাঁকুড়া আদিবাসী সম্প্রদায়ের মানুষের জেলা, সেখানে ১৯৯১-৯২ সালে ১,১২২ জন মানুষকে কৃটির জ্যোতি প্রকল্পের আওতায়

আনা গেছে ; ১৯৯২-৯৩ সালে ৩১০ জন মানুষকে ; আর ১৯৯৩-৯৪ সালে একটা जामिवात्री जयनिनि मानुरात वाफिरा विमुद भौष्यामि। जारुन कार्मत जना এই वार्जिं। বিদ্যৎমন্ত্রী আর অর্থমন্ত্রীকে আলো দিয়ে সাজিয়ে রাখার জন্যই কি এই বাজেট? মেদিনীপুর, পরুলিয়া, বাঁকুড়া এবং কুচবিহারে কুটির জ্যোতি প্রকল্পে স্টেট শেয়ার এবং সেন্ট্রাল শেয়ারের হিসাবটা এবারে আমি বলছি। ১৯৯১-৯২ সালে ১৬.৬০০ জন মান্যকে কটির **জ্যোতি** প্রকল্পে বিদ্যুৎ দেওয়া হয়েছে। সেখানে টোটাল খরচ হয়েছে ৫১ লক্ষ ৪৬ হাজার টাকা। তার মধ্যে স্টেট শেয়ার দিয়েছে ১৫ লক্ষ ৭৭ হাজার টাকা, আর সেন্ট্রাল দিয়েছে ৩৫ লক্ষ ৬৯ হাজার টাকা। ১৯৯২-৯৩ সালে ৫. ১৬৬ জন মানুষকে কটির জ্যোতি প্রকল্পে বিদ্যুৎ দেওয়া হয়েছে. সেখানে খরচ হয়েছিল ৩০ লক্ষ ৯৯,৬০০। এর মধ্যে রাজ্য দিয়েছিল ১০,৩৩,০০০. আর কেন্দ্র দিয়েছিল ২০ লক্ষ ৬৬ হাজার ৬০০। আর ১৯৯৩-৯৪ সালে—আপট ৩১. ১২,৯৩—কি বিপদজনকে অবস্থা মাত্র ১,০০২ জনকে বিদ্যুৎ দেওয়া হয়েছে। সেখানে খরচ হয়েছিল ৬,১২,০০০। সেখানে রাজ্য দিয়েছিল ২,০০,০০০ আর কেন্দ্র দিয়েছিল ৪,০০,৮০০। এটা কি অগ্রগতির লক্ষ্যণ? যখন বিদ্যুতের এই অবস্থা, তখন অনেকে বলেন আমাদের বিদ্যুৎমন্ত্রী সবচেয়ে অগ্রণী। অগ্রগতির প্রথম সোপান হচ্ছে, বিদ্যুৎ, আর সেই বিদ্যুতের হচ্ছে এই অবস্থা। এটা কি এগিয়ে যাওয়ার কথা বলে? এর জনাই কি আজকে এই সাপ্লিমেন্টারি বিল আনার দরকার? এই জায়গাটাতেই আমাদের প্রশ্ন থেকে যাচ্ছে। আরেকটা বিষয় নিয়ে আমরা খব চিন্তিত। পশ্চিমবঙ্গ শিক্ষার ক্ষেত্রে দ্বিতীয় স্থানে ছিল। কেরালা প্রথম থেকেই প্রথম স্থানে। আজকে শিক্ষার জন্য কোটি কোটি টাকা খরচ হচ্ছে। শিক্ষামন্ত্রী এখানে আছেন, তিনি জানেন আজকে আমরা সতেরোতম স্থানে এসে পৌচেছি। কি বিপদজনক অবস্থা? আমি মাননীয় অর্থমন্ত্রীর উদ্দেশ্যে বলছি—২৮.৮ পারসেন্ট শিক্ষা খাতে খরচ করার দাবিদার প্রফেসার দাশগুপ্ত মহাশয়—ভারতবর্ষে আমরা শিক্ষার ক্ষেত্রে নাকি সর্বাগ্রে আছি, গ্রামীণ অর্থনীতি ও সচেতনতা এই রাজ্যে এত বেডেছে যে সীমারেখা মাপা যাচেছ না বলে আপনারা বলেছেন। প্রাথমিক বুনিয়াদি শিক্ষাব্যবস্থা মজবৃত হয়েছে, বলে আপনারা বলেন। শিক্ষা ক্ষেত্রে যেখানে কেরালা ২৫ পারসেন্ট খরচ করে, সেখানে পশ্চিমবঙ্গ খরচ করে মাত্র ৩ পারসেন্ট। সেখানে আপনারা আবার দাবি করছেন সচেতনতা বেডেছে। ক্লাস ওয়ান থেকে ফাইভ পর্যন্ত ড্রপ আউটের সংখ্যা ৬৪.৪৫ পারসেন্ট, ক্রাস ওয়ান থেকে এইট পর্যন্ত ড্রপ আউটের সংখ্যা ৭৬.১৮ পারসেন্ট।

# [5-40 — 5-50 p.m.]

ক্লাস ওয়ান থেকে ক্লাস টেন পর্যন্ত ড্রপ আউটের ক্ষেত্রে লোমহর্যক ঘটনা ঘটছে। ৮১.৭৫ পারসেন্ট ড্রপ আউট। পালিয়ে যাচ্ছে ছেলেগুলি। কি বলেন অর্থমন্ত্রী? আপনাদের নেতৃত্বে এই রাজ্য শিক্ষার প্রগতির খুব ক্রতগুতিতে কি এগিয়ে চলছে বলে আপনারা দাবি করতে পারেন? স্যার, এই জায়গায় দাঁড়িয়ে আমার প্রশ্ন, যে রাজ্যে ২৮ পারসেন্ট শিক্ষার ক্ষেত্রে ব্যয় হয়, যে রাজ্যে ৫১ হাজার ১২২ টি প্রাথমিক বিদ্যালয়, যে রাজ্যে শিক্ষার প্রগতির ধারক-বাহক হিসাবে আপনারা নিজেদের ১৭ বছর ধরে দাবি করে আসছেন সত্যিই ঘটনা কি তাই? এই রাজ্য দু নং জায়গা থেকে ১৭ নং জায়গায় নেমে গিয়েছে লিটারেসি

রেটের ক্ষেত্রে। এখানে ডুপ আউট সর্বোচ্চ। ৫১ হাজার প্রাথমিক বিদ্যালয় থাকা সত্তেও মাননীয় অর্থমন্ত্রী কি জানাবেন শিক্ষা ক্ষেত্রে কতটা প্রগতির পথে এই রাজ্যকে আপনারা নিয়ে গিয়েছেন? এর পর আরও একটা বিষয় নিয়ে আমি বলতে চাই যেটা দেখছি ক্রমশই জটিল হচ্ছে। স্যার, একজন সদস্য হিসাবে এখানে বসে বেশ কয়েক বছর ধরে খুব আগ্রহ সহকারে বামফ্রন্ট সরকারের ভূমি সংস্কার নীতি ও কার্যক্রমের পর্যালোচনা শুনে আসছি এবং একবার বাদ দিয়ে বরাবর এই ভূমি সংস্কার বাজেটের আলোচনায় অংশ গ্রহণ করে আসছি। মাননীয় অর্থমন্ত্রীকে খুব বিনয়ে সঙ্গে বলছি, আপনি উত্তর দেওয়ার সময় একটা ইয়ার ওয়াইজ ব্রক আপ দেবেন যে আপ টু ৭৭ সাল কত জমি সরকারে ন্যস্ত হয়েছে এবং তার মধ্যে আপট় ৭৭ সাল কত জমি বিলি হয়েছে কত পরিমাণ মানুষের মধ্যে এবং ৭৭ সাল থেকে আজ পর্যন্ত কত পরিমাণ জমি বিলি হয়েছে কত পরিমাণ মানুষের মধ্যে।

#### (গোলমাল)

আপনি বলুন ৭৭ থেকে ৯৪ সাল পর্যন্ত ১৭ বছরে কত পরিমাণ জমি সরকারে ভেস্ট হয়েছে এবং কত পরিমাণ জমি কত মানুষের মধ্যে বিলি হয়েছে। একেবারে ক্যাটিগরিক্যালি, স্পেসিফিক্যালি ইয়ার ওয়াইজ ব্রেক আপ চাই এবং তার আগে অর্থাৎ ৭৭ সালের আগে কত পরিমাণ জমি সরকারে ভেস্ট হয়েছে ও বিলি হয়েছে সেটা চাই। আমরা যা জানি সেটা হচ্ছে আজ পর্যন্ত ১২ লক্ষ ৯০ হাজার একর জমি সরকারে ন্যন্ত হয়েছে এবং এরমধ্যে বিলি হয়েছে ৯ লক্ষ ৫০ হাজার একর। আর বাকি জমি আটকে আছে বিভিন্ন কারণে। আমরা জানি যে ৮ লক্ষ ৫৬ হাজার মানুষের মধ্যে ৬ লক্ষ ৮ হাজার একর জমি ১৯৭৭ সালের মধ্যেই ব্লক স্তারে সর্বদলীয় কমিটি করে বিনা রক্তপাতে, বিনা যুদ্ধে মানুষের উপর অত্যাচার না করে বিলি করা হয়েছে। বাকি জমি প্রায় চার লক্ষ একর জমি ৭৭ থেকে ৯৪ সাল, ১৭ বছরে বিলি করা হয়েছে, বলুন এটা ঠিক কি না? তাই যদি হয়, কংগ্রেসিরা ভূমি সংস্কার আইন তৈরি করেছিল, কংগ্রেসিরা জুমি বন্টন করেছিল, ব্লক স্তরে পারিবারিক ব্যক্তিগত সিলিং ধরে। শান্তির পথে ভূমি বন্টনের ক্ষেত্রে সর্ব দলীয় কমিটি করে ব্লক স্তরে সেখানে মার্কসবাদী কম্যুনিস্ট পার্টি ছিল, সর্ব ভারতীয় ক্যানিস্ট পার্টি ছিল, আর এস. পি. ছিল, ফরওয়ার্ড ব্লক ছিল, সব দলের প্রতিনিধিরা ছিলেন, সর্ব দলীয় লাভ অ্যাডভাইসারি কমিটি ইন দি ব্লক লেভেল করে জমি বিলি করা হয়েছিল। স্যার তাহলে 🕮 কথাটা বারেবারে বলা হচ্ছে যে আমরাই একমাত্র করেছি. তা কিন্তু নয়, আপনারা করেনি, আপনারা অনেক কম করেছেন, আমরা পার্সেন্টেজ ওয়াইজ অনেক বেশি করেছি। এর এ<sup>কটা</sup> ইয়ার ওয়াইজ ব্রেক আপ দেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবার আসছি একটা রাজে আজকে বেকার সমস্যা সমাধানের ক্ষেত্রে তার দৃষ্টিভঙ্গি কি, এটা থেকে বেরিয়ে আসবে, তার শিল্প নীতি, তার শ্রম নীতি, তার বেকারদের এমপ্রয়মেন্ট, আমি অর্থমন্ত্রীকে বলব, আর্পনি একটা ইয়ার ওয়াইজ ত্রেক আপ দেবেন। আমি তিনটে বছরের হিসাব দিচ্ছি, ১৭ বছরের হিসাব দেব না। আপনি বলুন আমাকে এই কি আপনার দৃষ্টিভঙ্গি বেকার সমস্যা সমাধা<sup>নের</sup> ক্ষেত্রে, যার জন্য এই বাজেট, যার জন্য এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল? এই রাজ্যে যে ফার্ট্টারি তৈরি করেছেন, সেই ফ্যাক্টারি বামফ্রন্টের ফ্যাক্টারি, তাতে ৫২ লক্ষ বেকার যুবক তৈরি হ<sup>রেছে</sup>, এত ভাল ফাাক্টারি কোথায় পাওয়া যাবে? ১১ সালে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা ৫০ <sup>লক্ষ</sup>

৮১ হাজার ৯০০, সেখানে ৯২ সালে ৫০ লক্ষ ৫৩ হাজার ৮০০। ৯২ সালে ৫২ লক্ষ ৩১ হাজার ৭০০, আজকে একের পর এক বেকার বাড়ছে। আজকে শিক্ষিত বেকার, যারা রেজিস্টিকত হয়ে আছে, তাদের সংখ্যা কত? ইনক্রডিং স্কুল ফাইনাল, গ্রাজুয়েট, ডক্টর্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স ৯১ সালে ২৮ লক্ষ ৪৫ হাজার, ৯২ সালে ২৮ লক্ষ ২৭ হাজার ৮০০, ৯৩ সালে ২৭ লক্ষ ৭৩ হাজার। আমি অথমন্ত্রীকে বলব যে কি দৃষ্টিভঙ্গি? আপনাদের ইকনমিক অলটারনেটিভ দৃষ্টিভঙ্গি নেই যাতে এই বেকার যুবকনের বেকারত্বকে মোচন করতে সক্ষম হন। পরিশেষে আমি একটা ছোট্ট পরিসংখ্যান দিচ্ছি, ৯০ সালে ভ্যাকান্সি নোটিফায়েড ১৮.৪ পার্সেন্ট. প্লেসমেন্ট হয়েছে ৯.৪ পার্সেন্ট। ৯১ সালে ভ্যাকান্সি নোটিফায়েড ১৪.২ পার্সেন্ট. প্রেসমেন্ট হয়েছে ৮.৮ পার্সেন্ট। ৯২ সালে ভ্যাকান্সি নোটিফায়েড ১২.৬ পার্সেন্ট, প্লেসমেন্ট ৭.৩ পার্সেন্ট, ৮৩ সালে ভ্যাকান্সি নোটিফায়েড ৬.৩ পার্সেন্ট, প্লেসমেন্ট ২.৮ পার্সেন্ট ভাবা যায় কোনও জায়গায় আমরা দাঁডিয়ে আছি? আপনি বললেন যে আমাদের রাজ্যে আমরা ডাঙ্কেল প্রস্তাবকে কার্যকরি করতে দেব না। উনি জানেন উৎপাদক এবং অনুৎপাদক ক্ষেত্রে ভর্তৃকি ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ডাঙ্কেল প্রস্তাবের পক্ষে ফলে পরিষ্কারভাবে বলে দিয়েছে যে ক্ষকদের কোনও রকম উৎপাদক এবং অনুৎপাদক ক্ষেত্রে ভর্তুকি কাটা হবে না। সাত হাজার কোটি টাকা ভর্তুকি দেওয়া হয়েছে। এই বছর ৮ হাজার কোটি টাকা ভূর্তকি দেওয়া হবে। ডঃ মনোমোহন সিং ঘোষণা করেছেন, আপনি জানেন আমাদের রাজ্যে এবং ভারতবর্ষের কৃষক সমাজ এর **কুউপ**র এর কোনও প্রভাব পড়বে না। তাই আপনি বিপথগামী কথা বলছেন আপনার <sup>ব</sup>বক্তব্যের মাধ্যমে। আমি তাই বলব, আপনি আমার প্রশ্নের উত্তরগুলো দেবেন। তাই এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

## [5-50 — 6-00 p.m.]

শ্রী উমাপতি চক্রবর্তী ঃ মাননায় স্পিকার, স্যার, আমি অ্যাপ্রোপ্রিয়েসন বিলকে সমর্থন করে কয়েকটা কথা আপনার মাধ্যমে এই সভার কাছে নিবেদন করতে চাই। আমি গতকাল থেকে আজ পর্যন্ত দু'দিন ধরে বিরোধী পক্ষের বক্তাদের বিভিন্ন বক্তব্য যেমন ধৈর্য ধরে খনলাম তেমনি বিভিন্ন বিষয়ের উপর অর্থমন্ত্রীর ডঃ অসীম দাশগুপ্তের জবাবও শুনলাম। সব ওনে আমার মনে হচ্ছে অসীমবাবু যতই চেষ্টা করুন তার কথা ওরা বুঝবেন না। এই প্রসঙ্গে আমার গ্রাম-গঞ্জের একটা মজার গল্পের কথা মনে পড়ে যাচ্ছে। গল্পটি হচ্ছে—এক <sup>গ্রামের</sup> একটি পরিবারে তাদের শুরুদেব এসেছেন। শুরুর সামনে পরিবারের কর্তা এবং তার <sup>ন্ত্রী বসে</sup> তার কথা শুনছিলেন। শুরুদেব বলছেন—আমি তোমাদের ভগবান যে আছেন তা <sup>বুঝি</sup>য়ে দেব। তখন শিষ্য, অর্থাৎ বাড়ির কর্তা বলছেন,—বুঝিয়ে দিতে পারলে আমার যথা সর্বস্থ আপনাকে দিয়ে দেব। তখন তার স্ত্রী তাকে হাতের ইশারা করে বাইরে ডেকে নিয়ে <sup>গিয়ে</sup> বললেন,—কি বলছো, শুরুদেব যদি বুঝিয়ে দেন তাহলে তুমি ওকে সব দিয়ে দেবে! তাহলে আমাদের কি হবে? তখন কর্তা বললেন,—আমি বুঝলে তো। ওদের অবস্থাও ঐ রক্ম হয়েছে, অসীমবাবু ওদের যতই ত<্য দিয়ে, যুক্তি দিয়ে বোঝান না কেন, ওরা বুঝবেন কি? ওরা যে বুঝবেন না বলে ঠিক হয়ে এসেছেন। অবশ্য শেষের দিকে অতীশবাবু এক <sup>রকম</sup> বক্তব্য রাখলেন, আবার মানসবাব আর এক রকম বক্তব্য রাখলেন। অতীশবাবু পুলিশ দিয়ে আরম্ভ করলেন এবং **পুলিশে**র বিরুদ্ধে ভীষণ বিষোদগার করলেন। অথচ অসীমবাবু

[30th March, 1994]

কালকেই বলেছেন যে, পুলিশ খাতে ৪০ কোটি টাকা অতিরিক্ত বরাদের কারণ—ডি. এ. এবং রেশন বাবদ বকেয়া যা ইতিপূর্বে কলকাতা পুলিশকে দেওয়া হয়েছে, জেলা পুলিশকে দেওয়া হয় নি, সেটা দিতেই এই টাকাটা খরচ হয়েছে। আর ডি. এ. বাবদ পুলিশ কর্মচারিদের বাড়তি টাকা কেন দিতে হ'ল, এর জন্য দায়ী কে, রাজ্য সরকার, না কেন্দ্রং প্রতি বছর দেশে নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম লাফিয়ে লাফিয়ে বাড়ছে। ওরা দেশে আশুন জ্বালিয়ে দিয়ে বলছেন, '২মহার্ঘ ভাতা কেন বাড়ানো হ'লং আমরা সাপ্লিমেন্টারি বাজেটকে সমর্থন করতে পারব না, অ্যাপ্রোপ্রিয়েশন বিল সমর্থন করতে পারব না। অথচ কেন সমর্থন করতে পারব না। অথচ কেন সমর্থন করতে পারছে না তা কোনও যুক্তি দিয়ে বলতে সমর্থ হচ্ছে না। ওরা পুলিশের গুলি চালাতে হ'ল কেনং পুলিশকে যদি বাধ্য করা হয় তাহলে কি হবেং যদি বিনা কারণে গুলি চালাতে হ'ল কেনং পুলিশকে যদি বাধ্য করা হয় তাহলে কি হবেং যদি বিনা কারণে গুলি চালাতে বাধ্য করছেন। চোর, জোচ্চর, গুভাদের নিয়ে ওরা আন্দোলনের নামে গভগোল, বিশৃঙ্খলা সৃষ্টি করছেন, ফলে পুলিশ আইন-শৃঙ্খলা রক্ষা করতে বাধ্য হয়ে গুলি চালাছে। তারপর ওরা বলছেন—পশ্চিমবঙ্গে নাকি ভূমি সংস্কার হয়নি। অথচ ভূমি সংস্কার সম্বন্ধে এখানে সমন্ত পরিসংখ্যান দিয়ে দেওয়া হয়েছে।

দেখন পাতা উপ্টে উপ্টে কোথায় হয়েছে। ভূমি-সংস্কার হয় নিং আর্থিক সমীক্ষা ৩.৭ প্যারায় দেখুন পশ্চিমবাংলায় কত জমি বিতরণ হয়েছে। পশ্চিমবাংলায় বিতরণ হয়েছে ১ লক্ষ ১৩ হাজার একর এবং উপক্তের সংখ্যা হলো ১৯ লক্ষ ৯৪ হাজার মানুষ। মহারাষ্ট্র যেটাকে আপনারা উন্নতির উৎস হিসাবে মনে করেন, সেখানে ৫ লক্ষ ২৫ হাজার একর জমি বিলি হয়েছে, উপকতের সংখ্যা ১ লক্ষ ৩২ হাজার। অন্তপ্রদেশ, যেখানে প্রধানমন্ত্রীর বাড়ি, সেখানে বিলি হয়েছে ৪ লক্ষ ৬৩ হাজার একর জমি। আসাম এবং রাজস্থানে বিলি হয়েছে ৪ লক্ষ ৩৪ হাজার একর জমি। বিহারে বিলি হয়েছে ২ লক্ষ ৬৮ হাজার একর জমি। আপনারা এখানে যখন ছিলেন তখন ভমি-সংস্কার পশ্চিমবাংলায় হয়নি। আপনারা জে. এন আর.ও অফিসে গিয়েছেন কোন দিন? অতীশবাব বললেন ইদানিংকালে নাকি জমি বিলি হটে না, জমি ভেস্ট হচ্ছে না। জমি বিলি প্রতি মাসে হচ্ছে। জে.এল.আর.ও অফিসে গিয়ে দেকু প্রতি মাসের কয়েক শো একর জমি বিলি হচ্ছে। আমাদের ভূমি-রাজম্ব মন্ত্রী বলেছেন দ্বিতীঃ ভমি-সংস্কার বিল পাশ হলে কিছ কিছ জমি পাওয়া যাবে। আপনারা জেলায় জেলায় ঘুরলে দেখতে পাবেন প্রতিটি জে. এল. আর.ও অফিসে জমি বিলি করা হচ্ছে কিনা। জমি বিলি করার ব্যাপারে বাধা সন্টি করা হচ্ছে, অগ্রিম ইনজাংশান দেওয়া হচ্ছে। জমি ভেস্ট হওয়া পরে অগ্রিম ইনজাংশান দিয়ে জমি বিলি করা বন্ধ করে দেওয়া হচ্ছে। এখানে এসে বলছেন জমি বিলি হচ্ছে না। ওনারা বলছেন বিদ্যুতে নাকি কিছুই এগোয়নি। ১৯৭২-সাল থেকে ১৯৭৭ সালে এই সময়টা পশ্চিমবাংলার মানুষ প্রথম শুনলো লোডসেডিং শব্দটা। আপনাদের সময় যখন বিদ্যুৎ ছিল না তখন অভিধান খুলে বার করেছেন এই লোডসেডিং শব্দটা আপনারা যদি বিদ্যুৎ খাতে বেশি টাকা ব্যয় করতেন, যদি পরিকাঠামো ভাল করে তৈরি করতেন যদি ভাল করে প্লান তৈরি করতেন তাহলে এই বিদ্যুতের অভাবে হতো না। ১৯<sup>৭৭</sup> সালে আমরা আসার পর বিদাতের ব্যাপারে আমরা অভিযান করতে বাধ্য হয়েছি। আপনার

এই বিদ্যুৎ নিয়ে তোলপাড় করতেন এবং বলতেন বিদ্যুৎ নেই। আমরা বিদ্যুতের ব্যাপারে পরিকল্পনা করেছি, বেশি টাকা বরাদ্দ করেছি। এখন বিদ্যুৎ উদ্বন্ধ হচ্ছে এবং বিভিন্ন জায়গায় বিদ্যুতায়ন হচ্ছে। এখনে সারণীতে দেওয়া হয়েছে ১৯৯৩ সালে ৩৭ পারসেন্ট বিদ্যুৎ বেড়েছে। পশ্চিমবাংলায় বিদ্যুৎ পর্যদ বেড়েছে। বিভিন্ন প্রোজেক্ট বিদ্যুতের উৎপাদন বেড়েছে। দুর্গাপুর প্রোজেক্ট উৎপাদন বেড়েছে। পশ্চিমবাংলায় বিদ্যুৎ নিগম বেড়েছে। গ্রামে গ্রামে বিদ্যুৎ পাচেছ না বলছেন। গোটা ভারতবর্ষে সব জায়গায় বিদ্যুৎ পেয়েছে? আপনারা কি স্বপ্নের ঘোরে আছেন নাকি? লোকদীপ প্রকল্প, কুটির জ্যোতি প্রকল্পে দেখুন। এই ক্ষেত্রে বলা হয়েছে ৩১.১২.৯৩ তারিখ পর্যন্ত বিদ্যুৎ গ্রাহকের সংখ্যা হলো ৫৩ হাজার ৪৯৫ জন। ১৯৯৩-৯৪ আর্থিক বছরের ডিসেম্বর মাস পর্যন্ত কুটির জ্যোতি প্রকল্পে ১২০০ জন বিদ্যুৎ পেয়েছে। আপনারা মেদিনীপুর নিয়ে বলেন। মেদিনীপুরে ১০ হাজার মৌজা, একটা বড় জিলা। সেখানে ৪৯০০ মৌজায় এই পর্যন্ত বিদ্যুৎ গিয়েছে। সেখানকার শতকরা হার হচ্ছে ৪৭ পারসেন্ট বুঝতে হবে মেদিনীপুর জেলা কত বড় জেলা। আপনাদের দল রাজ্য চালিয়েছে, মেদিনীপুরে বিদ্যুৎ ছিল? আপনাদের তমলুকে বিদ্যুৎ ছিল, আপনার সবং-এ বিদ্যুৎ ছিল? এখানে এসে বড়াই করছেন?

[6-00 — 6-10 p.m.]

এখানে বলতে চাই স্যার, উনি বলেছেন যে কর্ম সংস্থান হয়নি। কর্মসংস্থান হয়নি তা উনি দেখিয়েছেন. গোটা ভারতবর্ষে লিখিত বেকারের সংখ্যা চার কোটি। আর অলিখিত বেকারদের ধরলে প্রায় এগার-বার কোটি হবে। ভারতবর্ষের অর্থমন্ত্রী যিনি এখনও ক্ষমতায় আছেন, তিনি এই রাজ্যে এসে লম্ফঝস্ফ করেছেন। ক্ষদ্র শিল্পগুলিতে আমাদের যেখানে কর্মসংস্থান হয়েছিল, সেগুলি বন্ধ হয়ে যাচ্ছে, বড বড় রাষ্ট্রায়ন্ত শিল্পগুলিকে বন্ধ করে দিচ্ছেন। আপনারা এখানে বিরোধিতার জন্য বিরোধিতা করছেন। এটি তো স্বীকার করবেন যে ভারতবর্ষে যে দুর্দিন চলছে, তারই মধ্যে পশ্চিমবঙ্গ একটি নতুন জায়গায় যাচেছ। আপনাদের এরজন্য গর্ব করা উচিত। ১৯৭৬-৭৭ সালে খাদ্যশস্য উৎপাদন হোত ৭৫ লক্ষ টন। পশ্চিমবঙ্গ চিরকালই ঘাটতি অঞ্চল। এখানে ৪০ লক্ষ টন খাদ্যের চাহিদা রয়েছে। তফাৎটা মেটাবার জন্য মাননীয় অর্থমন্ত্রী পরিকল্পনা করে অগ্রাধিকার দিয়ে এগোবার চেষ্টা করছেন। এর জন্যই এখানে খাদ্যশস্যের উৎপাদন ১২৬ লক্ষ টন হয়েছে। আলু উৎপাদনে পশ্চিমবঙ্গ প্রথম হয়েছে এবং চা উৎপাদনে দ্বিতীয় হয়েছে। গর্ব হচ্ছে না. আপনারা তো পশ্চিমবঙ্গেরই লোক? আমরা যদি ভারতবর্ষের লোক. ভারতবর্ষ যেখানে অন্ধকারে, সেখানে আমরা এখানে এগিয়ে চলেছি, এই আলোকে আপনারাও আলোকিত হোন। এটা কি আপনারা কখনও বোঝাবার চেষ্টা করেছেন? একটা অগ্রাধিকারের ভিত্তিতে দাঁডিয়ে বিকল্প একটি নীতি নিয়ে মাননীয় অর্থমন্ত্রীর এই বাজেট, যেটি তিনি ধৈর্য ধরে রচনা করেছেন, তা আগেই মঞ্জুর হয়ে গিয়েছে, তাকে অনুমোদন করা দরকার। সেজন্য আমি এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন করে আপনাদের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অসীম কুমার দাশগুপ্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৯৪ সালের অ্যাপ্রেপ্রিয়েশন বিলে সাপ্লিমেন্টারির উপরে বিতর্কে অংশগ্রহণ করতে গিয়ে যেহেতু বিল, বিলের উপরে আলোচনা, তাই আমাকে নির্দিষ্টভাবে সাপ্লিমেন্টারি বিলের উপরে আলোচনাটা রাখতে হচ্ছে।

আমাদের যে অতিরিক্ত ব্যয়-বরাদ্দ হবে সেটি ৪২২ কোটি টাকার মত। তারমধ্যে ৪০১ কোটি টাকার মত হচ্ছে ভোটেড, প্রায় ২১ কোটি হচ্ছে চার্জড। ভোটেড-এর উপরে শুধু বিতর্ক হয়। প্রাসঙ্গিকতার উপরে যদি একটি স্কেল থাকতো জিরো এবং দশ ক'রে, তাহলে আলোচনা মাঝেন্সঝে 'জিরো'র কাছাকাছি গেছে. মাঝেমাঝে পাঁচের ওপাশে গেছে। আমি পাঁচের ওপাশ ধরে আলোচনা করবো আইটেম ধরে ধরে। এখানে মল যে জিনিসটা লক্ষ্যণীয়. সেটি আমি আগেরবার বলেছিলাম। এই সাপ্লেমেন্টারি অ্যাপ্রোপ্রিয়েশান বিলের সবচেয়ে বড় যে অংশ. সেটি হচ্ছে বিদাত। এর উপরে প্রায় ৭৪ কোটি ৩৩ লক্ষ টাকা. এর মধ্যে ২৪ কোটির কিছ্ বেশি পি.ডি.সি.এল.কে ইনভেস্টমেন্টের জন্য, তারমধ্যে পি.ডি.সি.এলের. মাধ্যমে এস.ই.বি. কিছটা পারেন। আর একটি পি.ডি.সি.এল.-এর লোন ইকইটিতে কনভার্ট করতে হবে। ২৪ কোটি টাকার বেশি, ২৫ কোটি টাকা এস.ই.বি. পাবেন। তিস্তা ক্যানালে ও.ই.সি.এফ. থেকে যে লোন পাওয়া গিয়েছে, যেটি আগে বোঝা যা না, বিদ্যুতের ক্ষেত্রে কিছুটা প্রাসঙ্গিক হয়েছে, অনাগুলি অপ্রাসঙ্গিক। না হলে ভারতবর্ষের মধ্যে নিজেদের প্রয়োজনের পর যারা অন্যকে দিতে পারে, তাদের মধ্যে পশ্চিমবঙ্গ একটি রাজ্য। এখানে আগে যা হোত তা আপনারা জানেন। বৈদাতিকরণের মৌজা বলতে কি বোঝায়—কিছু মনে করবেন না, এটি অন্য রাজ্যে আছে, এখানে আমরা যেটিতে যাওয়ার চেষ্টা করছি ৮০ শতাংশ অতিক্রম করে ১০০ শতাংশে পৌঁছাতে। এই কাজটি করার ক্ষেত্রে আগামী বছরে ২২ কোটি টাকা অতিরিক্ত ট্রান্সমিশন এয়াও ডিস্টিবিউশনের জন্য করা হয়েছে, আগে যেটি হোত না। এখানে আগে বিদাতমন্ত্রী ছিলেন প্রবীর সেনগুপ্ত মহাশয়, তখন হুগলি জেলায় পোলবা বলাগড, এই ব্লুকটি নিয়ে সরাসরি, এস.ই.বি.র কর্মীরা তো আছেনই।

তার সঙ্গে স্থানীয় একেবারে কো-অপারেটিভ করলে কি হয়, হরিপালে যে ট্রাপমিশন ডিস্টিবিউশন লস হয়েছে সেটা ৫ শতাংশ এটা করার আমরা চেষ্টা করছি। এটা যথন ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউদিলে কথাটা বলা হয়. সেদিন সভাপতিত্ব করছিলেন প্রধানমন্ত্রী. উনি বলছিলেন ভারতবর্ষের মধ্যে এটা একটা নজিরবিহীন ঘটনা। আপনারা বলছিলেন, আমরা কোনও দৃষ্টিভঙ্গিতে এগুচ্ছি, আমরা এই দৃষ্টিভঙ্গিতেই এগুচ্ছি। আপনারা যে কথা বলছিলেন উন্নয়ন নিয়ে, সেই ব্যাপারে আমি ছোটখাট বির্তক করতে চাচ্ছি না। প্রথম আমি পুলিশের কথা বলি, তারপরে আমি স্কুল এডুকেশনের কথা বলব। পুলিশের ক্ষেত্রে ৪০ কোটি টাকা অতিরিক্ত বরান্দ চাওয়া হয়েছে. এর মধ্যে ১২ কোটি টাকা হচ্ছে মহামান্য হাইকোর্টের সিদ্ধান্ত অনযায়ী কতকণ্ডলি আপ-গ্রেডেশন করতে হয় : তাই ডি. এ. বেতন ইত্যাদি বরাদ্দ করতে হয়। আর একটা বিষয় আছে সেটা হচ্ছে রেশন বৃদ্ধি ও গণ বন্টন ব্যবস্থা, এর প্রধানতম কারণ দিল্লির সরকার রেশনের দামটা বাড়িয়ে দিয়েছেন, তাই কারণটা নিশ্চয় আপনারা সমর্থন করবেন। ততীয়ত, পেনশন এর ক্ষেত্রে বলি, হাাঁ নিশ্চয় এই ব্যাপারে আমাদের কাজ বাকি আছে। গত বছরের তুলনায় এই বছরে শিশু শিক্ষক পেনশন বেশি পেতে পারবেন তার জন্য ৭.৩৪ কোটি টাকা রাখা হয়েছে। চতুর্থত, মেগাসিটি প্রকল্প জনা ২০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। আশা করছি আপনাদের দেয় ২০ কোটি টাকা আমরা পাব, এখনও পাইনি। স্পিকার মহাশয়কে একটু আগে বলছিলাম ৬টার সময় একটা সংবাদ আসার কথা, আমার স্পেশ্যাল সেক্রেটারি রয়েছেন, এখনও পর্যন্ত আমাদের কাছে

এক পয়সাও এসে পৌছায়নি। আমরা কমিউনিস্ট, ক্লান্তিহীন আশাবাদী, আমরা মনে করি যদি এখন না দিতে পারেন তাহলে পরে দেবেন। এখন টাকা পয়সার নাকি ঘাটতি পড়েছে সেইজন্য অসুবিধা হতেও পারে। তারপরে দেখুন, রুর্যাল ওয়াটার সাপ্লাই—এই বাবদ ১৮ রুাটি টাকা দাবি করেছি, ফার্টিলাইজার প্রমোশনের ক্ষেত্রে ডাঙ্কেল প্রস্তাবে যাই থাকুক, আমরা এটা করব এর জন্য ৭৪ কোটি টাকা বরাদ্দ করেছি, হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার নিয়ে যাই বলুন, সাপ্লিমেন্টারি অ্যাপ্রোপ্রিয়েশনে নির্দিষ্ট বক্তব্য রেখেছি।

#### (গোলমাল)

াই বাবদ অতিরিক্ত ২০ কোটি টাকা ধরা হয়েছে। ইরিগেশনের ক্ষেত্রে ২৩ কোটি টাকা মতিরিক্ত বরাদ্দ ধরা হয়েছে। তিস্তার জন্য ২৭ কোটি টাকা দেওয়ার কথা ছিল, আমরা সেটা দিয়েছি, কিস্ত আপনাদের তরফ থেকে দেয় টাকা এখনও এসে পৌছায়নি। এখানে উত্তরবঙ্গ নিয় বীরেনবাবু বলছিলেন, আপনারা গিয়ে বলবেন, এমবার্গোর যে কথাটা এসেছিল এটা কস্ত তুলে নেওয়া হয়েছে। এটা যে আপনাকে বলেছে, ভুল বলেছে। সর্বশেষ এমবার্গো ছিল জলা পরিষদ এবং পঞ্চায়েতে, সেটা এখন নেই। হেলথের ব্যাপারে যদি কারুর কিছু বলার 
।াকে তাহলে আমি নিশ্চয় স্বাস্থামন্ত্রীকে বলব।

## [6-10 — 6-20 p.m.]

এরপর আমি বলি. মন্ত্রীদের ক্ষেত্রে ২০ লক্ষ টাকা বেশি চাওয়া হয়েছে। এটা ট্রাভেলিং লাউসের জন্য একটা এমাউন্ট ৪০ লক্ষর মতো দাঁডিয়েছে, গত বছর এটা ৫২ লক্ষ ডিয়েছিল। পেট্রোল, ডিজেল, অন্যান্য ভাড়া বাড়ানোর পর, এরপর আর বেশি এমাউন্ট াকছে না। আমি আগের দিন বলেছি, আজকেও বলছি, প্রত্যেকটি দপ্তরে আভ্যন্তরীণ সেভিংস য়েছে, কোনও খাতে হয়ত খরচ হয়নি, সেটা অন্য খাতে খরচ করা হয়েছে। এরজন্যই টিতি কম হয়েছে গত বছর ঘাটতি ছিল ২৮ কোটি টাকার মতো এবারে প্রায় ১১ কোটি কার মতো। মাননীয় সদস্য শৈলজাবাবু সিমেন্টের দাম বাড়ছে কেন সেই কথা বলেছেন। র সাথে কিন্তু তার কোনও যোগ নেই। আমরা তো সামগ্রিকভাবে সব জিনিসের দাম মিয়েছি। সিমেন্টের উপর ট্যাক্স আমরা ৯.২ পারসেন্ট থেকে বাড়িয়ে ১০ পারসেন্ট করেছি, <sup>র্থাৎ</sup> ০.৮ পারসেন্ট বাড়ানো হয়েছে। শৈলজাবাব ২৮ তারিখে কেন্দ্রীয় সরকার সিমেন্টের পর কত পারসেন্ট দাম বাড়িয়েছে? ১৫ পারসেন্ট দাম বাড়িয়েছেন। গত এক মাসে মেন্টের দাম বৃদ্ধির কারণ এইটিই। এরপর সর্বশেষে যে বক্তব্য রেখে আমি বক্তব্য শেষ রব সেটি হল ডাঙ্কেল প্রস্তাবের ক্ষেত্রে সতর্কতার সঙ্গে আমার এখানে বলছি, আলোচনা ান নিজেদের স্বার্থে, দেশের স্বার্থ রক্ষা করা উচিত। যদি আলোচনা সফল না হয়, যদি াপনারা সই করেন, তাহলে সংবিধানের শক্ত ভিতের উপর আমি দাঁড়িয়ে বলছি, যে *ত্তা*বে আ**পনারা সই করবেন, সেখানে রাজ্য তালিকাভুক্ত বিষয়ে যদি রাজ্যের সাধারণ** নুমের বিরুদ্ধে যায় কোনও জিনিস এবং আপনারা রাতের অন্ধকারে যদি সই করে আসেন হলে আমরা তাকে অগ্রাহ্য করব। আপনারা যদি সাধারণ মানুযকে আঘাত করেন, তাহলে মরা তাকে অগ্রাহ্য করব। আপনারা যদি সাধারণ মানুষকে আঘাত করেন, তাহলে সাধারণ নুব মাথা তুলে দাঁড়িয়ে তার প্রতিবাদ করবে। আমি প্রবীণ রাজনীতিবিদ জ্ঞানসিং সোহন ণকে বলছি, আপনাদের দলের রাজনীতির ভিত হচ্ছে বড় শিল্পপতি এবং জমিদারদের দল

[30th March, 1994

হিসাবে। কিন্তু এখন আপনারা আর তাদের সাথে নেই, আপনারা এখন বহজাতিক সংস্থাতি জিবাহক হয়ে পড়েছেন। আপনাদের দলের মধ্যে ভাঙ্গন ইতিহাসের নিয়মে অপরিহার্য সাধারণ মানুষের মধ্যে আপনারা আসবেন কিনা সেটা আপনারা বুঝে নিন।

#### Announcement of an All-Party Delegations

Mr. Speaker: I have an announcement to make. The Hon'ble members are informed that an All-Party Delegation of the West Benga Legislative Assembly consisting of the following members will meet the concerned Ministers of the Government of India and impress upon them and request them to see that the motions adopted in the West Bengal Legislative Assembly on 18.3.1994 on the following subjects are implemented early in the greater interest of the people of this state.

## Motion under Rule 185 on the Subject

- 1. Pending Railway Projects in the West Bengal
- 2. Execution of Keleghai-Kapaleswari Project
- 3. Naming of Calcutta Airport and Fort William in the name of Netaji Subhas Bose and Sirajudallah respectively.

#### Name of the Delegation

- 1. Shri Prabodh Chandra Sinha, Minister-in-Charge of Parliamentary Affairs Department.
- 2. Shri Shyamal Chakraborty, Minister-in-Charge of Transpo Department.
- · 3. Shri Debabrata Bandypadhyay, Minister-in-Charge of Irrigatio & Waterways Department.
  - 4. Shri Lakshmi Kanta Dey, Chief Government Whip.
  - 5. Shri Kripa Sindhu Saha, M.L.A.
  - 6. Shri Kshiti Goswami, M.L.A.
  - 7. Shri Kamakshyanandan Das Mahapatra, M.L.A.
  - 8. Shri Mamtaz Hussan, M.L.A.
  - 9. Shri Subrata Mukherjee, M.L.A.
- 10. Shri Nani Kar, M.L.A.
- 11. Shri Rabindra Nath Mondal, M.L.A.
- 12. Shri Padmanidhi Dhar, M.L.A.
- 13. Shri Dwijendra Nath Ray, M.L.A.
- 14. Dr. Manas Bhunia, M.L.A.
- 15. Shri Natabar Bagdi, M.L.A. and
- 16. Shri Deba Prasad Sarkar, M.L.A.

Shri Probodh Chandra Sinha, Minister-in-charge of Parliamentary Affairs, Shri Shyamal Chakraborty, Minister-in-charge of Transport Department and Shri Debabrata Bandyopadhyay, Minister-in-charge of Irrigation and Waterways Department will be the leaders of the Delegation.

This All-party Delegation will report to this Assembly during the next session of this Assembly.

#### LEGISLATION

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Appropriation Bill, 1994, be taken into consideration was then put and agreed to.

# Clauses 1-3 and Preamble

The question that clauses 1-3 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Dr. Asim Kumar Dasgupta: Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1994, as settled in the Assembly, be passed.

ডাঃ মানস ভৃইএগা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে রকম নাটকীয়তার সঙ্গে তার বক্তব্য শেষ করলেন তার প্রসঙ্গ টেনে আমি কয়েকটা কথা বলতে চাই। স্যার, আপনার মাধ্যমে তাকে শ্বরণ করিয়ে দিতে চাই যে, ভারতবর্ষের সরকার যার নেড়ত্বে চলছে, প্রধানমন্ত্রী শ্রী নরসিমা রাও, তিনি যে দলের নেতা সেই দলের নাম হচ্ছে ভারতের জাতীয় কংগ্রেস। এই দলের ইতিহাস দেশ রক্ষার ইতিহাস, দেশের সার্বভৌমত্ব রক্ষার ইতিহাস, দেশের সার্বিক ঐক্য রক্ষার ইতিহাস। তাই কোন ক্ষেত্রেই দেশের মানুষকে অদ্ধকারে রেখে, রাজ্যের অন্ধকারে রেখে, কৃষক সমাজের কোনরকম ক্ষতি হোক এমন কোন পদক্ষেপ ভারত সরকার নেবেন না। অপর দিকে মাননীয় অর্থমন্ত্রীকে স্যার, আপনার মাধ্যমে শ্বরণ করিয়ে দিতে চাই, মার্কসবাদ কমিউনিস্ট পার্টি যারা এই রাজ্যে সরকার চালাচ্ছেন এবং মাননীয় অর্থমন্ত্রী যার নেতা সেই মার্কসবাদি কমিউনিস্ট পার্টির ইতিহাস অত্যস্ত বেদনার ইতিহাস, দেশদ্রোহিতার ইতিহাস। স্যার আপনার মাধ্যমে ওদের বলতে চাই, ডাঙ্কেল প্রস্তাবের প্রেকাপটে আগামিদিনে যে গ্যাট চুক্তি সাক্ষরিত হবে তাতে ভারতবর্ষের কৃষক সমাজের স্বার্থ <sup>জ্বলাঞ্জুলি</sup> যাবে না, ভারতের কৃষকদের স্বার্থ সেখানে রক্ষিত হবে। এরা বিতর্ক তুলেছেন যে <sup>কৃষি</sup> সহায়ক এবং কৃষির ক্ষেত্রে ভরতুকি তুলে দেওয়া হবে ডাঙ্কেল প্রভাবের প্রেক্ষাপটে। <sup>কিন্তু</sup> কি হ'ল ? গত বছর কেন্দ্রীয় বাজেটে ৭ হাজার কোটি টাকা ভরতুকি দেওয়া হয়েছিল, ় বছর কেন্দ্রীয় অর্থমন্ত্রী ঘোষণা করেছেন যে ৮ হাজার কোটি টাকা ভরতুকি দেওয়া হবে। <sup>াজ্যে</sup>র এক্তিয়ারে কোন হস্তক্ষেপ নয়, স্টেট লিস্টে কোন হস্তক্ষেপ নয়, ভারতবর্যের অগ্রগতি <sup>3 বৈদে</sup>শিক বাণিজ্য বৃদ্ধিই কেন্দ্রীয় সরকারের লক্ষ্য এবং তার সঙ্গে সঙ্গে স্বাধীনতা সার্বভৌমত্ব <sup>কো</sup> করাই **হচ্ছে ভারত সরকারের লক্ষ্য। সার্বিক বিশ্ববাণিজ্যের প্রেক্ষাপটে আজ ভারত** ারকার যে নতুন শিল্পনীতি, আর্থিক নীতি নিয়ে এগিয়ে চলেছেন তা কখনও ভারতবর্যের

মানুষের স্বার্থকে জলাঞ্জলি দেবে না। আজকে একথা দৃঢ়তার সঙ্গে বলতে পারি যে ভারতের জাতীয় কংগ্রেস এবং তার প্রধানমন্ত্রী শ্রী নরসিমা রাও ভারতবর্ষের স্বার্থ রক্ষার জন্য যে কোন মূল্যে সংগ্রাম করবেন। এরজন্য এখানকার বামপন্থী অর্থমন্ত্রীর উদ্বেগের কোন কারণ থাকতে পারে না।

ডঃ অসীম কুমার দাশগুপ্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংক্ষেপে আমি আমার বক্তব্য রাখছি। এই বাজেটে কীট নাশকের উপর কর বৃদ্ধি করা হয়েছে এবং পাবলিক ডিসট্রিবিউশনের মাধ্যমে চাল, গম-এর দাম বৃদ্ধি করার ফলে—আমি হিসাব করেছি ৯১ এবং ৯৩ সালের মধ্যে যেখানে ২ কোটি মেট্রিক টন পি.ডি.এস.-এর মাধ্যমে বন্টন করা হতো, সেটা কমে গিয়ে দেড় কোটি মেট্রিক টন হয়েছে। আপনি যা বললেন তার ১৮০ ডিগ্রী বিপরীত ঘটনাগুলো ঘটেছে এবং আপনারা কিছু মনে করবেন না, এখন যেটা বেরিয়ে আসছে, গত তিন বছরে ডাঙ্কেল প্রস্তাবের ক্ষেত্রে আপনাদের দলের ইতিহাস হচ্ছে মানুযকে বারংবার মিসলিড করার ইতিহাস এবং তাই আমরা বলছি খুব পরিষ্কারভাবে যদি সাধারণ মানুষের স্বার্থ যেভাবে আপনারা চলছেন, আমরা অগ্রাহ্য করবো তার প্রমাণ এই বছরের বাজেটে কীট নাশকের আপনারা কর বাড়িয়েছেন, আমরা কমিয়েছি। ফার্টিলাইজারে কমিয়েছি। আপনারা ছোট শিল্লের বিরুদ্ধে গেছেন, আমরা সমর্থনে গেছি। আপনারা সই করবেন কি, সই করার আগেই ডাঙ্কেল প্রস্তাব রূপায়ণ করছেন, আমরা বিরোধিতা করছি। আনুসঙ্গিকভাবে বললাম, আমরা অগ্রাহ্য করবো যদি সাধারণ মানুষের স্বার্থের বিরুদ্ধে যায়, এই কথা বলে আরও একবার সমর্থন কর, আমার বত্তব্য শেষ করলাম।

মিঃ স্পিকার ঃ কত রকম সরকার আছে, সব পরপর এটা বললেন না। কী নরসিমা রাও সরকার, এই সরকার সব সার্টিফিকেট দিলেন তো, অসীমবাবুরা আমাকে চুপিচুপি বলছেন একটা সার্টিফিকেট আছে সংখ্যালঘু থেকে সংখ্যা গরিষ্ঠ একটা সরকার।

The Motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Appropriation Bill, 1994, as settled in the Assembly, be passed was then put and agreed to.

#### Adjournment

The House was then adjourned at 6-22 p.m. till 11 a.m. on Thursday, the 31st March, 1994 at the Assembly House Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 31st March, 1994 at 11.00 a.m.

#### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 10 Ministers, 5 Ministers of State and 137 Members.

[11-00 — 11-10 a.m.]

#### Obituary Reference:

Mr. Speaker: Hon'ble Members, before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Lakshmi Kanta Basu, Ex-Member of the West Bengal Legislative Assembly and a veteran Congress Leader who breathed his last on the 29th March, 1994 at a nursing home in Calcutta. He was 56.

He was born at Bhowanipore, Calcutta on 30th September, 1939 and had his education at Raj School of Kalna and Shyamaprasad College of Calcutta. He joined politics in 1961 while he was studying at Shyamaprasad College. He was in the leadership of the State Chhatra Parisad for a fairly long time. He was elected to the West Bengal Legislative Assembly twice in 1971 and 1972 as a Congress candidate. He was associated with may trade union organisations. He was the founder-Chairman of the National Labour Co-ordination Council formed in 1972 and continued to hold that position till the last day of his life. He was also a member of the working Committee of the District Congress.

At his death the State has lost a prominent political leader and a veteran trade unionist.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage, the Hon'ble Members rose in their seats for two ministers as a mark of respect to the deceased.)

Thank you, Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

# Starred Questions (to which oral answers were given)

#### হলদিয়া পেট্রোকেমিক্যালস্

\*৩৪৫। (অনুমোদিত প্রশ্ন নং \*৪১) শ্রী **আব্দুল মান্নান ঃ** শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) হলদিয়া পেট্রোকেমিক্যালস্ কমপ্লেক্সের জন্য লেটার-অফ-ইনটেন্ট কবে নাগাদ পাওয়া গিয়েছে ; এবং
- (খ) এ-পর্যস্ত কোন কোন শিল্পসংস্থা ঐ প্রকল্পের জন্য কত টাকা বিনিয়োগ করেছে?

# ত্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ

- (ক) হলদিয়া পেট্রোকেমিক্যালস কমপ্লেক্সের জন্য লেটার অব ইনটেন্ট ১০ই আগস্ট ১৯৯০ সালে পাওয়া গিয়েছে।
- (খ) ঐ প্রকল্পের জন্য এ পর্যন্ত টাটা গ্রুপ ১২ কোটি ৫৭ হাজার টাকা বিনিয়োগ করেছেন।

এছাড়া পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগম এ পর্যস্ত বিনিয়োগ করেছেন ১৮ কোটি ৪৮ লক্ষ ৪১ হাজার টাকা।

শ্রী আব্দুল মানান ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, এর আগে শুনেছিলাম হলিদ্যা প্রেটাকেমিক্যালস প্রকল্প নিয়ে রাজ্য সরকারের গেয়েফ্কাদের সঙ্গে একটা চুক্তি হয়েছিল এবং গোয়েক্কারা ওখানে কিছু ইনভেস্টও করেছিল। যদি তা সত্য হয় তাহলে তার পরিমাণ কত এ ছাড়া অন্য কোনও শিল্প সংস্থার সঙ্গে, কোনও মাল্টি-ন্যাশনাল কোম্পানির সঙ্গে হলিদ্য় প্রকল্প নিয়ে কথা হয়েছে কি? হয়ে থাকলে তারা হলদিয়ায় বিনিয়োগ করতে রাজি হয়েছে কি এবং যদি হয়ে থাকে তাহলে তাদের নাম কি এবং কত টাকা ইনভেস্ট করবে বলছে

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ অনেক আগে এই প্রকল্পের সঙ্গে গোয়েন্ধারা যুক্ত হয়েছিল, কিছ এখন আর তারা যুক্ত নেই। যে টাকা তারা দিয়েছিল তা তাদের ফেরৎ দেওয়া হয়ে গেছে আর বৈদেশিক সহযোগিতার প্রশ্নে বিভিন্ন ক্ষেত্রে আলাপ-আলোচনা চলছে, এখনও পর্যন্ত কোনও কিছু চুড়ান্ত হয়নি। সূতরাং চুড়ান্ত না হওয়া পর্যন্ত সে বিষয়ে নির্দিষ্ট কোনও কিছ্ বলা ঠিক হবে না।

শ্রী আবদুল মানান ঃ এই প্রকল্পের প্রারম্ভে সংবাদপত্রে দেখেছিলাম এবং বিভিন্ন সম্প্রে মুখ্যমন্ত্রী মহাশয় বক্তব্য রাখতে গিয়ে বলেছিলেন এখানে দেড় লক্ষ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হবে এই প্রকল্প বাস্তবায়িত হলে। এখন রিভাইসড যে স্কীম নিয়েছেন তারফলে ও দেড় লক্ষ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হবে কিনা? এতে কোনও পরিবর্তন হয়েছে কিন এবং কত লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হবে?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ এই প্রকল্পের সমস্ত দিক যদি ঠিকঠিকভাবে কাজ করে তাহলে মূল প্রবন্ধ এবং ডাউন স্থ্রিমে যা কিছু হবে সেটা খূব ব্যাপক এবং বিশাল হবে। তাতে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এর আগের বাজেটে এবং এবারের বাজেটে যে কথা বলেছেন সেই অত লোকের কর্ম সংস্থানের নিশ্চয়তা আশা করা যায়

শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন বিদেশি সংস্থার সঙ্গে কথাবার্তা চলছে। যদি শেষ পর্যন্ত বিদেশি সংস্থা থেকে সাহায্যের প্রতিশ্রুতি না পাওয়া যায় তাহলে এই প্রকল্পে ডাউন স্ট্রিমে শুরু করার কথা ভাবছেন কিনা কম খরচে?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ বিদেশি সহযোগিতা পাওয়া যাবে বলে দৃঢ়ভাবে আশা করি এবং 
ডাউন স্ট্রিমে প্রকল্পের কাজ করার জন্য সম্পূর্ণ রূপরেখা তৈরি হয়ে গেছে। এখন সেটা আগে 
হবে, না পরে হবে অর্থাৎ আরও কিছুদিন পরে সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

শ্রী সৃদীপ বন্দ্যোপাধ্যায় ঃ হলদিয়া নিয়ে একটা হোক্স দিয়েছেন বারে-বারে। প্রথমে গোয়েস্কাদের সঙ্গে হল, তারপর দরবারি শেঠের সঙ্গে একটা চুক্তি সাক্ষরিত হল এবং বিধানসভায় টেবিল চাপড়ে আমাদের আশ্বন্ত করলেন টাটা টি'র সঙ্গে চুক্তি হল। তারপর টাটা চলে গেল। মাননীয় মুখ্যমন্ত্রী এবং টাটা টি একটা যুক্ত বিবৃতি দিলেন যে টাটা চলে বাছে না। এই হলদিয়া প্রকল্প সম্পর্কে তারা চুক্তিবদ্ধ রহিল। মুখ্যমন্ত্রীর প্রতিশ্রুতি এবং যুক্ত সাক্ষরিত বিবৃতি কিন্তু ডিস্ট্রিবিউটেড হল। এখন শুনছি, মাল্টি-ন্যাশনাল কোম্পানি—বিদেশি সংখ্যা আসবে। তাহলে টাটার সঙ্গে মুখ্যমন্ত্রীর যে সর্বশেষ প্রচারিত যৌথ বিবৃতি সেই যৌথ বিবৃতি বা বক্তব্য এখনও কি স্ট্যান্ড করছে? টাটা কি এখনও হলদিয়ার সঙ্গে যুক্ত থাকবে? এবং মাননীয় সদস্য শ্রী আবদুল মামান যে কথা আগে বললেন যে দেড় লক্ষ লোকের কর্মসংস্থানের কথা, সে ব্যাপারে আপনারা শ্বেতপত্র প্রকাশ করতে রাজি আছেন কিনা? কারণ মূল প্রকল্পে ২ হাজারের বেশি লোকের চাকরি হতে পারে না, ডাউন স্ট্রিমে কি দেড় লক্ষ লোকের চাকরি হতে পারে?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ হলদিয়ার সঙ্গে কোনও হোক্স করা হচ্ছে না। বিলম্বের যতগুলি কারণ আছে তার শতকরা ৯৯ ভাগ কারণ কিছু রাজ্য সরকারের হাতে ছিল না। টাটা এই প্রকল্পের সঙ্গে সুনির্দিষ্টভাবে আছে, যথাযথভাবে আছে এবং এ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী গ্রণয় জে. আর. ডি. টাটার সঙ্গে যে যুক্ত বিবৃতি দিয়েছিলেন সেটা সর্বাঙ্গই সত্য।

[11-10 — 11-20 a.m.]

শ্রী নির্মল দাস ঃ আর্থার ডাঙ্কেল তার যে প্রোপোজাল সেই সেই প্রোপোজাল আজকে 
চি ছুক্তির মাধ্যমে বাস্তবায়িত হবার জায়গায় চলেছে এখন যে কেমিকেল প্রোডাকশন 
নিদায়া পেট্রো কেমিকেলসে সেটা কেন্দ্রীয় সরকারের দীর্ঘসূত্রতার জন্য তাদের অনুমোদনের 
চাপারে এই যে গ্যাট চুক্তি তার ফলে হলদিয়া পেট্রোকেমিকেলসের এই যে প্রোডাকশন সেই 
বাডাকশনের ব্যাপারে কোনও ব্যবস্থা করা কেন্দ্রীয় সরকার লেটার অফ ইন্টেন্ট দেবার ব্যবস্থা 
কিছেন, প্রকৃতপক্ষে গ্যাট চুক্তি হলে হলদিয়া পেট্রোকেমিকেলসের যে পদ্ধতিতে চলার সম্ভাবনা 
নিছাবে চলবে কিনা মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন ?

[31st March, 1994

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ গ্যাট চুক্তি আমরা সকলেই জানি, সেই সর্বনাশের বিরোধিং করছি। প্রধান প্রধান দেশ বিরোধী, রাজ্য বিরোধী বিষয়গুলি নিয়ে গ্যাট চুক্তি এই প্রকল্পে স্বার্থগুলিকে খতিয়ে দেখা হয়নি। প্রকল্পের ক্ষতি যাতে না হয় তার জন্য ব্যবস্থা নেওয়া হবে

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, হলদিয়া পেট্রোকেমিকেল কমঞ্জে আপনি তাতে দেড় লক্ষ নিয়োগের সম্ভাবনা আছে বলে বলছেন ডাউন স্ট্রিম বাদ দিয়ে মৃ হলদিয়া পেট্রোকেমিকেলসে ডাউন স্ট্রিমে কত নিয়োগ হবে?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ এটা আলাদা প্রশ্ন করলে জবাব দোব।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সুদীপবাবু বললেন আমাদের সরকার নাকি হলদিয়া পেট্রোকেমিকেলস নিয়ে হোক্স দিচ্ছেন, আপনি জানেন স্যার, প্রথে কেন্দ্রীয় সরকার এবং আমাদের রাজ্য সরকার জয়েন্ট ভেঞ্চার হিসাবে হবার কথা ছিল, ওর বাধা দিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে রিভাইজড এস্টিমেটসে কত খচর হবে, এটা অ্যাকচুয়ান নেগোসিয়েশন স্টেজ থেকে বাড়িয়ে কোন কাজ আপ স্ট্রিমে শুরু করতে পারা যাবে?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ এটা সংশোধিত প্রকল্প তিন হাজার কোটি টাকার চেয়ে কিছু বেশি লাগবে আগে প্রকল্প যা ছিল টাকার অবমূল্যায়ণের জন্য—সব দাম বেড়ে গেছে—সেজনা ঃ হাজার কোটি টাকার চেয়ে বেশি লাগবে। সেখানে হলদিয়া পেট্রোকেমিকেলসে ডব্লিউ. ডি. দি টাটা ুপ তারা দেবেন। অন্য জায়গায় অর্থ গ্রহণ করার ইকুইটির প্রচেষ্টা চলছে। এটা ডাল্ছ হবে, প্রকল্পের সম্বন্ধে এই পর্যন্ত বলতে পারি।

# ভোটারদের পরিচয়পত্র

\*৩৪৬। (অনুমোদিত প্রশ্ন নং \*২৮৭) শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ স্বরাষ্ট্র (সংবিধান নির্বাচন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) রাজ্য সরকার ভোটারদের পরিচয়পত্র প্রদানের জন্য কোনও পদক্ষেপ নিয়েছ কি : এবং
- (খ) निल्न, এ ব্যাপারে আনুমানিক কত টাকা খরচ হবে?

# শ্রী জ্যোতি বসুঃ

- ক) এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা চলছে। বর্তমানে বিষ্ফা আদালতের বিচারাধীন আছে।
- (খ) প্রশ্ন ওঠে না।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন যে, কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচলছে, সেটা কিসের ভিত্তিতে, কি পরিপ্রেক্ষিতে এই আলোচনা রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারে করছেন এবং কি কি শর্ত নির্বাচন কমিশন দিয়েছিলেন, যার ফলে আপনার দপ্তর্গ কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করতে হচ্ছে?

শ্রী জ্যোতি বসু ঃ কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে স্বরাষ্ট্র মন্ত্রী মুখ্যমন্ত্রীদের একটা মিটিং ডেকেছিলেন এই পরিচয় পত্র সম্পর্কে। সেখানে আমার যতদূর মনে পড়ে আমি সহ সব মাননীয় মুখ্যমন্ত্রীই উপস্থিত ছিলেন। আমি বলেছিলাম নীতিগতভাবে আমরা এটাতে রাজি আছি, এটা করতে আমাদের সমর্থন আছে, কিন্তু দুটি বিষয় আছে, একটি হচ্ছে টাকা পয়সা, অনেক টাকার প্রয়োজন, সেই টাকা কে দেবে? কেন্দ্রীয় সরকার অংশগ্রহণ করবেন না? ইলেকশন কমিশন না' কি সারকুলারে বলেছেন কেন্দ্রীয় সরকারের ৫০ ভাগ দেওয়া উচিত এবং রাজ্য সরকারগুলির ৫০ ভাগ দেওয়া উচিত।

ইতিমধ্যে স্বরাষ্ট্র মন্ত্রীর পক্ষ থেকে আমাদের কাছে একটি চিঠি এসেছে বর্ডার অঞ্চলের জনা, সিটিজেনশিপ কার্ডের ব্যাপারে, বিশেষ করে, যার সঙ্গে নির্বাচনের কোনও সম্পর্ক নেই। আমাদের বর্ডার অধ্যুষিত দশটি জেলা রয়েছে। এক বছর আগে এই ব্যাপারে আমরা রাজিও হয়েছিলাম, কারণ এর ৯০ ভাগ খরচ কেন্দ্রীয় সরকার দেবেন এবং ১০ ভাগ আমরা দেব। এটাও আজেন্ডার মধ্যে এসেছে। আমরা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম যে. এটা কি মাল্টিপারপাস কার্ড হবে। উত্তরে উনি বলেছেন—'আগে আমরা বলেছিলাম সিটিজেনশিপ कार्फ्त कथा, किन्तु এখন ইলেকশন किम्पानात वलहान ভোট দেবার জন্য কার্ডের কথা। কাজেই এটা নিয়ে আমাদের আলোচনা করতে হবে, কারণ দু'তিনটি করে কার্ড জনসাধারণকে দেওয়া যাবে না যেখানে আমাদের ৪.৫ কোটি ভোটার রয়েছেন। তাছাডা এরজনা এক পয়সাও তারা বাজেটে রাখেননি। ইতিমধ্যে আমরা তাদের জানিয়েছি যে. বিষয়টা মামলাধীন। আমরা সেশনের বিরুদ্ধে মামলা করেছিলাম। সেশন বলেছিলেন যে, ১৯৯৫ সালের মধ্যে যদি পরিচয়-কার্ড ভোটারদের না দেওয়া হয়, কেউ যদি এক্ষেত্রে কাজ শুরু না করেন, কাজ শেয না হয়, তাহলে নির্বাচন হবে না। এর বিরুদ্ধে আমরা হাইকোর্টে গেছি। আবার কিছদিন আগে সেশন এখানে এসে তার পূর্বের কথার পুনরাবৃত্তি করেছেন, বলেছেন—'আগে যা বলেছিলাম সেটাই আছে।' তখন আমরা হাইকোর্টে সুয়ো-মোটো একটি মামলা করি এবং সেই মামলায় তাকে অ্যাপিয়ার হতে বলেন হাইকোর্ট। তখন তিনি সুপ্রিম কোর্টে যান। কিন্তু ওখানকার লইয়ার হাইকোর্টের জাজকে বলেন যে, ঐ সার্কুলারটা কিছু নয়, ওটা তার একটা মন্তব্য মাত্র, সাংবাদিকরা জিজ্ঞাসা করায় তিনি ওটা বলেছেন, কাজেই এর কোনও মূলা নেই। সুপ্রিম কোর্ট তখন হাইকোর্টকে বলেছেন—'একটা বেঞ্চ গঠন করে ৪ সপ্তাহের মধ্যে যাতে মামলা নিষ্পত্তি হয় তার ব্যবস্থা করুন। ঐ মামলাটা হাইকোর্টে আছে। ইতিমধ্যে অন্যান্য রাজ্যের তিন-চারজন মুখ্যমন্ত্রীর সঙ্গে আমার কথা হয়েছে। তারাও মনে করেন যে, পদ্ধতিগত <sup>ভাবে</sup> গোলমাল থাকায় এটা করা যায় না। বিষয়টা যদিও বিচারাধীন রয়েছে তবুও অন্ত <sup>প্রদেশে</sup>র মুখ্যমন্ত্রীকে ফোন করেছিলাম। তিনি বলেছেন—'আপনি তো মামলা করেছেন, সেটা <sup>বদি</sup> পাঠিয়ে দেন তাহলে একসঙ্গে যাতে মামলা করতে পারি সেটা আমি দেখব।' কেন্দ্রীয় সরকার কি কবছেন আমি জানি না।

শী লক্ষ্মণচন্দ্র শেঠঃ আপনি বললেন যে, ভোটারদের পরিচয়পত্র দেবার বিষয়টা মামলাধীন, কিন্তু কেন্দ্রীয় স্বরাষ্ট্র বিভাগ যে সিটিজেনশিপ কার্ড দিতে বলেছেন বিশেষ করে শীমান্তবর্তী এলাকায়, সেই কার্ড সম্পর্কে কি কোনওরকম কাজ শুরু করেছেন?

শ্রী জ্যোতি বসু ঃ সিটিজেনশিপ কার্ডের কার্জটা আরম্ভ করেছিলাম। ওরা বলেছিলেন— 'পরীক্ষামূলক ভাবে কার্জটা শুরু করুন এবং সেটা কলকাতার একটি এবং মালদার একটি কনস্টিটিউয়েন্দি বেছে নিয়ে কার্জটা শুরু করতে পারেন।' আমরা গোলমালে পড়ে গেছি, তবে আমরা প্রস্তুত এটা করবার জন্য। আমরা মনে করি, কার্জটা করলে কি হয় সেটা দেখতে এটা পরীক্ষামূলকভাবে আরম্ভ করা যায়। তবে কেন্দ্রীয় সরকার যতদিন পর্যন্ত পরিদ্ধারভাবে বলছেন ততদিন পর্যন্ত আমরা কিছু করতে পারব না।

[11-20 — 11-30 a.m.]

শ্রী জটু লাহিড়িঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে রাজ্য এই ব্যাপারে করতে রাজি, এটা সঠিক কিছু উনি বলছেন না, উনি বলছেন যে কেন্দ্র যদি টাকা দেয় ইত্যাদি, এটা বিচারাধীন আছে। আমরা দেখেছি যে বিগতদিনে স্বাধীনতা সংগ্রামিদের ব্যাপারে কেন্দ্র পূরো টাকা দেবার পরে রাজ্যের কোনও আপত্তি ছিল না। অর্থাৎ কেন্দ্র যে ব্যাপারে পূরো টাকা দিচ্ছেন সেই ব্যাপারে কোনও আপত্তি থাকছে না। অথচ পরিচয় পত্র, এটা অত্যও প্রয়োজনীয় বিশেষ করে পশ্চিম বাংলায় যেখানে দেখছি অনুপ্রবেশ ঘটছে, এই রকম একটা ভাইটাল প্রশ্নের ব্যাপারে কোনও মতামত দিতে পারছেন না। আমার যেটা প্রশ্ন মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে, রাজ্য যে মামলা করেছে, সেই মামলা কি পরিচয় পত্র যাতে না হয় তার জন্য কি মামলা করেছেন?

শ্রী জ্যোতি বসু ঃ মামলা রয়েছে। ইলেকশন করতে দেবে না, মামলা করব নাং রাজ্য সভায় ইলেকশন কি করে হল, ভোটে রাজ্য সভায় ইলেকশন হয়েছে। আমাদের মামলা করে আদায় করতে হয়েছে। আপনি কি প্রশ্ন করছেনং গত বাই ইলেকশন সমস্ত বন্ধ করে রেখছিল। আমরা মামলা করি, কোর্ট থেকে অর্জার হয়েছিল যে ইলেকশন হবে। সমস্ত মুখ্যমন্ত্রীরা একমত হয়েছেন যে কেন্দ্র যদি টাকা দেয় তাহলে নীতিগতভাবে আমাদের কারও আপত্তি নেই। তবে এটা নিয়ে মামলা হয়েছে, জজদের কাছে বলেছি যে নীতিগতভাবে আমাদের কোনও আপত্তি নেই, কিন্তু টাকার আগোর আছে, পদ্ধতিগত ব্যাপার আছে, অনেই ব্যাপার আছে।

শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি অনুগ্রহ করে জানাবেন, আমাদের নাগরিকদের বহু ক্ষেত্রে বহু রকম পরিচয় পত্র আছে। আজকে এই নির্বাচন সংক্রান্ত পরিচয় পত্র তার সঙ্গে যুক্ত করলে এতে পারপাস অন্তত পক্ষে সার্ভ হবে, এই রকমভাবে নির্বাচন করা সম্পর্কে কোনও চিন্তা-ভাবনা রাজ্য সরকারকে কি তারা জানিয়েছেন ?

শ্রী জ্যোতি বসু ঃ কেন্দ্রীয় সরকার কিছু জানান নি, ইলেকশন কমিশনও জ্ঞানান নি যে দুটো কার্ড হবে, কি ৬টা কার্ড হবে, বা তার ডুবলিকেট হবে কিনা। আমরা বলেছি থে মামলা হয়েছে। কেন্দ্রীয় সরকার এটা চিষ্তা-ভাবনা করছেন যাতে করে সকলে এক সঙ্গে করা যায় এবং তার ভিত্তিতে যা হচ্ছে ভালই হবে।

শ্রী আবদুল মাগ্নান ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে দেরিতে হলেও তিনি উপলব্ধি করেছেন, নীতিগতভাবে মেনে নিয়েছেন, পরিচয় প্রদানের ব্যাপারে টেকনিক্যাল কিছু

অসুবিধা, টাকা-পয়সার ব্যাপারে অসুবিধার কথা বলেছেন এবং হাই কোটে গেছেন সেশানের বিরুদ্ধে মামলা করতে। আমার আপনার কাছে যেটা প্রশ্ন, পাশে অর্থমন্ত্রী মহাশয় বসে আছেন, এবারে বাজেটে পরিচয় পত্রের জন্য ১৮ কোটি না ৮ কোটি টাকা বরাদ্দ হয়েছে। এই টাকা যেটা বরাদ্দ করেছেন, সেটা কি পরিচয় পত্র প্রদানের জন্য ইউটিলাইজ করবেন, না হাই কোর্টের কেস যতদিন না ফয়সালা হচ্ছে ততদিন পেন্ডিং করে রাখবেন? কেস করার পরেও বাজেটে প্রভিশন রেখেছেন। কাজেই এই পরিচয় পত্রের জন্য যখন বাজেটে বরাদ্দ করেছেন তখন এই কাজ কি এগিয়ে যাবে, না বন্ধ হয়ে থাকবে, এটা আপনার কাছে জানতে চাইছি?

শ্রী জ্যোতি বসু ঃ প্রথমত, দেরি করে করা হয়নি, আগেই করা হয়েছে প্রথমেই করেছি এবং কেন্দ্রীয় সরকারের যে মন্ত্রীরা, তারা নির্ভর করছে যে পশ্চিমবাংলা কি করছে, মামলায় কি হয়, তার উপরে। কাজেই দেরি করে করা হয়নি, আগেই করা হয়েছে। আমরাই নেতৃত্ব দিয়েছি, সকলেই আমাদের মতের সঙ্গে এক মত হয়েছে। দ্বিতীয় হচ্ছে, মামলা করার সময়ে আমরা জাজদের কাছে বলেছিলাম যে নীতিগতভাবে আমাদের আপত্তি নেই। সে জনা বাজেটে আমরা সাধারণভাবে একটা টাকা বরাদ্দ করেছি এখন যা হবে সেটা দেখব। মামলা করা হয়েছে, শুধু টাকা-পয়সার ব্যাপার নয়, পদ্ধতিগত ব্যাপারও আছে, দৃষ্টিভঙ্গির তফাৎ আছে। একটা সার্কুলারও দিয়েছেন এখন ভোটের তালিকা কি করে করা হয়।

এটা আমরা সবাই জানি ফটোগ্রাফের ব্যাপার আছে। একটা জায়গা ঠিক করবে একটা এলাকার ৩টি কি ১টি কন্সটিটিউয়েন্সির লোকের ফটো তোলা হবে এবং সেখানে যদি ১০ পারসেন্ট লোক না আসে তাহলে সবাইকে বলবে বাড়ি চলে যাও, তোমরা ভোটার হতে পারবে না। এই সব ব্যাপার আছে, এই জন্য মামলা চলছে।

Shri Gyan Singh Sohan Pal: Sir, we understand that the Government has accepted in principle the introduction of photo identity card to all the voters in this State. But there are some technical difficulties including availability of funds. Sir, my supplimentary to the Hon'ble Chief Minister is that what are the other constraints. Should funds be made available? Will it be possible for the Government to issue photo identity card to all the voters in accordance with the instruction of the Election Commissioner i.e., by 31st December.

Shri Jyoti Basu: Apart from the difficulties of funding this kind of scheme, there are other difficulties which I have just now stated. Very practical difficulties are in your area in Kharagpur. We would not go to your house to take photo-graph. According to that person's circular which has come from the Election Commissioner, they will call you at some places and supposing 500 peoples are called—20 per cent don't appear, others will be asked to go home. Then there are other constituional objections which are also there and all that will be decided

by the Courts. And I hope that at this stage there should not be any conflict with the Central Government. I have asked the Prime Minister to take it up with the Election Commission so that all of us can function together because this is Parliamentary Democracy. We should act together on such matters. One man cannot be as powerful as that that he only decides. He goes on making statement that this has to be made and like that. Parliamentary democracy cannot be saved in India.

শ্রীমতী মহারানী কোনার ঃ এখন এই যে পরিচয় পত্র করা হবে বলা হচ্ছে, আমরা এই নিয়ে গ্রামের দিকে খুব বিপদের মধ্যে আছি। যদিও এই প্রশ্নটা এর সঙ্গে নয়, তবুও প্রশ্ন করছি, যখনই পরিচয় পত্র তৈরি করা হবে তখনই রেশন কার্ডের প্রশ্ন এসে যাছে। কিন্তু দিল্লির সরকার বলছে ১৯৮২ সালের পর যারা এসেছে তাদের রেশন কার্ড দেওয়া হবে না। ইতিমধ্যে তারা চলে এসেছে। সমস্যা হচ্ছে তাহলে এখন তাদের কিসের ভিত্তিতে পরিচয় পত্র দেওয়া হবে? তার জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট কি ভাবছেন? আমরা এখানে কি প্রসেসে কাজটা করব? এটা নিয়ে আমরা খুব চিন্তার মধ্যে আছি।

শ্রী জ্যোতি বসু ঃ এখন মুশকিল হচ্ছে মাটারটা সাবজুডিস। কিন্তু এই যে সমস্যান কথা বলা হচ্ছে এটা ঠিকই সমস্যা। এই যে রেশন কার্ড, মাল্টি-পারপাস বলছে, দুটি কার্ডের কথা বলছি, আবার বলছে ডুবলিকেট থাকবে। তাহলে কি ক্ষেত মজুররা বাড়িতে ইড়ির মধ্যে কার্ড রেখে দেবে? এই সব নানা পদ্ধতির ব্যাপার আছে, আলোচনা হচ্ছে। এর বেশি কিছু এখানে বলা যাবে না। কোর্টে এই সব বলা হবে। তারপর সব নানা বাধা আছে আমার যতদূর মনে পড়ছে সারকুলার আছে যারা ফটো তুলতে চায় না—ভারতবর্যের যাসামাজিক অবস্থা অনেকে ফটো তুলতে চায় না—তাদের টিপ দিতে হবে। কোথায় গিয়ে টিপ দেবে, কার কাছে দেবে এই সব ব্যাপার আছে। তার ছাড়া যখন ইলেকশন হবে তথ্য সেখানে ফিলার এক্সপার্ট বসে থাকবে কিনা, এই সব ব্যাপার আছে।

কাজেই সেই টিপটা মিলছে কিনা, যিনি টিপ দিচ্ছেন, তিনি তো ঘোমটাটা খুলবেন না এই সবই আলোচনা হচ্ছে। কোর্টে বিষয়টি আছে, দেখা যাক কি হয়।

Shri Sougata Roy: As before I again want to thank the Chief Minister for accepting in principle the need for introducing photo identity cards for voters. He has possibly correctly mentioned that the only constraint in issuing photo identity cards are a) financial and b) procedural. He mentioned the problem of taking photographs and ration cards etc. But we have noticed that two states in which elections are due by this year have already decided to issue photo identity cards and started the process for it without waiting for funds from the Centre. One 15 Maharashtra and another is Karnataka. May I know from the Hon'ble Chief Minister that there is a lot of confusion on how much money 15 needed for issuing photo identity cards to nearly three crores of voters—what is the amount of money required and whether the State

is at all prepared to spend any money for this ? and what is its expectation from the centre so that cards may be issued.

Shri Jyoti Basu: I said right at the beginning that we are expecting sharing of 90:10 i.e. 90% by the centre and 10% by us. As far as Maharashtra is concerned I don't know exactly what decision they have taken but the finance minister of Maharashtra was representing Maharashtra Government in the Chief Ministers' meeting in Delhi and he agreed with me that it should be 90:10. But if they have proceed possibly they have money. But we have not advertised here because it is a sub-judice case and the preliminary enquiries which we have made show that it will cost about 80 crores for laminated cards and for duplicate double the amount. This is the rate that we have got from some people but we have not yet advertised to find out the cost. I saw in the paper that some company is saying that they can do it at a lower cost.

শ্রী নির্মল দাস ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়, ১৯৫২ সাল থেকে ভারতবর্বে নির্বাচন হচ্ছে এবং সেশন-এর আগে অনেক নির্বাচন কমিশনারকে আমরা দেখেছি। নির্বাচন পরিচালিত হয় কেন্দ্রীয় সরকারের কোষাগার থেকে। ফটো আইনেডন্টিটির ব্যাপারে আমার জিজ্ঞাস্য হচ্ছে, কেন্দ্রীয় সরকার সাংবিধানিক ক্ষমতা দিয়ে যে নির্বাচন কমিশনকে তাদের কাজকর্ম পরিচালনার দায়িত্ব ন্যস্ত করেছেন, সেখানে কেন্দ্রীয় সরকার বা নির্বাচন কমিশন নিজে উদ্যোগ নিয়ে রাজ্য সরকারগুলোকে ফটো আইডেন্টিটির ব্যয়-ভার না চাপিয়ে, তারা নিজেরাই ভারতবর্ষের সমস্ত ভোটারদের আইডেন্টিটি কার্ডের ব্যবস্থা করে নির্বাচন পরিচালনা করছেন না কেন? এ সম্পর্কে রাজ্য সরকার যা বলছেন, কোনও নতন চিস্তা-ভাবনা করছেন কি?

শ্রী জ্যোতি বসু ঃ না, এর সমস্তটা আমরা বলিনি। আমরা মনে করি যে শতকরা দশ ভাগ—নর্থ ইস্ট-এর ছোট ছোট যে স্টেটগুলো আছে, তাদের কথা আলাদা, কিন্তু অন্য স্টেটগুলো বহন করতে পারে। তার কি প্রতিক্রিয়া, কি বলতে চাইছেন কেন্দ্র, একটি কথাও মামরা ধ্রিনি।

শ্রী রবীন দেব ঃ স্যার, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জানাবেন কি—মুখ্য নির্বাচন কমিশনার কাগজে বিবৃতি দিয়েছেন যে এই পরিচয় পত্রের জন্য যে খরচ হবে, এই খরচ যদি রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকার বহন না করেন, তাহলে তারা চাঁদা তুলে তা বহন করবেন—এ সম্পর্কে নির্দিষ্টভাবে আপনার কাছে কোনও ইনফর্মেশন আছে কিনা?

শ্রী জ্যোতি বসু ঃ সংবাদপত্রে আপনিও যেমন দেখেন আমিও দেখি, এটা এক্সাক্ট ঘটনা, <sup>কত</sup> এর আর জবাব দেব, এর কোনও জবাব হয় না।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই আইডেন্টিডি কার্ড দেওয়ার ক্ষেত্রে ভারতবাসী হিসাবে চিহ্নিত করার জন্য যে ফটো এবং আইডেনটিডি দেওয়া

হচ্ছে সেক্ষেত্রে যদি অযোগ্য প্রমাণিত হয় সেই মানুষ কি এখানে থাকতে পারেন সেটা জানাবেন কি  $^{\circ}$ 

মিঃ ম্পিকার ঃ এটা তো অন্য ইস্য

শ্রী জ্যোতি বসু: মামলা তো হচ্ছে, সুপ্রিম কোর্ট হাইকোর্টে মামলা হচ্ছে, সুতরাং এর জবাব কি দেব?

Mr. Speaker: Mr. Chief Minister, you must be remembering—some years past, I was a very young man then—57 years old—one bye-election was held to the Lok Sabha where the voters had to have their identity cards. That time, we were working to get the voters enrolled. In that case, the photographers even went to each voter's house and the voters had a number of photographs with them with a view to getting their names enrolled, and that was done in a very big scale. But after that election, the government decided not to do this thing because of the huge cost involved and that was not a feasible project. Though the Left Party won that seat. I think Shri Indrajit Gupta was the candidate in that election. After that still he was reminded.

Shri Jyoti Basu: I know that but whether it is known to Mi Seshan, I cannot say. But Dr. B. C. Roy once did the right thing. That I remember. But there was not any objection also for the 'Pardanasin' and for all that kind of things. It was tried. But later on this could not be continued because it was not possible, it was not feasible and ultimately it was withdrawn.

#### **Eveteasing & Dowry Deaths**

\*347 (Admitted question No. \*297) Shri Sobhan Deb Chattopadhyay and Shri Saugata Ray: Will the Minister-in-charge of the Hone (Police) Department be pleased to state—

the number of recorded cases of eveteasing and dowry deaths in West Bengal from 1987 to 1992 ?

# Shri Jyoti Basu:

Eveteasing ... 894 Dowry Deaths ... 1404

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে, ইভটিজিং ৮৯৪টি এ<sup>হ</sup> ডাওয়ারি ডেথ ১,৪০৪টি এক্ষেত্রে আমার প্রশ্ন ২টি, একটি হচ্ছে এই ইভটিজিং বন্ধ কর<sup>ে</sup> জন্য সরকারি বা পুলিশি বা প্রশাসনিক দিক থেকে কি ব্যবস্থা নিয়েছেন এবং এই েডাওয়ারি ডেথ এই ব্যাপারে কতজনের শাস্তি হয়েছে?

[11-40 — 11-50 a.m.]

শ্রী জ্যোতি বসু : ইভটিজিংয়ের ব্যাপারে মামলা করা কঠিন। তার কোনও হিসাব নেই। ডাওয়ারি ডেথের ৮৯১ জনকে গ্রেপ্তার করা হয়েছিল। এই সময়ের মধ্যে এবং ঘটনার মধ্যে ১৭৭টি কেসের চার্জনিট দেওয়া হয়েছিল। মামলা চলছে এবং এর জন্য বিশেষ সেল তৈরি করা হয়েছে। এরজন্য কমিটি করা হয়েছে যাতে কত মানুষের অ্যাওয়ারনেস বাড়ানো যায় এবং এইসব বন্ধ করা যায়।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আপনি বললেন যে ১৭৭টি কেসের চার্জনিট দেওয়া হয়েছে, কিন্তু যেখানে ১ হাজার ৪০৪টি ডাওয়ারি ডেথের কেস সেখানে ১৯৮৭ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত কোনও শান্তির ব্যবস্থা করা যায় নি, সেক্ষেত্রে প্রশাসনিক অযোগ্যতা প্রমাণিক হচ্ছে না কি? যেখানে একটি কেসেও শান্তি হয়নি অথচ ১ হাজার ৪০৪টি ডাওয়ারি ডেথ।

শ্রী জ্যোতি বস : মামলা চলছে বলেই শান্তি হয়নি, আর অনেকগুলোর তদন্ত চলছে।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় মুখ্যমন্ত্রী সম্প্রতি লক্ষ্য করছি যে বেশ কিছু স্টার টিভি, ইলেকট্রনিক মিডিয়া এবং ন্যাশনাল নেট ওয়ার্ক যুব সমাজকে সর্বনাশ করার জন্য এই ধরনের বিশেষ কিছু ছায়া চিত্র প্রোপ্রাম করছেন। এবং কি করে যুব সমাজকে বিভিন্নভাবে ওয়াছে এই সমস্ত অপারধের দিকে সে ব্যাপারে রাজ্য সরকার কতটা অবহিত আছেন জানাবেন কি? অর্থাৎ আমার প্রশ্ন হ'ল, এই সমস্ত ঘটনা নিবারণের জন্য কেন্দ্রীয় সরকারের সাথে বিশেষ করে নেট ওয়ার্ক যারা কন্ট্রোল করেন এবং স্টার টি. ভি.-ওয়ালাদের যারা, গারা এখানে অবাধে আহান করা হচ্ছে তাদের সঙ্গে কথা বলার জন্য রাজ্য সরকারের কোনও উদ্যোগ আছে কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী জ্যোতি বসু ঃ স্টার টি. ভি.-কে কেন্দ্রীয় সরকার বন্ধ করতে পারবেন কিনা বা এর কোনও আইন-কানুন আছে কিনা আমি জানি না। এসব অনেক আন্তর্জাতিক ব্যাপারটাপার আছে। স্টার টি. ভি. বা আমাদের টি. ভি. দেখার সুযোগ আমার হয় না। তবে আমি
সংবাদপত্রে দেখেছি এবং আলোচনায় শুনেছি যে এগুলি দেখানোয় খুব খারাপ প্রভাব পড়ছে
আমাদের দেশে। এটা নিয়ে একবার কেন্দ্রীয় মন্ত্রীর সাথে আমি একটুখানি আলোচনা করেছিলাম।
উনি তো আবার বেশিদিন মন্ত্রী হননি। উনি বলেছেন, আমি দেখছি। উপদেষ্টা কমিটি-টমিটি
কবছেন। এখানে কমিটির মধ্যে আমাদের লোকজন রাখা হবে বলেছেন যাতে এইসব বিষয়
আলোচনা হয় যে যা দেখানো হয় তা উচিত কি উচিত নয়। এর চেয়ে বেশি এখন আমি
বলতে পারব না।

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় ১৯৮৭ থেকে ১৯৯২ সালের যে হিসাব দিলেন সেটার ইয়ার ওয়াইজ ব্রেক আপ অর্থাৎ জেলাওয়ারি কোনও বছর কত হয়েছে সেটা জানাবেন কি? আর ডাউরি ডেথের ব্যাপারে বললেন যে ১ হাজার ৪০৪টি কেস হয়েছে এবং তারমধ্যে ৮৯১ জন অ্যারেস্টেড হয়েছেন। আদালতের ব্যাপার আছে, গাস্তি না হতে পারে কিন্তু অ্যারেস্ট করতে বাধা কোথায়? এতে কি পুলিশের নিদ্ধিয়তা শ্রমণ হয় না?

শ্রী জ্যোতি বসু : জেলাওয়ারি পরিসংখ্যান আমার কাছে নেই, পরে জানাতে পারি। আর অ্যারেস্ট তো হয়েছে। কত হয়েছে তা আমি বলেছি 984 persons have been arrested for eve-teasing and 891 persons for dowry death.

শ্রী অঞ্জন চ্যাটার্জি : মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে আমাদের রাজ্যে ডাউরি ডেথ বা ডাউরির অত্যাচার বন্ধ করার জন্য প্রশাসনিক এবং সামাজিক উদ্যোগ নেওয়া হয়েছে। এবারের কেন্দ্রীয় বাজেটে উপহার সামগ্রীর উপর ট্যাক্স ছাড় দেওয়া হয়েছে বা ফ্রিকরে দেওয়া হয়েছে। আমাদের আশঙ্কা এতে ডাউরি নেবার প্রবণতা বাড়বে। এ ব্যাপারে আমাদের দৃষ্টিভঙ্গি কি তা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন কি?

শ্রী জ্যোতি বসুঃ আমি স্টাডি করি নি, আমি বলতে পারব না।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ আমরা প্রশ্নের উত্তর থেকে জানতে পারলাম যে টোট্যাল ডাউরি ডেথের ৫০ পারসেন্ট অ্যারেস্টেড হয়েছে। এখানে সরকারি ব্যাপার যেটা দেখছি সেটা হচ্ছে, বলা হয় মজুতদার হাজার হাজার গ্রেপ্তার হবে কিন্তু কোনও ইমপ্রিজিনমেন্ট হয় না। অনুরূপভাবে এখানেও দেখছি যে এতগুলি চার্জনিট দেওয়া হয়েছে কিন্তু ইমপ্রিজিনমেন্ট বা কনভিকশন নিল। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে সরাসরি আমার প্রশ্ন, সামাজিক দিং থাকে যারা ভয়্তয়র অপরাধজনিত ঘটনা ঘটাচ্ছে এবং যেখানে এতগুলি চার্জসিট হয়েছে সেখানে এই কেসগুলির দ্রুত নিপ্পত্তির জন্য কোনও স্পেশাল কোট অ্যাপয়েন্ট করার প্রয়োজন আছে কিনা?

শ্রী জ্যোতি বস: আমার মনে হয় না বিশেষ আদালত করে লাভ আছে। যদিও ফ্যামিলি আদালত আলিপরে আমরা করবার চেষ্টা করেছি কিন্তু এতে কিছ হবে না। আমা কথা হচ্ছে—মাননীয় একজন সদস্য প্রশ্ন করার পর আমার মনে পড্ছে যে সাম্প্রতিককারে পলিশের সঙ্গে আমি মিটিং করেছিলাম এবং তারমধ্যে একটা কথা আমি বলেছিলাম যে এই যে সব গ্রেপ্তার হয়, এইসব জঘন্য অপরাধ করে, ডাউরির ব্যাপার ইত্যাদিতে, এওলিং মামলার তদন্ত ঠিক সময়মতো হয় কিনা। আর হলের চার্জশিট দিতে দেরি হয়। তাছায় সঠিকভাবে রেকর্ড আছে কি না সেটা দেখতে হয়। জেলায় জেলায় যদি রেকর্ড না থাবে তদন্ত যদি জেলায় জেলায় না হয় তাহলে সেই মামলাওলো ঠিকভাবে হয় না। সেইজন আমি বলছি দু-মাস অন্তর অন্তর এইগুলো খোঁজ খবর নিতে হবে। আমার ধারণা যদিও আনুষ্ঠানিকভাবে এইসব বাবস্থা আছে, তব খবরা-খবর ঠিকভাবে রাখা হচ্ছে কী না সেটা দেখতে হবে। আমার নিজের মনে হয়েছে দ-মাস অন্তর অন্তর সমস্ত জেলায় কলকাতা সং খবর নেবেন যে মামলাওলোর কী হলো, ধরা যা পড়ছে এবং যাদের ধরতে পারা যায়নি সেইওলো আলাদা ব্যাপার, কিন্তু যেওলো ধরা হলো, চার্জনিট হলো, কেসওলো পার্ওড হঙ্গে কিনা, মামলাগুলোর কী হলো সেটা দেখতে হবে। এর মধ্যে দেরি কিছটা হচ্ছে চার্জ 🏰 যা হচ্ছে সেইগুলো পারশুড় হচ্ছে কি না. কারণ আমার মনে হয় মামলাগুলো যা দেহি সেইগুলো অর্ডিনারি মামলার মত হয়ে যাচ্ছে।

শ্রী মিনতি ঘোষ: স্যার আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কর্ছে জানতে চাইছি, ৮৭ সাল থেকে ৯২ সাল পর্যস্ত ডাউরি ডেথের পরিসংখ্যান দেখলন ১৪০৪ জন সেই কেসে মারা গেছে। আমার প্রশ্ন হচ্ছে মুখ্যমন্ত্রী তিনি বলেছেন ৮৯১টি কেস ধরা পড়েছে। ১১৭টি কেসে চার্জ শিট হয়েছে। কিন্তু স্বরাষ্ট্র মন্ত্রী আমাকে দয়া করে কি বলবেন যেখানে ডাউরি ডেথগুলো হচ্ছে, সেখানে আসামি ধরবার ক্ষেত্রে পুলিশ যখন কোন ভূমিকা গ্রহণ করে তখন সেখানে কংগ্রেস আই-এর নেতারা মদতপুষ্ট নেতারা সেল্টার দিচ্ছে কি না?

মিঃ স্পিকার ঃ এই প্রশ্ন এখানে ওঠে না।

Shri Gyan Singh Sohanpal: Sir, we have been informed that 1,404 dowry deaths have been recorded between 1987 and 1992. Of these deaths in the case of 177 cases chargesheet have been submitted. I would like to know from Hon'ble Chief Minister the number of cases which have ended in final report and the resons thereon.

Shri Jyoti Basu: I don't have any final Report.

#### জওহর রোজগার যোজনা প্রকল্পে কেন্দ্রীয় অর্থ

\*৩৪৯। (অনুমোদিত প্রশ্ন নং \*৪০৭) শ্রী দেব প্রসাদ সরকার ঃ গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) চলতি আর্থিক বছরে (১৯৯৩-৯৪) জওহর রোজগার যোজনা প্রকল্পে এ-রাজ্যের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক বরান্দকৃত অর্থের পরিমাণ কত এবং কি পরিমাণ অর্থ এ-পর্যন্ত পাওয়া গিয়েছে: এবং
- (খ) একই সময়ে ঐ প্রকল্পে রাজ্য সরকারের দেয় অর্থের পরিমাণ কত এবং কি পরিমাণ অর্থ বন্টন করা হয়েছে?

# ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ

- (ক) চলতি আর্থিক বছরে (১৯৯৩-৯৪) জওহর রোজগার যোজনায় কেন্দ্রীয় সরকার থেকে প্রাপ্য বরান্দের (এলোকেশন) পরিমাণ ২২০.৬৪ কোটি টাকা এবং এই বছরে ডিসেম্বর মাস পর্যন্ত মোট ১৪৩.৮৭ কোটি টাকা পাওয়া গেছে।
- (খ) রাজ্য সরকারের দেয় অর্থের পরিমাণ ৫৫.১৬ কোটি টাকা। ১৯৯৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ৩৫.৯৭ কোটি টাকা রাজ্য তহবিল থেকে কেন্দ্রীয় সরকারের ১৯৯৩-৯৪ সালের এই প্রকল্পে দেয় টাকার ম্যাচিং শেয়ার হিসাবে দেওয়া হয়েছে।

শ্রী দেব প্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কী, যে এই জওহর রাজগার যোজনায় চলতি আর্থিক বছরে আপনার শ্রম দিবস সৃষ্টির লক্ষ্যমাত্রা কত ছিল 
বিং কত শ্রম দিবস সৃষ্টি হয়েছে এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী তার যেকে যদি শ্রম দিবস সৃষ্টি
যি হয়ে থাকে তাহলে তার কারণ কী জানাবেন কি?

[11-50 — 12-00 Noon.]

ডাঃ সূর্যকান্ত মিশ্রঃ জওহর রোজগার যোজনায় ১৯৯৩-৯৪ সালে শ্রম দিবস সৃষ্টি? লক্ষ্য-মাত্রা ছিল ৫৬৩.৮১ লক্ষ; জানুয়ারি মাস পর্যন্ত ২৯২.৫১ লক্ষ শ্রম দিবস সৃষ্টি হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত হবে কিনা সেটা ৩১শে মার্চ, ১৯৯৪ পর্যন্ত রিপোর্ট পেলে বলতে পারব।

শ্রী দেব প্রসাদ সরকার ঃ জানুয়ারি মাস পর্যন্ত, ১০ মাসে লক্ষ্যমাত্রার অর্ধেক অর্জিত হয়েছে, বাকি অর্ধেক নিশ্চয়ই ২ মাসের মধ্যে হবে না। এই না হবার কারণটা কি?

ডাঃ সূর্যকান্ত মিশ্রঃ সাধারণ হিসাব মত ১০ মাসের কাজ নিশ্চয়ই দু'মাসে হয়না কিন্তু চাষের কাজের ক্ষেত্রে যখন মাঠে জল থাকে তখন কোন কাজই হয়না, কোন রক্ষ শ্রম দিবস সৃষ্টি হয়না। কাজের সময়ে—ওয়ার্কিং সিজ্নে অবশ্যই ১০ মাসের কাজ ২ মানে হতে পারে।

শ্রী দেব প্রসাদ সরকার ঃ জওহর রোজগার যোজনার গাইড লাইনটা কি? গাইড লাইন অনুযায়ি টাকা খরচ হচ্ছে কিনা? আমি যেটা জানি সেটা যদি ঠিক না হয় মান<sup>্তিত্ব</sup> মন্ত্রী মহাশয় অবশ্যই বলবেন—কর্ম-সংস্থান, গ্রামীণ অর্থনীতির পরিকাঠানো তৈরি এবং সম্প্রুষ্টি করাই হচ্ছে জওহর রোজগরা যোজনার উদ্দেশ্য। সেই উদ্দেশ্য নিয়ে ৬০ঃ ৪০ অনুস্থানিয়ার যা নির্দিষ্ট আছে অনেক ক্ষেত্রেই দেওয়া হচ্ছে না, ৬০%-টা ডাইভারসিফিকেশন হতঃ এটা কি সত্য?

ডাঃ সূর্যকান্ত মিশ্রঃ বিস্তারিতভাবে গাইড লাইন এখানে বলা মুশকিল। এ বিষয়ে একটা বড় বই আছে, বইটা মাননীয় সদস্য পড়ে দেখে নিতে পারেন। তবে ৬০ঃ ৪০ এখানে সঠিকভাবেই রক্ষিত হয়েছে। কয়েকটা কিমের ক্ষেত্রে ৮০% মেটিরিয়াল কট পড়ে তেঃ পারে, সেটা এ্যাডমিসেবল, সেটা করা যায়। এমন কি অনেক ক্ষেত্রে ১০০% মেটিরিয়াল ভি পড়তে পারে। কিন্তু সবটা মিলিয়ে ৬০ঃ ৪০ রক্ষিত হচ্ছে কিনা, এটাই মূল প্রশ্ন। আমাতে এখানে তা হচ্ছে, বছরের পর বছর হচ্ছে এবং আমাদের এখানে প্রায়ই ৬০%-এর বিং, বেশিই শ্রম দিবস সৃষ্টির জন্য খরচ হয়। আর মাননীয় সদস্য যদি বিশেষ কোন দ্বিমের ক্ষর্থলন তাহলে তা আলাদা কথা। আমাদের এখানে এ-বিষয়ে যে কাজ হয়েছে বা হচ্ছে তা গাইড লাইনের সঙ্গে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ। আমাদের অবস্থা সারা দেশের অন্যান্য রাজ্যে অবস্থার চেয়ে এক্ষেত্রে অনেক ভাল। স্থায়ি সম্পদ সৃষ্টি এবং অন্যান্য বিষয়ের যে মূল্যাইছ হয়েছে তা এটাই প্রমাণ করছে।

শ্রী দেব প্রসাদ সরকারঃ এখানে চলতি আর্থিক বছরে যে টাকা বরাদ্দ সেটি পরিমাণ হচ্ছে ২২০.৬৪ কোটি টাকা আর রাজ্যের হচ্ছে ৫৫.১৬ কোটি টাকা অর্থাৎ ২৭৫.৮৫ কোটি টাকা যেখানে পাওয়ার কথা, সেখানে আপনি যে হিসাব দিলেন তাতে দেখছি ১৭৯ কোটি ৮৪ লক্ষ টাকা আপ-টু ডিসেম্বর। আপনার বাজেট স্পিচে দেখছি, সেটা আপ-টু ফেব্রুয়ারি হচ্ছে ১৮১ কোটি ৭৫ লক্ষ টাকা। আমার জিজ্ঞাস্য, যেখানে ২৭৫ কোটি ৮০ লক্ষ্মটাকা পাওয়ার কথা রাজ্য এবং কেন্দ্র মিলে, সেখানে এত কম টাকা পাওয়ার কারণ কিং

ডাঃ সূর্যকান্ত মিশ্র থাপনি অনেকটা পিছিয়ে আছেন। আপনি ফেব্রুয়ারি মাসের হিসাব দিলেন। কিন্তু আমি ৩১ মার্চের হিসাবটা বলছি, ২৭৫ কোটি ৮০ লক্ষ টাকার জায়গায় এটা এখন ৩০১ কোটি ৬৮ লক্ষ টাকায় পৌঁচেছে। অর্থাৎ যা এ্যালোকেশন ছিল তার চেয়ে বেশি হয়েছে।

শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠঃ জওহর রোজগার যোজনা প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে কর্মসংস্থান এবং গ্রামীন সম্পদ তৈরি করা। কর্মসংস্থান চূড়ান্তকরণের জন্য গ্রামীন যারা ক্ষেত-মজুর এবং ভূমিহীন মানুষ আছেন তাদের তালিকা তৈরি করে তাদের জন্য নির্দিষ্ট পরিচয়পত্র প্রদানের ব্যাপারে কোন পদক্ষেপ গ্রহণ করবেন কিনা?

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ মাননীয় সদস্যের অবগতির জন্য জানাতে পারি, জওহর রোজগার যোজনা ছাড়াও আরও একটি প্রকল্প এ বছর চালু হয়েছে, ঐ একইরকম মোটামুটি, ৮০।২০ কেন্দ্র এবং রাজ্যের অনুপাত এবং এটার ভিত্তিতে সম্পদ সংগ্রহ করা। সেটা হচ্ছে, এমপ্লয়মেন্ট এসিওরেন্স স্কিম। সেখানে কেন্দ্রীয় সরকার যেটা বলেছেন, যারা যারা কাজ চান তাদের দরখান্ত করতে হবে। সেখানে কেবলমাত্র ক্ষেত-মজুর, কৃষি শ্রমিক তাদের আলাদা তালিকার কথা বলেন নি। আমরা বলেছি,—কৃষি শ্রমিক ইত্যাদি খাদ্যের অনুদানের জন্য একটা তালিকা পঞ্জায়েত তৈরি করেন চাল কম দামে দেওয়ার জন্য অভাবের মরসুমে—সেই তালিকার উপর ভিত্তি করে করতে বলেছি এবং সেই অনুযায়ি পরিচয়-পত্র দিতে বলেছি। এছাড়া এর বাইরে যদি কেউ দরখান্ত করেন সেই দরখান্ত তাকে দিতে হবে। আমরা সেটা করবো এবং করছি।

শ্রী নাসিরুদ্দিন খানঃ জওহর রোজগার বা বিভিন্ন খাতে যে টাকা আপনি সেন্ট্রাল থেকে পান, সেই টাকা কি সমস্ত ভারতবর্ষের পপুলেশন ভিত্তিতে স্টেটকে দেয়, না, যে স্টেট থেকে যে রকম ধরনের রেভেনিউ আদায় হয় তার ভিত্তিতে টাকা দেওয়া হয়?

ডাঃ সূর্যকান্ত মিশ্রঃ কোনটাই নয়। আমি ভেবেছিলাম মাননীয় সদস্য এই ব্যাপারে অবহিত আছেন। দেশের মোট দারিদ্রসীমা রেখার নিচে যত পরিবারের সংখ্যা আছে তার সঙ্গে রাজ্যের দারিদ্রসীমা রেখার নিচে যতগুলি পরিবার আছে তার যে অনুপাত সেই অনুপাতের উপর ভিত্তি করে এটা হয়।

[12-00 — 12-10 p.m.]

শ্রী নাসিরুদ্দিন খানঃ সার্ভেটা কে করেন?

**ডাঃ সূর্যকান্ত মিশ্রঃ** এন. এস. এস. ও এঁরা সমীক্ষা করে যে রিপোর্ট দিয়েছেন তার ভিত্তিতে আমি বললাম।

শ্রী নির্মল দাসঃ মাননীয় মন্ত্রী মহাশয়, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ থেকে প্রায় ৬ হাজার কোটি টাকা রাজস্ব নিয়ে যান, সেখানে কংগ্রেস পক্ষ থেকে বলা হয়ে থাকে যে, জওহর রোজগার যোজনার টাকা মানে আমাদের টাকা, আমার প্রশ্ন হচ্চের এই জওহর রোজগার যোজনার টাকা কেন্দ্রীয় সরকার দেন গত জুলাই মাসে উত্তর এবং দক্ষিণ বঙ্গের জিলাগুলিতে যখন বন্যা হয়েছিল কেন্দ্রীয় সমীক্ষক দল ঘুরে যান এবং টাকা দেবার

কথা বলেন, কিন্তু টাকা দেন নি পশ্চিমবঙ্গের এই বন্যার পার্মানেন্ট রেসটোরেসনের জন্য এবং অন্য যে সমস্ত ব্যবস্থা যেমন রাস্তাঘাট, মাঠ, স্কুল বাড়ি যেগুলি ভেঙে গেছে সেগুলির জন্য জওহর রোজগারের মাধ্যমে কত টাকা পেয়েছেন, এবং জহওর রোজগার যোজনায় পার্মানেন্ট রেসটোরেসনে কোন কোন জেলায় কোন কোন খাতে কত টাকা পেয়েছেন?

ডাঃ সূর্যকান্ত মিশ্রঃ এটা ঠিকই বলেছেন, জওহর রোজগার যোজনায় বন্যা প্লাবিত জেলাগুলির জন্য যে অতিরিক্ত টাকা পাবার কথা ছিল তা এখনও পাইনি। আমাদের যা বরান্দ তাতেই আমরা বলছি যে এই কাজ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ করা হবে।

শ্রী সঞ্জীব কুমার দাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন দু-মাসে অনেকটা কাজ করতে পারবেন, আমি আপনার সঙ্গে একমত, কিন্তু শ্যামপুর এক নম্বর পঞ্চায়েত সমিতির কংশ বলছি, জওহর রোজগার যোজনার সেকেণ্ড ইনস্টলমেন্টের টাকা ২৪শে মার্চ রিলিজ করেছে, থার্ড ইনস্টলমেন্টের টাকা পঞ্চায়েত সমিতির কাছে থাকা সত্ত্বেও কোন দরকারে পঞ্চায়েত টাকা দিচ্ছে না, কারণ স্বরূপ দেখাচ্ছেন যে সাক্ষরতার কাজ যেহেতু পিছিয়ে আছে, অতএব জওহর রোজগার যোজনার টাকা দেওয়া যাবে না। গভর্গমেন্টের এইরকম কি কোন সার্কুলাব দেওয়া আছে যে মার্চ মাসের মধ্যে টাকা খরচ করা যাবে না।

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ থার্ড ইনস্টলমেন্টের টাকা আমরাই এখন পাইনি, ওঁরা কি করে দেবেন, আর ঐ যে সার্কুলারের কথা বলছেন, ওসব কিছু দেওয়া হয়নি।

শ্রী ভূপেন্দ্র নাথ শেঠঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—জওহর রোজগার যোজনার টাকা দিয়ে প্রামোন্নয়ন, প্রামের সম্পদ সৃষ্টি করার জন্য অ্যালোকেশন আছে, এই টাকা দিয়ে আপনার ডিপার্টমেন্টের যেমন পি. ডবলিউ. ডি. রোডস যে সমস্ত রাস্তাঘাট খারাপ হয়ে যাঃ ডিপার্টমেন্ট থেকে অ্যালোকেসন বাদ দিয়ে জওহর রোজগার যোজনার টাকা সেখানে খরচ করার স্কোপ আছে কি?

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ আমি মাননীয় সদস্যদের সঙ্গে একমত রাস্তাঘাট পি. ডবলিউ. ডি হোক আর যাই হোক, গ্রামীণ সম্পদের মধ্যে যা পড়ে তাতে খরচ করার যথেষ্ট স্কোপ আছে এবং আমরা তা করছি।

# Starred Questions (to which written answers were laid on the Table)

হাতি আসা ঠেকাতে প্রতিরোধ

- \*৩৪৮। (অনুমোদিত প্রশ্ন নং \*৬৫০) শ্রী অমিয় পাত্র ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মর্ট্র মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
  - (ক) বিহারের দলমা পাহাড় থেকে আসা হাতি প্রতিরোধের জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি না এবং থাকলে তা কি ;
  - (খ) ১৯৯৩-৯৪ সালে জানুয়ারি পর্যন্ত হাতি আসা প্রতিরোধের জন্য খরচের পরিমাণ কত ; এবং

- (গ) ঐ সময়ে হাতির দ্বারা ক্ষয়ক্ষতির পরিমাণ কত? বন বিভাগের ভারপ্রাথ মন্ত্রীঃ
- (ক) হাা,
- (১) হাতির দলকে জঙ্গল সীমানার মধ্যে রাখার জন্য বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর জেলায় প্রায় ৪০০ বর্গ-কিলোমিটার বনভূমি চিহ্নিত করা হয়েছে। এই বনাঞ্চলে হাতির জন্য খাদ্য, লবণ ও জলধারের ব্যবস্থা করা হয়েছে।
- (২) এই বনাঞ্চল থেকে হাতি যাতে বাইরে যেতে না পারে সে জন্য বিদ্যুৎবাহী তার দিয়ে এই বনাঞ্চল ঘিরে দেওয়ার কাজ শুরু হয়েছে এখন পর্যন্ত মোট ৯৫.২ কি. মি. সম্পূর্ণ হয়েছে।
- (খ) খরচের পরিমাণ ১৫.৩৭ লক্ষ।
- (গ) ১৯৯৩-৯৪ সালে ১৫ই জানুয়ারি পর্যন্ত দক্ষিণবঙ্গে হাতির আক্রমণে ১৬জন নিহত ও ৫ জন আহত হয়েছে। ক্ষতিগ্রস্ত চাষীদের আবেদনের উপর পঞ্চায়েত ও বন ও ভূমিসংস্কার সমিতির সাহায়্যে শস্য ক্ষতির পরিমাণ নির্ধারণের কাজ চলছে।

#### দার্জিলিং গোর্খা পার্বত্য পরিযদকে অর্থ বরাদ্দ

\*৩৫০। (অনুমোদিত প্রশ্ন নং \*৬৫৪) শ্রী আবু আয়েশ মন্তল ঃ পার্বত্য বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

> ১৯৮৮-৮৯ সাল থেকে ১৯৯২-৯৩ সাল পর্যন্ত দার্জিলিং গোর্থা পার্বত্য পরিযদকে রাজ্য সরকার কর্তৃক মোট প্রদত্ত অর্থের পরিমাণ কত?

পার্বত্য বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

১৩৯ কোটি ৪৭ লক্ষ ৪ হাজার টাকা।

#### পঞ্চায়েত সমিতিকে অর্থ বরাদ্দ

\*৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং \*১০০০) শ্রী অতীশচন্দ্র সিন্হ ঃ পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

গত ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ আর্থিক বছরে জওহর রোজগার যোজনা খাত বাদে অনান্য খাতে—

- (১) কান্দী পঞ্চায়েত সমিতি,
- (২) নবগ্রাম পঞ্চায়েত সমিতি,
- (৩) ডোমকল পঞ্চায়েত সমিতি, ও

(৪) সৃতি ১নং পঞ্চায়েত সমিতিকে বরান্দ করা টাকার পরিমাণ কত (আলাদাভাবে)? পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

গত ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ আর্থিক বছরে জহর রোজগার যোজনা খাত বাদে অন্যান্য পরিকল্পনা খাতে মুর্শিদাবাদ জেলার অন্তর্গত কান্দী, নবগ্রাম, ডোমকল ও সৃতি-১. এই চারটি পঞ্চায়েত সমিতিকে বরাদ্দ করা টাকার পরিমাণ নিম্নরূপ ঃ—

পঞ্চায়েত সামাতর নাম		বরাদ্দকৃত ঢাকার পারমাণ (লক্ষ)	
		<b>\$6-</b> 2662	১৯৯২-৯৩
(১)	কান্দী পঞ্চায়েত সমিতি	8.9%	১.২৬
(২)	নবগ্রাম পঞ্চায়েত সমিতি	৫.২৯	5.60
(ల)	ডোমকল পঞ্চায়েত সমিতি	৯.১৬	9.68
(8)	সৃতি-১ পঞ্চায়েত সমিতি	২.৫৯	0.24

#### সরকারি আবাসনের রক্ষণাবেক্ষণ ও সংস্কার

\*৩৫২। (অনুমোদিত প্রশ্ন নং \*৮০৪) শ্রী সাত্ত্বিক্রুমার রায় ঃ আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) সরকারি আবাসনগুলি রক্ষণাবেক্ষণের ও সংস্কারের কোনও নির্দিষ্ট নিয়ম আছে কি না ; এবং
- (খ) থাকলে, তা কি?

# অবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) এ বিষয়ে কোনও নির্দিষ্ট নিয়ম নেই। তবে প্রয়োজন মতো বাড়ির রক্ষণাবেক্ষণ ও সংস্কার সব সময়ই কাম্য এবং এ বিষয়ে প্রয়োজন অনুযায়ী রক্ষণাবেক্ষণের কাজে নিযুক্ত কর্মচারিদের প্রতিবেদনের ভিত্তিতে যথাসম্ভব ব্যবস্থা হয়ে থাকে। তবে, একথাও সত্য যে প্রয়োজনীয় অর্থের অভাবে আকাদ্খিত সংস্কার ও রক্ষণাবেক্ষণ সরকারের পক্ষে সম্ভব হয়ে ওঠে না।

বস্তুত সরকারি আবাসনগুলিতে যতটা পরিমাণ ভাড়া আদায় হয় তা রক্ষণাবেদ্দে ও সংস্কারের পক্ষে নিতাস্তই অপ্রতুল। বিশেষত বিভিন্ন খাতে যেমন পৌরবর কর্মচারিদের বর্ধিত বেতন ও ভাতা, বাড়ি তৈরির মাল মশলার অত্যাধিক মূল্যবৃদ্দি প্রভৃতি কারণে একাস্ত প্রয়োজনীয় সংস্কারটুকু করাও কন্টসাধ্য হয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না।

#### চাতরা নলবাহি জল-সরবরাহ প্রকল্প

\*৩৫৩। (অনুমোদিত প্রশ্ন নং \*১৪৭৯) ডাঃ মোতাহার হোসেন ঃ জনস্বাস্থ্য কারিগর্ণি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

- (ক) বীরভূম জেলায় চাতরা নলবাহি পানীয় জল সরবরাহ প্রকল্পের কাজ শুরু হয়েছে কি না ; এবং
- (খ) হলে, কবে নাগাদ ঐ কাজ শেষ হবে বলে আশা করা যায়? জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:
- (ক) না।
- (খ) প্রশ্ন ওঠে না।

#### কলকাতায় বায়ুদুষণ সমীক্ষা

- \*৩৫৪। (অনুমোদিত প্রশ্ন নং \*১২৮৯) শ্রী দিলীপ মজুমদার ঃ পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
  - (ক) কলকাতা শহরের বায়ুদৃয়ণ সম্পর্কে কোনও সমীক্ষা হয়েছে কিনা ; এবং
  - (খ) হলে, তার ফলাফল কি?

# পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) হাা।
- কছু কছু জায়গায় দৃষণের পরিমাণ নির্দিষ্ট মাত্রার তুলনায় বেশি আছে।

#### আই. আর. ডি. পি.-র লক্ষ্যমাত্রা

- \*৩৫৫। (অনুমোদিত প্রশ্ন নং \*৪৪০) ডাঃ মানস ভূঁইয়া এবং শ্রী মানিক ভৌমিক ঃ
  গ্রমীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
  - (ক) ১৯৯১-৯২, ১৯৯২-৯৩ ও ১৯৯৩-৯৪ (ডিসেম্বর পর্যন্ত) আর্থিক বছরে রাজ্যে আই. আর. ডি. পি.-র সাহায্যে প্রাপকদের নির্ধারিত লক্ষ্যমাত্রা পরিমাণ কত ছিল (আলাদাভাবে) : এবং
  - (খ) ঐ সময়ে লক্ষ্যমাত্রা পূরণের পরিমাণ কত (বছরওয়ারি হিসাব)?

# গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

[31st March, 1994

আর্থিক বছর		লক্ষ্যমাত্রার পুরণের পরিমাণ সংখ্যা	
		113411 1(4)	
(ক)	>&-<&&<	২,০১,৪৭৬	
	১৯৯২-৯৩	১,৭১,৬৯৫	
	১৯৯৩-৯৪	১৬,১৪৯	
	(ডিসেম্বর)		

# অনাবাসী ভারতীয় কর্তৃক শিল্পস্থাপন

\*৩৫৬। (অনুমোদিত প্রশ্ন নং \*১৯২) শ্রী তপন হোড়ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে (ডিসেম্বর পর্যস্ত) কতজন অনাবাসী ভারতীয় এ রাজ্যে নতুন শিল্প স্থাপন করার উদ্যোগ গ্রহণ করেছেন ; এবং
- (খ) কোনও অনাবাসী ভারতীয় ১৯৯৪-৯৫ আর্থিক বছরে রাজ্যে শিল্প স্থাপনের জন রাজ্য সরকারের কাছে প্রস্তাব দিয়েছেন কি নাং

# শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে (ডিসেম্বর পর্যস্ত) মোট ৮ (আট) জন অনাবর্গি ভারতীয় এ রাজ্যে নতুন শিল্প স্থাপন করার প্রস্তাব দিয়েছেন।
- (খ) ১৯৯৪-৯৫ আর্থিক বছরের জন্য এখনও প্রস্তাব পাওয়া যায় নি।

#### ইন্দিরা আবাস যোজনায় অর্থ বরাদ্দ ও বায়

\*৩৫৭। (অনুমোদিত প্রশ্ন নং \*৫৮২) শ্রী সূকুমার দাশ ঃ গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

১৯৯২-৯৩ আর্থিক বছরে ইন্দিরা আবাস যোজনায় রাজ্যে বরাদ্দকৃত ও বাং করা অর্থের পরিমাণ কত?

# গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

১৯৯২-৯৩ আর্থিক বছরে ইন্দিরা আবাসন যোজনায় রাজ্যে মোট বরান্দের পরিমণ ১৭৫২.০৯ লক্ষ টাকা এবং মোট ব্যয়ের পরিমাণ ১৬৯৫.৪৮ লক্ষ টাকা।

# পুলিশ হেফাজতে কিশোরের মৃত্যু

\*৩৫৮। (অনুমোদিত প্রশ্ন নং \*৫১৯) শ্রী সুভাষ বসু ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

- (ক) গত ২৫ ৷১২ ৷৯৩ তারিখে নদীয়া জেলার রানাঘাটে নেতাজি নগর মার্কেটে সমাজবিরোধী কর্তৃক এক কিশোরকে মারধোর ও পরে কিশোরটির পুলিশ হেফাজতে মৃত্যু হওয়ার কোনও ঘটনা ঘটেছিল কি ; এবং
- (খ) घँটलে, এ-विষয়ে সরকার এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

#### শ্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- ক) এক যুবককে মারধরের ঘটনা ঘটেছিল।
   আদালত থেকে জেল হাজতে নিয়ে যাওয়ার পথে আহত যবকের মতা হয়।
- (খ) এফ. আই. আর.-এ অভিযুক্ত তিন ব্যক্তিকেই গ্রেপ্তার করা হয় এবং তারা কোর্ট থেকে জামিন পায়।

#### সাংসদ ও বিধায়কদের ফ্র্যাট বণ্টন

\*৩৫৯। (অনুমোদিত প্রশ্ন নং \*১২০২) শ্রী প্রবীর ব্যানার্জি ঃ আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) রাজ্য থেকে নির্বাচিত সাংসদ ও বিধায়কদের আবাসন পর্যদের মাধ্যমে ন্যায্য মূল্যে ফ্র্যাট দেবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না : এবং
- (খ) থাকলে, তা কবে নাগাদ কার্যকরি হবে বলে আশা করা যায়? আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ
- (ক) না।
- (খ) প্রশ্ন ওঠে না।

#### ডাইনি সন্দেহে হত্যা

\*৩৬০। (অনুমোদিত প্রশ্ন নং \*৭৫২) শ্রী নটবর বাগদিঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

> ১৯৯৩-৯৪ সালে (ডিসেম্বর ১৯৯৩ পর্যস্ত) রাজ্যে ডাইনি সন্দেহে কতগুলি হত্যার ঘটনা ঘটেছে?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

1រីខិន៥

#### Haldia Petro-chemicals

\*361. (Admitted question No. \*1750) Shri Sadhan Pandey: Will the Minister-in-charge of theCommerce and Industries Department be pleased to state—

- (a) is it a fact that the Tata Tea has withdrawn from the joint sector project with WBIDC for the Petro-chemicals Project at Haldia: and
- (b) if so, the reasons thereof?

Minister-in-charge of the Commerce and Industries Department:

- (a) Yes.
- (b) The withdrawal of Tata Tea Ltd. from the Project as copromoter is purely an internal corporate decision of Tata Tea Ltd.

#### বৃক্ষরোপণ ও বনসূজন

- \*৩৬২। (অনুমোদিত প্রশ্ন নং \*১০২৬) শ্রী আবুল বাসার ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) ১৯৯৩ সালে রাজ্যে বৃক্ষরোপণ ও বনসৃজনের কি কি কর্মসূচি গ্রহণ করণ হয়েছিল ;
  - (খ) কলকাতা মহানগরীকে উদ্যান-নগরী করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না : এবং
  - (গ) থাকলে, তা কি?

# বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (ক ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে ৩৮,২০০ হেক্টর বনভূমিতে বনসৃজন ও ৮০০ লক্ষ গাছের চারা জন সাধারণের মধ্যে বিতরণ করার কর্মসূচি গ্রহণ করা হয়েছিল।
- (খ) বর্তমানে এরূপ কোনও পরিকল্পনা বনবিভাগের নেই।
- (গ) প্রশ্ন ওঠে না।

# धर्यन ७ খून

\*৩৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৬) ডাঃ তরুণ অধিকারি ও শ্রী সৌগত রায় ঃ স্বরাট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

১৯৯২-৯৩ সালে কলকাতা পুলিশের আওতাভুক্ত এলাকায় কতগুলি ধর্ষণ ও খুনের ঘটনা ঘটেছে (আলাদাভাবে)?

# সুরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

	>%%	<b>७</b> ६६८
ধর্ষন —	৩৮	೨೨
খুন —	50	90

#### উপ-নিৰ্বাচন

- \*৩৬৪। (অনুমোদিত প্রশ্ন নং \*১০৯১) শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ স্বরাষ্ট্র (নির্বাচন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) এটা কি সত্যি যে, রাজ্যে কয়েকটি লোকসভা ও বিধানসভার শূন্য আসনে উপ-নির্বাচনের জন্য সরকারের পক্ষ থেকে নির্বাচন কমিশনের কাছে প্রস্তাব করা হয়েছে ; এবং
  - (খ) সত্যি হলে, এ বিষয়ে সর্বশেষ পরিস্থিতি কিং

#### স্বরাষ্ট্র (নির্বাচন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (क) হাা। মুখ্য নির্বাচনী আধিকারিক প্রয়োজনীয় প্রস্তাব পাঠিয়েছেন।
- (খ) নির্বাচন কমিশন এই উপনির্বাচনগুলি করার জন্য তারিখ ঘোষণা করেছেন।

#### সীমান্ত এলাকায় আলু ও পৌঁয়াজ আটক

- \*৩৬৫। (অনুমোদিত প্রশ্ন নং \*১০২৮) শ্রী শিবদাস মুখার্জি ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) ১৯৯৩ সালের জুলাই মাস থেকে ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে নদীয়া জেলায় সীমান্তবর্তী এলাকায় বে-আইনিভাবে চালান করা আলু ও পোঁয়াজ আটকের কোন ঘটনা ঘটেছিল কি না;
  - (খ) ঘটলে, আটক করা মালপত্রের পরিমাণ কত: এবং
  - (গ) আটক করা আলু, পোঁয়াজ এবং তৎসহ যুক্ত বাহনগুলি বর্তমানে কি অবস্থায় আছে?

# স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) হাাঁ
- (খ) ৩০৮.৫২ কুইন্ট্যাল।
- (গ) আটক মালপত্র নিলামে জনসাধারণের নিকট বিক্রয় করা হয়েছে। বাহনগুলি
  সাময়িকভাবে বন্দু নিয়ে ছাড়া হয়েছে।

# গঙ্গার ভাঙ্গনে বান্তহারাদের জন্য আবাসন প্রকল্প

\*৩৬৬। (অনুমোদিত প্রশ্ন নং \*১৫১০) শ্রী আবুল হাসনাৎ খার্ন ঃ আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ফরাক্কা ব্লকের গঙ্গার ভাঙনে বাস্তহারা নিম্ন আয়ের মানুষদের জন্য স্বল্প খরচে আবাসন নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি না : এবং
- (খ) থাকলে, বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

#### আবাসান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (ক) না।
- (খ) প্রশ্ন ওঠে না।

#### Murder cases at Kharagpur town

\*367. (Admitted question No. \*1099) Shri Gyan Singh Sohanpal: Will the Minister-in-charge of Home (Police) Department be pleased to state—

- (a) whether it is a fact that cases of murders have increased in Kharagpur town during the past twelve months; and
- (b) if so, the reasons therefor?

# Minister-in-charge of the Home (Police) Department:

- (a) No.
- (b) Does not arise.

# সাগরদীঘি ব্লকে নলবাহী জলসরবরাহ প্রকল্প

\*৩৬৮। (অনুমোদিত প্রশ্ন নং \*১৬২৩) শ্রী পরেশনাথ দাস ঃ জনস্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) একথা কি সত্যি যে, সরকার মুর্শিদাবাদ জেলার অন্তর্গত সাগরদীঘি ব্লকে পানীয় জলের জন্য নলবাহি জল সরবরাহের পরিকল্পনা গ্রহণ করেছেন : এবং
- (খ) সত্যি হলে, বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

# জনস্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) হাঁা
- (খ) প্রয়োজনীয় বিদ্যুৎ পেলেই আশা করা যায় এই প্রকল্পটি চালু করা যাবে।

# পাঁচথুৰি গ্ৰামীণ মেলায় পুলিশের গুলি চালনা

\*৩৬৯। (অনুমোদিত প্রশ্ন নং \*১৯৬৫) শ্রী সূত্রত মুখোপাধ্যায় ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) গত ১৭ই জানুয়ারি, ১৯৯৪ তারিখে মেদিনীপুর জেলার পাঁচথুবিতে গ্রামীণ মেলায় পুলিশের শুলি চালানোর কোন ঘটনা ঘটেছিল কি না : এবং
- (খ) ঘটলে, তার কারণ কি?

# স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) ঘটেছিল--পাঁচথুরি গ্রামে, পাঁচথুবিতে নয়।
- (খ) উক্ত মেলায় জুয়াড়িদের ধরতে গিয়ে পুলিশ আক্রান্ত হয় এবং তাদের জীবন ও সরকারি সম্পত্তি রক্ষার্থে গুলি চালাতে বাধ্য হয়।

#### জনম্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) হাাঁ
- (খ) প্রয়োজনীয় বিদ্যুৎ পেলেই আশা করা যায় এই প্রকল্পটি চালু করা যাবে।
  স্বরূপপর গ্রামে পলিশের গুলি চালনা

\*৩৭০। (অনুমোদিত প্রশ্ন নং \*১৪২৭) শ্রী মোজাম্মেল হক । স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) গত ২১শে নভেম্বর ১৯৯৩ তারিখে মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া থানা এলাকার অন্তর্গত স্বরূপপুর গ্রামে পুলিশের শুলি চালনার কোন ঘটনা ঘটেছে কি না; এবং
- (খ) घটলে, এ সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

# স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) হাা।
- (খ) হরিহরপাড়া থানায় এ সম্পর্কে একটি মামলা রুজু করা হয়েছে এবং তদন্ত চলছে।

#### CALLING ATTENTION

Mr. Speaker: I have received nine Notices of Calling Attention, namely:-

 Acute scarcity of water in Calcutta and Salt Lake
 Shri Saugata Roy

2. Implementation of Subarna Rekha Project : Shri Lakshman

Chandra Seth

3. Danger of drying up of Boro-crops for want of irrigation at Khanakul and

Arambag in Hooghly district : Shri Abdul Mannan

4. Proposal of the Committee nominated by the Central Government to take over the charge of ISCO by State Government

Shri Sobhan Deb Chattopadhyay

5. Transfer of B.D.O. of Barasat Block-I to Mekhaliguni

: Shri Prabir Banerjee

 Reconstruction of roads, dams etc. after the last flood and measures taken to prevent recurrence of flood in North Bengal

: Shri Nirmal Das

 Erosion of the Jalangi river banks at Fazilnagar, Kanainagar, Pulpara, Gopinathpur

Paschimpara, Krishnachandrapur and : Shri Kamalendu

Sanyal

8. Reported pollution of drinking water by Arsenic at Katwa and Purbasthali Police

Hanspukuria villages

Arsenic at Katwa and Purbasthali Police : Shri Anjan Station of Burdwan district : Shri Anjan Chatterjee

9. Reported confinement of 10 workers

following an accident in Chanpui Coalmine: Shri Anjan under Jamuria police station. Chatterjee

I have selected the notice of Kamalendu Sanyal on the Subject of erosion of the Jalangi river banks at Fazilnagar, Kanainagar, Pulpara, Gopinathpur, Paschimpara, Krishnachandrapur and Hanspukuria villages.

The Minister-in-Charge may be please make a statement today, if possible or give a date.

Shri Probadh Chandra Sinha: The statement will be made on the 6th April, 1994.

#### STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker: Now, the Minister-in-Charge of the Home (Police) Department will make a statement on the subject of deterioration of the law and order situation at Debra in the district of Midnapore.

(Attention called by Dr. Manas Bhunia, Shri Sk. Jahangir Karim, Shri Prasanta Pradhan and Shri Umapati Chakraborty on the 9th March, 1994).

#### Shri Jyoti Basu:

Mr. Speaker, Sir,

I rise to make the following statement in response to the Calling Attention Notice given by Sarbashree Manas Bhunia, Jahangir Karim, Prasanta Pradhan and Umapati Chakraborty, regarding acute deterioration of the law and order situation in Debra P.S. in the district of Midnapore.

Strong antagonism prevails between the supporters of the JKP and the CIP(M) in Debra in the district of Midnapore. In some places, the JKP is often being backed by parties like the Congress (I) and the BJP. Violent clashes have taken place. In 1993, as many as 34 incidents of clashes occurred. Police arrested 245 persons in these cases. In 1994, 3 cases of violence have been reported, in which 4 CPI(M) and JKP supporter have been killed. In these 3 cases, 167 persons have been arrested so far.

After the arrest of prominent miscreants and extensive deployment of police forces in the area, the situation has improved. As many as 6 police camps have been set up in the area. Each camp is provided with wireless equipment and transport for mobile patrols. All these camps have been placed under senior and experienced officers who have been asked to maintain continuous vigil and to take prompt action against people attempting to indulge in violence. Officer-in-Charge, Debra PS. has been recently changed.

The situation in Debra PS. is peaceful at present.

#### STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker: Now, the Minister-in-Charge of the Home (Police) Department will make a statement on the subject of steps taken by the administration to record the idol of 'Madanmohan' stolen recently.

(Attention called by Shri Nirmal Chandra Das on the 16th March, 1994).

#### Shri Jyoti Basu:

Mr. Speaker, Sir,

I rise to make the following statement in response to the Calling Attention Notice given by Shri Nirmal Das regarding the steps taken by the administration to recover the Idols of 'Madanmohan' stolen recently at Cooch-Behar.

On the night of February 27, 1994, two Idols and one golden umbrella were stolen from the Madanmohan temple, Cooch-Behar.

During the investigation, it appears that the crime was committed by gaining entry into the temple through a window on the eastern side, near the roof of the temple. The two Idols were made of 'Astadhatu' and were approximately 8 inches and 6 inches in height. The umbrella was made of gold weighing 38 tolas. It appears that after committing the theft, the criminals left through a door on the ground floor leading to the outer passage. Enquiries reveal that it is probable that the crime was executed by professional criminals. Accordingly, past cases of similar burglaries and records of criminals were reviewed. A number of probable suspects have been fixed up and they are being traced. All districts West Bengal including GRPs., Calcutta Airport, Customs BSF have been alerted. Enquiries have also been instituted at the borders of neighbouring countries. Assistance from Central Investigation and International Agencies have been requisitioned.

During investigation, it has transpired that some Customs Officers of Kaliachak P. S. in Malda district are involved. Details are being kept secret to facilitate the investigation. In course of searches, it was possible to recover about 15 tolas of gold in Melted condition.

All out efforts are continuing since then to trace the person who was last seen in possession of the two Idols. Raids are also being held in different districts of West Bengal. Teams of the State Forensic Science Laboratory are assisting the police in the investigation which is being supervised by senior officers of the CID.

Mr. Speaker: Now, the Minister-in-Charge of the Home (Police) Department will make a statement on the subject of reported death of three persons person firing of village Tarapur of Birbhum district on 18/3/94.

(Attention called by Shri Sudip Bandyopadhyay, Sri Lakshman Seth. Dr. Motahar Hossain, Shri Anjan Chatterjee, Shri Prabir Banerjee, Shri Abdul Mannan, Shri Birendra Kumar Maitra, Shri Dhiren Let, Shri Manik Mondal and Shri Dhiren Sen, on the 21st March, 1994).

Mr. Speaker, Sir,

I rise to make the following statement in response to the Calling Attention Notice given by Sarbashree Sudip Bandyopadhyay, Laksman Seth, Motahar Hossain, Anjan Chatterjee, Prabir Banerjee, Abdul Mannan, B. K. Maitra, Dhiren Let, Manik Mondal And Dhiren Sen, regarding the police firing resulting in the death of 3 persons and bullet injuries to some persons at Tarapur in the district of Birbhum on the 18th March, 1994.

One Dr. Abhijit Roy Chowdhury joined as Medical Officer at Tarapur Primary Health Centre under Margram PS. in the district of Birbhum, on December 31, 1993. The Chief Medical Officer of Health Birbum, passed an order effective February 23, 1994, transferring him out of the PHC. Dr. Roy Chowdhury, however, reportedly declined to hand over charge to his successor. Some local people also threatened the doctor who had gone to take over charge on March, 9, 1994.

In view of the situation prevailing at the PHC., on march 16, 1994, dr. D. D. Chakraborty, Block Medical Officer of Health went to Tarapur PHC, to have the transfer order implemented. At that time, both Dr. Chakraborty and Dr. Roy Chowdhury were gheraoed by a large number of local people who demanded that the transfer order of Dr. Abhijit Roy Chowdhury be cancelled.

On March 17, 1994, at 0200 hrs., the CMOH passed a message over the police R. T. to the Tarapur PHC that he would cancel the transfer order but the gherao should be tifted. The public refused to accept the assurance given by the CMOH, and demanded his presence at Tarapur. On March 17, 1994, at midnight, the CMOH., was escorted to Tarapur PHC. The public, however, raised a demand that he should issue the order of cancellation, in writing, on the spot. Some local leaders who tried to pacify the crowd and urged them to accept the assurance given by the CMOH, were also gheraoed.

On March 18 1994, at about 0600 hrs., the SDO, and the SDPO., Rampurhat, reached the Tarapur PHC. and found a mob indulging in violent attacks on the PHC, building which had been locked from outside by the mob. The Police, however, in the meantime, with great difficulty were able to rescue the CMOH, and others after forcibly breaking open one of the locked gates. Several policemen were injured. On observing the rescue, the mob became more frenzied and the attacks and brickbatting on the police and the PHC, building intensified.

At the minutes ticked by, the crowd became more and more violent. The SDO. Rampurhat was forced to declared the assembly unlawful and ordered the mob to disperse.

Sections of the mob then attacked the police and other Government vehicles, parked on the nearby. The driver of the SDPO..

Rampurhat was pulled out of his jeep and mercilessly assaulted with  $b_l$  stones, resulting in serious head injuries. Thereafter, the said jeep  $w_0$  set on fire and serious damage was also caused to other Government vehicles. Repeated lathi-charges had no effect and the mob then turne its attention on the SDO and the rescued Medical Officers whom the attacked with bombs and brickbats. The ambulance of the PHC.  $a_l$  some staff quarters were set on fire and household articles were  $loo_l$  ed.

When tear-gas also failed to have any effect, the SDO. ordere the police to fire. 3 persons died and 7 others were injured in th firing. Several other persons including 25 police personnel were injure with bomb splinters and brickbats. All the injured persons were admitte to hospital. 35 persons were arrested. A case has been registered the Marhram PS.

The case is being supervised by senior police officers. Extensive damage has been caused to the PHC, and other structures including large number of Government vehicles. A strong police picket has been introduced in the area.

Dr. Abhijit Roy Chowdhry, Medical Officer of Tarapur Primar Health Centre was included in a transfer chain with several other doctor who had served in their present postings for larger periods. Since Dr. Roy Chowdhury had served in his present post for less than two months his transfer at this juncture, was unnecessary and had no valid admin istrative reason. Yet the law will take its own course against the per petrators of violence.

The transfer order of Dr. Abhijit Roy Chowdhury has been called as orally agreed to by the CMOH.

#### PRESENTATION OF REPORT

Presentation of the Seventeenth & Eighteenth Report of the Committee on Public Accounts, 1993-94

Shri Subrata Mukherjee: Sir, I beg to presnet the Seventeet Report of the Committee on Public Accounts, 1993-94, on the Report of the Comproller and Auditor General of India for the years 1981-82 1983-84, 1984-85, 1985-86 and 1986-87 (Revenue Receipts) relating to the Land and Land Revenue Department and the Eighteenth Report of the Committee on Public Accounts, 1993-94, on the Report of the Comptroller and Auditor General of 1989 relating to the Fisheric Deaprtment.

#### LAYING OF REPORTS

The 32nd Annual Report of the Durgapur Projects Limited for the year 1992-93.

**Dr. Sankar Kumar Sen:** Sir, I beg to lay the 32nd Annual Report of th Durgapur Projects Limited for the year 1992-93.

Mr. Speaker: Mr. Subrata Mukherjee, I have got, notice. I will go through it and take it up later on. Now Mr. Nani Kar, what is your point of information?

#### POINT OF INFORMATION

শ্রী ননী কর ঃ স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফরমেশন আছে। স্যার, ঘটনাটা জেনে আপনি খুশি হবেন এবং ওনারাও খুশি হবেন। স্যার, গত কাল গোবরভাঙ্গা কলেজে ছাত্র সংসদের নির্বাচন হয়েছে। সেখানকার যা ফলাফল তা হচ্ছে সেখানে ৭০টি আসনের মধ্যে এস. এফ. আই. ৬৩টি পেয়েছে এবং ছাত্র পরিষদ পেয়েছে মাত্র ৭টি। ওই কলেজে রাতের বিভাগে ২০টি আসনের মধ্যে ২০টিই পেয়েছে এস. এফ. আই.। এখানে যে গর্ভনিং বিভার নির্বাচনে ছাত্রদের আসনে এস. এফ. আই.—এর ক্যান্ডিডেট ৩৫০টি বেশি ভোট পেয়ে জিতেছে। আজকে স্যার, এস. এফ. আই. বিভিন্ন কলেজে জিতছে। এই গোবরডাঙ্গায় এম. এল. এ. যিনি আছেন তিনি কংগ্রেসের লোক, মিউনিসিপ্যালিটিতে কংগ্রেস—এর লোক আছে। এখন যারা দেশকে বিক্রি করার চেন্টা করছে তাদের ছাত্ররা চিনতে পারছে, ছাত্ররা অনেক সচেতন হচ্ছে। তাই বিগত দিনে যারা ওদের সঙ্গে ছিল্ল আজকে তারা আর ওদের সঙ্গে তার জন্যই গোবরডাঙ্গা কলেজে ছাত্র ফেডারেশন বিপুলভাবে জয়ি হয়েছে। এই ঘটনায় ওনারা হয়ত খুশি হতে পারবেন না কিন্তু পশ্চিমবাংলার সমস্ত মানুয খুশি। বারাসাতে যারা গোলমাল পাকিয়েছিল, গোবরডাঙ্গায় যুব নেতা [\*\*\*\*] যাবে বলে ঘোষণা করার পর এই কন্ম ঘটনা ঘটেছে। সেখানে উনি কিছু করতে পারেন নি। সেখানে নির্বাচন এমন শান্তিপুর্ণভাবে হয়েছে যে সেখানে গোলমাল হয়েছে বলেও বলতে পারেন নি।

মিঃ স্পিকার ঃ আপনি কি যব নেতা হয়ে গেলেন নাকি?

শ্রী ননী কর : ওনাদের দলে একজন পুরুষ আছেন [\*\*\*], তিনি যাবেন বলেছিলেন বলে বললাম।

মিঃ স্পিকার ঃ শ্রীমতী মমতা ব্যানার্জি কথাটা বাদ যাবে।

শ্রী সূবত মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পরেন্ট অফ ইনফরমেশন মাছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টা শুনে আপনি খুশি হবেন এবং ননী কর মহাশয় খুশিতে নৃত্য করবেন। গোবরভাঙ্গা কলেজে পুলিশ দিয়ে জোর করে আমাদের ছাত্র পরিষদকে

<sup>\*</sup> Expunged as ordered by the Chair.

[31st March, 10

নোমিনেশন ফাইল করতে দেওয়া হয়নি। দুদিন আগে রায়গঞ্জে, ওখানে ওনাদের এম এ. আছেন, এখন তিনি আবার মন্ত্রী হয়েছেন, তা সত্ত্বেও রায়গঞ্জ কলেজের ছাত্র সংস্থানির্বাচনে ৬০টি আসনের মধ্যে এস. এফ. আই. একটি মাত্র পেয়েছে। মাত্র দুদিন আগে এঘটনা ঘটেছে, সেখানে একাই কুম্ভ রক্ষা করে নকল বুঁদির গড়, তা সত্ত্বেও একটা আচ পেয়েছেন। কল্যাণী বিশ্ববিদ্যালয়ে ২৯টি সিট-সেখানে ওনাদের এম. এল. এ.এ জায়গায়—ওনারা তিনটি সিট পেয়েছেন, আমরা ২৬ টি সিট পেয়েছি। কত খুশি করং মেদিনীপুরে ১৮ টি কলেজ, তার মধ্যে ১টা মাত্র কলেজে S.F.I. বাকি ছাত্র পরিষদ। আকরি ননীবাবু খুশি হবেন। এই রকম ইনফারমেশন দেবেন না, লজ্জা পাবেন।

#### MENTION CASES

[12-20 — 12-30 p.m.]

শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে জনজীবনে শুরুত্বপূর্ণ একটি বিষয়, যা আমাদের জনগণের সঙ্গে জড়িত, সেই বিষয়ের প্রতি রে কর্তৃপক্ষ এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকার এবং রেল কর্তৃপ বিষয়টি যাতে দেখেন, সেজন্য আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। পান্তুয়াতে ১৮৪ খৃষ্টাব্দের ২৪শে জুন তারিখে মিঃ হজসন ইংল্যান্ডের তৈরি ফিয়ারি কুইন নামে একটি ইছি দিয়ে প্রথম রেলপথ, হাওড়া থেকে পান্তুয়া পর্যন্ত, চালু করেছিলেন, এটি একটি ঐতিহাদি রেলপথ। আগে এখানে যে স্টেশনটি ছিল, সেই জায়গায় দেখা যাচ্ছে যে দৈনিক প্রায় রুট্ হাজার মানুষ রেল লাইনের উপর দিয়ে যাতায়াত করে। মাধ্যমণ মানুয, ছাত্র-ছাত্রী মিলিপ্রায় কুড়ি হাজার মানুষ এইভাবে যাতায়াত করে। এই রকম জনবছল জায়গায় যে কোন সময়ে গুরুত্বর আ্যাকসিডেন্ট হতে পারে। গতকাল মগরা প্রভাবতি বালিকা বিদ্যালয়ের পাচছ ছাত্রী ওখান দিয়ে যাবার সময়ে গুরুত্বর ভাবে আহত হয়। এদের মধ্যে একজন মারা গে এবং চারজন গুরুত্বর অবস্থায় হাসপাতালে ভর্তি আছে। এই অবস্থায় রাজ্য সরকার এবরেল কর্তৃপক্ষ মিলিতভাবে ওখানে যাতে একটি আছারপ্রাউন্ড ক্রশিং প্রথ নির্মাণ কর বাাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন, আমি সেজন্য বিশেষভাবে অনুরাধ জানাচিছ।

শ্রী সৌগত রায় ঃ স্যার, পশ্চিমবঙ্গ সরকার গত ২১শে জানুয়ারি, ১৯৯৪ তার্নি, আগংলো ইন্ডিয়ান লিস্টেড স্কুলের জন্য নতুন একটি কোড চালু করেছেন। এটি কালকর্ব গেজেটেও বার হয়েছে। আমাদের হাউসে অ্যাংলো ইন্ডিয়ান সদস্যা যিনি আছেন, তিনি তা স্কুলের ম্যানেজনেন্টের পক্ষ থেকে সেই কোডের বিরোধিতা করেছেন। আমি এই হাইন জানাতে চাই যে, অ্যাংলো ইন্ডিয়ান স্কুলের টিচারদের যে অ্যাশোসিয়েশন আছে, তারা বলতে এই কোড থাকা দরকার। এটি ১৯২৯ সালের পুরনো কোড। ১৯৭৮-৭৯ সালে অ্যাশোসিরেশ অব হেডস এটা রিভিশনের জন্য একটা সাজেস্ট করেছিলেন। বহুদিন পরে, পঞ্চাশ ঘাট হি পরে কোড হচ্ছে। এই কোড হলে টিচাররা যে প্রোটেকশন পাচ্ছেন, কোথাও যদি কেন্টিটারের বিরুদ্ধে ডিসিপ্লিনারি অ্যাকশন নেয়, এর আগে তাদের বাঁচার উপায় ছিল ক্ম্যানেজনেন্ট একতরফা ভাবে টিচারদের ছাঁটাই করতেন, এই কোড চালু হলে আরবির্টেশ বোর্ড চালু হবে। এই আরবিন্টেশন বোর্ডে ভিক্টিমাইজড টিচারদের একজন প্রতিনিধি, ম্যানেজনেন্টি

প্রতিনিধি এবং ডাইরেক্টর অব স্কুল এডুকেশনের একজন করে প্রতিনিধি থাকা দরকার। গ্রামরা চাই যে, এই ব্যপারে সকলে সতর্ক থাকুক। এই কোড হলে মাইনরিটি এডকেশন ্রুফ্রিটেউশন, যেণ্ডলোর রান করার অধিকার আছে, তাদের উপরে হস্তক্ষেপ যাতে না হয়, яङ्कना আমরা এটা চাই না গভর্নমেন্টের হাতে এই ব্যাপারে আরবিট্রারি পাওয়ার থাকুক। ্র সমস্ত অ্যাংলো ইন্ডিয়ান স্কুলের যে সমস্ত টিচার আছেন তাদের যদি ম্যানেজমেন্টের ইচ্ছা ্বং হুইমসের উপরে চলতে হয় তাহলে সেটা খারাপ হয়ে যাবে। আমি তাই আপনাকে এনরোধ করব যে, বিভিন্ন স্কুলের ম্যানেজমেন্টে থেকে চাপ আসবে এই কোডটা বাতিল হোক। সূতরাং এই কোড যাতে অবিলম্বে ইমপ্লিমেন্টেড হয়, বিশেষ করে অ্যাংলো ইন্ডিয়ান ন ফলে যেসব টিচার আছেন, তারা আর্বিট্রেশন বোর্ডের ন্যুনতম প্রোটেকশন পান, এটা দেখুন। ্র কোনও ছাত্রকে জোর করে রিলিজিয়াস ইন্সষ্ট্রাকশন নিতে বাধ্য করা হবে না এটা দেখা দরকার। অ্যাংলো ইভিয়ান লিস্টেড স্কুলের অনেক স্কুলে আবার লিখিয়ে নেয়—'উই হ্যাভ নো অবজেকশন।' আমার মনে হয়, এই ব্যাপারে নতুন করে চিন্তা করা দরকার। No pupil shall be required to take part in any religious instruction that may be imparted in a recognised school or to attend in religious worship that may be conducted in such school or in premises attached thereto unless the parent or the guardian of the pupil has been given his/her "no objection" thereto in writing. এটা তুলে দিয়ে তারা যেন অর্থাৎ এই অ্যাংলো ইভিয়ান ইনস্টিটিউশনগুলো যাতে রিলিজিয়ান ইনস্ট্রাকশন আলাদাভাবে প্রয়োগ করতে না সয়। অ্যাংলো ইভিয়ান কুলের টিচাররা যাতে তাদের ক্ষমতা প্রয়োগ না করে সেটা দেখতে ংবে। এই স্কুলগুলোর স্টাভার্ড হাই এবং ছাত্র ভর্তির হারও বেশি এবং এইসব স্কলে র্তিসিপ্লিনও রয়েছে। সেখানে ডিসিপ্লিন ভেঙ্গে যাক এটা আমরা চাই না। আবার ডিসিপ্লিনের নামে এক তরফা ক্ষমতা নেওয়া সেটাও ঠিক নয়। ডিসিপ্লিনের মানে যাতে এই ধরনের দিস্টেম না নিয়ে আসে এবং কোড যাতে থাকে সেটা দেখতে বলছি। এই কোড তুলে দেবার বাপারে সরকারের উপরে যাতে জোর না দেওয়া হয় এই দাবি আমি হাউসে রাখছি।

শ্রী রবীন দেব ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের সামনে একটি ওরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করতে চাই। আমাদের রাজ্যের যে বিভিন্ন প্রাপ্তে সমাজ বিরোধী কার্যকলাপ কংগ্রেসি মদতে বেড়েই চলেছে সেটা আমরা সবাই লক্ষ্য করেছি। গত ২২শে ফেব্রুয়ারি শাসনে সমাজবিরোধীদের অত্যাচার কংগ্রেসি নেতাদের মদতে যেভাবে ঘটেছিল আমরা সবাই জানি। সেই কুখ্যাত সালাউদ্দিন কংগ্রেসি নেতাদের নিয়ে ধরা পড়েছে। যে মালাউদ্দিনকে নিয়ে এত ঘটনা, সে ধরা পড়েছে। কংগ্রেসি মদতে এই সমাজ বিরোধী কার্যকলাপ ক্রমশ বেড়েই চলেছে। আমার বিধানসভা এলাকায় গত ২৫ তারিখ ব্রড খ্রিটে মারেকটি এইরকম ঘটনা ঘটে। সেখানে কংগ্রেস এবং বি. জে. পি. একসাথে সেখানে গিয়ে বাস্থা অবরোধ করেছিল এবং একটা বিশৃঙ্খলার সৃষ্টি করেছিল। আবার গত ২৮ তারিখে কিজলাতে এই কংগ্রেস এবং বি. জে. পি.-র মদতে গভগোল ঘটানোর চেন্টা হয়েছে। ইন্টাবে কুখ্যাত সমাজবিরোধিতার সাথে কংগ্রেসের মদত ক্রমশ বাড়ছে এই ব্যাপারে ব্যবস্থা নওয়ার জন্য রাজ্য সরকারের কাছে দাবি জানাছি।

[31st March, 1994

শ্রী নাসিরুদ্দিন খান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার জেলা বেলভাঙ্গা একটি কেই থেকে আমতলা হয়ে রাধানগর ঘাট মেনরোড পর্যন্ত গেছে। এই রোডটি কালীতলা লিং রোড এর সঙ্গে যোগ হয়েছে। এটি লাল মাটির পাকা রাস্তা। চাঁদপুরের পঞ্চায়েত বেগাতপাড়ার একটি সুতি নদী আছে, খুব ছোট খাল। দীর্ঘদিন ধরে অর্থাৎ ৫-৬ বছর আগে সেখানে ব্রিছ তৈরি করার জন্য স্যাংশনও হয়েছিল এবং কনট্রাক্টর এসে মেটিরিয়ালস নিয়ে কাজও শুর করে দিয়েছিলেন কিন্তু পরে কাজ বন্ধ হয়ে যায়। এই রাস্তাটি এত জুরুরি যে ওই রাস্ত ছাড়া মেন রোডে যাবার আর কোনও রাস্তা নেই। চাঁদপুর গ্রামের লোকেদের এই মেন রোড়ে আসবার এই রাস্তা ছাড়া আর কোনও উপায় নেই এবং বছরে ৬ মাস এটা জলমগ্ন থাকে সুতরাং এই ব্রিজটা হলে পরে লোকে মেন রোডে আসতে পারবে এই দাবি আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর কাছে রাখছি।

শ্রী জাহাঙ্গির করিম ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ডেবরা ব্লকে বিদ্যুতের অভাব দেখা দিয়েছে। এখানে বিদ্যুৎমন্ত্রী আছেন, তিনি যদি এই সম্পর্কে দয়া করে বলেন ভাল হয়। ডেবরা ব্লকের ৪০-৫০ হাজার একর বোরো চাযের জমি আছে, সেখানে বিদ্যুতের অভাবে মোটর চলতে পারছে না। এরফলে ২৫ ভাগ ফসল নম্ট হয়ে গেছে। আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে আবেদন করছি যে, অবিলম্বে এর সুরাহা করুন তা না হলে বোরোচাষ একেবারে নম্ট হয়ে যাবে।

[12-30 — 12-40 p.m.]

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ স্যার, ব্যাপারটা নিয়ে এর আগেও আলোচনা হয়েছে এবং আনন্দবাজার পত্রিকার উপর হামলার ঘটনায় কয়েকজন হকার আহত হল এবং বছ সংবাদপরে পুড়িয়ে বহলুৎসব পালিত হল এবং তাকে কেন্দ্র করে এখানে অনেক আলোচনা হলঃ মুখ্যমন্ত্রীর কাছ থেকে আমরা প্রত্যাশা করেছিলাম সরকার এই ব্যাপারে কি পদক্ষেপ নিচ্ছেন তা বলবেন। কারণ সংবাদপত্রের কণ্ঠরোধ করার যে পদক্ষেপ নেওয়া হয়েছে এর জন্য রবিন্দ মন্ডল মহাশয়ও নিন্দা করেছেন। আমরা স্বাভাবিকভাবেই এই ব্যাপারে জানতে চাই, এমনং অভিযোগ উঠেছে, সাট্রা ডন রশিদ খানের সাকরেদরা এই ঘটনার সঙ্গে যুক্ত ছিল। এই অগ্রিসংযোগ এবং লুঠতরাজ চালিয়েছে। আমরা জানি কোনও কোনও সংবাদপত্রের প্রতি বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী থেকে একদম নিচুরতলা কর্মী পর্যন্ত তাদের ভয়ানক ক্রোধ আরু এবং ক্রোধজাত মানসিকতা আছে। আপনারা প্রতিনিয়ত যেভাবে সংবাদপত্রের প্রতি আক্রমণ্করে থাকেন এর জন্য আমরা স্বাভাবিকভাবে খুবই উদ্বিগ্ন। এর আগের দিন হাউসে ফরোগার্ট রক কিছু ব্যাখ্যা দিয়েছেন, বিভিন্ন দলের সদস্যরাও বিভিন্ন বক্তব্য রেখেছেন এবং ও ব্যাপারে আমরা প্রভিলেজের নোটিশও দিয়েছি। সুতরাং সমস্ত পরিস্থিতি বিচার-বিশ্লেষণ করে মুখ্যমন্ত্রী সভায় এই সম্পর্কে বিবৃতি দিন এবং এই ব্যাপারে সরকারের সিদ্ধান্ত জানান।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা খুব গুরুত্বপূর্ণ বির্ব্ধ এখানে উপস্থাপিত করছি। আপনি জানেন যে পূর্ব রেলওয়ের পানাগড় রেলওয়ে স্টেশনের্ব পূর্ব কেবিনের কাছ দিয়ে জি. টি. রোড রেলওয়ে লাইনক্রস করেছে। অ্যামুলেস থেকে আর্ করে বিভিন্ন বাস, মোটর গাড়িকে আধঘন্টা থেকে পঁয়তাশ্লিশ মিনিট পর্যন্ত অপেক্ষা করতে য়ে। এর ফলে রোগিদের খুব অসুবিধা হয় এবং জনসাধারণের খুব অসুবিধা হয়। পূর্বপ্রান্ত খকে ভারতবর্ষের পশ্চিমপ্রান্তে যাওয়ার জন্য এই রেলওয়ে লেভেল ক্রসিংটি খুবই গুরুত্বপূর্ণ। আমাদের দাবি করারপর এটা মঞ্জুর হয়েছে এবং অধিগ্রহণের ব্যবস্থাও আমরা করেছি এবং প্রাপাতত ৬ কোটি ৪১ লক্ষ টাকা রেলওয়ে ওভার ব্রিজের জন্য মঞ্জুর করা হয়েছে। প্রবিলম্বে মানুষের সুরাহা করার জন্য এই গুরুত্বপূর্ণ রেলওয়ে ব্রিজটি নির্মাণ করা হোক এবং এর কাজ যাতে শুরু হয় তার জন্য আপনার মাধ্যমে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের কাছে এই দাবি জানাচিছ।

দ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা ওরুত্বপূর্ণ ঘটনার কথা এই সভায় জানাচ্ছি এবং বিচারের দাবি করছি। দক্ষিণ ২৪ পরগনার কানিং-এ জীবনতলা গ্রামে সায়রা বিবি নামে এক মহিলাকে সরকার একটা জমির পাট্টা দিয়েছিল ১৯৯০ সালে। সেই জমির সে যখন দখল নিতে যায়, তখন সেখানকার পঞ্চায়েত ইপ-প্রধান জাের করে সেই জমি থেকে তাকে নামিয়ে দেয় এবং এর পরে সেই ভদ্রমহিলা কিল ২৪ পরগনার সমস্ত নেতার কাছে গেছেন। দক্ষিণ ২৪ পরগনার সি. পি. এমের নেতা গাভি ভট্টাচার্য, ছাত্রনেতা সুজন চক্রবর্তী, আমাদের এখানকার মন্ত্রী রেজ্জাক মােল্লার কাছে গেছেন এবং সমস্ত রাজনৈতিক দলের কাছেও তিনি গেছেন। মন্ত্রী রেজ্জাক মােল্লার চিঠি দিয়েছেন যাতে তার প্রতি সুবিচার করা হয়। কিন্তু সেই উপ-প্রধান সেই জমিটি আরেক জনের কাছে ১০ হাজার টাকায় বিক্রি করে দেন। আমার কাছে পাট্টার কপি এবং রেজ্জাক মেল্লা মহাশয়ের চিঠির কপিও আছে। অথচ সি. পি. এম. উপ-প্রধান ব্যাপারটা সভার দমনে উল্লেখ করলাম এবং সভায় স্পিকার মহাশয়ের কাছে আমি সমস্ত কপি জমা দিলাম গেতে ঐ গরিব মহিলা তার জমিটি ফিরে পায়।

শ্রী আবু আয়েস মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি 
রাপনার মাধ্যমে মাননীয় প্রস্থাগার দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকষণ করছি। স্যার, বর্ধমান 
কোর জেলা, মহকুমা, শহর এবং প্রামে প্রায় দুই শতাধিক সরকার ঘোষিত প্রস্থাগার আছে। 
১৯৮৭ সাল থেকে অনেক প্রস্থাগারে অনেক স্থায়ী পদ খালি আছে, নিয়োগ হচ্ছে না। বেশ 
রোকটি প্রস্থাগারে স্টাফ বা কর্মী নিয়োগই হয়নি। এর ফলে প্রস্থাগারগুলিতে অচলাবস্থা 
কছে। স্যার, আপনি জানেন, বর্ধমান জেলা অন্যতম সাক্ষর জেলা। সেখানে এখন নব 
ক্ষেরদের সাক্ষরোত্তর কর্মসূচি চলছে। সেখানে এইসব নব সাক্ষরদের মধ্যে পড়ার আগ্রহও 
ভেছে কিন্তু এইসব গ্রন্থাগারে তারা পড়ার বই পাচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে 
ম্মার অনুরোধ, অবিলম্বে শূন্যপদগুলিতে লোক নিয়োগ করা হোক এবং যেখানে স্টাফ নেই 
শিখানে স্টাফ নিয়োগ করা হোক।

শ্রী ফজলে আজম মোল্লা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি 
মাপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এ বিষয়ে তার হস্তক্ষেপ দাবি

করিছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে জি. আর. এস. ই. একটি কেন্দ্রীয় সংস্থা।

বিধানকার মানেজমেন্ট সেখানকার ১১ জন শ্রমিককে দীর্ঘ ১৩ মাস ধরে সাসপেন্ড করে

রেখেছেন। স্থানীয় বিধায়ক হিসাবে আমি বার বার এ বিষয়ে ম্যানেজমেন্টের সঙ্গে আলোচ করেছি, স্থানীয় ট্রেড ইউনিয়নগুলিও ম্যানেজমেন্টের সঙ্গে আলোচনা করেছেন কিন্তু কোন ফল হয়নি। বর্তমানে ৪ জন যুবক সেখানে ঐ জি. আর. এস. ই.-র সামনে কয়েকদিন ধ্য আমরণ অনশন করছেন। তাদের অবস্থা আশঙ্কাজনক। অবিলম্বে এ ব্যাপারে মাননীয় শ্রমমন্ত্রি হস্তক্ষেপ দাবি করছি।

শ্রী রাইচরণ মাঝিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে বিশে করে ক্যাবিনেট মিনিস্টারদের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় একটা নিয়ম আছে সেরকারি কর্মচারী, শিক্ষক ও অশিক্ষক কর্মচারিদের মধ্যে কেউ কর্মরত অবস্থায় মারা গোল তার ছেলে বা স্ত্রী চাকরি পান। কিন্তু স্যার, এমন কিছু কিছু ঘটনা ঘটে, যেখানে দেখা ফা যে যিনি কর্মরত অবস্থায় মারা গেলেন তার ছেলের হয়ত তখনও বয়স হয়নি চাকরি পাওয়ার। এখানে আবার একটা নিয়ম আছে যে দু বছর অতিক্রান্ত হয়ে গেলে সে নারি আর চাকরি পাওয়ার অধিকারি থাকে না। এখন যিনি কর্মরত অবস্থায় মারা গেলেন তিরি তো জেনে মারা যান, নি, হঠাৎ তিনি মারা যান কাজেই সেখানে তার পুত্র চাকরি না পেলে অসহায় অবস্থায় পড়ে যাবে, সেখানে ভিক্ষা ছাড়া তার আর কোনও উপায় থাকবে না মাননীয় সমন্ত ক্যাবিনেট মিনিস্টারদের কাছে আমার আবেদন, কর্মরত অবস্থায় কোনও কর্মচারী শিক্ষক, অশিক্ষক কর্মী মারা গেলে তার ছেলের উপযুক্ত বয়স এবং শিক্ষাগত যোগ্যতা হলে যাতে চাকরি পায় এই বিষয়টা গুরুত্ব সহকারে বিবেচনা করে দেখুন।

শ্রীমতী রুবি নূর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপ্রন্দ মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার অঞ্চলে বিশেষ করে মালদহের লক্ষ্মিপু অঞ্চলে কয়েকটি পাশাপাশি গ্রাম আছে যেখানে বছদিন ধরে—দীর্ঘ ১৪/১৫ বছর ধরে—ি দুদ্ভি গ্রামবাসিদের উপর সমানে অত্যাচার চালিয়ে যাচছে। এ বিষয়ে বছবার পুলিশকে খব্দ দেওয়া হয়েছে কিন্তু কোনও আ্যাকশন হয়নি। স্যার, গ্রামগুলির মধ্যে গেলেই বুঝতে পারকে চারিদিকে অশান্তির আগুন জুলছে। কিছুদিন আগে ঐ গ্রামের একজন অল্প বয়সী বোবা ছেলে তার নাম মুন্তাফা হোসেন, সে দুদ্ভিদের মোকাবিলা করতে গিয়ে তাদের হাতেই প্রাণ হারার কিন্তু আজ পর্যন্ত সে ব্যাপারেও কোনও অ্যাকশন হয়নি। পুলিশ কারুকে অ্যারেন্ট করবে পারে নি। আমি অবশ্য আশা রাখছি না যে অপারধিদের শান্তি হবে, শুধু এইটুকু আপ্রনাদে কাছে অনুরোধ করছি, গ্রামের লোকরা যাতে সুবিচার পায় এবং তাদের মাঠের ফসল যাতে তারা নিজের বাড়িতে নিয়ে যেতে পারে তার ব্যবস্থা করে দিন, তাহলেই তারা উপকৃত হবে এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[12-40 — 12-50 p.m.]

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বন্যার পরে দেখা যাচ্ছে আলিপুর দুয়ার মহকুর্ব্ব হাসপাতালে অ্যান্টি র্যাবিশ, অ্যান্টি ভেনাম ইঞ্জেকশন এর খুব অভাব দেখা দিয়েছে। শ্রেই এবং কুকুর কামড়ানোর ইঞ্জেকশন না পাবার জন্য জনসাধারণের মধ্যে একটা আত্ত দেখা দিয়েছে। আমি অনুরোধ করছি আলিপুর দুয়ারে একটা সাব স্টোর তৈরি করা শ্রেক

যাতে ওখানে ওধুধ পত্র থাকে। কারণ জলপাইগুড়ি থেকে যারা ওবুধ নিতে আসে, সেই সব কর্মচারী তারা টি. এ. পাচ্ছে না। কর্মচারীরা যাতে টি. এ. পান তার ব্যবস্থা করা হোক। এছাড়া ওখানে ইতিমধ্যে ম্যালেরিয়া দেখা গেছে এবং এ্যানথ্রক্স রোগ গবাদি পশুর মধ্যে দেখা দিয়েছে। সূতরাং ঐ বন্যা পিড়িত অঞ্চলের মানুষের কথা চিন্তা করে, ১৫ লক্ষ মানুষের কথা চিন্তা করে ওখানে একটা সাব স্টোর করুন এবং ওখানে একজন এ. সি. ও. এইচ. ডেপিউট করার ব্যবস্থা করুন। এবং প্রয়োজন হলে সরাসরি আলিপুর দুয়ার থেকে কুকুর এবং সাপে কামড়ানোর ওযুধ নেবার ব্যবস্থা করুন, এই অনুরোধ আমি জানাচিছ।

# (প্রবীর ব্যানার্জি অনুপস্থিত)

শ্রী নিশিকান্ত মেহেতা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি শুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রী মহাশরের দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলা খরা প্রবণ এলাকা। কিছু কিছু ইরিগেশন, মাইনরইরিগেশন স্কীম ওখানে করা হয়েছে। ৭৫ সালে ওখানে একটা টিম সার্ভে করতে গিয়ে তখন বলা হয়েছিল যে ওখানে কোনও ডিপ টিউবওয়েল হবে না, টিউবওয়েল হবে না। পরবর্তী কালে বামফ্রন্ট সরকার আসার পর ৭৮ সাল থেকে ওখানে ব্যাপক পরিমাণ টিউবওয়েল বসানো হয়েছে। এই বছর প্রতি সাব হেলথ সেন্টারে ডিটিউবওয়েল করার পরিকল্পনা হয়েছে এবং সেইগুলোর খনন শুরু হয়েছে এবং সেখানে প্রচন্ড ভাবে পাওয়া গেছে। সুতরাং ঐ জেলায় যদি ডিপটিউবওয়েল এবং টিউবওয়েল করে সেচের ব্যবস্থা করা হয় তাহলে ঐ জেলায় চাষের ব্যাপক উন্নতি হবে। সেজন্য আপনার মাধ্যমে আমি ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রী এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে গ্রামীণ পানীয় জল সরবরাহ দপ্তরের যিনি মন্ত্রী আছেন, তার দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা বর্ধমান জেলার রায়না থানায় থানায় বেশ কিছুদিন হল পানীয় জলের কস্ট দেখা দিয়েছে। অনেক গ্রাম অসুবিধায় পড়েছে। এর মধ্যে ওখানে ছোট বৈনান-এ একটা জল প্রকল্প হয়েছে, ঐ প্রকল্পের মাধ্যমে কিছু দিন হল জল সরবরাহ শুরু হয়, কিন্তু বিদ্যুতের ভোন্টেজ ঠিক মতো না থাকার জন্য অসুবিধার সৃষ্টি হয়েছে। যখন এই পরিকল্পনাটা অনুমোদন লাভ কবে, তখন ওখানে একটা রিজার্ভার করার কথা ছিল। যে কোনও কারণে হোক, তা হয়নি। তার ফলে ঠিকমতো পানীয় জল সরবরাহ করা হচ্ছে না, আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, ওখানে রিজার্ভার করার বাবস্তা করুন।

শ্রী আবদুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সেচ মন্ত্রী এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে হুগলি জেলার খানাকুল থানা এলাকায় বোরো চাষের সেচের জলের অভাব দেখা দিয়েছে। সমগ্র থানা এলাকায় বোরো চাষের ফসল শুকিয়ে যাচেছে। চিংড়ির বাঁধ থেকে যে জল আসে, তা না আসার ফলে গোটা দুনং ব্লক এর ফসলে জমিতে ফাটল ধরেছে। আমি সেচ মন্ত্রীকে এই বিষয়ে বলেছিলাম যে ৪৫ হাজার ফিট একর জলের সেখানে দরকার, কিন্তু সেখানে মাত্র ১২ হাজার একর ফিট জল গেছে। স্বাভাবিকভাবে বুঝতে পারছেন সেখানে জলের ফ্রাইসিস দেখা দিয়েছে। দল-মত নির্বিশেষে এলাকার সমস্ত মানুষ বিক্ষোভে ফেটে পড়েছে। গত ২৩ তারিখ তারা রাস্তা

[31st March, 1994]

অবরোধ করেছিল, পুলিশ তাদের উপর নির্মমভাবে লাঠি চার্জ করেছে। এই অবস্থায় আরি আপনার মাধ্যমে আবেদন করছি ওখানে অবিলম্বে জলের ব্যবস্থা করা হোক এবং চার্যীদের উপর থেকে মামলা প্রত্যাহর করে নেওয়া হোক।

শ্রী প্রস্তর্জন মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি আমাদের মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টা হচ্ছে—সাগর, নামখানা, পাথর-প্রতীমা থেকে আরম্ভ করে দক্ষিণ ২৪-পরগনার বিস্তীর্গ সুন্দরবন অঞ্চলে ইলেকট্রিসিটির অভাব রয়েছে—এখনও পর্যন্ত ইলেকট্রিসিটি যায় নি। কোথাও কোথাও দৃ একটা জেনারেটর বা ডিজেল ইঞ্জিন বসিয়ে দিলে ২/৩/৪ ঘন্টা একটু ইলেকট্রিক দেওয়া হয়ঃ অথচ ঐ অঞ্চলের অনেক গুলো দ্বীপ আছে যে গুলোতে মেন গ্রিড যেতে পারে সাথে সাথে ঐ বিস্তীর্ণ অঞ্চলের সর্বত্র নন-কনভেনশনাল এনার্জি রিসোর্সের মাধ্যমে বিদ্যুতের ব্যবস্থা কর যেতে পারে। তা যদি করা যায় তাহলে শুধু ফিসারিই নয়, ফিসারির সাথে সাথে ঐ এলাকায় কৃষি ভিত্তিক কৃটির শিল্প গড়ে উঠতে পারে এবং টুরিজম-এর ডেভেলপমেন্ট হরে পারে। আমি মনে করি ইলেকট্রিসিটি ঐ এলাকায় উন্নয়নের একটা বিরাট দরজা খুলে দিতে পারে। সেই জন্যই আমি বিষয়টির প্রতি মাননীয় বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমর্ভাইতিমধ্যে কিছু কিছু পরিকল্পনার কথা শুনেছি, কিন্তু এখন পর্যন্ত সে পরিকল্পনাওলি রূপায়েশে জন্য কি হয়েছে তা আমরা জানি না। পরিকল্পনা গুলো যাতে ক্রন্থ তুয়ি তামানীয় ক্রিয়া মহাশয় উদ্যোগ গ্রহণ করবেন এবং আমাদের জানারেন

শ্রীমতী বিলাসীবালা সহিস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র পারা'র মধ্যে কোন্ডি নামে একটা গ্রাম আছে। সেখানে গত ২২ তারিখ ঝাড়খণ্ডি নেতারা কতগুলো সমাজবিরোধী নিয়ে আমাদের একজন সমর্থক, গরিব প্রেটি খাওয়া আমাদের কমরেজ-কে নৃশংসভাবে খুন করেছে। স্যার, এমনভাবে খুন করেছে আপনাকে আমি বলে বোঝাতে পারব না। এই খুনের নায়ক [\*\*] এখানে বসে আছেন ওরা সব পশ্চিম বাংলার শাসন ক্ষমতায় ফিরে আসার জন্য আমাদের সমর্থকদের খুন করেছে গুরু করেছে। আজকে যখন গরিব, মেহনতি মানুষ বামফ্রন্টের পতাকাতলে আসছে, তথ্য ওরা রাজ্যে সন্ত্রাস সৃষ্টি করতে চাইছে। আমি আপনার মাধ্যমে স্বারাষ্ট্র মন্ত্রীর কাছে দার্শি করছি অবিলম্বে ঐ খুনের ঘটনার সঙ্গে জড়িত দোষী ব্যক্তিদের গ্রেপ্তার করা হোক।

[11-50 — 1-00 p.m.]

মিঃ স্পিকার : শ্রী নরেন হাঁসদার নাম বাদ যাবে।

শ্রী ভূপেন্দ্রচন্দ্র শেঠ । মিঃ স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা ঘটনার প্রতি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত সোমবার ২৭ তারিখ বাগদা থানার সামনে ১১ বছরের একটা মেয়ের উপর বি. এস. এফ.-এর দু'জন জোয়ান গণধর্ষণ করেছে। ফর্লে মেয়েটাকে অচৈতন্য অবস্থায় প্রথমে বাগদা থানায় এবং পরে বনগাঁ হাসপাতালে নিয়ে যাওঃ হয়েছে। মেয়েটির বাডি সিংহি গ্রামে। সংবাদপত্রে এই সংবাদ প্রকাশিত হয়েছে—থানার সামনে

Note \* Expunged as ordered by the Chair.

বি. এস. এফ. কর্তৃক গণ-ধর্ষণ। ফলে এলাকার মানুষ ক্ষোভে ফেটে পড়েছে এবং গত পরশু দিন বাগদায় বন্ধ ডাকা হয়েছে। কিন্তু এ পর্যন্ত সেই ধর্ষণকারিদের গ্রেপ্তার করা হয়নি। আমি বিষয়টি ডি. এম. থেকে আরম্ভ করে হোম সেক্রেটারি, ডি. জি. আই. জি. (বি. এস. এফ.), সকলকে জানিয়েছি, কিন্তু এখন পর্যন্ত প্রতিকারের কোনও ব্যবস্থা হয়নি। সাথে সাথে পারমাদন গ্রামের অরুণ হিরা তাকে ধরে নিয়ে এসে এবং তার স্ত্রী ও মাকে নিয়ে এসে বাগদা থানায় আটকে রাখে। তারপর তার শরীরে সিগারেটের আগুনের ছাঁকো এমনভাবে দেওয়া হয়েছে এবং মারা হয়েছে যারজন্য তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এখন সে মৃত্যুর সঙ্গে লড়াই করছে। তাই বলছি, বাগদা এবং বনগাঁ এলাকায় বি. এস. এফ. এবং পুলিশ মিলিতভাবে এমন তান্ডব চালিয়েছে যে এলাকার মানুষ সন্ত্রাসের ভয়ে দিন কাটাচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ইমিডিয়েট এই ধর্ষণকারি এবং দর্নীতিগ্রস্থ পুলিশ অফিসারদের বিরুদ্ধে শান্তিমূলক ব্যবস্থা নেওয়া হোক।

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যের অন্যতম গুরুত্বপূর্ণ সড়ক হচ্ছে এ. এস. টি. কে. কে.। আদি সপ্তগ্রাম-ত্রিবেণী-কাটোয়া-কালনা রোড যেটা কলকাতা এবং হুগলি জেলার যোগাযোগের অন্যতম গুরুত্বপূর্ণ সড়ক, সেই সড়কটি কয়েক বছর সংস্কারের অভাবে ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে। প্রতিদিন কলকাতা থেকে আমার এলাকা দিয়ে অসংখ্য গাড়ি যাতারাত করে। এই রাস্তাটি অবিলম্বে সংস্কার হওয়া প্রয়োজন। তা না হলে হুগলি জেলার বিস্তীর্ণ অঞ্চলের যোগযোগ বিচ্ছিয় হয়ে যাবে।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি শ্লীলতাহানির ঘটনা মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আশা দাস, মথুরাপুর গ্রামীণ যাহাকেন্দ্রের সৃইপার। গত ২৭-২-৯৪ তারিখে রাত্রি ১১টার সময় যখন ইন্ডোর পেশেন্ট হিসাবে ভর্তি ছিল সেই অবস্থায় ঐ হাসপাতালের ৪ জন কর্মী—ঐ রকম অবস্থায় যখন সে হাসপাতালে শুয়ে আছে—তাকে নিগৃহীত করে এবং শ্লীলতাহানি করে। ঐ অবস্থা দেখে ডিউটি রত যারা মহিলা ছিলেন শোভা চক্রন্বতী এবং শোভা ব্যানার্জি, জি. ডি. এ. তারা এখন প্রতিবাদ করতে যায়। তখন তাদের ঠেলে ফেলে দিয়ে ঐ মহিলার উপর শ্লীলতাহানি করে। মথুরাপুর গ্রামীণ হাসপাতালে তখন একটা চাঞ্চল্যের সৃষ্টি হয় এবং যিনি সুপার—ইনচার্জ ছিল তারা অফিস ঘেরাও করে এবং এই ঘটনা মথুরাপুর থানায় জানাতে বলে এবং সমস্ত মহিলা কর্মচারী-এর বিরুদ্ধে প্রতিবাদ করে এবং বি. এম. প্রতিবাদ। কিন্তু আজ পর্যন্ত বলা সন্তেও থানা থেকে কোনও ষ্টেপ নেওয়া হয়নি। হাসপাতালের একজন স্টাফ তাকে খদি এইভাবে শ্লীলতাহানি করা হয় এবং থানা থেকে যদি কোনও ব্যবস্থা গ্রহণ না করেন এবং হাসপাতালের ডাক্তাররা যদি এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করা ছাড়া আর উপায় নেই। তাই আমি এই ব্যাপারে বিশেযভাবে দৃষ্টি আকর্ষণ করছি এবং কাগজ্জটা আমি আপনাকে দিয়ে দিচিছ।

শ্রী নটবর বাগদি । মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সমাজ কল্যাণ দপ্তর এবং মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমনক্তের প্রায় দেড় লক্ষ্ণ শিশুর জন্য আই. মি. ডি. এসের মাধ্যমে আমেরিকা গভর্নমেন্ট যে খাবার দেয় তাতে প্রচন্ড ভেজাল হচ্ছে। যে রিফান্ডি তেল আসে তার ওজন হচ্ছে ২০ কেজি ৫০০ গ্রাম। এই তেল কি করে বের করে নেওয়া হয় তা আমি জানি না। ১ কেজি তেলের দাম হচ্ছে ২৫ টাকা। তেলটা অক্ষন্ত থাকে, সিল থাকে তেলে। দু-কে. জি. আড়াই কে. জি. তেল কমিয়ে তাতে জল ঢুকিয়ে দেওয়া হচ্ছে। আমাদের ওখানে দু-দল ঠিকাদার আছেন, একদল হল ইউনিভার্সাল এজেলি আর এক দল হল বলরাম এজেলি। ওখানে আশীষ রায় বলে একজন পুরুলিয়া থেকে বাঁকুড়ায় মাল দেওয়া নেওয়া করেন। ঐ সি. এস. আই.-য়ের চালের ব্যাগ যাতে ২৫ কে. জি চাল থাকে সেখান থেকেও ২/৩ কে. জি. করে চাল কমিয়ে নিচ্ছে। কি করে কমাছে? এই জিনিসটা তদস্ত করার জন্য অনুরোধ জানাচিছ। শিশুর খাদ্যে বিষ মিশিয়ে ঐ ঠিকাদারয় কোটি কোটি টাকা লাভ করছে এটা একটু তদস্ত করার ব্যবস্থা করা হোক।

শ্রী আবদুস সালাম মুন্দি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়ার কৃষ্ণনগর সদর সাবডিভিশন কে ভেঙ্গে জনগণের প্রশাসনিক সুবিধার জন্য উত্তর নদীয়ায় মহকুমা অত্যন্ত প্রয়োজন। এটা সেখানকার মানুবের দীর্ঘদিনের দাবি, মাননীয় মুখ্যমন্ত্রী ৮টি নৃতন মহকুমা করার কথা বলেছেন তার মধ্যে তেহটুতে নদীয়ার নৃতন সাব-ডিভিশন করার প্রস্থাব নিয়েছেন, আমার কথা হচ্ছে তেহটু, পলাশিপাড়া, সাব-ডিভিশন্যাল হেড কোয়াটার্স, দেবগ্রাম-বেথুয়াডোহরি, কালিগঞ্জ, নাকাশিপাড়া কৃষ্ণনগর ব্রকে আর একটি সাবডিভিসন দেওয়া হোক। আমার কথা হচ্ছে কালীগঞ্জকে কোনও মতেই তেহটুর সাথে যুক্ত করা যায় না। কালীগঞ্জ রেলওয়ে এবং ৩৪ নম্বর ন্যাশনাল হাইওরে আছে তাকে কোনও মতেই ঐ বর্ডার এলাকা সেখানকার সঙ্গে যুক্ত করা হবে না। কালীগঞ্জের সঙ্গে যুক্ত করা হবে না। কালীগঞ্জের সঙ্গে যুক্ত করা হবে না। কালীগঞ্জের সঙ্গে যুক্ত করা হবে সেখানকার মানুষকে খুন করা হবে।

শী ভন্দু মাঝি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সমাজ কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার বরাবাজার ব্লকে এখন পর্যন্থ আই. সি. ডি. এস. প্রকল্প চালু হয়নি চতুর্দিকে বানপুর, মানবাজার, বলরামপুর এখানে শতকরা ৭০ ভাগ তফসিলি উপজাতি মানুষ বাস করেন, এখানে প্রতি বছর অপুষ্টির জন বেশিরভাগ শিশু মারা যায়। আমি তাই মাননীয় সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশরের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অনতিবিলম্বে ঐ ব্লকে আই. সি. ডি. এস প্রকল্প চালু করা হয়।

[1-00 -- 1-10 p.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি খুব গুরুত্বপূর্ণ বিষয় এখানে উত্থাপন করছি। আপনি জানেন স্যার, এই রাজ্য সরকারের পঞ্চায়েতের কাজ কর্ম কেমন চলছে। এ সম্পর্কে মূল্যায়ণ করার জন্য—এখানে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী বসে আচেন-এর জন্য রিপোর্ট দেওয়ার ব্যাপারে নির্মল মুখোপাধ্যায়, ভারত সরকারের ক্যাবিনেট সচিব এবং প্রাক্তন রাজ্যপাল পাঞ্জাবের, আর ডি. বন্দ্যোপাধ্যায় প্রাক্তন এশিয়ান ডেভেলপনেন্ট ব্যাব্দের ভাইরেক্টার যারা ১৯৯২ সালের শেষ দিকে একটা মূল্যায়ণ করে একটা রিপোর্ট রাজ্য সরকারের কাছে পেশ করেছেন রাজ্য সরকার সেটা ছাপিয়ে সকলের অবগতির জন্য দিয়েছেন, সকলে যেন খুব ভাল করে এটা পড়ে নেন। আমি রিপোর্টের দুটি গুরুত্বপূর্ণ অংশ অ্যাপ্রিকালচার এবং ল্যান্ড রিফর্মসের উপর দুটি মন্তব্য একট্ পড়ে শোনাছি। অ্যাপ্রিকালচার ডিপার্টমেন্টের পেজ ২৬এ বলছেন—The Economic Review for 1991-92 published by West

Rengal Government is a statistical appendix according to which the index number of production in Agriculture from 86.8 in 1982-83 to 171.0 in 91-92. This is obviously a good news. In plain language the agricultural production doubled in 9 years. How the figures have been arrived at is a mystry considering that no one knows the crop acreage. The statistical base was weak, crop acreage being guess work in the absence of crop recording system. আর ল্যান্ড রিফর্মসের সম্পর্কে সামান্য একট মংশ পড়ে দিচ্ছি, তাতে বলছেন—Official figures of land vested and distributed reveal a disturbing state of affairs. A span of nearly 11 years from 81 to 92, a total of only 94,031, acres of vested agricultural land was distributed. The tempo of activity can hardly be called high. Vested agricultural land left for distribution should now be 2,58,715.78 acres. If the tempo continues as before it will take 29.56 years to distribute this. আর বলেছেন যে, আনডিম্ব্রিবিউটেড ল্যান্ড—যেণ্ডলো এখনও ডিম্ব্রিবিউট করা হয়নি—তার থেকে কিভাবে আনহোলি আলোয়েন্স করে প্রায় ৩৪ কোটি টাকার মতো রোজগার করেছেন। বলেছেন-The possibility cannot be ruled out that there are coercive arrangement for legitimate appropriation for the usufruct of this vest land. সারে, আজকে এই যে দুটো বিষয়ে বলা হয়—এই রাজ্য অ্যাগ্রিকালচারাল উৎপাদন সারা ভারতবর্ষের মধ্যে এগিয়ে আছে, অথচ এইরকম একটা গুরুত্বপূর্ণ কমিশন রিপোর্ট বলছে যে, আঞিকালচারাল উৎপাদনের যে হিসেব বা স্ট্যাটিসটিক্স দেওয়া হচ্ছে সেটা অত্যন্ত দুর্বল হিত্তির উপর দাঁড়িয়ে দেওয়া হচ্ছে, সেখানে কোনও ক্রপ আভারেজ সিস্টেম নেই, রেকর্ড সিসটেম নেই, ফলে এটা আনুমানিক তথ্যের উপর বলা হচ্ছে। সুতরাং এরজন্য কেন প্রিভেলেজ আনা যাবে না যখন বিধানসভাতে বিভ্রাপ্ত করা হয়েছে? এইভাবে আনুমানিক ্থাকে ভিত্তি করে হাউসকে বিভ্রান্ত করা হয়েছে, পশ্চিমবঙ্গের মান্যকে বিভ্রান্ত করা হয়েছে, লাভ রিফর্মস সম্পর্কে এবং অ্যাগ্রিকালচারাল প্রডাকশন সম্পর্কে এখানে সব অসতা কথা বলা হয়েছে, তাই আমি প্রিভিলেজ মোশন মুভ করতে চাই। আমি আপনার অনুমতি নিয়ে ্র উপর প্রিভিলেজ মোশন আনব, কারণ এইরকম একটা শুরুত্বপর্ণ রিপোর্টকে অম্বীকার ্রা যায় না।

মিঃ স্পিকার ঃ এবারে জিরো আওয়ার। ২১টা আছে, ১০টা দেব, বাকিটা বাদ যাবে।

#### Zero Hour

শ্রী মানব মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, এই রাজ্যের রেল প্রকলের দাবি নিয়ে আমরা এই সভায় সর্বদলীয় প্রস্তাব নিয়েছি এবং পশ্চিমবঙ্গের বামফ্রন্টের 
হাত্র-যুব সংগঠন দিল্লিতে গিয়ে এই সম্পর্কে প্ল্যানিং কমিশনের ভাইস-চেয়ারম্যান এবং
কোমন্ত্রীর কাছে দাবি জানিয়ে এসেছেন। আজকে পশ্চিমবঙ্গের ছাত্র-যুব সংগঠনগুলির পক্ষ
থেকে সকাল ৬টা থেকে ফেয়ারলি প্লেস এবং কয়লাঘাটা—ইস্টার্ন রেলের সদর দপ্তরের
সামনে অবরোধ চালাচ্ছেন। এই অবরোধ আজ সন্ধ্যা পর্যন্ত চলবে। গুধুমাত্র ছাত্র-যুব
সংগঠনগুলিই নয়, ভেতরের কর্মচারী সংগঠনগুলি এবং কংগ্রেস অনুমোদিত সংগঠনগুলিও

[31st March, 1994]

দাবিশুলির প্রতি সমর্থন আছে। সেখানে তারা পশ্চিমবঙ্গের রেল প্রকল্পগুলির দাবিতে, ডাঙ্কেল প্রস্তাবের বিরুদ্ধে আজ সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত অবরোধ করছেন।

শ্রী অজয় দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার এলাকার একটি বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় প্রায় ৬০,০০০ মানুষ অত্যন্ত হাহাকার অবস্থার মধ্যে চলছেন। ওরা তাঁতশিল্পি এবং সূতার উপর নির্ভরশীল, কিন্তু গত একমাস ধরে মাঝারি মানের সূতার দাম ৩০-৪০ শতাংশ বেড়ে গেছে। এই ব্যাপারে এখানে বারবার উল্লেখও করেছি। কিন্তু আজ পর্যন্ত কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এই সূতো নিয়ে আজকে কলকাতার বড় বড় ব্যবসায়িরা চরমভাবে ফাটকাবাজী করছেন, কিন্তু সরকার ব্যবসায়িদের গায়ে হাত দিচ্ছেন না। তাই বলছি, এর বিরুদ্ধে হাজার হাজার তন্তজীবিরা ধর্মঘট করতে পারেন।

শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই যে মাননীয় সদস্য ভূপেন শেঠ যে কথা বললেন সেটা ঠিকই যে বি. এস. এফ.-এর দুইজন লোক একটা দর্জির দোকানে ঢুকে একটি মেয়েকে বলাৎকার করেছিল। আমি সেই বি এস. এফ. দুইজন শাস্তি দাবি করছি। আমি আরও জানাছি যে ঐ দুইজন বি. এস. এফ কংগ্রেসের সমর্থক ছিল এবং দর্জিও কংগ্রেসের সমর্থক ছিল।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আগামী ৫ই এপ্রিল থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষা গুরু হচ্ছে। রাজ্যের শিক্ষা দপ্তর অঙ্কের প্রশ্ন নিয়ে যে কেলেফারি করলেন সেটা নিয়ে সারা পশ্চিমবাংলায় সোরগোল পড়ে গেছে। সিট আলটমেন্টের ব্যাপারে আমার কেন্দ্রে বেলডাঙ্গা, ঝাউডাঙ্গায় ছাত্রদের সিট পড়ত কাছাকাছি স্কুলগুলিতে। কিন্তু এবারে সেটা ১৯ করে তাদের সিট হাবড়ায় ফেলা হয়েছে, যার দূরত্ব ওখান থেকে প্রায় ৪০ কিলোমিটার। সেখানে যাবার কোনও বাস নেই। ট্রেনে করে গোবরডাঙ্গা স্টেশনে গিয়ে সেখান থেকে ভ্যান্তে করে হাবড়া যেতে হয়। তার উপরে ডি. ওয়াই এফ.-এর সমর্থকরা সেখানে রেল রোধ্ব আন্দোলন করছে। কাজেই ট্রেন যদি বন্ধ হয়ে যায় তাহলে পরীক্ষার্থীরা পরীক্ষা দিতে থেতে পারবে না। সেজন্য আমি সেন্টার চেঞ্জ করার জন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কর্ম্বে অনুরোধ করছি।

শ্রী ত্রিলোচন দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত এবং স্বরাষ্ট্র মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র রামপুর ২০ দুই নম্বর ব্লকের অন্তর্গত খারগ্রাম দুই নং গ্রাম পঞ্চায়েতে দীর্ঘ ১০ বছর হল ঐ পঞ্চায়েত সমিতি কংগ্রেসের হাত ছাড়া হয়েছিল এবং আমাদের দখলে এসেছিল। কিন্তু গত ১৯/২/৯৪ তারিখে কংগ্রেস এবং বি. জে. পি. একযোগে আমাদের পঞ্চায়েত সদস্য আমিন শেখ এবং সৃষ্টি আমেদ, বাসিক শেখকে কিডন্যাপ করে শিলিগুড়ি হোটেলে নিয়ে যায় এবং বদ্ধ করে রাখা হয়। এই ব্যাপারে ওখানে অনবরত বোমা ফাটানো হচ্ছে এবং হামলা করা হত্ত্বেছ্মকি দেওয়া হচ্ছে। সেখানে ৪।৪।৯৪ তারিখে আস্থা ভোট দেবার জন্য নোটিশ করা হয়েছে প্রধানকে। এটা তাডাতাড়ি বন্ধ করার জন্য আপনার মাধ্যমে অনুরোধ করছি।

শ্রী আবদুস সালাম মুন্দি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সমগ্র নদীয়া জেলায় বোরোধানের প্রচন্ত চাষ হচ্ছে, এটা বোরোধানের মরশুম। কিন্তু দীর্ঘদিন ধরে নদীয়া জেলায় বিদ্যুতের লোড শেডিং এবং লো ভোল্টেজের ফলে সেচ ব্যবস্থা এমভাবে ব্যাহত হচ্ছে যে চাষীরা মাথায় হাত দিয়ে বসে পড়েছে। তাই আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করে বোরো চাষীদের বাঁচাবার ব্যবস্থা করুন। কৃষি মন্ত্রীকে একটি বিষয়ে জানাই যে জানুয়ারি মাস থেকে সারের সংকট চলছে এবং তার ফলে চাষীদের সার প্রতে খুব অসুবিধা হচ্ছে। কাজেই গোটা নদীয়া জেলার চাষীদের জন্য সারের ব্যবস্থা করার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাছি।

### [1-10 — 1-45 p.m.] (Including Adjournment)

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৮ই মার্চ আমার কেন্দ্রে বাদুলাথপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় একটা অসত্য সংবাদ আনন্দবাজার পত্রিকার মধ্যমে প্রকাশিত হয়েছে। এর ফলে এলাকার মধ্যে বিক্ষোভ সঞ্চার হয়েছে। কারণ একটা স্থানীয় রাস্তা নিয়ে গন্ডোগোল, সেটাকে কেন্দ্র করে ওরা বিভিন্নভাবে গন্ধ তৈরি করেছে। আমার কাছে বেশ কিছু চিঠি আছে। থানাতে এই ধরনের কোনও ডাইরি হয় না। এম. এল. এ হিসাবে আমাদের কাছে যে দরখান্ত দিয়েছে তাতে দেখতে পাচ্ছি যে রাস্তা নিয়ে গন্ডোগোল এবং দু বছর ধরে কেস চলছে। এটাকে কেন্দ্র করে যেহেতু বলা হয়েছে যে বাগনানের লোক আছে বাগা মায়ের কাপড় খুলে নিয়েছে, তার ফলে বিভিন্ন রাজ্যে যারা বাগনানের লোক আছে বাগা আমার কাছে চিঠি লিখছে এই সংবাদটা সঠিক কিনা সেটা আমাদের জানানো হোক। আসল ঘটনা আমরা ভেতর থেকে জানতে পেরেছি। এই ধরনের শ্লীলতাহানির কেস দিয়ে ওখানে সমতাকে এনে বড় ধরনের মিটিং করা যায় কিনা তার প্রস্তুত চলছে। এই ধরনের একটা যড়যন্ত চলছে সেখানে। সেখানে আজকাল সংবাদপত্রের ফটোগ্রাফার গিয়েছিল, যার দিলে ভীষণ অশান্তির সৃষ্টি হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে আবেদন জানাতে গাই এই ধরনের অসত্যসংবাদ প্রচার করা বন্ধ করা হোক।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ব্যামন্ত্রীর দৃষ্টি আকর্যন করছি। বউবাজারের বোমা বিস্ফোরণে ৮৬ জন লোক মারা গেল, উদ্দের আজ পর্যন্ত কমপেনসেশন দেওয়া হয় নি। যারা ক্ষতিপ্রন্ত হয়েছে তাদের কিছু কিছু কমপেনসেশন দেওয়ার জন্য একটা দাবি ছিল এবং সেই অনুযায়ী একটা ১৫২ জনের লিস্ট তৈরি করা হয়েছে। কিন্তু অত্যন্ত দৃঃখের বিষয় যারা মারা গিয়েছে তাদের কমপেনসেশন দেওয়া হয়নি। এবং যারা ক্ষতিপ্রন্ত হয়েছে তাদেরও আজ পর্যন্ত কমপেনসেশন দেওয়ার ব্যবস্থা কবা হয়নি। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে জানাতে চাই যারা রসিদের সঙ্গে যুক্ত হয়েছ সেই মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতারা, তাদের প্ররোচনায়, এই লিস্টে যারা ক্ষপ্রেসের সমর্থক তাদের ওই লিস্ট থেকে বাদ দেওয়া হচ্ছে। সেই জন্য আমার অনুরোধ মনিসের এই কমপেনসেশনের ব্যবস্থা করা হোক।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যের মন্ত্রীদের উদ্দেশ্যে একটা নিবেদন জানাতে চাই। মন্ত্রীরা বিভিন্ন সময় ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অতি সম্প্রতি আমাদের তক্রন মন্ত্রী বংশ গোপাল টোধুরি মহাশয় আলিপুরদুয়ার শহরের পাশে বীরপাড়াতে আই. টি. আই.-এর জন্য ভিত্তিপ্রস্তার স্থাপন করেন। সেই দিন তিনি বলেছিলেন এই আর্থিক বছরে এর জন্য ১০ লক্ষ টাকা বরাদ্দ আছে, কাজ শুরু হবে। এটা ১ কোটি টাকার প্রকল্প। এই আই. টি. আই.-এর জন্য আজ পর্যন্ত একটা ইট পড়ল না। তরুন মন্ত্রীসভা করে সেখানে সবাইকে জানালেন, কিন্তু কাজ শুরু হল না। তারপাশে ভেষজ উদ্যান হবার কথা ছিল। আমাদের প্রাক্তন স্বাস্থ্যমন্ত্রী প্রস্কোয় ননী ভট্টাচার্য মহাশয় আজ থেকে ১০ বছর আগে তপসি খাতায় একটা ভেষজ উদ্যান করার জন্য ভিত্তি প্রস্তর স্থাপন করেছিলেন। আজ পর্যন্ত কাজ শুরু হল না। তার পাশে লাগয়া কুচবিহার হোমিওপ্যাথি কলেজ করার জন্য ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছিল। সেটাও কিছু হল না। আমি অনুরোধ করছি বামফ্রন্ট সরকার গত কয়েক বছর ধরে যে সমস্ত প্রতিশ্রুতি দিয়েছেন, বিশেষ করে যে সমস্ত ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে সেইগুলি কার্যকারি করা হেকে, সেখানে নির্মণের কাজ শুরু করা হোক, এবং সেই কাজকে তরাছিত করা হোক।

শ্রীমতী মিনতি ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন যে দক্ষিণ দিনাজপুর জেলা সীমান্তবতী জেলা। এখানে প্রতিদিন বর্ডার এলাকা দিয়ে নির্বিচারে চাল, গম, ভোজ্য তেল, গ্রষধ, সাইকেল, তাঁতের শাড়ি পাচার হচ্ছে। ওধার থেকে বাংলাদেশি টাকা, সিঘ্রেটিক শাড়ি, জি. সি. পি. ভি. সি. আর এই গুলি নির্বিচারে আমাদের এখানে আসছে এবং যার প্রতাক্ষমদত দিছে বি. এস. এফ। যারা আইনের রক্ষক তারা কিভাবে ভক্ষকের ভূমিকা পালন করছে সেটা আমি উল্লেখ করছি। আর যারা বিধানসভায় খুব বড় মুখ করে নিজেদের সততা জারি করে, তাদের চরিত্র আমি উল্লেখ করছি। পাসুরিয়া পঞ্চায়েত সমিতির কংগ্রেস (আই) সদস্য আজাহার খানের নেতৃত্বে ৫০ বস্তা ধান এবং ২৪ হাজার বাংলাদেশি টাকা এবং প্রচুর শ্রষধ পাচার করতে গিয়ে ধরা পড়েছে এবং সেটা আটক করা হয়েছে।

# (এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী পদ্মনিধি ধর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল বন্ধ কারথানা খোলার দাবিতে, বার্ন স্ট্যান্ডার্ড, হুগলি ডক প্রভৃতিতে ওয়াগানের অর্ডার দেবার দাবিতে, কেন্দ্রীয় সরকারের কাছে বেকার সমস্যার সমাধানের দাবিতে, মূল্য বৃদ্ধি রোধের দাবিতে এবং সামগ্রিকভাবে আই. এম. এফ.—খণ এবং ডাঙ্কেল প্রস্তাবের বিরুদ্ধে হাওড়া জেলায় সর্ব্বাত্মক ধর্মটি অন্ঠিত হয়েছে।

আমি আপনার মাধ্যমে হাওড়া জেলার সমস্ত সংগ্রামি মানুষকে কেন্দ্রীয় সরকারের সমস্ত জনবিরোধী নীতির বিরুদ্ধে এই যে সর্বাত্মক হরতাল এবং ধর্মঘট পালন করেছেন, তারজন্য অভিনন্দন জানাচ্ছি।

মিঃ স্পিকার ঃ এখন বিরতি। আমরা আবার মিলিত হব পৌনে দু'টোর সময়।
(At this stage the House was adjourned till—1.45 p.m.)

[1-45 — 1-55 p.m.] (After recess)

### POINT OF ORDER

Mr. Spaker: Dr. Abedin, what is your point of order?

দ্রাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দীর্ঘ দিন ধরে এখানে গাছন, আমার মল কথা হচ্ছে যে, আমাদের হাউসের এবং তার নিয়ম কানন এবং মন্ত্রীসভা e মেমার we all are products of the constitution of India House. এর বাইরে াাবার আমাদের এক্তিয়ার নেই। কনস্টিটিউশন অফ ইভিয়া আমাদের অধিকার দিয়েছে আমরা গুট্স কিভাবে চালাব এবং আমরা সেখানে যে রুলস তৈরি করব Rules of procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly upto 1000 তাতে কোথাও রুলস আমেন্ডমেন্ট করেন নি। আমি জানি একটা হাউসে রুলস চলে দার্টন কনভেনশন এবং প্রসিডিওর ডেভেলপ করার জনা। এখানে যে রুলস আমরা প্রেয়েছি ্রা কনভেনশনের উপরে নির্ভর করে এবং সেক্ষেত্রে ৩টি শর্ত মানতে হবে (i) it should be ubiquitous even not universal (2) it should enjoy the sanction and approved of all although it is not codified and (3) it should help all of us in the discharge of our duties as members of the legislature. এখানে আমি ৩৩ বছর আছি মাত্র ৪ বছর বাদ ছিলাম। এই ৪ বছর বাদ দিয়ে বাকি বছরগুলিতে এনন কি ডাঃ রায়ের আমলেও দেখে এসেছি যে, বাজেট ডিসকাশনে দফাওয়ারি আলোচনার মন্ত্রীরা দৃটি কথা বলেন হোয়াইল দে মুভ দেয়ার গ্রান্টস এবং অন দি রেকমন্ডেশন অফ দি গভর্নর আন্তে সো আন্তে সো। তারপরে সংক্ষিপ্ত ভাষণ রাখেন এইজন্য একে প্রারম্ভিক ভাষণ বলে এইজন্য গ্রান্ট চেয়েছি। তারপরে the ministers exercise their right of reply after hearing the observations of all the Hon'ble members of the House এটাই নিয়ম। আপনি পৃথিবীর সব জায়গায় ঘুরে বেডিয়েছেন এর ব্যতিক্রম আছে বলে यापात प्रति रहा ना। आश्रीन जानील प्रयुन, जानील यक कप्रनिध्यालय शालीरमियोति আশোসিয়েশন, তাতেও আমি পাই নি. এখানে যেটা ভায়োলেট হয়েছে।

হাউস অফ কমপে এবং আমাদের এই হাউসেও রিটিন স্টেটমেন্ট পড়ার কথা নয়, 
মনলি এক্সেপশন মিনিস্টাররা, তারা পড়তে পারেন। But no where in the commonwealth parliament and Legislatures. কিন্তু আমাদের এখানে সেই ব্যবস্থাটা নেই।

মানদের এখানে একটা পুন্তিকা লিখবে, কিন্তু সেই পুন্তিকাটা পড়া পর্যন্ত হবে না। দ্যাট উড

be distributed from the distribution counter of the Assembly and that
will form part of the proceedings। স্যার, পার্ট অফ দি প্রসিডিংস কি কি হতে

পারে সেটা আপনি জানেন এবং প্রসিডিংস কি পার্ট নিতে পারে সেটাও আপনি জানেন।

কিন্তু আমি এসে থেকে দেখছি এখানে একটা নতুন নিয়ম চালু হয়ে গেছে, এখানে মন্ত্রীরা

বিয়-বরান্দের সমর্থনে যে বক্তব্য তৈরি করে সেটাকে ছাপিয়ে কাউন্টার থেকে বিলি করে।

কিন্তু কখন দেবেন আমরা অনিশ্চিত, জানি না। ইট becomes part of the proceed
ান্তর্য, এটা স্যার, টোটালি illogical, irrational, against the rules। আপনি জানেন

ন্যার, বিভিন্ন সময়ে লোকসভায় ডিউরিং the adoption of the constitution by the

constituent Assembly debate এবং সেই অনুসারে লোকসভায় এবং রাজ্য বিধানসভা এবং বিধানপরিষদগুলিতে চলছে। একাধিকবার লোকসভায় এই আলোচনা হয়েছে ति স্টেটমেন্টের ভ্যালিডিটি সম্বন্ধে। আপনাকে আমি এ. আর. মুখার্জির বই থেকে বলছি.—আপনা কাছে তো আছে, সেদিন একটা মোশন বিল উইথ ডু করার ব্যাপারে আপনি আমাকে 🕡 আর. মুখার্জি শুনিয়েছিলেন। পেজ ১৬২, ফোর্থ প্যারাতে দেখুন, A suggestion to in corporate written speeches in the Proceedings of the House was mad before the Select Committee on Procedure, 1959 where the Committee rejected the suggestion on the ground that the House would have n control through the Chair over the relevance or orderliness of the con tents of the speeches.। আপনার সেক্রেটারিয়েটে আমি একটা বই পেলাম না. একজ লিখেছেন. This is the first time during the Last 700 years, ওখানে একজ ম্যাডাম স্পিকার এই রিটিন স্টেটমেন্টের ব্যাপারে সম্প্রতি একটা রুলিং দিয়েছেন। Th Minister was not allowed to read the answers pursuing to a question বোধহয় আপনি এটা পড়ে থাকবেন। হাউস অফ কমন্সে সাম্প্রতিককালে আমরা এটা দেখেছি এটা টোটালি রিজেকটেড হয়ে গেছে। এখানে বছর তিন হল আপনার কাছে আ কনসিসটেন্টলি দাবি রেখে আসছি. Before being elected to the office where am now, যে এখানে এই জিনিস চলে না। এটা ইর্যাশনাল, ইললোজিক্যাল এবং এ পিছনে কোনও কন্ভেনশন নেই, কোনও এনালজি নেই। ইন অল দি Legislatures an parliament সেইজন্য আপনাদের বার বার বলছি এই বান্ডেল বিলি হবে. অথচ র্ম্ মহাশয় অনেক সময় জানে না যে কি কনটেন্ট এর ভেতরে আছে। এখানে উত্তর দেওয়া সময় আমরা দেখি ইরেলিভ্যান্ট সমস্ত কথাবার্তা। আজকে আমার প্রধান আপত্তি writte speeches of anybody unless permitted specially by the Chair and approved by the House cannot form part of the proceedings। এখানে আই শুনলাম যে আজকে থেকে গ্রান্ট শুরু হচ্ছে। আপনি তো জানেন, কাল থেকে আমাদে একটা অসবিধা চলছিল বিকস of the sad demise of one of our colleague আমি একট আগেই সেখানে গিয়েছিলাম। আপনাদের যে বিজনেস এডভাইসারি কমিটি তার সিদ্ধান্ত নিয়েছেন যে আজকে থেকে গ্রান্ট ডিসকাশন হবে। যদি রিটিন স্পিচণ্ডলো ইফ 🦸 form part of the proceedings তাহলে আমাদের তরফ থেকে আপত্তি আছে এব আমরা প্রসিডিংসে পার্টিসিপেট করব না। উই হ্যাভ told you on a number o occasions আজকে আমাদের কোনও আপত্তি নেই। শাকদেরের পেজ ২৮২-তে বলা আত্র A member is not allowed to raise a subject matter ইত্যাদি ইত্যাদি। খা পারতে আছে, should not read a written speech through notice may be referred to Ministers are not immuned to this. কিন্তু আমরা বিভিন্ন সম এখানে it is an established convention. কলিং আটেনশন ইত্যাদিতে দেখেছি ওয় রিটিন স্পিচ দিয়ে থাকেন। সিমিলারলি আমি আপত্তি করছি আপনার কাছে, একথাটা আগেং বলেছিলাম, আপনি বলেছিলেন, you will had discussion with all the parties যতবার আপনি অল পার্টির মিটিং ডেকেছেন ততবারই আমাদের পার্টির তরফ থেকে <sup>বর্ডুর</sup>

ব্যাৰ্ছি অন দি same ground, to stand firmly যে এখানে যে গ্রান্টের মোশন মভ করবে, এটা দেখছি ভোট অন অ্যাকাউন্টের ফলে অনলি the finance Minister moves the motion. এটা একটা নতুন জিনিস। কিন্তু ইনডিভিজ্যালি যে মিনিস্টার যে ডিপার্টমেন্ট দেখেন সেই মিনিস্টারই সেটা মুভ করবেন এবং এটা হওয়াই বাঞ্ছনীয়। কিন্তু আসেম্বলিতে ন্দ্রনিস্টাররা আসসেন না বলে আপনি একটা সুযোগ করে দিয়েছেন। That cannot possibly the convention to be helped for anybody. একজন মন্ত্রী সবার সব দপ্তরের লান মভ করে দেয়। আপনি এটা করেছেন সব মন্ত্রী এখানে ঠিকমতোন আসেন না বলে। এমনিতেই তো হাউসের অ্যাট্রাকশন কমে যাচ্ছে, সুযোগ কমে যাচ্ছে, তাই আপনার কাছে ন্নিবেদন. 1টা নতুন কোনও কথা নয়, একাধিকবার বলেছি, এটা ইললজিক্যাল, ইর্যাশনাল, বেযার। আর কোথাও নেই। It is singular, not that West Bengal is isolated from the rest of the world, West Begnal is isolated from the rest of the country. There are more than 25 legislature in the country. আপনি অনেক আনোলজি দেখান, আপনি এ ব্যাপারে আনোলজি দেখিয়ে আমাদের যদি কনভিন্স করতে না পারেন তাহলে you will ask the Minister, you will request the Minister to read his statement. এ পর্যন্ত আমরা এগ্রি করতে পারি আদারওয়াইজ ্ব প্রাকটিস এখানে ছিল আফটার 1935 Government of India Act, যখন আসেম্বলি তৈরি হয়েছিল এবং যে প্রসিডিওর চলে আসছে, যেটার পরবর্তীকালে কোনও মডিফিকেশন হয়নি, আমরা কিন্তু We will not allow the written speeches of the Ministers distributed from the publication counter which form the part of the proceedings. এই বিষয়ে স্যার, আপনার কাছে আমি স্পেসিফিক রুলিং চাইছি।

[1-55 — 2-05 p.m.]

শ্রী কফচন্দ্র হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের মাননীয় নেতা ডাঃ জ্বনাল আবেদিন সাহেব আমাদের বিধানসভার যে প্রাাকটিশ অর্থাৎ কিনা বিভিন্ন দপ্তরের ন্থীনা, তাদের যে বাজেট প্পিচ সেটা যেভাবে থ্র পাবলিকেশন কাউন্টার বিলি কর। হচ্ছে <sup>্বং</sup> সেটা হাউসের মধ্যে প্লেস না করে বা না পড়ে ইত্যাদি যে ব্যাপারটা সে সম্বন্ধে মাপনার রুলিং চেয়েছেন। স্যার, এটা কয়েক বছর ধরে এই কনভেন্সানটা চলে আসছে। আমাদের ফিনান্স মিনিস্টার অসীম দাশগুপ্ত মহাশয়. তিনি তার বাজেট এবং সঙ্গে সঙ্গে সমস্ত <sup>নপুরের</sup> বাজেট যা উনি এখানে প্লেস করছেন সেটা সমস্ত হাউসেই প্লেস করা হচ্ছে। তারপর <sup>পেটা</sup> কাউন্টার থেকে ডিস্ট্রিবিউটেড হচ্ছে। সূতরাং আমাদের অর্থমন্ত্রী মহাশয় তার বাজেট <sup>এবং</sup> সমস্ত বাজেট উপস্থাপিত করার পর আমাদের বিধানসভার অভ্যন্তরে সেটা আইন মতো <sup>এবং</sup> সংবিধান মতো এবং আমাদের রুলস আন্ড প্রসিডিওর মতোন সমস্ত দপ্তর তাদের <sup>েজেট</sup> ম্পিচ উপস্থিত করছেন, তাদের বক্তব্য জানাচ্ছেন। তার বক্তব্যের মাধ্যমে। তারপর <sup>সেইওলো</sup> ডিস্টিবিউশন হয়। এখানে সুব্রতবাবু আছে, তিনি জানেন পাবলিক আাকাউন্টস <sup>ক্রিটির</sup> চেয়ারম্যান হিসাবে তিনি পড়ে দেন যে আমি পাবলিক অ্যাকাউন্টস কমিটির ৪৯তম <sup>রিপো</sup>র্ট বিধানসভায় পেশ করলাম। তারপর কাউন্টার থেকে সেইগুলো ডিস্ট্রিবিউটেড হয়। <sup>যখন</sup> এখানে অর্থমন্ত্রী সমস্ত দপ্তরের পক্ষ থেকে বাজেটের বিষয় উল্লেখ করছেন, উপস্থাপিত <sup>কর</sup>্ছেন, তখন এটা সংবিধান সম্মত, আমাদের রুলস অব প্রসিডিয়োর, আমাদের কনভেনশন

অনুযায়ী এটা সিদ্ধ হয়েছে, বৈধ হয়েছে। সূতরাং আমার বক্তব্য হচ্ছে যে বিরোধী পশ্নে নেতা যা বলছেন সেটা আমাদের বিধানসভা এবং লোকসভাতেও হয়, এটা সিদ্ধ। লোকসভ সেখানে যখন কোনও মন্ত্রী বাজেট প্লেস করলেন, পার্লামেন্টে পড়লেন, তখনই এটা প্লেস হ বলে ধরে নেওয়া হল, হাউসে বিধি বদ্ধ হল, তখন এটা সিদ্ধ হল। সেই অনুপাতে যথ এটা বলেছেন যে সমস্ত দপ্তরের পক্ষ থেকে উপস্থাপিত করলাম বিধানসভায়, তখন সম দপ্তরের বাজেট বক্তব্য অর্থমন্ত্রী পেশ করলেন বিধানসভায়, সেটা সিদ্ধ হল, বৈধ হল এ হচ্ছে আমার বক্তব্য। জয়নাল আবেদিন সাহেব এর বক্তব্য সঠিক নয়। আমাদের কনভেনশ অনুযায়ী, বিধি অনুযায়ী রুলস অনুযায়ী এটা সিদ্ধ হয়েছে, এটাই হচ্ছে প্রাাকটিস।

### RULING FROM CHAIR

Mr. Speaker: Dr. Abedin, this question has been raised by you before also in the past. Now, fortunately or unfortunately when your raise the question of certain rights of the members and when you related to the conventions followed in other parliaments, you should confin yourself to the advantages available to you and not the advantage available to the ruling party. There are many conventions followed be many Houses and each House is independent to adopt its own conventions and practice and procedures. This House follows the convention that 50% of the time for the discussion is to be given to the Opposition. The Lok Sabha does not follow this. You never raised the question. We now give you the proportionate time changing that rule

**Dr. Zainal Abedin :** Sir, while they were on this side—I was member of the Council of Ministers during the regime of Dr. B (Roy—they used to enjoy two-third of the time.

Mr. Speaker: We will go into that later on. We will go into the whether two-third of the time was given or not at a relevant point of time. However, today, the question is that in the Lok Sabha the Of position does not get 50% of the time. Now, here the question isthis House, the Opposition gets 50% of the time. So do we follow th Lok Sabha conventions or will we follow our own conventions let u decide that first. Now, coming to the practice on the Budget, thi practice was adopted during the former Speaker, Mr. Habibullah's time that the debate takes a lot of time. Lot of time is wasted there. The printed speeches are available. It should be circulated to the Member and a lot of time was involved for reading the speeches. So the speeche should be taken as 'read'. The time should be made available fo debate and that practice has been continuing since I was the Speaker It is my third term as Speaker. This question did not arise till Dr Abedin came back into the House again in this term. However, fortu nately or unfortunately, now the question arises—what is the procedure followed in the Lok Sabha as regards the Budget debate and its ex

ent? If we understand the whole thing as to how far we are right or vrong, then it will be all right for all of us. Now going by Kaul and hakdher, we find that procedure for moving the Demand for Jrants—the Demand for Grants are not generally moved in the House by the Minister concerned.

Please have some patience. Let us understand what the Lok Sabha loes and let us learn. Demands for Grants are not generally moved in he House by the Minister concerned. The demands are assumed to give been moved and are proposed from the Chair to save the time of the House. The Minister does not move it. It is deemed to have wen moved by the Chair. Understand, what happens there? Obviously ve do not have the same system. We are not following these procelures. The Chair is not moving here. The Minister is moving. The finance Minister moves the Demands and then the debates takes place and those matters go to Subject Committees. After the report of the subject Committee comes back it is again debated. Now, about this nocedure of taking the speeches as read in the House. When all the natters will go to Subject Committees, whether a speech is read in the louse or not will not be relevant, because you will be having the eport of the Subject Committees on these Departments. Because in he case of those departments where the Subject Committees have dready been formed we get the report of the subject Committees, md threadbare discussions are taking place in those committees. It is mly for those Department for which Subject Committees have not et been formed.

Now, what the Kaul & Shakdher further say? "The Demands are assumed to have moved and are proposed from the Chair to save the time of the House. But if the Minister concerned so desires, he can initiate discussion on the demands for Grants relating to his Ministry. Demands for Grants for two different Ministers under the charge of the same Minister are discussed separately. Normally, the motions in respect of the Demands for Grants relating to the General Budget are noved for sums excluding the sums already voted on account by the fouse in respect of those demands."

Now, here the general discussion of the budget of the House is dlowed for the sake of convenience of the Demands of different Unisters or the Department. The discussion is held together alongwith the motion for reduction. After the discussion is disposed of, the denands for grants are put to vote of the House. The Chair moves. The

Demands are discussed and it is put to the vote of the House. In case, what happened? The Finance Minister has moved, discussit took place. It is put to voting. What is the difficulty? What hinders move it? I can move it from the next session. There is no problem it. There is no difficulty from me in that. I can follow the Lok Sat Convention, what is the problem?

### (NOISE)

**Dr. Zainal Abedin:** Sir, in parliamentary procedure there four types of paper (House of Commons, I can say) – the Act Pap Common Paper, Return and Dummy. Sir, what the Minister says a forming part of the proceeding here. What is written outside this Hot cannot be allowed to be part of the proceedings. Secondly, about the Lok Sabha proceedings, Sir, the Minister's speeches framed outside distributed outside, do not form part of the proceedings. Sir, here the former Member of Lok Sabha as much as my learned friend Hon't Shri Krishna Chandra Haldar is present. Sir, if Lok Sabha pattern followed then the Minister's speech has no place at all.

Shri Gyan Singh Sohanpal: Sir, the Chair appears to be confus because I find the chair is trying to mix up one issue with the other. Sir, the question is very simple. The question before the House whether anything not said or spoken in this House can form a part the proceedings. The Budget Speech not laid on the table, not read the House can be formed as the part of the proceedings? That is the question before the House. It is not who is moving the Budget to Demands, whether it is from the Chair or by the Finance Minister to by the Minister concerned. It is not that question. The question is very simple. Anything not said in the House, anything not read in the House can be formed a part of the proceedings? That is what I mean that the speech, budget speech not laid on the table not read in the House can it be formed part of the proceedings? My humble opinion is an it be formed part of the proceedings? My humble opinion is cannot. It should not. That is the case. Sir.

Mr. Speaker: Mr. Gyan Singh Sohanpal, by convention the House as adopted the procedure that all the budget speeches are taken a read and laid on the table of the House, that is the convention the House is following. What is the problem? I cannot understand. What is the problem? There is no problem.

..... (Noise) .....

Dr. Zainal Abedin: I have brought to your notice while between Treasury Bench had been in the Opposition, they used to enjoy 200 of the majority.

Mr. Speaker: I am not debating on that. But I am not admiting that.

**Dr. Zainal Abedin:** The Chair is very clever. My friend has already mentioned it. Sir, to read the proceedings it will take an hour or little more. You are having fifty percent – not 2/3rd. You are giving the chances. Then the question of competence comes. It is our common complaint, and whom we represent it is the complaint of all. Mr. Jyoti Basu, the Hon'ble Chief Minister is not associated like Harekrishna Konar. Shri Somnath Lahiri and the likes. He has got a bundle of Minister-Hon'ble Ministers. I should say, who are not capable of conducting the debate or initiating the debade. It is the chair and it is the very shrewdness of the Chair that are helping them.

Mr. Speaker: You have shrewdness as the Leader of the Opposition. Dr. Zainal Abedin, what is the problem?

**Dr. Zainal Abedin:** Whatever they do they don't know, they don't understand, they don't see. If it is not transacted in the House, how could it become a part of the proceedings.

Mr. Speaker: There is no problem.

Dr. Zainal Abedin: There are certain limitations which are material to become part of the proceedings. You know it. The speeches of the Ministers are reaching outside by somebody else. If I ask them what is the content of the speech, most of the Minister would fail. I have nodoubt about it. You give me ruling to that point where we have objected. Sir, there three types of conventions. It must have a certain longivity. It should be longest. Sir, the convention should not be opposed. But here the Opposition is opposing.

Mr. Speaker: It was the privilage of all parties, sorry, Dr. Zainal Abedin, it has been made by all parties. Yes, I am sorry, that was an all party agreement and the practice started. I am sorry. I must remind you, Dr. Zainal Abedin, no one protested till the time you have come back again.

Dr. Zainal Abedin: After bringing this convention to an end I am prepared to undergo a premature retirement.

Mr. Speaker: Very well.

**Dr. Zainal Abedin:** I will go to that extent. But let Hon'ble Shri Krishna Chandra Halder say it. He has said that the rules permit it. My humble friend should cite the rule. I am with the rules. Please cite the rules while it was incorporated.

[31st March, 19

Mr. Speaker: No, no, Dr. Zainal Abedin, the practice has be there for a long time. Now that this budget speeches are laid on t table and taken as read.

[2-15 — 2-25 p.m.]

It forms part of the proceedings. It is printed in the proceedin and we have taken that as adopted. That is the procedure. There is problem. When you came here after a lapse of five years you thoug something is wrong somewhere and you wanted to make your contribution this. You have started raising your objections again. But that is different story. I will again sit with members of all the parties. Let discuss it in the proper perspective. We are now in a different pha of the Parliamentary system. We are having committee system whe these things will not be relevance to that extent. You must understant that. Now we go on to the debate.

শ্রী সুরত মুখার্জি ঃ স্যার, আমি একটা নোটিশ দিয়েছি, আমাদের মাননীয় সদসা হি বক্তৃতা করেছিলেন আনন্দবাজার পোড়ানকে কেন্দ্র করে মাননীয় শ্রী অনিল মুখার্জি সা আমি একটা প্রিভিলেজ নোটিশ দিয়েছি আন্তার ২২৬ Rules of procedure and colduct of Business. স্যার, আপনি রুলিং ঘরের মধ্যে দিয়ে দিয়েছেন বুঝতে পারছি। কর্ত্বিরে ঢোকবার সঙ্গে সঙ্গে আমাকে যেটা বলবেন পরে সেটা দিছেছে যে মাননীয় তেপ্ শিপকারের বিরুদ্ধে কোন প্রিভিলেজ হয় না।

মিঃ স্পিকার ঃ মিঃ মুখার্জি কত রুলে?

শ্রী সূব্রত মুখার্জিঃ ২২৬-এ।

মিঃ স্পিকার ঃ আপনি রুলসের বই পড়ছেন ? দেখিনি তো?

শ্রী সূবত মুখার্জিঃ আপনারা আমাকে অনেকদিন থেকেই দেখছেন। রুলের থে ওভার রুলে ডবল মোটা হয়ে গেছে। সেটাও পাবলিস করে দিন। আপনি দেখুন জল স্পৈচটা আপনার মোশনের সঙ্গে দিয়ে দিলাম। সেখানে উনি এক্সপেটেড বর্ক্তা করেছেন এর বর্ক্তা উনি যখন করেছেন তখন ডেপুটি স্পিকার হিসাবে নয়, তখন একজন সদস্য হিসাও ওনার একটা লেখা ডেপুটি স্পিকার হিসাবে উনি বর্ক্তা করতে পারেন, যে কোন বর্ক্তা অংশগ্রহণ করতে পারেন। মাননীয় রবিনবাবু অনেকদিন আছেন কি করে বলেন। আমি দুর্ফি বই রেফার করেছি।

মিঃ স্পিকার: কি কি বই রেফার করেছেন আমাকে বলুন, আমি শুনতে পার্টিন

শ্রী সূত্রত মুখার্জিঃ আমি একটা বই রেফার করেছি দি Parliamentary Priviler in India by Dr. R. Arora and Hardwarilal's Myth & Law of Parliametary Privileges. প্রথম বইটা আপনার এখানে আছে, দ্বিতীয়টা নেই আপনি লক্ষ্য বি

দেখনে এক্সটেম্পো বর্জুতা করতে গিয়ে মেম্বার হিসাবে বলে দিলেন, এই দৃটি বই দেখনেন। উনি প্রথম ওথ নেন এম.এল.এ. হিসাবে। কি আছে তাতে, তাতে আছে আমি সংবিধানকে, দেশের আইনকে রক্ষা করব। এটা ওথ You may protect him but the gravity of the situation. You must understand. কন্সটিটিউয়েন্সির উধের্ব নন, ইভন ডেপুটি ম্পিকারও নন। সংবিধানকে রক্ষা করার শপথ সবাইকে নিতে হবে। ডেপুটি ম্পিকারকে বাদ দিলে তাহলে থাঁরা প্রোটেম ম্পিকার হিসাবে মাঝে মাঝে বসেন তাঁদেরও তো বাদ দিতে হয়। সেখানে উনি ওঁর বক্তব্যে বলেছেন আমার পিতাকে যদি কেউ খতম করে—মাননীয় অনিলবাবু বলেছেন—আমি সেখানে আইন নিজের হাতে তুলে নেব।

সেখানে যত অপরাধই হোক, আমি করবো। স্যার, এক্ষেত্রে আইন কি বলে? আপনি ম্পিকার, আইনবিদ আপনি ; আপনি জানেন যে, আমার বাবাকে যদি কেউ সত্যি সত্যি খুনও করে তাহলেও নিজেকে বলতে হবে—আইন তুমি নিজের হাতে তুলে নিতে পার না। আজকে কোন আইনসভায় দাঁড়িয়ে যদি কেউ বলেন যে, আইন তিনি নিজের হাতে তুলে নেবেন তাহলে সেটা ক্রিমিন্যাল প্রসিডিওর অনুযায়ি অপরাধ। এখানে না বলে সেটা যদি উনি বাইরে গিয়ে বলেন এবং যেটা সংবাদপত্রে ছাপা হয় তাহলে ক্রিমিন্যাল ল' অনুযায়ি মামলা হবে। এখানে আইনসভায় দাঁড়িয়ে আইনসভারই একজন সদস্য বলছেন যে, আইন তিনি নিজের হাতে তুলে নেবেন। এখানে যেসব কথাবার্তা তিনি বলেছেন সেটা নজিরবিহীন। মাপনি ঢাকতে পারেন, কিন্তু চিরকাল আপনি থাকবেন না। আর একটি জায়গায় ালেছেন — এই তো সেদিন অজিতকুমার পাঁজা, টিভির প্রচারমন্ত্রী থাকাকালীন নেতাজিকে াত এবং নগ্ন অবস্থায় দেখিয়েছেন। স্যার, you can prove these things. ১৯৭৪ মনওয়ার্ড টিভি হয়েছে, কিন্তু একদিনও নেতাজিকে মন্ত বা নগ্ন অবস্থায় টিভিতে দেখান য়েছে দেখেছেন ? can you prove it ? এরকম স্টেটমেন্ট যদি কেউ করেন তাহলে তার ক্রিছেন প্রিভিলেজ হবে না ; প্রাইমাফেসি নেই? সংবাদপত্র একে পর্যন্ত তিনি কটাক্ষ করেছেন। াজেই রুলিং দেবার আগে সবটা ভাবতে হবে। একজন বিধানসভার সদস্য এবং ডেপুটি পকার, যিনি সংবিধানকে রক্ষা করবেন বলে ওথ্ নিয়েছেন, এরজন্য তাঁর কেন পানিশমেন্ট বে না? এক্ষেত্রে তিনি যদি প্রাইম মিনিস্টারও হন তাহলেও তিনি এক্সপেল হতে পারেন। াহলে রুলিং দিয়ে দিন যে, প্রটেম স্পিকার এখানে যা খুশি তাই করতে পারবেন ; আমরা ্ছু করতে পারবো না। স্যার এ-সম্পর্কে এই বই দুটোতে কি বলেছে? সংবিধান অনুযায়ি থ্ নেবার পর কেউ যদি অসত্য কথা বলে সভাকে বিভ্রান্ত করেন তারজন্য তার বিরুদ্ধে ভিলেজ আনা যায় বলে এতে বলেছে। এক্ষেত্রে প্রাইমাফেসি রয়েছে। আপনি এখানে লোচনার অনেক সুযোগ দিন। তাঁকে ফাঁসি দেবার কথা বলছি না, কিন্তু ডিগনিটি এ্যাণ্ড ভিটি অফ দি হাউস রক্ষা করবার জন্য ব্যবস্থা নিতে বলছি। ডেপুটি স্পিকার হিসাবে नेমুদ্দিন শামস্ যখন ছিলেন তখন আপনি নিজে সামান্য ম্যাজিস্ট্রেটের ঘরে গিয়ে তিনি কি র্নছিলেন বলে সুয়ো-মোটো বিষয়টা প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে দিয়েছিলেন। এটা এখানেই াছে। এবং ডেপুটি স্পিকারকে ঘরের বাইরে পাঠিয়ে দিয়ে আপনি হিয়ারিং করেছেন ডে <sup>ফ্টা</sup>র ডে। এটা আপনি করেছেন। ভাল নজির এটা। কিন্তু উনি আইনের উধের্ব নন, <sup>জই</sup> বিষয়টা একদিন প্রিভি**লেজ** কমিটিতে আলোচনার জন্য পাঠিয়ে দিন। আর বই

[31st March, 1994]

দেখিয়ে আপনি যদি আমাদের বুঝিয়ে দিতে পারেন যে প্রটেম স্পিকার এর উধ্বে তাহলে নিশ্চয়ই আমরা সেটা মেনে নেবো।

মিঃ স্পিকার ঃ এখন কথা হচ্ছে, আপনি একটি নোটিশ দিয়েছেন এবং যেটা আমার বিবেচনাধীন রয়েছে। এ-ব্যাপারে I have not taken any decision. I will give my ruling later on. But I will hear you once again.

শ্রী সূরত মুখার্জিঃ মিঃ স্পিকার স্যার, 'আবার মিলিত হবো সেই দু'বছর পরে' এইভাবে চালিয়ে যাবেন, এটা করবেন না।

Mr. Speaker: I will hear you before I pas my final order.

শ্রী সূবত মুখার্জিঃ মিঃ ম্পিকার স্যার, গতকাল থেকেই দেখছি, ডাঃ জয়নাল আবেদিন যখন পয়েন্ট অফ অর্ডার তুলে বলতে যাচেছ, আপনি টিপিকাল সব প্রশ্ন তুলছেন। আপনি তো এখানে একা নকল বুদির গড় রক্ষা করছেন। আপনি তো অনেকরকম গল্প বলেন, আপনাকেও একটি বল্প বলি শুনুন। মগরা খালের দু'পাশে দুটি গ্রাম, একটি গ্রামের নাম মগরা এবং অপরটি হলো।

[2-25 — 2-35 p.m.]

স্যার গল্পটা হচ্ছে, মগরা খালের দুই পাশে দুটো গ্রাম ছিল—মগরা আর ছলো। তারা সব সময়ে ঝগড়া করার সময় পেতনা, তাই রবিবার সকালে ঝগড়া করতো। একদিন রবিবার সকাল ৯টার সময়ে গ্রামের খালের দুই পাশে দুই দল দাঁড়িয়ে ঝগড়া শুরু করলো। মগরার লোকেরা ছলোদের নামের সঙ্গে মিলিয়ে বললো, তোদের দেহে 'মূলো'। তখন ছলোরা ওলেই সঙ্গে মিলিয়ে বলতে না পেরে বললো, তোদের দেহে 'খেজুর গাছ'। মগরার লোকেরা তখন ছিৎকার করে বললো, মিললোনা, মিললো না। তখন ছলোদের বললো, মিললো না তে, মিললো না, গা-তো ছিড়লো। সেইরকম কাল থেকে দেখছি যে মিলছে না, তবুও আপনি একটু মিলিয়ে দেবার চেষ্টা করছেন ঐ দেহ ছিড়ে যাওয়ার মতো করে।

মিঃ ম্পিকার ঃ সুব্রতবাবু, আনন্দবাজারের ব্যাপারে কয়েকদিন খুব চেঁচামেচি হছে। ডেপুটি ম্পিকারের নামে একটা প্রিভিলেজ নোটিশ দিয়েছেন। এখন প্রশ্ন হচ্ছে, মাঝে মারে আমার এই পাশের লোকেরা আমার ঘরে আসেন, আবার আপনাদের থেকেও আসেন আমাকে কে যেন বলেছিলো যে সুব্রতবাবু আনন্দবাজারের ঘরে গিয়ে নাকি ভাঙচুর করেছেন.

.... গোলমাল....

শ্রী সূরত মুখার্জিঃ স্যার, এটা ঠিক নয়, আবার মিললো না।

শ্রী সত্য রপ্তান বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ দিচছি। আজে যে ব্যাপারটা সুব্রতবাবু তুলেছেন, এটা সম্পর্কে আপনি রুলিং দেবেন, আপনি সর্বময় কর্তা আপনার কাছে আমার আবেদন......

মিঃ স্পিকার: এটা হবে না, ইট ইজ নট এ্যালাউড।

# DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT Demand No — 36

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধক্ষ মহাশয়, আজকে ৩৬ নম্বর ডিম্যাণ্ডের ব্যয়-রাদ্দ অনুমোদনের প্রস্তাবের বিরোধিতা করে এবং আমাদের তরফ থেকে আনিত কাট মাশানের সমর্থনে আমার বক্তব্য আমি নিবেদন করছি। আমরা দেখছি যে ডিম্যাণ্ড নম্বর ৩৬ ।বং যে দুটি হেড অব অ্যাকাউন্টে মোট এবারে ব্যয়-বরাদ্দের অনুমোদন চাওয়া হয়েছে ৫২ কাটি ৮৫ লক্ষ ৭৮ হাজার টাকা, এই টাকাটা আমার মনে হচ্ছে গত বছরের বাজেট রোদ্দের তুলনায় এবারে এই দপ্তরে কিছু টাকা বেশি পাওয়া গেছে। কারণ ১৯৯৩-৯৪ সালে ।ই দপ্তরের ব্যয়-বরাদ্দ ৩টি হেডে বরাদ্দ ধরা হয়েছিল ৩৪ কোটি ৮৬ লক্ষ ৭৮ হাজার ।কা। সেদিক থেকে বিচার করতে গেলে হাউসিংয়ে বাজেট এবারে বেশ কিছুটা বেশি অর্থ রাদ্দ হয়েছে। আমি গত বছরও বাজেট বক্তৃতার সময়ে কিছু বিষয়ে উত্থাপন করেছিলাম। মামি মন্ত্রীর কাছে তার কিছু জবাব পাইনি। আমি এবারে প্রথমে মন্ত্রী মহাশয়কে বলতে চাই য, আপনি মন্ত্রীসভায় শপথ নেবার পরে আপনি বলেছেন যে ৫ বছরে এই রাজ্যে সরকারি ইদ্যোগে ৫০ হাজার ফ্রাট আপনি নির্মাণ করতে চান।

সরকারি উদ্যোগে ৫০ হাজার ফ্রাট ৫ বছরে নির্মাণ করার প্রশ্নটা বাস্তবে কতখানি । মুবপর সেটা আপনার বিচার্য। কিন্তু হাউসিং-এর সমস্যাটা আজকে সারা রাজ্যে গভীরভাবে ানুষের কাছে একটা বারনিং ইস, বারনিং প্রবলেম হয়ে যাচ্ছে। এটা সর্বজনবিদিত যে ামান্য একটা মাথা গোঁজার জায়গা কলকাতা শহর এবং আশে-পাশে এলাকা গুধু নয় সারা াজো হবে না। এই সমস্যা ক্রমাগত গভীর থেকে গভীরতর পর্যায়ে পৌছাচ্ছে। বিগত ১৭ াছরের মধ্যে হাউসিং ডিপার্টমেন্টে এই মন্ত্রীসভার মধ্যে ছিল, গত দু'বছর হলো এই ডিপার্টমেন্ট াকটু নডে-চডে বসেছে। গত ১৫ বছরের মধ্যে এই হাউসিং ডিপার্টমেন্ট রাজ্যের গহ সমস্যার ামাধানের ক্ষেত্রে কোন পজেটিভ আউটলক, কোন ইমাজিনেশন নিয়ে বিন্দুমাত্র কাজ করতে শারেনি। গত ১৫ বছর থেকে হাউসিং ডিপার্টমেন্টের মতো একটা গুরুত্বপূর্ণ দপ্তরে যা বরাদ্দ াতে সেই তলনায় গত ২ বছর ধরে বরাদ্দ কিছটা সামনে দিকে এসেছে। গত ১৫ বছর ারে এই দপ্তরের কোন গুরুত্ব তাদের কাছে ছিল না, গত ২ বছর একট নডে-চড়ে বসেছে। ্বদ্বল হাউসিং বোর্ড, এই ওয়েস্ট বেঙ্গল হাউসিং বোর্ডকে কোন অবস্থাতেই সরকারি উদ্যোগে শটিভেটেড করা যাবে না। হাউসিং বোর্ড যদি নিজেরা নিজেদের কথায় মোটিভেটেড না হয়. <sup>দি</sup> কর্মযোগ্য নিজেরা নিজেদের সামিল করে পজেটিভ উদ্যোগ না নেয় তাহলে হাউসিং বোর্ড ্য মহান কাজের দায়িত্ব নিয়েছে সেই কাজকর্ম সষ্ঠভাবে পালন করবে কি করে? আমার <sup>মভিযোগ</sup> এই যে ওয়েস্ট বেঙ্গল হাউসিং বোর্ডকে মোটিভেট করতে পারা যাবে না। ওরা <sup>গত</sup> ১৫ বছর ধরে এমন অবস্থার মধ্যে দিয়ে কাটিয়েছে যে ওঁরা কোন ওয়ার্ক লোড নিতে <sup>পারবে</sup> না, কোন কাজের চাপ নিতে পারবে না। আপনারা ওয়েস্ট বেঙ্গল বোর্ডের অফিস <sup>মানার</sup> বিধানসভা কেন্দ্র এস.এন ব্যানার্জি রোডের উপর আছে। ওদের কাজ-কর্মের যে স্লথ <sup>গতি,</sup> ওদের যে ইমাজিনেশানের আবার তা দিয়ে এবং ওয়ার্কিং লোড নেবার ক্ষেত্রে যে <sup>মনিহা</sup> তা দিয়ে এই সমস্যার মোকাবিলা করতে পারবে না। কেন বলছি ওদের কাজের <sup>দ্রনী</sup>হা? আমি **আপনার কাছে পরে বলবো আমি যে অভিযোগ করলাম** তার জাস্টিফিকেশান

[31st March, 1994]

কিং আপনি বললেন ৫০ হাজার ফ্লাট করবেন। গত বারের বাজেট বক্তৃতায় আপনি স্বীকার করেন নি, আপনার বক্তৃতার পরে যখন এই প্রশ্ন আমি তুলেছিলাম তখন আপনি স্বীকার করেছিলেন যে পিয়ারলেস এবং অস্কুজার সঙ্গে যৌথ উদ্যোগে প্রকল্প করবেন। এবারের বাজেট বক্তৃতায় আপনি বলেছেন পিয়ারলেস এবং মেসার্স বেঙ্গল অস্কুজা হাউসিং ডেভলপমেন্ট লিমিটেডকে নিয়ে আপনি এপ্রিমেন্ট করেছেন। আমাদের প্রশ্ন হচ্ছে এই যে জয়েন্ট সেক্টরে হাউসিং প্রকল্প পিয়ারলেস এবং অস্কুজার সঙ্গে করতে চলেছেন কি শর্তে তারা এটা করেছে সেই শর্ত আপনাকে হাউসের মধ্যে প্লেস করতে হবে। আমার কাছে সংবাদ আছে হাউসিং বোর্ডের সঙ্গে পিয়ারলেস এবং অস্কুজার সঙ্গে যোগাযোগের ব্যাপারে যে ফাইল আছে সেটা আপনি হাউসিং বোর্ডের দপ্তর রাখেননি, নিজের হেপাজাতে রেখেছেন। আপনি ৫০ হাজার ফ্লাট নির্মাণ করবেন পিয়ারলেস এবং অস্কুজাকে নিয়ে। এই অস্কুজার সিমেন্টের ব্যবস্থা আছে, একটা পাইপ কোম্পানি, পাইপ প্রস্তুতকারক।

## [2-35 - 2-45 p.m.]

তাদের হাউসিং প্রোমোট করার অতীত কোন অভিজ্ঞতা নেই। অতীতের কোন অভিজ্ঞতা বলেনা যে অম্বজা, গুজরাট এখানে এসে কিছু করে ফেলবে। সূতরাং যারা ডিভোটেড, যারা হাউসিংকে বাস্তবে রূপায়িত করতে পারে. কেবলমাত্র তরুণ দত্তকে চেয়ারম্যান করে থে কমিটি করেছেন, সেই কমিটির রিপোর্টের ভিত্তিতে নয়, আপনি আরও খোলা মনে, ব্রড বেসডভাবে আরও এ্যাডভার্টিইজ করে আরও বড়ভাবে মানুষের সমস্যাটাকে তুলে ধরে নিডে নিজে উদ্যোগ নিন। তরুণ দন্তকে চেয়ারম্যান করে যে কমিটি আপনি করেছেন, সেই কমিটি দশটি ফার্মকে রেকমেণ্ড করেছিল। আপনি তাদের মধ্য থেকে পিয়ারলেস এবং অন্বজাকে দিয়েছেন। পিয়ারলেস নিজেই এই পশ্চিমবাংলার বেশ কিছু জায়গায় করেছে—পানিহাটিতে করেছে, শোধপুরে করেছে। তারা বাজার দর'এর উপরে ভিত্তি করে যে হাউসগুলো তৈরি করেছে, সেগুলো বাজার দরে তারা বিক্রি করছে। আপনি পূর্ব নির্বারিত দর ঠিক করে দিচ্ছেন। আপনার সেই পূর্ব নির্ধারিত দরে পিয়ারলেসের কোন ইন্টারেস্ট থাকবার কথা নয সতরাং পিয়ারলেস আবাসন লিমিটিডে এবং বেঙ্গল অম্বজা লিমিটেডকে দিচেছন তা কি কি শর্তে, কত স্কোয়ার ফুট আকারে ফ্রাটগুলো তৈরি করবে এবং তাদের টার্মস এ্যাণ্ড কভিশনস কি তা আমাদের কাছে আপনি বলন। আপনি নিজে যে আবাসন প্রকল্পে থাকবেন--গীতাঞ্জলি আবাসন—আপনার বাডির উল্টোদিকে ভি.আই.পি. রোডের পাশ দিয়ে দমদমের মল রোড পর্যন্ত দুশো বিঘা বেনামি জমি সরকারের পক্ষ থেকে দখল নিয়েছেন। এই দুশো বিঘা বেনামি জমির মালিক কারা ছিল, এই জমি বেনামে কারা এতদিন ভোগ করছিল তা আমাদের কাছে বলুন। এই বেনামি দখল করা জমি আপনার দলের নেতৃস্থানীয় লোকে আশ্বীয়স্বজনের নামে ছিল। এই দুশো বিঘা জমি আপনি উদ্ধার করলেন, কিন্তু বড কতার কাছ থেকে চাপ এলো। দশো বিঘা জমি অম্বজাদের হাতে যাচেছ তখন বড় কঠাদের চাপে সেটা বাদ দিয়ে অম্বুজাকে সম্ভুষ্ট করতে ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাসের কাছে পঞ্চাশ বিঘ জমি দিতে হলো। অর্থাৎ আপনি বাস্তব্যুদের যেখানে আঘাত করতে চেয়েছিলেন সেটা হলে না। জমি দখল নেওয়া খুব সহজ কাজ নয়। হাইকোর্টে মামলা হয়, একটা সমস্যার সমাধান করতে গিয়ে নানা সমস্যায় **জডিয়ে পডতে হয়। অম্বন্ধাদে**র সঙ্গে এই যে চুক্তি আপনা<sup>ক</sup>ে

করতে হলো, এটা করতে হলো বড় কর্তাদের চাপে। এখন শুনছি যে ফতেপুরিয়ারা আসতে চাইছে। ফতেপুরিয়াদের সম্পর্কে বিভিন্ন অভিযোগ, নিউ মার্কেট কেলেংকারির কথা এই হাউসে আমি আগে করেছি। ফতেপুরিয়াদের হাতে এই সরকার বাঁধা পড়ে আছে। এখন তারা নিজেরাই জায়গা শুঁজতে বেরিয়েছে। তাদের পছন্দমত জায়গার দখল নিয়ে কাগজপত্র তৈরি করার জন্য এখন তারা ময়দানে নেমেছে। ফতেপুরিয়া এখন টার্মস ডিক্টেট করার জন্য তৈরি হচ্ছে। আপনার প্রতি তাদের আনুগত্য থাকার দরকার নেই। তাদের যোগাযোগ হচ্ছে সব বড় কর্তাদের কাছে। এদের সম্পর্কে আপনি কতটা জানতে পারবেন, সে সম্বন্ধে আমাদের সন্দেহ আছে। আপনি যেসব পরিকল্পনা করছেন পঞ্চাশ হাজার ফ্লাট তৈরি করার জন্য তা পিয়ারলেসের দ্বারা হবে না। আপনাকে ন্যাশনাল হাউজিং ব্যাংকের সহযোগিতা নিতে হবে। সম্প্রতি ন্যাশনাল হাউজিং ব্যাংকের কাছ যেমন, মহারাষ্ট্র, অক্সপ্রদেশ, তামিলনাড়, কেরালা, কর্ণটিক এবং পুর্বাঞ্চলের দুটি রাজ্য, ওড়িয়া এবং আসাম সাহায্য নিচ্ছে। তাদের কেউ ৫০ কোটি টাকা, কেউ ১০০ কোটি টাকা সহায়তা নিচ্ছে।

পিপলস্ অফ স্মল মিনসের যারা আছেন তাদের যে গৃহ নির্মাণের প্রকল্প সেই প্রকল্প কাজে লাগবে। কিন্তু আপনারা ওয়েস্ট বেঙ্গল হাউসিং বোর্ড সম্পর্কে অভিযোগ হয়েছে। ন্যাশনাল হাউসিং বোর্ড বলেছে যে, কোন প্রোপজাল এখানে তৈরি করে আমাদের দিতে পারেনি। কিছদিন আগে শিলা কল এখানে এসেছিলেন এবং তার সঙ্গে ডিনারে আমন্ত্রিত ছিলাম। ওখানে যে বৈঠক হল সেই সভাতে নানারকম পরিকল্পনা নিয়ে আলোচনা হল কিন্তু একটিও ফলো আপ মেসার্স হিসাবে একটা বড প্রস্তুতি নিয়ে কেন্দ্রীয় সরকারের সাথে রাজ্য সরকারের পক্ষ থেকে যৌথভাবে বোঝাপডার ভিত্তিতে গড়ে ওঠার প্রস্তাব কিছ দেখলাম না। যার দ্বারা পলিসি ইমপ্লিমেন্ট হতে পারে সেরকম কোন কিছু দেখলাম না। সেখানে বিভিন্ন রাজাণ্ডলো ভারত সরকারের সহযোগিতা এবং সাহায্য গ্রহণ করছে, আপনার রাজ্য এবং আপনার দপ্তর সেটা গ্রহণ করতে পারেনি। তার কারণ হচ্ছে যে, আপনাদের কোন ইমাজিনেশান আপনারা জমা দিতে পারেন নি। কোন প্লান পরিকল্পনা নেই। যার ফলে আজকে ওয়েস্ট বেঙ্গল হাউসিং বোর্ডের কাছে মানুষের যে প্রত্যাশা ছিল সেই প্রত্যাশা আপনারা পুরণ করতে পারেন নি। এই বাজেট বক্ততার মধ্যে সন্টলেকে কি করবেন না করবেন সেই সম্পর্কে বলা रहाएए। मन्टेलिक প্রজেক্ট গঠনের মূল উদ্দেশ্য হল আধুনিক সুযোগ-সুবিধা দান করে বিধাননগর -এর জন্য উন্নতি সাধন করা এবং বিধাননগর উন্নয়নের অবশিষ্ট কার্যসমহ যথা রাস্তাঘাট নির্মাণ, বৈদ্যতিকরণ, বাজার নির্মাণ, ভূনিনস্থ জলাধার নির্মাণ, অফিস গৃহ নির্মাণ এবং সুইমিং পূলের পরিবর্দ্ধন ইত্যাদি সমাপ্ত করার প্রয়াস চালানো হচ্ছে। বিধাননগরের উন্নয়ন এবং পরিচালন এবং বাগজোলা জলনিকাশি ব্যবস্থায় পুনর্বিন্যাস ও রক্ষণা-বেক্ষণের জন্য ১৯৯৪-৯৫ সালে ১২,৫২,৯৫,০০০ টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। সূতরাং আমার কথা হচ্ছে भ<sup>म</sup>ेलिक्त मान्यत উन्नि करून किन्नु भाष भाष भृत প्रजास्त भान्यत सन्। य আপনি মন্ত্রী হয়ে বলেছিলেন যে সাড়ে ১৪ হাজার টাকা দেবেন বাড়ি করার জন্য তার কি <sup>হল</sup>? তাদের তো স্বপ্ন সফল করার কিছু করলেন না। আপনারা দুই বছরের অর্থাৎ ১৯৯৩ শালের-৯৪ সালের বাজেটে যে কথা বলেছেন আর ১৯৯৪-৯৫ সালে বাজেটে প্রায় একই ক্থা বলেছেন, কেবল টাকার পরিমাণ সামান্য একট বাড়িয়েছেন। ১৯৯৩-৯৪ সালে বাজেটে

প্রায় একই কথা বলেছেন কেবল টাকার পরিমাণ সামান্য একটু বাড়িয়েছেন। ১৯৯৩-৯৪ সালের বাজেটে ১৬নং অনচ্ছেদে বলা আছে যে সন্টলেক প্রজেক্ট গঠনের মল উদ্দেশ্য হল আধনিক সযোগ-সবিধা দান করে বিধাননগরের উন্নতিসাধন করা এবং বিধাননগর উন্নয়নের অবশিষ্ট কার্যসমূহ যথা--রাস্তাঘাট নির্মাণ, বৈদ্যতিকরণ, বাজার নির্মাণ, ভূমিনিম্নস্থ জলাধার নির্মাণ, অফিস গৃহ নির্মাণ এবং সুইমিং পূলের বাগজোলা জল নিকাশি ব্যবস্থার পুনর্বিন্যাস ও রক্ষণাবেক্ষনের জন্য ১৯৯৩-৯৪ সালে ১১.০৪.০০ টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। আপনার মখামন্ত্রী যেখানে থাকে সেই সন্টলেকের উন্নতিসাধন করতেই হবে কারণ এখানে মুখ্যমন্ত্রী মাঝে মধ্যে মেলা উদ্বোধন করতে যান। এখানে জমি হস্তান্তর করে এক শ্রেণীর বড ব্যবসায়িদের হাতে এটা কক্ষিণত করে রাখা হয়েছে। ডাঃ বিধানচন্দ্র রায় এই সন্টলেকের যে স্বপন দেখেছিলেন সেটা আপনারা বাস্তবায়িত করতে পারেননি। এই দই বছরে পর পর একই বাজেট ভাষণ রেখেছেন এবং সম্টলেকের উন্নতির জন্যই ব্যস্ত হয়ে পড়েছেন। ১৯৯৩-৯৪ সালে বলেছিলেন যে, বিগত বছরে আমি বলেছিলাম যে, পলতা যন্ত্রচালিত ইটভাটির আধুনিকীকরণের জন্য তৃতীয় যন্ত্রটি সংস্থাপন করা হবে। কিন্তু এখন মাননীয় সদস্যবন্দকে জানাতে চাই যে, অপ্রতুল অর্থের জন্য প্রস্তাবিত কাজ বাস্তবায়িত করা যায় নি এবং ঐ কাজের প্রথমাংশ আগামি বছরে সম্পাদন করা হবে, এরজনা ৭০,০০ লক্ষ টাকা বায়ের প্রস্তাব আছে।

আবার এই বছরের বাজেট ভাষণে ১৯৯৪-৯৫ সালে বলেছেন যে, ইট উৎপাদন অধিকার পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় যন্ত্রচালিত হস্তকৃত উপায়ে ইট উৎপাদন করে থাকে। বিগত বছরে আমার প্রদত্ত বাজেট ভাষণে পলতা যন্ত্রচালিত ইটভাটির আধুনিকীকরণের জন তৃতীয় যন্ত্র সংস্থাপনের ব্যাপারটি আমি এই সভায় উল্লেখ করেছিলাম, কিন্তু যে চেক ব্যবসঃ প্রতিষ্ঠানটির সাথে যন্ত্রাংশ সরবরাহের ব্যাপারে কথাবার্তা চালান হচ্ছিল, যন্ত্রাংশ সরবরাহের ব্যাপারে ঐ প্রতিষ্ঠানটির কিছু অসুবিধা থাকায় কাজটি বাস্তবায়িত হয়নি। যাইহােক করেকটি ব্যবস্থা প্রতিষ্ঠানের সাথে কথা বলে এ ব্যাপারে নতুন করে চেষ্টা চালানো হচ্ছে।

## [2-45 — 2-55 p.m.]

সেখান থেকে চেকরা পালিয়ে গেল। আপনাদের এই রাল্য সরকারের সঙ্গে বিভিন্ন বিষয়ে নানারকম চুক্তি করে তারা পালিয়ে যাচ্ছে কেন? হলদিয়ার ক্ষেত্রেও আমরা দেখেছি সেখানে টাটারা চুক্তি করল, তারপরে পালিয়ে গেল। এখন আবার রতন টাটার সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে, তারা বলছেন আমরা দেখছি। আবার হলদিয়াতে দেখছি মাল্টি ন্যাশনালরা আসছেন। একটা প্রতিষ্ঠান এখান থেকে হঠাৎ পালাল কেন, তাকে এখানে কোনরকমভাবে আটকে রাখা গেল না কেন? আমি এর পরে আপনার কাছে আপনার দপ্তরের পারফরমেন্স সম্বন্ধে বলব। আমি কোন বুর্জোয়া সংবাদপত্রের কথা বলছি না, এটা সরকার বিরো<sup>র্ধা</sup> আনন্দবাজার পত্রিকা নয়, আমি আজকাল সংবাদপত্রের কথা বলছি, যার প্রতি আপনাদের বিশ্বাস আছে। সে পত্রিকায় মাননীয় মন্ত্রী মহাশয় সমীপেষু বলে একটা আর্টিকেল বেরিয়েছে। তাতে লিখেছে— মাত্র বছর চারেক আগে ই. এম. বাইপাশের পাশে গড়ে উঠেছিল প্র্যান্থী হাউসিং কমপ্লেক্স। বেশ খোলামেলা গাছবন্দি, অক্সিজেন সমৃদ্ধ কমপ্লেক্স, ঘাস আছে, পাশিৎ

আছে। কিন্তু প্রায় প্রতিটি বাডির ছাদে ফাটল। বর্ষায় বষ্টির অবাঞ্জিত অনপ্রবেশ। দেওয়াল প্লাস্টার পুড়ে-যাওয়া মানুষের মত। ঘরের ভেতর দেওয়াল জড়ে ফোস্কা। মেঝের মোজাইক পায়ের চেটোর চামড়া খসখসে। আজ এ বাডির সানসেট ধসে পড়ে তো কাল ও বাডির পাইপ ভেঙে পড়ে। ২২৪টি ফ্রাটবাডির আবাসিকের মাথায়।' আরেকটা হাউসিং কমপ্লেক্স আছে ডানকুনি কমপ্লেক্স সে সম্বন্ধে লিখেছে—'ডানকুনি হাউসিং কমপ্লেক্স ফি বছর বৃষ্টির জলে বানভাসি। পাঁচিলের ঘেরাটোপ নেই। প্রতিশ্রুতির মার্কেট কমপ্লেক্স নেই। দেওয়ালে পাইপ নেই। ছাদ ফেটে জল, রোদ্দর ঘরের মেঝেয়। ২১ একর জড়ে ১.১০০ ফ্রাটের পরিকল্পনা হীনতার চডান্ত ছবি। নগদ নারায়ণে কেনা ফ্রাটের এই দর্গতির দায় কার মন্ত্রীমশায়? দেখতে গিয়েছিলাম সরকারি কর্মিদের জন্য বছ পরোনো ভাঙাবাডির হাল হকিকং। অত চমংকার কমপ্লেক্স ক'বছরেই সার সার পোডোবাডির চেহারায় মাথা তলে দাঁডিয়ে।' কোন উপায় আপনার নেই। ১৯৯৩-৯৪ সালে ১৬৪টি ফ্রাটের রক্ষ্ণা-বেক্ষণের জন্য আপনার বরাদ্ধ ছিল মাত্র ১ ৭ক্ষ ২৮ হাজার টাকা। তাহলে এটা বর্জোয়া সংবাদপত্রের সমালোচনা নয়। এই সমালোচনাকে একেবারে নস্যাৎ করে দেবেন তার কোন সুযোগ নেই। অর্থাৎ রক্ষণাবেক্ষনের প্রশ্নে আপনার দপ্তর এবং এই সরকারের অর্থের অভাব দেখা দিয়েছে। বহু ফ্রাট আজকে বাসের অযোগ্য হয়ে পড়েছে। এই বিষয়ে আপনাকে দায়িত নিতে হবে এবং মেইনটেন্সের প্রশ্নে সামগ্রিকভাবে আপনাকে উদ্যোগ নিয়ে কাজ করতে হবে। আমি এর পরে আসব হাডকো থেকে লোন নেওয়ার প্রশ্নে। আপনি গৃহ নির্মাণে লোন দেওয়ার পরিকল্পনা করেছেন। আমি এ ব্যাপারে কোন আপত্তি করছি না। আপনি এই পরিকল্পনা পঞ্চায়েতের মাধ্যমে রূপায়িত করছেন। এবারে পঞ্চায়েত কাদেরকে টাকা দেবে? পঞ্চায়েত স্বাভাবিকভাবে দলের লোকদেরই টাকা দেবে এবং তাদের মধ্যে একটা দলবাজি করার প্রবণতা আসবে। পঞ্চায়েতের মাধ্যমে যে কাজটা আপনারা করছেন হাডকোর কাছ থেকে টাকা নিয়ে সেই কাজ করার মত ইনফ্রাস্ট্রাকচার পঞ্চায়েতের নেই। তাই আপনাদের সরকারের বিরুদ্ধে আমাদের যে মল অভিযোগ যে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে কোন ওয়ার্ক কালচার নেই এবং এই ব্যাপারে এই সরকার চডান্তভাবে বার্থ। এখানে ওয়ার্ক কালচার না থাকার ফলে এই সরকার গড়্ডালিকার স্রোতে হিপোক্রিসিব মত ভেসে যাচ্ছে।

আজকে হাডকো থেকে লোন নিচ্ছেন এবং সেই লোন নিয়ে গৃহ নির্মাণের প্রকল্প করেনে। কিন্তু এই ওয়েস্ট বেঙ্গল হাউসিং বোর্ড ঠিক সেইভাবে কাজকর্ম না করলেও যেটুক করে তাতে এটা এখনও লুজিং কনসার্ন নয় এ্যাট লিস্ট। কিন্তু যদি আপনি হাডকো থেকে টাকা নিয়ে তার প্রপার মেনটেনেন্স না করেন, সেখানে একটা যদি ভিজিলেন্স না থাকে, যদি ইনফ্রাস্ট্রাকচার না থাকে তাহলে দেখবেন এই টাকা কিন্তু আর পরিশোধ হবে না এবং যে সমস্যাটা দেখা দেবে সেটা হচ্ছে এই ওয়েস্ট বেঙ্গল হাউজিং বোর্ড আবার একটা রুগ্ন সংস্থায় পরিণত হবে। একেই তো আমরা আগেই অভিযোগ করেছি যে হাউসিং বোর্ড বাস্ত্র্যুদ্বর বাসা, এরা ওয়ার্র লোড নিতে চাইছে না। এরা কোন প্র্যানিং বা পরিকল্পনা তৈরি করে ন্যাশানাল হাউসিং ব্যাংকের কাছে জমা দিতে পারছে না, তারপর যদি এটা আবার একটা লুজিং কনসার্নে পরিণত হয় লাভজনক সংস্থা থেকে তাহলে সেটা আপনার দপ্তরের পক্ষে ফতির কারণ হবে। এর পর আমি স্ট্যাম্প ডিউটির কথায় আসছি। আপনি জানেন না যে

এই স্ট্যাম্প ডিউটি বৃদ্ধি পেয়েছে। এর ফলে যে পরিস্থিতির উদ্ভব হয়েছে তাতে আপনি যে বাড়িঘর তৈরি করবেন তার সম্বন্ধে বাজার দর কি হতে পারে তার কোন অ্যাসেসমেন্ট হয়েছে কি? এই স্ট্যাম্প ডিউটি নিয়ে সারা রাজ্যে এর পক্ষে এবং বিপক্ষে নানান রকমের মত আসছে। এই স্ট্যাম্প ডিউটি, তার প্রাইসিং, তার রেজিস্ট্রেশন এগুলি নিয়েও হাউসিং কে নিশ্চয় এ্যাফেকটেড হতে হবে। এই গৃহ নির্মাণ প্রকল্পে আপনি এখন যে ফ্লাট বিক্রি করছেন সেটা খব কম টাকাতে নয়।

ইস্টার্ন মেটোপলিটন বাইপাশে সরকারের উদ্যোগে তৈরি ফ্রাট ৬শো টাকার উপর স্কোয়ার ফিট বিক্রি করছে হাউসিং বোর্ড। এটা ঐ ফতেপরিয়া, বাজোরিয়া, কাজোরিয়াদের থেকে খুব কম টাকা তা তো নয়। ৬/৭শো টাকা স্কোয়ার ফুট ফ্র্যাট, এক ফুট বাই এক ফট জায়গা, এটা রাজ্য সরকারের পক্ষে বেশ ভালই দাম নিচ্ছেন। এটা সাধারণ মান্যের ক্রয় ক্ষমতার বাইরে সেটা আমরা জানি। কিন্তু নিচ স্তরে যখন এই উদ্যোগ নামবে, নিচের স্তরে যখন এই প্রচেষ্টা শুরু হবে তখন কত স্কোয়ার ফুটের ফ্র্যাট কত মূল্যের মধ্যে মান্যের কাছে পৌছে দিতে পারবেন তার একটা সম্পষ্ট চেহারা এবং হিসাব আপনাকে আমাদের সামনে দিতে হবে। এ সম্বন্ধে কোনও আ্যাসেসমেন্ট আজও সরকার না করলে আপনি সেটা করন তাতে একটা আইডিয়া পাওয়া যাবে যে কিভাবে এই ফ্রাটগুলি সাধারণ মানষের কাছে পৌছে দেওয়া হবে। আপনি আগেও বলেছেন যে ৫০ হাজার ফ্রাট বানানোর প্রতিশ্রুতি থেকে আপনি সরবেন না। আমি বলছি, এটা অত্যন্ত চ্যালেঞ্জিং ট্যাস্ক। গহনির্মাণের ক্ষেত্রে আমরা সর্বসম্মতিক্রমে আপনাদের যে প্রোমোটার নিয়ন্ত্রণ বিল সেই বিলকে আমরা সমর্থন করেছি। আমি নিজে সিলেক্ট কমিটিতে ছিলাম এবং আমরা তাকে সমর্থন করেছি। কিড প্রোমোটারদের নিয়ন্ত্রণে রাখতে এই বিল অনুমোদিত হবার পর এর সফল কিছ পাওয়া যাচ্ছে কিনা সেসব কথা বাজেট বক্তৃতার মাধ্যমে মানুষের কাছে আপনাকে হাইলাইট করতে হবে। সেখানে বলতে হবে দীর্ঘদিন আলোচনা করে প্রোমোটারদের নিয়ন্ত্রণ করতে যে বিল আনা হল তাতে তার নিয়ন্ত্রিত হল কিনা? কারণ, মূলত এই সরকারের বিরুদ্ধে আমাদের যেটা অভিযোগ সেটা হচ্ছে অসাধু প্রোমোটারদের কাছে এই সরকার বিক্রি হয়ে গিয়েছে। Sold out to promoters. কলকাতা শহর বিক্রি হয়ে গিয়েছে। বড় বড় বাজার, হাট বিক্রি হয়ে গিয়েছে। বাজারে বাজারে আগুন লাগছে আর সেই বাজারগুলি প্রাইভেট প্রোমোটারদের হাতে তলে দেওয়া হচ্ছে। অর্থাৎ আপনার সরকার কতটা আপনার উদ্যোগ, উৎসাহ থাকলেও প্রোমোটারদের সঙ্গে লডাই-এ নামতে, তাদের নিয়ন্ত্রণ করতে আইন, বিল যতই পাশ হোক না কেন আপনার দলের যারা প্রথম এবং প্রধান সারির মাথাভারি নেতা তাদেরকে টিকিয়ে রাখতে, এই অসাধ প্রোমোটারদের সঙ্গে মোকাবিলা করে তাদের নিয়ন্ত্রণ রাখতে যতই চেষ্টা করুন না কেন তারা এই কাজ হতে দেবেন না।

## [2-55 — 3-05 p.m.]

সুতরাং আপনারা এই অসাধু প্রোমোটারদের স্বর্গ রাজ্য করে দিয়েছেন এই রাজ্যটাকে এবং আজকে তাদের বিচরণ ক্ষেত্র মনে করছে তারা, অত্যস্ত ইজি ভাবে তারা তাদের কাজ চালিয়ে যাচ্ছে। সেই রকম একটা জায়গায় দাঁড়িয়ে আপনি যে পরিকল্পনাই করুন না কেন. এটা লেট হয়ে গোছে। একটা সরকার ১৫ বছর ধরে চুড়াস্ত গাফিলতির মধ্যে থাকবার পর

আপনি আজকে যখন উদ্যোগ শুরু করেছেন, ইট ইজ লেট এবং টুউউ লেট। এখন আপনাদের মতা ঘন্টা বেজে গেছে, যাবার সময় হয়ে এসেছে, এখন উদ্যোগ থাকলেও হবে না। আপনার দ্ধারের একটা কেলেঙ্কারির কথা বলি। ১৯৭৭ সালে যখন কংগ্রেস গভর্নমেন্ট চলে যায় তথন আমাদের দুজন কংগ্রেস সদস্য ডাঃ জয়নাল আবেদিন এবং শ্রী জ্ঞান সিং সোহন পাল. এবা দন্ধন গভর্নমেন্ট হাউন্জিং ফ্ল্যাটে ছিলেন, এদের সেই ফ্ল্যাট থেকে বল পূর্বক লোক দিয়ে উচ্ছেদ করা হয়েছিল পুলিশ দিয়ে উচ্ছেদ করা হয়েছিল। আপনারা যখন ক্ষমতায় এলেন তখন এই ঘটনা ঘটিয়েছিলেন। তখন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু একটা নোট দিয়েছিলেন দে শুড় ন্ট বি ডিস্টার্বড আনলেস অলটারনেটিভ অ্যারেঞ্জমেন্টস আর মেড। এখানে কি বলা হল. ঐ ফ্রাটে সরকারি কর্মচারিদের রাখতে হবে, আপনাদের বেরিয়ে যেতে হবে। জ্ঞান সিং সোহন পাল এবং ডাঃ জয়নাল আবেদিনকে উচ্ছেদ করা হল। জ্ঞান সিং সোহন পাল মহাশয় কি করবেন ভদ্র মানুষ, তার ভাইঝি তখন ফ্ল্যাটে ছিলেন, তাকে উৎখাত করা হল। আপনি একজন তরুণ মন্ত্রী, আপনি এই সম্পর্কে ইনিসিয়েটিভ নিন। মখামন্ত্রীর কাছ থেকে নোট আসার পরও এই ঘটনা ঘটেছে। আমি আশা করব এত বড একটা নজির আপনি কিছতেই হতে দেবেন না। স্পিকার মহাশয়ের মাধ্যমে আপনার কাছে অনুরোধ, জ্ঞান সিং সোহন পালের জন্য একটা হাউসিং এর ব্যবস্থা করা হোক। ৭৮ সালে আপনি ছিলেন, আপনার গভর্নমেন্ট এই উচ্ছেদ করেছিল। সূতরাং সেই কারণে বলছি, আপনার দপ্তর যে পরিকল্পনা শুরু করেছে বাস্তবে রূপায়ণের ক্ষেত্রে সেই দৃষ্টিভঙ্গি কিন্তু কম, এই কারণে এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনের সমর্থনে বক্তব্য রেখে আমি এখানে শেষ কবছি।

মিঃ ম্পিকার ঃ ওটা তখন একটা অসুবিধা হয়েছিল। জ্ঞান সিং সোহন পাল এবং ডাঃ জয়নাল আবেদিন দুজন হাউজিং ফ্র্যাটে ছিলেন, বোধ হয় হেস্টিংসে ছিলেন, তাদের উচ্ছেদ করা হয়েছিল। তখন স্বাভাবিকভাবে ঐ দুজনকে ফ্ল্যাট খালি করতে বলা হয়। ওরা মুখ্যমন্ত্রীর কাছে রিকোয়েস্ট করেছিলেন, বিকল্প ব্যবস্থা না করে যেন উচ্ছেদ না করা হয়। এবং এই সম্পর্কে মুখ্যমন্ত্রীও একটা নোট দিয়েছিলেন যে জয়নাল আবেদিন এবং জ্ঞান সিং সোহন পালকে যেন উচ্ছেদ না করা হয়। সেদিন জ্ঞান সিং সোহন পাল মহাশয় খড়গপুরে গিয়েছিলেন, আমি কলকাতায় ছিলাম না, মুখ্যমন্ত্রীও ছিলেন না। তখন যতীনবাবু ঐ ডিপার্টমেন্টের মন্ত্রী ছিলেন, উনি সেই সময় পুলিশ দিয়ে খালি করে দিলেন। আমি মনে করি এটা ঠিক হয়নি। পরে জ্যোতিবাবুকে বলেছিলাম এটা ঠিক হয়নি। বিকল্প ব্যবস্থা না করে উচ্ছেদ করা ঠিক হয়নি। এখন আপনি মন্ত্রী আছেন, যাতে জ্ঞান সিং সোহন পাল মহাশয় একটা গভর্নমেন্ট আকোমোডেশন পান, তার ব্যবস্থা করুন। ডাঃ জয়নাল আবেদিন মহাশয় লিডার অব দি <sup>অ</sup>পোজিশন হিসাবে একটা গভর্নমেন্ট অ্যাকোমোডেশন পেয়েছেন। কিন্তু জ্ঞান সিং সোহন পাল মহাশয়ের বিকল্প কোনও ব্যবস্থা এখনও পর্যন্ত হয়নি। আপনার গোচরে বিষয়টা যখন আনা হয়েছে তখন এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করুন। ইন অল ফেয়ারনেস জ্ঞান সিং সোহন পালের জন্য একটা ব্যবস্থা গ্রহণ করুন। আমি উনাকে একাধিকবার বলেছিলাম যে দপ্তরের भद्यीत्क এर विষয়ে এकটা আবেদন करून। তथन উনি বলেছিলেন মুখ্যমন্ত্ৰীর নোটে যখন

[31st March, 199

একটা ডিরেকশন ছিল, সেটা মানা হয়নি, তখন তিনি নুতন করে রিপ্রেজেন্টেশন দেবেন। এটা মন্ত্রীসভার ব্যাপার, উনারা এটা দেখবেন। সুতরাং ব্যাপারটা আপনি দেখবেন।

শ্রী নারায়ণ মুখার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী গৌতম দেব আবাস বিভাগের জনা যে ৩৬ নং ব্যয়-বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন আমি তাকে প্র সমর্থন জানিয়ে কয়েকটা কথা বলতে চাই। স্যার, আপনি জানেন যে, স্বাধীনতার প্র আমাদের দেশে আবাসনের মতো একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে জাতীয় স্তরে কখনও সেভাবে আলোচনা হয়নি। মাঝে মাঝে কেন্দ্রে যারা যখন আবাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলেন তাব তখন রাজ্যগুলোর আবাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীদের নিয়ে মিটিং করেছেন। কিন্তু কোন কমিশন, কমিটির মাধ্যমে এই সমস্যাটাকে বোঝবার চেষ্টা হয়নি। ঐ রকম একটা সম্মেলন হয়েছিল ১৯৬৪ সালের ১৯ এবং ২০শে ডিসেম্বর চন্ডীগড়ে। কেন্দ্রীয় আবাসন মন্ত্রীর আহান বিভিন্ন রাজ্যের আবাসন দপ্তরের মন্ত্রীরা সেখানে উপস্থিত হয়েছিলেন। সেখানে কতওলে গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপিত হয়েছিল। সেখানে প্রথমেই বলা হয়েছিল বিভিন্ন রাজ্যে যেফ হাউসিং বোর্ড গড়ে তোলা দরকার তেমন কেন্দ্রীয়ভাবে সেন্ট্রাল হাউসিং বোর্ড গড়ে তোল দরকার, যারা বিভিন্ন রাজ্যের হাউসিং বোর্ডগুলিকে কন্টোল করবেন এবং তাদের কিভাবে সাহায্য করা যায় তা খতিয়ে দেখবেন। কিন্তু আজ পর্যন্ত সেন্টাল হাউসিং বোর্ড গড়ে তেল रमि। विदायी मलात माननीय मममा मुमीभवाव এই विचर्क चारमाधर्म करत या वनास्क তাতে তিনি সল্ট লেকের বিষয়টা বাদ দিয়ে মন্ত্রীর ব্যয়-বরান্দের দাবিকে প্রায় সমর্থন করে **ফেললেন। তিনি সল্ট লেকের বিষয়টা বাদ দিয়ে বাকি সব ভাল কথাই বলেছেন.** খারাপ কিছ বলেন নি। উনি এখানে কিছ সাজেশনও রেখেছেন। ওর এই বক্তব্যের পরিপ্রেক্তি আমি ওদের অনুরোধ করব য়ে, আপনারা এই ব্যয়-বরান্দের দাবিকে সমর্থন করুন। সাত্র সেন্ট্রাল হাউসিং বোর্ড তো গড়ে তোলা হ'ল না, উপরস্তু আমরা দেখছি যে, বিভিন্ন রাজেব হাউসিং সমস্যা সমাধানের জন্য কোনও রকম উদ্যোগ যেমন নেওয়া হ'ল না তেমন আবে পশ্চিম বঙ্গের প্রতি কেন্দ্রীয় সরকার এক্ষেত্রেও বিমাতসূলভ আচরণ করে চলেছেন। মানন্ সদস্য সদীপ বন্দ্যোপাধ্যায় বললেন যে, পশ্চিমবঙ্গের পক্ষ থেকে কেন্দ্রের কাছে নাকি কংলং কোনও প্রস্তাব দেওয়া হয়নি। উনি হয়ত জানেন না যে, পশ্চিমবঙ্গের পক্ষ থেকে কেপ্রের কাছে প্রস্তাব দেওয়ার পরেও তারা পশ্চিমবঙ্গকে বঞ্চিত করেছেন। এ বিষয়ে আমি সুদীপবার্ কাছে দটি উদাহরণ পেশ করছি। নগরের গৃহহীনদের জন্য কেন্দ্রীয় সরকার একটা নাই সেল্টার্স প্রকল্প তৈরি করেছেন ১৯৯১ সাল থেকে। প্রায় সব রাজ্যকেই এই স্কীমের আ*ভ*্রে আনা হয়েছে, হয়নি কেবল পশ্চিমবঙ্গকে। অথচ পশ্চিমবঙ্গ আয়তনের তুলনায় সব ৫৫ বেশি জনাকীর্ণ। আমি আর একটা উদাহরণ দেব। ১৯৯০-৯১ সাল থেকে শহরে দুর্বল ও শ্রেণীর স্বল্প উপার্জনকারি এবং মধ্য উপার্জকারি পরিবারগুলির গৃহ নির্মাণের জন্য হাডকে<sup>ত</sup> মাধ্যমে যে টাকা কেন্দ্র মঞ্জর করেছেন, তাতে কলকাতা, বোদ্বে, মাদ্রাজ এবং দিল্লির মার্ সব চেয়ে কম টাকা কলকাতার জন্য অ্যালোট করা হয়েছিল। অথচ কলকাতা-বোম্বের পর্টেই ভারতবর্ষের দ্বিতীয় বহত্তর জনাকীর্ণ নগরী। এটা বৃঝতে হবে। মাদ্রাজ শহরকে যে টাক দেওয়া হয়েছিল তার শতকরা ৩০ শতাংশ কম টাকা দেওয়া হয়েছিল কলকাতাকে। যদি মাদ্রাজের লোক-সংখ্যা কলকাতার অর্থেকেরও কম। সারে, আবাসন দগুরের সাফল্য রাতার<sup>া</sup>

দেখা যায় না—জমি সংগ্রহ করতে হয়, ফ্লাট বা বাড়ি তৈরির জন্য প্ল্যান করতে হয়, বিভিন্ন সাজ-সরঞ্জাম এবং বিশ্ভিং মেটিরিয়ালস জোগাড় করতে হয়। তারপর বাড়ি তৈরি করতে একটা সময় লাগে এবং তৈরির পরেও বিধি-বদ্ধ কতগুলো নিয়ম-কানুন, সরকারি নিয়ম-কানুনের মধ্যে দিয়ে বাড়ি বা ফ্লাটগুলি বিলি-বন্টন করতে হয়।

[3-05 — 3-15 p.m.]

এগুলি রাতারাতি হয় না। সময় লাগে, কন্টিনিউয়াস প্রসেসের মধ্যে দিয়ে যায়। সুতরাং এটা টিউবওয়েল সিংকিং না, যে ৪৮ ঘন্টার মধ্যে বসে গেল, এণ্ডলি করতে সময় লাগে। এই সময়ের মধ্যে আমরা দেখছি, মাননীয় মন্ত্রী মহাশয় তার দপ্তরকে যেভাবে পরিচালনা করেছেন তাতে যথেষ্ট সাফল্যের পরিচয় বহন করছে। আমরা দেখেছি, ১৯৮৬ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত যেখানে গড়ে দেড় লক্ষ বর্গমিটার প্লিন্থ এরিয়ার কনস্ট্রাকশনের কাজ হয়েছে সেখানে ১৯৯২-৯৩ সালে ৩ লক্ষ ৫৪ হাজার বর্গমিটার কনস্টাকশনের কাজ হাতে নিয়ে শেষ করেছেন। অর্থাৎ প্রায় ২ লক্ষ বর্গমিটার কাজ বৃদ্ধি পেয়েছে। টাকার অঙ্ক যদি ধরি তাহলে দেখব, যেখানে ৮।১০ কোটি টাকার কাজ হয়েছিল, সেখানে ১৯৯২-৯৩ সালে ৪১ কোটি ৮৩ লক্ষ টাকার কাজ সম্পন্ন করেছেন এই দপ্তর। সূতরাং এটাই সাফল্যের পরিচয়। এই সাফল্যের খতিয়ান বক্তৃতা দিয়ে বোঝানোর দরকার নেই, তথ্য দ্বারা মানুষ চোখে দেখলেই বুঝতে পারবেন। এর বেশি কিছু বলার দরকার নেই, খুবই উৎসাহজনক। সুদীপবাবু বলেছেন পশ্চিমবঙ্গ আবাসন পর্যদ অকেজো হয়ে পড়ে আছে। মোটেও তা ময়। আমরা দেখছি, আবাসন পর্যদ ৩১-৩-৯৩ পর্যন্ত সর্বমোট ১৯ হাজার ৬৫৭টি আবাসন ইউনিট তৈরি করেছেন। তারমধ্যে অর্থনৈতিক দিক দিয়ে পিছিয়ে পড়া দুর্বলতর শ্রেণীর মানুষের জন্য এবং নিম্ন আয়ের মানুষের জন্য ১২ হাজার ২৯৪টি এবং উচ্চ আয়ের মানুষের জনা ৭ হাজার ৩৬৩টি আবাসন ইউনিট তৈরি করেছেন। কংগ্রেসিদের আমলে ১৯৭৭ সাল পর্যন্ত যে ফ্র্যাটগুলি তৈরি হয়েছিল সেই সমস্ত ফ্র্যাটগুলি বিলি হয়েছিল উচ্চ আয় বিশিষ্ট পরিবার অথবা মধ্য আয় বিশিষ্ট উপার্জনকারি পরিবারদের মধ্যে। দূর্বলতর শ্রেণী—নিম আয়ের যে সমস্ত পরিবার আছে তাদের মধ্যে বিলি বন্টনের কোনও ব্যবস্থা ছিল না। সতরাং উনি যে কথা বললেন সেটা ঠিক নয়। আমার আর একটি কথা বলা দরকার, বিগত ২। ৩ বছরের মধ্যে আবাসন দপ্তর যে সাফলোর দাবিদার এ বিষয়ে কোনও সন্দেহ নেই। এই দপ্তর প্রচুর সাফল্যের চিহ্ন রেখে গেছেন এবং এখনও রেখে যাচ্ছেন। সুদীপবাবু গ্রামের দুর্বলতর শ্রেণীর কথা বললেন। কিন্তু আমি বলছি, গ্রামে যারা অল্প জমির মালিক, যাদের আয় মাসিক ১ হাজার ২৫০ টাকার অনধিক, তাদের জন্য গৃহ নির্মাণের ব্যবস্থা করা হয়েছে, এটা অভূতপূর্ব যা আগে কখন চিন্তা করা হয়নি। বিভিন্ন জেলায় ৩০ কোটি টাকা ব্যয় করা ফেছ। ২৩ হাজার ৯৪০ টি ইউনিটকে জেলা প্রশাসন প্রকল্পের আওতায় আনা হয়েছে। এর ্লে গ্রামের দরিদ্রতম মানুষের প্রভৃত উপকার হবে। গ্রামের দরিদ্রতম মানুষের জন্য আগে <sup>ছখন</sup> কোনও রকম ব্যবস্থা করার চিস্তা করা হয়নি। বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গির প্রকৃত র্যতিফলন এর মধ্যে দিয়ে ঘটছে এবং এরফলে গ্রামের হাজার হাজার মানুয যেমন কাজ াচ্ছেন, বহু শ্রমদিবস সৃষ্টি হচ্ছে, তেমনি সাথে সাথে গ্রামীণ অর্থনীতিকে চাঙ্গা করে তুলবে। <sup>ൂবা</sup>র আমি কতকণ্ডলি সাজেশন মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি।

[31st March, 1994

আমার মনে আছে আবাসন পর্যদের কাজটা বেশি চোখে পড়ে কলকাতা এবং সন্নিহিত্ত অঞ্চলে। উত্তরবঙ্গে বিশেষ করে দার্জিলিং, জলপাইগুড়ি, দিনাজপুর এবং মুর্শিদাবাদ এই পর্যদের আক্টিভিটিজ বাড়ানো দরকার। মাননীয় মন্ত্রী মহাশয় ইতিমধ্যে এদিকে নজর দিয়েছেন। দ্বিতীয়ত, মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন ৩১ হাজার ভাড়া বাড়ি এর ১৫ হাজারে সরকারি কর্মচারী এবং ১৩ হাজারে পাবলিক থাকেন, অবস্থা খারাপ যা মাননীয় সুদীপবাব বললেন যে ছাদ দিয়ে জল পড়ে, প্লাস্টার উঠে গেছে, এবং মেঝেতে ফাটল ধরেছে। এইসব বাড়িতে যারা ভাড়া রয়েছেন সেই সব ভাড়ার রেন্ট স্ট্রীকচার এই ভাড়াটা বৃদ্ধি করে এই বাড়িগুলির মেন্টেনেন্দের জন্য যদি কিছু ব্যবস্থা করা যায়। তা না হলে বাড়িগুলির অবস্থা আরও খারাপ হবে বাসের অযোগ্য হয়ে উঠবে। কারণ বাড়ি তৈরি করা যেমন জরুরি, বাড়ি মেরামত করাও একান্ত জরুরি। এটা মনে রাখতে হবে। তৃতীয়ত, বহু পরিবার আছেন ফ্রাট বাড়িতে বে-আইনিভাবে দখল করে রেখেছেন, অন্য জায়গায় বাড়ি তৈরি করেছেন জনি কিনে, তবু চাবি দিচ্ছেন না। এদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা দরকার। চতুর্থত, আপনি ইতিমধ্যে কঠোর মনোভাব দেখিয়েছেন, আপনাকে বলব যে সব অসাধু ব্যবসায়ী এবং প্রোমোটার যারা এইরকম জনি বার করে ব্যবসা করছে...

### (মাইক বন্ধ হওয়ায় বক্তা তার আসন গ্রহণ করেন।)

শ্রী আবদুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পশ্চিমবঙ্গ আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী আজকে তার ১৯৯৪-৯৫ সালের যে ব্যয় বরান্দ দাবি পেশ করেছেন আহি তার বিরোধিতা করছি। মাননীয় মন্ত্রীর ভাষণের কপিটা পড়ে আমার মনে হল পশ্চিমবাংলা যেন বামফ্রন্ট সরকার এই প্রথম ক্ষমতায় এসেছেন। মন্ত্রী মহাশয় এই সমস্যাওলি তলে ধরে সদসাদের কাছে আবেদন রেখেছেন যে সমস্যাগুলি কি করে সমাধান করা যাবে। বামফুর্ট সরকারের ১৮ জন মন্ত্রী ১৮ বার এই আবাসন বিভাগের বায় বরান্দের দাবি এই হাউসে পেশ করেছেন, এটা ১৮ তম দাবি বামফ্রন্ট সরকারের। সেখানে এখন সমস্যা সমাধান করতে পেরেছেন বলেন নি. উনি ৭ম অনুচ্ছেদে বলেছেন আমাদের নিকট এ কথা অবিদিত নয় যে আমাদের ঐকান্তিক চেষ্টা সত্তেও আমরা জনগণের গৃহ সমস্যার সামান্যতম অংশের সমাধ্য হয়ত বা করতে সক্ষম হব। আশার বাণী শোনাতে পারেন নি, গৃহ সমস্যা সম্পর্কে সমূর হতে পারে এই কথা বলেছেন। সামান্যতম সুযোগ সুবিধা দিতে পারবেন এই কথা বলেছেন। এই সরকারি বাজেটকে সমর্থন করা সম্ভব হয় কি করে? আমাদের একটু আগে মাননীঃ সুদীপবাবু বলেছেন এই সরকার প্রোমোটারদের পকেটে চলে গেছে। রাজ্য সরকারের বার্থতা থাকবে, আবাসন সমস্যা সমাধান করতে ব্যর্থ হবে ততই প্রোমোটাররা ফলে ফেঁপে উঠবে একদা বিপ্লবী কমরেডরা এখন তাদের বিপ্লব ছেডে দিয়ে প্রোমোটারের ব্যবসায় মেতে উঠেছেন তাই এক শ্রেণীর তথা কথিত বিপ্লবী প্রোমোটারের সঙ্গে হাত মিলিয়ে গোটা রাজ্যে সেঁই অবস্থার সৃষ্টি করেছেন। এতে পশ্চিমবঙ্গের গৃহ সমস্যার সমাধান করতে পারবেন না। আমি বেশি কথা বলতে চাই না. একট আগে মাননীয় নারায়ণবাব বলেছেন। ওদের কাছ থেটে অনেক কথা শোনা যায়, ওরা তো গরিব মানুষের এবং সমাজের অবহেলিত মানুষদের ক<sup>হা</sup> খবই বলেন. কিন্তু যারা একচেটিয়া ক্ষমতায় বসে আছে, ওরা তাদের সহায়তায় এখানে বসে আছেন। উনি ১৫ নম্বর অনচ্ছেদে যা বলেছেন ''পশ্চিমবঙ্গ আবাসন পর্যদ ৩১. ৩. ৯৩

ার্যন্ত সর্বমোট ১৯,৬৫৭টি আবাসন ইউনিট নির্মাণ করেছে যার মধ্যে অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর মানুষদের জন্য ১১১৬টি, নিম্ন আয়ের মানুষদের জন্য ৩৩০৭টি মধ্য আয়ের মানুষদের জন্য ৭৮৭১টি এবং উচ্চ আয়ের মানুষদের জন্য ৭৩৬৩টি আবাসন ইউনিট। দেখা যাচ্ছে ১৯৬৫৭ আবাসন গৃহ নির্মাণ করলেন সেখানে মাত্র ১১১৬টি ইউনিট সমাজের নিম্ন শ্রেণীর জন্য আছে।

## [3-15 — 3-25 p.m.]

1

উচ্চ শ্রেণীর জন্য তাদের মাথা ব্যাথা বেশি। এরাই দাবি করেন যে, পশ্চিমবঙ্গে গরিব মানুষের স্বার্থে অনেক কাজ করেছি। আমাদের রাজ্যে সব থেকে বেশি আবাসন সমস্যা রয়েছে, রিক্সাচালক, মৎস্যজীবী, ছাপাখানার কর্মী—এই ধরনের নিম্ন আয়ভোগি মানুষদের, কিন্তু এদের নিয়ে সরকারের কোনও মাথা ব্যাথা দেখছি না। আমরা দেখতে পাচ্ছি, উনি প্রতি বছর একটা করে অজুহাত খাড়া করবার চেষ্টা করছেন। সুদীপবাবু বলছিলেন পলতার ইট শিল্পের ব্যাপারে। এই ব্যাপারে উনি নাকি একটি চেক সংস্থার সঙ্গে কথাবার্তাও বলেছিলেন, কিন্তু সেটা বাস্তবায়িত করতে পারেন নি। ওখানে যে তৃতীয় যন্ত্রটি স্থাপন করবার কথা ছিল সেটা তিনি স্থাপন করতে পারেননি। গতবারের বাজেট বই-এ ১৪ নম্বর অনুচ্ছেদে বলেছিলেন যে, অর্থের অভাবে তিনি কাজ করতে পারছেন না ; এবারে বলেছেন যে, চেক সংস্থাটি যন্ত্র সরবরাহ করতে পারেননি বলে কাজ করতে পারেননি। পরের বছর হয়ত তিন এক্ষেত্রে অতিবৃষ্টির অভিযোগ আনবেন। মন্ত্রী মহাশয়ের আজকে এটা স্বভাবে দাঁড়িয়ে গেছে। প্রতি বছর তিনি একটা না একটা অজুহাত খাড়া করে ব্যর্থতা ঢাকবার চেষ্টা করছেন। আমরা পাই বলি, আমরা নতুন করে কিছু চাই না, দয়া করে পুরানো যেগুলো আমরা করে গেছি সেওলো মেন্টেন করুন। যাট-সন্তরের দশকে যে ৩০ হাজার ফ্ল্যাট তৈরি হয়েছিল সে সম্বন্ধে আপনি ১২ নম্বর অনুচ্ছেদে বলেছেন যে, টাকার অভাবে সেণ্ডলো রক্ষা করতে পারছেন না। কাজেই নতুন যেগুলো করবেন সেগুলোকেও তো মেন্টেন করতে হবে, সেটা কি করে পারবেন যখন কংগ্রেস আমলে তৈরি ফ্ল্যাটগুলোকেই মেন্টেন করতে পারছেন না? ফ্ল্যাট বিলির ক্ষেত্রে মাননীয় সদস্য সুদীপ ব্যানার্জি একটি স্পেসিফিক ঘটনা উল্লেখ করেছেন। মাননীয় স্পিকার মহাশয়, আপনার কাছে আমরা কৃতজ্ঞ, কারণ আপনি বিষয়টা মন্ত্রীর নোটিশে এনে তাকে নির্দেশ দিলেন সেই পুরানো নির্দেশকে কার্যকরি করবার জন্য। এটা ডাঃ জয়নাল আবেদিন এবং শ্রী জ্ঞান সিং সোহন পালের মতো প্রাক্তন মন্ত্রী এবং বিধায়কদের ঘটনা বলেই এখানে উল্লেখ করতে পারলাম, কিন্তু এই রকম ঘটনা পশ্চিমবঙ্গে বহু রয়েছে। কারণ আজকে সল্ট লেকে জমি বা ফ্র্যাট পাওয়াটা যে ভাগ্যের ব্যাপারে সেটা যারা দরখাস্ত ক্রেছেন তারাই বুঝতে পারছেন। আজকে সরকারি পক্ষের লোকেরা তাড়াতাড়ি ফ্ল্যাট পান, কিন্তু সাধারণ মানুষ দীর্ঘকাল দরখাস্ত করেও ফ্ল্যাট পান না। এটা বোঝা যাবে যদি তিনি ফ্রাট বিতরণের তালিকাটা আমাদের কাছে রাখেন। এটা দিলে তার দলের কতজন মানুয ফ্রাট পেয়েছেন এবং সাধারণ মানুষই বা কতজন পেয়েছেন সেটা বোঝা যাবে।

আমরা জানি দু'একটা নাম হয়ত সংগ্রেসিদের দিয়ে রেখেছেন এবং শেয়ালের কুমিরের <sup>ছানা</sup> দেখাবার মতো সেগুলি বারবার দেখিয়ে বলছেন যে কংগ্রেসিদের দিয়েছি। আপনি

[31st March, 1994]

দেখিয়ে দেবেন তো যে কংগ্রেসিরা কতগুলি আবেদন করেছেন? আপনি যদি লিস্টটা দেৱ তাহলে দেখবেন যে দিনের পর দিন আপনাদের দলের কত লোককে দিয়েছেন, আর অনাদের কত দিয়েছেন? এর আগে আপনি হয়ত মন্ত্রী ছিলেন না. সত্যরঞ্জন বাপলি একটা লিস্ট তৈরি করে দিয়েছিল যে তাতে ঝনঝনওয়ালা, অগারওয়ালারা কত ফ্র্যাট পেয়েছে। আমরা দেখছি যে লোক কোটি টাকা খরচ করে বাডি করবে, তাদের সল্ট লেকে জমি দেবার জনা আপনাদের মাথা ব্যাথা। আর যারা সরকারি কেরানি, গরিব মান্য, তাদের জন্য আপনাদের কোনও চিন্তা নেই। বিধান রায় বাংলার মানুষকে আশ্বাস দিয়েছিলেন যে সন্ট লেকে উপনগরি গড়ে উঠবে এবং তাতে সাধারণ মধাবিত্ত লোকেদের বাসস্থান করার মতো জায়গা দেওয়া হবে, সেই ব্যবস্থা তিনি করবেন। আজকে সল্ট লেকে যারা বাডি করছে তাদের মধ্যে নিম্নমধ্যবিত্ত বাদ দিলে মধ্যবিত্তরা কত জন আছে সেটা আপনি বলতে পারবেন? সল্ট লেকে বাস করা এবং বাড়ি করা একটা স্ট্যাটাস হয়ে দাঁড়িয়েছে। সন্ট লেকে আজকে কার প্রট পাচেছ? কিছ অসাধ দর্নীতিগ্রস্ত লোকেদের সঙ্গে আপনাদের অশুভ আঁতাত গড়ে উঠেছে এবং সেই সঙ্গে প্রোমোটারদের সঙ্গেও আপনাদের একটা আঁতাত চলছে। আজকে সে জন্য আপনার এই বাজেটকে বিরোধিতা করছি। গতকালও মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে চিট ফান্ডের বিরুদ্ধে তিনি ব্যবস্থা নেবেন। পিয়ারলেস ১ হাজার কোটি টাকা আয় করেছে সিজ মানি থেকে। প্রায় ১৪ শত কোটি টাকা এই ভাবে তারা মেরে দিয়েছে, আর এখন তারা উদাবত। দেখাচ্ছে। আপনারা সেই পিয়ারলেসের সঙ্গে হাত মেলাতে যাচ্ছেন। একদিকে আপনাদের অর্থমন্ত্রী বলছেন যে চিট ফান্ড বন্ধ করব, আর একদিকে পিয়ারলেসের সঙ্গে আপনার আঁতাত করছেন। কালকে হাওডা বন্ধ হয়েছে। পদ্মনিধিবাব হাওডা বন্ধের জন্য গর্ব করেছেন। আপনারা একদিকে প্রাইভেটাইজেশনের বিরুদ্ধে বলছেন, আর একদিকে প্রাইভেটাইজেশনের পক্ষে কাজ করছেন। আজকে গরিব মান্য কোনও স্যোগ পাচ্ছে না। আজকে যদি গবিং মানষেরা সযোগ পেত তাহলে বঝতাম। আপনারা যদি ইন্দিরা আবাস যোজনায় ঠিকমতে কাজ করতেন, ইন্দিরা আবাস যোজনায় যে সযোগ দেওয়া হয়েছে সেটাকে কাজে লাগাতে তাহলে বঝতাম। কিন্তু আপনারা সেণ্ডলি কাজে লাগাতে পারছেন না। আজকে গ্রামের মানুহ তফসিলি সম্প্রদায়ের মান্যের আবাসনের প্রবলেম আপনারা সলভ করতে পারেন নি। 🕾 জন্য এই বাজেটের বিরোধিতা করে, আমাদের কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শে করছি।

শ্রী নির্মল দাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মহী মহাশয় ৩৬ নম্বর দাবিতে তার যে বাজেট প্রস্তাব এখানে রেখেছেন, তাকে আমি প্রথনেই সমর্থন করছি। আমাদের বিরোধী দলের যে দুই জন সদস্য বক্তব্য রাখলেন, তাদের বক্তবাও আমি শুনছি। তারা ১৭ বছরের ব্যর্থতার কথা বলেছেন, কিন্তু ৪৭ বছরের ব্যর্থতার কথা বলেছেন কিন্তু ৪৭ বছরের ব্যর্থতার কথা বলেছেন না। আমরা জানি একটা সদ্য স্বাধীন দেশের একটা জাতীয় পরিকল্পনা থাকে এক তার মধ্যে থাকে খাদ্য, বন্তু, বাসস্থান, শিক্ষা এবং স্বাস্থা। আমি অন্য দিকে যাছি না। কিন্তু বাসস্থানের সমস্যার সমাধানের জন্য আমরা দেখেছি যে অতীতে জতহরলাল নেহেক হবল প্রধানমন্ত্রী ছিলেন তখন তিনি বারবার বলতেন পাঁচসালা পরিকল্পনার কথা এবং পূর্ববাংল থেকে আগত মানুযুকে বাসস্থান দেবার চেষ্টা করা হবে। পভিত নেহেকর পরে ইন্দিরা গার্ফী

এবং তারপরে রাজীব গান্ধীও বলেছেন। কিন্তু সম্প্রতি নরসিমহা রাও, তার মুখ থেকে সেই জাতীয় যে পরিকল্পনা, সেই পরিকল্পনায় আবাসনকে যুক্ত করে বাসস্থানের সমস্যা সমাধান করার যে চেষ্টা সেটা কিন্তু আমরা অনুপস্থিত দেখছি।

[3-25 — 4-35 p.m.]

স্যার, সঙ্গত কারণে এটা কংগ্রেসের কাছ থেকে আশা করা যায়। আবাসন সমস্যা আমাদের রাজ্যে আছে এবং এটা সাংঘাতিক সমসা। আমাদের এখানে অনাতম সমসা। হচ্চে বাসস্থানের সমস্যা। কারণ দেশ ভাগের উপর উদ্বাস্তদের নিয়ে একটা সমস্যা দেখা দিয়েছে। এই উদ্বান্তদের জন্য কেন্দ্রৌয় সরকারে যেটা দেওয়া উচিত সেটা তারা দিচ্ছেন না। রাজা সবকারের উদ্যোগে এখানে পরিকল্পনা নেওয়া হচ্ছে। কিন্তু সেটা বাস্তবায়িত করতে গিয়ে জিনিসপত্রের দাম একটা অন্তরায় হয়ে দাঁডাচ্ছে। প্রতি বছর পার্লামেন্টে বাজেট পাশ করার আগে সিমেন্টের দাম বাডানো হচ্ছে এবং অন্যান্য উপকরণ যে গুলি বাসগহ নির্মাণ করতে লাগে তার দাম বাডানো হচ্ছে। তা সত্তেও গৌতমবাব চেষ্টা করছেন কিভাবে বাস্তবায়িত করা যায়। গত ৩-৪ বছরের মূল্য বৃদ্ধির দাপটে বাস গৃহ নির্মাণ পরিকল্পনা বাস্তবায়িত করার ব্যাপারটা একটা যম্ভণায় পরিণত হয়েছে। আমি সবিনয়ে একটা কথা বলতে চাই। আমি উত্তরবঙ্গের একটা অংশের প্রতিনিধিত্ব করি। আমরা লক্ষ্য করছি—সেখানে ১৫৩টি চা-বাগান আছে—সেখানে বাসগৃহ নির্মাণ করার জন্য একটা পরিকল্পনা নেওয়া হয়েছিল। যেখানে পবিকল্পনা নেওয়া হয়েছিল তার একটা বড অংশ চা-বাগান এলাকায়। এটা শ্রমিক-কর্মচারিদের দেওয়া ব্যাপার নয়, এটা তাদের হক, তাদের রাইট। সেখানে কেন্দ্রীয় সরকারের আনকল্যে এবং সহযোগিতায় বাসগৃহ সমস্যার সমাধানের জন্য পরিকল্পনা নেওয়া হয়েছিল। এখন তার সেটা উইথড় করছে, বলছে দিতে পারছি না। অপদার্থ, শুধু অপদার্থ নয়। এখানে প্রোমোটারের কাছে রাজ্য সরকার আত্মমর্যাদা বিক্রি করেছে, কিন্তু আপনারা সাম্রাজ্যবাদের কাছে গোটা দেশের আত্মর্যাদা বিক্রি করেছেন। আজকে আপনারা তাদের নির্দেশ মতো এখানে টেপ বেকর্ড বাজাচ্ছেন। আমি এই কথা বলতে চাই আজকে জাতীয় যে সমস্যা রয়েছে সেই সমস্যার মধ্যে অন্যতম সমস্যা হচ্ছে বাসগৃহ সমস্যা। আজকে আপনারা কি জিনিস আমদানি করেছেন? নেহেরু পরিবার ছাড়া কি অন্য কারও কোনও কি দেশের জন্য কণ্ট্রিবিউশন নেই? আপনারা করেছেন নেহেরু আবাসন পরিকল্পনা, ইন্দিরা গান্ধী আবাসন পরিকল্পনা, রাজীব গাদ্ধী আবাসন পরিকল্পনা, এর পর আর যদি কেউ থাকেন তাহলে তার নাম হবে। যাই হোক সেই পরিকল্পনা রূপায়ণের দায়িত্ব আমাদের রাজ্য আবাসন দগুরকে দিতে হবে। এটা আরা নিজেদের হাতে রেখে দিয়েছেন কারণ ভোট পাওয়ার জনা। রাজ্যের আবাসনের ব্যাপারে ে রাজা সরকার পরিকল্পনা করবে। তারা যে আবাসন তৈরি করছে তার কোনও স্টাভার্ড মেন্টেন করতে পারছে না। পঞ্চায়েতের মাধ্যমে যদি দায়িত্ব বন্টন করে দেওয়া হয় তাহলে শর্বক্ষেত্রে স্টান্ডার্ড মেন্টেন করা যাবে। তরুন মন্ত্রী যে ভাবে উদ্যোগ গ্রহণ করেছেন সেটা সিত্তিই ভাল। আর্থিক সংকট ছিল, আছে এবং থাকবে। তার মধ্যে দিয়ে আমাদের কাজ করতে হবে। আমরা শুনেছি ব্যাঙ্কণ্ডলি অন্যান্য রাজ্যে যে ভাবে ব্যাক্তিগত উদ্যোগিদের লোন <sup>দিয়ে</sup> সহযোগিতা করে আমাদের এই পশ্চিমবাংলায় ব্যাক্ষণ্ডলি সেই ভাবে সহযোগিতা করে 👫 এল. আই. সি. একটা জাতীয় প্রতিষ্ঠান, এল. আই. সি.-র রেসপদ পশ্চিমবাংলার

[31st March, 1994]

দেখিয়ে দেবেন তো যে কংগ্রেসিরা কতগুলি আবেদন করেছেন? আপনি যদি লিস্টটা দেৱ তাহলে দেখবেন যে দিনের পর দিন আপনাদের দলের কত লোককে দিয়েছেন, আর অনাদের কত দিয়েছেন? এর আগে আপনি হয়ত মন্ত্রী ছিলেন না. সত্যরঞ্জন বাপলি একটা লিস্ট তৈরি করে দিয়েছিল যে তাতে ঝনঝনওয়ালা, অগারওয়ালারা কত ফ্র্যাট পেয়েছে। আমরা দেখছি যে লোক কোটি টাকা খরচ করে বাডি করবে, তাদের সল্ট লেকে জমি দেবার জনা আপনাদের মাথা ব্যাথা। আর যারা সরকারি কেরানি, গরিব মান্য, তাদের জন্য আপনাদের কোনও চিন্তা নেই। বিধান রায় বাংলার মানুষকে আশ্বাস দিয়েছিলেন যে সন্ট লেকে উপনগরি গড়ে উঠবে এবং তাতে সাধারণ মধাবিত্ত লোকেদের বাসস্থান করার মতো জায়গা দেওয়া হবে, সেই ব্যবস্থা তিনি করবেন। আজকে সল্ট লেকে যারা বাডি করছে তাদের মধ্যে নিম্নমধ্যবিত্ত বাদ দিলে মধ্যবিত্তরা কত জন আছে সেটা আপনি বলতে পারবেন? সল্ট লেকে বাস করা এবং বাড়ি করা একটা স্ট্যাটাস হয়ে দাঁড়িয়েছে। সন্ট লেকে আজকে কার প্রট পাচেছ? কিছ অসাধ দর্নীতিগ্রস্ত লোকেদের সঙ্গে আপনাদের অশুভ আঁতাত গড়ে উঠেছে এবং সেই সঙ্গে প্রোমোটারদের সঙ্গেও আপনাদের একটা আঁতাত চলছে। আজকে সে জন্য আপনার এই বাজেটকে বিরোধিতা করছি। গতকালও মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে চিট ফান্ডের বিরুদ্ধে তিনি ব্যবস্থা নেবেন। পিয়ারলেস ১ হাজার কোটি টাকা আয় করেছে সিজ মানি থেকে। প্রায় ১৪ শত কোটি টাকা এই ভাবে তারা মেরে দিয়েছে, আর এখন তারা উদাবত। দেখাচ্ছে। আপনারা সেই পিয়ারলেসের সঙ্গে হাত মেলাতে যাচ্ছেন। একদিকে আপনাদের অর্থমন্ত্রী বলছেন যে চিট ফান্ড বন্ধ করব, আর একদিকে পিয়ারলেসের সঙ্গে আপনার আঁতাত করছেন। কালকে হাওডা বন্ধ হয়েছে। পদ্মনিধিবাব হাওডা বন্ধের জন্য গর্ব করেছেন। আপনারা একদিকে প্রাইভেটাইজেশনের বিরুদ্ধে বলছেন, আর একদিকে প্রাইভেটাইজেশনের পক্ষে কাজ করছেন। আজকে গরিব মান্য কোনও স্যোগ পাচ্ছে না। আজকে যদি গবিং মানষেরা সযোগ পেত তাহলে বঝতাম। আপনারা যদি ইন্দিরা আবাস যোজনায় ঠিকমতে কাজ করতেন, ইন্দিরা আবাস যোজনায় যে সযোগ দেওয়া হয়েছে সেটাকে কাজে লাগাতে তাহলে বঝতাম। কিন্তু আপনারা সেণ্ডলি কাজে লাগাতে পারছেন না। আজকে গ্রামের মানুহ তফসিলি সম্প্রদায়ের মান্যের আবাসনের প্রবলেম আপনারা সলভ করতে পারেন নি। 🕾 জন্য এই বাজেটের বিরোধিতা করে, আমাদের কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শে করছি।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মহী মহাশয় ৩৬ নম্বর দাবিতে তার যে বাজেট প্রস্তাব এখানে রেখেছেন, তাকে আমি প্রথনেই সমর্থন করছি। আমাদের বিরোধী দলের যে দুই জন সদস্য বক্তব্য রাখলেন, তাদের বক্তবাও আমি শুনেছি। তারা ১৭ বছরের ব্যর্থতার কথা বলেছেন, কিন্তু ৪৭ বছরের ব্যর্থতার কথা বলেছেন, কিন্তু ৪৭ বছরের ব্যর্থতার কথা বলেছেন না। আমরা জানি একটা সদ্য স্বাধীন দেশের একটা জাতীয় পরিকল্পনা থাকে এক তার মধ্যে থাকে খাদ্য, বন্তু, বাসস্থান, শিক্ষা এবং স্বাস্থা। আমি অন্য দিকে যাচ্ছি না। কিন্তু বাসস্থানের সমস্যার সমাধানের জন্য আমরা দেখেছি যে অতীতে জওহরলাল নেকে বর্ণন প্রধানমন্ত্রী ছিলেন তখন তিনি বারবার বলতেন পাঁচসালা পরিকল্পনার কথা এবং পূর্ববাংল থেকে আগত মানুযকে বাসস্থান দেবার চেষ্টা করা হবে। পভিত নেহেকর পরে ইন্দিরা গার্ফী

### [3-35 — 3-40 p.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আবাসন দপ্তরের ভারপ্রাপ্ত রন্ধী গৌতমবাব ৩৬নং দাবিতে যে বাজেট পেশ করেছেন, তার উপরে আমি আলোচনায অংশগ্রহণ করছি। আমি গৌতমবাবর এই বাজেট বিতর্কে অংশ গ্রহণ করে সবার আগে তার কাছে জানতে চাইব যে, আজকে যে বাজেট তিনি পেশ করেছেন, এতে গতবারের তলনায় অনেক বেশি টাকার বরান্দ তিনি চেয়েছেন, এটি শুভ সংকেত। আমাদের রাজ্যে বহু ঘরবাড়ির প্রয়োজন আছে, বহু মানুষ এখানে গৃহহারা অবস্থায় আছেন। আপনি নতুন ভাবে মন্ত্রী হয়ে আসার আগে—এর আগে—সবকিছু গতানুগতিকভাবে চলেছে। কিন্তু আমাদের রাজ্যে এই শতকের শেষে কত মানুষ গৃহহীন থাকবেন, এখন কত মানুষ গৃহহীন আছেন, এই ধরনের কোনও হিসাব করেছেন কি? কারণ যে রকম আাড-হকইজমভাবে সবকিছ চলে আসছে তাতে আপনি যে টাকা পাবেন তার উপরে ভিত্তি করে এগোলে প্রকৃতপক্ষে এটাকে কোনও পরিকল্পনা বলা যাবে না। আপনার এই ব্যাপারে কোনও পরিকল্পনা আছে কিনা, বা আপনার দপ্তরে এই রকম কোনও তথা আছে কিনা, যেভাবে চিন্তা করে আপনি এগোতে চান? আপনার বাজেটকে আমি সমর্থন করছি না। আপনি আবাসন উন্নয়নের জন্য ২০ কোটি ৯২ লক্ষ ৫০ লক্ষ ৫০ হাজার টাকা ধরেছেন এবং পাশাপাশি, নন-প্রোডাক্টিভ ইনভেস্টমেন্ট যেটা, তাতে আমরা দেখছি ৩১ কোটি ৬৮ লক্ষ ২৮ হাজার টাকা চেয়েছেন। এই টাকায় আপনি কি করে দপ্তর চালাবেন? এই ভাবে যদি আবাসন দপ্তর চলতে থাকে, তাহলে কতদিনে এই সমস্যার সমাধান হলে তার কোনও অ্যাসেসমেন্ট করেছেন কিনা তা আমাদের জানা নেই।

তবুও ব্যয় বরাদ্দ কিছুটা বাড়িয়েছেন, গত বছর ছিল ৩৪ কোটি ৮৬ লক্ষ ৭৮ হাজার টাকা সেখান থেকে বেডে ৫২ কোটি ৮৫ লক্ষ ৭৮ হাজার টাকা হয়েছে। আপনার এই বাজেট বক্তৃতার গত বছরের এবং এই বছরের হিসাব মেলাচ্ছিলাম. মেলাতে গিয়ে দেখলাম य यातकथला याताप्रहामरे वकरे कथा वना चाहि। वकरे कथा तिभिष्ठ कतिहरू। याभिन ১১ নং এবং ১২ নং যা বলেছেন ১ বছর আগেও সেই কথা বলেছেন যে ৩০ হাজারের বেশি ফ্রাট বাডাতে পারছেন না। তবে গত ১ বছরে যে টাকা বরান্দ করেছেন সেই টাকা খরচও করেছেন। আমি এই ব্যাপারে আগেও বলেছি আবার বলছি যে, এই বিল্ডিংগুলো দীর্ঘদিন ধরে পড়ে আছে, রক্ষণাবেক্ষণ করতে পারছেন না। এই ব্যাপারে সংবাদপত্রগুলো কঠোর সমালোচনাও করেছে। সাহিত্য সহকারে এই সমালোচনা করা হয়েছে। আমি আপনার কাছে একটা প্রস্তাব রাখতে চাই যে, সি. আই. টি.-র যেসব বাড়িণ্ডলো পুরনো হয়ে গেছে, সেই বাড়িগুলো যারা হোল্ড করে আছে তাদেরকে বর্তমানের দামে ওই বাডিগুলো বিক্রি করে দিন। টাকা নিয়ে নতুন করে হাউসিং প্রকল্প করুন। তা না হলে দুদিক আপনি রক্ষা করতে পারবেন না। যারা ১০০ টাকা বা ১৭০ টাকায় বাড়ি ভাড়া করে থাকেন সেইসব সি. আই. টি-র বাডিগুলোতে যারা আছেন, তারা জল থেকে সমস্ত ব্যবস্থার সুযোগ পাচ্ছেন। আমার মনে হয় এই দৃষ্টিভঙ্গিটা পাশ্টানো দরকার। আজকে যে ফ্র্যাট করে মার্কেট প্রাইজে বিক্রি कदिएन (সটাতে অনেক সুবিধা হবে। আজকে বাজেটের সমালোচনা করতে চাই না, কিন্তু খ্রাম থেকে গ্রামান্তরে যদি যাই তাহলে দেখতে পাব যে, সেখানকার মানুষেরা অভিযোগ ক্রছেন যে ব্যাপকভাবে ডেভেলপিংয়ে নেমে পডেছে। তারা ওখানে বাড়িঘরদোর করছে।

আপনি কিছু কিছু ফ্ল্যাট গ্রামেগঞ্জে করছেন ঠিকই, কিন্তু আমি আপনাকে প্রস্তাব রাখছি যে কলকাতাকে কেন্দ্র করে নতুন কোনও পরিকল্পনা করতে পেরেছেন কি যাতে করে পরবর্তী সেটে সাটেলাইট সিটি তৈরি করতে পারা যায়। আমরা দেখেছি যে, টেলিগ্রাফ পত্রিকাতে মাননীয় মখামন্ত্রী বলেছেন যে স**ল্ট** লেকে একটা নতন টাউনশিপ তৈরি করবেন। শুধু সল্ট লেকেই নয়, কলকাতাকে কেন্দ্র করে ৩০ কি. মি.-৪০ কি. মি. দুরে শহরগুলোকে নিয়ে সাটেলাইট সিটি করার কোনও প্রকল্প আছে কিনা সেটা একটু ভাবনা চিন্তা করে দেখবেন। আমরা যেখানে থাকি সেখান থেকে কলকাতা ২৫ কি.মি. দরে এবং কলকাতার বর্ডার থেকে ১০-১৫ কি. মি. দরে, ওখানে রীতিমতো প্রোমোটাররা এবং ডেভেলপর্সরা নেমে পডেছে। পয়সা নিয়ে গরিব লোকেদের কাছ থেকে অল্প দামে জমি কিনে নিয়ে বেশি দামে বাডি করে বিক্রি করছেন। এইসব জায়গায় গরিব মানুষের প্রোটেকশন নেই। এইরকম ধরনের যদি কোনও পরিকল্পনা নিতে পারেন তাহলে সাধারণ মানষের উপকার হবে। আজকে গ্রামে গঞ্জে এবং শহর কেন্দ্রীক ভিলেজে ডেভেলপার্সরা কাজ করতে শুরু করে দিয়েছে। আপনার দপ্তর যে গহ নির্মাণ কর্মসচি নিয়েছে সেই কর্মসচি আর্থিক সংকটের জন্য রূপায়িত করতে পারছেন না। ডিস্টিষ্ট টাউনগুলো যে হয়েছে সেগুলোতে ডেভেলাপারর্সরা এই ধরনের কাজ করছে। আমরা দেখছি যে, সেখানে বেশি পয়সা দিয়ে অবাঙালিরা বাডি কিনে নিচ্ছেন। আহি **অবাঙালি বলে ওই ধরনের উক্তি করতে চাইছি না। বেশি পয়সা দিয়ে এইসব অবাঙালি**ঃ। বাড়ি কিনে নিচ্ছে এবং এরফলে সেখানে একটা সামাজিক সমস্যার সৃষ্টি হচ্ছে। সূতরাং এইকথা ভাববার জন্য অনুরোধ করছি। সাথে সাথে হাডকোর সঙ্গে যে পরিকল্পনা করেছেন সেই ব্যাপারে কতদুর এগিয়েছে জানাবেন। সাথে সাথে আপনি হাডকোর সঙ্গে যে পরিকল্পনা করেছেন, সেই পরিকল্পনার সঙ্গে সঙ্গে আপনি ন্যাশনাল হাউসিং ব্যাঙ্কের সঙ্গেও পরিকল্পনা করুন। ভারতবর্ষের বহু রাজ্য সরকার সরকারি উদ্যোগে গৃহনির্মাণ করছেন। এই ক্ষেত্রে ভারতবর্ষের দৃটি রাজ্যের কথা আমি বলব যারা পরিকল্পনা মাফিক এগোচ্ছে, তারা হচ্ছে উডিয়া এবং আসাম। নাাশনাল হাউসিং বাাঙ্কের সঙ্গে যক্তভাবে তারা ব্যাপক হাউসিং করেছেন এবং ভারতবর্ষের সাত-আটটি রাজ্য আছে যারা এই ন্যাশনাল হাউসিং ব্যাম্ব থেকে লোন নিয়ে এই পরিকল্পনা রূপায়িত করছেন। আমি আপনাকে বলি, আপনি যে বাজেট পেশ করেছেন তাতে আমি আপনাকে আট নম্বর অনচ্ছেদের কথা বলছি। এক বছর আগেও আপনি যে কথা বলেছেন, এক বছর পরেও ঠিক সেই কথা বলেছেন। গত বছর বলেছিলেন মহিলাদের নিরাপদ অশ্রয়ের জন্য ৪৮টি ফ্র্যাট নির্মাণ সম্পূর্ণ করা হবে বলে আশা করা হচ্ছে এবং বলেছিলেন ৮৪ বেডের হোস্টেল তৈরি করবেন। কিন্তু আপনার কাজ এগোচেছ না। **আপনি আরও বলেছেন জেলা পরিষদ স্তরে গ্রামে বা**ডি করবেন। আমি আপনাকে বলি, আমি বারুইপুর কেন্দ্র থেকে আসি, সেখানে একটা পঞ্চায়েত সমিতি ইন্দিরা আবাসন প্রক্রা ১৯৯৩-৯৪ সালে ৩৩ লক্ষ টাকা বাডি তৈরি করার জন্য খরচ করতে পারেননি। সুদীপ বন্দ্যোপাদ্যায় যে কথা বলছিলেন, সেই ইনফ্রাস্ট্রাকচার আপনার নেই। আপনার কাজের মানসিক্রা আছে, কিন্তু ইনফ্রস্টাকচার নেই। এদিকে আপনি বলছেন জেলা পরিষদের মাধ্যমে কাজ করবেন এবং যেখানে বহু পঞ্চায়েতের বিরুদ্ধে ব্যাপক দনীতির অভিযোগ আছে। আমি জানি না, আপনার এই উদ্দেশ্য সফল হবে কিনা, আপনি এই করতে পারবেন কিনা। যাদের আর ১,২৫০ টাকা তাদের জন্য আপনি ৯৪০টি ঘর করবেন। আমি আপনাকে বলব এই ইনকামের

মানুষরা টাকা শোধ করতে পারবেন কিনা আমি জানি না। যেখানে আজকে অসম্ভব মূল্যবৃদ্ধি, সেখানে আজকে ঋণ নেওয়ার পর সেই ঋণ শোধ করতে পারবে কিনা, তা আমি জানি না। যেহেতু আপনার দৃষ্টিভঙ্গির সঙ্গে আমার দৃষ্টিভঙ্গি মিলছে না, তাই এই ব্যয়-বরাদ্দকে আমি সমর্থন করতে পারছি না এবং আমাদের কাট মোশনগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-45 — 3-55 p.m.]

শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ মাননীয় সভাপতি মহাশয়, আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন ১৯৯৪-৯৫ সালের জন্য বিভিন্ন খাতে মোট ৫২ কোটি ৮৫ লক্ষ্ ৭৮ হাজার টাকার যে ব্যয়-বরান্দের প্রস্তাব করেছেন আমি তাকে সমর্থন করছি। মানুযের খাদ্য, শিক্ষা, স্বাস্থোর মতো বাসস্থানও হচ্ছে একটি সমস্যা। এই সমস্যা দেশ ভাগের পর আমাদের পশ্চিমবাংলায় প্রকট হয়ে দেখা যায়। এটা শুধু সরকারি উদ্যোগে সম্ভব নয়, তাই বামফ্রন্ট সরকার তার সীমিত আর্থিক সঙ্গতিকে অত্যন্ত পরিকল্পিতভাবে ব্যবহার করে নিম্ন ও মধ্যবিত্ত আয়ের মানুষের জন্য নানান প্রকল্প এনেছেন, তা অত্যন্ত প্রশংসনীয়। আজকে কেন্দ্রের অর্থনৈতিক চাপে এল. আই. জি., এম. আই. জি. গ্রুপের মানুষদের বাধ্য হয়ে চলে আসতে হয় মফঃখল শহরে।

সেইজন্য এই আবাসন দপ্তর সঠিকভাবে বিভিন্ন মফঃস্বল এলাকায়—দুর্গাপুর, আসানসোল, আরামবাগ, বেহালা—বিভিন্ন রকমের ফ্রাট তৈরি করছেন। এটা তাদের সঠিক সিদ্ধান্ত বলেই আমি মনে করি। তারপর আগামী ১৯৯৪/৯৫ সালে ইস্টার্ন মেটোপলিটন বাইপাশের ধারে কালিকাপরে ৩২০টি ফ্র্যাট নির্মাণের যে পরিকল্পনা তারা নিয়েছেন সেটাও সঠিক পরিকল্পনা। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি কথা বলতে চাই। আমরা শুনেছি এইসব বাডি িবক্তি হচ্ছে ৬২ হাজার টাকায়। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে বিনীতভাবে অনুরোধ করব এই মূল্য কিছটা কম করতে পারেন কিনা চিন্তা করে দেখন। এই প্রসঙ্গে আমার একটি সাজেশনও আছে। চিরাচরিত যে চিন্তা বা কনভেনশন্যাল যে পদ্ধতি রয়েছে সরকারি বাড়ি তৈরির ক্ষেত্রে তার থেকে সরে আসতে হবে এবং সরকারি আইন-কাননের বাধা নিষেধ সরিয়ে উন্নত টেকনলজি গ্রহণ করতে হবে। আজকাল বিশ্ভিং টেকনোলজির ক্ষেত্রে নতন ্যেস্ব ইনভেনশন হচ্ছে সেণ্ডলিকে ব্যবহার করে যদি বাড়ি তৈরি করার পরিকল্পনা করা যায় াংলে আমি মনে করি এণ্ডলির কস্ট কম পডবে। তার ফলে এণ্ডলি কম দামে দেওয়া সম্ভব হবে। তারপর আরও একটি প্রকল্প, 'নিজের বাড়ি নিজে বানাও'—এটা অত্যন্ত আকর্যনীয় ি প্রবন্ধ। আজকে বিল্ডিং প্রোমোটাররা মুনাফা লোটার জন্য যেভাবে রমরমিয়ে ব্যবসা চালাচ্ছেন এবং চড়া দামে জমি কিনে ফ্র্যাট তৈরি করে বিক্রি করছেন সেইসব ফ্র্যাট কেনার ক্ষমতা গায়ার ইনকাম গ্রপ বা রিমডল ইনকাম গ্রপের মান্যদের নেই। ঠিক এই সময় আমাদের <sup>মানাসন</sup> দপ্তর যে পরিকল্পনা নিয়েছেন সেটা হচ্ছে কোনও কোনও এলাকায় জমি অ্যাকোয়ার <sup>হরে</sup> সেই জমিকে ডেভেলপ করে এবং তাতে জল, আলো, রাস্তার সুবলোবস্ত করে ছোট <sup>(হাট</sup> প্লটে ভাগ করে গরিব মানুষ—লোয়ার ইনকাম গ্রুপ এবং মিডল ইনকাম গ্রুপের নানুষদের তা দিচ্ছেন নিজের বাডি নিজে বানাবার জনা। এই পরিকল্পনা অত্যন্ত সঠিকভাবে <sup>হরা</sup> হয়েছে। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, ১৯৮০ সালের আরবান ল্যান্ড

অ্যাকুইজিশন অ্যাক্টে বলা হয়েছে যে এক বছরের মধ্যে জমি অধিগ্রহণ করতে হবে। এই সময়টা অন্ধ সময়। তবে আমি নিশ্চয় মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাব কারণ তিনি বলেছেন, ইতিমধ্যেই ১৩১ একর জমি আগামী বছরের জন্য আকোয়ার করেছেন। তা ছাড়া তিনি সি. এম. ডি. এ. এলাকায় ২৫০ একর জমি অধিগ্রহণ করতে চলেছেন। এর সঙ্গে সঙ্গে মাননীয় মন্ত্ৰী মহাশয়কে বলব, যে সমস্ত ভেস্টেড ল্যান্ড পড়ে আছে সেগুলিতে এই হাউসিং-এর পরিকল্পনা গ্রহণ করুন। স্যার, আমার সময় কম, সব কথা বলতে পারছি না আমি তাই কয়েকটি মেন মেন পয়েন্টে আমার আলোচনা সীমাবদ্ধ রাখছি। আবাসন দণ্ডব থেকে ওয়ার্কিং গার্ল হোস্টেল করার যে পরিকল্পনা নেওয়া হয়েছে তাকে আমি স্বাগত চানাচ্ছি। আজকে সামাজিক, অর্থনৈতিক অবস্থার চাপে মেয়েরা চাকরি করতে বাধ্য হচ্ছে। **এইসব মেয়েদের নিরাপদ আশ্রয়ের জন্য এই হোস্টেল নির্মাণ অ**ত্যন্ত জরুরি। গডিয়াহাট্র ১৭৭ সিটের হোস্টেল হয়েছে, সাহাপরে ৪৮টি ফ্রাট নির্মাণ প্রায় সম্পর্ণ হয়ে গিয়েছে। সল্ট লেকে প্রথম পর্যায়ে ১৪টি ঘরে ৭০টি সিটের ডরমিটরি, এক কক্ষ বিশিষ্ট ৬৪টি ইউনিট তৈরি—এগুলিকে আমি স্থাগত জানাচ্চি। মাননীয় বিরোধী পক্ষের সদসারা বললেন যে আমবা নাকি গরিবদের জন্য কিছ করছি না। আমি তাদের মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণটি পড়ে দেখতে অনুরোধ করছি। গ্রামের গরিব মানুষ, যাদের আয় ১২৫০ টাকার নিচে তাদের জন্য গহনির্মাণের পরিকল্পনা করা হয়েছে। স্বল্প সদে দীর্ঘ মেয়াদি ঋণের বাবস্তা করা হয়েছে। এবং সেই ঋণ দেওয়ার কাজ শুরু হয়ে গিয়েছে। মন্ত্রী মহাশয় প্রথম পর্যায়ের ঋণ দিতে ওক করেছেন।

১৪-৯৫ সালের মধ্যে ২ হাজার ৫৭ লক্ষ ১৪ হাজার ৩০০ বাসগৃহ নির্মাণের জনা এই কাজ শুরু করবার পরিকল্পনা আছে, এটাও অত্যন্ত উল্লেখযোগ্য কাজ এখানে রয়েছে। শেষ করার আগে আমি মন্ত্রী মহাশায়কে অনুরোধ করব প্রাইমারি টিচারদের বাড়ি তৈরি করবার জন্য দীর্ঘ মেয়াদি ঋণ দেওয়া যায় কি না এটা একটু ভেবে দেখবেন। আর রাজ্য সরকার যে একটা বিধি নিষেধ করে এল. আই. জি., এম. আই. জি. প্রপের মানুযদের জন্য ভাড়া বাড়ি দেওয়া বন্ধ করেছেন, আমি মন্ত্রী মহাশায়কে অনুরোধ করব যে ভাড়ার তুলনায় মেন্টিনেল খরচ বেশি, এটা দেখিয়ে অনুরোধ করব যে কিছু পরিবর্তন করে ভাড়ার উপর কিছু শর্ত আরোপ করে বাড়িগুলো পুনরায় দেওয়া যায় কি না একটু দেখবেন, এই বলে আমি আমার বন্ধব্য শেষ করছি।

শ্রী সৌগত রায় ঃ স্যার, আমি আবাসন দপ্তরের ব্যায় বরাদ্দ সম্বন্ধে কিছু বলার জনা উঠেছি। এর আগে এই আবাসন দপ্তরের একটা দৃষ্টিভঙ্গি ছিল যে আবাসন দপ্তরে মোটামৃটি শুধু সরকারি ফ্র্যাট কিছু তৈরি করতেন এবং কিছু বিলি বন্টন করত। এর আগে আবাসন দপ্তরের গুরুত্বই এই ছিল যে আবাসন দপ্তরের মন্ত্রীর তার নিজের প্রিয় পাত্র দু চার জনকে ফ্র্যাট খালি হলে বিলি করতে পারতেন। কিন্তু আবাসন সম্পর্কে একটা দৃষ্টিভঙ্গি নিয়ে সামগ্রিকভাবে সমস্যাটা সম্বন্ধে একটা আ্যাপ্রোচ ঠিক করার কোনও চেষ্টা এর আগে হয়নি। মাননীয় গৌতমবাবুকে এই জন্য অন্তত ধন্যবাদ জানাব যে উনি গুর সীমিত ক্ষমতার মধ্যে আবাসন সম্পর্কে একটা দৃষ্টিভঙ্গি আনার চেষ্টা করেছেন, হাউসিং ডিপার্টমেন্ট মানে শুধু ফ্র্যাট ডিষ্টিবিউশনের ডিপার্টমেন্ট নয়, এই রকম একটা দৃষ্টিভঙ্গি উনি প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছেন।

ক্রিন্ত ওর যেখানে লিমিটেশন, প্রথম লিমিটেশন দূর করার জন্য আমার সাজেশন হচ্ছে যে আর্বান এখনও বিভিন্ন দপ্তরের অধীনে ছডিয়ে আছে। ওর হাউসিং এর কিছ ফ্রাট আছে. লেবার দপ্তরের অধীনে ইন্ডাস্টিয়্যাল ওয়ার্কারদের যে ফ্র্যাট বেলঘরিয়ায় আছে. সেটা শ্রম দলবের অধীনে আছে, কলকাতার সি. এম. ডি. এ. এলাকার মধ্যে যে ফ্র্যাটগুলো. এখনও সি এম. ডি. এ.-র হাতে আছে. সি. আই. টি.-র হাতে আছে আর আর্বান ডেভেলপমেন্টের হাতে আছে, গ্রামীণ এলাকার যে হাউসিং আছে, অঞ্চল আবাসন যোজনা ডিরেক্টলি মন্ত্রীর হাতে নেই ওটাও কুরালি ডেভেলপমেন্ট দপ্তরের হাতে, আমার মনে হয়। এটা আমার সাজেশন যে টোটাল হাউসিং যত রকম আছে, একটা জায়গায় হাউসিংটাকে কনসেন্টেন্টট করা উচিত যাতে একটা টোটাল একটা নোডাল প্ল্যানিং করা সম্ভব হয়। আমার দ্বিতীয় বক্তব্য. হাউসিং এর যে নিড, যা প্রয়োজন শহর এবং গ্রামীণ এলাকায়. তা কখনই সরকারের বাজেটারি অ্যালোকেশন থেকে সম্ভব নয়, এখন সরকারের চেষ্টা করা উচিত যে যে ফ্লাটণ্ডলো ওরা নিজেরা বানিয়েছেন, কত তাড়াতাডি সেইগুলো ছেডে দিয়ে যারা অকপায়ার্স তাদের হাতে লিগালি ওরা টাব্দফার করে দিতে পারেন, তাতে ওদের মেন্টিনেপের যে ইনফ্রাস্ট্রাকচার সেটা মত হয়ে যাবে। Government should be the nodal agency for formulating new housing scheme. সরকারের এটা কাজ নয়, একটা একটা ফ্র্যাট তৈরি করা, তার কারণ যদি সতিটে আপনি তৈরি করে দেখেন, পশ্চিমবাংলায় প্রয়োজনের তুলনায় এত বছর স্বাধীনতার পর থেকে সরকার চলছে, আমাদের টোটাল আউট পুটটা কিং আপনি দেখুন ৩০ হাজার ফ্রাটে আছে ডিফারেন্ট হাউসিং স্কীমে সরকারের হাতে. আর এক সঙ্গে হাউসিং বোর্ড টোটাল ইউনিট তৈরি করেছে ১৯ হাজার ৬৫৭। তাহলে পশ্চিমবাংলায় ৬ কোটি লোক, যদি এক কোটি ডয়েলিং ইউনিট দরকার হয় ৬ কোটি লোকের, সেখানে সরকারের হাতে আছে মাত্র ৫০ হাজার এই ৪৭ বছরে স্বাধীনতার পর থেকে। টোটাল কোয়ান্টিটির তলনায় এটা খুব কম। আমার তাই মন্ত্রী মহাশয়ের কাছে বিনীত বক্তব্য যে আপনার হাতে যে ফ্র্যাটগুলো অনরেডি আছে, এই একটা দুটো খালি হয় কখনও একটা ফ্লাট খালি হোল. ১০ জন লোক ধরে। সবার প্রয়োজন, সবাই ইনফ্রয়েন্সিয়্যাল—এই জিনিসণ্ডলো আন্তে আন্তে ছেডে দিতে হবে। এখানে একটা কংক্রিট প্ল্যান বানাতে হবে। যেমন সরকারি কর্মচারী. তারা রিটায়ার হরলে এভিক্ট হয়ে যাচ্ছেন এবং তাদের সব সময় একটা চিন্তা থাকে তারা বারবার রিপ্রেজেন্টেশন দিচ্ছেন যে তারা ফ্র্যাটাটা কিনে নিতে পারেন কি না, আপনি এখনও এই ব্যাপারে কোনও সিদ্ধান্ত নিতে পারেন নি. তাডাতাডি সিদ্ধান্ত নেবেন। আর অন্যান্য হাউসিং ন্ধীনে যারা রয়েছেন, বাজার দরের তলনায় খুবই কম ভাডা এখনও পর্যন্ত রয়েছে, আপনার পক্ষে ভাডা বাডানোর সিদ্ধান্ত নেওয়া কঠিন। সেই জন্য যা করে মন্ত্রীরা. যে সিদ্ধান্ত না নিতে পারলে একটা কমিটিকে দিয়ে দেয়. বলে আমি সিদ্ধান্ত নিচ্ছি না. কমিটিকে দিয়ে দিলাম. কমিটি বিচার করছে। আমি বলছি যে আপনি ওদের হাতে কত তাড়াতাডি কত ফ্র্যাট আপনি ট্রাপফার করতে পারেন এটা সম্পর্কে আপনি প্ল্যান করুন। তৃতীয় আমার বক্তব্য, আপনি মন্ত্রী হবার পর একটা সাহসিক চেষ্টা নিয়েছেন যে আপনি নিজে প্রোমোটার. প্রোমোশনের শক্তে নেমেছেন। কিন্তু আপনি নিজে এটা এস্টিমেট করতে পারবেন যে আপনার যা প্রয়োজন. আমি একটা আপনাকে হিসাব দিতে পারি যে পশ্চিমবাংলার শুধু হাউসিং সেক্টারে প্রতি ব্ছরে টার্ন ওভার হচ্ছে ৪০০ থেকে ৪৫০ কোটি টাকা। সেই জায়গায় আপনার প্ল্যান বাজেট

হচ্ছে ২৩ কোটি টাকা। সুতরাং you Cover only 5% of the total Housing needs of West Begal. আপনি স্পেন্ড করতে পারেন। কিন্তু আপনি জমি অ্যাকয়্যার করছেন, জমি আপনি আকয়্যার করেছেন, সেটা খুব বেশি এখনও পর্যন্ত হয়নি, সারা ৯৩-৯৪ সালে হল ১৩১ একর, মানে ধরুন ৪০০ বিঘা ধরলাম জমি আপনি পেয়েছেন। ৪০০ বিঘা মানে আট হাজার কাঠা। আট হাজার কাঠায় আপনি যদি ফ্লাট তৈরি করেন, আপনি আট হাজার কাটায় কত ফ্লাট তৈরি করতে পারবেন? এক কাঠায় দুটো করে ফ্লাট যদি তৈরি করেন, খুব ছোট ছোট ফ্লাট হলে, তাহলে ১৬ হাজার ফ্লাট তৈরি করতে পারবেন। হোয়াট is it compared to the total needs? তারপর ২০০ একর আপনি ক্যালকাটা মেট্রোপলিটন এরিয়ায় পেয়েছেন আর বাই পাশের পাশে ৭৪ একর জমি পেয়েছেন। এই জমি আপনার হাতে আছে। আমি আপনাকে বলব হাউসিং ইজ ওয়ান সেক্টার যেখানে গভর্নমেন্টের আক্টিভাল ইন্ডিভিজুয়্যাল যে হাউস বিন্ডার্স কো-অপারেটিভ, হাউস বিন্ডিং-এ এদের এনকারেজ করতে হবে এবং হাউসিং প্রমোশনের জন্য আপনার কন্টোল রেখে হাউসিং প্রমোশনটাকে এনকারেজ করতে হবে।

## [3-55 — 4-05 p.m.]

আপনার পক্ষে ভাড়া বাড়াবার সিদ্ধান্ত নেওয়া কঠিন। সাধারণত মন্ত্রীরা সিদ্ধান্ত না নিতে পারলেই একটা কমিটি করে দেন এবং বলেন যে, 'আমি সিদ্ধান্ত নিতে পারলাম না, কমিটির কাছে বিষয়টা দিয়েছি, কমিটি বিচার করবে।' অতএব আপনি যত তাড়াতাড়ি পারেন ফ্র্যাটগুলোর মালিকানা দিয়ে দেবার চেষ্টা করুন।

আপনার কাছে আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে, আপনি মন্ত্রী হবার পরে আপনি একটা সাহসী উদ্যোগ নিয়েছেন, আপনি নিজে প্রোমোটরের কাজে নেমেছেন। কিন্তু আমি আপনাকে একটা হিসাব দিতে পারি যে, পশ্চিমবাংলায় শুধ হাউসিং সেক্টরে বছরে টার্ন ওভার হচ্ছে ৪০০ থেকে ৪৫০ কোটি টাকা। সে জায়গায় আপনার প্ল্যান বাজেট হচ্ছে ২৩ কোটি টাকা। তাহলে ইউ কভার only 5% of the total housing needs of West Bengal. যদি ম্পেন্ড করতে পারেন। আপনি জমি অ্যাকাশার করছেন, কিন্তু তাও খব বেশি হয়নি—১৯৯৩-৯৪ সালে ১৩১ একর, মানে ৪০০ বিঘা জমি পেয়েছেন, মানে ৮ হাজার কাঠা। তাতে ফ্রাট তৈরি করলে, খুব ছোট ছোটও যদি করেন তাহলে এক কাঠায় দুটো করে ফ্রাট তৈরি করতে পারবেন। তাহলে মোট ১৬ হাজার ফ্ল্যাট তৈরি করবেন। হোয়াট is it compared to the total needs? [Calcutta Metropolitan.] আপনি ২৫০ একর জমি ক্যালকটা মেট্রোপলিটন এলাকায় পেয়েছেন এবং বাই-পাশে আপনার ৭৪ একর জমি আছে। আমি আপনাকে বলব হাউসিং ইজ ওয়ান সেক্টর যেখানে গভর্নমেন্ট আক্টিভলি ইভিভিজায়াল হাউস—বির্ন্ডারদের, কো-অপারেটিভ হাউস বির্ন্ডারদের এনকারেজ করতে পারে এবং আপনারে সেটা করতে হবে। হাউসিং প্রোমশনকে আপনার কন্টোলে রেখেই হাউসিং-এর ক্ষেত্রে ফার্ড कनरिष्टुन्टे तन्हे। আজকে এল. আই. त्रि. तराउद्ध। এল. আই. त्रि. ইভাষ্টিতে টাকা দেয় না এল. আই. সি.-র এক মাত্র কাজই হচ্ছে হাউসিং-এ টাকা দেওয়া। আজকে হাউসিং ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনাস কর্পোরেশন আছে, হাউস বিল্ডিং-এর জন্য ডাইরেইলি টাকা দেয় আগে ব্যান্ক দিত না, আগমী দিনে ব্যান্কও হাউসিং-এ চলে আসছে। তারপরে বড প্রোজেক্টো

জনা ন্যাশনাল হাউসিং ব্যাঙ্ক এসে গেছে। কো-অপারেটিভের জন্য আপেক্স কো-অপারেটিভ সোসাইটি বা অ্যাপেক্স কো-অপারেটিভ ব্যাঙ্ক টাকা দেয়। যেটা বোম্বে সাক্সেসফলি করতে পারল সেটা আমরা আমাদের এখানে করতে পারলাম না। আমাদের এখানে কিছ আর্বান কো-অপারেটিভ-এর বাড়ি তৈরি হয়েছে, কিন্তু ইট ইজ ইনসাফিসিয়েন্ট। আমরা বাঙালিরা কো-অপারেটিভ করার ক্ষেত্রে বোম্বে বা অন্য জায়গার মতো অত স্টেম্ব দেখাতে পারি নি। আমাদের কো-অপারেটিভ ডিপার্টমেন্টের হাউসিং প্রোমোট করার ক্ষেত্রে যে তৎপরতা দেখানো দ্বকার ছিল তা হয়নি। এখানে যে আর্বান কো-অপারেটিভ হয়েছে তার ১০ গুণ বেশি হয়েছে বোম্বেতে। সেখানে ট্যাক্সি ডাইভারস' ইউনিয়ন নিজেরাই হাউসিং কো-অপারেটিভ করে কয়েক হাজার ফ্র্যাট করেছে। আমরা তাদের কাছাকাছি কোনও জায়গায় যেতে পারিনি। আপেকা বড়ি পশ্চিম বাংলায় করতে পারা যায় কিনা ফর দি প্রোমোশন অফ দি হাউসিং আক্রিভিটিস, এটা আপনি দেখন। এটাই আপনার কাছে আমার বিনীত অনুরোধ। এটাই আপনার কাছে আমার সাজেশন। আপনি এই হাউসে একটা বিল পাশ করেছেন, সেটা হচ্ছে প্রোমোটারদের কিভাবে নিয়ন্ত্রণ করা যায়। একথা ঠিক, প্রত্যেক দিন দটো জিনিস আমরা ফেস করি এবং এখন পর্যন্ত গভর্নমেন্ট কন্টোল করতে পারেন নি। একটা হচ্ছে চিট ফান্ড. আর একটা হচ্ছে বিল্ডিং প্রোমোটর। আমাদের কাছে মানুষ এসে অভিযোগ করে টাকা-পয়সা নিয়ে চিট ফান্ডের মালিক বাবসা তলে নিয়ে পালিয়েছে। একটা চিট ফান্ডের মালিক খবরের কাগজের ব্যবসা শুরু করে মার খাবার ভয়ে পালিয়েছে এখন এজেন্টরা মার খাচেছ। হাউসিং-এর ক্ষেত্রেও এই জিনিস হচ্ছে। মানুষের সব সময়েই একটা আশা থাকে যে তার একটা নিজের বাড়ি হবে এবং এনিবড়ি আন্ত এন্রিবড়ি টেক্স ইট আাজ এ রাইট। কিন্ত আজকে প্রোমটাররা টাকা নিয়েও প্রোজেই কমপ্লিট করতে পারছে না। আমি আপনার ঐ বিলের সিলেক্ট কমিটিতে ছিলাম। আপনি প্রোমোটাররা যাতে মানুষকে ঠকাতে না পারে সেই উদ্দেশ্য নিয়েই বিল এনেছিলেন। আপনার বিলের উদ্দেশ্য সাধ্। বিলে প্রেসিডেন্টের আসেন্ট হয়ে গেছে। আপনি ৩ মাসের মধ্যে রুলস কমপ্লিট করে বিলটা লাভ করে দিন। আমি আর একটি জিনিস বলব, সবসময় যেটা ভয় হয়, সরকার কন্ট্রোলিং অথরিটি করেন। তখন সেখানে একটা কোরাপশন, একটা ব্যরোক্রাসি, রেড টেপিজিমের আখডা তৈরি হয়ে যায়। যেমন অসাধ প্রোমোটারদের নিয়ন্ত্রণ করা দরকার, তেমনি যারা সাধু প্রোমোটার বা যারা জেনইনলি ডেভেলপমেন্টের কাজ করছে তাদের ইনিসিয়েটিভ সরকারি লাল ফিতার বাঁধনে যেন নষ্ট না হয়ে যায়—এটা দেখার দায়িত্ব আপনার। এত বেশি রেস্ট্রিকশন, বেশি কন্ট্রোল যাতে না হয়, জেনারেল হাউস বিন্ডিং আকটিভিটি যেন কমে না আসে এবং এটা এখন পিকে রিচ করেছে। পারসোন্যালি এই ব্যাপারটা আপনাকে দেখতে হবে। যখন বিলটা সিলেন্ট ক্মিটিতে এসেছিল তখন আমরা ওখানে প্রোপোসড করেছিলাম। আপনি বলেছিলেন প্রত্যেক প্রোমোটারকে প্রত্যেক বাড়ি তৈরি করার সময় আলাদা করে রেজিস্টি করতে হবে। আমি সেখানে সাজেসন দিয়েছিলাম, প্রত্যেক বাডির জন্য রেজিস্টেশনের দরকার নেই, যেন একটি খ্রোমোটার একবারই রেজিস্টি করেন এবং আপনি কোড অফ কন্ডাক্ট বেঁধে দিন, সে ভায়োলেট केतल আপনি বলন রেজিস্টেশন ক্যান্সেল হয়ে যাবে, সে আর ব্যবসা করতে পারবে না। কিন্তু আমরা সিলেক্টে কমিটিতে মাইনোরিটি, সেইজন্য আমাদের কথা মানেননি। ইভিভিজ্যয়াল বাঁডির জন্য রেজিস্টেশন উইদাউট গিভিং অল দি ডিটেলস সেটা কতটা ফিজিবিল হবে

আইনটা চাল না হলে, এর ইমপ্রিমেন্টেশন শুরু না হলে বোঝা মুশকিল। আমার বক্তব্য হচ্ছে, সরকারি দপ্তরগুলির জন্য ডিলের শিকার হয়ে যায়। ক্যালকাটা কর্পোরেশনের ক্ষেত্রেই দেখন। স্টিষ্ট বিশ্ভিং রুল করেছে এবং এটা করারও দরকার ছিল, কিন্তু ক্যালকাটা কর্পোরেশনের স্টিষ্ট বিল্ডিং রুলের ফলে মধ্যবিত্তরা বাডি তৈরি করতে গিয়ে আটকে যায়। যারা বড প্রোমোটার তারা কিন্তু বাড়ি করতে গিয়ে আটকে যায় না. কারণ স্পিড ম্যানি কিভাবে দিতে হয় জানে। বামপন্থী হোক আর দক্ষিণ পন্থী হোক ঘুষের ব্যবসা সেখানে চলে। তারফলে মল যে লক্ষ্য হওয়া দরকার বিশ্তিং আক্রিভিটি আরও স্পিডলি যাতে হয়, মানুষ যাতে উৎসাহ পায়, নেসেসারি সাপোর্ট যাতে পায়, দরকার হলে মানুষকে অ্যডভাইস দেবার জন্য—কিভাবে তারা বাডি করার দিকে এণ্ডতে পারে তারজন্য সরকারের একটা আলাদা এজেন্সি বা ব্যরে: করা দরকার। ইফ হি গেটস এ ল্যান্ড, কো-অপারেটিভ করে কিভাবে তারা এণ্ডতে পারে এইরকম আডভাইস-এর বাবস্থা সরকারের মধ্য থেকে নেই। যার জন্য তারা প্রোমোটারদের খগ্লরে পড়ে যায়। তপোবন হাউসিং ফিনান্স কত টাকা নিয়ে পালিয়ে গেল। এইরকম ৪। ৫টি কেস আমার জানা আছে। এ ব্যাপারে আবার ডিটেক্টিভ ডিপার্টমেন্টকে বলতে হচ্ছে। সতরাং আপনি এই ব্যাপারে দেখন। তারপর আপনি পিয়ারলেসের সঙ্গে, গুজরাটের অম্বজার সঙ্গে জয়েন্ট সেক্টর করছেন। এতে আপনার বিশেষ কিছ লাভ হবে না। জয়েন্ট সেক্টর প্রোজেক্ট ওদের টাকায় হবে আর আপনার জমি আছে। আমি পিয়ারলেসের লোককে জিজ্ঞাসা করেছিলাম—এটা কেন করলেন? বাডির ব্যাপারে আমি নিজে তাদের প্রশ্ন করেছি। তারা বলল, নিজেদের জমিজমায় বাডি করলে দটো প্রবলেম। এক হচ্ছে, ওন্ডার প্রবলেম, লোকাল ঝামেলা, থানা, পুলিশ। সেটা সরকারের সাথে জয়েন্ট সেক্টরে নামলে কোনও জামেলা থাকে না। ২ নম্বর হচ্ছে, কোথায় ল্যান্ড পাবং ল্যান্ড ইজ এ সাচ এ প্রিমিয়াম যে ল্যান্ড আক্রইজিশন আপনাদের ঘাডে করে দিয়েছে। আলটিমেটলি আপনার টাকা নেই. টাকা ওরা দেবে, ওরা জোগাড় করবে আর ওরা সরকারি জমিতে লাভ করবে। আমার এক্সপেরিয়েনে আমি বলব, সরকারি জয়েন্ট সেক্টরে যেটা হচ্ছে তাতে প্রাইভেট সেক্টারে লাভ বেশি নিয়ে যাচ্ছে, সরকারের লাভ হচ্ছে না। আপনার জমি, সরকারের আ্যাকয়ার করা জমি, পরে। সরকারের প্রোটেকশনে তারা বাডি তৈরি করবে আর লাভ করে পালিয়ে যাবে। এবার রুর্যাল হাউসিং সম্বন্ধে বলি, ইন্দিরা আবাসন যোজনা আপনার আভারে নেই। এখন পর্যন্ত যে হাউসিং স্কীম আছে ইন্দিরা আবাসন যোজনা সবচেয়ে স্টং। আমি চাই, এটা আপনার দপ্তরে আসক।

[4-05 — 4-15 p.m.]

গত বংসর পশ্চিমবঙ্গে আপনার দপ্তর ইন্দিরা আবাসন যোজনায় মাত্র ৫০ পারসেন্ট টাকা খরচা করতে পেরেছেন। এটা পশ্চিমবঙ্গে একটা বড় ফেলিওর। একটা বড় স্ক্রীম আপনি তৈরি করেছেন যে ১২ হাজার পার বেনিফিসিয়ারি আপনি দেবেন। আমি আপনাকে বলব, টাকা ক্যাশ লোন দেওয়ার লিমিটেশন হচ্ছে ও সেটা কনজামশন লোনে চলে যাছে। কোন টাকা কে পাবে সেটা আপনি দেখবেন, ডিরেক্টালি তা দিতে হবে। আপনার এই রকম একটা সাপোর্ট বানানো দরকার, জেলায় জেলায়। লেটেস্ট হাউসিং টেকনোলজি সাপোর্ট দিতে হবে। যেমন রুরকিতে অনেকটা ডেভেলপ করেছে। আমাদের দেশে এই রকম জেলায় জেলায় ভাল

এনডিওরিং করতে পারে, আজকের দিনে অনেক এনডিওরিং বাড়ি তৈরি করা সম্ভব, এদিকে প্রামের লোককে টেকনোলজিক্যাল সাপোর্ট দেবার ক্ষেত্রে আপনার দপ্তরের একটা ভূমিকা প্লে করতে হবে। আমি আবার বলছি যে, আমি চাই না যে আবার সরকারি ফ্র্যাট নৃতন করে তৈরি হোক। কারণ সরকারের স্ক্রোয়ার্স মানি প্রোমোশনাল হিসাবে অ্যাসিস্টেন্স রোল প্লে করুন, তা হলে যত বড় স্কীম নিয়েছেন তা না পারলে পশ্চিমবঙ্গের মানুষ নিজের চেন্টায় গ্রাউসিং প্রবলেম সলভ করবে।

শ্রী গৌতম দেব : মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় সরকার পক্ষ অথবা বিরোধীপক্ষ সকলেই যে দৃষ্টিভঙ্গি নিয়ে আলোচনা করেছেন এবং কিছ পরামর্শ দিয়েছেন। সেদিনও খোলা মনে গ্রহণ করে অথবা বিবেচনা করার কোনও অসবিধা অন্তত আমার নেই। এই হচ্ছে আমার প্রথম কথা। দ্বিতীয় কথা হচ্ছে এটা সকলেরই জানা আছে, বা যা হিসাবপত্র দেখে দেওয়া হয়, প্রধানত দিল্লি থেকে দেওয়া হয়, সারা দেশে যা বাভি ঘর তৈরি হয়, গ্রামে শহরে সব মিলে. তাতে বলা হচ্ছে ৫ ভাগ থেকে ম্যাক্সিমাম ১৫ ভাগ একটা সরকার বা পাবলিক ইনস্টিটিউশন বা প্রোমোটার যাই বলুন সকলে মিলে করে। বাকি ৮৫ থেকে ৯৫ ভাগ সেটা মান্য নিজের বাডি নিজে করে, এটা হচ্ছে একটা। আমরা যখন হাউসিং নিয়ে আলোচনা করি নীতির কথা বলি এটা আমরা বিবেচনার মধ্যে রাখি, সরকার কতটা করতে পারে—সরকার নয়, সবাই মিলে কলকাতা শহরে বড বড বাডি তৈরি হাউসিং থেকে সেন্সাস বলে ৫ থেকে ১৫ ভাগ সরকার করে, আর বাকি পাবলিক নিজের বাডি নিজে করে। উচ্চ অবস্থায় ৩০ থেকে ৫০ ভাগ বাড়ি সাধারণ মানুষ যা করেন সেটার বেসিস বা বায়োমাস এখনও সর্বাধুনিক জিনিসপত্র দিয়ে তারা বাডি করতে পারে না, এই অবস্থায় আমরা নিশ্চয় কিছ বাড়ি করতে পারি, তার প্রধান ভূমিকা সাধারণ মানুষ যদি নিজের বাডি নিজে করতে না পারেন কি করে সাহাযা করতে পারি। জমি, ব্যাঞ্চলোন, মেটিরিয়েলস আইন কানন বিষয়ে <sup>কি</sup> করে সাহায্য করতে পারি সে**টাই আমাদে**র প্রধান উদ্দেশ্য। হাউসিং ডিপার্টমেন্টের ব্যাপার. বাজেট হাউসিং ডিপার্টমেন্টের, সেটা প্লেস হচ্ছে যদিও আপনারা জানেন কাজের দিক থেকে शर्षेभिः वार्ष--- प्राप्ति यात्र एत्रात्रमान--- स्थात्न य घटेना एल, स्थात्न होका प्रात्न थत्र হয়—সেটা প্লেশ করতে আসিনি, আমরা অন্তরে রেখেছি—গত বছরে আমাদের প্ল্যাণ বাজেট ছিল ৭ কোটি টাকা, সেটা এবারে ২৩ কোটি টাকা হয়েছে, ৭ কোটি থেকে ২৩ কোটি প্ল্যান াজেটে কাজ করবে, হাউসিং বোর্ড ৬৩ কোটি টাকার কাজ, দুটো মিলিয়ে ৯৪ কোটি টাকার 📭 রাজ্য জুড়ে করব।

আগেও আমরা বলেছি যে, এই কাজের ক্ষেত্রে প্রধান অসুবিধা হচ্ছে ভূমি। যেখানেই জমি নিতে যাচ্ছি, ভীষণ অসুবিধা হচ্ছে। আজকে সর্বত্র দেখা যাচ্ছে, প্রমোটাররা জমিওলি কিনে রেখে দিয়েছে, সাধারণ মানুষও সরকারকে জমি দিতে চাইছেন না, কারণ সরকার হয়ত কাগ্রতি ২০ হাজার টাকা, কিন্তু প্রমোটাররা তাদের দিতে চাইছে কাঠাপ্রতি ১ লক্ষ টাকা। সেজনা প্রমোটাররাও বাধা দিচ্ছেন। এই বাধা দূর করতে সকলকে নিয়ে, সাধারণ মানুষের সমর্থন নিয়ে আইনমাফিক এগোতে হবে এবং সেই পথেই আমরা এগোতে শুরু করেছি। কিছু ফ্রাট এখানে তৈরি হয়েছে এবং এই মুহুর্তে আসানসোল, শিলিওড়িতে ডিপার্টমেন্ট ৭৮০ একর জমি হাতে নিতে পেরেছেন, আমরা নোটিশ দিয়েছি, এ্যাকুইজিশনের প্রসেস চলছে,

কিছুদিনের মধ্যেই পাবো—এইরকম জমির পরিমাণ ২০৮ একর। আমাদের হাউসিং বোর্ডের হাতে জমি রয়েছে, কিন্তু বাড়ি এখনও করতে পারেননি—এইরকম জমির পরিমাণ ২১৭ একর। হাউসিং বোর্ড থেকে ১১৫ একরের প্রপোজাল তৈরি করে এল. আর.-এর কাচ পাঠিয়ে দেওয়া হয়েছে। আমাদের ডিপার্টমেন্টের প্রোপোজল তৈরি হয়ে গেছে ৪০৯ একর। এইসব মিলিয়ে ১,৭৫৮ একর জমি—৫.৫ হাজার বিঘা আমরা এ্যাক্যজিশন নেট ওয়ার্কের মধ্যে আনতে চেয়েছি। এরমধ্যে বেশির ভাগ জমিই প্রমোটাররা দখল করে রেখেছেন কোট কোটি কালো টাকা ব্যয় করে। সেটা শিলিগুড়ির সেবক রোড হোক, কলকাতার মেট্রোপলিটার বাইপাস হোক, ভি.আই.পি. রোড হোক বা দমদম হোক, সর্বত্র তারা জমির বেশিরভাগ দখন করে রেখেছেন। এর বিরুদ্ধে আমরা এ্যাক্যইজিশন নোটিশ করেছি এবং তারজন্য কিছু কেসঙ হয়েছে হাইকোর্টে, কিছু পজিশন পেয়ে গেছি। এই জমিটা জোগাড় করতে চাইছি তার সবটাতে আমরা বাডি তৈরি করতে পারবো না। যে হাউসিং বোর্ড ৭ থেকে ৭.৫ কোট টাকার কাজ করতেন ৫-৭ বছর আগে সেই হাউসিং বোর্ড আজকে ১৭-১৮ কোটি টাকার কাজ করছেন। কিন্তু হাউসিং বোর্ডের বার্ষিক এস্টাব্রিশমেন্ট খরচ ২.৫ কোটি টাকা, সেন্দেরে এক বছরে যদি তারা ২৪ কোটি টাকার কাজ না করতে পারেন তাহলে তাদের এস্টাব্রিশনে খরচ উঠবে না। তবে তাদের কাজের পরিমান বর্তমান বছরে ১৭-১৮ কোটিতে পৌছেছে ५-৮ কোটির জায়গায়। কিন্তু কোনক্রমেই তারা বছরে ২৪-২৫ কোটি টাকার বেশি কাজ কৰে পারবেন না, তাই এক্ষেত্রে যেমন হাউসিং ডিপার্টমেন্টকে কাজ করতে হবে, তেমনি জনে সেক্টরেও বাড়ি তৈরি করতে হবে। তাই জমিগুলির সার্ভিসেবেল করে প্লটে বিভক্ত করে হে:-অপারেটিভ সিস্টেমে সাধারণ মানুষকে দিতে হবে ; কলকাতা, আসানসোল, শিলিগুড়ি— সর্বত্রই এটা করতে হবে। কিন্তু তারজন্য জমি দরকার এবং সেইজন্য আমরা জমির উপ<sup>2</sup> জোর দিয়েছি। এই ব্যাপারে অগ্রগতিও হয়েছে। কিন্তু এই কাজে নানা বাধা আছে, যেমন— মেট্রোপলিটন বাইপাসে ২৯টি মামলা করেছেন একটি জমির ব্যাপারে যে জমির মালিব হচ্ছেন গোয়েক্কা খান্ডেলওয়ান ইত্যাদি সব বড বড ব্যবসায়ি। তারাই ২৯টি মামলা করেছেন কিন্তু সেই জমির পজিশন নিয়ে নিয়েছি। এখনও সেই মামলা চলছে, তবে কিছদিনের মধ্যে তার রায় বেরোবে। বাউন্ডারি ওয়াল ভেঙে ঢোকা হয়েছে বলে মামলা করেছেন। ঐ ভনিত্র দলিল ১.৫ কোটি টাকার করা হয়েছে, কিন্তু শোনা যাচেছ যে, ঐ জমি নিতে তাদের ৮-১০ কোটি টাকা খরচ হয়েছে। আজকে তারা সূপ্রিম কোর্টে গিয়ে বলুন না, আসলে দলিলে যা লেখান হয়েছে তারচেয়ে শতগুণ টাকা. ১০ কোটি টাকা সাদায়-কালোয় মিলিয়ে দিও হয়েছে। কিন্তু আমরা তাদের সঙ্গে লড়ছি এবং আশা করছি সমস্ত দিক বিচার-বিবেচনা হ জাজমেন্ট হবে। কাজেই জমির ব্যাপারে বিভিন্ন প্রকার বাধা আছে। এক্ষেত্রে বিভিন্ন দল এব সাধারণ মান্যের সমর্থন নিয়ে এগোলেও সেসব বাধা কাটান সহজ হবে না।

[4-15 — 4-25 p.m.]

আমরা আর একটা বিষয়ের উপর জোর দিয়েছি। অনেকে বলেছেন যে হাউসিং ডিপার্টন্টে মানে সরকারি কর্মচারিদের জন্য দুই-চারটে ফ্ল্যাট তৈরি করা, তারা ভাড়ায় থাকবেন, তারপরে ডিপার্টমেন্টের কাজ শেষ হয়ে গেল। ৫ কোটি, ৭ কোটি টাকার বাজেট, বছরের শেষে তার্ব ২ কোটি, ২।। কোটি টাকা পান। তা দিয়ে যে কাজ হতে পারে, দু'একটি ফ্ল্যাট সরকারি কর্মচারিদের জন্য হল। আর হাউসিং বোর্ড মানে কলকাতার উপরে কিছ ওনারশিপ ফ্রাট কবা। এই হচ্ছে তাদের টোটাল অ্যাকটিভিটিজ। আমরা সেজনা একটা সিদ্ধান্ত নিয়েছি। আমরা ক্রিচদিনের মধ্যে উত্তরবঙ্গে হাউসিং বোর্ডের একটা রিজিওন্যাল হেড কোয়াটার করতে চলেছি **্রাসিসমেন্ট কমিশনার ইত্যাদি সমস্ত আলাদা পোস্ট দিয়ে। আমরা দার্জিলিংয়ের পাহাডিয়া** অঞ্চলে সভাষ ঘিসিংয়ের ওখানে মিটিং করেছি, ওদেরও ডিম্যাণ্ড আছে, ওরাও বলেছেন। কিন্তু সবচেয়ে বড় কথা হচ্ছে, শিলিগুড়িতে, জলপাইগুড়িতে আমাদের হাজার হাজার বাড়ি কবতে হবে। কিন্তু শিলিগুডিতে এক শ্রেণীর প্রোমোটার, তারা সেবক রোড বরাবর ৮ বিঘা, ১০ বিঘা করে এক একটা জমি সেগুলি সমস্ত পাঁচিল দিয়ে ঘিরে রেখে দিয়েছে। তার ফলে রাস্তা বরাবর সাধারণ মানুষের কোন সাডা নেই, গরীব মানুষের কোন বাডি নেই, সাধারণত বাঙালিদের কোন বাডি নেই, বাডি হওয়া সম্ভব নয়। আগে কম দামে কিনে রাখা হয়েছে, এখন ১ লক্ষ্ম, ১।। লক্ষ্মীটাকা বলছে। আমি সেখানে ইঞ্জিনিয়ারদের নিয়ে, অনা লোকদের নিয়ে গিয়েছিলাম। আমি তাদের বলেছি যে যতদর ফাঁকা দেখা যায়, সেবক রোড বরাবর যে যে পাঁচিল দিয়ে ঘিরে রেখেছে, সবটাই এ্যাকুইজিশান করার জন্য নোটিশ দিন এবং তা দেওয়া হয়েছে। তারা ছোটাছটি করছে, এখানে-ওখানে যাচ্ছে। তারা যেখানে ইচ্ছা যাক, কিন্তু শিলিগুড়িতে আমরা সেই জমি এ্যাকইজিশান করবো। কিন্তু নর্থ বেঙ্গলে হাউসিং বোর্ডের বিজিওনাল সেন্টার না করলে কলকাতায় বসে আমরা সেই কাজ করতে পারবো না। আমরা আশা করছি যে কয়েক মাসের মধ্যে নর্থ বেঙ্গলে হাউসিং বোর্ডের রিজিওনাল সেন্টার আমরা করতে পারবো। কিন্তু রুরাল হাউসিংয়ের ক্ষেত্রে গ্রামে হাউসিং ডিপার্টমেন্টের কিছ করার থাকতে পারে, সেই রকম কিছ আমাদের ছিলনা। করাল ডেভালপমেন্ট ডিপার্টমেন্ট থেকে ইন্দিরা গান্ধী যোজনায় আবাসন নিয়ে যা করার তারা করছে। কিন্তু সেখানে হাউসিং ডিপার্টমেন্টের কিছ করার থাকতে পারে, এই রকম আমাদের কিছ ছিল না। আমরা এই প্রথম এটা শুরু করেছি। আমরা ফার্স্ট ফেজে ১১ কোটি ৩০ লক্ষ টাকা লোন ১ হাজার ৪০ জন বেনিফিসিয়ারিকে দিচ্ছি। আমাদের একটা ইনফর্মেশান গ্যাপ হয়েছে। আমরা পঞ্চায়েতের হাতে এই পয়সা দিচ্ছি না। তার মানে পঞ্চায়েতের হাতে দিলে অন্য কিছ হবে—ব্যাপারটা তা নয। আমরা সিদ্ধান্ত নিয়েছি যে পঞ্চায়েত, জেলা-পরিষদ সকলে মিলে আলোচনা করে র্বেনফিসিয়ারিদের তালিকা পাঠাবেন। আমরা এই টাকাটা কো-অপারেটিভ ব্যাংককে দিয়েছি, তারা এস. পি. ইউ. এস.-এর মেম্বার্নিপের মাধামে সরোসরি টাকাটা দেবেন। কারণ হাউসিং ডিপার্টমেন্টের সারা পশ্চিমবঙ্গে এইরকম কোন ইনফ্রাস্টাকচার নেই। ফার্স্ট ফেজে ১১ কোটি ৬০ লক্ষ টাকা এপ্রিল মাসের মধ্যে দেওয়া শেষ করে দিচ্ছি। তারপরে ২০ কোটি ৫৭ লক্ষ টাকা—এই মোট টাকাটা আমরা এক বছরের মধ্যে গ্রামে ছেডে দেব। আমরা আদায় করতে পারবো না, আমাদের সমস্যা হবে। সে জন্য গোটা দায়িত্বটা আমরা কো-অপারেটিভ বাাংককে <sup>দিয়ে</sup>ছি। তারা সামান্য একটা সার্ভিস চার্জ নিয়ে এটা মানুযকে দেবে এবং ২০ বছর ধরে সামান্য ইন্টারেস্টে সাধারণ মানুষের কাছ থেকে আদায় করবে এবং এইভাবে এটা শোধ হবে। কিছু কিছু রাজ্যের মন্ত্রীরা যখন এখানে আসেন, আমরা তখন তাদের বলি যে মাপনারা হাডকোর টাকা নিচ্ছেন কি করে? আমাদের তো এক বছর লাগলো আলোচনা <sup>করতে</sup>, কি করে টাকা নেব। হাডকো দেবার জনা প্রস্তুত, কিন্তু নেবার পর সেটা শোধ <sup>কর্</sup>বো কি করে? এতদিন আলোচনার পরে কো-অপারেটিভ ব্যাংককে যুক্ত করে আমরা এটা

করেছি। আমাদের বাইরের রাজ্যের দুই-একজন বললেন, আমি নামের মধ্যে যাচ্ছি না, আমাদের কোন অসুবিধা নেই। আমরা যখন ১৫ হাজার টাকা লোন দেই তখন প্রথমেই ৫ হাজার টাকা কেটে রেখে ১০ হাজার টাকা হাতে দিয়ে দিই। এমনভাবে কেটে রেখে দিই যে ঐ লোকটি যদি বছরে এক টাকাও শোধ না করে তাহলে এই ৫ হাজার টাকা সেই পরিমাণ টাকা হয়ে যাবে এবং তখন আমরা সেটা শোধ করে দেব, সব মিটে যাবে। কিন্তু এটাতো আমাদের উদ্দেশ্য হতে পারে না। প্রথমেই যদি আমরা টাকাটা কেটে রেখে দিই তাহলে গশুগোল হয়ে যাবে। আরো দু'একটি রাজ্য এটা করেছেন। আমি তাদের নামের মধ্যে যাছি না। কিন্তু এই সব তারা করছেন কি করে? হাজার হাজার লোককে টাকা দেওয়া হচ্ছে, সেটা আদায় কিভাবে করা হবে? সেটা যদি আদায় করা না যায় তাহলে কোটি কোটি টাকা চলে যাবে। এইভাবে একটা সরকার চলতে পারে না। আমরা একটা বাব্রুস্থা এখন নিয়েছি রুরাল হাউসিংয়ে এবং ৯ হাজার ৪০ জনকে এই টাকা দেওয়া শুরু হয়েছে। কয়েকদিন আগে রোটাশুায় মিটিং করে আমরা বলেছি যে এপ্রিল মাসের মধ্যে সমস্ত তালিকা এখানে পাঠিরে দিতে হবে। কয়েকটি জেলা থেকে এখনও আসেনি, কিন্তু বেশির ভাগ জেলা থেকে এসে গেছে।

**সেকেণ্ড ফেজে আমরা দেব হচ্ছে, ১৪,৩০০** জনকে। ইন্দিরা আবাসন যোজনা সম্পর্কে যেটা বলছেন সেটা ঠিক নয়। ইন্দিরা আবাসন যোজনাতে—রুরাল ডেভালপমেন্ট ডিপার্টমেন্টের এটা সাবজেক্ট ওদের কাছ থেকে আমরা নিলাম ১৯৯২-৯৩ সালে—১১,৩০৮টি ডুরেলি ইউনিট করার কথা ছিল। আর করেছি ১৩,৩০০টি ডুয়েলিং ইউনিট। তার মোট খরচ হয়েছে ১৬ কোটি ৯৫ লক্ষ টাকা। এটা হচ্ছে সেন্ট্রাল গভর্ণমেন্টের ৮০ ভাগ দেওয়ার কথা স্টেট গভর্ণমেন্টের ২০ ভাগ দেওয়ার কথা। এখানে বলা হচ্ছে এটা গ্রান্ট, এটা তারা করেছে। আপনারা শুনলেন তো পঞ্চায়েত মন্ত্রী কি বললেন। ইন্দিরা আবাসন যোজনা নিয়ে সারা দেশে এতো যে ডঙ্কা নিন্দা করতে হচ্ছে, আমরা তো দেখতে পাচ্ছি তার চেয়ে বেশি টাকার স্কীম আমাদের রাজ্যের পক্ষ থেকে এই সমস্ত আলোচনা করা হচ্ছে এবং তার চেয়ে র্বেশ কভারের এবং বেশি মানুষকে দিতে পারবো। এটা গ্রান্ট নয় এটা আমাদের সেইভাবে আদায় করে নিতে হবে। হাউসিং-এর ব্যাপার নিয়ে সুদীপবাবু বলেছেন। আমি আগেই বলেছি 🐠 কি করে একমত হওয়া যাবে যে হাউসিং বোর্ডে কোন ক্রাট-বিচ্যুতি নেই, হাউসিং বোর্ড স্যাচুরেটেড হয়ে গেছে. সেখানে কোন অসুবিধা নেই? আমরা এই কথা বলছি না। তার পারফরমেন্সে আরো এফিসিয়েন্সি আনতে হবে। অবশ্যই আনতে হবে। কিন্তু ৭ কোটি টাকার কাজ করতে করতে যারা ১৮-১৯ কোটি টাকাতে এসে গেল কয়েক বছরে তাদের কি করে বলবো তাদের কোন মোটিভেশান নেই, তারা কাজ করছে নাং এই কথাটা বলা আমার পক্ষে মুসকিল। আমি দু-একটা তথ্য দেব, বেশি তথ্য দেবার দরকার নেই। শুধু ডুয়েলিং ইউনিটের ক্ষেত্রে ১৯৮৬-৮৭ সালে হাউসিং বোর্ড এক বছরে ২,৬৫০টি বাডির কাজ করেছিল। ১৯৯<sup>১-</sup> ৯২ সালে এসে ২,৭৫৩টি করেছিল। ১৯৯২-৯৩ সালে এসে হাউসিং বোর্ড বাডি তৈ<sup>রি</sup> করছে ৬,৫১৯টি বাড়ি, এই ডুয়েলিং ইউনিটের কাজ তাদের হাতে আছে। প্লিথ এরিয়া কনস্ট্রাকশান, যেখানে গড়ে দেড় লক্ষ স্কয়ার মিটার প্লিথ এরিয়ার তারা কাজ করছে সে<sup>টা</sup> ১৯৯২-৯৩ সালেতে নিয়ে এসেছে ৩ লক্ষ ৫৪ হাজার স্কয়ার মিটার প্লিথ এরিয়ার <sup>কার্ড</sup>

গ্রাউসিং বোর্ড করছে। আগে যেটা বলেছিলাম ৭-৮-১০ কোটি টাকার কাজ যেখানে হাউসিং বোর্ড করছিল সেখানে ১৯৯২-৯৩ সালে এসে ৪১ কোটি ৮৩ লক্ষ টাকার কাজ করেছে এবং এই বছরে অর্থাৎ নতুন বছরে হাউসিং বোর্ড ৬৩ কোটি ৩৯ লক্ষ টাকার কাজ করবেন এই সিদ্ধান্ত তাঁরা নিয়েছেন। এই যে ওভারহেড এক্সেপেভিচার, এই কাজটা বাডানোর জন্য দেখবেন ওভারহেড এক্সপেভিচার যেটা আমাদের ছিল ২.৫৯, ৪.৪৬ সেটা এই বছর এসে দাঁডিয়েছে ২.৩৩। ওভারহেড এক্সপেভিচার যেখানে অনেক জায়গায় বেডে যাচ্ছে সেখানে হাউসিং বোর্ড যেখানে ৪.৪৬ রাইজ পার স্কয়ার ওভার হেড এক্সপেন্ডিচার ছিল সেটা কমিয়ে ২,৩৩ করতে পেরেছে। কিছুটা সুখের খবর আমি দিতে পারি বিধানসভাতে, নিশ্চয়ই আপনারা খনি হবেন. কারও এই সব প্রমোটার-টোমোটারের সমস্যা আছে, বাডি নতন না করলে প্রোমোটারদের ঠেকানো যাবে না। হাউসিং বোর্ডের বাডির দামের ব্যাপারে—আমি নিজে চেয়ারম্যান হই আর মন্ত্রী হই, যাই হই না কেন-আমি নিজে আলোচনা করেছি আপনাদের বাডির দামটা কি কিছুতেই কমানো যায় না? কিছুটা অ্যাকটিভিটিজ বাডিয়ে এটা আপনাদের করতেই হবে। এই সব ওভার হেড যা সমস্ত শুনলেন এই সমস্ত মিলে সর্বশেষ মিটিং-এ হাউসিং বোর্ড থেকে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে আমরা বাডির দাম কমাবো। বাডির দাম কমানোর ব্যাপারে কয়েকদিন বাদে সেই অ্যাফেক্টটা আমরা দিতে পারবো। দেশে যখন জিনিসপত্রের দাম বাডছে, সেই তালিকায় আমি যাচিছ না, স্টিল, সিমেন্ট দিস, দাটে, বাডি করতে গেলে যা যা জিনিস লাগে তার দাম কত বেডেছে, সেখানে আমরা কমাবো কত? যা সিদ্ধান্ত আমরা নিয়েছি তা আপনারা শুনুন। আমরা ঠিক করেছি অ্যাডমিনিসট্রেটিভ চার্জ যেটা সেটা আমরা ২৫ পারসেন্ট নিতাম সেটা আমরা ১৭ পারসেন্ট নেব। ৮ পারসেন্ট আাডমিনিসট্টেটিভ চার্জ আমরা কমিয়ে দেব। নেকস্ট স্কীম থেকে হাউসিং বোর্ডের ইন্টারেস্ট কম্পোনেন্ট নেব—'হার্ডকো' থেকে এবং বিভিন্ন জায়গা থেকে যে টাকা নিতাম, অন অ্যান এ্যাভারেজ ১৮ পারসেন্ট ইন্টারেস্ট কমপোনেন্ট আমরা নিতাম—ই ডবল এস,-এর ক্ষেত্রে ১১.২৫ পারসেন্ট এটাও ১৮ পারসেন্ট নেওয়া হতো। এল. আই. জি.-র ক্ষেত্রে নেব ১২ পারসেন্ট, এম. আই. জি.-র ক্ষেত্রে নেব ১৪.৫ পারসেন্ট এবং এইচ আই জি.-র ক্ষেত্রে নেব ১৬.৫ পারসেন্ট।

# [4-25 — 4-35 p.m.]

একটা প্রফিট রাখা হোত। হাউসিং বোর্ডকে রাখতে গেলে প্রফিট রাখতে হয়। এ্যাভারেজ টেন পার্সেন্ট প্রফিট রাখা হয়। আমরা কি সিদ্ধান্ত নিয়েছিং টেন পারনেন্ট এইচ. আই. জি.-র ক্ষেত্রে, আর এম. আই. জি.-র ক্ষেত্রে ফাইভ পারসেন্ট, এল. আই. জি.-র ক্ষেত্রে নো প্রফিট পারলে আমরা সাবসিডি দেব। ফলে টোটাল প্রফিট কমপোনেন্ট যেটা দুটো প্রপে আছে, সেটা আমরা তুলে দিলাম এবং এম.আই.জি.কে হাফ করে দিলাম। এর রেজান্ট কি হবেং নেকস্ট স্কীম, যেটা বেহালার সিরিটিতে আছে, সেখানে যে স্কীমটা আছে—এটা জেনে রাখুন—ফ্রাটের দাম এইচ. আই. জি. যেটা, এই মুহুর্তে তিন লক্ষ বিরানক্বই হাজার আটশো টাকা, সেই বাড়িটার দাম হবে তিন লক্ষ সন্তর হাজার তিনশো টাকা। অর্থাৎ বাইশ হাজার পাঁচশো টাকা কম হবে, পার্সেন্টেজ হিসাবে ৩.৫ পার্সেন্ট। এম. আই. জি. যে বাড়ি তার দাম হবে দুলক্ষ পাঁচ হাজার সাতশো ছয় টাকা। আজকে যে অ্যাডভাটাইজমেন্ট হয়েছে, নতুন যে আডভাটাইজ হয়েছে—এক লক্ষ পাঁচাশি হাজার পাঁচশো টাকা। অর্থাৎ ৯.৮২ পার্সেন্ট কমবে,

[31st March, 1994]

প্রায় টেন পার্সেন্ট আমরা কমাবো। এই কমানো মানে হচ্ছে যেখানে সমস্ত জিনিসের দায় বাডছে. সেখানে এফিসিয়েন্দি বাডিয়ে, প্রোডাকশান বাডিয়ে এটা করতে হবে। সেটা আমরা সিদ্ধান্ত নিয়েছি বোর্ডে। বিধানসভাতে এটা আমি বললাম। নেকস্ট স্কীম থেকে আমরা নিয়ে আসবো। হাডকো'র ব্যাপারে কম্পিউটার গ্রাফ করে দিয়ে দিয়েছি, ১৯৯২-৯৩ সালে হাডকো হাউসিং ব্যাংক থেকে ৮.৩ কোটি টাকা নিয়েছিল। এই বছরে আমরা হাডকোর কাছ থেকে ২১ কোটি টাকা নিয়েছি। আমাদের অরিজিন্যাল বাজেটে যেটা ছিল, রিভাইজড বাজেটে সাডে সতের কোটি টাকা নেব। আমরা ন্যাশনাল হাউসিং ব্যাংক থেকে টাকা নিই নি, হাডকোর কাছ থেকে টাকা নিয়েছি। নাাশনাল হাউসিং ব্যাংকের কাছ থেকে টাকা নেয় হাডকো। আমহা বলেছিলাম যে বাইপাসের পাশে, কলকাতার উপরে গরিব মানুষদের জন্য, সাধারণ মানুষদের জন্য বাডি হবে। সাধারণভাবে বলা হয়েছিল যে পঞ্চাশ হাজার ফ্রাট দেওয়া হবে। তার দায় কত হবে জানেন? দাম হবে বাষট্টি হাজার টাকা। পূজার আগে সেই ফ্র্যাটগুলোতে মান্য ঢুকবেন। আমরা ৫৭৬টি বাডি করেছি। গডিয়াহাটে পানবিডির দোকানের দাম এর থেকে বেশি। এটা লটারি করে দেওয়া হয়েছে, এটা হাউসিং বোর্ডের কাছে একটা ইতিহাস। এগ্রপ্রট করেছিল চার হাজার পাঁচশো বাইশ জন। আাপ্লিকেশান মানি জমা পড়েছে দ কোটি পাঁচিশ লক্ষ টাকা। হাউসিং বোর্ডের ইতিহাসে এটা প্রথম যেখানে লটারি করতে হয়েছে। গত ২৪শে ফেব্রুয়ারি সম্টলেক স্টেডিয়াম ভাডা করে লটারি করে আমরা সেখানে বাডি দিয়েছি। আমি ঘটনাচক্রে অবশ্য এর চেয়ারম্যান। টেন পারসেন্ট সরকারি কোটা আছে. কিছ কোটা আছে তাদের জন্য। আপনারাও আগ্রাই করতে পারেন। সেজন্য এই যে কাট মোশান আছে. এব বিরোধিতা করে এই বাজেটকে সমর্থন করছি।

## (Demand No. 36)

The motion of Shri Subrata Mukherjee that the amount of the demand be reduced by Rs. 100 was then put and a division taken with the following results:

#### NOES

Abu Ayes Mondal, Shri Adak, Shri Kashinath Bagdi, Shri Lakhan Basu, Shri Jyoti Bose, Shri Shyamaprasad Baora, Shri Samar Bera, Shrimati Chhaya Biswas, Shri Binoy Krishna Biswas, Shri Sushil Bouri, Shri Haradhan Chakraborty, Shrimati Tania Chatterjee, Shri Dhrindranath

Chatterjee, Shrimati Nirupama

Chattapadhyay, Shrimati Sandhya

Chatterjee, Shrimati Santi

Das, Shri Ananda Gopal

Das, Shri Trilochan

Dasgupta, Shri Asim Kumar

Deb. Shri Goutam

Deb, Shri Rabin

Dey, Shri Lakshmikanta

Dhar, Shri Padmanidhi

Dutta, Dr. Gouripada

Ghatak, Shri Santi Ranjan

Goswami, Shri Kshiti

Hazra, Shri Haran

Id. Mohammed, Shri

Jamadar, Shri Badal

Kar, Shri Nani

Kisku Shri Lakshiram

Mahata, Shri Kamalakanta

Mehata, Shri Nishikanta

Majhi, Shri Raicharan

Malakar, Shri Nanigopal

Mamtaz Begum, Shrimati

Mondal, Shri Kshitiranjan

Mondal, Shri Rajkumar

Mondal, Shri Manik Chandra

Manna, Shri Janmejoy

Mistry, Shri Bimal

Mitra, Shri Biswanath

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Niranjan

Munda. Shri Chaitan

Murmu, Shri Debnath

[31st March, 1994]

Murmu, Shri Sarkar
Pakhira, Shri Ratan Chandra
Sanyal, Shri Kamalendu
Sarkar, Shri Sisir
Sahis, Shrimati Bilasibala
Sen, Shri Dhirendra Nath
Shaw, Shri Prabin Kumar
Shish Mohammad, Shri
Singh, Shri Lagan Deo
Sinha, Shri Prabodh Chandra

#### AYES

Abdul Mannan, Shri
Bandyopadhyay, Shri Sudip
Chattopadhyay, Shri Shovan Deb
Das. Shri Sanjib Kumar
Dey, Shri Ajoy
Fazle Azim Molla, Shri
Gyan Singh Sohanpal, Shri
Mukherjee, Shri Subrata
Roy, Shri Saugata
Zainal Abedin, Dr.

The Ayes being 10 and the Noes 56 the motion was lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 52,85,78,000 be granted for expenditure under Demand No. 36, Major Heads: "2216-Housng, 4216-Capital Outlay on Housing and 6216-Loans for Housing."

(This is inclusive of a total sum of Rs. 17,62,00,000 already voted on account in March, 1994) – was then put and agreed to.

Mr. Speaker: Now, discussion on Demand No. 49 and 50.

#### Demand No. 49:

Shrimati Sabitri Mitra: Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

## Demand No. 50:

Shri Deba Prasad Sarkar
Shrimati Sabitri Mitra
Shri Subrata Mukherjee

I beg to move that the amount of the demand be reduced by Rs. 100

শ্রী সৌগত রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগে এই দপ্তরটির নাম পশুপালন দপ্তর ছিল, এখন দপ্তরটির নাম পরিবর্তন করে পশুপালন ও দোহন উল্লয়ন এবং প্রাণীসম্পদ বিকাশ দপ্তর বলা হয়েছে। এই দপ্তরের বয়়-বরাদের বিরোধিতা করে কাট মোশানের সমর্থনে আমার বক্তব্য রাখছি। গত ৩ বছর থেকে এখানে নতুন মন্ত্রী এসেছেন, তার আগে ১৪ বছর ধরে এই দপ্তরটির নেগলেকটেড হয়েছিল সেই সময়ের তুলনায় যদিও এখন দুধ বেশি উৎপাদন হয় তাসন্তেও আমি বলি যে এই দপ্তর গ্রামীন মানুষের কর্মসংস্থানের কোন ব্যবস্থা করতে পারেনি। পূর্ণ অর্থনৈতিক ব্যবস্থায় উয়য়নে বার্থ এবং জনসংখ্যা যেভাবে ক্রমশ বাড়ছে সেই অনুপাতে ভূমি-সংস্কার হয়নি। মাথা পিছু জমির পরিমাণ কম সেখানে মানুষকে আরো বেশি করে এই দুগ্ধজাত দ্রব্যের উপর কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। যেখানে চাষের উপরে নির্ভর না করে যাতে প্রাণী সম্পদ বিষয়ে বিকাশ ঘটে এবং তার উপরেই যাতে কর্মসংস্থানের ব্যবস্থা হয় গ্রামীণ লোকের সেইদিকটা দেখতে হবে। প্রাণী-সম্পদের ক্রেত্রে যে রেভলিউশান করার দরকার ছিল সেইদিক থেকে এই দপ্তর পুরোপুরি ব্যর্থ। আরো বিকাশ হওয়ার দরকার সেইদিক থেকে এই বাজেট বরাদ্দকে কোনভাবেই সমর্থন করা যায় না।

## [4-35 — 4-45 p.m.]

তার একটা বড় উদাহরণ প্রাণী-সম্পদ থেকে আমাদের যা যা লাগে তার একটাতেও এই বামফ্রন্ট সরকার স্বয়ংসম্পূর্ণ হতে পারেনি। আমাদের দুধ বাইরে থেকে আনতে হয়. আমাদের ডিম বাইরে থেকে আনতে হয়, আমাদের মাছ বাইরে থেকে আনতে হয়, আমাদের মাংস বাইরে থেকে আনতে হয়। এটা ঠিকই যে রেখাচিত্রটি একটু উর্ধ্বগতি দেখাচেছ। আমাদের গত কয়েক বছরে মিল্ক প্রোডাকশানটা কিছ বেড়েছে, আমাদের ইকনমিক রিভিউতে মন্ত্রী মহাশয় যে ফিগার দিয়েছেন তার থেকে এটা দেখা যাচছে। ১৯৯১-৯২ সালে দধ উৎপাদন হয়েছে ৩০.১৯ লক্ষ মেট্রিক টন, আর ১৯৯২-৯৩ সালে দধ উৎপাদন হয়েছিল ৩০.২৩ লক্ষ মেটিক টন: ১৯৯১-৯২ সালে ডিম উৎপাদন হয়েছিল ২.৩২৭ মিলিয়ন, আর ১৯৯২-৯৩ সালে ডিম উৎপাদন হয়েছে ২.৩৩০ মিলিয়ন: মাংস উৎপাদন হয়েছে ১৯৯১-৯২ সালে ৩.০০ লক্ষ মিলিয়ন, আর ১৯৯২-৯৩ সালে মাংস উৎপাদন হয়েছে ৪.১০ লক্ষ মিলিয়ন ; ব্রয়লার উৎপাদন হয়েছে ১৯৯১-৯২ সালে ২৪৬ লক্ষ, আর ১৯৯২-৯৩ সালে হয়েছিল ২৯০। এই চিত্র থেকে বোঝা যাচেছ উর্ধ্বগতি নিশ্চয় কিছুটা হয়েছে, তবে আত্মসন্তুষ্টির কোন কারণ নেই। সবগুলি জিনিসই আমাদের এখন বাইরে থেকে আনতে হয়। আমি এই <sup>কথা</sup> উ**দ্রেখ করতে চাই প্রাণী-সম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী মহাশ**য়ের এই ব্যাপারে খুব একটা <sup>কিছু</sup> করার নেই। সরকারের তো নিজস্ব গরু, বাছুর থাকে না, গ্রামের লোকেদের গরু, বাছুর <sup>থাকে</sup> এবং সরকারের বড দায়িত্ব *হচে*ছ তাকে রক্ষা করা, যাতে সংক্রামক ছডিয়ে না পড়ে <sup>এবং</sup> জাতটাকে উন্নত করা যায় তার জন্য চেষ্টা করা। তবে আমরা দেখছি সরকার <sup>রিভার</sup>পেস্টটাকে কন্ট্রোল করে জিরো রিভারপেস্ট করেছেন, এটা একটা কৃতিত্বের কথা।

এনিমেল হেলথ্ সেন্টারগুলোতে ভেটারনারির যে ডাক্তাররা আছে তারা ট্রিটমেন্ট টার্গেটি পৌছাতে পারছে না। গত বছর টার্গেট ছিল ৭৫ লক্ষ কেস, আর হয়েছে ৫৮ লক্ষ ৪৫ হাজার কেস। ভ্যাকসিনেশানটাকে আমরা আরও ব্যাপক করতে পারতাম। গত বছর গরু-বাছুর পপুলেশান হয়েছিল ১৬.৫ মিলিয়ন, ঘোষ .৯ মিলিয়ন। যেখানে আমাদের এক কোটি ৬৫ লক্ষ গরু আছে, সেখানে নয় লক্ষ মোষ আছে। যেখানে আমাদের টার্গেট ১ কোটি ৫০ লক্ষ ছিল সেখানে আমরা ১ কোটি ১৩ লক্ষ করতে পেরেছি গ্রামে আজকে ডাক্তার নেই বলে অভিযোগ আসে। ভেটেরনারি ডাক্তার পাওয়া যাচেছ না বলে গ্রামের লোকেরা অভিযোগ করে।

একটা বড ব্যাপার এখানে বলে রাখি। এই দপ্তরের অধীনে ঐ র্যাকিট ভ্যাকসিন তৈরি করার দায়িত্ব আছে। যেটার পাস্তর ইন্সটিটিউট আগে নাম ছিল, আমি জানি না সেখানে সকালে কেউ গিয়েছেন কিনা, গেলে দেখতেন যে আধ মাইল লম্বা লাইন পড়ে গিয়েছে এই ভাাকসিন নেওয়ার জনা। প্রত্যেক ডগই প্রাাকটিক্যাল রাাবিট ক্যারিয়ার। এখন রাস্তায় ককর কামডে দিলে লোকের সেটা দরকার। কোলকাতার রাস্তায় ককরের সংখ্যা আপনারা সকলেই জানেন। এ ক্ষেত্রে আমরা বঝতে পারছি না যে কেন প্রয়োজন অনুযায়ি এই র্যাবিট ভ্যাকসিন তৈরি করতে পারছেন না। তার পুরানো যে র্যাবিট ভ্যাকসিন ছিল মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে আজকাল সেটা আউট-ডেটেড হয়ে গিয়েছে। সেগুলি আজকাল আর কেউ বাবহার করেন না। সেটাতে ঐ পেটে মোটা মোটা ৩২টা ইনজেকসান দিতে হ'ত। এখন ফরাসিরা নিয়ে এসেছে মেরিউক। তারপর হেকস্ট কোম্পানি তারাও এ জিনিস তৈরি করছে। এখানে এই দটি এয়ান্টি র্যাবিট ভারুসিন কিভাবে সম্ভায় সাপ্লাই করতে পারা যায় সেটা দেখতে হবে। আর জেলাগুলির কথা তো সকলেই এখান বলেন। মানসবাব তো প্রায়ই বলেন যে জেলাগুলিতে প্রায়ই এই এান্টি রাাবিট ভাাকসিন থাকে না। এর একটা বিরাট ক্রাইসিস রয়েছে জেলার হাসপাতালগুলিতে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, গরু-বাছরেরও ঐ একই সমস্যা। তাদেরও কুকুরে কামডে দিলে সমস্যা হয় কাজেই সেখানে এর প্রডাকসান কি করে আরো বেশি করে বাডানো যায় সেটা দেখন। দ্বিতীয়তঃ যে বিষয়টি নিয়ে আমি বলব সেটা হচ্ছে, পশ্চিমবঙ্গ সরকারের নেগলিজেন্দের জন্য আমাদের এখানে আর্টিফিসিয়াল ইনসেমিনেসান এবং ফ্রোজেন সিমেন টেকনোল**ি দের করে এসেছে। স্যার, আপনি জানেন যে পা**ঞ্জারে রেভলিউসান হয়ে যাবার পর ওরা বলেছিলেন যে হোয়াইট রেভলিউসান করবেন এবং দুধে সেই রেভলিউসান করতে ওরা সক্ষম হয়েছেন। মহারাষ্ট্র, গুজরাট, কর্শটিক, রাজস্থান— ওয়েষ্টার্ন ইন্ডিয়ার প্রায় সর্বত্র এই ক্যাটেল রেভলিউসান হয়েছে। হয়েছে তার কারণ সেখানে নতুন নতন টেকনোলজি এসেছে। **আটিফিসি**য়াল ইনসেমিনেসানের টেকনোলজি—সিমেন ফ্রিজ করে লিকাইড নাইটোজেন টেম্পারেচার মাইনাস ৮০ কি ৭০-এ যদি রাখা যায় তাহলে তার <sup>লং</sup> একটা স্টে পিরিয়াড হয়। তা দিয়ে যদি ইনসেমিনেট করা যায়—স্পেশ্যাল কনটেনারে সেণ্ডলি রাখতে হয়—তাহলে বেটার কোয়ালিটি তৈরি হতে পারে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন <sup>হে</sup> জার্সি বা হলস্টাইন গরু এনে তারা নাকি আর্টিফিসিয়াল ইনসেমিনেসান করে ফ্রোজেন সি<sup>মেন</sup> টেকনোলজি ব্যবহার করে এ**ই কাজটা করকে। किন্তু একটিমাত্র** আমাদের লিকুইড নাইট্রোজেনের াান্ট আছে। মহারাষ্ট্রে শুনি যে প্রত্যেক জেলাতে একটি করে নাকি লিকাইড নাইট্রোজেনি

প্রান্ট ওরা তৈরি করে ফেলেছেন। সেখানে একটি মাত্র প্ল্যান্ট নিয়ে কি করে আমাদের মতন এতবড রাজ্যে এই কাজটা করা সম্ভব আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় তা চিস্তা করে দেখবেন। এটা বাডাবার ক্ষেত্রে আমার মনে হয়না টাকার জন্য কোন অসুবিধা হবে। এরজন্য কেন্দ্রের সাপোর্ট সেখানে আসবে। শুধু আপনার বাজেটারি সাপোর্ট নয়, কেন্দ্র থেকেও আসবে। কাজেই এ ব্যাপারটা চিন্তা করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। আমাদের এখানে গরুতে যা দ্রধ দেয় তা যথেষ্ট নয়। তার কারণ, আমরা ব্রিডটা ইমপ্রুভ করতে পারি না। আমাদের কাটেল পপলেসান কিন্তু খব কম নয়। West Bengal is the main-stream of hydel scheme, মানে এখানে গরু, বাছর মরলে আমাদের যেন বেশি লাভ। সেগুলি স্লুটার হাউসে যায়, ট্যাংরার ট্যানিং ফ্যাক্টারিতে যায়। আমরা বলেছি, ব্যাপারটা কিন্তু এইভাবে দেখতে হবে না। গরু আমাদের সম্পদ। 'গো-মাতা' বলে লোকে এখানে গরুকে পূজা করে কিন্তু তাদের শেষ পর্যন্ত স্কিন, বোনের জন্য ব্যবহার করা হচ্ছে। এটা কিন্তু ঠিক নয়। সূতরাং আমাদের দেখতে হবে modern technology in the process of artificial insemination. এতে কি করে ব্যবহার করা যায়। এখনও পর্যন্ত লিক্যুইড নাইট্রোজেন মাত্র ৩৮ হাজার ৯৬০ লিটার প্রডিউস করা হচ্ছে। আমার মনে হয় এটাকে এক লক্ষ লিটার প্রডিউস করার টার্গেটে যদি আমরা না পৌঁছাতে পারি তাহলে এই আর্টিফিসিয়াল ইনসেমিনেসানের ব্যাপারে যথেপ্টভাবে এগুলো যাবে না. এটাকে ছডিয়ে দেওয়া যাবে না। এর পর আমি পোলট্রি ডেভালপনেন্টের কথা কিছু বলব। আপনারা দেখবেন বহু বাঙ্গালি বেকার ছেলে তারা এই পোলট্টি করছে বিশেষ করে ঐ হারডা, অশোকনগর ইত্যাদি জায়গায়। এইসব জায়গায় গেলে দেখবেন ঘরে ঘরে পোলটি। কিন্তু তাদের সমস্যা হচেছ, একবার যদি মড়ক লেগে যায়—ঐ মুরগিণ্ডলি এক পায়ে দাঁডিয়ে যায়, তাদের একটা বিশেষ রোগ হয়—তাহলে সব মুরগী একবারে সাফ হয়ে यायः এর ফলে অনেক বেকার ছেলে লসে পড়ে যাচেছ। ব্যাংক টাকা দিচেছ কিন্তু সেখানে গর্ভর্গমেন্ট থেকে আমরা দেখছি পোলট্টি ডেভালপমেন্ট স্কীম যেগুলি রয়েছে তার এফেক্ট এখনও এই ছোট ছোট মালিকরা বা বেকার ছেলে যারা পোলট্রি তৈরি করছে তারা পর্যাপ্তভাবে পাছে না। মাননীয় মন্ত্রী মহাশয় দৃটি পাবলিক সেক্টার আভারটেকিং চালাচ্ছেন। একটা গতবার লাভ করেছে।

## [4-45 — 4-55 p.m.]

সেটার নাম হচ্ছে ওয়েস্ট বেঙ্গল কেয়ারি এয়ণ্ড পোলট্টি ডেভালপমেন্ট কর্পোরেশন।
গত বছর পশ্চিমবাংলায় খুব কমই পাবলিক সেক্টার লাভ করে, ৯ লক্ষ ৯৮ হাজার টাকা
লাভ করেছে, এয়াকুমুলেটেড লাভ এসে দাঁড়িয়েছে ওয়াইপ্ভ আউট হয়ে আগের লস ১৫
লক্ষ ৪৬ হাজার টাকা, এটা ৬৯ সাল থেকে করছে, আগে লস্ হতো কিন্তু ইদানিং এটা
লাভ দেখাছে, কিন্তু মন্ত্রী মহাশয়ের দপ্তরের অন্য যে পাবলিক সেক্টার আইডার টেকিংটা
আছে ওয়েস্ট বেঙ্গল লাইফ স্টক প্রসেসিং ডেভলাপমেন্ট কর্পোরেশন সেটা গতবার লস্
করেছে ৫২ লক্ষ টাকা এবং তার এয়কুমুলেটেড সেটা হয়েছিল ৭৪ সালে আমাদের কংগ্রেস
মামলে সেটা প্রতিষ্ঠিত হয়েছিল কিন্টার এখন এয়াকুমুলেটেড লস্ এসে দাঁড়াছে ১ কোটি
৫২ লক্ষ টাকা। আপনাকে এটা দেখতে হবে যাতে আপনাদের দপ্তরে এটা আসে আগমী
কিন্তুর লস্টা যাতে ওয়াইপ আউট করে দেওয়া যায়, সেটা আপনার পক্ষে দেখা বেশ জরুর।

আমি তাই এ্যানিম্যাল হাজব্যান্ডারি সম্বন্ধে এই কথা বলি, আমি মূলত দুধের ব্যাপারে বলকে চাই, কারণ আমাদের এই যে এ্যানিম্যাল হাজব্যান্ডারি সম্পর্কে নলেজটা থিওরিটিক্যাল, আমরা শহরের লোক, আমরা দুধ খাই, উই আর কনজিউমার্স মিল্ক, নট producers of milk এবং এখানে দেখছি আমাদের রাজ্যে সতাই খব পিছিয়ে আছে। আপনি নিশ্চয়ই জানেন মন্ত্রী মহাশয় হিসাব আমার চেয়ে ভাল জানেন এবং আপনি এখানে উল্লেখ করেছেন, আমাদের মহারাষ্ট্র থেকে প্রতিদিন আমাদের দুধ আনতে হচ্ছে এবং মিল্ক ট্রেন আসে একটা। গুজরাট থেকে সেইগুলো আমাদের এখানে দধ নিয়ে আসে এবং আমাদের দুধের প্রভাকশন বাডলেও জেলায় জেলায় বেডেছে কিন্তু সেটা সাফিসিয়েন্ট নয়। আপনি যদি একট দেখেন যে প্রভাকশন অব টোটাল মিল্ক ছিল ইন থাউজ্ঞ্যান্ডস টনস---৮৮-৮৯ সালে ২ হাজার ৭০০ সেটা ৯২-৯৩ তে বেডে ৩ হাজার ১৪তে দাঁডিয়েছে। আমরা দেখছি যে এটা প্রাটকালি ৯০-৯১-এব পর স্ট্রানিক হয়ে গেছে। ৯০-৯১ সালে ছিল ২ হাজার ৯১২, ৯১-৯২ সালে ছিল ৬ হাজার ১১ আর ৯২-৯৩ সালে ৩ হাজার ১৪। প্রাকটিক্যালি রেট অফ গ্রোথ খব কম। মানে অলমোস্ট লেভেল হয়ে গেছে। বেট অব গ্রোথ প্রায় নিল বলা যেতে পারে। মাননীয মন্ত্রী বলবেন যে রেট অব গ্রোথ এত কম কেন— অন্য দিকে সরকারের যে ডেয়ারিগুলো আছে, তার বোথ কালেকশন এগ্রন্থ প্রডাকশন আর এগ্রাট এ টেরিবল স্টেজ। আপনি নিশ্চরই **জানেন যে হরিণঘাটা ডাঃ রায়ের স্বপ্ন ছিল এবং ডাঃ রায় চেয়েছিলেন যে কলকাতা** থেকে আনাথরাইজড খাটাল সব সরিয়ে নিয়ে যাবেন এবং ওখানে একটা মোস্ট মডার্ন ডেয়ারি বিদেশি টেকনোলজি নিয়ে তিনি তৈরি করেছিলেন, ব্যাপক জায়গা সেখানে দেওয়া হয়েছিল, **হরিণঘাটায় যাতে ভালভাবে হরিণঘাটা ডেয়ারিটা চলে। আজকে হরিণঘাটা**র কি অবস্থা, হরিণঘাটা **শুকিয়ে যাচছে। হরিণঘাটা দৃগ্ধ কলোনি যেখানে ফার্মের গোশালা**য় গাভির সংখ্যা ছিল ১০ शकात त्रांग वर्षमात्न वर्त्र माँजिस्साह म शकात्त. वर्षेग व्यापनात्त व्यामलारे रसाह। ११ সালে যেখানে দুধের উৎপাদন ছিল প্রতিদিন ১ লক্ষ ২০ হাজার লিটার, সেটা কমে দাঁডিয়েছে ২০ থেকে ৩০ হাজার লিটার। এটা আপনাদের আমলে হয়েছে এবং এখানে বাইরে থেকে আপনি দুধও কিছ কলেক করতেন। আপনার এত কম যে আপনার নিজের এখানকার ডেয়ারির জন্য আপনি দুধ সাপ্লাই করতে পারেন না অথচ ওখানে পুরো গাভির সংখ্যা করে গেছে. কিন্তু 811 **হাজার যে ওখানে ফডার ফার্মের** লোক রয়েছে তাদের আপনি বসিত্র বসিয়ে খাওয়াচেছন এবং তার উপর ওখানে ৬০০ নিজম্ব কর্মচারী রয়েছে কিন্তু বাইরের অন **লোকদের দিয়ে পঞ্চায়েতের মাধ্যমে ঘাস কাটার কাজ**, তাদের দিয়ে করানো হচ্ছে। আপনার যে দধের টাাঙ্কারগুলো ছিল, ভ্যানগুলো ছিল, এইগুলো বেশির ভাগ বাতিলের পর্যায়ে চলে গেছে এবং **ফার্মে ৯২-৯৩ সালে লোকশানে**র পরিমাণ দাঁডিয়েছে ৫০ কোটি টাকা। ৭৭ সালে **এই ক্ষতির পরিমাণ ছিল মাত্র ৮০ লক্ষ টাকা। আপনার দরকার হল এখানে সব কা**ড ছেডে—বর্ধমানে তো আপনি জেলা পরিষদের দায়িত্বে দিয়ে এসেছেন. আপনাকে হরিণঘাটাই বসে থাকতে হবে যে কেন এটায় এত লোকসান হচ্ছে, এটা আপনার পক্ষে দেখা অতার প্রয়োজন। আজকে আমি দেখছি, আপনি নতন ডেয়ারি করার দিকে একটু নজর দিয়েছেন। কলকাতায় দুধের ডিমান্ড আছে—এত আনঅথারাইজড খাটাল আছে, তার মধ্যে খাটাল তুললে—আমার কনস্টিটিউয়েলিতেও আছে, খাটাল তুললে গোয়ালারা এসে ঝামেলা করে, কিন্তু আপনার যে নিয়ম সেই নিয়মটাকে আপনি ইমপ্লিমেন্ট করতে পারলেন না। খাটালের

গ্রাপারে যে আইন ছিল, ওরা একটা হাইকোর্ট অর্ডার পেয়েছে, সেই অর্ডাবে বসে আছে গটালগুলো এবং আপনি হাইকোর্ট থেকে যতক্ষণ না ইঞ্জাংশন তুলতে পারছেন—এ যারা **র্চাল দেয় মামলার জনা, তাদেরকে বলে তোমরা থাকতে পার আর বাকি লোকেদের মাঝে** प्रात्य त्रिष्ठ करत थरत निराय यान। मु ठात्रमिन त्रिष्ठ करत थरत निराय यात्रा, लालवाब्बारत এकठा 3. সি. ক্যাটেল আছে. দু চারদিন পরে টাকা পয়সা দিয়ে ছাডা পাওয়া যায়। সতরাং আপনি ্রাই রিডিকিউলাস সিস্টেম না রেখে—এই খাটাল সম্বন্ধে আমি একটা কোশ্চেনও দিয়েছিলাম, ত্রাপনার ক্রিয়ার কাট কি পলিশি, গভর্নমেন্টের কি পলিশি আছে, সেটা অ্যানাউন্স করতে গব। তার কারণ আপনি যেটা দেখবেন, আপনার কত প্রডাকশন, দুধের প্রয়োজনের তুলনায় কত কম। সেন্ট্রাল ডেয়ারি বেলগাছিয়া, হরিণঘাটা ডেয়ারি, ক্যন্দ্রগর ডেয়ারি, বর্ধমান ডেয়ারি, র্ন্যাপর ডেয়ারি মিলিয়ে পার ডে প্রোডাকশন হচ্ছে ১ লক্ষ ৯২ হাজার মিলিলিটার ওনলি। ্রুর পাঁচটি ডেয়ারিতে বসিয়ে বসিয়ে লোকেদের মাইনে দিচ্ছেন। অথচ ভালভাবে ডেয়ারি ্যলালে প্রোডাকশন কি হতে পারে তা মাদার ডেয়ারি দেখিয়ে দিচ্ছে। মাদার ডেয়ারি এক এক দিনে প্রোডাকশন করে ৩ লক্ষ ৪৩ হাজার ২৯০ লিটার। আপনার পাঁচটা ডেয়ারিতে উৎপাদন হচ্ছে প্রতি দিন ১ লক্ষ ৯২ হাজার লিটার, আর মাদার ডেয়ারি একাই করছে প্রতি দিন ৩ লক্ষ ৪৩ হাজার লিটার। এই অবস্থায়ও আপনি শুধু নিজেদের দল রাখার জন্য কাউকে কিছ বলবেন না। আপনার বর্ধমান জেলার দটো ডেয়ারি--বর্ধমান ডেয়ারি এবং দর্গাপর ডেয়ারি : সে দটোরও আপনি কোনও ইমপ্রভমেন্ট করতে পারেন নি প্রোডাকশনের ক্রের। আপনি এখন থার্ড মেটো ডেয়ারির কথা বলছেন, আমি ওয়েল-কাম করছি। মেটো ডেয়ারি হলে খব ভাল জিনিস হবে। তারপর কেভেনটার আসছে। মুকুন্দর মালিক বীরেন শা'র সঙ্গে জয়েন্ট কোলাবরশেন করছেন। ইস্কোর ক্ষেত্রে মুকুন্দর বিরোধিতা করছেন, কিন্তু কেভেনটারের সঙ্গে তাকে নিয়ে আসতে আপনারা কোনও আপত্তি করছেন না। কেভেনটার যদি ডেয়ারি করে তাহলে নাকি সেখানে পার ডে ৪ লক্ষ লিটার দুধের প্রোডাকশন হবে। কিন্তু সেটা প্রোকিয়রমেন্ট কোথা থেকে হবে, তার কোনও ক্রিয়ার কাট জবাব আপনি দেননি। থার্ড মেট্রো ডেয়ারির প্রোকিয়রমেন্ট কি সিন্টেমে হবে? আপনার ডেলি প্রোকিয়রমেন্ট অফ <sup>মিন্ক</sup> ফ্রম কো-অপারেটিভ হচ্ছে ১ লক্ষ ৫০ হাজার কে. জি.। আর মাদার ডেয়ারির <sup>৬,৪৩,২৯০</sup> লিটার। আপনি বলছেন থার্ড মেটো ডেয়ারি ৪ লক্ষ লিটার দুধ দৈরি করবে, <sup>তারা</sup> সেই দুধটা পাবে কোথা থেকে? এখন ডেলি ৩০ হাজার লিটার দুধ মহারাষ্ট্র থেকে <sup>আনতে</sup> হচ্ছে। অবশ্য প্রোকিয়রমেন্ট আগে থেকে একটু বেড়েছে। আপনি নতুন একটা প্রোগ্রাম নিয়েছেন, আর্থিক বোনাসের প্রোগ্রাম নিয়েছেন প্রোকিয়রমেন্ট বেড়েছে, কিন্তু এখনও প্রাকিয়রমেন্ট ইজ ফার সর্ট ফ্রম টার্গেট। হিমলে আমাদের একটা ইউনিয়ন আছে, আমাদের <sup>নাছে</sup> সবাই দরখান্ত পাঠায় যে. হিমল তাদের দুধ নিচেছ না। হিমল নর্থ বেঙ্গলের এক মাত্র <sup>ডেয়ারি</sup>, মাটিগাডায় কংগ্রেস আমলে করা হয়েছিল। সাধারণভাবে নর্থ বেঙ্গল নেগলেকটেড, <sup>সূত্রাং</sup> এটাকে একট স্পেশাল আটেনশন দিয়ে দেখা দরকার। মাননীয় মন্ত্রী, আমি আবার <sup>আপনাকে</sup> স্মরণ করিয়ে দিতে চাই, অপারেশন ফ্লাড, এবং অপারেশন ফ্লাড। 'যে ভারতবর্ষে <sup>বিদ্ধ</sup>েরেভোলিউশন হয়েছে। সারা দেশের সেই প্রোগ্রেসের সঙ্গে আপনারা ক্যাচ আপ করতে <sup>পারলেন</sup> না। তবে বর্তমানে ট্রেন্ডটা আগের চেয়ে ডেফিনিটলি ভালর দিকে, কিন্তু এই

[31st March, 1994]

ট্রেন্ডটাকে অ্যাক্সিলারেট করার দিকে কি পদক্ষেপ নিচ্ছেন? আপনি একটু ভেবে দেখুন, আপনার বাজেট বরাদ্দ হচ্ছে ৫১ কোটি ১২ লক্ষ ৫২ হাজার টাকার এবং এর বেশির ভাগটাই নন-প্ল্যান্ড এক্সপেন্ডিচারে চলে যাছে। আপনি বর্ধমানে জেলা পরিষদের প্রেসিডেন্ট হিসাবে ভাল কাজ করেছেন। মন্ত্রীর দায়িত্বে নতুন এসেছেন। আমি আপনার কাছে জানতে চাইছি আপনি আপনার দপ্তরের জন্য কি প্ল্যান কি প্লাসপেক্টিভ রাখছেন? এই কটি কথা বলে আমি এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে, আমাদের কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

# [4-55 — 5-05 p.m.]

**শ্রী মলিন ঘোষ ঃ মাননী**য় চেয়ারম্যান স্যার, এতক্ষণ ধরে সৌগতবাবুর বক্তন্ত শুনছিলাম। আমরা তো বাজেট পড়েছি, কিন্তু এই বাজেট ওদের কাকে পড়াবেন? ঐ মালের। **সব খেয়ে ফেলেছে। আজকে পশ্চিমবাংলার দিকে** তাকিয়ে দেখন—গডিয়া, বালিগঞ্জ নয়, গ্রামে যাও। মালেরা ওখানে গিয়ে কিছ করতে পারছে না. স্বনির্ভরতা প্রকল্পের কথা ওরা বলতে পারে না। এখানে তাই গুজরাটের কথা বলছে। ইন্দিরা গান্ধীর কোলে বসিয়ে বাখন করিয়ানকে। ওরা গুজরাট, মহারাষ্ট্রকে লালন-পালন করেছে আর এখানে ওরা গুকিয়ে দিলে। আজকে গ্রামের দিকে তাকিয়ে দেখন, কষিতে যেমন উন্নতি হয়েছে তেমনি প্রাণীজ সম্পদের উন্নতি হয়েছে। একজন গ্রামের মানুষ মন্ত্রী হয়ে চমকে দিয়েছেন। কি করে হল? গ্রামে গেল তোমরা (কংগ্রেসিরা) তো ভোট পাওনা, মালেরা সব হাপিস হয়ে যাছে। ৮০ ভাগ মান গ্রামে বাস করে। সেই ক্যকরা আজকে ওদের ঝাঁটা মেরে গ্রাম থেকে বিদায় করে দিয়েছে: সেইজন্য আজকে ওরা ৪১ জনে এসে ঠেকেছে। আজকে গ্রামে নতন জোয়ার সৃষ্টি হলেছ ১লা মার্চ. মহাচীনের প্রতিনিধি দল চন্ডীতলার কালিপুরে দুগ্ধ প্রকল্প দেখতে এসেছিলে সেখানে গিয়ে দেখে গ্রামের বাল্য বিধবারা ১টি করে গরু রেখে সংসার চালায় আর সেই দ্ধ মাদার ডেয়ারিতে যায়। হিসাবটা নাও? মালেরা এইসব কথা বলল না কেন? মাদার ডেয়ারি আমার কনস্টিটয়েন্সির মধ্যে পড়ে। মালেরা জানেনা—সেখানে কত প্রোকিওবর্মের্ট বাডছে। গ্রাম থেকে কালেকশন হচ্ছে। এগুলো কি করে হল? ঘুষ দিয়ে নয়, দুই নম্বরি 🌃 নয়, আজকে গ্রামে নতুন জোয়ার সৃষ্টি হয়েছে। কোঅপারেটিভগুলি দেখেছ? গঙ্গার জো<sup>্রা</sup> নয়, দুধের জোয়ার বইছে। আমরা ক্যকদের সঙ্গে জীবস্ত যোগাযোগ পঞ্চায়েতের মাধ্য করেছি। সেইজন্য আমরা দুধের সংগ্রহ মূল্য ৬ টাকা ৫০ পয়সা করেছি আর দুধ কিন্ছ <sup>কর্</sup> দামে? ৫ টাকায়। ১৯৭৬।৭৭ সালে কত ছিল? ১০ লক্ষ আর ১৯৯৩ সালে সেই জায়গ হয়েছে ৩৩ লক্ষ। বড ব্যথা লাগে? তোমরা কি করেছ? সব বাঁশ দিয়ে গেছ, দু নম্বরিতে দেশটা শেষ হয়ে গেছে। চোর-জোচ্চর, সাপ্লায়ার তৈরি করেছ, দেশটাকে জাহান্লামে পাটিটে দিয়েছ আর করিয়ানকে লালন-পাল করেছ। এখন দেশে ডাঙ্কেল, আঙ্কেল এনেছ। <sup>কেং</sup> থেকে দুধ খাবে? মাংস খাবে কোথা থেকে? ডিম আমেরিকা থেকে এনে খাওয়াতে ঘ আজকে পশ্চিমবাংলায় এই যে দুধের সূর্টেজ—এটা কে করেছ? তোমরা করেছ। হাইকেটি আইনে অনেক জিনিস আটকে গেছে। অনেক গড়ে হাইকোর্টের ইঞ্জাংশন যেমন জমির 🥨 ভ্যাকেট করেছি, তেমনি খাটাল উচ্ছেদের ইঞ্জাংশন ভ্যাকেট করা উচিত এবং সেই স<sup>র্ম</sup>ে খাটালগুলিকে হরিণঘাটায় নিয়ে যেতে হবে। তা না হলে ওদের বউরা চায়ের সঙ্গে দু<sup>র প্র</sup>ে

না। বল না, আমার খাটাল অপসারণে বিরোধিতা করব না। সাহস থাকে তো বিধানসভায় দাঁডিয়ে বল। চেয়ারম্যান মহাশয়, আমরা ঝামেলা করেছি। মাদার ডেয়ারি, হাাঁ, আমি নিজে আাসিওরেন্স কমিটিতে ছিলাম. আমি দেখেছি বর্তমানে আজকে মাদার ডেয়ারি কোটি কোটি টাকা দিচ্ছে. ৪ লক্ষ লিটার দৃধ **উৎপাদন** করছে। যারা করেছে ক্যাভেন্ডার ওরা বলছে মাদার ডেয়ারি একসেপশন হচ্ছে, অনেক মিস্ক্রিয়েশন নিয়ে গেছে লরি করে। ঐ তো মান্নান সাহেব বসে রয়েছেন. অনেক মায়ের চেলা. চামুন্ডা খন্ডকার অন্ধকার করে দিয়েছেন। চোর, চোট্টার সঙ্গে দরবার করে গিয়েছিল সজোরে মেরে দিয়েছে। মাদার ডেয়ারি ভাল চলছে, সব দধটা বন্ধ হল, সুডসুডি লাগবে, ওটা বড মায়ার জায়গা বলতে সাহস নেই : কষ্ট হচ্ছে? মাদার ডেয়ারি. গভর্নমেন্টের সহায়তায় যে প্রোজেক্ট হচ্ছে বাচ্ছা এবং বৃদ্ধরা সকাল সন্ধ্যায় দুধ পায়, সেখানে বাগড়া দেবার চেষ্টা করছে, বর্তমানে তো ক্ষমতা নেই মাদার ডেয়ারি তোলার. ইউনিয়ন করে কিছু করতে পারেনি তাই এখন রগডাচ্ছে, আরও রগডাবে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব মাদার ডেয়ারি প্রশাসন যেভাবে পরীক্ষা নিরীক্ষা করে সরবরাহকে অব্যাহত রাখছে তাতে আমাদের সরকারী দৃগ্দ প্রকল্পকে গ্রহণ করতে হবে। গরুকে চিকিৎসা করার কথা বলেছেন হাসপাতালে ডাক্তার পাওয়া যায় না. ডাক্তারকে গাঁয়ে পাঠাবার ব্যাপারে অনেক কথা শোনা যায়, ডাক্তারেরা গ্রামে যেতে চায় না, সবতো অসখ সপারিশ করার মকেলরা বসে আছেন, রাইটার্স বিল্ডিংসে বা যেখানে যা করার তা করবে, এই রকম হলে গাঁয়ে যাবেটা কে? নিজেরা তো সন্টলেকে বালিগঞ্জে ঘাঁটি গেডেছে : সেজনা মন্ত্রী মহাশয়কে অনরোধ করব বড ডাক্তারের দরকার নেই. চীনে যেমন করছে এম. বি. এম. ডি.-র দরকার নেই বেয়ার ফুটেড ডাক্তার যেন যায় ; বেয়ার ফুটেড ডাক্তারদের ট্রেনিং দেওয়া হোক, দিয়ে আজকে ছেডে দিক গ্রামাঞ্চলে চলক, ঐ সিমেন্স ইত্যাদির ব্যাপরে দেখেছি ঐ বেয়ার ফটেড ডাক্তারদের ট্রেনিং দিয়ে গ্রাম বাংলায় পাঠানো হয়েছে যাতে নতন প্ল্যান্ট করা হয়,হাজার হাজার লিটার দুধ নম্ভ হয়ে যাচ্ছে। মন্ত্রী মহাশয়কে অনুরোধ করি যে পঞ্চায়েত সমিতির সঙ্গে যোগাযোগ করে যেখানে যেখানে দুধ উৎপাদনে সুযোগ আছে সেখানে সমবায়, কো-অপারেটিভ করে—আমরা গুজরাটে দেখেছি এক একটা ইয়ামা, রাজদূত ঐ সব গাডি কেটে তার পিছনে ট্যাঙ্কার করে দৃধ নিয়ে আসছে গ্রাম থেকে শহরে আবার শহর থেকে অন্য জিনিস নিয়ে যাচ্ছে। দুধ কালেক্ট্রিং সেন্টার করেছে অর্ডার নিচ্ছে, নানারকম খাদ্য দিচ্ছে ক্যাশ টাকা দিচ্ছে অবস্থা অন্য রকম হয়ে গেছে। আগে গাঁয়ে লোকে বলত 'আয়লো দিদি মাইলো थारे' प्रव जूल (श्रष्ट, তোমরা না হয় ১৯৭৭-এর পর এমেছ, ২/১ জন বুড়ো তো রয়েছে, সেই মাইলো খেতে হোত সেটা মনে নেই? হাাঁ, তখন লোকে বলত 'আয় লো দিদি মাইলো খাই, কংগ্রেসকে ভোট দিয়ে যাই।' আজকে আর কেউ মাইলো খায় না। আগামী দিনে প্রাণী मन्त्रम निरात व्यात्मानन कराटा भारतन हिन वमत्न गार्व। छाँदे व्याप्त वापक्रमें महकारहर এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-05 — 5-15 p.m.]

শ্রী আবদুল মান্নান : মিঃ চেয়ারম্যান, আজকে প্রাণী-সম্পদ বিকাশমন্ত্রী যে ব্যয় বরাদ্দর দাবি পেশ করেছেন তার বিতর্কে অংশ গ্রহণ করতে গিয়ে প্রথমে আপনাকে অভিনন্দন জানাব, আমার পূর্বে প্রাণী সম্পদেরই একজনকে বলতে দিয়েছিলেন বলে। মাননীয় মন্ত্রী

এখানে ব্যয় বরান্দের দাবি পেশ করেছেন, কিন্তু তার চেহারা দেখেই বোঝা যাচেছ যে. পশ্চিমবঙ্গে দুধের অবস্থাটা কি রক্ষ। তবে আমি প্রথমে মলিনবাবকে প্রাণী সম্পদের প্রতিনিধি বলে যে কথা বলেছি সেটা নিছকই ঠাটো করছিলাম বন্ধ হিসাবে। আমি এখানে মাননীয় মন্ত্রীর কাছে স্পেসিফিক্যালি জানতে চাই. মাদার ডেয়ারি সম্বন্ধে কারণ গত বছর বাজেট বক্ততায় উনি মাদার ডেয়ারিতে ৩ লক্ষ ৮৮ হজার লিটার প্রোডাকশনের কথা বলেছিলেন কিন্তু এই বছর সেটা ৩ লক্ষ ৪৩ হাজার ২৯০ লিটার বলেছেন। এটা কমে গেল কেন? যেখানে দপ্তরের জন্য ব্যয়-বরাদ্দ ৪৭ কোটি থেকে ৫১ কোটিতে নিয়ে যাচ্ছেন সেখানে মাদার ডেয়ারির দৃগ্ধ প্রোডাকশন কমে গেল কেন? এর পেছনে তো কেন্দ্রীয় সরকারের কোনও চক্রান্ত ছিল না। প্রাণী-সম্পদ বিভাগের মন্ত্রী ওখানকার এম, এল, এ, এবং ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট কর্পোরেশন ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট কন্টোল না করলেও মাদার ডেয়ারি কিন্ত এরাই কন্ট্রোল করেন, কিন্তু দেখা যাচ্ছে, প্রতি বছর সেখানে দৃগ্ধ উৎপাদন কমে যাচ্ছে। কিছদিন আগে মাননীয় মন্ত্রী এক প্রশ্নের উত্তরে বলেছিলেন যে, আমাদের দেশে নাকি দক্ষের উৎপাদন কমে যাচ্ছে, কিন্তু পাশাপাশি দেখা যাচ্ছে, পাঞ্জাব, হরিয়ানা, গুজরাট ইত্যাদি রাজ্য দধ্যের প্রোডাকশন বাডাতে পেরেছেন এবং তারা অন্যান্য রাজ্যকে দুগ্ধজাত সামগ্রী সরবরাহ করছেন, পশ্চিমবঙ্গকেও বাইরে থেকে দৃগ্ধ কিনতে হচ্ছে। আপনারা আজকে ভমি-সংস্কার যতই করুন না কেন, কৃষিজাত দ্রব্যের উপর নির্ভরশীলতা কিন্তু ক্রুমশই কমে যাচ্ছে। আজকে মানুষ ফুড হ্যাবিট পাশ্টাচ্ছে। অ্যাগ্রিকালচারাল ফুডের উপরে পুরোপুরি ডিপেন্ড করা যাচ্ছে না। কাজেই আন্তে আন্তে ফড হ্যাবিট পান্টাতে হচ্ছে। আজকে সেই কারণে পোলট্রির প্রোডাকশন বাডানো দরকার। আপনি বর্ধমান জেলার লোক, গ্রাম বাংলার মানুষ, আপনি পারেন ৩ শত ভোট থেকে কি ভাবে ৬ শত ভোট করতে হয়। কিন্তু কিভাবে প্রোডাকশন করবেন সেটাতে আপনার কিছ করার নেই। আর একটা কথা হচ্ছে, এই যে সমস্ত গরু দ্ধ দিতে পারছে না, সেই গরুগুলিকে কসাইখানায় দিয়ে দেওয়া হচ্ছে। সেই গরুগুলিকে আরও কিছ দিন রেখে দিয়ে যদি যত্ন করা যেত তাহলে হয়ত তারা আরও কিছ দিন দুধ দিতে পারত। কিন্তু গরুগুলিকে আরও কিছু দিন বহন করার মতো ধৈর্য তাদের নেই। আজকে এই জিনিস যারা করছে তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা আপনি নিয়েছেন? তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিতে আমরা দেখিনি।

তারপরে আর একটা কথা হচ্ছে, এদের কো-অপারেটিভ যেগুলি আছে সেখানে বোনাসের পরিমাণ কম। এদের ইচ্ছা থাকলেও দুধ জোগান দিতে পারছে না, জোগাড় করতে পারছে না, কারণ আপনার সেই রকম ইনফ্রাষ্ট্রাকচার নেই। তার ফলে অনেক জায়গায় দুধ নউ হচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে, এই কো-অপারেটিভগুলিতে বোনাসের কোনও ইউনিফর্মাটি নেই। এক এক জায়গায় এক এক রকম। এর ফলে এদের মধ্যে একটা ক্ষোভ রয়ে গেছে। কাজেই এটা যদি দুর করা যায় তাহলে এই ক্ষোভটা থাকে না। আমি এটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যাতে এটা দূর করা যায় সেই চেষ্টা করবেন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে, আমাদের কাট মোশনের সমর্থনে বক্তব্য রেখে আমার কথা শেষ করিছ।

শ্রী নিশিকান্ত মেহতা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় প্রাণী সম্পদ

বিকাশের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ১৯৯৪-৯৫ সালের ব্যয়-বরান্দের জন্য যে প্রস্তাব এখানে পেশ করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য রাখছি। গোটা দেশের আর্থ-সামাজিক পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে একটা রাজ্য সরকার আমাদের পশ্চিমবঙ্গে যেভাবে চলেছেন, নেখানে প্রাণী সম্পদ বিকাশই বলুন, আর হাউসিংই বলুন, বা অন্যান্য বিভাগই বলুন, তাকে ্র্যদি ব্যাপকভাবে কার্যকরি করতে হয় তাহলে যেটা সবচেয়ে প্রয়োজন সেটা হচ্ছে অর্থ। এই সীমিত ক্ষমতার মধ্যেও আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় তার দুটি বিভাগ—পশুপালন বিকাশ এবং দৃশ্ধ উৎপাদনের ক্ষেত্রে বিশেষ যোগ্যতা অর্জন করেছেন। আমরা দেখছি যে প্রতি বছরই এটা বেডে যাচ্ছে। আমি এটাকে সমর্থন করে একথা বলতে চাই যে. ১৯৭৭ সালের পরে. গ্রামে পঞ্চায়েত ব্যবস্থা করার পরে গ্রামের সাধারণ মানুষের অর্থনৈতিক বিকাশ ঘটেছে এবং বিভিন্নভাবে গ্রামের গরিব মানুষ আগে যাদের গরু ছিল না, যারা গরু, ছাগল রাখতে পারত না এখন তারা সেগুলি রাখতে পারছে। আজকে তাদের নিজেদের জীবিকার জন্য আর অভাবের তাড়নায় থালা-বাসন বন্ধক দিতে হয় না। আজকে পঞ্চায়েত ব্যবস্থার ফলে তারা গরু, ছাগল, মুরগি এই সব রাখতে আরম্ভ করেছে। আমাদের পশ্চিমবাংলায় যে গরু, মোযের হিসাব আছে সেগুলি যাতে বেশি করে দুধ দেয়, যাতে উন্নত মানের করা যায় তার জন্য বাপকভাবে প্রচেষ্টা নেওয়া দরকার। আমরা যাতে জেলায় জেলায় উন্নতমানের গুরু মহিয তৈরি করতে পারি সেই উদ্যোগ নিতে হবে। এখানে যে পরিসংখ্যা দেওয়া হয়েছে তাতে গরু হচ্ছে ১ কোটি ৬৫ লক্ষ। আর মহিষের সংখ্যা হচ্ছে ৯ লক্ষ। মহিষের সংখ্যা এখানে কম। কাজেই এটাকে বাড়ানো দরকার। আর একটা কথা হচ্ছে, পাহাডিয়া এলাকায় মহিয রাখার ক্ষেত্রে একটা সুবিধা আছে। গরু বেশি করতে গেলে তাকে ভাল ভাবে যত্ন করতে হয়, তার বক্ষণা-বেক্ষণ ভাল ভাবে করা দরকার হয়। তাকে প্রতিদিন ভাল খাদা দিতে হয়। কিন্ত র্মাহয়ের ক্ষেত্রে ততটা লাগে না। কারণ মহিষের সহ্য শক্তি গরুর চেয়ে অনেক বেশি এবং এদের রোগও তুলনামূলক ভাবে কম হয়। দার্জিলিং, অযোধ্যা পাহাড়, পুরুলিয়া, মেদিনীপুর-এর জঙ্গল অঞ্চলে মহিষ রাখা সম্ভব। সেখানে যদি এর ব্যবস্থা করা যায় তাহলে মহিয়ের <sup>সংখ্যা</sup> বাড়তে পারে এবং তার সঙ্গে সঙ্গে দুধের উৎপাদনও বাডবে।

# [4-15 — 4-25 p.m.]

মন্ত্রী মহাশয়কে বলব বিহার উত্তর প্রদেশে উন্নত মানের তারা গরু করতে পেরেছে। আমাদের আরও উন্নত মানের গরু করা দরকার এবং মোষের সংখ্যা বাড়ানো দরকার এবং তাদের রাখার ব্যবস্থা করা দরকার। এই দপ্তর একটু একটিভ হয়েছে। ১৯৯২ সালের বনাায় আমরা দেখেছি তাড়াতাড়ি করে ৭-৮ দিনের মধ্যে জেলার ৪-৫টি ব্লকের প্রতিটি গ্রামে রাতের পর রাত থেকে—আমার বিধানসভা কেন্দ্র বাগমুভায় আমি দেখেছি—সেখানে গরুদের যে রোগ হয়েছিল সেটা তারা নিবারণ করেছে। তবে এই দপ্তরকে বিগত দিনের চেয়ে আরও আ্রান্টিভ হতে হবে। গ্রামের অনেক গরুর ঔষধ পায় না। আর একটা জিনিস মাননীয় মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে বলব। গ্রাম এলাকায় প্রতিটি মানুষ প্রায় গরু চাষ এবং দুধ নিজেরা ব্যায়। এরা তবু চেন্টা করলে রোগের ঔষধ পায়। কিন্তু আরও বড় যে সমস্যা সেটা হচ্ছে এখন গোচারণ ভূমি কমে গেছে। আগে বেশ কিছু গোচরণ ভূমি থাকত, এখন সেটা নেই বিলেই চলে। আগে যে সমস্ত ফাঁকা জায়গা পড়ে থাকত সেই জমিগুলি ঘাস হত এবং

সেইগুলি গরু খেতে পারত। কিন্তু এখন ফাঁকা জায়গার অভাব। কারণ এখন প্রায় সমস্ত জমিতে সেচের জল পাছেই, সেখানে চাষ হচ্ছে, ফলে জমি আর ফাঁকা পড়ে থাকছে না। তারপর যেটুকু ফাঁকা জায়গা থাকছে সেই জায়গায় ফরেস্ট ডিপার্টমেন্ট গাছ বসাছেই, সেখানে গরুকে চুকতে দিছেই না। সেই জন্য আমি বলতে চাই আগামী দিনে এটা নিয়ে একটা বিরাট সমস্যা দেখা দিতে পারে। সেই জন্য গোখাদ্য যাতে উৎপাদন করতে পারেন সেই ধরনের চিন্তা-ভাবনা করুন। মুরগির ফার্ম এটা খুব ভাল ব্যবসা। অনেক লোক ফার্ম করছে। কিন্তু মুরগির রোগ হয়ে সমস্ত মুরগি মরে যায়। গ্রামে সেই ইনজেকশন পাওয়া যায় না। সেই জন্ম বেকার যুবক যারা মুরগি চাষ করছে তাদের উৎসাহ কমে যাছেই। সেই দিকে আপনার একট্ট লক্ষ্য দেওয়া উচিত। গ্রামে যে দুধ উৎপাদন হচ্ছে সেটা তারা অভাবের জন্য বিক্রি করে দেয়। গ্রামের বিভিন্ন জায়গায় হেড কোয়াটার্সে দুধের সমস্যা দেখা দিয়েছে। সেখানে দুধ যাছে প্রান মাফিক সরবরাহ করা যায় সেই ব্যবস্থা করবেন। এই কথা বলে বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুরত মুখার্জিঃ মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে পশুপালন দপ্তরের যে বর বরাদ্দের দাবি উত্থাপন করা হয়েছে তাকে আমি সমর্থন করতে পারছি না, আমাদের এটা কটি মোশনগুলিকে সমর্থন করছি। আমার প্রথম কথা হছেই আমাদের পশুপালন দপ্তরের বর্বনে করেছি। এটা দীর্ঘ দিন ধরে চলে আসছে। শুরু মাত্র ওদের কথা নয়, আমাদের সম্ব্রামারা দেখেছি এবং তার আগেও দেখেছি যে এই দপ্তরকে যতটা গুরুত্ব দেওয়া উচিত সেটা আজও পর্যন্ত দেওয়া হছেই না। মাননীয় মন্ত্রী মহাশার বলেছেন দুধ উৎপাদন বেড়েছে ইতার্দি তাদি। এই কথা ঠিক। কিন্তু যে পরিমাণ বেড়েছে সেখানে মাদার ডেয়ারি যদি না আসং তাহলে আমারা যে কোন অন্ধকারে থাকতাম, কত শিশু যে মারা যেত তা ভাবা যায় গা

মাদার ডেয়ারি যেটা আমাদের দিচ্ছে, সেখানে বার্থতার কথাটা আমি স্পষ্ট করে বলি এখানে আপুনি সর্বাত্মক আধুনিকিকরণ বলতে যা বোঝায় সেটা করুন। অর্থাৎ সরকার ি গরু, কিছু মুরগি পালন করবে, এটাই কেবল দপ্তরের কাজ নয়। বেসরকারি যে সমস্ত গ্র মহিয আছে, তাদের পাশে আপনি দাঁড়াতে পারেন কিনা সেটাই হচ্ছে বড় কথা। আপনি পরিসংখ্যান দিয়ে দেখাবেন যে দুধের উৎপাদন বেশি করেছেন। আমি সেই ব্যাপারে ইন্টারেটেট নই। আমি ইন্টারেন্টেড হচ্ছি বেসরকারি ক্ষেত্রে আপনি কতটা পাশে দাঁডাতে পেরেছেন সেখানে অবস্থাটা কিং আমি কয়েকদিন আগে গ্রামে গিয়েছিলাম এবং দেখেছি গরুওলোং চেহারা কি রকম রুগ্ন। পাশাপাশি আপনি হরিয়ানার গরুণ্ডলোর চেহারা লক্ষ্য করুন <sup>হি</sup> চেহারা ? মানুষকে বাঁচাবার জন্য যে পরিমাণে গুরুত্ব দেওয়া হয়ে থাকে, আপনার দপ্তর গেনে পশুগুলোর রক্ষণাবেক্ষণের জন্য সেই রকম গুরুত্ব দেওয়া উচিত। আজকে বিদেশে কি 💯 দেখন। সেখানে পশুকে মাংসের জন্য পালনের প্রতিযোগিতা থেকে সরে এসে দৃদ্ধভাব প্রোডাক্ট তৈরি করে খাওয়ার চেষ্টা হচ্ছে। সূতরাং আজকে সামাজিক জীবনে এই রকম এক যে পরিবর্তন এসেছে, সেক্ষেত্রে বেসরকারি ক্ষেত্রে মুরগি, ছাগল ইত্যাদি যেগুলো মানুর্বিং প্রয়োজনে লাগে, তাদের পাশে আপনি দাঁডাচ্ছেন কিনা তা আমাদের স্পষ্ট করে বলুন। আ আর দু' একটি কথা বলব। হিমূলকে বাঁচাবার জন্য আপনার বাজেটারি সাপোর্ট কি রেখেজি সেটা আপনি বলবেন। শুধুমাত্র টোকেন মানি দিয়ে হিমূলকে বাঁচানো যাবে না। আ<sup>প্র</sup>

সম্প্রতি পরিদর্শনে গিয়েছিলেন, সেখানে দেখেছেন, যে সমস্ত বাই প্রোডাক্ট হোত তা এখন বন্ধ হয়ে গেছে। আগে সেখানে ভাল ভাল বাই প্রোডাক্টস হোত তা গরিব মানুষরা নিয়ে প্রিয়ে শিলিগুড়িতে বিক্রি করত। সেই গরিব মানুষদের লক্ষ লক্ষ টাকা যা পাওনা আছে তা তারা পাচ্ছে না। আপনি হিমূলকে টাকা দিচ্ছেন ঠিকই, কিন্তু সেখানে চিরস্থায়ী একটা ব্যবস্থা যদি না নিতে পারেন তাহলে হিমূলকে বাঁচানো যাবে না। আপনি শিলিণ্ডডিতে অনেক কাজ করেছেন কিন্তু হিমলকে বাঁচানোর জন্য কি করছেন তা যদি ঘোষণা করেন তাহলে আমরা বাধিত হব। এবারে যেটা সর্বনাশা একটা ব্যাপার, যেখানে কেন্দ্রীয় সরকার এবং রাজা সবকার সমানভাবে দায়ি, সম্প্রতি একটা টেভ দেখছি যে হাজার হাজার গরু, মহিষ বাংলাদেশে চলে যাচেছ। এটা বন্ধ কার দরকার। এরফলে এখানে দুধ এবং আর্থিক ক্ষতি হচেছ। এটা আইনে এবং বে-আইনি দুভাবে হচ্ছে। এ সম্পর্কে কেন্দ্রীয় সরকারকে বলুন। আইনানুগভাবে কয়েক লক্ষ গরু এবং মহিষ সরবরাহ করার ব্যবস্থা হয়েছে, পশ্চিমবঙ্গ থেকে মূলত যেটা যাচ্ছে, সেটা আপনি বন্ধ করুন। আর বেআইনিভাবে যেটা যাচ্ছে, সে সম্পর্কে কেন্দ্রকে বলন। এতে পশ্চিমবঙ্গের সর্বনাশ হয়ে যাচ্ছে। প্রতিদিন লোকের চোখের সামনে দিয়ে হাজার হাজার গরু, মহিষ চলে যাচ্ছে। সর্বাত্মক আধুনিকীকরণের যে ব্যবস্থা বিদেশে হচ্ছে, সেইভাবে কি পরিকল্পনা আপনি নিয়েছেন বা নিচ্ছেন, সেটা আমাদের কাছে ঘোষণা করুন। আমার মনে হয় যে, আপনার দপ্তরে কিছু কিছু উন্নতি হলেও সত্যিকারের উন্নতি যদি আপনি না করতে পারেন তাহলে বিশেষ কিছু হবে না। আমি আবার উল্লেখ করছি, বেসরকারি যে সমস্ত পশু আছে, আপনার হরিণঘাটা এবং বেলগাছিয়া যা আছে তা থাক, সেখানে আপনি কিছু উন্নতি করেছেন, কিন্তু গ্রামে যে সমস্ত পশু আছে তাদের দিকে লক্ষ্য দিন। গ্রামের বুকে যে গরু আছে তারা যে জল খায়, তাতে তারা মরবে—মানুষ খেলে যেমন মরবে, গরু খেলেও মরবে। গ্রামের একটা গরুও স্বাস্থ্যবান নয়, আজকে এই অবস্থায় চলে গেছে। বি. ডি. ও. थिएक शक्न छेरुभामत्मत जना त्य शक्न छलात्क नाज्यात कता रहा, गामित छेरछ वला रहा, সেওলোর প্রজনন ক্ষমতা নেই। সেওলো ডিফাংক্ট হয়ে গেছে। আপনি বি. ডি. ও.-র সঙ্গে কথা বলন এবং ভাল ভাল গরু যাতে গ্রামে যেতে পারে, প্রজননের ক্ষেত্রে সেওলো যাতে ব্যবহাত হতে পারে সেদিকে লক্ষ্য দিন।

[5-25 — 5-35 p.m.]

শ্রী শীশ মহম্মদ ঃ মাননী চেয়ারম্যান মহাশয়, প্রাণী সম্পদ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ৪৯ এবং ৫০ নং দাবি এখানে রেখেছেন, আর্থিক বায় বরাদ্দের দাবি ১৯৯৪-৯৫ সালের তাকে পুরোপুরিসমর্থন জানিয়ে আমি কক্তব্য শুরু করছি। সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। মাননীয় মায়ান সাহেব মন্ত্রীর বিভিন্ন খুব সমালোচনা করলেন। কিন্তু আমার তো মনে হয় মায়ান সাহেবের বিভি নিউল বিভি, রাজেশ খৈতান বা ভূপেন শেঠের মতো ভোতকা বিভি নয়। আমি এই বাজেট বক্তব্য মোটামুটি বোঝার চেন্টা করেছি। আজকে যে আর্থ সামাজিক সংকট চলছে সেই অর্থনৈতিক সংকটের মধ্যে পশ্চিমবঙ্গও পড়বে তার বাইরে পশ্চিমবঙ্গ থাকতে পারে না। আজকে সংকট বিশ্বের বাজারে দেখা দিয়েছে। আজকে এই দেশের যদি আর্থিক সংকট কাটাতে হয় তাহলে প্রাণী সম্পদ বিকাশ এবং খাদ্য সম্পদের উপরে নির্ভর করতে হবে। মাননীয় মন্ত্রী যে দপ্তরের, সেই দপ্তর কৃবিকার্যের সঙ্গে জড়িত।

সেখানে সমস্ত দায়িত্ব মন্ত্রীর উপরে বর্তালে চলবে না। অর্থনৈতিক ব্যবস্থার উন্নয়ন করতে গেলে গ্রামের লোকেদের অর্থাৎ যারা গ্রামে বাস করেন তাদের আরও বেশি প্রাণী সম্পদের উপরে নজর দিতে হবে। সেক্ষেত্রে যারা গ্রামে বাডিতে গরু, ছাগল ইত্যাদি পোষে তাবা বলছেন যে যে পরিমাণ ভেডা ছাগল ইত্যাদির খাদ্য দেওয়া দরকার তা তারা ঠিকমতো পাচেছ না। সূতরাং এই খাদ্যের যাতে উন্নতি হয় সেইদিকে নজর দিতে হবে। তারপরে গো-প্রজনন কেন্দ্রের দিকে নজর দিতে হবে। তা না হলে বেশি পরিমাণে দধ কখনওই পাওয়া यात ना। जामात वनाकां प्रा-श्रकनन त्य तक्क जाष्ट्र स्थान त्रित्मचला त्य उर्धान रह সেগুলোর যত্ন করা দরকার। আমার দুই ভাগ্নে করা দরকার। আমার দুই ভাগ্নে একজন আানিমাল হাসবাভারি এবং আরেকজন ভেটারিনারিতে কাজ করে। তারা সেখান থেকে বলছে যে সমস্ত দুধ নষ্ট হয়ে যাচ্ছে। দুধ নষ্ট হয়ে যাওয়ার কারণ হচ্ছে জেনারেটর ব্যবস্থা ভাল নয়। ঠান্ডা না রাখলে সমস্ত দুধ নষ্ট হয়ে যাবে। সূতরাং সিমেন যেণ্ডলো আছে সেণ্ডলো যদি ঠিকভাবে রাখতে হয় তাহলে জেনারেটর ব্যবস্থা ঠিক করা দরকার। আরেকটি কথা বলব সেটা হচ্ছে যে, প্রাণী সম্পদ যেমন অস্ট্রেলিয়া এবং হল্যান্ডে আছে এখানেই সেই রকমভাবে প্রাণী সম্পদের উপরে নজর দেওয়ার দরকার। হল্যান্ডে তো প্রাণী সম্পদ জাতীয় সম্পদ। এখানে গরু. মহিষ ইত্যাদিকে হল্যান্ড থেকে আমদানি করতে হয়। তাদের সংরক্ষণ ঠিকমতো হওয়ার দরকার, নার্সিং ঠিকমতো যাতে হয়, ওয়ুধের ব্যবস্থা যাতে ঠিকমতো হয় এবং চিকিৎসারও সুযোগ থাকে সেই দিকে নজর দিতে হবে। তারপরে আরেকটা বিষয় বলছি, মহিষ আমাদের এলাকায় যেগুলো আছে তাদের ৬০ ভাগ বাচ্ছা মারা যাচ্ছে, মাত্র ৪০টা থাকছে। এবং দেখা যায় যে অধিকাংশ বাচ্ছাই মায়ের দুধ খেয়ে মারা যাচ্ছে। এই বিষয়গুলে। একটু নজর দেওয়ার দরকার। তারপরে এই প্রাণীদের যে রোগ হয় টাকরা, বাদলা, খঁডে এবং হাঁপানি--এই রোগের চিকিৎসার দরকার। এই রোগের চিকিৎসা যাতে হয় সেই দিকে নজর দেওয়ার দবকার।

ইদানিংকালে আমরা দেখতে পাচ্ছি যে ডাক্তার যাওয়া ছেড়ে দিয়েছে, জানি না কি পরিস্থিতিতে এই রকম হচ্ছে। আমি আশা করি আপনি এইদিকে লক্ষ্য রাখবেন এবং মুরগির যে মড়ক লেগেছে সেইদিকেও আপনি লক্ষ্য রাখবেন, কারণ এটা একটা অমূল্য সম্পদ। ডি. আর. ডি.-এর মাধ্যমে যে লোনগুলো দেওয়ার কথা সেগুলো যাতে ঠিকমতো দেওয়া ঽয় সেদিকে আপনি লক্ষ্য রাখবেন। গ্রামে গরু, ছাগল, ভেড়ার ইন্সিওরেন্স করা হয়। আমার গরুর ইন্সিওরেন্স করা আছে, আর এদিকে আপনার একটা গরু মারা গেল, যাদের ইন্সিওরেন্স করা আছে, আর এদিকে আপনার একটা গরু মারা গেলে, যাদের ইন্সিওরেন্স করা আছে তারা ঐ মরা গরুটা নিয়ে গিয়ে বলছে আমাদের গরুটা মারা গেছে। এইভাবে গভর্নমেন্টের লস হচ্ছে। এই জিনিসগুলো যাতে না হয় সেটা আপনাকে দেখতে হবে। আর হরিণঘাটা ও ভাগীরথির অবস্থা কি সেটা আপনি জানেন। সেইসব দিকে লক্ষ্য রেখে আপনি কাজ করবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রবোধ পুরকায়েত ঃ মাননীয় সভাপতি মহাশয়, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন, সেই বিতর্কে অংশগ্রহণ করে আমি কয়েকটি কথা এখানে বলতে চাই। প্রাণী সম্পদ বিকাশ কতথানি হচ্ছে এই বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। আমরা যারা গ্রামবাংলায় থাকি তারা জানি, গ্রাম বাংলায় গরু, ছাগল,

ভেঁডা, হাঁস, মুরগির অবস্থা অত্যন্ত করুন। আগে যেভাবে গরু পালন করা হত, এখন আর সেইভাবে পালন করা সম্ভব হচ্ছে না। গরু, ছাগল, ভেডার জন্য আগে যে মাঠ ছিল, এখন আর সেই মাঠ নেই। গরু এখন সারা বছর বাঁধাই থাকে. আর সাধারণ মানষের আর্থিক অবস্থা এমন নয় যে নিজেদের ভরণপোষণ করার পর গরুর পেছনে বায় করব। আবার গ্রামের মধ্যে গরু থাকে. কিন্তু গোখাদ্য গ্রামে পাওয়া সম্ভব হচ্ছে না। এই জন্য গরুর অগ্রগতি কমে যাচ্ছে এবং দধের পরিমাণও কমে যাচ্ছে। ডি. আর. ডি.-এ থেকে লোন পেয়ে বেকার যুবকরা গ্রামে নতুন কিছু পোলট্রি সৃষ্টি করেছে। কিন্তু পোলট্রিতে যে মডক রোগ লেগেছে সেই রোগ নিবারণের জন্য কোনও ব্যবস্থা নেই। ব্রকে চিকিৎসা কেন্দ্রগুলি রয়েছে. সেখানে প্রয়োজনীয় সুযোগ-সুবিধা বা ডাক্তারের পরামর্শ বা ওয়ধ সেণ্ডলো ব্রকে নাম মাত্র পাওয়া যায়। আমাদের অভিজ্ঞতায় আমরা দেখতে পাচ্ছি যে গ্রামে ডাক্তার যাচ্ছে না. আর প্রয়োজনীয় ওষধপত্র নেই। আট থেকে এগারোটি গ্রাম পঞ্চায়েত নিয়ে একটি ব্রক এবং সেই ব্রকে একটি পশু চিকিৎসা কেন্দ্র রয়েছে। পশুপাথির রোগ হলে সেই চিকিৎসা কেন্দ্রতে নিয়ে যাবার মতো যোগযোগ ব্যবস্থা নেই। ডাক্তাররা সেখানে না থাকার জন্য একটা ভয়ানক অবস্থা চলছে। ফলে ডি. আর. ডি. এ. লোন নিয়ে যারা পোলটি করেছে তারা এর ফলে ভীষণভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে এবং ঋণে জজ্জরিত হচ্ছে। সংকর জাতের গরু তৈরি করার জন্য আপনারা হিমায়িত সাপ্লাই দিতে পারছেন না। হিটেড কাউকে দর জায়গায় পৌছানো যায় না।

## [4-35 — 4-45 p.m.]

আমি সন্দর্বন এলাকার কথা বলছি। কয়েক বছর আগে পশুপালন দপ্তর থেকে একটা সিদ্ধান্ত হয়েছিল যে ভ্রাম্যমান পশু চিকিৎসা কেন্দ্র সুন্দরবন এলাকার বিভিন্ন ব্লকের বিভিন্ন গ্রামে বোটে করে যাবে এবং তাতে ডাক্তারের ব্যবস্থা থাকবে। দু/একটা জায়গাতে তা ওরুও হয়েছিল। মাননীয় মন্ত্রী মহাশয় তার জবাবি ভাষণের সময় বলবেন যে সেই ব্যবস্থাটা বন্ধ করে দিয়েছেন কিনা? যদি বন্ধ করে না দেন তাহলে সেটা কার্যকরি অবস্থায় আছে কিনা? মাননীয় মন্ত্রী মহাশয় এখানে বলেছেন যে মাংস, ডিম, গরুর দুধের উৎপাদন বাড়িয়েছেন। কিন্তু বাস্তবে আমরা কি দেখছি? পশ্চিমবঙ্গের যা প্রয়োজন ডিম, মাংস, দুধ ইত্যাদির তা এখনও অন্য রাজ্য থেকে আমাদের আনতে হয়। ১৯৯৩/৯৪ সালের বাজেট বক্তৃতায় আপনি এসব ক্ষেত্রে স্বনির্ভরতার কথা বলেছিলেন কিন্তু বাস্তবে তা হয়নি ফলে আপনার দপ্তরের <sup>বার্থতাই</sup> এতে প্রমাণিত হচ্ছে। পশ্চিমবঙ্গকে এখনও বাইরের রাজ্যণুলি থেকে প্রচর পরিমাণে মাংস, ডিম ইত্যাদি আনতে হয়। আমরা জানি মাদ্রাজ, মহারাষ্ট্র, গুজরাট থেকে প্রচুর পরিমাণে এইসব জিনিসপত্র এখানে আসে। তারপর আমরা জানি যে ব্রয়লারের সম্ভাবনা আমাদের প<sup>িচমব</sup>ঙ্গে প্রচুর কিন্তু পাথির রোগ নিরাময়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা আপনি করতে পারেন নি ফলে এখানে মুরগির চাষ ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। পশ্চিমবঙ্গের বাইরের রাজ্য থেকে <sup>ব্রয়লার</sup> মুরগি এখানে আসে। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি কথা জিজ্ঞাসা <sup>করতে</sup> চাই, সেটা হল. আমরা শুনেছি একটি ভারতীয় কোম্পানি আমেরিকান ম্যাকডোনাল্ড <sup>কোম্পানি</sup> সঙ্গে যৌথভাবে ব্রয়লার তৈরি করে পশ্চিমবঙ্গে সাপ্লাই দেবে—এটা সঠিক কিনা? <sup>যদি</sup> তা হয় তাহলে কিন্তু পশ্চিমবঙ্গে ব্রয়লারের চাষ ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হবে বলেই আমরা

মনে করি। তারপর ন্যাশনাল কো-অপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশন থেকে ঋণ দেওয়ার কথা আছে। কিন্তু এই কর্পোরেশনে মাধ্যমে যে ঋণগুলি দেওয়া হবে এবং যা দিয়ে হাঁস, মুরণি, ছাগল, ভেড়ার চাষ করা হবে সেই কর্পোরেশনের ঋণ দেওয়ার ক্ষেত্রে চূড়ান্ড দুর্নীভি চলছে এবং সংকীর্ণ দলবাজি চলছে—এই অভিযোগ আমাদের কাছে এসেছে। গ্রামের বেকার দরিদ্র যুবক যারা এখান থেকে লোন নিয়ে ছাগল, ভেড়া, গরু কিনে জীবিকা নির্বাহ করবে সেখানে যদি চূড়ান্ড দলবাজি ও দুর্নীতি চলে তাহলে এইসব ঋণ অপব্যবহার হবে বলেই আমরা মনে করি এবং সেইজন্য এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মন্ত্রী মহাশয়েকে বলব, দেশীয় হাঁস, ছাগল ইত্যাদি সাপ্লাই যাতে ভাল হয় সেটা দেখা দরকার। অনেক সময় এগুলি পাওয়া যায় না। গ্রামের মহিলারা যে কো-অপারেটিভ করেছে তাতেও সরকার থেকে সাহায্য দেওয়া দরকার এবং সরকারি ব্যবহাপনার মাধ্যমে সেগুলি তাদের সরবরাহ করা দরকার। এই বলে বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

শ্রী হারাধন বাউডিঃ মাননীয় স্পিকার মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী যে ব্যয় বরান্দের দাবি এই সভায় পেশ করেছেন তা সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। বিগত বছরগুলিতে ক্রুমান্বয়ে আমাদের রাজ্যে দুধের উৎপাদন বদ্ধি পাচ্ছে। তথাপি আমাদের রাজ্য বর্তমানে স্বয়ং সম্পূর্ণ নয়। অন্যান্য রাজ্য থেকে আমাদের কিছু দুধ আমদানি করতে ২য়। তাসত্তেও বর্তমান অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের চেষ্টা করতে হবে যে আমাদের রাজ্যে ফ চাহিদা তা আমাদেরই পুরণ করতে হবে। তবে এটা মনে করার কোনও কারণ নেই যে আমাদের রাজ্য মাথাপিছু দুধের উৎপাদন খুব পিছিয়ে। ৯০-৯১ সালে যেখানে গুবাদি পুগুর দুধ উৎপাদনের গড পরিমাণ ছিল ১.৩৮ কেজি.. ১৯৯১-৯২ সালে যা ছিল ১.৪ কেজি সেখানে ৯৩-৯৪ সালে এই পরিমাণ বেডে দাঁডায় ১.৪২ কেজি। ৯১-৯২ সালে আমাদের রাজ্যে দৃধ উৎপাদনের পরিমাণ ছিল ৩০.১৯ লক্ষ টন, ৯২-৯৩ সালে তা বেডে হয় ৩০.২৩ লক্ষ টন। আমাদের রাজ্যে বিশেষত গ্রামাঞ্চলে যারা গবাদি পশু চায করেন, তার বেশিঃ ভাগটাই হল স্থানীয় প্রজাতির। দুগ্ধ উৎপাদনের বৃদ্ধির জন্য এই প্রজাতির সংকরায়ণ দরকার। সে কাজ চলছে। তবে পঞ্চায়েতকে যুক্ত করে কাজটা সংগঠিত করা দরকার। বর্তমানে সারা রাজ্যে ১৭৯৫টি কেন্দ্রে সংকরায়ণের কৃত্রিম পদ্ধতিতে কাজ চলছে। তবুও একটা বড অংশ এই সুযোগ গ্রহণের বাইরে থেকে যাচ্ছে। সরকারি ভাবে যে গো খাদা তৈরি করা হচ্ছে তার পাশাপাশি সবুজ খাদ্য তৈরির উপর জোর দিতে হবে। নেপিয়ার এবং সবাবল জাতী উদ্ভিদের চাষ বৃদ্ধি করার কথা বলা হলেও এখনও গ্রামাঞ্চলের গ্রোপালকদের সে ভাবে উৎসাহিত করা যায়নি। দুধ উৎপাদন এবং প্রাণী পালনের ক্ষেত্রে ব্যক্তিগত বা পরিবা<sup>হ</sup> ভিত্তিক উদ্যোগকেই আমাদের উৎসাহিত করতে হবে। কমিউনিস্ট স্কীম বা ফামিং, <sup>র্যাদ</sup> সরকারি উদ্যোগে হয় তা লাভজনক হওয়া শক্ত। গুন্ধরাটের অভিজ্ঞতা থেকে দেখছি সেখানে দুধ উৎপাদনের সঙ্গে যুক্ত পরিবারগুলোর আর্থিক অবস্থার ইতিবাচক পরিবর্তন ঘটেছে। এই অভিজ্ঞতার উপর দাঁডিয়েই ভবিষ্যতে পরিবার ভিত্তিক উদ্যোগগুলোকেই উৎসাহিত করা দরকার। শুধু মাত্র দুধ উৎপাদনের ক্ষেত্রেই নয়, এই দপ্তরের সহায়তায় উন্নত জাতের

হাস, মুরগি পালনের ক্ষেত্রেও ব্যাপক অগ্রগতি লক্ষ্য করা যাচছে। রাজ্যে ডিম উৎপাদনের পরিমাণ ৯১-৯২ সালে ছিল ২৩২.৭০ কোটি তা ৯২-৯৩ সালে বৃদ্ধি পেয়ে হয়েছে ২৩৩ কোটি। এই ক্ষেত্রে অন্ধ্র ও তামিলনাডুর পরই পশ্চিমবঙ্গের স্থান। প্রাণী সম্পদ আর পশু পালন এই যে দুটো বিভাগ আপনার কাজ করে, এদের ব্লক লেভেল এবং পঞ্চায়েত লেভেলে সমন্বয় দরকার। তাদের যৌথ প্রয়াসে জনগণকে সরকারের বর্তমান কার্যক্রম সম্পর্কে অনুপ্রাণিত করা সম্ভবপর হবে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-45 — 5-55 p.m.]

ŀ

শ্রী মেহবুব জাহেদি : মাননীয় চেয়ারম্যান, স্যার এবং সদস্য বন্ধুরা, আমি খবই মানন্দিত যে, আমি যেটা চেয়েছিলাম সেটা আমি পেয়েছি। আমি চেয়েছিলাম এখানে একট গঠনমূলক সমালোচনা হোক। তাহলে তার মধ্যে দিয়ে আমি যে কাজের দায়-দায়িত্ব নেবার চেয়া করছি তার কিছু অগ্রগতি ঘটবে। মাননীয় সদস্য সৌগত রায় খুবই সঠিক কথা বলেছেন যে, আমাদের দেশে, বিশেষ করে পশ্চিমবাংলায় যে ২৯-টি প্রজাতির দুগ্ধ দেওয়ার গাভি আছে তার একটাও সঠিক কোয়ালিটির নয়। অতএব সম্করায়ণের মধ্যে দিয়ে কোয়ালিটির পরিবর্তন করা দরকার। এ ক্ষেত্রে কাজ শুরুর প্রথম পদক্ষেপ সেটাই হওয়া উচিত এবং আমরা সে ভাবেই কাজ শুরু করেছি। এই প্রসঙ্গে আমার একটা ঘটনার কথা মনে পডছে—যে দিন আমি মন্ত্রী হিসাবে ওথ নিয়ে এই বিভাগের দায়িত্ব নিই সেদিন ওথ নেওয়ার কয়েক ঘন্টা পরে আমাদের প্রয়াত গভর্নর নরুল হাসান আমাকে ডেকে তিনটে কথা বলেছিলেন। তার একটা হচ্ছে—'গ্রামীণ মানষের কাছে প্রাণী সম্পদ বিকাশের প্রকত অর্থটা যাতে নিয়ে যাওয়া যায়, সেই চেষ্টা করবেন।' তিনি দ্বিতীয় কথা বলেছিলেন, 'অন্ত্র এবং গুজরাট যদি মুবুগি এবং দধের মাধ্যমে গ্রামীণ মান্যদের আর্থিক দিক দিয়ে পরো স্বাবলম্বী করে তুলতে পারে তাহলে হোয়াই নট ১০% ইন ওয়েস্ট বেঙ্গল? তাদের অন্তত ১০% কেন পশ্চিম বাংলায় হবে না?' আমি তাকে বলেছিলাম—এখনই কিছু বলতে পারছি না, তবে চেষ্টা করলে হবে না, এমন কথা নয়। এরপর আমি আর একটা ঘটনার কথা এখানে উল্লেখ করতে চাই। আমি মন্ত্রী হবার পর আমার জেলার একটি আদিবাসী অঞ্চলে যখন যাই তখন শেখানে আদিবাসী পুরুষ ও মহিলা গ্রামবাসীরা আমাকে ঘিরে ধরে জিগুগুসা করেছিলেন যে, আমি কিসের মন্ত্রী হয়েছি। আমি বলেছিলাম,—আমি গরু, বাছর, ছাগল, ভেডার মন্ত্রী হয়েছি। <sup>ই কথা</sup> শুনে ওরা আমাকে দুঃখ করে বলেছিলেন, 'তাহলে তুমি ভাল মন্ত্রী হতে পারনি।' আমি তখন ব্রেছিলাম যে, প্রাণী-সম্পদ বিকাশের মধ্যে দিয়ে গ্রামীণ অর্থনীতিকে স্বাবলম্বী <sup>করা</sup> যায়, গরু, বছুর, ভেড়া, শুকর, হাঁস, মুরগির সাহায্যে যে অর্থনৈতিক বিকাশ ঘটতে <sup>পারে</sup> এই উপলব্ধি, এই চেতনা এখনও আমাদের রাজ্যে গড়ে উঠে নি। আমি তখন ঠিক করেছিলাম যে, আমি কাজের মধ্যে দিয়ে চেষ্টা করব ওদের বোঝাতে যে, এই বিভাগও <sup>খুবই</sup> ওরুত্বপূর্ণ বিভাগ। মাননীয় সদস্য সুব্রত মুখার্জি ও খুবই সঠিকভাবে বলেছেন, 'শুধু <sup>কতগুলো</sup> **ফার্মে**র **মধ্যে সমন্ত** কাজকে সীমাবদ্ধ না রেখে সারা পশ্চিম বাংলার গ্রামে-গঞ্জে যে <sup>প্রাণী</sup> সম্পদ অব**হেলিত অবস্থা**য় পড়ে আছে তার উন্নয়ন এবং বিকাশ কিভাবে হবে সেটা <sup>ভারুন।</sup> আমি এখানে বলতে চাই যে, এই বিষয়টির উপরই বর্তমানে আমরা সব চেয়ে বেশি

গুরুত্ব দিয়েছি এবং প্রথম পদক্ষেপ হিসাবে আমরা সঙ্করায়ণকৈ বেছে নিয়েছি। পশ্চিম বাংলাস আমরা গরু, ছাগল, হাঁস, মুর্গির প্রজাতি-গত পরিবর্তন যদি ঘটাতে না পারি তাহলে কখনই আমরা প্রাণী-সম্পদের বিকাশ ঘটাতে পারব না এবং তার সাহায্যে গ্রামীণ অর্থনীতির বিকাশ সাধন করতে পারব না বা এটা কখনোই গ্রামীণ জীবন-যাত্রার মান উন্নয়নের মল একটা সহযোগী হিসাবে দেখা দেবে না। সূতরাং সেই উদ্দেশ্যকে সামনে রেখেই আম্ব আর্টিফিসিয়াল ইন্সেমিনেশন বা কৃত্রিম প্রজননে গুরুত্ব দিয়েছি। আমরা প্রায় ৭ লক্ষ আর্টিফিসিয়াল ইন্সেমিনেশন করেছি—ফ্রোজে সিমেন বা হিমায়িত গো-বীজ দিয়ে করেছি ; আবার তর্ল সিমেন বা তরল গো-বীজ দিয়েও করেছি। তার থেকে আমাদের ২ লক্ষ ৫০ হাজারের মতে পুরুষ বাছর এবং বকনা বাছরের জন্ম হয়েছে। সঙ্করায়ণ বাছর হিসাবে এদের আমরা পেয়েছি। এই বাছরগুলির যদি ২০০ টাকা থেকে ৩০০ টাকা করে এক একটি মল্য ধরা হয় তাহলে প্রথম পদক্ষেপেই আমরা সাডে পাঁচ কোটি টাকার সম্পদ পেয়েছি। এই পাওয়াটা আমাদের মধ্যে এক দারুণ উৎসাহ সৃষ্টি করেছে এবং এই উৎসাহ নিয়ে আরও সম্পদ সৃষ্টিত্র আশায় এগিয়ে যাচছ। এমন কি ইতি-পূর্বে যে সমস্ত সম্পদ সৃষ্টির কাজে কখনও হাত দেওয়া হয়নি সে সমস্ত কাজও আমরা শুরু করেছি। একটু আগে আমাদের পুরুলিয়ার একজন বন্ধ বললেন-মাষের প্রতি কোনও গুরুত্ব দেওয়া হয়নি। অথচ মোষের দুধে ফার্ট বেশি এবং সাধারণত একটি মোষ ৯ কে. জি. বা ১০ কে. জি. দুধ দেয়। হাাঁ, ঠিক কথাই বলেছেন। আমরা মোষের ক্ষেত্রেও কৃত্রিম প্রজননের সাহায্য করছি এবং মান উন্নয়নের চেষ্টা করছি। এর সঙ্গে সঙ্গে আমি মাননীয় সদস্যদের আমরা বাজেট ভাষণটির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। প্রথম পাতার শেষ অংশে আমি বিশেষ গুরুত্ব দিয়ে পাঁচটি পয়েন্টের উল্লেখ করেছি—তার প্রথমটাই হচ্ছে "স্বনির্ভরতা"।

একটা হবে স্বয়ং নির্ভরতা আর একটা হবে অ্যামপ্লয়মেন্ট জেনারেশন করে কর্মসংস্থান। আমরা এইসব ছেলেগুলিকে টেনিং দিয়ে আমরা আর্টিফিসিয়াল ইন্সেমিনেশন করেছি, মুর্রগিরে ইঞ্জেকশন দিয়ে করেছি। এর মাধ্যমে প্রায় ১০০ জন ছেলে—এখন পর্যন্ত আমাদের কাছে যা হিসাব আছে—> হাজারেরও বেশি টাকা তারা রোজগার করছে। এখন স্বাভাবিকভার্টেই এইসব হবার পরে দুধের উৎপাদন নিশ্চয়ই বাড়বে। হ্যাঁ, বেড়েছে। আমি দুটি সমীক্ষা তুলে ধরতে চাই আপনাদের বইও আমি দিয়েছি। ১৯৭৬-৭৭ সালে দুধের উৎপাদন যেখানে ছিল ১০ লক্ষ ৬৪ হাজার মেট্রিক টন, ১৯৯৩-৯৪ সালে সেটা এসে দাঁডিয়েছেন ৩৩ লক্ষ মেট্রিক টনে। এখন পশ্চিমবাংলায় দৃগ্ধ উৎপাদন হচ্ছে। তবে চাহিদার তুলনায় এখন আমাদের দুং কম আছে। আই. সি. এম. আর. অর্থাৎ ইন্ডিয়ান কাউন্সিল মেডিক্যাল রিসার্চের অনুযায়ী <sup>যদি</sup> ২০০ গ্রাম মাথা পিছ দুধ ধরি—আমি সবার কেনার কথা বাদ দিচ্ছি, অনেকে দুধ কিন্তে পারেন না—তাহলে লোকসংখ্যা অন্যায়ী ৫২ লক্ষ ১১ হাজার ২০০ মেট্রিক টন আমাদের চাই। কিন্তু ২০ লক্ষ মেট্রিক টন এখন পর্যন্ত আমাদের বাকি থেকে যাচ্ছে। আমাদের বিশ্বাস আছে,—যে সংকর বাছুরওলোর কথা বলা হয়েছে এবং মোটামটিভাবে যেটা চলে আসহে আরও ব্যাপকভাবে পাইলট প্রোজেক্ট সবকটি ব্লকে সম্করায়ণের মাধ্যমে যদি যেতে পার্রি তাহলে অস্টম যোজনা শেষ হতে না হতেই বড় অংশে আমরা চলে যেতে পারব। বাইরে থেকে দুধ আমাদের কিনে আনতে হচ্ছে। সত্রতবাব বোধ হয় মাদার ডেয়ারির দুধের হিসা<sup>রের</sup>

ক্রপা বললেন। সেই ডাবল টোভ দুধের হিসাব মাদার ডেয়ারিতে ৩ লক্ষ্ক ৪৩ হাজার ২৯০ <sub>লিটার</sub> যে দুধের কথা আপনি বললেন তা ডাবল টোন্ড, এটা মনে রাখতে হবে। তার দুধ ত্যাব অন্য দুধ মিশিয়ে দেওয়া হয়। যাহোক, এখন মাদার ডেয়ারির মালিক হচ্ছে পশ্চিমবঙ্গ সবকার ঠিকই. কিন্তু ম্যানেজমেন্ট হচ্ছে এন. ডি. ডি. বি.। এখানে অনেক মাননীয় সদসা ্রাদার ডেয়ারির সম্বন্ধে বলেছেন। আমরা সরাসরি ম্যানেজমেন্টে হস্তক্ষেপ করতে পারি না। আব একটা কথা বলছি. প্রাণী খাদা আমরা তৈরি করছি। জয়নাল সাহেব চলে গেলেন। উনি গতবারে হেসে বলেছিলেন ''মোরামের চিহ্ন দেখা যাচ্ছে হরিণঘাটায়। হরিণঘাটায় ৯ লক্ষ টাকার খড়—গতবারও কিনিনি, এবারেও কিনিনি, আমরা সবুজ (গ্রীণ) করেছি। খাটালের পদ্ম যে কথা বলেছেন. সেটা অবশ্য খালি পড়ে থাকলে এই রকম হয়। যা দখল হয়েছিল তার বড অংশ আমরা পুনরায় নিজেদের দখলে নিয়ে এসেছি এবং ক্যানাল কেটে বড জ্লাশয় করেছি। চারিপাশে বাউন্ডারি ওয়াল দিতে পারিনি। বাইরে থেকে যে সমস্ত গরু নিয়ে এসে খাটাল করারব্যবস্থা করেছিল সেটা আমরা বন্ধ করার চেষ্টা করেছি। আমি আর একটা কথা বলি, সুষম খাদ্যের ক্ষেত্রে অ্যুপিক কর্পোরেশন লাভ করেছে। হিমূলও খাদ্য তৈরি করছে. ভাগিরথীও তৈরি করছে। মোট ৪৩ হাজার মেট্রিক টন অ্যাপিক গো-খাদ্য তৈরি করেছে এবং পোলট্রির খাবারও। কিন্তু বিপদ কি জানেন, পোলট্রির খাবার যেটা আমরা কর্রছি তার কমপোনেন্ট সাইড. উপাদান সাইড বাইরের অন্য রাজ্য থেকে কিনতে হচ্ছে।

# [5-55 — 6-05 p.m.]

ইউ. পি. থেকে কিনতে হয়। মুশকিল হচ্ছে যে বেশি দামে কিনতে হয়, কিন্তু আমরা এখানে যেটা তৈরি করি অন্যান্য রাজ্যের তৈরি প্রচুর গো খাদ্য যা সস্তায় দেয় তাদের অপেক্ষা আমরা অ্যাভারেজে প্রতি বস্তায় ২০ টাকা কম দিতে পারি। ক্ষককে দিচ্ছি, কিন্তু বিপদ আছে। আমার এখন সন্দেহ হচ্ছে এই যে উপাদানগুলিকে অবলম্বন করে এগুলি করা হয় সেগুলি বেশি দামে কিনতে হয়, দ্বিতীয় হচ্ছে বেশি দামে কিনতে হয়, তৃতীয় হচ্ছে উপাদানগুলির মধ্যে ঠিক জিনিসটা পাব কিনা সেটার মধ্যে একটু সন্দেহ থেকে যায়। আমরা একটা প্রস্তাব করেছিলাম কেন্দ্রীয় সরকারের কাছে। আমরা বলেছিলাম গাভি এবং মুরগি স্থানিম্যাল রিসোর্সেস, এটা রুর্য়াল ইকনমির একটা দিক, এফ. সি. আই. থেকে যেমন হিউম্যানবিংসদের একদরে সমস্ত জিনিস দেওয়া হয় তেমনি মুরগির জন্য যে উপাদানগুলি <sup>দরকার</sup> অস্তত খোল, সয়াবিন খোল ইত্যাদি এগুলি ফডার মিল থেকে সমস্ত রাজ্যে সমান <sup>ভাবে</sup> দিতে পারেন কিনা প্রয়োজন হলে সাবসিডি দিয়ে দিতে পারেন কিনা? আমরা আনন্দিত, মাননীয় সুব্রতবাবু সৎ লোক তিনি বুঝবেন, আমরা বিজ্ঞান প্রয়োগ করতে চলেছি, আমরা <sup>আটিফি</sup>সিয়াল ইন্সিমিনেশন এর জন্য সিমেন্স ব্যাঙ্ক, সিমেন্স কালেকশন সেন্টার তৈরি করছি। আমার ভয় হচ্ছে যে ডাঙ্কেল প্রোপোজালে আমাদের বাছুর, প্রযুক্তি যা আছে তা কেড়ে নিয়ে <sup>যাবেন</sup> না তো? তাই অস্তর দিয়ে করতে পারছি না, আমাদের সঙ্গে আপনারাও আসুন, আমরা কথা দিচ্ছি বিদেশি প্রযুক্তি নিয়ে এসে আমরা দেশে তৈরি করব, ওখানকার চেয়ে <sup>রিশি</sup> দুধ তৈরি করব। একটা কথা *হচ্ছে*,—আমার সময় অল্প—আমরা অসুবিধার কথাটা <sup>বলছি</sup>। সুষম খাদ্যের জন্য, এবং কৃত্রিম প্রজনন যা ছিল না, আগে আমরাই করলাম দু-<sup>একটা</sup> নয় ১৯০০ কেন্দ্র থেকে কৃত্রিম প্রজনন, আর্টিফিসিয়েল ইঙ্গিমিনেশন করার জন্য

[31st March, 1994]

আমরা সেই সব ছেলেদের গোয়াল ঘরে পাঠিয়েছি, বলেছি তোমরা গোয়াল ঘরে যাও, যখন হিটেড হবে, তখন প্রজনন দাও, ক্রশ বিটিং দাও, সেসব কাজ শুরু হয়ে গেছে। আমাদের প্রাণী স্বাস্থ্য কেন্দ্র যেটা ১,৪০০ প্রাণী স্বাস্থ্য কেন্দ্র এব নেট ওয়ার্ক রক্ষা করার জন্য কোনও ব্যবস্থা অন্য কোনও রাজ্যে নেই। ১,৪০০টি প্রাণী স্বাস্থ্য কেন্দ্র থেকে আমরা দিয়েছি। ওধ্ একটা সমীক্ষা শুনাপনারা দেখুন ১৯৭৭ সালে প্রাণী স্বাস্থ্য কেন্দ্র ছিল ৭৬, এখন ১১০, ব্লক্ষ ছিল ৩৩৫ পরে ৩৪১টি হয়েছে। অতিরিক্ত ব্লক ছিল না, ২৭১টি ল্রাম্যান প্রাণী স্বাস্থ্য কেন্দ্র আগে ছিল ৩৪, পরে ৮২টি হয়েছিল, ৩টি বোট ছিল। সুন্দরবনের জন্য এখন আর আমাদের নিজস্ব কোনও বোট নেই, ভাড়া করে চলছে। মাননীয় সুব্রতবাবু না সৌগতবাবু যা বলেছেন সঠিক কথাই বলেছেন, আমরা ৫১,৪৫,৫২৯টি প্রাণীকে চিকিৎসা করছি। আমাদের সবচেরে বেশি উয়য়ন য়েটা হয়েছে সেটা হল হিমায়িত গোবীজ কেন্দ্র ৪৬৮টি জায়াগায় হয়েছে। ১৯৭৬-৭৭ সালে ২,৫০০টি প্রাণী স্বাস্থ্য কেন্দ্র সেখানে এখন আমরা ১৫ হাজার টাকা বেশি ওয়্বধ দিচ্ছি বেশি জিনিস দিছি, ১,৬৪০টি যেখানে ব্লক ছিল সেটাতে ৬,৫০০ টাকা দিছি আর আমরা সবচেয়ে বেশি এগিয়ে চলেছি ভ্যারিনেশনে।

আপনারা জানেন যে, ১৪টি ভাঞ্জিন আমরা তৈরি করছি। আমাদের ইনস্টিটিউট এফ আানিমেল হাজবেন্ডির বায়োলাজিকাল প্রোজেই যা বেলগাছিয়াতে আছে সেখানে বহু ভাল ভাল মেশিন নিয়ে এসে টিসা কালচারের মধ্যে দিয়ে আমরা ভাাকসিন তৈরি করছি। এ এও ভি. এর দাম অনেক বেশি, কিন্তু এটা আমরা তৈরি করি না, হিউম্যান কনজামশনের ১০০ ভারিকসিন তৈরি করে হেলথ ডিপার্টমেন্ট। আমি এই ব্যাপারে কথা বলেছি এবং গত প্রশুক্তি অর্ডার ফাইলে সাইনও করেছি গরুর ভ্যাকসিন তৈরির পাশেপাশে আর একটি কামরু মানযের ভাাকসিন লোয়েস্ট ডোজে তৈরি এবং সেটা সাপ্লাই করবার জনা। সৌগতবাব প্রশূট তুলেছিলেন, তাকে এটা জানালাম। আমরা তিনটি কম্পোনেন্ট ওখানে করবার চেষ্টা কর্বা যার মধ্যে রিন্ডারপেস্ট হয়ে গেছে এবং ওয়ার্ল্ডের কাগজেও বেরিয়ে গেছে যে, ওয়েস্ট রেন্ড ইজ কমপ্লিটলি ফ্রি ফ্রম রিন্ডারপেস্ট। তারা কমপ্লিটলি বলে দিয়েছেন এটা। বাকি 🔈 রোগওলো—গলা ফোলা, টি, বি, গ্লোসিউলাস ইত্যাদি, এই সমস্ত রোগের ভ্যাকসিনও আম তৈরি করে বিক্রি: করছি। আমরা ১০ লক্ষ টাকার ভাাকসিন সাপ্লাইয়ের অর্ডার পেরেছি বিহারসহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলো থেকে এবং তারজন্য আরও বেশি বেশি স্পেসিফিক ভ্যাকসিন আমরা তৈরি করছি। এ-পর্যন্ত আমরা ১.৫ কোটি টাকার ভ্যাকসিন তৈরি করেছি। ওষ্ধ কেনার ব্যাপারে আগে কলকাতায় সেন্টালাইজড সিস্টেম ছিল, কিন্তু এখন সেট জেলাভিত্তিক ভাগ করে দেওয়া হয়েছে এবং সেখানে তারা নিজ নিজ জেলার প্রয়োজ অনুসারে ওষ্ধ কিনছেন। এই ওষ্ধ কেনার ব্যাপারে জেলা পরিষদের সভাধিপতিকে চেয়ারনাট করে সেখানে একটি করে কমিটি করে দেওয়া হয়েছে এবং তারাই ওয়ধ কেনার সিদ্ধার্থ নিচ্ছেন। আমরা পোস্ট লিটারেসি প্রোগ্রামে কর্মশিক্ষা নয়, সাধারণ প্রাণী বিষয়ক শিক্ষ**ে** উপর জোর দিয়েছি। এর জন্য আমরা বই ছেপে দিয়েছি এবং তার ভিত্তিতে ব্যাপক শি<sup>দ্ধা</sup> বাবস্থা করেছি।

মিঃ চেয়াঁরম্যান, আমাদের দুগ্ধ কো-অপারেটিভ যেগুলো আছে সেক্ষেত্রে অনেক অগ্রগতি হয়েছে। সবচেয়ে বড় যে কাজটা হয়েছে সেটা হচ্ছে মহিলাদের দ্বারা পরিচালিত প্রাথমিক  $^{76}$ 

কো-অপারেটিভ। ওখান থেকে ১৮ লক্ষ ৭২ হাজার টাকা পেয়েছেন মহিলারা। এছাড়া আমরা তিনটি লিকুাইড নাইট্রোজেন প্ল্যান্ট বসিয়েছি এবং তারমধ্যে একটা বসানো হয়েছে গো-বীজকে হিমায়িত করে রক্ষা করবার জন্য। এর থেকে আমরা টাকা পাছিছ। বর্তমানে আমরা সঙ্করায়ণ করতে কেস প্রতি কৃষকদের কাছ থেকে ৫ টাকা করে নিচ্ছি এবং এর মাধ্যমে আমরা এপর্যন্ত ১৮ লক্ষ টাকা পেয়েছি। এছাড়া আমরা পশুখাদ্য তৈরি করছি, বেকন ফ্যাক্টরি থেকে লাভ করছি, শুকর বিক্রি করছি।

[6-05 — 6-14 p.m.]

আমি পোলট্রির কথা বলে শেষ করব। আপনারা হিমলের ব্যাপারে প্রতিবাদ করেছিলেন। আমাদের হিমলের সমস্ত ইনফ্রাস্টাকচার ভেঙ্গে দিয়েছিল যখন গোর্খা আন্দোলন হয়েছিল। আমাদের পাহাড়ে হিমূলের যে ডেয়ারি আছে, তার যে ইনফ্রাস্ট্রাকচার আছে সেণ্ডলি সব ভেঙ্গে দিয়েছিল। সেগুলি গড়তে আমাদের সময় লাগছে। আমরা দুধের জনা যোগাযোগ করে নেপাল থেকে, সিকিম থেকে দুধ সংগ্রহ করতাম, অন্যান্য পাহাড় থেকে দুধ নিতাম। কিন্ত আমাদের গাডিগুলি পুডিয়ে দেওয়া হয়েছিল। আমরা নৃতন করে গাড়ির ব্যবস্থা করে এখন পর্যন্ত প্রতিদিন ২০ হাজার লিটার হিমলের দুধ পাচ্ছি এবং আন্তে আন্তে হিমলকে আমরা দাঁড করাবার চেষ্টা করছি। আপনারা বলবেন যে লোকসান—হাাঁ, এখনও লোকসান আছে। এটা অম্বীকার করার কিছ নেই। কিন্তু আমি বিশ্বাস রাখি যে হিমল নিশ্চয়ই এগিয়ে যাবে এবং হিমল অন্যাদের সমতল্য হয়ে যাবে। আর মরগির ক্ষেত্রে একথা বলতে চাই যে, মরগির পোলটি গোটা পশ্চিমবঙ্গের ঘরে ঘরে হচ্ছে। শুর্থ মরগির ফার্ম. ১৫ থেকে ২২টা ফার্ম হচ্ছে সরকারি। আর এই সরকারি ফার্মের ডিমের হিসাব আমি বলতে পারি, তার বাইরের কথা আমি বলতে পারব না, সরকারি ফার্মের ডিমের হিসাব হচ্ছে, ১৯৭৭ সালে ৭ কোটি ৭ লক্ষ ডিম ছিল। এখন ১৯৯৩-৯৪ সালে ২৪৩ কোটি ডিম হয়েছে। আমরা এতদিন ততীয় স্থানে ছিলাম। আমাদের দ্বিতীয় স্থানে যেতে আর বেশি দিন সময় লাগবে না। ২৪৬ কোটি হচ্ছে তামিলনাড় আর আমরা হচ্ছি ২৪৩ কোটি। অন্ত্র প্রদেশে ৪০ লক্ষের বেশি পাখি। ্রামার কাছে হিসাব আছে, তাদের হচ্ছে ৪১০ কোটি। কিন্তু তামিলনাড আমাদের সঙ্গে প্রায় সমতুল্য। আমরা নিশ্চয়ই এই বছর তামিল্যাডকে ছাডিয়ে যাব ডিমের ক্ষেত্রে। আপনারা কাট মোশন যেণ্ডলি দিয়েছেন, আমি এই কথা বলতে চাই, এতণ্ডলি হাসপাতালের জন্য ইনফ্রাস্ট্রাকচার আছে। প্রত্যেকটি হাসপাতালে মাইক্রোস্কোপ আছে, রেফ্রিজারেটর আছে, অটোক্রেভ আছে, মিডিয়া ভাল আছে। প্রত্যেকটি হাসপাতালে নিয়মিত ডাক্তার আসে। হাসপাতালের বাডিঘরে চুনকাম আছে কিনা সেগুলি পরিষ্কার করে কাট মোশনে লেখা নেই। আমি সমস্ত কাট মোশনের বিরোধিতা করছি এবং আমি আশা করব যে আপনারা কাট মোশন তলে নেবেন এবং এই বাজেটকে সমর্থন করবেন। আমি আপনাদের অনুরোধ করব যে চারপায়ি যার। আছে, যারা বাাঁ, বাাঁ করে তাদের পাশে থাকুন, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুরত মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ছোট করে ওনাকে কিছু বলতে চাই। আমাদের মন্ত্রী মহাশয় অনেক কিছু করছেন এবং করবার আশা দিয়েছেন কিছু কিছু। আমরা ওনার কাছ থেকে আখাস পাছি হাঁস, মুরগি, দুধ এই সমস্ত আরও পাব। ওনার কথা শুনে আমার একটা গল্প মনে পড়ে গেল। একজন গরুর ডাক্তার গরুর ডাক্তারি করত। তাকে ব্যাঙ্গ করে গরুর ডাক্তার বলত। তার সেই রকম প্রসারও করতে পারছে না। তারপর কিদিন সে ঠিক করল গরুর ডাক্তারি ছেড়ে দিয়ে মানুযের ডাক্তারি করব। সেই মতো সে

[31st March, 1994]

সাইন বোর্ড টাঙিয়ে দিল মানুষের ডাক্তার। তারপর কিছুতেই পেসেন্ট আসছে না। ৩ মাস বাদে একটা বাচ্ছা ছেলে দৌড়তে দৌড়তে আসতে দেখে খুব খুশি হয়েছে। তখন সেই বাচছা ছেলেকে বলল কি হয়েছে। সে তখন বলল আপনি এখন চলুন, বাবা খুব অসুস্থ। সেই ডাক্তার গিয়ে দেখে তার বাবা অনেক বার বাথক্রম গিয়ে বিছানায় শয্যাশায়ি হয়ে গেছে। তখন সে ভাবল কি ঔষধ দেবে। সে তখন দেখল হাতির এত ডোজ, যোড়ার এত ডোজ, ছাগলের এত ডোজ, তাহলে মানুষের এত ডোজ হবে। তারপর সেই ডাক্তার সেই ডোজ ইঞ্জেষ্ট করে দিল। তারপর, ডাক্তার চলে এসেছে। তারপর সে ভাবছে সেই ছেলেটা এই রিপোর্ট দেবে, এই রিপোর্ট দেবে। এই ভাবে একমাস গেল দুই মাস গেল, ছেলে এল না। তারপর একদিন সেই ডাক্তার হাটে গিয়েছে, দেখে সেই বাচছা ছেলেটা হাটে এসেছে। তখন সেই ডাক্তার ছেলেটাকে জিজ্ঞাসা করল, রিপোর্ট দিয়ে আসেনি কেন। তখন সেই ছেলেটা বলল বাবা মারা যাওয়ার পরও ৬ বার হয়ে গিয়েছিল।

মিঃ স্পিকার ঃ যাই হোক এবার বসুন।

### Demand No. 49

Mr. Speaker: There are two cut motions to Demand No. 49. All the cut motion are in order and have already been moved.

The motion that the amount of the Demand be reduced by Rs. 100/-, was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 51,12,52,000 be granted for expenditure under Demand No. 49. Major Heads: "2403—Animal Husbandry and 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs. 17,04,20,000 already voted on account in March, 1994.), was then put and agreed to.

#### Demand No. 50

Mr. Speaker: There are four cut motions to Demand No. 50. All the cut motion are in order and have already been moved.

The motion that the amount of the Demand be reduced by Rs. 100/-, was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 83,61,92,000 be granted for expenditure under Demand No. 50. Major Heads: "2404—Dairy Development and 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs. 27,87,35,000 already voted on account in March, 1994.), was then put and agreed to.

# Adjournment

The House was then adjourned at 6.14 p.m. till 11 a.m. on Monday, the 4th April, 1994 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 4th April, 1994 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 17 Ministers, 4 Ministers of State and 102 Members.

[11-00 — 11-10 a.m.]

# Starred Questions (to which oral answers were given)

## বিদ্যুৎ-উৎপাদনে গড় পরিমাণ

\*৩৭১। (অনুমোদিত প্রশ্ন নং \*৩১) শ্রী **আব্দুল মান্নান ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনগ্রহপর্বক জানাইবেন কি—

- (ক) ১৯৮৩ সালে রাজ্যের কোন্ কোন্ বিদ্যুৎকেন্দ্রের উৎপাদনক্ষমতা কত ছিল এবং বিদ্যুৎ-উৎপাদনের গড় পরিমাণ কত ছিল ; প্রত্যেক কেন্দ্রের পৃথক-পৃথক হিসাব)
- (খ) ১৯৯৩ সালে রাজ্যের কোন কোন বিদ্যুৎকেন্দ্রের উৎপাদনক্ষমতা কত ছিল এবং বিদ্যুৎ-উৎপাদনের গড় পরিমাণ কত ছিল ; (প্রত্যেক কেন্দ্রের পৃথক-পৃথক হিসাব) ; এবং
- (গ) উক্ত দুই বছরে বিদ্যুতের কত চাহিদা ছিল?

ডঃ শঙ্করকুমার সেন ঃ

(ক) ১৯৮৩ সালে রাজ্যের বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা এবং বিদ্যুৎ উৎপাদনের গড পরিমাণ নিম্নরূপ ছিল (কেন্দ্রীয় সংস্থা বাদে) ঃ—

উৎপাদন কেন্দ্রের নাম	স্থাপিত ক্ষমতা (মে. ও.)	মাসিক গড় উৎপাদন (এম. ইউ)
ব্যান্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্ৰ	680	8 <i>ৱ.ৱ৬</i> ૮
সাঁওতালদি তাপ ''	840	৯৭.৩৭
গৌরীপুর তাপ ''	20	9.00
গ্যাস-টারবাইন ''	200	৬.৩৭
জ্বলবিদ্যুৎ উৎপাদন কেন্দ্র	८६.७४	৮.৮
ডিজেল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র	<b>২৫.৫৮</b>	৩.৩৫

• • • • • • • • • • • • • • • • • • • •		[4th April, 1994]
মুলাজোড়	১২৮	8%.00
নিউ কাশীপুর	>60	৬৯.০০
টিটাগড়	>20	89.00
সাউদার্ন	@0	٥٥.۵
ডি. পি. এল	২৮০	৬০.০০

খ) ১৯৯৩ সালের রাজ্যের বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা এবং বিদ্যুৎ উৎপাদনের গড় পরিমাণ নিম্নরূপ (কেন্দ্রীয় সংস্থা বাদে) :—

উৎপাদন কেন্দ্রের নাম	স্থাপিত ক্ষমতা	মাসিক গড় উৎপাদন
	(ম. ও.)	(এম. ইউ)
ব্যান্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্ৰ	089	১৬৮.১৬
সাঁওতালদি তাপ বিদ্যুৎ কেন্দ্ৰ	820	\$28.82
জল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্ৰ	৪৬.৩১	9.60
গ্যাসটারবাইন উৎপাদন কেন্দ্র	৬০	5.5@
ডিজেল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র	২২.৩৬	0.52
মুলাজোড়	90	২৯.০০
নিউকাশীপুর	200	৫৬.০০
টিটাগড়	<b>২</b> 8०	\$29.00
সাউদার্ন	১৩৫	98.00
গ্যাস্টারবাইন (সি. ই. এস. সি.)	80	১.৩
কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্ৰ	১২৬০	8\$8.\$0
ডি. পি. এল	৩৯০	<b>৮</b> ৫.8
গ) ১৯৮৩ সালেরাজ্যে বিদ্যুৎ চাহিদা ছি	ল—	১০৯৯ মে. ও.
এবং ১৯৯৩ সালের রাজ্যে বিদ্যুৎ চ	চাহিদা ছিল—	২০৪৯ মে. ও.

শ্রী আবদুল মানান ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, অনুগ্রহ করে জানাবেন কি, আপনি যে তথ্য দিলেন '৮৩ ও '৯৩ সালের, এই দুইটি কম্পেয়ার করে আমরা দেখছি যে আমি ক্য়েকটি স্পেসিফিক বলছি যেমন বি. টি. পি. এসি. এবং সাঁওতালদির প্রোডাকশন ক্যাপাসিটি এক রকম ছিল কিন্তু ইনস্টলড ক্যাপাসিটি যেটা ছিল অ্যাকচুয়াল প্রোডাকশন যেটা জেনারেশন হয়েছে সেটা কম এবং ডি. পি. এল. এ. দেখছি সমস্তগুলোতেই দেখছি গ্যাস টারবাইনের অবস্থা আরও খারাপ। সর্বভারতীয় ক্ষেত্রে পর্যায়ক্রমে তুলনা করলে দেখা যাবে অনেক কম হয়েছে এর কারণটা কি? গ্যাস টারবাইনের ব্যাপারটা আমাদের কাছে অত্যন্ত লজ্জাজনক ব্যাপার, যখন এটা হয়েছিল তখন ১০০ মেগাওয়াট প্রোডাকশন হওয়ার কথা ছিল সেখানে দেখছি '৮৩ সালে ৬.৩৭ প্রোডকশন হয়েছে, '৯৩ সালে দেখছি ১.১৫ মেগাওয়াট প্রোডাকশন

হয়েছে। এটা সম্পূর্ণ বামফ্রন্ট সরকারের আমলে মেশিনারি কিনে হয়েছে, আজকে এর যে অবস্থা হয়েছে এটার কারণ কি?

ডঃ শঙ্করকুমার সেন ঃ গ্যাস টারবাইন নেওয়া হয়েছিল পিকিং পাওয়ার দেবার জন্য। সবসময় চালাবার জন্য নয়। হঠাৎ কোনও বিদ্যুৎ কেন্দ্রে ইউনিট যদি বন্ধ হয়ে যায় সেক্ষেত্রে তথন গ্যাস টারবাইন চালানো হয়, বিশেষত সন্ধ্যা বেলায় যে পিকিং লোড বাড়ে তার জন্য এটা নেওয়া হয়েছিল। সূতরাং সেই হিসাবেই এটা চালানো হয়। সূতরাং গ্যাস টারবাইনের ব্যাপারটা নির্ভর করছে পিকিং লোডের উপরে, যেহেতু এটা কস্টলি, এটা হচ্ছে আপনার দ্বিতীয় প্রশ্নের উত্তরে বললাম। প্রথম প্রশ্নের উত্তরে বলি, ব্যান্ডেল, সাঁওতালদি, গৌরিপুর এবং ডি. পি. এল. এই তিনটি বিদ্যুৎ কেন্দ্রে ৬০-৬৫ সালে স্থাপিত হয়েছিল, বেশির ভাগ হউনিট সাধারণত ২৫ বছর ধরে চলছে, এইগুলি অনেকদিন হয়ে গেছে। যার জন্য পুরনো ব্যান্ডেল ওয়েশটিং হাউস-এর ৪টি ইউনিট, সাঁওতাদির ইউনিটগুলি কোনও সময়েই ভাল চলে না। ডি. পি. এল. '৬৪-৬৫ সালে হয়েছিল যার জন্য তারও উৎপাদন ক্ষমতা হ্রাস পেয়েছে। এখন সর্বভারতীয় স্তরে এবং পশ্চিমবঙ্গে রেনোভেশন এবং মর্ডানাইজেশন প্রোগ্রাম নিচ্ছি এর মাধানে পুরনো ইউনিটগুলিকে একটু নৃতনভাবে ফেরৎ পাওয়ার চেষ্টা করছি। পশ্চিমবঙ্গ মাংশিকভাবে সাফলা লাভ করেছে।

#### [11-10 —11-20 a.m.]

শ্রী আবদুল মানান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি কি কারণে প্রোডাকশন কম হচ্ছে বললেন কিন্তু গ্যাস টারবাইনের ব্যাপারটি এড়িয়ে গেলেন। গ্যাস টারবাইনটা ১০০ মেগাওয়াট বিলুং তৈরি করার জন্য করেছিলেন এবং বিদেশ থেকে এই গ্যাস টারবাইনের যন্ত্রপাতি এসেছে। এ নিয়েঅনেক অভিযোগ উঠেছিল, বিধানসভাতে তা নিয়ে আলোচনাও হয়েছিল। গ্যাস টারবাইন থেকে ১.১৫ যা তৈরি করছেন সে সম্পর্কে বলতে গিয়ে আপনি বলেছেন যে গৃব বিশেষ প্রয়োজনে এটা চালাবেন। প্রাথমিক পর্যায়ে যার উৎপাদন ক্ষমতা ছিল ১০০ মেগাওয়াট, পরবর্তী পর্যায়ে যেটা নেমে এল ৬০ মেগাওয়াটে। বি. পি. টি. এস, সাঁওতালদি, ছি. পি. এল. সম্বন্ধে বলতে গিয়ে আপনি বলেছেন, এগুলি ৬০-এর দশকে এসেছিল ফলে গের প্রোডাকশন কম হওয়া স্বাভাবিক, এগুলির রেনোভেশন দরকার। কিন্তু যেটা ৭০-এর দশকের শেষের দিকে বা ৮০ দশকে এসেছিল সেটা ৬০ মেগাওয়াটে কমে এল কেন এবং এই গ্যাস টারবাইনের জন্য কত টাকা খরচ প্রডেছিল তখন?

ডঃ শঙ্করকুমার সেন ঃ গ্যুস টারবাইনের ১০০ মেগাওয়াট ক্যাপাসিটি যখন ছিল, যখন ক হয় তারপর ৪০ মেগাওয়াটের ইউনিট—২০ করে দুটি—সি. ই. এস. সিকে দেওয়া হয়।

কটি ইলেক্ট্রিসিটি বোর্ডের যে ৬০ মেগাওয়াটের ইউনিট তাতে ১.৫ মিলিয়ান ইউনিট

করেছে। এখানে আবার আপনাকে বলি যে, খোঁজ নিয়ে দেখবেন যে গ্যাস টারবাইন সর্বক্ষণ

চালানো হয় না। হঠাৎ বিদ্যুতের চাহিদা বেড়ে গেলে তখন চলে। কারণ এটা খুব কস্টলি।

বে অয়েল কনজামশন খুব হাই। তবে এটা তাড়াতাড়ি চালু করে বিদ্যুৎ আনা য়য়ে যেটা

করলার ইউনিটে করা য়য় না। তবে এটা চালানা ডিমান্ডের উপর নির্ভর করে। আমরা মাঝে

মাঝে শিলিগুড়ি, হলদিয়ার গ্যাস টারবাইন চালাছি। এটা কখন চালাইং খুব এক্সটিম প্রবেলম

[4th April, 1994]

হলে চালাই। আমি আবার বলছি, আমাদের গ্যাস টারবাইনের জেনারেশন কস্ট খুব হাই—৬/৭ টাকা আজকের বাজারে ইউনিট প্রতি পড়ে যায়। খুব এক্সট্রানিয়াস সারকামস্টান্সেস ছাড়া চালানো হয় না।

শ্রী মলিন ঘোষ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জনাবেন কি, অল ইন্ডিয়ার ভিত্তিতে, পি. এল এফের ভিত্তিতে আমাদের কতগুলি প্ল্যান্ট পুরদ্ধার পেয়েছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ আপ**নারা কাগজে দেখেছেন যে আমাদের কোলাঘাট, সাঁওতালদি, ব্যা**ন্ডেল নানান পুরস্কার পে**য়েছে। তবে সেইসব তথ্য আমার কাছে এখনই নেই।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় সাঁওতালদি দু নং ইউনিটটি আপনার দপ্তরের ব্যর্থতার জন্য বা অবহেলার জন্য দীর্ঘ ৫ বছর অকেজাে হয়ে বসে থাকল। তার কারণ হচ্ছে, কে রিপেয়ার করবে ? এই প্রশ্নটা ডিসাইড করতে না পারায় সাঁওতালদির দূ নং ইউনিটটি ৫ বছর খারাপ হয়ে পড়ে থাকল। আপনি কি এর কারণগুলি অনুসন্ধান করে দেখেছেন ? আপনি কি বলবেন, এরজন্য দায়ী কারা এবং কেনই বা এটা হয়েছিল ?

ডঃ শঙ্করকুমার সেন ঃ সাঁওতালডি-র ইউনিটগুলো, এইগুলো ফেজে হয়েছিল এবং প্রথম একটা সেঁশন যখন করা হয় তখন প্যাকেজ হিসাবে নিয়ে করা হয়। ব্যান্ডেলে য়েয় চারটে ইউনিটই টোটাল প্যাকেজে করা হয়েছে। ওখানে বয়লার, টারবাইন, জেনারেটার ওয়েফিং হাউজ করেছিল। সবচেয়ে বড় ইমপর্ট্যান্ট ব্যাপার হল অ্যাক্সোরিজ, এইগুলো টোটাল প্যাকেছে আগে ইয়ুজ করা হছে। কিন্তু সাঁওতালডিতে সেই ভাবে আসেনি। সাঁওতালডি এক্সপেরিমেটাল হয়েছে। তথাপি এই ইউনিটগুলোকে একটা জায়গায় আনা সম্ভব হয়েছে। আপনি য়েটা বললেন দু নং ইউনিট এটা বন্ধ থাকার কারণ তার রোটার ফেলিয়োর হয়েছিল লার্জ য়েলে। এই রোটারটা রিপেয়রা করা হবে, না, নুতন কেনা হবে এই নিয়ে রাজ্য বিদ্যুৎ পর্যক্ষে নিজেদের মধ্যে সংশয় ছিল। কারণ একটা রোটারের দাম পাঁচ কোটি টাকা। তারপর ৯১/৯২ সালে স্থির করা হয় য়ে নুতন রোটার দেওয়া হবে, এই রোটারে চলবে না। তারপর নুতন রোটার লাগানো হয়েছে। তবে এখনও কিছু ডিফেক্ট আছে, বয়লার, টারবাইনে সামান্য কিছু ডিফেক্ট দেখা দিয়েছে। সুতরাং এটা হছে এখানকার ব্যাপার। এটা খুব দুঃখজনক ব্যাপার য়েদু নং ইউনিটটা অকেজো হয়ে ছিল। কিন্তু এখন আমরা সন্থ জায়গায় আসতে পেরেছি।

শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ মন্ত্রী মহাশায় অনুগ্রহ করে জানাবেন কি, সাব কমিটি অন পাওয়ার যে রিপোর্ট আপনার দপ্তরে পেশ করেছে সাঁওতালডি সম্পর্কে, এই বিষয়ে আপনার দপ্তর কিছু বিবেচনা করছেন কি?

ডঃ শঙ্করকুমার সেন ঃ নিশ্চয়ই, ঐ সাব কমিটি খুব মূল্যবান রেকমেন্ডেশন দিয়েছে। সবগুলো কিন্তু এক সঙ্গে হাতে নিতে পারছি না, ইন ফেজেজ নিচ্ছি। কারণ ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশন এইগুলো খুব ইমপর্টান্ট সমস্যা। আমাদের আর্থিক যে রকম অবস্থা, সেই রকমভাবে রেকমেন্ডেশনগুলোকে কার্যকরী করব।

শ্রী অম্বিকা ব্যানার্জি : মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি, বিশেষ করে সাঁওতা<sup>লৃতি</sup> যে জায়গায় ছিল, তার থেকে উন্নতির জায়গায় তিনি নিয়ে গেছেন। সুদীপবাবু যে <sup>কং।</sup> বলেছেন, দীর্ঘদিন তারা কোনও উদ্যোগ নেননি। আমরা পাওয়ার কমিটি থেকে গিয়ে লক্ষ্য করেছি ওখানকার যে মেন্টিনেন্স স্টাফ আছে তদের কমপ্লেন হল ওখানে কন্ট্রাক্ট লেবার দিয়ে মেন্টেন করা হয় যার জন্য কোনও কাজ সময় মতো হয় না। সেই মেন্টিনেন্স স্টাফদের উপযুক্ত মর্যাদা দিয়ে, তাদের উপযুক্ত ট্রেনিং দিয়ে যদি কাজে লাগানো হয় তাহলে সময় অনেক কম লাগে এবং থরচ অনেক কম হয়। আমরা রোটারের ব্যাপারে জিজ্ঞাসা করেছিলাম, তারা বলেছিল যে তারা রোটারটা ঠিক করতে পারবে। সেই সুযোগ তারা পায়নি। আমি আপনার কাছে অনুরোধ করছি, এই রকম ধরনের কোনও চিন্তা ভাবনা আছে কি না, যেখানে মেন্টিনেন্স স্টাফ আছে, তাদের প্রথমে সুযোগ দিয়ে তারপর কন্ট্রাক্ট লেবার দিয়ে বা কন্ট্রাক্টারদের দিয়ে কাজ করান, এতে টাকা বাঁচবে এবং সময়ও বাঁচবে এবং পার্মানেন্ট স্টাফরা মর্যাদা পাবে।

ডঃ শঙ্করকুমার সেন ঃ নিজেদের কর্মচারী দিয়ে কাজ করালে টাকা এবং সময় কম লাগবে। এটা এক সঙ্গে করা যাবে না, ধাপে ধাপে করা হচ্ছে। সেই জন্য এটা ইন ফেজেজ করা হচ্ছে। এক ধাপে করা সম্ভব নয়, তাতে বিপর্যয় হতে পারে।

শ্রী নটবর বাগদি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, সাঁওতালদি বিদ্যুৎ কেন্দ্র যখন তৈরি করা হয়েছিল তখন সেখানে প্রয়োজনের তুলনায় নিম্ন-মানের যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছিল, ফলে ওখান থেকে দীর্ঘদিন ধরে আশানুরূপ পাওয়ার তৈরি করা সম্ভব হয়নি। এ বিষয়ে একটা তদন্ত কমিটি গঠন করা হয়েছিল এবং সরকারের বেশ কিছু টাকার অপচয় হয়েছিল। এটা আপনার জানা আছে কি? যদি জানা থাকে তাহলে সেই কমিটির কি সুপারিশ ছিল?

ডঃ শঙ্করকুমার সেন ঃ এটার জন্য আমাকে নোটিশ দিতে হবে। তদন্ত হয়েছিল কিনা তা আমার জানা নেই। নোটিশ দিলে আমি খোঁজ নিয়ে জানাতে পারব। তবে একটা কথা আমি বলতে পারি, ওখানে একটা বড় সমস্যা হচ্ছে বিহারের তেনুঘাট থেকে ওখানে জল আনা হয়। যে জলটা আসে তার সবটাই যদি পাওয়ার জেনারেশনের জন্য ব্যবহার করা হয় তাহলে কর্মচারীদের কলোনীতে জলের অপ্রতুলতা দেখা দেবে। এই জন্য ওখানে চারটে ইউনিটকে এক সঙ্গে চালানো বর্তমানে শক্ত। তবে আমরা মর্ডান টেকনোলজির মাধ্যমে একটা মেজার নিচ্ছি—বয়লার থেকে অ্যাস-এর সঙ্গে যে জল বেরিয়ে আসে সেটাকে রিসাইকেল করে চারটে ইউনিট চালানো যাবে। সেই চেষ্টা আমরা করছি।

[11-20 — 11-30 p.m.]

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আমাদের অভিজ্ঞতা হচ্ছে, প্রতি বছর প্রাকৃতিক দুর্যোগে, কালবৈশাখীর ঝড়ে বেশ কিছু এলাকার টাওয়ার পড়ে যায়। দুর্গাপুর থেকে সাঁইথিয়া, বিস্তীর্ণ এলাকায় প্রতি বছর এই জিনিস ঘটছে। ফলে এই সময়ে প্রতি বছর বিস্তীর্ণ উঞ্চলে বিদ্যুতের অভাব দেখা দেয়। আবার এই সর্ময়ে গ্রামাঞ্চলে প্রতি বছর স্কুল ফাইনাল এবং হায়ার সেকেন্ডারি পরীক্ষা চলে এবং ছাত্র-ছাত্রীরা বিদ্যুৎ পায় না। এমন কি কখনও কখনও যে বিদ্যুৎ সরবরাহ করা হয় তাতে কিছুই দেখা যায় না, তা হারিকেনের আলোর চিয়েও কম আলো দেয়। এই অবস্থাটা আপনি সার্ভে করে দেখেছেন কিং যদি সার্ভে করে থাকেন তাহলে প্রতিকারের জন্য কি ব্যবস্থা গ্রহণ করছেন তা দয়া করে জানাবেন কিং

ডঃ শঙ্করকুমার সেন ঃ এটা খুবই দুঃখজনক ব্যাপার। প্রতি বছর যখন এই সময়ে আমাদের বিদ্যালয়গুলির ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক পরীক্ষা হয় এবং অন্ধ কিছু সময় পরেই ইউনিভার্সিটির পরীক্ষাগুলি হয় এবং বোরো চাষের জন্য জলের প্রচন্ত ডিমান্ড দেখা দেয় তখনই এই বিপর্যয়ও দেখা দেয়। এর জন্য আমিও ব্যক্তিগতভাবে বিপর্যন্ত হচ্ছি—আজ সাঁইথিয়া, কাল বহরমপুর, পরশু দুর্গাপুর আমাকে ঘুরতে হচ্ছে। এ বিষয়ে আমরা একটা অল্টারনেটিভ লাইন করার ব্যবস্থা করছি। দুর্গাপুর থেকে বিষ্ণুপুর লাইনের অল্টারনেটিভ লাইন বসিয়েছি। এরকম সাঁইথিয়ায় আমাদের পাওয়ার প্রিভ থেকে একটা অল্টারনেটিভ লাইন ট্যাপ করে নিয়ে আসছি। এখানে একটা ডক কন্ডাইর আছে, ওটা রিপ্লেস করতে পারলেই সাঁইথিয়ায় বেশি পাওয়ার দিতে পারতাম।

কিন্তু এখানে আমাদের বিছিন্ন করতে হবে। আপ-টু ৭ ডেজ পাওয়ার বন্ধ করে দিছে হবে ঐ এলাকায়, তা সম্ভব নয়। আমরা সেইজন্য ধাপে-ধাপে করছি। টোটাল মাস্টার প্লান হয়েছে। অত্যন্ত ভালভাবে এ বিষয়ে অবহিত হয়েছি, মালদা অঞ্চল দক্ষিণ দিনাজপুর, উত্তর দিনাজপুর, মুর্শিদাবাদ জেলার বহরমপুর, বিষ্ণুপুর, বাঁকুড়ার খানিকটা ট্যাকল করেছি। নদীয়ের দেবগ্রাম এলাকাটা খুবই চিস্তার ব্যাপার, আমরা করছি। দেখা যাক কোনখানে গিয়ে দিছে এই নাচারাল ক্যালামিটি।

শ্রী রবীন দেব ঃ আপনি বলেছেন, ১৯৮৩ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত এই সময়ের মধ্যে ১ হাজার ৯৯ মেগাওয়াট চাহিদা থেকে বেড়ে ২ হাজার ৪৯ মেগাওয়াট হয়েছে অর্থাৎ ৯৫০ মেগাওয়াট চাহিদা বেড়েছে। এই ১০ বছরে ৯৫০ মেগাওয়াট বিদ্যুৎ বার্ভাঠ চাহিদা পুরণের ক্ষেত্রে এবং সরবরাহ করার ক্ষেত্রে কতটা উমতি করতে পেরেছেন।

ডঃ শঙ্করকুমার সেন ঃ হাঁা, এই কয়েক বছরে আমাদের সব থেকে বড় কন্ট্রিবিউশ্ব কোলাঘাট তাপ বিদ্যুৎ প্রকল্প। কমপেয়ার করে দেখেছি ১৯৮৩ সালে কোলাঘাটের কন্ট্রিবিউশ্ব ছিল না। ১২৬০ মেগাওয়াট যেটা যোগ করেছি সেটা হচ্ছে ব্যান্ডেলের ৫ নম্বর ইউনিউ, সাঁওতালডিহির কিছু কিছু মেশিন রিপেয়ার এবং রিনোভেট করে উয়তি করতে পেরেছি। যাব ফলে ২ হাজার ৪৯ মেগাওয়াট-এ আনতে পেরেছি। এরপর ১৯৯৩-৯৪ সালে আরও ১৫০ মেগাওয়াট বেড়ে গেছে এ বছরে। এখনকার যে ডিমান্ড সেই ডিমান্ডও বেড়ে গেছে। আমর এখন পর্যন্ত জেনারেশন পয়েন্ট অফ ভিউতে আসতে পেরেছি, কিন্তু ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশ্বনে আনক প্রবলেম আছে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ আপনি বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে যে হিসাব দিলেন াতে বাস্তবিকই বিদ্যুৎ উৎপাদন বেড়েছে বলে আপনি বলছেন এবং এটা ঘটনা। আমার জিন্তাসন বাড়তি বিদ্যুৎ, পর্যাপ্ত বিদ্যুৎ হওয়া সত্তেও আপনি যেখানে আসাম, বিহার এবং উড়িয়াকে বিদ্যুৎ সরবরাহ করে দিচ্ছেন, ঠিকমতো এখানে কাজে লাগাচ্ছেন না, এরফলে গ্রামাঞ্চলে ব্যাপক লোড-শেডিং হচ্ছে এবং সেটা উন্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে, মারাত্মক সংকটজনক অবস্থান্ত এব কারণ কিং এর হাত থেকে পরিত্রাণ পাবার কি কোনও উপায় নেইং

ডঃ শঙ্করকুমার সেন ঃ বর্তমানে যে বিপর্যয় হচ্ছে ঝড়ের জন্য সেটা আমি ধরছি ন। আমি গতকাল দক্ষিণবঙ্গে গিয়েছিলাম এবং অবস্থাটা দেখে এসেছি। আমি সেটা ধরছি ন।

<sub>ফামি</sub> সাধারণভাবে ধরি, আমাদের লম্বা লাইন, ১৫০ কিলোমিটার, ১০০ কিলোমিটার লাইন ন্ধ্যে যাওয়া হয়েছ। যত লম্বা লাইন হবে, লাইনের এন্ডে বিদ্যুতের পরিমাণ কমে যাবে—এটাই দ্রোরেল। সূতরাং আরও সাব-স্টেশন করা দরকার। কিন্তু এক-একটি সাব-স্টেশন তৈরি . <sub>করতে</sub> ১৫ লক্ষ টাকা, ২০ লক্ষ টাকার দরকার। কোনও কোনও সাব-স্টেশন করতে ২ <sub>কোটি</sub> টাকার মতোন পড়ছে। এইরকম একসঙ্গে সবণ্ডলি সাব-স্টেশন করার আর্থিক ক্ষমতা ্ন্যাদের নেই। আমার বয়ানে দিয়েছি প্রাওরিটি করে, বিপর্যয় বুঝে এখন করা হোক। আমাদের যেমন আর্থিক ক্ষমতা সেই হিসাবে আমরা করছি। এর কিন্তু ডায়রেক্ট সলিউশন ্রের। কর্মীরা যে কাজ করছে না, তা নয়, ঝডে-জলে তারা কাজ করছেন এবং তারা চেষ্টা হরছেন। টোটাল প্ল্যানিং-এর উপর নির্ভর করে আমরা করছি। আমরা পাশাপাশি আর একটি গ্রিনিস করছি, প্রতিটি জেলার জন্য সার্বিক পরিকল্পনা করেছি। ৩টি জেলার পরিকল্পনা আমরা দিল্লিতে পাঠিয়েছি ফর আপ্রভাল। একটা হচ্ছে মেদিনীপুর জেলা, একটা নদীয়া জেলা এবং আর একটা বীরভম জেলা। আমরা আজ থেকে ২৫ বছর পরের কথা ভাবছি যে কি করা হচিত্র, কোথায় সাব-স্টেশন করা উচিত, কিভাবে লাইন টানা উচিত সেইসব দেখছি এবং দ্মিতে পাঠিয়েছি। আশা করছি, করতে পারব। দক্ষিণ ২৪-পরগনার ঐ এলাকাটা ভয়াবহ এলাকা। এখানের লাইনটা দেখছি, জিরাট থেকে লম্বা লাইন লক্ষ্মীকান্তপুর আর একটা লাইন জোকা-হাওড়া থেকে গঙ্গার তলা দিয়ে এবং সবকটি লাইন লম্বা লম্বা। আমাদের পরিকল্পনা হ্রাজ্য ১৯৯৬ সালে বজবজ বিদাৎ প্রকল্প এলে তার থেকে একটি ট্রান্সমিশন লাইন জোকায় ফিড করে দেব এবং তখন দক্ষিণ ২৪-পর্গনায় বিদাৎ সর্বরাহের ব্যাপারটা অনেকটা স্টেবল হবে।

Shri Gyan Singh Sohanpal: Sir, it is claimed by the Power Department that the power position in the State has improved considerably. It is also seen that recently loadshedding has increased substantially. My supplementary is to the Hon'ble Minister how would you explain this?

ডঃ শঙ্করকুমার সেন ঃ আমরা যখন বলছি পাওয়ার পোজিশন ইমপ্রুভ করেছে তখন বৈতে হবে আমাদের সাপ্লাই পোজিশন ডিমান্ড থেকে একটু বেটার জায়গায় আছে। তার মনে কিন্তু এটা নয় যে যতটা বিদ্যুৎ উৎপাদন করতে পারছি তার সমস্টটাই জায়গা মতো নিরে যেতে পারছি। সমস্ত জায়গায় বিদ্যুতের ফ্রিকোয়েপি মাস্ট বি ওয়েল এবং এটা করতে পারলে ভোল্টেজ কন্ডিশনটা ভাল থাকবে, কিন্তু আমরা এটা করতে পারছি না। এটা স্বীকার করাই ভাল যে এটা করতে সময় লাগবে। অন্যান্য স্টেটে সাপ্লাই দিচ্ছি বলে যে কথা বলা ব্য়েছে সেক্ষেত্রে একমাত্র ওড়িয়াতেই এখান থেকে ডাইরেক্ট লাইন ররেছে। গ্রিডে আমাদের কিনোরেপি মড়ুলেট করতে হয়। এটা ৫০ করা উচিত, কিন্তু আমরা সেটা পারছি না। এটা ৪৮-৪৯ ছিল, কিন্তু সাম্প্রতিক ঝড়ের ফলে এটা ৫০ থেকে বেড়ে ৫১ হয়েছে। বিদ্যুৎটা যে গ্রিডে তোলা হয় সেই গ্রিড বিহার, ওড়িয়া এবং আসামে গেছে, কিন্তু বিদ্যুৎটা বিহারে চলে ক্রিড এটাই হচ্ছে নেটওয়ার্কের টোটাল পিকচার। আমাদের উৎপাদন বেড়েছে চাহিদা থেকে, কিন্তু আমাদের যে লেটেন্ট চাহিদা রয়েছে—সমস্ত প্রামে যদি আমরা বিদ্যুৎ সরবরাহ করতে

[4th April, 19

পারতাম তাহলে আমাদের উৎপাদনটা খেয়ে যেতো, কিন্তু সেটা করতে আমরা পা আর্থিক এবং লাইন বিপর্যয়ের কারণে। কলকাতা শহরেও দেখবেন, ট্রাপফর্মার এবং বে ফল্টের কারণে লোডশেডিং হচ্ছে।

[11-30 — 11-40 p.m.]

### রুগ্ন ও বন্ধ্যা শিল্প

\*৩৭২। (অনুমোদিত প্রশ্ন নং \*৬১) শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ তারকিত প্রশ্ন \*১০৩ (অনুমোদিত প্রশ্ন \*১৪৮) ১২. ৭. ৯৩ তারিখের উল্লেখপূর্বক শিল্প-পূনর্গঠন বিভা ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ১৯৯৩ সালের ৩০শে নভেম্বর পর্যস্ত রাজ্যের কতগুলি রুগ্ন ও ব শিল্পপ্রতিষ্ঠানের আবেদন বি. আই. এফ. আর.-এর বিবেচনায় রয়েছে ;
- (খ) এর মধ্যে মোট কতগুলি প্রতিষ্ঠানের জন্য বি. আই. এফ. আর. প্যাদ অনুমোদন করেছেন ;
- (গ) এই সময়ের মধ্যে এ. আই. এফ. আর.-এর নিকট কতগুলি আপিল ং হয়েছে ; এবং
- (ঘ) এর মধ্যে কয়টি মঞ্জুর এবং কয়টি না-মঞ্জুর হয়েছে?
- শ্রী পতিতপাবন পাঠক ঃ
- (ক) ১৪১ (একশত একচল্লিশ)
- (খ) ২৮ (আঠাশ)
- (গ) ১৬ (ষোল)
- (ঘ) মঞ্জুর—১২ (বার) নামঞ্জর—৪ (চার)

শী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ উনি যে হিসাব দিলেন তাতে দেখতে পাচ্ছি, বেশ দিল্পপ্রতিষ্ঠান বি. আই. এফ. আরের বিবেচনার জন্য রয়েছে এবং কেন্দ্রীয় সরকার <sup>চি</sup>ইন্ডাস্ট্রিজ কোম্পানি অ্যাক্ট অ্যামেন্ডমেন্ট করবার মধ্যে দিয়ে পাবলিক সেক্টর বি. আই. এ আর.-রে পারভিউর মধ্যে চলে এসেছে। এই নিয়ে হাউসে আগে প্রশ্নোত্তরও হয়েছে। অ মাননীয় মন্ত্রী মহাশয়রে কাছে জানতে চাই, রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকাছে বি. আই. এফ. আর-এর একটি স্পেশাল বেঞ্চ কলকাতায় করবার ব্যাপারে যে ব বলা হয়েছিল যে বেঞ্চ হলে ইউনিয়নের সুবিধা হবে এবং রাজ্য সরকারের অফিসারণ্ডি অ্যাপিয়ার হতে সুবিধা হবে আসা-যাওয়া এবং থাকবার ব্যাপারে, কারণ দিল্লিতে খাবার এ থাকবার অনেক অসুবিধা রয়েছে, সেই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় কতটা অগ্রসর হ<sup>ত্তে কেন্দ্রী</sup>য় সরকারের সঙ্গে কথাবার্তা বলে?

্বারবার বলেছেন এবং লিখেছেন। কিন্তু এখন পর্যন্ত ইতিবাচক কোনও উত্তর পাওয়া যায়নি।

শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কতগুলি শুরুত্বপূর্ণ কারখানা যেগুলি বি. আই. এফ. আরে বা এ. আই. এফ. আরে বিবেচনাধীন আছে, এই রক্ম কোনও ফাইন আপনার কাছে রেডি আছে কিনা? কানোরিয়ার বিষয় নিয়ে আমাদের রাজ্যে একটা আলোড়নের সৃষ্টি হয়েছে। বি. আই. এফ. আরে যে আলোচনা হয়েছে সেই পরিপ্রেক্ষিতে এখন অবস্থাটা কি? দ্বিতীয় হচ্ছে, স্ট্যান্ডার্ড ফারমাসিউটিক্যাল, জীবনদায়ী ঔষধ খোনে তৈরি হয়, সেখানে সমস্ত কিছু প্যাকেজ করার পরেও সমস্ত কিছু বাতিল করে আবার বি. আই. এফ. আরে গেল। তাদের অবস্থা কি এবং আঙ্গাসা যেটা, সেটাও বি. আই. এফ. আরে গেনও পরিস্থিতিতে আছে জানাবেন কি?

শ্রী পতিতপাবন পাঠকঃ কানোরিয়া সম্পর্কে সকলে জানেন যে প্যাকেজ অনুযায়ী কারখানা খোলার ব্যাপারে আর্থিক প্রতিষ্ঠানগুলি আছে—আই. ডি. এফ. সি. আই., আই. এফ. সি. আই. এফ. সি. আই., এদের যেগুলি করণীয় আছে, সেটা নিয়ে মূলত সংঘর্ষ শুরু হয়। আবার প্যাকেজ অনুযায়ী বলা হয়েছে যে ৩ মাসের সময় দেওয়া হচ্ছে তার মধ্যে নৃতন প্যাকেজ দিতে পারেন। আর একটা কথা আছে, যদি ওয়ার্কাররা কোঅপারেটিভ করতে চান তাহেল সেই ব্যাপারে তাদের বক্তব্য রাখতে পারেন। এই হচ্ছে কনোরিয়া সম্পর্কে সর্বশেষ পরিস্থিতি। স্ট্যান্ডার্ড ফার্মাসিউটিক্যাল, নিয়ে শ্রমিক পক্ষের সঙ্গে মানিক পক্ষ যারা এটা চালাবেন, তাদের মোটামুটি একটা আন্ডারস্ট্যান্ডিং হয়েছে এবং সেই ভাবে একটা প্যাকেজ তৈরি হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। এই হচ্ছে এটার শেষ অবস্থা। আব আাঙ্গাতে, , , স্বর্ষম্ভ কি হয়েছে সেই সম্পর্কে আমার কাছে কোনও নোট নেই। তবে ফি চান তাহলে পরে আমি দিয়ে দিতে পারব।

শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, পাবলিক সেক্টরের যে ইউনিটণ্ডলি বি.

ত্বি এফ. আরে রেকার করা হয়েছে, সেগুলির সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে কোনও তথ্য

ত্বি কিনা জানাবেন কিং

খ্রী পতিতপাবন পাঠক ঃ ১৬টার মতো কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত শিল্প সংস্থা বি. আই. এফ.

<sup>তারে</sup> রেফার করা হয়েছে এবং কোনওটাতেই শেষ পর্যন্ত ফাইনাল সিদ্ধান্তে আসা যায়নি।

শ্রী জটু লাহিড়িঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি হাওড়ার মানুষ, আপনি জানেন যে বিজ্ঞার ইন্ডিয়ান মেশিন বি. আই. এফ. আরে উইপডুন হয়ে গেছে। দীর্ঘদিন শ্রমিক কর্মচারীরা কাল এটা নিজেদের উদ্যোগে চালাবার চেষ্টা করছে। আমার কাছে যে শেষ খবর আছে কালে এটা নিজেদের উদ্যোগে চালাবার চেষ্টা করছে। আমার কাছে যে শেষ খবর আছে তিতে রাজ্যের সমবায়কে দিয়ে শ্রমিক কর্মচারীরা এই ইন্ডিয়া মেশিন চালাবে, গুধু ১০ কোটি কার যে ঋণ রয়েছে ব্যাঙ্কের কাছে সেটা যদি মুকুব করা যায়। এই ব্যাপারে কতদূর কি ধ্রিয়েছে সেটা জানাবেন কি?

্রী পতিতপাবন পাঠক ঃ ইন্ডিয়ান মেশিন, এটা লিকুইডেশনে যায় এবং যখন সেই শিল্যা প্রকটা চেষ্টা বলছিল যে সমবায় ভিত্তিতে চালানো যায় কিনা। সমবায়ের ব্যাপারে

[4th April, 1994;

কর্মীরা উদ্যোগ নেন এবং একটা সংস্থাও তৈরি হয়। আমাদের রাজ্যের সমবায় মন্ত্রী র ব্যাপারে যথেষ্ট উদ্যোগ নেন। কিন্তু কথা হচ্ছে, ওখানকার লায়েবিলিটিজের ব্যাপারে কেইন্সরকারের একটা আশ্বাস ছিল যে যদি সমবায়ের ভিত্তিতে চালু করা হয় তাহলে ওটা মূক্রকরার কথা ভাববেন। কিন্তু পরবর্তীকালে তারা সম্পূর্ণভাবে অস্বীকার করেছেন। কাজেই ই প্রস্তাব আর এগিয়ে যায়নি।

[11-40 --- 11-50 p.m.]

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন আমাদের রাজ্যে অবস্থিত কেন্দ্র সরকারের রাষ্ট্রায়ত্ব শিল্প সংস্থা যে গুলি বি. আই. এফ. আর-এ পাঠানো হয়েছে। আমলে মুখ্যমন্ত্রী এই ব্যাপারে প্রধানমন্ত্রীর কাছে লিখেছিলেন এবং প্রধানমন্ত্রী লিখিতভাবে জানিছিলেন যে ত্রিপাক্ষিক কমিটির মাধ্যমে—রাজ্য সরকার, রাষ্ট্রায়ত্ব শিল্প সংস্থার কর্তৃপক্ষ এই ভারত সরকার এই তিন পক্ষ—আলোচনা করে তারা একটা সুপারিশ বি. আই. এফ. ২ফ. এর কাছে দেবে আনুষ্ঠানিকভাবে এবং দেওয়ার পরে মূল যে রিপোর্ট তার ভিত্তিত্বে এই রাষ্ট্রায়ত্ব শিল্প সংস্থার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে। আমি জানতে চাই যে আমাদের রক্ষে অবস্থিত রাষ্ট্রায়ত্ব শিল্প সংস্থার ব্যাপারে এই ত্রিপাক্ষিক কমিটির মাধ্যমে কোনও রিপোর্ট র্ফে হচ্ছে কিনা, সেই রিপোর্টগুলি বি. আই. এফ. আর.-এ পাঠানো হচ্ছে কিনা এবং তথ অনুমোদন পাওয়া যাচেছ কিনা?

শ্রী পতিতপাবন পাঠকঃ ত্রিপাক্ষিক বৈঠক ব্যবস্থা করার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের তব এখনও পর্যন্ত কোনও সংস্থার ব্যাপারে এই রকম কোনও প্রচেষ্টা কেন্দ্রীয় সরকারের তব থেকে আসেনি।

শ্রী সৌগত রায় ঃ আপনাকে আমি বলি আপনি সত্যি কথা বলেন। কিন্তু এটা টি বললেন সেটা ঠিক নয়। আপনি নিশ্চয়ই জানেন আই. আর. বি. আই.-এর যে অপার্টে এজেপি আছে বেঙ্গল কেমিক্যাল, কামারহাটি, ইত্যাদি ব্রিপান্ধিক বৈঠক ডাকে, কেন্দ্রীঃ সবংশ নয়। বি. আই. এফ. আর সময় ঠিক করে দেয়, অপারেটিং এজেপি মিটিং ডাকে। অল্প কাছে খবর আছে প্রতিটি ক্ষেত্রে অপারেটিং এজেপি মিটিং ডাকে। যাই হোক আমার টি প্রশা সেটা হল মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কয়েকটি কেসে বি. আই. এফ প্রাক্তেজ অ্যানাউপ করেছে। এখন এই প্যাকেজে সাধারণত থাকে যারা ফাইনাসিয়াল ইপার্টিট তারা এই স্যাকরিফাইজ করবে, সেউ গভর্নমেন্ট এই স্যাকরিফাইজ করবে, সেউট গভর্নমেন্ট এই স্যাকরিফাইজ করবে। মাননীয় মন্ত্রী মহাশ জানাবেন কি, এই যে একটা প্যাকেজ অ্যানাউপড করেছে বি. আই. এফ. আর, তার ম্বেক্টাতে সেউট গভর্নমেন্টের রোল ছিল, কি দেবে, তাদের কতটা সেলস্ক ট্যাক্স ছাড় দেবে. বি

শ্রী পতিতপাবন পাঠকঃ ডিটেলস সংখ্যাটা কারেক্ট হওয়া দরকার। সেই জনা ডিটের্নি আমি এখন বলতে পারব না। তবে এইটুকু বলতে পারি যতগুলি প্যাকের বি. আই <sup>এই</sup> আর. অনুমোদন করেছে তাতে রাজা সরকারের যা করনীয় তাতে প্রতিটি ক্ষেট্রে <sup>ইই</sup> সরকার সম্মতি জানিয়েছে এবং নির্ধারিত সময়ে শর্তপূরণ করেছে। শ্রী সৌগত রায় ঃ স্যার, আমার স্পেসিফিক প্রশ্ন ছিল বি. আই. এফ. আর প্যাকেজ যেগুলি অ্যানাউপ করছে তার মধ্যে কটাতে স্টেট গভর্নমেন্টের কি করনীয় ছিল। প্যাকেজ পার্টটা মন্ত্রী মহাশয় বলছেন ঠিক নেই, ফিগার ঠিক নেই। পরবর্তীকালে কাইন্ডলি আপনি বলে দেবেন কটা ক্ষেত্রে স্টেটের অংশ ছিল এবং কোন কোন ক্ষেত্রে স্টেটে গভর্নমেন্ট সেই প্যাকেজ পুরণ করছে।

শ্রী পতিতপাবন পাঠক: নিশ্চয়ই জানিয়ে দেব।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে ১৬টি প্রাইভেট সেক্টর বি. আই. এফ. আর-এ রয়েছে। আমি নির্দিষ্টভাবে জানতে চাই যে দুর্গাপুর-এ হিন্দুস্থান ফাটিলাইজার কর্পোরেশন, এম. এ. এম. সি., বি. ও. জি. এ., এদের পজিশন কি? কি অবস্থায় আছে? রিভাইভ্যালের ব্যাপারে আমাদের সরকারের পক্ষ থেকে, আপনার দপ্তরের পক্ষ থেকে কি প্রচেষ্টা করছে?

শ্রী পতিতপাবন ঃ যে সংস্থাগুলি বি. আই. এফ. আর-এ প্রেরিত হয় বি. আই. এফ. আর নির্দেশ দেন সেইগুলি কি করে পুনজীবিত করা যায়। এই ব্যপারে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে আমাদের যেটুকু দায়িত্ব নেওয়া সম্ভব সেটা আমরা নিয়ে থাকি। যে গুলির হেযারিং হয়েছে সেখানে আমরা সম্মতি দিয়েছি। এর চেয়ে বেশি জানতে চাইলে আমাকে লিখিত দেবেন।

শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ এখানে সকলে একটা কথা বারবার করে তোলেন যে কেন্দ্রীয় সরকার অধিগৃহীত কারখানাগুলি বি. আই. এফ. আর. এর কাছে গেছে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের অধিগৃহীত যে সমস্ত কলকারখানগুলি আছে সেগুলি ধিকধিক করছে এবং প্রায় বন্ধ হওয়ার মুখে। আমার প্রশ্ন হচ্ছে এই যে, পশ্চিমবঙ্গ সরকারের অধিগৃহীত কারখানা কতগুলি বি. আই. এফ. আর-এর কাছে পাঠাবার জন্য ঠিক করেছেন বা মনোভাব প্রহণ করেছেন গ

শ্রী পতিতপাবন পাঠকঃ বিষয়টি হচ্ছে এই যে, রাজা সরকার এখনও বি. আই. এফ. আর-এর কাছে পাঠিয়ে সংশ্লিষ্ট কারখানার শ্বাশান-যাত্রা করতে রাজি নন। রাজ্য সরকার সাধামতো চেষ্টা করছেন সেগুলিকে পুনরুজ্জীবিত করা যায় কিনা তারজন্য। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে জানানো হয়েছে। এই প্রচেষ্টা যতদিন থাকবে, ততদিন আমাদের এই প্রচেষ্টার জন্য সুযোগ দিতে হবে।

# क्य़ला-উত্তোলনজনিত বিপদ

\*৩৭৩। (অনুমোদিত প্রশ্ন নং \*৩৮৭) শ্রী প্রবোধ পুরকাইত এবং শ্রী দেবপ্রসাদ সরকার ঃ ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কয়লা-উত্তোলনজনিত কারণে বিপদজনক পরিস্থিতি থেকে রাণীগঞ্জ শহরকে বাঁচানোর জন্য রাজ্য সরকার কি কি উদ্যোগ নিয়েছেন ; এবং

[4th April, 1994]

(খ) এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অদ্যাবধি কি সাহায়্য পাওয়া গেছে;

# श्री विनग्रकुषः होधुति :

- (ক) কয়লা উত্তোলন জনিত ধ্বস নামা, পরিবেশ দৃষণ ইত্যাদি বিপদজনক পরিস্থিতির প্রতিষেধ ও প্রতিবিধান করা মূলত কয়লা, উত্তোলনের লিজগ্রহীতা ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেডের দায়িত্ব। গত পাঁচ বছর ধরে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে এই বিষয়ে বছবার চিঠিপত্র দিয়েছেন। যেখানে মূলত এই দাবি করা হয়েছে যে এই কাজগুলি সুষ্ঠভাবে সম্পাদনের জন্য একটি স্ট্যাটুটরি অথরিটি যেন কেন্দ্রীয় সরকার স্থাপন করেন।
- (খ) কেন্দ্রীয় সরকার এ বাবদ পশ্চিমবঙ্গ সরকারকে সরাসরি কোনও সাহায্য দে: নি।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, এটা কি সত্যি যে সম্প্রতি কেন্দ্রী: সরকার রাণীগঞ্জ এবং আসানসোলের কয়লাখনিগুলিকে ধ্বস নামার হাত থেকে বাঁচাবার জন্য দশ কোটি টাকা, গত আর্থিক বছরে পাঁচ কোটি এবং এই আর্থিক বছরে পাঁচ কোটি টাকা বরাদ্দ করেছেন ; এবং এই কাজ তদারকি করার জন্য, অগ্রগতি কি রকম হছে, তারজন্য একটি কমিটি গঠন করেছেন, যার মধ্যে যুগ্ম সভাপতি হিসাবে মাননীয় মুগ্যমন্থ্র এবং কেন্দ্রীয় কয়লা মন্ত্রী অজিত পাঁজা আছেন, এই কথা সত্যি কিনা?

শ্রী বিনয়কৃষ্ণ টৌধুরি ঃ এই কথা সত্যি নয়। প্রথমে টাকার কথাটা বোঝা দরকার আজ থেকে কয়েক বছর আগে, ১৯৮৯ সালের হিসাব অনুযায়ী, ওখানে যে জায়গায় ধ্বদনামছে এবং যেগুলিতে ওপেন কাস্ট হচ্ছে তারজন্য তখনকার মূল্যমানের ভিত্তিতে অন্ততপক্ষে ৬০০ কোটি টাকার প্রয়োজন ছিল। এখন সেটা কমপক্ষে ৩,০০০ কোটি টাকা দাঁড়িয়েছে। আপনি টাকার যে কথাটা বলছেন—গত আর্থিক বছরে পাঁচ কোটি টাকা ওরা দেওয়ার কথা বলছিলেন। যেজন্য আমি বলছি, সরাসরি নয়, ওদের কাছে আছে। কিন্তু বিষয়টি বোক' দরকার যে, এটি রাজ্য সরকার করতে পারে না। কারণ আন্তারগ্রাউন্ড ওয়ার্ক করার কোনও দরকার নেই।

#### [11-50 - 12-00 Noon]

আমি আপনাদের স্মরণ করিয়ে দিই ৫ বছর আগে এখান থেকে এই বিধানসভা থেকে সর্বদলীয় কমিটি কংগ্রেসও ছিল, তখন আমরা গিয়েছিলাম, সেই সময় কয়লা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলেন বসস্ত শাঠে সেখানেও আমরা গিয়েছিলাম। সেখানে বিস্তারিত ও লিখিতভাবে নিয়ে গিয়ে অল পার্টির তরফ থেকে বলেছিলাম আজ থেকে ২০।২২ বছর ধরে ওখানে এটা দেখবার জন্য য়ারা দায়িত্বে আছেন সেটা হচ্ছে স্ট্যাটিউটোরি অথরিটি, ডিরেইর জেনারেল অফ মাইনস শিফটিং তার কাজ হচ্ছে কয়লা উত্তোলনের ক্ষেত্রে যে সমস্ত মাইনস আ্যান্ট এবং রুলস আছে সেটা মাইনিং এর সময়ে স্ট্রিকলি ফলো হয় কিনা এবং কোনও রকম ভায়োলেশন যদি হয় সঙ্গে সঙ্গে সেই সম্বন্ধে ব্যবস্থা নেওয়া দায়িত্ব হচ্ছে তার। কিন্তু সেটা করা হয়নি। আপনারা জানেন ডিপ মাইনিং মানেত্বছেছ মাটির তলাকার ভেতর দিরে

নিচে গিয়ে কয়লা তুলতে হয়। এই কয়লা উত্তোলন এর ফলে নিচে যে জায়গাটা ফাঁকা হয় ন্টো বালি দিয়ে পুরণ করা হয়। এটা দেখবার জন্য ১৯২২ সালে তখন এল. বরোজ যে ডিভিশনাল কমিশনার ছিলেন সেই সময় কোল স্টোরিং আক্ট চালু হয়েছিল। কিন্তু ব্রিটিশ আমলে বিদেশিদের কলোনিকাল আউটলকের জন্য তাদের লুঠ করার উদ্দেশ্য ছিল বলে তারা েলাকার মানুষের ভবিষ্যতের কথা চিন্তা করতেন না। এটা কলোনিকাল আউটলকের একটা অংশ। দর্ভাগ্যের বিষয় স্বাধীনতার পর যখন কোল ন্যাশনালাইজড হল তারপরে সেই মৌলিক দ্বার্টিভঙ্গিতে কিন্তু পরিবর্তন হয়নি, এটা ভালভাবে বোঝা দরকার। আপনারা জানেন ঐ অঞ্চলের প্রতিটি মানুষ জানে যে কোল স্টোরিং অ্যাষ্ট্র থাকা সত্তেও সেখানে যে পরিমাণ ক্যলা তোলা হয়েছে কোল ইন্ডিয়ার কাছে রিটার্ন দিয়ে সাবসিডি নেন সেই কয়লা ক্মপক্ষে ৮০ শতাংশ ব্র্যাকে বিক্রি হয়, কিন্তু কোনও ব্যবস্থা সেখানে নেই। সম্প্রতি যে ন্যাশনালাইজেশন হয়েছে তার জন্য বর্তমানে ওরা দেয় না। এখন এর অ্যাসেটস এবং ল্যায়াবিলিটিস ও নিতে হবে, সেইজন্য এই কাজ করতে গেলে আন্ডারগ্রাউন্ডে গিয়ে অপারেশন করতে হবে, আপনারা জানেন কিনা জানি না, আমরা সেইসব জানি। বছ বছর আগে ঐ এলাকা থেকে শ্রদ্ধেয় বঙ্কিম মখার্জি তিনি সত্যেন মিত্রকে হারিয়ে ইলেক্টেড হয়েছিলেন এবং তখন আমি জেল থেকে বের হই. সেই সময় থেকে তিনি কখনও প্রেসিডেন্ট, কখনও সেক্রেটারি হয়েছিলেন সেই থেকে ২০।২৫ বছর ধরে ওখানে এই ব্যাপারে যক্ত ছিলাম, সেইজন্য সমস্ত ব্যাপারটা আমি জানি। এইগুলি একটা সাংঘাতিক ব্যাপার। দেড দুই বছরের কথা বলছি, আমরা সেই সময় ফোর্স করেছিলাম ডিরেক্টর জেনারেল মাইনসকে, এবং আমাদের স্টেট গভর্নমেন্টের পক্ষ থেকে একটা জয়েন্টলি ইন্সপেকশন করা হবে, এবং ৪টি কোলিয়ারি থেকে যেখানে স্টোরিং হচ্ছে সেখানে দেখা গেল ৭০ হাজার টন কয়লা উঠেছে কিন্তু ৭ হাজার টনের মতোও বালি যায়নি।

এই হচ্ছে হার্ড ফাাক্ট অব লাইফ। এই হচ্ছে ব্যাপার। এ সম্বন্ধে একথাটা একটু জানা দরকার কারণ কাগজে এমনভাবে প্রচার হচ্ছে যেন সব রাজ্যের ব্যাপার। এখন যে কথাটা উঠেছে সেস এবং রয়্যালটি সেটা হচ্ছে ফর ডিফারেন্ট পারপাস। সেস দু রকনের। একটা হচ্ছে এডুকেশন সেস এবং আর একটা হচ্ছে এমপ্রয়মেন্ট গ্যারান্টি সেস। যে স্পেসিফিক পারপাসে সেস সেই স্পেসিফিক পারপাসে সেসটা খরচ করতে হবে। আপনাদের জানা দরকার যে রাণীগঞ্জ কোল ফিল্ড এরিয়াতে ১ লক্ষ ৮০ হাজার লেবার কাজ করেন। যে মুহুর্তে এডুকেশন সেস বসেছে সেই মুহুর্তে সমস্ত স্কুলের দায়িত্ব তারা ত্যাগ করেছেন, আমাদের সেই দায়িত্ব পালন করতে হচ্ছে। অপরদিকে স্টিলের ক্ষেত্রে দেখুন, সেখানে এডুকেশন সেস নেই। সিটল এলাকার সমস্ত স্কুল স্টিল চালাচ্ছে। এগুলি কি অস্বীকার করতে পারেন? এগুলি বোঝা দরকার। না বুঝে তর্ক করলে হবে না। তাদের নিজেদের ম্যাপ পর্যন্ত নেই। তাদের লোকরাই একথা স্বীকার করেছে। প্রাইভেট কোম্পানি থেকে যখন এরা নিয়েছেন তারপর থেকে আভার প্রাউন্ড ম্যাপ এদের কাছে নেই। ওদের এম. ডি. একথা আমার কাছে স্বীকার ক্রতে বাধ্য হয়েছে। আমাকে ভুল বোঝানো যাবে না, আমি এভরিথিং জানি। আপনারা এণ্ডলি বুঝুন। এটা নিয়ে প্রলিটিক্স করার কোনও ব্যাপার নেই। এটা নিয়ে ৫ বছর আগে

যেমন করেছিলেন সেই মনোভাব নিয়ে চলুন এবং আবার অল পার্টি ডেলিগেশন দিল্লিতে যাক। সমস্ত কিছু আমি এখানে প্রমাণ করে দিলাম।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে রাণীগঞ্জে খুব উৎকৃষ্ট মানের কয়লা পাওয়া যায়। মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন তাতে বুঝলাম যে কেন্দ্রীয় সরকার এখানকার দায়িত্ব নিতে চান না। এখন যদি কোনও দুঘটনা ঘটে যায় তাহলে আসানসোল, রাণীগঞ্জ এলাকার লক্ষ্ণ লক্ষ্ণ মানুষের জীবন তাতে বিপদ্ম হবে। কেন্দ্রীয় সরকার কিছু করছে না এই অভিযোগ তুলে হাত শুটিয়ে বসে না থেকে মানুষকে এই বিপদজনক পরিস্থিতি থেকে পরিত্রাণ দেওয়ার জন্য রাজ্য সরকার কি উদ্যোগ নিচেছন বা কেন্দ্রীয় সরকারের সঙ্গে কি কথা বলছেন মাননীয় মন্ত্রী মহাশয় তা জানাবেন কি?

শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ তাদের এ সম্পর্কে বারবার বলা হয়েছে। ৭ই মার্চ, ১৯৯৪ সালে চিফ মিনিস্টার এ সম্পর্কে চিঠি লিখেছেন। আমি সেই চিঠির পার্টিনেন্ট অংশটুকু এখানে পড়ে দিচ্ছি।

I would emphasize here that the terms of lease do not permit the Coal India Limited or its subsidiaries to allow the crush to subside or to damage the environment. It is entirely the responsibility of Coal India Limited in its own capacity as well as the capacity of successors to erstwhile Coal Mines lessees to take up adequate measures for combating the problems of subsidence, underground fire, squaring up the earth services and rehabilitation of the affected families. Naturally their funds must come from CIL in leasable amount so that the work can be completed within next ten or fifteen years.

This means the CIL would have to spend at least 80 to 100 crores of rupees on anti-subsidence and rehabilitation measures in Ranigung coal field area. If you have no objection to the setting up of a statutory authority by the Central Government you may direct the Coal India Limited or its subsidiary, Eastern Coal filed Limited, to take up the work themselves as their sister company, Naiveli Lignite Corporation, Tamil Nadu.

# Starred Questions (to which written answers were laid on the Table)

# মাছ-আমদানির পরিমাণ

\*৩৭৪। (অনুমোদিত প্রশ্ন নং \*১৫৭) শ্রী তপন হোড়: মৃৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

রাজ্যের বাইরে থেকে দৈনিক গড়ে কত পরিমাণ মাছ-আমদানি করা হয়ে থাকে?

## মংস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(क) রাজ্যের বাইরে থেকে দৈনিক ১০০ টন থেকে ১০৫ টন মাছ আমদানি হয়ে থাকে।

### মসনদিয়া জুনিয়র হাই মাদ্রাসা

\*৩৭৫। (অনুমোদিত প্রশ্ন নং \*১৫১৯) শ্রী মানিক ভৌমিকঃ শিক্ষা (মাদ্রাসা) বিভাগের হারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) মেদিনীপুর জেলার তমলুক থানার অধীন শ্রীরামপুর গ্রামের "মসনদিয়া জুনিয়র হাই মাদ্রাসা এবং কোরানিয়া সিদ্দিক মাদ্রাসা"-কে সরকারি সাহায্য বা সরকারি অনুমোদান দেওয়ার পরিকল্পনা আছে কি না ; এবং
- (খ) 'ক' প্রশ্নের উত্তর হাঁা হলে, কত দিনে উহা কার্যকর হবে বলে আশা করা যায়?

## শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (क) বর্তমানে নেই।
- (খ) প্রশ্ন উঠে না।

### হাইকোর্টে নিষ্পত্তির অপেক্ষায়

\*৩৭৬। (অনুমোদিত প্রশ্ন নং \*৬২৫।) শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠঃ বিচার বিভাগের ভারপ্রাপ্ত খ্রী মহোদর অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

- (ক) সর্বশেষপ্রাপ্ত তথ্য-অনুযায়ী হাইকোর্টে জমে-থাকা মামলার সংখ্যা কত ; এবং
- (খ) জমে-থাকা মামলাগুলি নিষ্পত্তির জন্য রাজ্য সরকার কি কি পদক্ষেপগ্রহণ করেছেন/করছেন?

# বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- কলিকাতা হাইকোর্ট থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ৩০.৯.৯৩ তারিখ পর্যন্ত হাইকোর্টে জমে থাকা মামলার সংখ্যা হল ২,২১,১৫৬।
- (খ) জমে থাকা মামলাগুলি নিষ্পত্তির জন্য কলিকাতা হাইকোর্টে "রিট পেন্ডেদি সেল" নামে একটি সেল গঠিত হয়েছে। এইজন্য হাইকোর্টে অ্যাপিলেট সাইডে বিভিন্ন শ্রেণীর ৬৮টি পদ সৃষ্টি করা হয়েছে। এছাড়া হাইকোর্টের ১৪টি বেঞ্চের জন্য অ্যাসিসট্যান্ট রেজিস্ট্রার ও কোর্ট ক্লার্ক পদে (১৪ + ১৪) ২৮টি পদ সৃষ্টি করা হয়েছে।

# কংসাবতী প্রকল্পের আধুনিকীকরণ

\*৩৭৭। (অনুমোদিত প্রশ্ন নং \*১৬৯০) শ্রী সূত্রত মুখার্জি ঃ উন্নয়ন ও পরিক্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) এটা কি সত্যি যে, অস্টম যোজনাতে রাজ্য সরকার জেলাগুলি হতে পরিক্ষা প্রহণ করে যোজনা কমিশনের কাছে পেশ করেছেন ;
- (খ) অন্তম যোজনাতে কংসাবতী পরিকল্পনার আধুনিকীকরণের জন্য রাজ্য সরক্ষ কত টাকা বরাদ্দ করেছেন ; এবং
- (গ) উক্ত যোজনাতে দারকেশ্বর-গন্ধেশ্বরি পরিকল্পনাটি বাস্তবায়িত করার জন্য যোজ কমিশনের নিকট কোনও প্রস্তাব পেশ করা হয়েছে কি না?

## উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (क) না, সত্য নহে।
- (খ) অন্তম যোজনায় এই প্রক**ল্পে** সাড়ে আট কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।
- (গ) না, এখনও এই পরিকল্পনা যোজনা কমিশনের নিকট পেশ করা হয়নি।

#### জমির খাজনা আদায়

\*৩৭৮। (অনুমোদিত প্রশ্ন নং \*৫৪৭) শ্রী শিবপ্রসাদ মালিকঃ ভূমি ও ভূমি-সংহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

> সেচ এলাকায় ৪ একর এবং অসেচ এলাকায় ৬ একর জমির খাজনা-আ (ব্রুয়োসহ) বন্ধ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

# ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

সবকারের এরূপ নির্দেশ আছে।

# विमृा९-উৎপाদন ও वन्छेन

- \*৩৭৯। (অনুমোদিত প্রশ্ন নং \*৪১৭) শ্রী দেবপ্রসাদ সরকার ঃ বিদ্যুৎ বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
  - (ক) এটা কি সত্যি যে, বর্তমানে এই রাজ্যে বিদ্যুৎ-উৎপাদন পর্যাপ্ত;
  - (খ) সত্যি হলে তৎসত্ত্বেও;
    - (১) জেলাশহর ও গ্রামাঞ্চলে ব্যাপক লোডশেডিং;
    - (২) বিদ্যুৎ-বিপর্যয় ; এবং
    - (৩) গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ বিলম্বিত হওয়ার কারণ কি ;
  - (গ) উন্নিখিত সমস্যা প্রতিবিধানের জন্য রাজ্য সরকার কি পদক্ষেপ নি<sup>রেছেন</sup>

(ঘ) বিগত আর্থিক বছরে এই রাজ্যে (১) গ্রামীণ বৈদ্যুতিকরণের লক্ষ্যমাত্রা কিছিল; এবং (২) সেই লক্ষ্যমাত্রার কত শতাংশ পূরণ হয়েছে?

# বিদ্যাৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (क) সত্য। বর্তমানে এই রাজ্যে দিনে ও রাত্রে বিদ্যুৎ উৎপাদন পর্যস্ত।
- (খ) উল্লিখিত পর্যাপ্ত বিদ্যুৎ উৎপাদন---
- (১) সত্তেও বিদ্যুৎ সরবরাহ ও বন্টন
- (২) সংক্রান্ত পরিকাঠামোগত কিছু কিছু ক্রাটির জন্য মাঝে মাঝে সাময়িকভাবে কোনও কোনও স্থানে লোডশেডিং করা ছাড়া কোনও উপায় থাকে না। বিদ্যুৎ সরবরাহ ও বন্টন লাইনে পরিপূর্ণ বিপর্যয় রোধের জন্যে ও মাঝে মাঝে আভার ফিকোয়েদি রিলের (Under Frequency Relay) মাধ্যমে বাধ্যতামূলক লোডশেডিংও উল্লিখিত হিসাবের মধ্যে পড়ে।
- (৩) ৩১. ১২. ৯৩ তারিখের হিসাব অনুযায়ী রাজ্যে মোট বিদ্যুতায়িত মৌজার হিসাব হচ্ছে শতকরা ৭৫.১৪ ভাগ। ৩১. ৩. ৯৩ পর্যস্ত ৭৪.৮৩ শতাংশ মৌজা বিদ্যুতায়িত হয়েছিল। বাকি মৌজাগুলির অধিকাংশই সুন্দরবন অঞ্চলের বিভিন্ন দ্বীপ এবং মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া ও উত্তর দিনাজপুর জেলার প্রত্যস্ত প্রদেশে অবস্থিত। এই সমস্ত মৌজাগুলির বিদ্যুতায়ন অধিকতর বায় বছল হওয়ায় আর. ই. কর্পোরেশনের (R. E. Corporation) কাছ থেকে প্রয়োজনীয় অর্থ না পাওয়ায় এবং সর্বোপরি পর্বদের নিজস্ব আর্থিক অন্টনের জন্য রাজ্যের বিদ্যুতায়নের সামপ্রিক হার আশানুরূপ হয়ন।
- (গ) উল্লিখিত সমস্যাণ্ডলি (প্রশ্ন নং ৯ (১) ও (২) প্রতিবিধানের জন্য পর্যদ ইতিমধ্যে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে বর্তমান বিদ্যুৎ সরবরাহ ও বন্টন ব্যবস্থার বিভিন্ন পর্যায়ে প্রয়োজনীয় পরিবর্তন ও পরিবর্ধনের ব্যবস্থা নিয়েছেন নেওয়ার পরিকল্পনা করেছেন। আশা করা যায়—খ্ব তাড়াতাড়ি সামপ্রিক পরিস্থিতির আরও উন্নতি হবে।
- (ঘ) ১) বিগত আর্থিক বছরে (৯২-৯৩) সালে নিম্নরূপ লক্ষ্যমাত্রা ছিল—মৌজা বিদ্যতায়ন—৪২২টি পাম্পসেট বিদ্যতায়ন—৬২০৩টি।
  - ২) উল্লিখিত লক্ষ্যমাত্রার মধ্যে ৪৩৫টি মৌজা ও ২৩১৬টি পাম্পসেট বিদ্যুতায়িত করা হয়েছে। লক্ষ্যমাত্রা পুরণের শতকরা হিসাব নিম্নরূপ ঃ—

মৌজ বিদ্যুতায়ন—১০৩.০৪

পাম্পসেট বিদ্যুতায়ন---৩৭.৩৪।

#### লোনা জলে মৎস্যচাষ

\*৩৮০। (অনুমোদিত প্রশ্ন নং \*১৬৩৪) শ্রী সুভাষ নস্কর ঃ মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত ারী মহোদয় অনুপ্রহ করে উত্তর দেবেন কি—

[4th April, 199,

- (ক) সুন্দরবন এলাকার লোনা জলে মৎস্যচাষ করে (সরকারি অথবা বেসরকারি উদ্যোগে) কি কি মাছ বৎসরে গড়ে কত পরিমাণে উৎপদ্দ হয় ; এবং
- (খ) আমাদের রাজ্যে মাছের চাহিদা মেটাতে এই মাছ কত শতাংশ পূরণ কর<sub>ে</sub> পারে?

#### মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) সুন্দরবন অঞ্চলের লোনা জলে প্রধানত Paddy-Cum-fisheries প্রকরের মাধ্যে মাছের চাষ থেকে ১৯৯২-৯৩ সালে মোট মাছের উৎপাদন ছিল প্রায় ৩৫,৬৯৫ টন। এর মধ্যে চিংড়ি ছিল প্রায় ১৪,২৭৫ টন, পার্শে ও ভাঙ্গর ১২,৪৮০ টন ভেটকি, ট্যাংরা এবং অন্যান্য মাছ প্রায় ৮,৯৩৫ টন।
- এই উৎপাদন রাজ্যের মাছের চাহিদার প্রায় ৩.৬ শতাংশ প্রন হয়।
   বিদ্যুৎ-উৎপাদন ও সরবরাহ

\*৩৮১। (অনুমোদিত প্রশ্ন নং \*৭১২) শ্রী সুকুমার দাশ ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রান্থ মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) সর্বশেষপ্রাপ্ত তথ্য-অনুযায়ী রাজ্যে প্রতি বছর গড়ে—
  - (১) বিদ্যুৎ-উৎপাদনে ও সরবরাহে কত ব্যয় হয় :
  - (২) বিদ্যুৎ-সরবরাহ করে কত আয় হয় ; এবং
- (খ) সর্বশেষপ্রাপ্ত তথ্য-অন্যায়ী বর্তমানে গডে—
  - (১) বিদ্যুতের চাহিদা কত ; এবং
  - (২) উৎপাদিত বিদ্যুতের পরিমাণ কত?

# বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(১) গত তিন আর্থিক বছরের বিভিন্ন সংস্থার উৎপাদন ও সরবরাহের ক্য নিম্নরূপঃ—

**। কোটি** টাকা!

সংস্থা ৯০ ৷৯১ ৯১ ৷৯১ ৯২ ৷৯৬
আ) পঃবঃ রাজ্য বিদ্যুৎ পর্যদ ঃ ১) উৎপাদন ও সরবরাহ ৭০৩.০৬ ৮২১.২১ ৯০৯.৮১
ব্যয়
আ) দুর্গাপুর প্রোজেক্ট লিঃ ঐ ৭২.৫৫ ৭২.৭৬ ৯৯.৮৭
ই) সি. ই. এস. সি. ঐ ৪৬১.৩০ ৫১৯.৪৬ ৫৮৩.১২

ঈ) ডি. পি. এস. সি. 🐧 — — 🦳

উ) পঃ বঃ বিদ্যুৎ উন্নয়ন নিগম উৎপাদন ব্যয় ১৫৫.৭০ ২৫৬.৭০ ৩২০.২০

# (২) বিদ্যুৎ সরবরাহ করে কত আয় হয়,

। কোটি টাকায়। বিদ্যুৎ সরবারহ করে আয় ৯০।৯১ ৯১।৯২ ৯২।৯৩ সংস্থা অ) পঃবঃ রাজ্য বিদ্যুৎ পর্যদ ঃ 2 ৬৩১.৩২ ৭৪৭.৪১ ৮১২.৫৯ আ) দুর্গাপুর প্রোজেক্ট লিঃ Ø 90.88 60.65 88.09 ই) সি. ই. এস. সি. \$ e>e.be ea9.30 6be.26 ঈ) ডি. পি. এস. সি. ক্র উ) পঃ বঃ বিদ্যুৎ উন্নয়ন নিগম বিক্রয় বাবদ আয় 296.60 250.50 003.00 (ক্রেতা রাজ্য বিদ্যুৎ পর্যদ) (১) গত ১.৯.৯৩ তারিখে নথিভুক্ত সর্বোচ্চ চাহিদা অনুসারে বর্তমানে রাজ্যে বিদ্যুতের চাহিদা। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্যদ ঃ মেগাওয়াট >>00 সি. ই. এস. সি. ক্র ৯৫২ ত্র ডি. পি. এস. সি. 6 ২১৩৫ ডি. পি. এস. সি. এম. ভি. এ. 580 (২) পঃ বঙ্গের বিভিন্ন বিদ্যুৎ উৎপাদন সংস্থার উৎপাদনের পরিমাণ এইরূপ ঃ---(মিলিয়ন ইউনিট) ৯৩-৯৪ इदा दब २३ १५७ 20122 (ডিসেম্বর '৯৩) ক) পঃবঃ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ২৭৩৬ ২৮৫৩ ২৮৬৫ ২৭৬২ খ) পঃ বঃ বিদাৎ উন্নয়ন নিগম 8270 0277 ২৪৮৩ 0060 গ) সি. ই. এস. সি. ২৬৮৮ २१५৯ ७५०७ **0880** ঘ) দুর্গাপুর প্রোজেক্ট লিঃ ৬৯৭ ৯৮০ ৮৩২ ७०५

#### সাগরদীঘি জলাশয় সংস্কার

\*৩৮২। (অনুমোদিত প্রশ্ন নং \*১৬২৫) শ্রী পরেশনাথ দাস ঃ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার অন্তর্গত সাগরদীঘি ব্লকের 'সাগরদীঘি' জলাশয়টি সংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

[4th April, 1994]

- (খ) থাকলে, এ সম্পর্কে কি পদক্ষেপগ্রহণ করা হয়েছে? উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ
- (ক) না।
- (খ) প্রশ্ন উঠে না।

### কান্দী ব্লকে লোকদ্বীপ প্রকল্প

\*৩৮৩। (অনুমোদিত প্রশ্ন নং \*১০১৪) শ্রী অতীশচন্দ্র সিন্হা : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

- (ক) মূর্শিদাবাদ জেলার কান্দী ব্লকে লোকদ্বীপ প্রকল্পের কোনও পরিকল্পনা আছে কি না; এবং
- (খ) থাকলে, তার রূপরেখা কিরূপ?

### বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) ব্লক ভিত্তিক কোনও পরিসংখ্যান রাখা হয় না, থানা ভিত্তিক রাখা হয়। মুর্শিদাবাদ জেলার কান্দী থাকার অধীন 'লোকদ্বীপ' প্রকল্পের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- (খ) কান্দি থানায় এ পর্যন্ত মোট ২৪১টি বাড়িতে 'লোকদ্বীপ' প্রকল্পের মাধ্যমে বিদৃং সংযোগ করা হয়েছে। এবং কান্দি মহকুমায় মোট ৪৩১টি বাড়িতে লোকদ্বীপ প্রকল্পে বিদৃৎে পৌছে দেবার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

#### খাসজমির পরিমাণ

\*৩৮৪। (অনুমোদিত প্রশ্ন নং \*১২৬২) শ্রী আবু আয়েশ মণ্ডল : ভূমি ও ভূমি-সংশ্বার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) ১৯৯৩ **সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত** এ রাজ্যে খাসবলে ঘোষিত মোট জনির পরিমাণ কত ; এবং
- (খ) তন্মধ্যে আবাদযোগ্য জমির পরিমাণ কত?

ভূমি ও ভূমি-সংকার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (क) ২৭,৩৪,১৩৫ একর।
- (খ) আনুমানিক ১১,৯৫,০০০ একর।

## সাব-স্টেশন স্থাপন

\*৩৮৫। (অনুমোদিত প্রশ্ন নং \*১০৪৬) শ্রী শিবপ্রসাদ মুখার্জি : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলার কৃষ্ণনগরের অন্তর্গত ভাতজাংলা পঞ্চায়েত এলাকায় বিদ্যুৎ সাব-স্টেশন স্থাপনের পরিকল্পনা আছে;
- (খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

# বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- ক) হাা। ভাতজাংলা পঞ্চায়েত এলাকার অধীনে দক্ষিণ ঝিটকিপোতা মৌজাতে একটি ২২০।১৩২।৩৩ কে. ভি. সাব-স্টেশনের পরিকল্পনা নেওয়া আছে।
- (খ) সার-স্টেশনটি নির্মাণের কাজ শুরু করা হয়েছে।

#### চিংড়িচাষ প্রকল্প

\*৩৮৬। (অনুমোদিত প্রশ্ন নং \*১৮৯২) শ্রী বিমল মিস্ত্রি ঃ মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> দক্ষিণ ২৪-পরগনা জেলার ক্যানিং থানার অধীন দিঘিরপাড় ও নিকারিঘাটায় প্রস্তাবিত চিংডিচাষ প্রকল্প বর্তমানে কোন পর্যায়ে আছে?

#### মংস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

দিঘির-পাড় মৌজায় বিশ্বব্যাঙ্কের সহায়তায় চিংড়ি চাষ প্রকল্পের প্রস্তাব বিশ্বব্যাঙ্কের অনুমোদনের অপেক্ষায় আছে।

## বিদ্যুৎ-মিটারের চাহিদা

\*৩৮৭। (অনুমোদিত প্রশ্ন নং \*৭৯১) শ্রী শক্তি বল ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) রাজ্যে বিদাৎ-মিটারের আনুমানিক-
  - (১) চাহিদার ও:
  - (২) সরবরাহের পরিমাণ কত : এবং
- (খ) মিটারের চাহিদাপুরণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে? বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ
- (ক) ১) ১৯৯৩-৯৪ সালে বিদ্যুৎ মিটারের নতুন সংযোজনের চাহিদা ২,০০,০০০ (দুই লক্ষ) টি এবং
  - ২) ১.৪.৯৩ থেকে ২.১.৯৪ পর্যন্ত বিদ্যুৎ মিটারের সরবরাহ ১,১৯,৫০৯টি।
- ৯৩-৯৪ আর্থিক বছরে এ পর্যন্ত মোট ১,১৯,৫০৯টি মিটারের সরবরাহ হয়েছে।
   আরও ৮৫,৫২২ টি মিটার সরবরাহের আদেশ বলবৎ আছে। মিটারের সরবরাহ

[4th April, 199,

চাহিদার চেয়ে কম হবার প্রধান কারণ সরবরাহকারীরা প্রয়োজনীয় সংখ্যক মিটার সময়মতো যোগান দিতে পারেন নি। পর্যদ কর্তৃপক্ষ মিটার সরবরাহের বিষয় যুদ্ধকালীন ভিত্তিতে নিষ্পন্ন করিবার জন্য সংশ্লিষ্ট উৎপাদনকারী সংস্থাত্তি সহিত প্রতিনিয়ত যোগযোগ রাখিতেছে।

# বিদ্যুৎ-এর দৈনিক উৎপাদন ও চাহিদা

\*৩৮৮। (অনুমোদিত প্রশ্ন নং \*৮৯১) শ্রী দিলীপ মজুমদার ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রা মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) বর্তমানে রাজ্যে বিদ্যুৎ-এর সর্ব্বোচ দৈনিক চাহিদা কত ;
- (খ) রাজ্যে বিদ্যুৎ পর্ষদনিয়ন্ত্রিত বিদ্যুৎ-উৎপাদন কেন্দ্রে কত পরিমাণ দৈনিক গ্র উৎপাদন হয়ে থাকে ; এবং
- (গ) অন্যান্য বিদ্যুৎ-উৎপাদনসংস্থা রাজ্য বিদ্যুৎ পর্ষদকে দৈনিক কত পরিমাণ বিদ্যুৎ সরবরাহ করে থাকে?

## বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) বর্তমানে (মার্চ ১৯৯৪) রাজ্যে বিদ্যুৎ-এর সর্বোচ্চ দৈনিক চাহিদা নিম্নরূপ:

১) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্যদ

১১০০ মে. ও.

২) সি. ই. এস. সি.

৯৫২ মে. ও.

৩) ডি. পি. এল.

৮৩ মে. ও.

মোট ২১৩৫ মে. ও.

- রাজ্যের বিদ্যুৎ পর্যদ নিয়য়্রিত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিতে দৈনিক গড়ে ১০.১১১
   মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপাদন হয়ে থাকে।
- (গ) অন্যান্য বিদ্যুৎ উৎপাদন সংস্থাগুলি রাজ্য বিদ্যুৎ পর্যদের প্রয়োজন মতো বিদ্যুৎ সরবরাহ করে থাকে। বর্তমানে নিয়মিতভাবে যে সংস্থাগুলি বিদ্যুৎ সরবরাহ করে থাকে তার দৈনিক গড় (জানুয়ারি-ডিসেম্বর ৯৩) এইরূপ ঃ—
  - ১) ডব্লু. বি. পি. ডি. সি. এল—দৈনিক গড়ে ১১.৯০ মি. ইউ.
  - ২) ডি. ভি. সি.—দৈনিক গড়ে—১.০০৬ মি. ইউ.
  - ৩) ডি. পি. এল.—দৈনিক গড়ে—১.৭৯ মি. ইউ.
  - 8) ডি. পি. এল. সি.—দৈনিক গড়ে ৩.২৪ মি. ইউ.

#### বনায় ক্ষতিগ্রস্ত ট্রান্সফর্মার

\*৩৮৯। (অনুমোদিত প্রশ্ন নং \*১৩৫৯) শ্রী সৃশান্ত ঘোষ ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) এটা কি সত্যি যে, ১৯৯৩ সালের বন্যায় কিছু ট্রান্সফর্মার ক্ষতিগ্রস্ত হয়েছে ;
- (খ) সত্যি হলে,
  - (১) সারারাজ্যে এইরূপ ক্ষতিগ্রস্ত ট্রান্সফর্মারের মোট সংখ্যা কত ; এবং
  - (২) তন্মধ্যে মেদিনীপুর জেলার সংখ্যা কত?

### বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(১) মেদিনীপুর পাওয়ার ট্রান্সফরমার		গীং
(২) মুর্শিদাবাদ ডিস্ট্রি	বৈউশন ট্রান্সফরমার	যী৪
(৩) জলপাইগুড়ি	ঐ	ปีสง
(৪) কুচবিহার	ঐ	২৬টি
•	মোট	 টী০৯

(২) মেদিনীপুর জেলায় একটি ১.৬ এমভিএ, ৩৩।১১ কেভি শক্তি সম্পন্ন পাওয়ার ট্রান্সফরমার বিকল হয়। এ ছাড়া আর, কোনও ট্রান্সফরমার খারাপ হয়নি।

## ফরাক্কা জলবিদ্যুৎ প্রকল্প

\*৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং \*১৪৫৭) শ্রী আবুল হাসানাৎ খান ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার ফরাক্কায় প্রস্তাবিত জলবিদ্যুৎ প্রকল্প স্থাপনের দায়িত্ব গ্রহণ করতে চেয়ে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠিয়েছে ; এবং
- (খ) সত্যি হলে, এই প্রস্তাব-সম্পর্কে কেন্দ্রীয় সরকার কোনও সাড়া দিয়েছেন কি না? বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:
- (ক) হাাঁ, সতা।

ফরাক্কা জন্য বিদ্যুৎ কর্তৃপক্ষের ফরাক্কায় একটি ১২৫ মে.ও. (৫ × ২৫ মে. ও.) ক্ষমতাসম্পন্ন জল বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের প্রস্তাব কেন্দ্রীয় বিদ্যুৎ ক*ূ*পক্ষ নভেম্বর

[4th April, 1994]

'৯১-তে কয়েকটি শর্তপুরণ সাপেক্ষে আর্থকারিগরি দিক থেকে অনুমোদন করে।
কিন্তু প্রকল্পটি স্থাপনের ভার কোন সংস্থার উপর ন্যস্ত থাকবে (কেন্দ্রীয় জল
সম্পদ মন্ত্রকের অধীন ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ না কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রকের অধীন
জাতীয় জল বিদ্যুৎ নিগম (এন. এইচ. পি. সি.) এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার
সিদ্ধান্ত গ্রহণ করতে না পারায় প্রকল্পটি স্থাপনের ব্যাপারে অচলাবস্থার সৃষ্টি হয়।
এমতাবস্থায় প্রকল্পটির শুরুত্ব বিবেচনা করে রাজ্য সরকার জুন ১৯৯৩-তে ভারত
সরকারের কাছে প্রস্তাব দিয়েছেন যে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্যদ কোনও
বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে যৌথ উদ্যোগে এককভাবে অথবা ফরাক্কা ব্যারেজ
কর্তৃপক্ষ এবং জাতীয় জল বিদ্যুৎ নিগমের সঙ্গে মিলিতভাবে প্রকল্পটি স্থাপন
করতে আগ্রহী।

(খ) রাজ্য সরকারের উপরোক্ত প্রস্তাব সম্পর্কে সম্প্রতি কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রক জানিয়েছে যে ফরাক্কার জল সরবরাহের বিষয়ে আন্তর্জাতিক নিয়ম কানুন মেনে চলতে হয়, সেহেতু ফরাক্কা ব্যারেজ, ফিডার ক্যানাল এবং প্রস্তাবিত জল বিদৃং প্রকল্প একই সংস্থার অধীন থাকা উচিত। সুতরাং ফরাক্কায় প্রস্তাবিত জল বিদৃং কেন্দ্র স্থাপনের ভার কেন্দ্রীয় জল সম্পদ মন্ত্রকের অধীন ফরাক্কা কর্তৃপক্ষের উপর ন্যস্ত হয়েছে। প্রকল্পটিতে রাজ্য বিদৃৎ পর্যদ এবং অন্য কোনও সরকারি কিংবা বেসরকারি প্রতিষ্ঠানের অংশগ্রহনের ব্যাপারে কেন্দ্রীয় জল সম্পদ মন্ত্রক জানিয়েছে যে কেন্দ্রীয় বিদৃৎ কর্তৃপক্ষের চূড়ান্ত ছাড়পত্র পাওয়ার পর প্রকল্পটির লগ্নি প্রস্তাব প্ল্যানিং কমিশনের নিকট পেশ করার পূর্বে এ সম্পর্কে বিবেচনা করা হবে।

# উলুবেড়িয়া থানা এলাকায় বৈদ্যুতিককরণ

\*৩৯১। (অনুমোদিত প্রশ্ন নং \*১৫০৪) শ্রী রবীন্দ্র ঘোষ ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

- (ক) এটা কি সত্যি যে, উলুবেড়িয়া থানার অন্তর্গত কিছু মৌজায় বিদ্যুৎলাইন গেছে অথচ বিদ্যুৎ-সরবরাহ করা হয় নি ; এবং
- (খ) সত্যি হলে, কত দিনে ঐ মৌজাগুলিতে বিদ্যুৎ-সরবরাহ করা সম্ভব হবে বল আশা করা যায়?

# বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) রাজ্য বিদ্যুৎ পর্যদের তথ্য অনুযায়ী উলুবেড়িয়া থানার অন্তর্গত মোট ১১২টি গ্রামীণ মৌজায় সব কটিতেই বৈদ্যুতীকরণের কাজ গত ৩১. ৩. ৯৩ তারিশের মধ্যে হয়েছে।
- রাজ্য বিদ্যুৎ পর্যদের তথ্য অনুযায়ী উলুবেড়িয়া থানার কোনও গ্রামীণ মৌজার বৈদ্যতীকরণের কাজ বাকি নেই।

### ঘাটাল থানায় বৈদ্যুতিক মৌজা

\*৩৯২। (অনুমোদিত প্রশ্ন নং \*১৮৮১) শ্রী রতন পাখিরা ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

সর্বশেষ প্রাপ্ত তথ্য-অনুযায়ী মেদিনীপুর জেলার ঘাটাল থানার-

- (১) কতগুলি মৌজা পুরোপুরি বৈদ্যতীকরণের কাজ হয়েছে : এবং
- (২) উক্ত থানার কতগুলি মৌজায় এখনও বৈদুতীকরণের কজ বাকি আছে? বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ
- (১) সর্বশেষ পাওয়া (৩১. ১. ৯৪ পর্যস্ত) তথ্য অনুযায়ী মেদিনীপুর জেলার ঘাটাল থানার ১৩৮টি গ্রামীণ মৌজার মধ্যে ১৩৪টি গ্রামীণ মৌজায় বৈদ্যুতীকরণের কাজ সম্পন্ন হয়েছে।
- উল্লিখিত থানার ৪টি গ্রামীণ মৌজায় এখনও বৈদ্যুতীকরণের কাজ বাকি আছে।
   গোপীবল্লভপুর সাব-স্টেশন

\*৩৯৩। (অনুমোদিত প্রশ্ন নং \*১৮৮৯) শ্রী সূভাষ সরেন ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

- (ক) মেদিনীপুর জেলার নয়াগ্রাম বিধানসভা এলাকার গোপীবল্লভপুর সাব-স্টেশন কাজের অগ্রগতি কিরূপ ; এবং
- (খ) কত দিনে সাব-স্টেশনের কাজ শেষ হবে বলে আশা করা যায়? বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ঃ
- (ক) গোপীবন্ধভপুর সাব-স্টেশনটির নির্মাণ কার্যের অগ্রগতির বিবরণ এইরূপ ঃ---
- (১) সাব-স্টেশনটির জমি অধিগ্রহণ, জমির উন্নয়ন সাধন এবং অধিগৃহীত জমিটির চৌহদ্দি পাঁচিল দেওয়ার কাজ শেষ হয়েছে।
- (২) গোপীবন্ধভপুর সাব-স্টেশনটির জন্য মানিকপাড়া সাব-স্টেশন থেকে ৪২ কি. মি.
  উচ্চক্ষমতা সম্পন্ন লাইন টানার জন্য ব্যবস্থা করার পরিকল্পনা আছে এই লাইনের
  মধ্যে আনুমানিক ৮.৫ কি. মি. লাইন সংরক্ষিত বনাঞ্চলের মধ্যে দিয়ে যাবে।
  রাজ্য বন দপ্তর থেকে প্রয়োজনীয় অনুমতি না পাওয়ার জন্য উল্লিখিত লাইন
  টানার কাজ বর্তমানে বন্ধ আছে। এই কারণে, সাব-স্টেশনটির অন্যান্য বকেয়া
  কাজ ও বর্তমানে সম্পন্ন করা যাচ্ছে না। বন দপ্তর থেকে প্রয়োজনীয় অনুমতি
  পাওয়া গেলেই উল্লিখিত লাইনটি টানার কাজ ও অন্যান্য বকেয়া কাজ শেষ
  করা হবে। এ জন্য বিদ্যুৎ পর্বদ প্রয়োজনীয় অনুমতি জন্য প্রচেষ্টা চালিয়ে
  যাচ্ছেন।

[4th April, 1994]

- (৩) প্রস্তাবিত লাইনটি সুবর্ণরেখা নদী অতিক্রম করবে। এর জন্য প্রয়োজনীয় সিভিল কাজকর্ম ও কেবল লেইং এর কাজ সম্পন্ন হয়েছে।
- (খ) এ বিষয়ে এখনই কোনও নির্দিষ্ট সময়সীমা ধার্য করা যাচ্ছে না কারণ প্রকল্পটির সম্পূর্ণ রূপায়ণ প্রয়োজনীয় অনুমতি পাওয়ার উপর নির্ভর করছে।

#### DISCUSSION ON PRIVILEGE MOTION

Mr. Speaker: Now I will take up the notice of privilege given by Shri Subrata Mukherjee and Dr. Manas Bhunia against the Hon'ble Deputy Speaker.

I do not find Mr. Mukherjee in his chair. Dr. Bhunia, will you take it up or wait for Mr. Mukherjee ?

[12-00 — 12-10 p.m.]

ডাঃ মানস উ্ইএলা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব দৃঃখজনক অবস্থায় আমাদের যে বিতর্ক শুরু হয়েছিল আপনার অনমতিক্রমে আনন্দবাজার পত্রিকা পুডিয়ে দেবার পরিপ্রেক্ষিতে, আমরা কতজ্ঞ যে আপনি সেদিন অনুমোদন করেছিলেন সেই বিতর্ক যাতে হয়। এবং এই সম্পর্কে পর্যালোচনা হয়েছিল বিস্তারিত ভাবে। আমরা সবাই তাতে অংশগ্রহণ করেছিলাম। আমাদের বক্তব্যের মল সর ছিল এই জায়গায় যে, সংসদীয় গণতান্ত্রিক পদ্ধতিতে মানুষের স্বাধীনভাবে কথা বলার, স্বাধীন ভাবে লেখার যেমন অধিকার আছে, সংসদ, বিধানসভার যেমন অধিকার আছে তেমনি সংবাদ মাধ্যম'ও সংসদীয় রীতির একটা অংশ, স্তম্ভ। তাদের সেই অধিকার আছে সংবাদ প্রকাশের, লেখার-ও অধিকার আছে। বিতর্কিত বিষয় কেউ লিখতে পারে, প্রবন্ধ, সাহিত্য, ইতিহাস ইত্যাদিতে তার প্রকাশ ঘটতে পারে। ব্যক্তিগত মতামতে প্রকাশ ঘটতে পারে। আবার ব্যক্তিগত মতামতের বিরুদ্ধে তার প্রকাশ ঘটতে পারে। এর নামই লেখার স্বাধীনতা এবং এটাই সংসদীয় রীতির উৎকর্যতা। আমরা দেখলাম কলকাতা মহানগরীর কিছ জায়গায় এবং শিয়ালদা স্টেশনে আনন্দাবাজার পত্রিকা, সেই সংবাদপত্রে আগুন ধরানো হয়েছে, আনন্দবাজার পত্রিকা পুড়িয়ে দেওয়া হয়েছে। আমরা সেই বিতর্কে অংশগ্রহণ করেছিলাম, আপনি অনুমতি দিয়েছিলেন। অন্যান্য সদস্যরাও অংশগ্রহণ করেছিলেন। তখন আমরা দেখলাম মাননীয় সদস্য এবং আমাদের অনারেবল ডেপুটি স্পিকার, শ্রন্ধেয় প্রবীণ সদস্য তিনি একজন আইনবিদ-ও বটে, মনে হয়েছিল তার বক্তব্যে তিনি মানসিক দিক থেকে আহত হতে পারেন, কিন্তু তার বক্তব্য রাখার সময় যে অভিব্যক্তি প্রকাশিত হয়েছিল তা সংসদীয় রীতি বিরোধী। কারণ নেতাজি, আমরা মনে করি যে নেতাজী শুধ কোনও একটা রাজনৈতিক দলের সম্পত্তি নয়, তিনি ভারতের সম্পদ এবং দেশ প্রেমের ইতিহাসে তিনি একজন প্রাণ পরুষ। তার সম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে খুব উদ্বেলিতভাবে তিনি সেদিন যা বললেন তা সংসদীয় রীতি বিরোধী গর্হিত কাজ তিনি করেছেন।

তিনি সংবিধানের শপথ নিয়ে সদস্য হয়েছেন এবং সংবিধানকে সর্বোচ্চ পর্যায়ে রক্ষা করবেন, সেই শপথও সদস্য হিসাবে নিয়েছেন। তা ছাড়া মন্ত্রিসভার সদস্যদের যেমন শপথ ন্ত হয় ডেপটি ম্পিকার হিসাবে তাকেও সেরূপ শপথ নিতে হয়েছে। ডেপটি ম্পিকার ক্যাবে শপথ নিয়ে তিনি গুরুত্বপূর্ণ পদমর্যাদায় আসীন। সদস্য হিসাবেও মাননীয় অনিল াখাপাধাায় খুবই শুরুত্বপূর্ণ জায়গায় আসীন রয়েছেন। তিনি কি বললেন. কোট—''যদি ামার পিতাকে কেউ আঘাত করে. অসম্মান করে. খতম করে তাহলে আমি সমস্ত আইন ন্যজব হাতে তলে নিতে বাধ্য হব।" স্যার, আমাদের প্রশ্ন এই জায়গায়—কোনও মাননীয় াদসা বিধানসভার ভেতরে সংবিধানের রীতি-নীতিকে না মেনে আপনার উপস্থিতিতে এবং গ্রামাদের উপস্থিতিতে এই ধরনের বিপদজনক উক্তি করতে পারেন কিনা? তার এই উক্তি নংসদীয় রীতি-নীতির সঙ্গে মানানসই কিনা, সংসদীয় রীতি-নীতির মূল স্বস্তুকে আঘাত করছে কনা । এই প্রশ্নে এখানে এসেছে। আমি আপনার কাছে বিশেষভাবে বলছি এখানে একজন স্ক্রীন মাননীয় সদস্য যে. নজিরবিহীন উক্তি করেছেন সে বিষয়ে কোনও সন্দেহ নেই। তার যু অভিজ্ঞতা কম, একথাও বলতে পারছি না। তিনি সংস্দীয় রীতি-নীতি জানেন না, একথাও বলতে পারব না। কিন্তু তবুও এই ঘটনা ঘটল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা হুথা খবই পরিষ্কার যে, নেতাজী সম্পর্কে যদি কোনও ঘটনা ঘটে থাকে তাহলে তা নিশ্চয়ই ন্দরগের বিষয় এবং সেটা সমগ্র জাতির উদ্বেগের বিষয়, প্রতিটি ভারতবাসীর উদ্বেগের বিষয়। সই বিষয় নিয়ে বিতর্ক হতে পারে, কিন্তু সাহিত্য-সাহিত্যই, দর্শন-দর্শনই, প্রবন্ধ-প্রবন্ধই, ঠতিহাস-ইতিহাসই। তা নিয়ে বিতর্ক হবে, পর্যালোচনা হবে। তাই বলে একজন আইন-সভার দদস্য আইন সভার ভেতরে বসে সংসদীয় রীতির সুযোগ নিয়ে সংবিধানের শপথ নেওয়া দত্তেও বলবেন, 'আমি নিজের হাতে আইন তলে নেব।" এরপরেও সংসদের কোনও অস্তিত্ব থাকে কিনা, সংবিধানের কোনও অস্তিত্ব থাকে কিনা এবং এই কথা রীতি বিরুদ্ধ কিনা, এটা বিচার্য বিষয় হিসাবে প্রিভিলেজ কমিটিতে পাঠানো হবে কিনা : এটাই বিচার করে দেখার আবেদন আমি আপনার কাছে রাখতে চাইছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত গভীর গংকটের বিষয়, কারণ সংসদীয় রীতির মধ্যে দিয়ে এই ধরনের আলোডণ করা উক্তি গৈনিংকালের মধ্যে করা হয়েছে কিনা আমার জানা নেই। যে বিপদজনক কথা মাননীয় সদস্য উপস্থাপিত করেছেন আমরা তার প্রতিবাদ করেছি এবং প্রিভিলেজের নোটিশ দিয়েছি—প্রবীণ মাননীয় সদস্য অনিলবাব সদস্য হিসাবে যা বলেছেন তা বলা যায় কিনা, আপনার কাছে <sup>বিচার</sup> চাইছি। আমরা চাই বিষয়টা প্রিভিলেজ কমিটিতে যাক এবং এটা নিয়ে সেখানে <sup>পর্যালোচনা</sup> হোক। আমাদের পরিষদীয় নেতা ডাঃ আবেদিন এ বিষয়ে কিছ বলতে চান, তার ংয়ে আমি আপনার অনমতি চেয়ে আমার বক্তব্য শেষ করছি।

[12-10 — 12-20 p.m.]

শ্রী শান্তিরঞ্জন গাঙ্গুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, খানিকক্ষণ আগে মাননীয় বিধায়ক মানসবাবু যে বক্তব্য তুলে ধরলেন হাউসের কাছে, আমি তার প্রতি ধিকার জানাতে চাইছি। আমি ধিকার জানাতে চাইছি এই জন্য, যে গত ২৫ তারিখে আনন্দবাজার পত্রিকাটা যদি ভাল করে পড়তেন তাহলে তার এই বক্তব্য তুলে ধরার সাহস হত না। আমি ডাঃ মানস ইইয়াকে জিজ্ঞাসা করতে চাই, স্বামী বিবেকানন্দ সম্পর্কে যদি বলে, তিনি ভগিনী নিবেদিতার প্রেমে হাবু-ডুবু খেয়েছেন কিম্বা ঋষি অরবিন্দ সম্পর্কে বলে, যে তিনি শ্রীমার প্রেমে হাবু-ছুবু খেয়েছেন তাহলে মানসবাবু গণতন্ত্রের কোনও ধ্বজাধারি কাগজকে সমর্থন করতেন? সেই

পরিপ্রেক্ষিতে বলতে চাই, গত ২৫ তারিখে যে বিজ্ঞপ্তি আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে : আশালীন, কুৎসিত। একজন ভারতীয় মনীয়ী সম্পর্কে যে কুৎসিত, আশালীন বিজ্ঞপ্তি বেরিয়ের আনন্দবাজার পত্রিকায় তার বিরুদ্ধে মাননীয় ডেপুটি ম্পিকার শ্রী অনিল মুখার্জি তার বিরুদ্ধে মাননীয় ডেপুটি ম্পিকার শ্রী অনিল মুখার্জি তার বিরুদ্ধে যাননিয় ডেপুটি ম্পিকার শ্রী অনিল মুখার্জি তার বিরুদ্ধে যানি করে করে তাহলে আমি তারে তাল করেতে দ্বিধাবোধ করব না",—একথা তিনি সঠিকভাবেই তুলে ধরেছেন, কোনও অন্যাকরেননি। যারা আনন্দবাজার সম্পর্কে গাওনা গাইছেন তারাই (কংগ্রেসিরা) আনন্দবাজা একদিন পুড়িয়েছিলেন, আনন্দবাজার পত্রিকা ছাই করে ফেলেছিলেন। তাই আজকে অর্থা গত ২৫ তারিখে আনন্দবাজার পত্রিকায় যে বিজ্ঞপ্তি বেরিয়েছে তার প্রতিবাদে দেশের যুবমানসং সেচেতন করবার জন্য যুবলিগ যে বহ্নি উৎসব করেছিল তাকে আমি পূর্ণ সমর্থন করি এব শ্রী অনিল মুখার্জি মহাশয় যে বক্তব্য রেখেছিলেন তা সঠিক এবং সেই বক্তব্যকে আর্ সমর্থন করি আর মানসবাবুর বক্তব্যকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ ম্পিকার ঃ মিঃ মুখার্জি, মানসবাবু বাদবাকি বলেছেন। আপনি বক্তব্য রাখার আ্রেকটি স্পেসিফিক পয়েন্টে সাটিসফাই করুন। First point, what is the breach o privilege? Second point is, how the statement made by Mr. Mukherje breaches the privilege of any member of the House? The third point is whether a presiding officer, Speaker or Deputy Speaker, can be brought under the purview of the Breach of Privilege? তার বিরুদ্ধে কোনং ব্রিচ অফ প্রিভিলেজ নোটিশ দেওয়া যায় কিনা? তারপর বাদবাকিটা বলবেন।

শ্রী সূবত মুখার্জি ঃ স্যার, আপনি ঠিকই বলেছেন। আমাদের সংবিধানে প্রথমে আইছিল, এমন কি ডেপুটি ম্পিকারকে মানি বিল ছুঁতে দেওয়া হত না। মানি বিল এডোর্স করার অধিকার ছিল ম্পিকারের। পরবর্তীকালে সংশোধিত হয়ে ডেপুটি ম্পিকারকে ঐ ক্ষমতা দেওয় হয়। আপনি যদি কাউল আডে সাকদের কিয়া এ. আর. মুখার্জির বই দেখেন তাহলে দেখবেন প্রত্যেক জায়গায় বলা আছে ইন অ্যবসেন্স অফ ম্পিকার ঐ চেয়ারে যদি ডেপুটি ম্পিকার বসে থাকেন তাহলে ম্পিকারের ঐ ক্ষমতা তিনি এনজয় করতে পারেন। যক্ষ আপনি বসে থাকেন ঐ চেয়ারে এবং উনি যখন ওখানে বসে থাকেন তখন মোস্টলি তার কোনও অধিকার থাকে না আদার দাান অর্ডিনারি মেয়ার।

মিঃ স্পিকার ঃ ওয়ান মোমেন্ট। ডেপুটি স্পিকারের ইন্টারপ্রিটেশন হচ্ছে, Carryout the function of the House এই হচ্ছে কথা। Whether the position of a Deputy Speaker is constitutional or not ? এটা ঠিক করে দিন।

শ্রী সূত্রত মুখার্জি : ডেপুটি স্পিকার যখন চেয়ারে থাকেন ওনলি ইন অ্যবসেপ <sup>এই</sup> ইউ. তখন তিনি স্পিকারের ক্ষমতা এনজয় করছেন।

মিঃ ম্পিকার ঃ ইউ হ্যাভ গট দি পয়েন্ট, বুঝে নিন। ম্পিকারের অনুপস্থিতিতে <sup>হাটস</sup> থাকাকালীন ডেপুটি ম্পিকার কার্যভার নেবেন। Whehter it is constitutional or <sup>not?</sup>

শ্রী সূত্রত মুখার্জি : আপনি যখন ঐ চেয়ারে না থাকেন—ইউ হ্যাভ সার্টেন <sup>আন্তর</sup> ডিউটিজ। আমি এ. আর. মুখার্জি *লেখা মেনশন করছি, ডেপুটি স্পি*কার যখন ঐ <sup>চেয়ার্ডি</sup> বসে থাকবেন না, তখন হি হ্যাজ নট ডিউটিজ। কিন্তু উনি যে বক্তব্যটা করেছেন ঐ চেয়ারে বসে থেকে। কাউল অ্যন্ড সাকদের কি বলছে? উনি ভোট কাস্ট করতে পারবেন।

আপনি যদি বলেন. ওখানে বসে থাকলেও ভোটিংয়ে অংশগ্রহণ করতে পারবেন. দ্যিবেটে অংশ গ্রহণ করতে পারবেন—ডিফারেন্স এখানেই। আজকে এখানে ডেপুটি স্পিকার জাস্ট লাইক ডেপুটি মেয়র। তার একটা স্ট্যাটাস রয়েছে, ইভন পঞ্চায়েতের উপ-প্রধান যিনি তারও নিজস্ব একটা আইডেন্টিটি রয়েছে, কিন্তু ডেপুটি স্পিকারের সেটা নেই। সেটা যদি থাকত তাহলে একটা ছোট চেয়ার অন্তত আপনার পাশে থাকত। তার নেম-প্লেটটাই দেখন. তাতে বিরোধী দলের মতোই লেখা রয়েছে। আপনি যখন ডিসচার্জ করবেন তখন ডেপটি প্রিকার—হি ইজ সামথিং, হি ইজ অ্যাবসল্যটলি লাইক আস। সর্বোপরি প্রিভিলেজের ক্ষেত্রে বলে সংবিধানকে ক্ষন্ন করবার অধিকার এমনকি আপনারও নেই। এই একাট জায়গাতেই প্রিভিলেজ রয়েছে, কিন্তু এই প্রিভিলেজ আমরা পাচ্ছি না। সংবিধানকে চ্যালেঞ্জের হাজার হাজার মামলা হয়েছে এবং বিধানসভার মধ্যেও অনেক চ্যালেঞ্জ হয়ে যাচ্ছে। উনি সংবিধানকে চ্যালেঞ্জ করেছেন। শুধুমাত্র আমাদের প্রিভিলেজকেই নয়, উনি সংবিধানকে চ্যালেঞ্জ করে ফেলেছেন এবং সেটা আইনসভার ভেতরে। আপনি কি রুলিং দেবেন জানি না. কিন্তু আপনিই একদিন বলেছিলেন আমাদের আনা নো-কনফিডেন্স মোশনের আলোচনায়—'হোয়াট সটস অফ প্রিভিলেজ? আমরা কি পয়গম্বর? আমাদের বাইরেও প্রিভিলেজ হয় আভে দ্যাট ইজ দি রিয়াল প্রিভিলেজ।' আমার আপত্তি, কনস্টিটিউশনাল প্রিভিলেজ বলে একটা মাাটার আছে। কনস্টিটিউশনে পার্লামেন্টারি প্রিভিলেজের একটা চ্যাপ্টার রয়েছে। উনি সরাসরি বলেছিলেন আইনসভার ভেতরে আমাদের আক্রমণ করে নয়. সংবিধানকে আক্রমণ করে। এখানে একজন প্রশ্ন করবার চেষ্টা করেছেন যে, মোটিভটা কি, কিন্তু এই কোয়েশ্চেন ডাজ নট এরাইজ হিয়ার। ডেপুটি স্পিকার যে কথা বলেছেন তাতে সংবিধানকে আঘাত করা হয়েছে। আনন্দবাজারকে পোডানো. কিন্তু সংবিধানকে পোডাতে পারেন না বা গালাগাল দিতে পারেন না। রাষ্ট্রপতি থেকে আরম্ভ করে অর্ডিনারি ম্যান পর্যন্ত নোবডি ক্যান হিট অ্যান্ড হেকেল দি কনস্টিটিউসন। এর উর্দ্ধে কেউ নন, ইভন রাষ্ট্রপতিও নন। সে জায়গায় একজন মেম্বার হিসাবে উনি বলেছেন, 'আমার পিতাকে যদি কেউ ক্ষতম করে—আপনি দেখন, ডেপটি ম্পিকারের রাস্তার চুল্লুখোরদের মতো ভাষা। নেতাজীর সুযোগ্য হয়ে তার আদর্শ যদি পূরণ <sup>করতেন</sup> তাহলেও বুঝতাম।—আমি সেখানে আইন নিজের হাতে তুলে নেব, সেখানে যত অপারাধই হোক আমি করব।' তার মানে, অপরাধ উনি করবেন এবং নিজেই সেটা স্বীকার <sup>করে</sup>ছেন। মাথায় সাপে কামডেছে, কি করে চিকিৎসা করবেন? স্যার, বলেছেন—যত অপরাধই <sup>হোক</sup> আমি করব। বিধানসভায় দাঁডিয়ে বিধানসভার একজন সদস্য বলছেন এটা! আপনি বহু <sup>কুলিং</sup> এখানে দিয়েছেন. কি করে আজকে সেই রুলিং ভাঙ্গবেন জানি না। বলেছেন অজিত <sup>পাজা</sup> সম্বন্ধে যিনি সভায় উপস্থিত নেই। কেউ সভায় উপস্থিত না থাকলে, ডিফেল্ড না করতে <sup>পার</sup>লে তার নাম নেওয়া যায়?

এখানে যিনি উপস্থিত থাকতে পারেন না, তার নাম কি নেওয়া যায়? আমরা বহুবার দেখেছি যে নাম বললেন আপনি এক্সপাঞ্জ করে দেন। কিন্তু এখানে উনি অজিত পাঁজার নাম করে বলেছেন যে অজিত পাঁজা যখন মন্ত্রী ছিলেন তখন নেতাজীকে মত্ত অবস্থায়, নগ

[4th April, 1994

অবস্থায় দেখানো হয়েছিল। আপনারা কেউ দেখেছেন? আমরা যদি দেখতাম তাহলে আমরা আণ্ডণ ছালাতাম। এটা কোনও কংগ্রেস কনিউনিস্টদের ব্যাপার নয়। যে দেশে নেতাজীকে মা অবস্থায় দেখানো হয় টি. ভি.-তে, তারপরেও কোনও প্রতিবাদ হয় না, কোনও গণ-আন্দোল হয় না, তাহলে বলতে হবে যে আমরা নপুংশকদের নেতৃত্ব করছি এবং আমরাও নপুংশক এবং আমরা গরু, ছাগলের দল। তিনি সাবস্ট্যানশিয়েট করবেন না, তিনি ভোট দেবেন না তিনি বলবেন না যে কবে, কোথায় দেখানো হয়েছিল? আমি আপনার প্রোটেকশন চাইছি নট প্রোটেকশন অনলি ফর আস, আমি কনস্টিটিউশনের প্রোটেকশন চাইছি। এটাই আমার হামবল সাবমিশন যে আপনি এটাতে ভিবেট করতে দিন।

মিঃ স্পিকার ঃ এটাতো ডিবেটই হচ্ছে।

শ্রী সূত্রত মুখার্জি : এটাকে সাবস্ট্যানশিয়েট করার জন্য আমাদের নেতা, ডাঃ জয়নাল আবেদিনকে কিছু বলতে দিন।

মিঃ শ্পিকার ঃ সুব্রতবাবু, আপনার কপিটা আমাকে দিন। যে কপিটা আপনি আমার কাছে ফাইল করেছেন তাতে হত্যা লেখা আছে, খতম লেখা নেই। (এই সময়ে মাননীয় সদস্য সুব্রতবাবু তার কপিটা মাননীয় স্পিকার মহাশয়কে দেখান)—এখানে খতম লেখা নেই, কি পড়ছেন? দ্যাট উইল বি কারেকটেড অ্যাজ 'হত্যা' নট খতম।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সূত্রত মুখার্জি** এবং ডা মানস ভূঁইয়া ডেপটি স্পিকার এবং আমাদের মাননীয় এই সভার সদস্য অনিল মুখার্জিব বিরুদ্ধে যে প্রিভিলেজ মোশন মভ করেছেন, সেই বিষয়ে এর আগেও এখানে আলোচন হয়েছে। ঘটনা হচ্ছে, আনন্দবাজারের ২৫ তারিখে যে বিজ্ঞাপন, সেই বিজ্ঞাপনটি অশার্লিন নকারজনক ছিল। এটাতে উত্তেজিত হওয়া স্বাভাবিক। কিন্তু আমাদের মখামন্ত্রীও বলেছেন, এই আগে রবীনবাবও বলেছেন, যে ভাবে পত্রিকাকে, ওদের একটি সংগঠন, পোডানো হয়েছে **भिक्त नाम अप्रांत अप्रांत अप्रांत आत्मार्जन शर्फर।** माननीय मनमा अनिन मथार्जि अर তিনি ডেপুটি ম্পিকারও বটে, তিনি বলেছেন। এখন আমাদের এখানে অনেক সময়ে আপনি বলেছেন, সেই ব্যাপারে সুব্রতবাব সব উত্তর দিতে পারেন নি যে ডেপটি স্পিকাবের বিরুদ্ধে প্রিভিলেজ মোশন আনা যায় কিনা। এখন এখানে মাননীয় অনিল মুখার্জি ডেপুটি প্রিক্র এবং সদস্য এবং অ্যাকচ্যয়ালি যেখানে ডেপটি স্পিকারের আসন নির্দিষ্ট করা আছে সেখা উনি বলেছেন। সূতরাং তিনি যখন বলছেন তখন সদস্য এবং ডেপটি স্পিকার হিসা<sup>বেই</sup> বলছেন। আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, এখানে সাধারণ সদস্যই হোন, মাননীয় ডেপ্র<sup>ি</sup> ম্পিকারই হন, ম্পিকারই হন, বিধান সভার যে রুলস আছে বা শালীনতা বজায় রেখে <sup>মর্ট্</sup> **উত্তেজনা আসক সেই ভাবে বলা উচিং। একটা জিনিস মাননী**য় সব্রতবাবকে আপনি <sup>দৃষ্টি</sup> আকর্ষণ করেছেন, যে নোটিশ উনি আপনাকে দিয়েছেন তাতে খতম কথাটা নেই।

আমি বলব যে এখানে আপনি বিচার করবেন, উনি যে কনস্টিটিউশনাল পর্ফেত তুলেছেন যে এটা সংবিধান বিরোধী হয়েছে। উনি বলেছেন তার পিতাকে যদি কেউ <sup>হতে</sup> করতে আসে বা হত্যা করতে আসে তাহলে উনি আইনকে হাতে তুলে নেবেন। এটা উনি আইন বিরুদ্ধ বলেছেন। মাননীয় সদস্য এবং ডেপুটি স্পিকার মহাশয় আইনজ্ঞ হিসাবে ওর এই বক্তবাটা শোভনীয় হয়নি, অশোভনীয় হয়েছে। It amounts to breach of privilege. তা সত্ত্বেও আমি বলব মাননীয় ডেপুটি স্পিকার এবং সদস্য এই ধরনের মন্তব্য করতে পারেন না। সুতরাং আপনাকে বলব এটা প্রিভিলেজে পাঠাবার আগে আপনি জানতে চান মাননীয় সদস্যর কিছু এক্সপ্ল্যানেশন আছে কিনা। এবং আমি বলব এই বিষয়ে উনি অন্তব্ত রিপ্রেট প্রকাশ করুন। তার ফলে সমস্ত জিনিসটা সুষ্ঠু সমাধান হতে পারে। তা যদি না হয় তাহলে আপনি বিচার করবেন, আপনার উপর ছেড়ে দিচ্ছি এটা প্রিভিলেজে পাঠানো হবে কিনা।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ। যে কনস্টিটিউশনাল পয়েন্ট তুলেছেন whether his office is constitutional or not. We know sir, article 178 of the constitution authorises the assembly to select. আপনি এটা জানেন। এটা যে আপনি জানেন না তা নয়, আপনার নিয়ম না জানার কথা নয়। কনস্টিটিয়েন্ট আ্যাসেম্বলি রুল ফ্রেম করেন, it was highly debated. তাহলে ডেপুটি পিকার থাকবে কি থাকবে না। Possibly you also know for one and a half year the post of Dy. Speakers was abolished. Subsequently it was felt that single. কোনও সময় আটকে যায়, হাউস আটকে যাছে, it was decided that the Dy. Speaker while he is in the House and taking part in any discussion as a member he is no longer the Dy. Speaker. this is number one. Next, no immunity can be conferred upon him.

মিঃ ম্পিকার ঃ এর উপর কোনও রেফারেস আছে?

ডাঃ জয়নাল আবেদিন ঃ আপনি হঠাৎ এই সব বলেন সুযোগ বুঝে। আপনার থাকে বলবেন। স্যার, আমাকে বলতে দিন। এক, আমাদের প্রেসিডেন্ট গভর্নর, এদের ইমিউনিটি আছে, speakers, not minister. এটা আপনি জানেন this is not unknown, যে গভর্নর প্রেসিডেন্ট দেয়ার ইমিউসড। আপনি ম্পিকার হয়ে যদি এখান থেকে পিস্তল বার করে ওলি করে দেবেন, you are liable for police action and criminal action, not that you are immuned. এটা আপনি জেনে নেবেন। আপনি একটা আন্দোলন করছেন প্রিসাইডিং অফিসারের ইমিউনিটিটা ম্পিকার পর্যন্ত দেওয়া যায় কিনা। But it has not been possibly adopted unanimously as yet. দুই, আমাদের হাউসে যখন a member participate in the procedings, while he is speaking. আপনার রুল আছে কিছু,

small rule book that you have supplied to us—rule 328: he is taking part in the proceedings of the House as a member of the House, not as Dy. Speaker, simultaneously Dy. Speaker cannot conduct the business. It should be clearly known. While he is taking part in the debate he is an ordinary member, he is doing so in his capacity as the member of the House, not as Dy. Speaker. This should be clearly understood. According to rule 328 of the Rules of business "A member

while speaking shall not—1) refer to any matter of fact on which judicial decision is pending; 2) make a personal charge against a member.

এখানে সূত্রতবাবু যে প্রশ্নটা তুলেছেন, তিনি ক্লিয়ারলি বলেছেন—Use offensive expression about the conduct or proceedings of Parliament or any State Legislature; Reflect on any determination of the House except on a motion for rescinding it; Reflect upon the conduct of any person whose conduct can only be discussed on a substantive motion drawn up in proper terms under the Constitution; Use the President's or the Governor's name for the purpose of influencing the debate; Utter treasonable, seditious or defamatory words. উনি যে বক্তব্যটা রেখেছেন, ইট ইজ অ্যাবসলিউটাল ট্রিজনঅ্যাবল। আপনি অজিত পাঁজার নাম নিতে পারেন না। আপনি যখন এটা আলাই করলেন, তখন উনি একটা আলিগেশন করেছেন, নগ্ন এবং মন্ত অবস্থায় নেতাজীকে টি. ভিতে দেখিয়েছেন, উনি এই কথা বলতে পারেন না। He is not immune—he has done this it is his responsibility to probe before the House. Deputy Speaker is not above everythings. Ajit Panja is not a member of the House.

Mr. Speaker: Hence you read the notice of Shri Subrata Mukherjee and Dr. Manas Bhunia? Have you gone throught it.

Dr. Zainal Abedin: I am saying on what he has said in the House.

Mr. Speaker: Dr. Abedin, listen to me. Have you read the notice filed before me. Should we go beyond the notice?

ডাঃ জয়নাল আবেদিন ঃ অজিত পাঁজা যখন প্রচার মন্ত্রী ছিলেন তখন নেতাজীকে মন্ত অবস্থায় টি. ভি.-তে দেখিয়েছেন, এটা ওকে প্রমাণ করতে হবে। কারণ এটা প্রপাটি অব দি হাউস। সেগেছলি, এটা যখন তুললেন, তখন এটা আপনার জানা দরকার যে থার্ড শিচিউলে বলছে লেজিসলেটররা মেম্বার হওয়ার আগে, বিফোর সিকিং নমিনেশন, যখন নমিনেশন সাবমিট করছেন তখন এক রকম ওথ নেন, সেটা হচ্ছে—Having been nominated as a candidate to fill a seat in the Council of States (or the House of the People) do swear in the name of God/solemnly affirm that I will bear true faith and allegiance to the Constitution of India as by law established and that I will uphold the sovereignty and integrity of India. আই ইলেকশনের পর যখন মেম্বার হিসাবে হাউসে চুকলেন, তখন ওথ নেন—Having been elected (or nominated) a member of the Council of States, (or the House of the People) do swear in the name of God/solemnly affirm that I will bear true faith and allegiance to the Constitution of India as by law established and that I will uphold the sovereignty and integrity law established and that I will uphold the sovereignty and integrity

of India and that I will faithfully discharge the duty upon which I am about to enter. এবারে আপনি আর্টিকেল ১৯ অফ দি কনস্টিটিউশন অফ ইন্ডিয়া দেখুন—all citizens shall have the right to freedom of speech and expression this implies freedom of press also. আর সব, গোটাটাই তো আপনি জানেন। এখানে প্রেস, ইন আদার ওয়ার্ডস দি প্রেস স্যুড নট একসিডস ইটস লিমিট। উনি যে কথাটা উইদিন দি হাউস বললেন, কেউ বাইরে এর রেমিডি চাইতে পারবেন না। ওর যদি হিম্মত থাকে, তাহলে এই কথাটা উনি বাইরে একটু বলুন? আজকে সেই ক্ষেত্রে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, যেটা উনি (কৃষ্ণবাবু) বললেন—কৃষ্ণবাবু প্রবীণ মানুষ, উনি পরামর্শ দিয়েছেন, আপনি গ্রহণ করবেন কিনা জানি না। মাননীয় অনিল মুখোপাধ্যায় মহাশায় গ্রহণ করবেন কিনা আমি জানি না। আমি তখনই আপনাকে বলেছিলাম যে, প্রসিডিংস থেকে এটা বাদ দিন। আপনি স্যার, চিবিয়ে, রসিয়ে খেতে ভালবাসেন। আপনি তখন বাদ দিলেন না। আমরা দেখেছি এটা থাকা শোভনীয় নয়। আপনাকে একটি বই দিয়েছি 'ডেকোরাম অ্যান্ড ডিসেন্সি'র উপরে—ডেকোরাম অ্যান্ড ডিসেন্সি কিভাবে ডিক্লাইন করেছে। আপনার বক্তব্য আমি পাঠিয়ে দিয়েছি। স্যুড ইট বি অ্যালাউড টু গোং

শ্রী পার্থ দেঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু একটি কথাই বলব। যে প্রস্তাবটা তোলা হয়েছে সেই প্রস্তাবটার সম্বন্ধে আপনি বিচার করবেন, রুলিং দেবেন। তার একটি বেরের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, সভার দৃষ্টি আকর্ষণ করছি। কিছু কিছু নেতা আছেন. মনীষী আছেন. তাদের সম্বন্ধে মানুষের এত গভীরভাবে শ্রন্ধার ভাব আছে, তাদের সম্পর্কে এতখানি তারা সেম্পেটিভ যে তারা যখন আলোচনা করেন যেখানে তাদের সম্মান তাদের মর্যাদার কোথাও হানি হচ্ছে, তাই সম্পূর্ণ চেতনাটা সম্পূর্ণভাব প্রকাশের ভাষাটা একটা অন্য স্তরে চলে যায়। এখানে সেই ধরনের ভাষা, সেই ধরনের কথাগুলি অনেক সময়, মনেক ক্ষেত্রে, আমরা সাধারণত যে মানে ধরি তার থেকে কিছটা নতন। পার্লামেন্টে বা এই ধরনের সভায়। কিন্তু বিভিন্ন ধরনের ভাষা, বিভিন্ন সময়ে প্রয়োগের দরকার হয়। তাবা কি वनए ठाएक स्मिटोत्क वायावात कना। विভिन्न সময়ে এই ধরনের ভাষা পার্লামেন্টে বা আসেম্বলিতে প্রয়োগ হয়েছে আলোচনা হয়, প্রিজাইডিং অফিসারদের বিভিন্ন সময়ে বিভিন্ন <sup>কলিং</sup> দিতে হয়, এক্ষেত্রে যেভাবে প্রকাশের পদ্ধতি অবলম্বন করা হয়েছে, সেই সম্বন্ধে <sup>একটা</sup> ছোট্ট তথ্য তুলে ধরব। একটা বিশেষ শব্দ বা বাক্য যেটা অর্স্তভক্ত করা হয়েছে. <sup>এখানে</sup> লিঙ্গুইস্টিকালি একসঙ্গে সাজানো কয়েকটি শব্দ এটা হচ্ছে চাঙ্ক অফ এক্সপ্রেশন। যিনি <sup>বক্তব্য</sup> রেখেছেন তিনি বলছেন যে যদি আমার পিতাকে হত্যা করা হয়, ইট ইজ এ চাঙ্ক <sup>এফ</sup> এক্সপ্রেশন, এটা পুরোটা ফিগারেটিভ। যিনি বক্তব্য রেখেছিলেন মাননীয় সদস্য অনিল ম্<sup>খার্জি</sup> মহাশয়, তার পিতা বেঁচে নেই, তার পিতাকে হত্যা করার সুযোগ নেই, সতরাং যে <sup>কথাটা</sup> বলা হয়েছে এটা সম্পূর্ণ ফিগারেটিভলি হলা হয়েছে। স্যার, আমি আপনাকে অনুরোধ <sup>করব</sup> যে এটার রুলিং দেওয়ার আগে পুরো এক্সপ্রেশনটা চিন্তা করবেন কারণ এটা হচ্ছে <sup>পুরোটাই</sup> ফিগারেটিভ. ভাষালঙ্কার হিসাবে ব্যবহার করা হয়েছে। সত্যিকারের এই ধরনের <sup>কাজ</sup> করা হবে, এটা আদৌ বলা হয়নি। সূতরাং আপনি রুলিং দেওয়ার আগে এটা বিবেচনা <sup>করলে</sup> আপনার রুলিং দেওয়ার পক্ষে হয়ত সুবিধা হবে।

[12-40 — 12-50 p.m.]

Shri Gyan Singh Sohan Pal: Sir, the issue which is before us is very delicate. While speaking one should not be carried any by sentiments. Sir, on this issue you have raised one or two points. One the Hon'ble Member to assists you in arriving at a conclusion whether what has been said by Shri Anil Mukherjee constitute a breach of privilege or a contempt of the House. Sir, I heard the other members. I have listened to your observations also. You were raising an important point whether a privilege motion can be brought against the Deputy Speaker. Straightly, if you ask, one will have to say that no privilege motion can be brought against the Deputy Speaker. But in this particular case the motion that has been brought by the Hon'ble Meinber. Shri Subrata Mukherjee, is not exactly against the Deputy Speaker. It is against Mr. Anil Mukherjee who is a member of this House and when he was making the submission he was not making the submission as a Deputy Speaker. He was making the submission purely as a member of this House and once a member makes a submission an commits contempt of the House he is liable for prosecution by the House. Sir, I am not going into the constitutional and other provisions. What has been said, the words and expressions used by Shri And Mukherjee, perhaps are not desirable. Had these words been said outside the House. I am sure, it would have been attracted criminal action But since there is a protection and as a member of the House he enjoys certain privileges, no criminal action could be taken. But the House is certainly competent to reprimand, to pull up any member for using words and expressions which may cause provocation for doing any action. The words used by Shri Anil Mukherjee are certainly against the constitution which he has swereed to protect, which he has sweard to abide by. Sir, it is unfortunate that this has happened in the House I fully subscribe with the words expressed by Shri Haldar, a senior veteran member, that Mr. Mukherjee should express regret and we should drop the matter. I would request you, sir, to accept the suggestion made by Shri Haldar. Thank you.

### RULING FROM CHAIR

Mr. Speaker: Hon'ble Members Shri Subrata Mukherjee and Dr Manas Bhunia on 31st March 1994 have given a notice of breach of privilege against the Hon'ble Deputy Speaker and member Shri Anil Mukherjee in particular reference to certain portions of his speech made in the House that day arising out of a discussion on matters relating to burning of certain copies of a daily newspaper on the streets of Calcutta

which had purportedly printed defamatory articles and photographs of the great leader, Netaji Subhas Chandra Bose. It is the contention of both the Hon'ble Members Shri Subrata Mukherjee and Dr. Manas Bhunia that there are passages in the speeches of Shri Anil Mukherjee copies of which have been filed with their notice which are in violation of the rules of the business of the House and as such are breach of privileges and that proper steps are to be taken to refer the matter either to the Privileges Committee or the House should take a decision on the matter.

Several members have spoken on this notice including from the opposition side—Dr. Zainal Abedin, Hon'ble Leader of the Opposition, Hon'ble Member Shri Gyan Singh Sohan Pal, Hon'ble Member Shri Subrata Mukherjee and Hon'ble Member Dr. Manas Bhunia in support of their notice and from the ruling side—Hon'ble Member Shri Santi Ganguly, Hon'ble Member Shri Krishna Chandra Halder, and Hon'ble Member Shri Partha Dey. Hon'ble Member, Shri Krishna Chandra Halder is of the view that the statements are prejudicial and may be in the nature of a breach of privilege and as such, the Hon'ble Deputy Speaker should express apology and withdraw the remarks so made. I have gone through the notice of privilege given by Hon'ble Members Shri Subrata Mukherjee and Dr. Manas Bhunia. The notice read as follows:

"Dear Sir.

We wish to raise a question involving breach of privilege and contempt of the House committed by Hon'ble Shri Anil Mukherjee in course of his speech on the discussion on burning of Ananda Bazar Patrika by the activists and Forward Bloc in the city recently after publication of certain items in the daily paper and claiming so far as "to take the law in his own hand whenever necessary."

That is the only relevant part which relates to the notice of privilege that Hon'ble Deputy Speaker, Hon'ble Member, Shri Anil Mukherjee during the course of his speech has claimed that whenever necessary he will take the law in his own hand. I don't think that this is a very factious statement. If you go through the speech and read the context of the subject in which he has made the speech, you will find that he has said—if somebody comes to kill my father, then I will take the law in my own hand. This is a very contextual statement in which he has taken the spirit and said this. Before I deal with that the basic questions before us are: (i) Whether a notice of a breach of privilege can be issued against the Deputy Speaker? (ii) What is a breach of

[4th April, 1994

privilege? and (iii) Whether a breach of privilege has been committed by making those statement or not? These are the basic issues. I think the entire debate has been made out of context. It is no doubt true that the Speaker and the Deputy Speaker-both take oath as MLAs They do not require to take any further oath once they are elected to the office of the Deputy Speaker or Speaker under the Constitution. I is also true that to be a Deputy Speaker or Speaker you have to be a member of the House. Then you can be a Deputy Speaker of Speaker. The primary relevance is 'to be' a 'member of the House' Without being a Minister he may be a member of the House. He may be a Minister for some time—he may not be a member of the House But to be a Speaker or Deputy Speaker, one has to be a member of the House. Now it is also true that both these positions are constitutional positions, as enjoined under Article 178 of the constitution saying that the House shall elect a Speaker and the House also shall elect a Deputy Speaker. These are both constitutional positions. The only difference is a as soon as the Assembly is dissolved the office of the Speaker continues. But the office of the Deputy Speaker does not continue. That is the basic difference between these two positions. There is also a slight difference—the Speaker has certain administrative responsibilities over the Secretariat of the Assembly over which the Deputy Speaker has no administrative responsibilities as such. Now going to the basic question—wheather a Speaker or a Deputy Speaker can commit a contempt of the House or not?

Now the Deputy Speaker or the Speaker in the House-they hold the position different from the members in as much as presiding over the House. There is also panel of Chairman. In the absence of the Speaker or Deputy Speaker, members of Panel of Chairmen can preside over the House for a very limited purpose and carry on the functions of Speaker or the Deputy Speaker for that short period of time. There cannot be any analogy drawn or comparison made in respect of Panel of Chairmen or Deputy Speaker or to that matter. Speaker. Each has got very independent position and it has been described in the rule book. As such the question over here is, whether a Deputy Speaker can commit contempt of the House while he was addressing over the House as a Member. It is an established law that a court can commit contempt or his own court. In the judicial system it is an established principle or law. A court can commit contempt of his own court. There have been cases where a court has been held up for contempt of its own court because of its behaviour, dealing with the

litigants or lawyers. They may commit contempt of their own court. But the difference between the Court and the Parliament is, in courts there are higher courts and lower courts. In Parliament, there is only one Parliament. There is no higher Parliament or lower Parliament. So, where do we go? There is no appeal. There is no differentiation. You cannot....(Noise and interruptions)...Please have some patience.

Now, the question is that it is, no doubt, true that the Deputy Sneaker addressed the House as a Member and not as Deputy Speaker. It is, no doubt, true. The Speaker also gets a rare occasion to address the House during the debate of a no-confidence motion. During a no-confidence motion, the Speaker also gets a chance to address the House. But when he addresses the House he addresses as a Speaker—not as a member because he addresses in reply to the allegations made against him. He addresses the members from the member's bench but he still addresses as a Speaker not as a member. The Speaker does not speak otherwise. There has been one exception in this House when I have addressed the House ..... (Noise and interruptions)...There has been one exception in this House when I addressed from the Members' seat whenever allegations against me in certain matters when I was a Minister. And I took the opportunity to address the House to clear my position on certain activities. But that is only exception when I addressed the House. But that is only exception. Not that a debate on that whether it was proper or improper to address the House. There are debates on that, I concede that is not a very clear position-whether my address was correctly done or not correctly done. There may be debate on that. I concede that point. There can be arguments on both sides. But I took the stand that my position should be cleared by myself, and not by somebody else.

The question here is that Deputy Speaker spoke from his seat. He has been allotted a special seat as Deputy Speaker. He is not sitting with the ruling party members. He has a seat allotted to him. Deputy Speaker has a seat allotted at the end of the opposition members. He does not sit with the ruling party or the ruling group and the Deputy Speaker addresses from his own position. But the question is whether he addressed the House as the Deputy Speaker or as a member. That is the question. He has a right to address the House.

He has a right to supplementary question. He has a right to mention matters like any ordinary member, because his position is slightly different from other member. He has an office. He has a protocol status.

He gets a salary. He has everything else that his rank can hold in office....(Noise)....

Now the question here is, coming into the basics, I will be in a position to agree that if a Deputy Speaker addresses in the House-not from the Chair but from the member's seat, makes certain comments or statements which may be contemptuous or may be violative of any rights of privileges, it may tantamount to breach of privilege. But that is not and established law or practice in our country. Because there is very rare incidents of such cases. I am trying to look into it. I have tried to look into it. That is the rarest of the rare case. But I am not prone to understand or take that position, that—yes, breach of privilege may be committed by the Deputy Speaker speaking as a member. He may be also liable for contempt or the Houses, for a contemptuous statement, not from the Chair but from the position of his members seat. It may be. I will go into that point later on. Coming to the subject matter of this dispute before us, we find here that the notice of privilege has given certain statement made by him that he will take law into his own hand. But what is the statement? The statement here is—he said if somebody comes to kill his father, he will take the law in his own hand. Now, the Deputy Speaker wanted to take the law into his own hand...(noise)...the idea is either exaggerating or taking it into the farthest limit of imagination. It is a very natural concept of self-defence and protection. It is very logical that if somebody wants to kill me, shall I beg to police to come or will I defend myself first? What will I do? I will defend myself first and then I will call for the police. If somebody comes to kill my father I will protect my father first, then I will look out for the police and I will look out for a telephone. If a man comes with a rifle and a knife to kill my father---! will have to look out for protection first. ...(noise)...

(At this stage all the Hon'ble Congress (I) members walked out of the House.)

In that position, any person, any citizen, has a right of self-defence, has a right to give protection not only to a relation but to any other citizen also. If anybody sees—one killing anybody—it is his first duty to protect that person—if he is attacked by the person. Then he will seek the remedy of law. First thing first.

Having said all these you will have to some to the basic ingredients of the Parliamentary democracy that Parliament is a place for debate, it is a place for discussions. We cannot be guided by temperament or passion. Our speeches have to be controlled, guided speeches.

in a very cool atmosphere. What we have to say has to be very calculated, very measured and has to be in the best interest of the people. If we become temperaments, if we become disbalanced while addressing the House, the reflection outside will be vast.

My request to all members here that in course of debate, however provocative situation may be, we cannot allow provocation to come inside the House. We cannot be provoked. We have to keep our balance, keep our cool and defend democracy as well. That is the way we have to behave. I am sure, all members will keep this in mind, in future. No case of breach of privilege is made out. As such the notice is rejected.

#### CALLING ATTENTION

Mr. Speaker: Today, I have received five notices of Calling Attention, namely:—

- i) Reported resignation of Shri Debidayal, : Shri Abdul Mannan a member of West Bengal State Electricity Board on 23. 3. 94 after working for three days.
- ii) Reported atrocity on a woman Sabina: Shri Ambika Banerjee Khatun within a railway compartment on 31. 3. 1994.
- iii) Low voltage supply and non-supply of : Shri Satya Ranjan Bapuli electricity to the rural areas causing damage to new crops.
- IV) Acute shortage of supply of electricity: Dr. Manas Bhunia at Sabang in Midnapore Dist.
- v) Reported raids on several chit fund in : Shri Saugata Roy the State recently.

I have selected the notice of Shri Saugata Roy on the subject of 'Reported raids on several chit fund in the State recently'.

The Minister-in-Charge may please make a statement today, if possible, or give a date.

Shri Prabodh Chandra Sinha: Sir, the statement will be made on 6th April, 1994.

#### MENTION CASES

Mr. Speaker: I will have to take very few mentions today  $a_{\rm S}$  we don't have much time. Thereafter we will have to go into the  $Ze_{\rm FO}$  Hour.

[1-00 — 1-10 p.m.]

শ্রীমতি আরতি হেমব্রম ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যামে আমি জনস্বার্থে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র রাণীবাঁধে যে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটি রয়েছে সেখানে একটি ছোট অ্যাম্বলেন্স যেন দেওয়া হয়। কারণ ওখানকার উঁচু-নিচু রাস্তা দিয়ে বড় অ্যাম্বলেন্সর যাতায়াতে অসুবিধা হয়। সেজন্য স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি একটি ছোট অ্যাম্বলেন্স দেবার জন্য।

শ্রী অনিল চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপর্ণ বিষয়ে আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। দুর্ভাগ্যের বিষয়, কংগ্রেসের কোনও সদস্য সভায় উপস্থিত নেই ; থাকলে তারা জেনে আনন্দিত হতেন যে, বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায় এবং আমরা গ্রাম বাংলায় গিয়ে কিছু কাজ করছি। এটা প্রখ্যাত অভিনেতা দুর্গাদাস বন্দ্যোপাধ্যায়ের জন্ম-শতবর্ষ। তার জন্ম-শতবর্ষ তার গ্রামে আমরা একত্রে উপস্থিত থেকে কাজ করছি, সেখানে একটার পর একটা অনুষ্ঠান হচ্ছে। সেখানে শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয় উপস্থিত থাকছেন। কাজেই তিনি এখানে উপস্থিত থাকলে খুশি হতাম। দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় গুধুনাম বাংলা চলচ্চিত্র শিল্পেই নয়, তার মাধ্যমে আমরা গোটা দেশের স্বীকৃতি পেয়েছিলাম। তিনি হিন্দি ছবিতেও কাজ করেছেন। হাতিছাপ নউ থিয়েটারে তার অভিনয় দেখবার জন্য মানুষজন উদপ্রীব হয়ে অপেক্ষা করতেন। তার জন্মদিনের একশ বছর পূর্ণ হল। আমি অনুরোধ কবং, শহর কলকাতায় তার নামে একটা রাস্তা হোক, কারণ গ্রাম বাংলার মানুষ তার স্মৃতি রক্ষার্থে কছু চিন্তা-ভাবনা করছেন তখন শহর কলকাতায় তার নামে অন্তত একটা রাস্তা করা হোক এই অনুরোধ রাখছি।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সভার এবং সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, প্রভিডেন্ট ফান্ডের বর্কেরা টাকা যা জমা পড়ছে না শ্রমিক-কর্মচারিদের সেদিক থেকে সারা ভারতবর্যে নাম তালিকার সকলের প্রথমে। সবচেয়ে দুর্ভাগ্যের বিষয়, যে সমস্ত কল-কারখানার শিল্পপতিরা জমা দেবার ক্ষেত্রে প্রভিডেন্ট ফান্ডের টাকা বকেয়া ফেলে রেখেছেন তাদের বিরুদ্ধে কোনও অভিযোগ রাজ্য পুলিশের এনফোর্সমেন্ট বিভাগ গ্রহণ করছেন না। আমাদের যিনি আঞ্চলিক প্রভিডেন্ট ফান্ডে কমিশনার তিনি বারবার এই প্রভিডেন্ট ফান্ডের টাকা বকেরা রাখার ব্যাপারে অভিযোগ তুলেছেন। সংসদীয় যে কমিশন তার চেয়ারম্যান, গুরুদাস দাশগুপ্ত মহাশয়, তিনি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছেন, তার সঙ্গে দেখা করেছেন, কিন্তু এনফোর্সমেন্ট বিভাগ অপরাধী মালিকদের বিরুদ্ধে কোনও অভিযোগ গ্রহণ করছেন না। প্রায় ১৬০ কোটি টাকা প্রভিডেন্ট ফান্ডের টাকা বাকি আছে। শুধু চটকলের মালিকরাই ৯০ কোটির মতো প্রভিডেন্ট ফান্ডের

<sub>টাকা</sub> জমা দেননি। কাজেই আমি দাবি করছি যে এই টাকা জমা না দেবার জন্য মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি নোটিশ দিয়েছিলাম ৩১শে মার্চ, কিন্তু আমি বক্তব্য রাখিনি। আমি বিবেচনা করে দেখেছি যে আমি যদি কিছু না বলি তাহলে বামফ্রন্টের প্রতি অন্যায় করা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ২০শে মার্চ বহরমপুর থেকে আসছিলাম এবং রকেটে করে আসছিলাম। সেই বাসের নম্বর হচ্ছে ০৩০১। আমি দেখেছি যে এই রকেট বাসের স্টপেজ হচ্ছে, কৃষ্ণনগর, রানাঘাট, দমদম এবং তারপরে এসপ্রানেড। কিন্তু দেখলাম যে ৩২টি জায়গায় বাস দাঁড়াল। রকেট বাসের কন্ডাক্টর, তিনি কেবল প্রসা নিচ্ছেন, আর পকেটে ফেলছেন। তিনি অবাস্তর জায়গায় বাস থামিয়ে প্যাসেঞ্জার তুলছেন। আজকে যেখানে বাস লসে রান করছে সেখানে এই রকম একটা অবস্থা দেখা দিয়েছে। আমি তাই অবিলম্বে বিষয়টি তদস্ত করার জন্য এবং দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

শ্রী ননী কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা জরুরি বিষয়ে আপনার দষ্টি আকর্ষণ করছি। আপনি হয়ত জেনেছেন যে গত ১লা এপ্রিল তারিখে আমডাঙ্গা কনস্টিটিউয়েন্সিতে সেখানে নাজমূল সাহেব একটা স্কুলের ম্যানেজিং কমিটির সদস্য, রানার মোডের কাছে তার বাডিতে বোমা ছোঁডা হয়েছে। তারপরে ২ তারিখে আব্যোসেন বলে একজন সি. পি. এম.-এর সমর্থক এবং শিক্ষক, তার বাডি আক্রমণ করা হয় এবং তার খড়ের গাদায় আগুন লাগানো হয়। তারপরে ১৭।১৮টি বাডিতে আক্রমণ করে ভাঙ্গচুর করা হয় এবং ৩ জন এখনও হাসপাতালে আছে। এখানে ইতিমধ্যে পলিশ ক্যাম্প বসানো হয়েছে এবং গ্রেপার হয়েছে। কংগ্রেস নেতারা গতকালও সেখানে উস্কানি দিয়েছে। আমাদের প্রচার মাধ্যম তারা ঠিক উল্টোটা খবরে প্রচার করেছেন। আপনি জানেন যে ২ তারিখে আমাদের জেলায় সর্বক্ষেত্রে মহা মিছিলের প্রস্তুতিতে পথসভা হয়েছিল, মশাল মিছিলের শোভা যাত্রা ছিল। তারফলে জনগণের মধ্যে একটা উৎসাহের সৃষ্টি হয়েছিল। তারজন্য আজকে মহামিছিল বিরাট আকার ধারণ করেছে। সেই কারণে কংগ্রেস রানারমোডে এই আক্রমণ সংগঠিত করে মানুযের মধ্যে বিভ্রাপ্ত সৃষ্টি করার চেষ্টা করছে। আগামীকাল দিল্লিতে যে মহামিছিল হবে সেখানেও আক্রমণ করার জন্য পরিকল্পনা হচ্ছে। আজকে গোটা ভারত জড়ে যে জন সমুদ্র তৈরি হচ্ছে তাতে কংগ্রেস ভেসে যাবে যদি তাদের নীতির পরিবর্তন না করে। এই প্রসঙ্গে বলতে চাই যে আজকে ৪টার সময়ে মহামিছিল শুরু হচ্ছে, কার্জেই বিধানসভার সদস্যদের যাবার জন্য একটা সযোগ দেওয়া দরকার। আজকে শুধু শ্রমিক নয়, জনগণের সমস্ত অংশের মানুষ আজকে এই মহামিছিলে সংগঠিত হচ্ছে। কংগ্রেসের যারা শ্রমিক আন্দোলন করেন, যেমন সুব্রতবাব তিনিও এই নীতির বিরোধিতা করেছেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[1-10 — 1-20 p.m.]

শ্রী কমলেন্দু সান্যাল : মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি ওরুত্বপূর্ণ বিষয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলার উত্তর এবং উত্তর-পশ্চিম অংশে-এর

[4th April, 1994

আগে আমি এই ব্যাপারে বলেছি—কোনও রেল পথ নেই, সেখানকার মানুষ সম্পূর্ণ পি রাস্তার উপর নির্ভরশীল। কৃষ্ণনগর থেকে শিকারপুর যে রাস্তা সেই রাস্তার শেষ দিদে গোপালপুরঘাট পর্যন্ত একটা রাস্তা বাইফারকেট করে গেছে। এই রাস্তার তেহট্ট পর্যন্ত রাম্ভ মোটামুটি মেরামত হয়েছে। কিন্তু তেহট্ট থেকে ৫০ কিলোমিটার রাস্তা একেবারে দুর্গম হা গেছে। বর্ষা এসে গেল, অবিলম্বে এই রাস্তা মেরামত করার জন্য অনুরোধ জানাচিছ।

শী নটবর বাগদি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার বিশেষত্ব শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইব এবং অবহেলিত মানুষদের অনেক সুযোগ সুবিধ দিয়েছে। এই সরকার তাদের ইজ্জত দিয়েছে, সম্মান দিয়েছে এবং যথাযোগ্য জায়গায় প্রতিষ্ঠ করার চেষ্টা করেছে। ১৮০০ খৃষ্টান্দের শেষ দিকে বিদেশি সাম্রাজ্যবাদ এবং দেশীয় মহাজনদের হাত থেকে বাঁচানোর জন্য সিধু-কানু গরিব মানুষদের নেতৃত্ব দিয়েছেন। এ ছাড়াও তারা নৃতদ্বার উন্মোচন করেছেন। বামফ্রন্ট সরকার কলিকাতায় তাদের নামে একটা রাস্তার নামকরাণ করেছে এবং তাদের প্রতি যথাযোগ্য মর্যাদা দিয়েছেন। আমার অনুরোধ মাননীয় পূর্তমন্ত্রি মাননীয় মুখ্যমন্ত্রী এবং আপনাকেও যে, বিভিন্ন রাজনৈতিক নেতার যে তৈল চিত্র বিধানসভ্ প্রাঙ্গনে টাঙ্ডানো হয়েছে সেই রকম সিধু-কানুর একটি পূর্ণ মূর্তি কলিকাতায় স্থাপন করা হোব এবং বিধানসভা প্রাঙ্গান তাদের তৈলচিত্র স্থাপন করার ব্যবস্থা করা হোক তাদের প্রতি সম্মান প্রদর্শনের জন্য

শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একট গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। এবারের বাজেটে কেন্দ্রের অর্থমন্ত্রী খুব্ কৌশলে এবং সৃক্ষ্ম কায়দায় বাজেট করেছেন। তিনি যে সমস্ত দ্রব্যের উপর এক্সাইজ ডিউটিছিল তার হিসাব পদ্ধতিতে মূল্য সমানুপাতিক করায় প্রতিটি দ্রব্যের মূল্য বৃদ্ধির ব্যবহ্ করেছেন। চিকিৎসা ক্ষেত্রে অক্সিজেন, নাইট্রিক অক্সাইড, যেগুলি জীবনদায়ী ঔযধ তার উপর এক্সাইজ ডিউটিছিল না, এই মূল্য সমানুপাতিক করার ফলে এবারে এক্সাইজ ডিউটি চাপানে হল। জানি না এটা আই. এম. এফ.-এর নির্দেশে কিনা। তাই আমি আপনার মাধ্যমে কেন্দ্রের অর্থমন্ত্রীর কাছে আবেদন জানাছিছ এই একসাইজ ডিউটি প্রত্যাহার করার জন্য।

শ্রী রবীন দেব ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশের সার্বভৌমত্ব বিপয়কারী এই যে গার্ট চুক্তি, এর বিরুদ্ধে আজকে আমাদের রাজ্যে কলিকাতা শহরে মহামিছিল হচ্ছে, কালবে দিল্লিতে অভিযান হবে। ইতিমধ্যে আমরা লক্ষ্য করেছি এই অভিযান বা মহামিছিলে ব্যাপব সাড়া পড়েছে। আমি উল্লেখ করতে চাই যে এতে আকাশবাণীর এত গাত্রদাহ হচ্ছে যে এই মহামিছিলে যারা অংশ নিচ্ছে না তাদের কথা বলছে, তাদের বিবৃতি প্রকাশ করছে। এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই এর বিরুদ্ধে গোটা দেশের মানুষ সরবর হচ্ছে। এই আকাশবাণী এবং দূরদর্শন একদলীয় প্রচার চালিয়ে যাচছে। বিশেষ করে ৩১শে মার্চ লক্ষ্য করলাম যথনি বিধানসভায় আলোচনা হচ্ছে, মাননীয় মুখ্যমন্ত্রী প্রশ্ন উত্তর পর্বে অংশ নিয়েছিলেন পরিচয় পত্র নিয়ে, সেই ব্যাপারে আড়াইটার খবরে বা সাড়ে সাতটার খবরে এত বড় গুরুত্বপূর্ণ সংবাদ উল্লেখ হল না, প্রচারিত হল না। কিন্তু অন্য দিকে বিরোধীদের স্বার্থ যেখানে আছে সেই ব্যাপারে আড়াইটার খবরে এবং সাড়ে সাতটার খবরে প্রচার পেল। ৩১শে মার্চ যে কর্মসূচি রেল দপ্তরের সামনে হল সেই কর্মসূচি উল্লিখিত হল না।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ (অনুপস্থিত ছিলেন)

গ্রী অম্বিকা ব্যানার্জি ঃ (অনুপস্থিত ছিলেন)

ডাঃ মানস ভূঁইয়া ঃ (অনুপস্থিত ছিলেন)

শ্রী আব্দুল মানান ঃ (অনুপস্থিত ছিলেন)

দ্রী সৌগত রায় ঃ (অনুপস্থিত ছিলেন)

শ্রী সঞ্জীব কুমার দাস ঃ (অনুপস্থিত ছিলেন)

খ্রী প্রবীর ব্যানার্জি ঃ (অনুপস্থিত ছিলেন)

শ্রী জটু লাহিড়িঃ (অনুপস্থিত ছিলেন)

श्री मनोहर तीरकी: माननीय स्पीकर संर, मै आपके माध्यम से एक बहुत ही गुरुत्वपूर्ण वक्तव्य इस सभा के सामने रखना चाहता हूं। सर, चाय वगान की ओर ध्यान दिलाना चाहता हूं। चाय वगान मे ५ लाख से ज्यादा कर्मचारी काम करते है। उनका जो प्रवन्धन के साथ पिछला समझौता हुआ था वह जुलाई मे ही समाप्त हो गया। जितने भी केन्द्रीय ट्रेड यूनियन है सी० आई० टी० यू०, आई० एन० टी० यु० सी० ईत्यादि सभी ट्रेड यूनियन कर्मचारी हड़ताल कर रहे हैं। सरकार को चाय वगान से काफी विदेशी मुद्रा प्राप्त होता है। मै आपके माध्यम से लेवर डिपार्टमेन्ट मिनिस्टर से अनुरोध करुगा कि चाय वगान एक महत्वपूर्ण उधोग है। सरकार को इम ओर पहल करना चाहिए, पहल कर जल्द-से-जल्द फैसला किया जाए।

শ্রী নটবর বাগদিঃ মাননীয় প্পিকার স্যার, আপনি জানেন যে পুরুলিয়া জেলা ১৯৫৬ সালের আগে বিহারের অন্তর্গত ছিল। ঐ অঞ্চলে বহু কয়লা খনি অঞ্চল ছিল। পুরুলিয়া জেলার ক্ষেত্রমজুররা, আদিবাসী লোকজনরা সেখানে গিয়ে কাজকর্ম করত এবং বছরে প্রায় চার-পাঁচ মাস কাজ পেতেন। পরবতীকালে ভাষা ভিত্তিক আন্দোলনের ফলে পশ্চিমবঙ্গে অন্তর্ভুক্তির জন্য আন্দোলন হয় এবং পুরুলিয়া থেকে পদযাত্রা সংগঠিত করা হয়। পুরুলিয়া জেলার মাটির নিচে অনেক সম্পদ আছে। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গ সরকার-এর কিছু কিছু আমালা এবং বিভাগীয় অফিসারের ভূল রিপোর্টের জন্য...(এই সময়ে মাইক অফ হয়ে যায়)।

শ্রী কমলেন্দু সান্যাল ঃ মাননীয় ম্পিকার স্যার, ডাঙ্কেল প্রস্তাবের বিরুদ্ধে আমি ছোট্ট একটি বক্তব্য ছড়া আকারে রাখতে চাইছি। এই ডাঙ্কেল প্রস্তাব সর্বনাশ করছে। 'অথ ডাঙ্কেল কথা।'

ডাঙ্কেল আঙ্কেল দেন উপদেশ দোর খোল এ দেশের, আসুক বিদেশ সম্ভর খাদ্য, সারে তুলে দাও ভরতুকি,

[4th April, 1994

মাইলো ভুট্টো পরে হবে, চোষ আগে হর্তুকি। বিদেশের হাঙরেরা খেলবে সাঁতার এপ্রিলের মাঝেই 'সহি', দেরি নেই আর্। ঝুলি কাঁধে মন্ত্রী যাবেন মরোক্কোর 'মারাকেশে'— 'কেশ-মেরে'—ন্যাড়া মাথা ফিরবেন অবশেষে।

শ্রী রবীন দেব ঃ (উপস্থিত ছিলেন না)

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননী স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। এর আগে আমি বলেছিলাম যে মালদহ জেলা হাসপাতালে একটা নৈরাজ্যজনক অবস্থা চলছে। সেখানে কেউ কাউকে মানেন না। ডি. এঃ ও.-রা ডাক্তারবাবুকে মানেন না, আবার ডাক্তারবাবুরা ডি. এম. ও.-কে মানেন না। এই রক একটা অচলাবস্থা সেখানে এসে দাঁড়িয়েছে। খবরের কাগজে একটা সংবাদ বেরিয়েছে থে ডাক্তারবাবুরা আবেদন করেছিলেন, জনসাধারণ এই ব্যাপারে হস্তক্ষেপ করুন। কিন্তু জনসাধার এই ব্যাপারে হস্তক্ষেপ করতে পারেন না। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে বলব মালদহ হাসপাতারে এখান থেকে সাবজেক্ট কমিটিকে পাঠানোর ব্যবস্থা করুন। কাদের দোষ তা হাইকোর্টে মানক করে ডি. এম. ও. থাকলে যদি সরকারের তাতে অসুবিধা হয়, তা সেখান থেকে বলুন হাইকোর্টে সেটা মুভ করা হোক।

[1-20 — 2-00 p.m.] (including adjournment)

মালদা হাসপাতাল একটি মাত্র জেলার হাসপাতাল, সেই হাসপাতালে অচলাবস্থা হবে থাকবে আর সরকার নিশ্চুপ হয়ে বসে থাকবে এটা হতে পারে না। আমি অত্যন্ত সবিনরে নিবেদন করতে চাই মালদা হাসপাতালকে চালু করবার জন্য সরকার থেকে সমস্ত প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করা হোক এবং সারকারী কর্মচারিদের পাঠানো হোক এবং সাবজেক্ট কমিটিজে অনুরোধ করব তারাও গিয়ে দেখন।

শ্রী ননী কর ঃ স্যার, দিল্লিতে আগামীকাল যে মহামিছিল হবে সেই মিছিল যাড়ে ঠিকমতো না করা যায় তার জন্য দিল্লি স্টেশনে লাঠিচার্জ হয়েছে, ফলে শতাধিক মানু আহত হয়েছে। বিভিন্ন জায়গায় ট্রেন থেকে নামিয়ে দেওয়া হচ্ছে এবং দিল্লিতে এখনও দেরসিমা রাও সরকার আছে তারা এই মিছিলের জন্য পারমিশন দেননি, যাতে বোট ক্লান্তে করা যায়। স্যার, গোটা দেশে যখন ভারতবর্ষের অর্থনীতি নিয়ে আলোচনা চলছে ত্র্বন্দেকে বিক্রি করে দেওয়ার অর্থনীতি চালু করতে চেষ্টা করছেন নরসিমা রাও এবং তার গভর্নমেন্ট। গত বছরে জেল ভরো আন্দোলন করেছিল....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)...

শ্রী সৌগত রায় : (নট প্রেজেন্ট)

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় : (নট প্রেজেন্ট)

ডাঃ মানস ভূঁইয়ায়া : (নট প্রেজেন্ট)

(At this stage the House was adjourned till 2-00 p.m.)

[2-00 — 2-10 p.m.] (After adjournment)

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন, আমি একটি শুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর এবং সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবঙ্গের বিদ্যুৎ উৎপাদনের উন্নতি হয়েছে, বিদ্যুৎ উৎপাদন বাড়ছে কিন্তু তার সঙ্গো বিশেষ করে গ্রামবাংলার মানুষরা এখানে বিদ্যুতের উৎপাদন বৃদ্ধি পাওয়া সত্ত্বেও তার সুযোগ বিশেষ করে গ্রামবাংলার মানুষরা পাছেন না। গ্রামবাংলার মানুষরা এর সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। বিদ্যুতের সংকটের ফলে সেখানে ব্যাপকভাবে লোডশেডিং বাড়ছে। মাননীয় বিদ্যুৎমন্ত্রী সম্প্রতি একটি তদন্ত করিয়েছিলেন এবং তাতে দেখা যাছেছ যে ট্রাঙ্গফরমারগুলি এবং সরবরাহকারি লাইনগুলি এতই জরাজীর্ণ সেখান দিয়ে বিদ্যুতের সাপ্লাই বাড়ানো যাছে না। সেখান দিয়ে পর্যাপ্ত বিদ্যুৎ পাঠালে এন্টায়ার সিস্টেমটাই নস্ট হয়ে যাবে ফলে সীমিত বিদ্যুৎ দিতে হচ্ছে। এতে গ্রামাঞ্চলে লোডশেডিং ও ভোল্টেজ কমের সমস্যা ভীষণভাবে দেখা দিয়েছে। পর্যাপ্ত বিদ্যুৎ না পাঠাতে পারার জন্য সেখানকার কনজিউমাররা ডিপপ্রাইড হচ্ছেন। আমাদের বিদ্যুৎ বাইরে চলে যাছে। আমি তাই বলব, বিদ্যুৎ উৎপাদনের ব্যাপারে টাকা বিনিয়োগ করার আগে বিদ্যুতের লাইনগুলি এবং অন্যান্য সিস্টেমগুলি ভাল করা হোক যাতে পর্যাপ্ত বিদ্যুত পাঠানো যায়।

শ্রীমতী শান্তি চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুতমন্ত্রী ও পি. এইচ. ই. দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র তারকেশ্বরে মাসখানেক হ'ল গাজন মেলা আরম্ভ হয়ে গিয়েছে। লক্ষ লক্ষ লোক সেখানে যাচ্ছেন। এটা সন্যাস নেওয়ার মাস, কাজেই অনেক লোক সন্যাস নিয়ে সেখানে যাচ্ছেন। অথচ সেখানে আলো থাকে না। কোল স্টোরেজগুলি চালু হয়ে যাওয়ার ফলে সেখানে একদম বিদ্যুৎ থাকছে না। এটা একটা দুর্ভাগ্যজনক পরিস্থিতি। এ ব্যাপারে আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করেছিলাম কিন্তু এখনও সেখানে বিদ্যুতের ভাল ব্যবস্থা হয়নি। তা ছাড়া সেখানে ভোল্টেজ অত্যন্ত কম। এই অবস্থার ফলে জল পর্যাপ্ত পাওয়া যায় না। অবস্থা প্রচন্ড খারাপ। মাননীয় পি. এইচ. ই. মন্ত্রীকে বলব, একানে ট্যাপ ওয়াটারের ব্যবস্থা করা হোক। মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে বলব, অবিলম্বে সেখানকার বিদ্যুতের অবস্থা যাতে ভাল হয় সেটা দেখন।

# DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

#### Demand No. 18 & 19

Mr. Speaker: Now discussion on Demand No. 18 & 19.

There are 14 cut motions of Demand No. 18 and 8 cut motions on Demand No. 19. All the cut motions of Demand No. 18 are in order and taken as moved. All the cut motions except 2 & 4 of Demand No. 19 are in order and taken as moved.

### Demand No. 18

Shri Subrata Mukherjee, Shri Saugata Roy, Shrimati Sabitri Mitra: Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

Shri Subrata Mukherjee, Shri Prabir Banerjee, Shri Deba Prasad Sarkar: Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

### Demand No. 19

Shri Saugata Roy: Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

Shri Subrata Mukherjee, Shri Prabir Banerjee, Shri Deba Prasad Sarkar: Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

(The Printed Budget speech of Shri Jyoti Basu on Demand Nos. 18 & 19 were laid on the Table)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৪-৯৫ সালে ১৮ নং দাবিব অধীনে মুখ্যখাতে "২০৫২—সচিবালয় সাধারণ কৃত্যকসমূহ" বাবদ ব্যয় নির্বাহের জন্য এবং ১৯ নং দাবির অধীনে মুখ্যখাত "২০৫৩ জেলা প্রশাসন" বাবদ ব্যয় নির্বাহের জন্য যথাক্রমে টাঃ ২৮,০৪০,০০০/- (আঠাশ কোটি চার লক্ষ টাকা) এবং টাঃ ২৯,২৫,০০,০০০/- (উনত্রিশ কোটি পাঁচিশ লক্ষ টাকা) মঞ্জুর করা হোক। ভোট-অন-অ্যাকাউন্টের মাধ্যমে ইতিপূর্বে মুখ্যখাত "২০৫২—সচিবালয় সাধারণ কৃত্যকসমূহ" এবং মুখ্যখাত "২০৫৩—জেলা প্রশাসন" বাবদ যথাক্রমে যে টাঃ ৯,২৫,০০,০০০/- (নয় কোটি পাঁচিশ লক্ষ টাকা) এবং টাঃ ৯,৭৫,০০,০০০/- (নয় কোটি পাঁচাগুর লক্ষ টাকা) মঞ্জুর করা হয়েছিল, উল্লিখিত অর্থাক্রের মধ্যে তাও ধরে নেওয়া হয়েছে।

- ২। "২০৫২—সচিবালয় সাধারণ কৃত্যকসমূহ" এই হিসাব খাতে যে বরাদ্দ দাবি করা হয়েছে তা হল—স্বরাষ্ট্র, অর্থ, বিচার, আইন, নগর উয়য়ন, ভূমি ও ভূমি সংস্কার, পূর্ত (নির্মাণ পর্যদ), পূর্ত, খাদ্য ও সরবরাহ বিভাগের সচিবালয়, মুখ্যমন্ত্রীর সচিবালয়, রাজস্ব পর্যদ এবং সংশ্লিষ্ট অফিসসমূহের বেতন, রাহা-খরচ, অফিস-খরচ ইত্যাদি সংক্রান্ত বার্যিক বায় নির্বাহের জন্য। আর "২০৫৩—জেলা প্রশাসন" এই হিসাব খাতে যে বরাদ্দ দাবি করা হয়েছে, তা হল বিভাগীয় কমিশনার, জেলা শাসক এবং মহকুমা শাসকদের অফিস সমূহের সকল শ্রেণীর কর্মচারীর বেতন, রাহা-খরচ, অফিস ইত্যাদি মাসিক বায় নির্বাহের জন্য।
- ৩। ১৯৯৪-৯৫ সালে "২০৫২—মহাকরণ সাধারণ কৃত্যকসমূহ" এবং "২০৫৩ <sup>জেলা</sup> প্রশাসন" খাতে ব্যয় বরাদ্দ ছিল যথাক্রমে টাঃ ২৪,৯৫,০০,০০০ (চব্বিশ কোটি পচানব্রুই

লক্ষ টাকা) এবং টা. ২৫,০১,৩৮,০০০ (পঁচিশ কোটি এক লক্ষ আটত্রিশ হাজার টাকা)।

৪। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সচেতন যে, গণতান্ত্রিক ব্যবস্থায় মানবিক দৃষ্টিভঙ্গি দিয়ে কার্যকারী উপায়ে জনগণের সেবার জন্য প্রশাসনকে সজাগ থাকতে হয়। প্রগতিশীল, সংবেদনশীল ও দক্ষ প্রশাসনিক ব্যবস্থা গঠন করার জন্য প্রয়াস চালানো অবশাই প্রয়োজন। এই সরকার রাজ্যের মানুষকে বিকেন্দ্রীকৃত ও উন্নততর প্রশাসন দেওয়ার প্রচেষ্টা অব্যাহত রেখেছেন। নির্বাচিত পঞ্চায়েত সংস্থাগুলি শুধুমাত্র উন্নয়নমূলক পরিকল্পনা প্রণয়ন ও রূপায়ণের কাজই করছে না, তারা বিভিন্ন সরকারি কর্মসূচির সমন্বয় বিধানের কাজেও ব্যাপৃত আছে। এইভাবে প্রশাসনিক ইউনিটগুলিকে তৃণমূল স্তরে নিয়ে যাওয়া হয়েছে।

প্রশাসনিক ব্যবস্থার কর্মদক্ষতা কর্মচারিদের একনিষ্ঠতা ও কাজ করার প্রেরণার উপর একান্তভাবে নির্ভলশীল। সেই কারলে বিভিন্ন শ্রেণীর সরকারী কর্মীদের জন্য কাজের উন্নততর পরিবেশ, কল্যাণমূলক ব্যবস্থা ও নিরাপত্তার প্রয়োজন রয়েছে। কর্মচারিদের ট্রেড ইউনিয়নের অধিকার দেওয়ার সঙ্গে আমরা তাদের অভাব অভিযোগ নিরশনের ব্যবস্থা করেছি। সীমিত আর্থিক সামর্থ্য সত্তেও কর্মচারিদের আমরা বিভিন্ন সময়ে আর্থিক সুযোগ সুবিধা দিয়েছি।

অফিসসমূহে কঠোর নিয়মানুবর্তিতা প্রবর্তনের জন্য সরকার ব্যবস্থা গ্রহণ করেছেন। \*
সময়মতো হাজির ও যথা সময়ে কাজের নিষ্পত্তির উপরে জোর দেওয়া হয়েছে।

অফিসে কাজের উন্নততর পরিবেশ সৃষ্টি করার উদ্দেশ্যে ইতিমধ্যেই আমরা বেশ কিছু সরকারী অফিস মহাকরণ থেকে বিধাননগরে স্থানান্তরিত করেছি। আরও কিছু অফিস বিধান নগরের রাজ্য সরকারী ভবনে স্থানান্তরিত করা হচ্ছে।

৫। জেলা সদরগুলিতে মহকুমাগুলিতে পরিকাঠামোগত সুযোগ সুবিধা বাড়ানো ও জোরদার করার জন্য আমরা জেলা ও মহকুমা, উভয় স্তরেই প্রশাসনিক ভবন নির্মাণ ও প্রসারিত করার কাজ চালাচ্ছি। কল্যাণী মহকুমা অফিসের জন্য প্রশাসনিক ভবন নির্মাণ করা হয়েছে। এই ভবনগুলি শুধু মাত্র কর্মচারিদের দ্বারাই ব্যবহাত হয় না, বহু সংখ্যক সাধারণ মানুষ তাদের বিভিন্ন কাজের স্বার্থে এখানে আসেন।

নৃতন প্রশাসনিক নির্মাণ এবং মেরামতি ইত্যাদি কাজের জন্য ১৯৯৪-৯৫ সালে বার্ষিক রাজ্য যোজনা বরাদ্দ ছিল ১১১.২০ লক্ষ টাকা। এই টাকার মধ্যে বর্ধমান, বহরমপুর ও রামপুরহাটে প্রশাসনিক ভবন নির্মাণের কাজ শেষ করা হয়েছে। কয়েকটি ক্ষেত্রে প্রয়োজনীয় জমি অধিগ্রহণ বাবদ ব্যয় ও ঐ বরাদ্দ থেকে নির্বাহ করা হচ্ছে।

বিভিন্ন অফিস ভবন নির্মাণের কাজ ছাড়াও আমরা জেলা ও মহকুমাণ্ডলিতে কর্মরত সরকারী কর্মচারিদের বাস্থানের সমস্যা নিয়েও চিন্তা ভাবনা করছি। ১৯৯৪-৯৫ সালের বার্ষিক রাজ্য যোজনায় এই বাবদ ৩০.০০ লক্ষ টাকা নির্দিষ্ট করা ছিল।

৬। প্রশাসনিক ইউনিটের কাঠামোর পুনর্বিন্যাস করা প্রশাসনিক সংস্কারের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দিক। পরিবর্তনশীল প্রয়োজনের সঙ্গে সঙ্গতি রেখে সংস্কারকে অর্থবহ করে <sup>তুলতে</sup> এটি একটি দীর্ঘকালীন ও নিরবিচ্ছিন্ন উদ্যোগ। কোনও জেলায় একটি নতুন মহকমা

[4th April, 1994]

স্থাপন শুধু সেই এলাকার জনসাধারণের আকাজকার উপর নির্ভর করে না, হাইকোর্টের অনুমোদন সমেত অন্যান্য শর্তাদি পূরণেরও প্রয়োজন। ১৯৯৪-৯৫ সালে আমরা সমস্ত রক্ষণ পূরণ করে পূরলিয়া জেলার রঘুনাথপুরে একটি নতুন মহকুমা স্থাপন করতে পেরেছি। উত্তর ২৪-পরগনা জেলার বিধান নগরে নতুন মহকুমা স্থাপনের কাজ চলছে। এই বিষয়ে নির্দিষ্ট কিছু বিধিনিষেধ সমেত প্রয়োজনীয় ছাড়পত্র হাইকোর্ট থেকে পাওয়া গেছে। আদালতে মামলার নিষ্পত্তি না হওয়ায় মালদা জেলায় চাঁচোলে নৃতন মহকুমা স্থাপন করা হয়নি। অন্যান্য ক্ষেত্রে মহকুমা স্থাপন করা ব্যায়িনি। অন্যান্য ক্ষেত্র মহকুমা স্থাপনের জন্য উপযুক্ত জমি ও বাড়ির সংস্থান করা হচ্ছে। প্রয়োজনানুসারে অর্থের যোগান না পাওয়া এ কাজে প্রধান বাধা।

৭। এই সভার দেওয়া **আশ্বাসমতো আম**রা রাজ্য প্রশাসনিক ট্রাইবুনালও গঠন করেছি।

৮। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কর্মচারিদের প্রশিক্ষণ সম্পর্কিত সুযোগ সুবিধার উয়তি/
সম্প্রসারণ ঘটানোর লক্ষ্যে বিধান নগরন্থিত প্রশাসনিক প্রশিক্ষণ প্রতিষ্ঠানটিকে সমৃদ্ধ করা
হয়েছে। গত বছরে এই প্রতিষ্ঠান ৭৫টি প্রশিক্ষণমূলক শিক্ষাক্রম পরিচালনা করতে সক্ষম
হয়েছে। এই শিক্ষাক্রমগুলি ছাড়াও বিভিন্ন বিষয়ে কয়েকটি সম্মেলন ও কর্মশালার আয়োজন
করা হয়েছে—যার মধ্যে গ্রামীণ উন্নয়ন বিভাগের তত্ত্বাবধানের জেলাগুলিতে রূপায়িত সুসংহত
গ্রাম উন্নয়ন, কর্মসূচি, জেলাগুলির জন্য পশ্চিমবঙ্গ সরকাের মাইক্রো-প্যানিং একসারসাইজ,
ব্রিটিশ কাউন্দিল দ্বারা গ্রন্থাগারিকদের প্রশিক্ষণ এবং জাতীয় মহিলা কমিশন দ্বারা মহিলা এবং
শিশুদের কাস্টভিয়াল জাস্টিস ওরিয়েন্টেশন কোর্স-এর ্রাম্বল্যায়ন সংক্রান্ত আলােচনা
উল্লেখযােগা। এই বছরেই প্রথম দৃ'শাে জন পশু চিকিৎসক নিয়ে গ্রামীণ উন্নয়নের ক্ষেত্রে
আন্ত-বিভাগীয় এবং আন্ত-বিষয়গত সুসংবদ্ধ দৃষ্টিভঙ্গিমূলক ইভাকশন ট্রেনিং কার্সে চালু
করা হয়েছে। এই উদ্দেশ্যে এ প্রতিষ্ঠানে প্রয়োজনীয় সংখ্যক কমপিউটারের ব্যবস্থা করা
হয়েছে। আশা করি এই সমস্ত পদক্ষেপ নৃতন কর্মেগিয়ের সঞ্চার করবে।

৯। সরকার নৃতন শিল্পনীতি প্রণয়ন করেছেন এবং আশা করা যায় যে কর্মচারীর। এই নীতির সার্বিক রূপায়ণে এগিয়ে আসবেন। এই প্রশাসনিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান শিল্পায়ন কর্মসূচি রূপায়ণের যথোচিত সহায়তা করতে কর্মচারিদের প্রশিক্ষণের জন্য উপযুক্ত প্রশিক্ষণ ব্যবস্থা করেছে।

১০। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলা ভাষায় অফিসের কাজকর্ম চালানোর ব্যবস্থা চাল্ করতে আমরা সর্বাত্মক প্রয়াস নিচ্ছি। এর জন্য আমাদের নিরবিচ্ছিন্ন প্রচেষ্টা চালাতে হবে। এই উদ্দেশ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধীনে একটি বিশেষ সেল কাজ করছে। রাজ্যে কতিপয় নির্বাচিত আদালতে বাংলা ভাষায় কাজকর্ম চালু করার কাজ পর্যায়ক্রমে এগোচ্ছে। স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগ সমেত সরকারের বিভিন্ন বিভাগে বাংলা ভাষায় নথি লেখা, সিদ্ধান্ত নেওয়া ও চিঠির আদানপ্রদান ইত্যাদি চাল হয়েছে।

১১। এই প্রসঙ্গে আমি আরও বলতে চাই যে গ্রামীণ জনসাধারণের মধ্যে আইন

বিষয়ক সচেতনতা গড়ে তোলার জন্য লোক আদালত ও আইন সহায়তা শিবির অনুষ্ঠিত হচ্ছে। পরিবার আদালত ইতিমধ্যেই ১২।৯।৯৪ তারিখ থেকে কলকাতায় কাজ শুরু করেছে।

১২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশাসনের উচ্চ মান এবং সততা অক্ষুর রাখা জরুরি। ভিজিল্যান্স কমিশন এ বিষয়ে সদাসতর্ক প্রহরী হিসাবে কাজ করে চলেছে ও অপরাধীদের শান্তি বিধানের ক্ষেত্রে রাজ্য সরকারকে কার্যকর ভাবে সহায়তা করে আসছে। দ্রুততার সাথে কার্য সম্পাদন করার উদ্দেশ্যে কমিশনে কমপিউটার ব্যবস্থা চালু করা হয়েছে। ১৯৯৪-৯৫ সালে ভিজিল্যান্স কমিশন আটচল্লিশটি ক্ষেত্রে বিভাগীয় তদস্তের সুপারিশ করেছেন। একশ তেইশটি ক্ষেত্রে ৩১।১২।৯৪ তারিখ পর্যস্ত বিভিন্ন পর্যায়ে তদস্ত চলছে। কমিশন ১৯৯৪ সালে তেরটি ক্ষেত্রে শান্তিমূলক ব্যবস্থা গ্রহণ ও ছয়টি ক্ষেত্রে শান্তি থেকে অব্যাহতি দানের সুপারিশ করেছেন। ভিজিল্যান্স কমিশন ৩১।১২।৯৪ তারিখ পর্যস্ত একশ সাতেটি ক্ষেত্রে প্রান্তিক তদস্ত শেষ করেছে।

১৩। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি ও ভূমি সংস্কার স্বরাষ্ট্র (কারা), পূর্ত, পূর্ত (নিমার্ণ পর্যদ), রাজস্ব পর্যদ ও স্বাস্থ্য (ভারতীয় জনসংখ্যা প্রকল্প-৪)-এর মতো অন্য কয়েকটি বিভাগের জন্য প্রস্তাবিত ব্যায় বরাদ্দও এই বাজেটের মধ্যে ধরা হয়েছে। এই সভায় ঐ সব বিভাগের নিজন্ব দাবিসমূহ পেশ করার সময় সংশ্লিষ্ট বিভাগ সমূহের কাজকর্মের বিশদ বিবরণ উপস্থাপিত করা হবে।

১৪। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বলে আমি ১৮ নং দাবির অধীনে মুখ্যখাত "২০৫২—সচিবালয় সাধারণ কৃত্যক সমূহ" বাবদ ২৮,০৪,০০০ টাকা (আটাশ কোটি চার লক্ষ টাকা) এবং ১৯নং দাবির অধীনে মুখ্যখাত "২০৫৩—জেলা প্রশাসন" বাবদ ২৯,২৫,০০,০০০ টাকা (উনত্রিশ কোটি পঁচিশ লক্ষ টাকা) মঞ্জুর করার জন্য সভার কাছে প্রভাব রাখছি।

শ্রী শান্ত শ্রী চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে প্রথমেই বক্তব্য রাখার জন্য নির্দেশ দিয়েছেন, তার জন্য আপনার কাছে কৃতত্ত্ব নিশ্চয়ই, কিন্তু যাদের বক্তব্য খনে আমার বক্তব্য বলার সুবিধা হত সেই বিরোধী দলের কোনও মাননীয় সদস্য এই ইউসে নেই। কি কারণে তারা উপস্থিত নেই আমি জানি না। তবে এই বিধানসভায় অনেক বন্ধবা তাদের শুনেছি মেনশনের মাধ্যমে, কলিং অ্যাটেনশনের মধ্যে দিয়ে তারা শোনাবার চেষ্টা করেন এবং বাইরে সংবাদ পত্রের বিরাম, দ্রদর্শনের মাধ্যমে তারা এই সরকারী প্রশাসন সম্পর্কে যে সমস্ত সমালোচনা করেন, কি ধরনের বক্তব্য বলেন—এক কথায় বলা যেতে পারে তারা হচ্ছেন আমাদের পশ্চিমবঙ্গের বর্তব্যে বকেবারে বড় আনকাইন্ড ক্রিটিক। এক অর্থে বিধানসভার ফ্লোরে বিরোধী পক্ষের যে একটা বিশেষ ভূমিকা আছে, তাদের কথা আমরা শুনতে চাইছি, সরকার পক্ষের শোকরা, সেই সুযোগ আমরা পেলাম না। বিশেষ করে মুখ্যমন্ত্রীর এই রকম একটা স্বরাষ্ট্র টাসনিক দপ্তর, একটা শুরুত্বপূর্ণ দপ্তরের বিষয়ে আমরা বিরোধী পক্ষের কোনও সমালোচনা, ব্যা শোনা থেকে বঞ্চিত হলাম, এটা খুব দুর্ভাগ্য জনক। এর থেকে বোঝা যায় আমাদের শ্রমবাংলার বিধানসভায় যে বিরোধী দলকে দেখে আসছি ৭৭ সাল থেকে, তারা দায়িত্বজ্ঞানহীন

[4th April, 199a

দল, রোল অব দি অপোজিশন ইজ টু ক্রিটিসাইজ দি গভর্নমেন্ট। কিন্তু এই রকম এক গুরুত্বপূর্ণ দপ্তর, যা মুখ্যমন্ত্রীর দায়িত্বে আছে, সেখানে তারা তাদের ভূমিকা পালন করলে না, এটা দুঃখজনক। বিতীয়ত, যে ব্যয় বরাদের দাবি মুখ্যমন্ত্রী তার দপ্তরের ভার প্রাপ্ত মা হিসাবে উত্থাপন করেছেন, তাকে সমর্থন করছি এবং দেখা যাচ্ছে প্রতি বছর যা উা চেয়েছেন, তেমনি এবারও ২৪ কোটি ৯৫ লক্ষ আর ২৫ কোটি ৮ লক্ষ ৩১ হাজার টাং চেয়েছেন, আগের বছরের চেয়ে সামান্য বেশি তিনি চেয়েছেন। কারণ সরকারের খরচ প বেড়েছে। কাজেই মঞ্জুরীর দাবি অত্যন্ত সামান্য এবং সেটা সরকারী প্রশাসন অনুযায়ী । দরকার সেটা করেছেন। সেটাকৈ আমি সমর্থন করছি। প্রাথমিক প্রশাসনিক সংস্কার সম্পর্টে বিবৃতি লিখিতভাবে এখানে পেয়েছি, তাতে মূল মূল বিষয়গুলো উল্লেখ করা হয়েছে পশ্চিমবঙ্গের মতো একটি রাজ্যে এই দপ্তরের কাজ কর্মের পর্যালোচনা করতে গেলে শু পশ্চিমবঙ্গের সীমার মধ্যে দাঁড়িয়ে, পশ্চিমবাংলার অভিজ্ঞতার উপর দাঁড়িয়ে বিচার করচে চলবে না, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অনেকবার আমাদের এই হাউসের প্রধান হিসাবে বিদেশে গেছেন, অনেক দেশের সংসদীয় গণতন্ত্রের বিষয় সম্পর্কে প্রত্যক্ষ জ্ঞান হয়েছে।

আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী পৃথিবীর বিভিন্ন দেশে গিয়েছেন। সেসব দেশের সংসদী ব্যবস্থা, প্রশাসনিক ব্যবস্থা স্বচক্ষে দেখেছেন. বোঝবার চেষ্টা করেছেন এবং অভিজ্ঞতা অর্জ করেছেন। সাথে সাথে দীর্ঘদিনের প্রতিষ্ঠিত একজন রাজনৈতিক নেতা হিসাবে. পশ্চিমক সরকারের দীর্ঘদিনের প্রধান হিসাবেও যে সামগ্রিক অভিজ্ঞতা অর্জন করেছেন তারই প্রতিফল ঘটেছে এই ব্যায়-বরান্দের দাবির মধ্যে এবং দাবির পক্ষে যে ভাষণ এখানে রেখেছেন তা মধ্যে। পথিবীকে ইউনিপোলার ওয়ার্ল্ড সিস্টেমে নিয়ে যাবার ষড়যন্ত্র শুরু করেছে আমেরিকা সাম্রাজ্যবাদ এবং ইতিমধ্যেই খানিকটা সফল হয়েছে—পৃথিবীতে সমাজতান্ত্রিক ব্যবস্থার বিপদ ঘটেছে। এই অবস্থায় মুক্ত অর্থনীতির নাম করে পৃথিবীতে অর্থনৈতিক এবং সামাজিক সংক গভীর থেকে গভীরতর হচ্ছে, মানবিকতাবোধগুলোর ক্রমশ অবক্ষয় ঘটছে, হিংসা, জে জনগণের উপর নির্যাতন আরও বেশি বেশি করে বাডছে। এরকম একটা ইউনিপোলা ওয়ার্ল্ড সিস্টেম গোটা দুনিয়ার সভ্যতা এবং সংস্কৃতিকে মানুষের জীবনের সুন্দর দিক গুলোং আক্রমণ করছে, চ্যালেঞ্জ করছে যে সময়ে. সে সময়ে ভারতবর্ষের কেন্দ্রে যে সরকার রয়ে সেই সরকার কোটি কোটি টাকা ঘুষ দিয়ে এম. পি. কেনা-বেচা করে তাদের সংখ্যা গরিষ্ঠ<sup>তারে</sup> সনিশ্চিত করেছে অবশ্য তা কতক্ষণ নিশ্চিত থাকবে জানি না। এই সরকার আমাদের দেশ অর্থনীতি পুনর্গঠনের নামে মুক্ত অর্থনীতির খুব বড় প্রবক্তা হয়ে ভারতবর্ষের মানুষকে নান কথা বোঝাবার চেষ্টা করছে। অথচ অর্থনৈতিক পুনর্গঠনের প্রভাবে ইতিমধ্যেই <sup>আমার্নে</sup> দেশের রাষ্ট্র জীবনে, সংস্কৃতিক জীবনে বিষময় ফলের প্রকাশ শুরু হয়েছে। আই. এম. এফ এবং বিশ্ব ব্যাঙ্কের নির্দেশে আমাদের দেশে এই জিনিস ঘটেছ। আগামী ১৫ তারি<sup>র আরঙ</sup> কলম্বজনক অধ্যায় সৃষ্টি হতে চলেছে ভারতবর্ষে গ্যাট চুক্তি স্বাক্ষরের মধ্যে দিয়ে। এই <sup>রুরু</sup> একটা অর্থনৈতিক, রাজনৈতিক এবং সামাজিক প্রেক্ষাপটের পরিপ্রেক্ষিতে দাঁডিয়ে <sup>আমর</sup> পশ্চিমবাংলার প্রশাসনিক সংস্কার এবং সেক্রেটারিয়াল সার্ভিস সম্পর্কে বিচার বিবেচনা <sup>করছি।</sup> আমি অনেকটা বড় ক্যানভাস দিয়ে শুরু করলাম এই জন্য যে. এগুলোকে <sup>বাদ দিয়ে</sup> বিচ্ছিন্নভাবে পশ্চিমবঙ্গের জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন, পশ্চিমবঙ্গের প্রশাসনিক কর্মী বর্গের

ক্রাজকর্মর ব্যাপারে একটা সামাগ্রিক পর্যালোচনা সম্ভব নয়। আমরা পশ্চিমবঙ্গে ১৭ বছর ধার ক্ষমতায় আছি, একা ভারতের কমিউনিস্ট পার্টি (মার্কস্বাদী) নয়, আমরা পশ্চিমবঙ্গের অনেকগুলো বামপন্থী দল আমাদের অনেক বিষয়ে মত পার্থক্য আছে, কিন্তু কতগুলো মল মল বিষয় ধরে, কত গুলো এগ্রিড পয়েন্টে এক মত হয়ে. কতগুলো কর্মসচির উপর দাঁডিয়ে আমরা পশ্চিম বাংলায় সরকার চালাচ্ছি। সরকারের ক্রটি নেই, আমরা বলি না, সমালোচনা নেই—তাও আমরা বলি না। কিছু ক্রটি-বিচ্যুতির মধ্যে দিয়ে আমরা ১৯৭৭ সাল থেকে পশ্চিমবঙ্গে সরকার চালাচ্ছি। পৃথিবীর কোথাও এই দৃতত্তে নেই যে, একটা ফ্রন্ট সরকার, অনেকগুলো দল মিলে বার বার, চার-বার একটা রাজ্যে নির্বাচিত হয়ে এসেছে বিপল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে। এ রাজ্যের মানুষ অভিজ্ঞতার মধ্যে দিয়ে অনুভব করেছেন যে, একটা এই ধরনের সরকারই আমাদের পশ্চিমবাংলায় চাই, যে সরকার দায়িত্বশীল সরকার হবে জনগণের প্রতি দায়-বদ্ধ সরকার হবে, যে সরকার গণতত্ত্বকে তৃণমূল প্রসারিত করতে আগ্রহী হবে। আমরা যারা মার্ক্সবাদী চিন্তায় বিশ্বাস করি, আমরা যারা মার্ক্সবাদীকে জীবনের দর্শন হিসাবে গ্রহণ করেছি তারা জেনেশুনেই গভর্নমেন্টে এসেছি যে এর সীমাবদ্ধতা কোথায়। আমরা জানি এই সরকারের বা আমাদের দেশে যত সরকারী আইন-কানুন আছে তার সীমাবদ্ধতা কোথায়। আমরা জানি আমরা কত দূর যেতে পারি, আমরা কতটা মানুষের জন্য করতে পারি। আমরা সমস্ত কিছু জেনে শুনেই প্রশাসনকে বলছি—গতিশীল হতে হবে. জনগণের প্রতি দায় বদ্ধ হতে হবে, জনগণের সেবক রূপে নিজেদের যোগ্য করে তুলতে হবে। আমরা আমাদের সীমাবদ্ধতা জানি এবং জেনে শুনেই সরকারে এসেছি। এর মধ্যেও প্রশাসনকে যতটা গতিশীল করা যায়, যতটা জনগণের প্রতি দায়-বদ্ধ করা যায় যতটা জনকল্যাণকর দৃষ্টিভঙ্গি নিয়ে চালানো যায় ততটাই আমরা করবার চেষ্টা করে চলেছি। চার চারটি বামফ্রন্ট রাজত্বের নিট খতিয়ান যদি দেখা যায় তাহলে দেখা যাবে যে, আমরা সেই পথে অনেক দুর এগিয়েছি।

সেইদিক থেকে আমরা অনেকদূর এগিয়েছি এবং অনেকখানি সফল হয়েছি সারা ভারতবর্যের প্রেক্ষাপটে বিবেচনা করে। আমরা যখন সরকার পরিচালনা পশ্চিমবঙ্গে করেছি—১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল তখন একটা পর্যায় গেছে। ১৯৮২ সাল থেকে ১৯৮৭ সালে আর একটা পর্যায় গেছে। ভারতবর্যের রাজনৈতিক জীবনে অনেক উত্থান-পতন ঘটেছে। নানা বঞ্চনা নানা ক্ষেত্রে ঘটেছে, রাজনৈতিক বিন্যাসের সংকটে পড়েছি। সেই রাজনৈতিক সংকটের মধ্যে দাঁড়িয়ে আমাদের পশ্চিমবঙ্গ সরকার সিদ্ধান্ত গ্রহণ করলেন যে, পুরানো যে প্রশাসনিক কাঠামো, পুরানো যে আইন-কানুন, পুরানো যে পদ্ধতি তার কিছুটা পরিবর্তন করে পিপুলের প্রতি যে কমিটমেন্ট সেই কমিটমেন্ট কতটা কার্যকরি করতে পারি। তখন পঞ্চায়েতের নির্বাচন হয়ে গেছে ১৯৭৮ সালে, এর কিছুদিন পর পৌরসভার নির্বাচন হয়ে গেছে, তাদের খতে অনেক বেশি ক্ষমতা দিয়ে দেওয়া হয়েছে, অনেক প্রশাসনিক ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হয়ে গেছে। তবুও কাজ করতে করতে রাইটার্স বিক্ডিংস-এ বসে মন্ত্রীসভা ভেবেছেন—যেকথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় প্রথম বামফ্রন্ট সরকারের নেতৃত্ব নিয়ে প্রকাশ্য জনসভায় বলেছিলেন, রাইটার্স বিক্তিংস-এ বসে কেবল গভর্নমেন্ট চলতে পারে না, কলকারখানা, ক্ষেত-খামারে, মাঠে-ময়দানে যে সমস্ত মানুষ লড়াই করছে তাদের সহযোগিতা নিয়ে সরকার চলবে এবং

সেই দৃষ্টিভঙ্গি সামনে নিয়ে জেলা প্রশাসন হোক, মহকুমা প্রশাসন হোক এবং ব্লক ন্তরে প্রশাসন হোক আর রাইটার্স বিশ্ভিংস প্রশাসন হোক তাদের মধ্যে ইনকালকেট চেষ্টা করছি তাদের মোটিভেট করার চেষ্টা করছি যে আপনারা মানুষের সেবা করার জন্য আছেন আপনাদের নিজম্ব বিশ্বাস যাই হোক না কেন, বামফ্রন্ট সরকারের যে কমিটমেন্ট টু দি পিপল এবং ফলফিল করতে হবে। মানুষের হোপস আল্ড এ্যাসপিরেশঙ্গের জন্য অ্যাডমিনিস্টেটিভ রিফর্মস কমিশন যার নাম হয়েছে আডেমিনিস্টেটিভ রিফর্মস কমিটি তারা যে রিপোর্ট দিয়েছিলেন ১৯৮৩ সালের এপ্রিল মাসে, যারা চেয়ারমাান ছিলেন প্রাক্তন অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্র এবং যার মেম্বার ছিলেন এই রাজ্যের একজন অভিজ্ঞ অফিসার, একসময়ে চিফ সোমনাথ চট্টোপাধ্যায়—এই ৩ জনে মিলে যে রিপোর্ট পেশ : বছিলেন তার শেষের দিকটা কনক্রডিং অবজারভেশনের কয়েকটি লাইন আমি আপনার অনুমতি নিয়ে কোট করছি, "The Committee has also no illusion that its suggestions regarding administrative reforms, even if accepted and implemented in full, will by themselves bring about a major qualitative improvement in State administration. A system, and the quality of its performance, are determined not so much by rules and codes, but by the sense of commitment on the part of those who are involved in it. Unless such a commitment pervades the administration at all its levels, the Committee's recommendations by themselves are unlikely to transform the situation. The Committee has every confidence that State Government employees at all levels will offer their fullest co-operation to the political leadership so that the administrative reforms proposed in its report could significantly advance the welfare of the people of West Bengal." এই কথা তারা লিখেছিলেন। সবকটি রেকমেন্ডেশন বলার আমার সময় নেই। যেটুকু বললাম তাতে তিনি বলেছেন, ৬ধু আইনের কিছু সংশোধন করে, কিছু রুলসের পরিবর্তন করে সব হবে না, মানুযের প্রতি বামফ্রন্ট সরকারের যে দায়বদ্ধতা তাকে কার্যকরি করতে গেলে বামফ্রন্ট সরকারের যে দটিভদ্রি আছে যার সঙ্গে বিরোধীপক্ষের দৃষ্টিভঙ্গির নৌলিক পার্থকা, সেই দৃষ্টিভঙ্গির উপর দাঁতিয়ে কতটা দ্রুততার সাথে দক্ষ, একটা দায়িত্ব বিকটা উৎস্থাকিত প্রশাসন আমরা মানুবের কাছে দিতে পারব।

[2-20 - 2-30 p.m.]

আমরা ছোটবেলায় শুনতাম এবং এখনও কোনও কোনও অফিসার বলেন—আমরা পাবলিক সার্ভেন্ট, অন্যভাবে আমাদের দেখবেন না। তবে কিছু কিছু অফিসারের এখনও প্রোপিপল অ্যাটিচুড আছে। আজকে পাবলিক সার্ভেন্টরা যাতে আডল ফ্রেজ না হয়ে যায় দেখতে হবে। তবে তাদের উপর থেকে হুমকি দেওয়া যেন না হয়়। আজকে এই সরকার কর্মচারিদের ট্রেড ইউনিয়ন অধিকার নিশ্চিত করেছেন, নিয়ম-শৃঙ্খলার উপর জাের দিয়েছেন। আমরা সবাই জানি, আমাদের রাজ্য সরকারী কর্মচারিদের বেশির ভাগ অংশ দৃঢ়তার সাথে এই সরকারের নীতিগুলাকে রূপায়িত করতে আগ্রহী। এটা শুধুমাত্র বক্তৃতা দিয়ে হয়নি, ইভাের স্টেডিয়ামে তাদের সামনে মুখায়ন্ত্রী বক্তৃতা করায় হয়নি; পশ্চিমবঙ্গের একটা দীর্ঘ গণতান্ত্রিক ধারাবাহিকতার

রাধ্য দিয়ে রাজ্য সরকারী কর্মচারীরা অনুভব করেছেন যে, আগে এখানে যে সরকার ছিলেন ন্যাদ্র সঙ্গে সরকারী কর্মচারিদের ছিল শত্রুর সম্পর্ক। তখন কর্মচারিদের কোনও ট্রেড ৯৯নিয়ন অধিকার ছিল না, গণতান্ত্রিক অধিকার ছিল না, কথায় কথায় চাকরি খেয়ে নেওয়া হত। এমন কিছু সরকারী কর্মচারী তখন ছিলেন যারা পরে পার্লামেন্টের সদস্য হয়েছে, তারা কিছদিন রাইটার্স বিল্ডিংয়ে চাকরি করেছিলেন ঠিকই, কিন্তু তাদের চাকরি চলে গিয়েছিল. ্রেল ঢকে থাকতে হয়েছিল। সেই সময় আমি কো-অর্ডিনেশন কমিটিকে মখামানীর কাছে ির্চ্চ লিখতে দেখেছি, কিন্তু সেই চিঠির প্রাপ্তি শ্বীকার করবার মতো সৌজন্যবোধও তারা দেখাতেন না। কিন্তু সরকারী কর্মচারিদের বাদ দিয়ে সরকার চলবে? রাজা সরকারী কর্মচারিদের ্রাধ্য যেমন কো-অর্ডিনেশন কমিটি আছে, তেমনি অন্য সমিতিও আছে, ফেডারেশন আছে। আমাদের এই রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি হচ্ছে—সকলের অধিকার আছে ন্যায়সঙ্গত ট্রেড হউনিয়ন আন্দোলন করবার। গণতান্ত্রিক ট্রেড ইউনিয়ন অধিকার রাজ্য সরকার স্বীকার করেছেন বলেই নানা সঙ্কট, নানা সমস্যার মধ্যেও পশ্চিমবঙ্গের মানুষ গর্ব করে বলতে পারেন যে. রাজা সরকারী কর্মচারিদের বড় অংশের সাহায্য এবং সহযোগিতা না পেলে বামফ্রন্ট সরকার একদিনও সষ্ঠভাবে চলতে পারতেন না। একথা বলার অর্থ এই নয় যে, তাদের কোনও ক্রটি নেই এবং তারা কা**জে কোনও অবহেলা** করেন না। যেকথা ভে<sup>-্</sup>স দিয়ে বলতে চাই, সরকারী নীতি বাস্তবে রূপায়িত করেন উপরদিকে অফিসার মহল এবং নিচের দিকে কর্মচারীরা। এই দুর্য়ের সমন্বয়ের যে দৃষ্টিভঙ্গি নিয়ে সরকার চলছেন সেক্ষেত্রে কর্মচারিদের সহযোগিতা আরও বেশি বেশি করে প্রয়োজন, কারণ তাদের সহযোগিতা ভিন্ন পশ্চিমবঙ্গে কোনও কাজ রাজ্য সরকার করতে পারতেন না। এই ১৭ বছরে বড় বড় কাজের কৃতিত্ব তাদের সহযোগিতা <sup>এবং</sup> তার সঙ্গে মানুযের সহযোগিতার ফলেই সম্ভব হয়েছে। প্রসঙ্গত, এটা মাননীয় মখামন্ত্রীর দৃষ্টিতে আনতে চাই, হয়ত তিনি জানেনও, রাইটার্স বিভিংয়ে যেসব কর্মচারীর কাজ করেন অদের খুবই স্থানাভাব। অবশ্য তারজন্য এবং কাজের চাপ বাডার কারণে অনেক দপ্তব শেখান থেকে স**ল্ট লেকে স্থানান্ডরিত করা হয়েছে**, অবশা কেউ কেউ তার বিরুদ্ধে মামলা করেছেন। তার নিপত্তি হয়েছে কিনা জানি না। কাডোই রাইটার্স বিল্ডিংয়ে কর্মচারীরা বিশেষ করে মহিলা কর্মচারীরা যাতে ি ভাবে বসতে পারেন সেটা দেখা প্রয়োজন। প্রটেকটেড <sup>এরিয়া</sup> ছেড়ে করিডোর দিয়ে ভেতরে ঢুকলেই অবস্থাটা বোঝা যায়। এরজন্য খুব একটা টাকার <sup>দরকার</sup> নেই, এরজন্য একটু প্রচেষ্টা দরকার।

আপনি বক্তৃতার মধ্যে লিখেছেন যে ব্যারাকপুরে অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং তৈরি হচ্ছে, গ্রী খুবই জরুরি। উত্তর ২৪-পরগনা জেলার একদিকে বর্ডার এলাকা, আর একদিকে ভিট্রিয়াল বেল্ট আছে, অ্যাপ্রিকালচারাল বেল্ট আছে এবং সুন্দরবনের একটা অংশ আছে। দিং জেলার ব্যারাপুরে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসের বিল্ডিং হচ্ছে। আমি সেই জায়গার লোক বিলেও, আমি শুনেছি যে ব্যারাকপুরে সরকারী কাজ করতে গিয়ে অনেক অসুবিধা হয়। গ্রী কাজ করতে গিয়ে একটা অফিস থেকে আর একটা অফিসে ঘুরতে ঘুরতে সারা দিন জি যায়। সুতারাং ব্যারাকপুরের ক্ষেত্রে সরকার যে কাজ শুরু করেছেন, এটা খুবই ভাল জ্যায়। সমস্ত অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিংগুলিকে এক জায়গায় আনা দরকার। আমরা আলিপুরে দিখিছি যে সেখানে জেলাপরিষদ, কালেক্টরের অফিস এবং অন্যান্য অফিসগুলি এক জায়গায়

থাকার ফলে মানষের অনেক সবিধা হয়। গ্রামাঞ্চলে থেকে মানুষ সেখানে এসে কাজ क আবার ফিরে যেতে পারে। আমরা দেখেছি যে রায়গঞ্জকে সরকার দটো জেলায় ভাগ क দিয়েছেন। আমরা বিধানসভার কমিটি যখন রায়গঞ্জে টর করেতে গেছি তখন ডি. এম<sub>ন</sub>ে সঙ্গে কথা বলেছি এবং তাকে জিজ্ঞাসা করেছি যে আপনি কিভাবে কাজ করছেন? নি বলেছেন যে সবে মাত্র এটা হয়েছে, কিছু অসুবিধা আছে। আমরা টুরিজমের দু'একটা হ নিয়ে সার্কিট হাউস নিয়ে কাজ চালাচ্ছি, এতে কিছ অসবিধা হচ্ছে আকোমোডেশনের। আফ বলেছি যে আমার বুঝি টাকার অসুবিধা আছে, সরকারী কাজের গতিশীলতা দরকার ৫ সমস্ত রয়েছে, আপনি এগুলির প্রতি নজর দেবেন। তারপরে আমরা শুনেছি যে মেদিনীর জেলাকেও ভাগ করা হবে। তমলক একটা বিশাল এলাকা, এটা ভাগ হওয়া দরকার। বর্মা জেলাও ভাগ হওয়া দরকার। তারপরে যেকথা বলতে চাই, জেলাশাসক এবং মহকুমা শাসকে অফিস সম্পর্কে অ্যাডমিনিস্টেটিভ রিফর্ম কমিটির যে মল্যায়ন ছিল সেখানে বলা হয়েছে ে এস. ডি. ও.-স অফিস মে বি ইউসড ফর দি পারপাস অব মনিটারিং আন্ড কো-অর্ডিনো ইত্যাদি-এতে কোনও অসবিধা নেই। জনগণের সঙ্গে মিলেমিশে কাজ করলে কাজের আন স্বিধা হয় এবং সেটা অনেক ক্ষেত্রে প্রাণবস্ত হয়ে ওঠে জেলা প্রশাসনের কাজ, জে · পরিষদের কাজ। শেষে যে কথা বলতে চাই সেটা হচ্ছে, মাননীয় মখ্যমন্ত্রী লিখেছেন ে জনপ্রতিনিধিরা চিঠিপত্র লিখলে তার উত্তর দেবেন। আমরা জানি তিনি নির্দেশ দিয়েছেন <u>এ</u> এম. এল. এ.. এম. পি-দের লিখিত চিঠির উত্তর দেবেন। কিন্তু আমরা দেখছি যে আক্রে সময়ে চিঠি লিখলে দায়িত্বশীল অফিসাররা সেগুলি চেপে রাখেন, তাদের কাছ থেকে চিক্মত্ব উত্তর আসে না। এগুলির ক্ষেত্রে আপনি একট যত্ন নিলে ভাল হয়। এই কথা বলে আম বক্ষব্য শেষ কবছি।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তা সাধারণ প্রশাসনের উপর ১৮ এবং ১৯ নং খাতে যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পে করেছেন, আমি সেই ব্যয়-বরাদ্দের দাবির বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি এবং সেই সঙ্গে আমার কাট মোশনের সমর্থনে বক্তব্য রাখছি। প্রথমে এই বাজেটে মাননীয় মুখ্যমন্ত্র মহাশয় তার প্রশাসন সম্পর্কে ৯/১০টি বিশেষণে ভৃষিত করেছেন। সেই বিশেষণগুলি হঙ্ছে তিনি যে প্রশাসন রাজ্যের মানুষের কাছে দিয়েছেন, সেই প্রশান হচ্ছে, দক্ষ, দায়িত্বশীল উৎসর্গীকৃত জনগণের প্রয়োজনে সজাগ, সংবেদশীল, নিয়মানুবর্তিত, গতিশীল, যত্মবান, সহানুভূতিশীল, দুর্নীতিমুক্ত এবং নিরপেক্ষ প্রশাসন। আমি তাকে জিজ্ঞাসা করি, এই যে ১১টি বিশেষণে তিনি তার প্রশাসনকে ভৃষিত করেছেন, তার একটা বিশেষণও কি তার প্রশাসনম্পর্কে প্রযোজ্য থে ভাবে রাজ্য সরকার এই প্রশাসনকে পরিচালিত করছেন, জনগণের বাস্তব অভিজ্ঞতার কি সেকথা বলে থামি এক একটি করে বিষয়গুলি দৃষ্টান্ত হিসাতে আপনার সামনে তুলে ধরছি।

[2-30 — 2-40 p.m.]

তিনি সংবেদনশীলতার কথা বলেছেন, গণমুখি প্রশাসনের কথা বলেছেন। অতি স<sup>ন্ত্রতি</sup> একটা ঘটনার কথা আমি বলছি। এই যে গঙ্গাসাগরে তীর্থযাত্রীরা যায়, এই তীর্থ <sup>যাত্রীদের</sup> গ্রাধ্য শতাধিক লক্ষ ডুবিতে নিহত হল, মর্মান্তিক জীবন হানি ঘটল। এই যে ঘটনা. এই ্রানাকে কি বলে? এই যে ঘটনা ঘটল তার তদন্ত হচ্ছে। গঙ্গাসাগর যাত্রীদের সেখানে যাবার ় দ্বী পথ আছে, একটা ২চ্ছে হার উড-কচুবেডিয়া হয়ে নদী পথ পার হয়ে, আর একটা হচ্ছে ্লা নামখানা-চেমাগুড়ি হয়ে নদী পথ পার হয়ে। হারউড কচুবেড়িয়া যে পথ সেটা অপেক্ষাকত জল পথ কম, এটা কম বিপদজনক। এই পথের বেশির ভাগ রাস্তা গাডিতে যেতে হয়। এটা একট বেশি ব্যয় বছল পথ। সাধারণ যাত্রীরা এই পথ দিয়ে সাধারণত যায় না। এই পথ দিয়ে যায় সরকারী, বেসরকারি ভি. আই. পি.-রা। সাধারণ যাত্রীরা নামখানা-চেমাণ্ডডি রুটে গায়। এই নামখানা-চেমাগুডি পথটা অত্যন্ত বিপদজনক পথ। ইতিপূর্বে ১৯৮৯ সালে, ১৯৯০ সালে চার-চারবার নৌকা ডুবি হয়েছে, বহু মানুষের প্রাণহানি হয়েছে। প্রশাসনের কাছে সেই অভিজ্ঞতা রয়েছে। এতৎ সত্তে এই ব্যাপারে কি সতর্কতা মূলক ব্যবস্থা নেওয়া হয়েছে? কতটা নজরদারির ব্যবস্থা ছিল সেখানে? প্রবল হাওয়া ঘন কুয়াশার মধ্যে সমস্ত নিয়ম ভঙ্গ করে লঞ্চ যে ছাডল সেই ব্যাপারে নজরদারি করার কি ব্যবস্থা ছিল? বেআইনি ভাবে লঞ্চ চাডল, যাত্রীরা যাচ্ছে জীবন বিপন্ন করে সেটা দেখভাল করার নজরদারি করার কি ব্যবস্থা ছিল প্রসাশনের তরফ থেকে? আসলে সমস্ত নজর কেন্দ্রীভূত করেছে ভি. আই. পি. যাত্রীদের জনা। সাধারণ যাত্রীরা যে রুটে যাতায়াত করে সেই দিকে তাদের নজরদারি ছিল না। থাকলে এত বড অঘটন ঘটতে পারত না। এটা কি জনমুখি প্রশাসন, এটা কি সংবেদনশীল প্রশাসনের নমুনা? এই প্রশ্ন কি সাধারণ মানুষের কাছে আসে না? সাধারণ মানুষের প্রাণের মলা, জীবনের মূল্য রাজ্য সরকারের প্রশাসনের কাছে নেই। যত নজরদারি ভি. আই. পি.-দের ক্ষেত্রে। সেখানে এত টাকা খরচ হল। কম টাকা তো সেখানে খরচ হয়নি? সমস্ত নজরদারি সেখানে কেন্দ্রীভত হয়েছে ভি. আই. পি.-দের জন্য। সেই জন্য আজকে সেখানে এত মানষের জীবন চলে গেল। এটা কি গণম্থি প্রশাসনের নমুনা? দক্ষ প্রশাসনের কথা বলেছেন। কোথায় গিয়েছে প্রশাসন ডবল, বি. সি. এস. পরীক্ষা, যেটা রাজ্যের সর্বের্বাচ স্তরের পরীক্ষা ডবলু. বি. সি. এস. পরীক্ষা একটা প্রতিযোগিতামূলক পরীক্ষা, এই পরীক্ষায় পাশ করতে পারলে রাজ্যের গুরুত্বপূর্ণ পদে বহাল হয়। এই রকম একটা মর্যাদা পূর্ণ পরীক্ষা নেওয়া হচ্ছে। কতকগুলি পদ, মর্যাদা পূর্ণ পদ পুরণ করার জন্য এই ডবলু. বি. সি. এস. পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে। শুধু ক্যালাশনেস নয়, কোনও পর্যায়ে পৌচেছে দেখন, সেই ডবলু. বি. সি. এস. পরীক্ষার পলিটিক্যাল সাইনসের দ্বিতীয় পত্রের পরীক্ষার দিন ধার্য ছিল। ১লা মার্চ সেই প্রশ্ন পত্র ফাঁস হল। তারপর জরুরি বিজ্ঞপ্তি জারি করে পরীক্ষা স্থগিত করা হল, ১০ই মার্চ দুটোর সময় সেই পরীক্ষা নিতে হল।

এই যে অবস্থা, এর দ্বারা প্রশাসনের মর্যাদা কোন জায়গায় চলে গেছে তা বোঝা যায়। পশ্চিমবাংলায় সিভিল সার্ভিস, ডবলু. বি. সি. এস. পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে গেছে যা ইতিপূর্বে কোনও দিন ঘটেনি। এটা কি প্রশাসনিক দক্ষতার নমুনা? আমি না হয় অন্য সব পরীক্ষার কথা ছেড়ে দিলাম, এর দ্বারা কি বোঝা যায়? বিভিন্ন ক্ষেত্রে যে এনকোয়ারি কমিশন ক্সানো হয়েছে, সেই এনকোয়ারি কমিশনগুলোর রিপোর্ট কি আজ পর্যন্ত প্রকাশিত হয়েছে? এই এনকায়োরি কমিশন, আঠারো না কুড়িটা এনকোয়ারি কমিশন এত অর্থ ব্যয় করে ক্সানো তার একটার রিপোর্টও কি বেরিয়েছে? মুর্শিদাবাদের কাটরা মসজিদের ক্ষেত্রে এনকোয়ারি

কমিশন হয়েছে, তার রিপোর্ট আজ পর্যন্ত বেরল না। এটা তো প্রশাসনিক দক্ষতার পরিচয় বহন করে না। আপনি বাজেট ভাষণের পারোগ্রাফ ফাইভে বলেছেন কতকণ্ডলো শাসনবারফার প্রনুগঠনের কথা। জেলা ভাগ থেকে মহকুমা বিভিন্ন জায়গায় নতন করে ভাগ করার ক্রা ঘোষিত হয়েছে। এখানে আমার বক্তব্য হচ্ছে, প্রশাসনিক তৎপরত। বৃদ্ধির জন্য এইসব পুনর্গঠন প্রয়োজন, এণ্ডলো আপনি করেছেন, এণ্ডলো কিন্তু কাগজে কলমেই থেকে গেছে। এরজন্য যে ইনফ্রাস্ট্রকচার দরকার, নতুন মহকুমার জন্য যদি ইনফ্রাস্ট্রাকচার না থাকে, জেলা ভাগের পর যে ইনফ্রাস্ট্রাকচার দরকার, নতন ব্যবস্থায় আমরা দেখছি আপনার ফিনাসিয়াল কনসস্ট্রেন্ট থাকার জন্য যে উদ্দেশ্যে এই বিভাজন তার সার্থক রূপায়ণ হচ্ছে না। ফল প্রশাসনকে ভেঙে, ঢেলে সাজাবার যে কথা আপনি বলেছেন তার বেনিফিট কার্যত জনগণ পাচ্ছে না। আপনি প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির জন্য সন্টলেকে বিভিন্ন ডিপার্টমেন্টকে স্থানান্তরিত করেছেন। এটা ভাল কথা যে একটা জায়গায় সব সেন্টলাইজ হচ্ছে। এখানে অনেক সমস্য রয়েছে—কর্মচারিদের যাতায়াতের সমস্যা রয়েছে, পানীয় জলের সৃষ্ঠ ব্যবস্থা এইসব করা যায নি। এটা নিয়ে কর্মচারিদের মধ্যে বিকাশ ভবনে কিছদিন আগে বিক্ষোভ হয়েছে। বিকেন্দ্রীকরণের জন্য মিনিমাম या প্রয়োজন, কর্মচারিদের যাতায়াতের ব্যবস্থা এবং পানীয় জলের ব্যবস্থা, এই মিনিমাম ব্যবস্থ সম্পর্কে কর্মচারিদের আগে এনসিওর করা দরকার, তা না হলে কর্মদদ্য কি করে বন্ধি পাবে? সেই জায়গায় ঘাটতি রয়েছে। আপনি সরকারী কাজের দ্রুত নিস্পত্তি কথা, ফিক্সিং আপ অব রেসপঙ্গিবিলিটি ফর স্পেসিফিক জবস এইসব কথা বলেছেন। কিঃ সবকারী কাজের গতি আসে তখনই যখন প্রশাসনকে সংবেদনশীল করে তোলা যায়। আগনি সময়মতো হাজিবা, কাজের দায়িত পালন ইত্যাদি সম্বন্ধে বলেছেন। আপনি স্বাস্থি না বললেও আডেমিশন অব দি ফাার্ট-কনফেশন অব দি ফাার্ট—সবি স্টেট অভ আফেয়ার্স যেটা চলছে, যেটা দৃঃখজনক, আজকে বাস্তবিক সরকারী অফিসগুলোতে জনগণের প্রতি যে সার্ভিস্টা দেওয়া দরকার, সেটা অতীতে কংগ্রেস আমলে যে রকম ছিল, তার কোনও উন্নতি ২্রনি—বরং অবনতিব দিকে।

## [2-40 — 2-50 p.m.]

প্রাকটিক্যালি ঘূব ছাড়া, টাকা-পয়সা ছাড়া, কিংবা খুঁটির জাের না থাকলে সেই রক্ষ সূপারিশ না থাকলে সাধারণভাবে কাজকর্ম হয় না। কংগ্রেস আমলে আমাদের অভিজ্ঞতা ছিল বামফ্রন্ট আমলে সেই অবস্থার উন্নতি না হলেও ক্রমশ খারাপের দিকে যাছেছ। এই বাঙৰ অবস্থা স্বীকার না করলেও আপনি মাঝে মাঝে রাগতভাবে বলেছেন কাকে বলব, সেখানে কি মানুষ আছে, চেয়ারকে বলব। অবশ্য পরবর্তী পর্যায়ে কোঅর্ডিনেশন কমিটি বলাতে আর কিছু বলেননি। আপনাকে ওয়ার্ক কালচারের কথাও বলতে হয়েছে, প্রো-পিপিল সার্টিফিকেট দিয়ে বলতে হয়েছে বেশির ভাগ লোক কাজ করে, অল্প কিছু সংখ্যক লোক তারা করে না। আপনি যেভাবেই বলুন না কেন আজকে প্রশাসনকে জনমুখী হিসাবে গড়ে তোলার ক্ষেত্রে যা দরকারছিল সেখানে আপনার ব্যর্থ হয়েছেন। বাংলা ভাষাকে সরকারী যোগাযোগের মাধ্যমিহিসাবে চালু করার কথা বলেছেন, আবার মাতৃভাষা নিয়ে শিক্ষার ক্ষেত্রে নানা রকম আমাদের মধ্যে মতাদর্শের পার্থক্য রয়েছে, মাতৃভাষা নিয়ে আপনারা অনেক কিছু করছেন, মাতৃভাষার প্রতি আপনাদের দরদ থাকা সত্তেও আজ পর্যন্ত সরকারী কাজকর্মর ক্ষেত্রে মাতৃভাষাকে

ন্যবহার করা হচ্ছে না। এমনকি পিপিল যে গরিব চাষী সে কোর্টের ইংরাজিতে রায় হলে সে কি বুঝবে। আজকে হাজার হাজার চাষী, দুঃস্থ চাষী রয়েছে, আপনারা ১৭ বছর ধরে রয়েছেন এখানে কিন্তু এখনও বাংলা চালু হল না। স্যার, যারা মাতৃভাযা নিয়ে চিৎকরার করছেন, আমাদের পাশের দেশ বাংলাদেশ তারা কিন্তু সেখানে অত্যন্ত কার্যকরিভাবে বাংলাকে ক্রাজে লাগিয়েছে। কিন্তু এখানে যেটা বলা হচ্ছে সেটার প্রতিফলন ঠিকমতো হচ্ছে না। অবসর প্রাপ্ত কর্মী, শিক্ষকদের পেনশনের ব্যাপারে বলি পশ্চিমবঙ্গে মাধ্যমিক ও প্রাথমিক এর জনা '৮১ সাল থেকে যে পেনশন ব্যবস্থা চালু হয়েছে, আজ পর্যন্ত যারা অবসর পেয়েছেন তাদের সংখ্যা দেড় লক্ষ। এই দেড় লক্ষ শিক্ষক ও শিক্ষাকর্মিদের মধ্যে রাজ্য সরকারের পেনশন পেয়েছেন সেটার সংখ্যা ২৫ হাজারেরও কম। এই অবস্থায় যে যে শিক্ষক ও শিক্ষা ক্র্মী যারা মরণোত্তরও পেনশন পাচ্ছেন বা পেনশন পাবেন মারা গিয়েছেন, এই রকম নানান অভিবোগ উঠেছে, মারা গেলে তার পেনশন ফিফটি পারসেন্ট হয়ে যায়, এই যে দেরি হচ্ছে পেনশন দেওয়ার ক্ষেত্রে এটার ব্যাপারেও দেখা দরকার। আজকে যে কোনও কারণেই হোক প্রশাসনিক দিকের কথা বলা হচ্ছে, ক্ষণমূখি প্রশাসনের কথা বলা হচ্ছে, কিন্তু পেনশনের ক্ষেত্রে আপনাদের অবস্থাটা অত্যন্ত হতাশাব্যঞ্জক। আজকে আপনারা দুর্নীতিমুক্ত প্রশাসনের কথা বলছেন এবং সেখানে ভিজিলেন্স কমিশনের কথা আপনারা প্রতিবারে বলেন। কিন্তু এই র্ভিজিলেন্স কমিশনকে কাজে লাগানো হচ্ছে না। ভিজিলেন্স কমিশনের রিপোর্টগুলি ঠিকুমতো কার্যকরি হচ্ছে না। ভিজিলেন্স কমিশনের রিপোর্ট যখন কার্যকরি করা হয় তখন আর কলপিটের বিরুদ্ধে আর কিছু করার থাকে না ফলে তারা নাগালের বাইরে চলে যায়। ভিজিলেস কমিশনকে আপনারা দুর্নীতিমুক্ত করছেন না বিলম্বিত প্রয়াসের মাধ্যমে সেই দুর্নীতিকে আডাল করা হচ্ছে, এটাই হচ্ছে বাস্তব ইতিহাস। আজকে নিরপেক্ষ প্রশাসনের কথা বলা ংগছে, সেখানে আমরা দেখছি সমস্ত ক্ষেত্রে পোস্টিং, ট্রাপফার নিয়ে সমস্যা হচ্ছে, এই রকম ণত শত উদাহরণ আমি দিতে পারি, যেমন বীরভূমের তারাপুরের হেলথ সেন্টারে ডাঃ মভিজিৎ রায়টৌধুরির তার অ্যাপয়েন্টমেন্ট এর দেড় মাসের মধ্যে বদলি করে দেওয়া হল।

এই অভিজিৎ রায়টোধুরি সেখানে ভাল সার্ভিস দিয়েছেন। এই আদেশের বিরুদ্ধে সেখানে 
কাগণ বিক্ষোভ দেখিয়েছিলেন এবং সেখানে তার ফলে যে ঘটনা ঘটল তা সবাই জানেন।
কথানে গুলি চালিয়ে মানুষকে মারা হ'ল এবং তা নিয়ে এই বিধানসভার মধ্যে এবং
ধানসভার বাইরে তোলপাড় হ'ল। আমরাও সেই ঘটনার বিচার বিভাগীয় তদন্ত দাবি
রেছিলাম। আপনি নিজেও সেটটমেন্ট দিয়ে স্বীকার করেছেন যে অ্যাপরেন্টমেন্ট দেবার ১।।
সের মধ্যে এইভাবে বদলি করার কোনও মানে হয় না। মানে যদি নাই থাকে তাহলে
ইভাবে বদলি করা হল কেনং এই ঘটনা সম্পর্কে সংবাদপত্রে যেসব অভিযোগ বেরিয়েছে
। হছেে তাকে বদলি করা হয়েছিল তার কারণ শাসকদল সি. পি. এমের একজনের নিকটা
নির্মারকে ওখানে বসাবার জন্য। এই অভিযোগ সত্য হোক বা অসত্য হোক অন্য কথা কিন্তু
প্রাপনি নিজেই কনফেশন দিয়েছেন যে অ্যাপয়েন্টেড হবার ১।। মাসের মধ্যে এইভাবে বদলি
কা ঠিক হয়নি। জনগণ এর প্রতিবাদ করেছিলেন। কিন্তু তার প্রতিকার হবার বদলে সেই
নগণের উপরই গুলি চলল, মানুষের জীবন তাতে চলে গেল। এর নান কি বিচারং এই
সং, দক্ষ, নিরপেক্ষ, দুর্নীতিমুক্ত প্রশাসনের নমুনাং এর পর আর একটি ঘটনার কথা

[4th April, 199a

উল্লেখ করছি। বারাসত এক নং ব্লকের বি. ডি. ও. অপলা সরকারকে তিনি একঃ মহিলা—সেখানকার বি. ডি. ও. হবার ৬ মাসের মধ্যে টান্সফার অর্ডার ধরিয়ে দেওয়া হ এবং তাকে ট্রান্সফার করে দেওয়া হল একেবারে উত্তরবঙ্গের মেখলিগঞ্জে। অথচ সেই মহিন সেখানকার বি. ডি. ও. হবার পর তার কাজে স্থানীয় মানুষরা খুশি হয়েছিলেন। তিনি f ডি. ও. অফিসে ঘষ নেওয়া বন্ধ করেছেন, স্বাস্থ্যকেন্দ্রে যাতে নিয়মিত ঔষধ আসে তারজ তদ্বির করেছেন এবং এমনি নানান কাজ করেছেন অথচ তাকে সেখান থেকে ৬ মাসের ম বদলি করে দেওয়া হল। এ নিয়েও বিক্ষোভ হল, ঘটনা ঘটল। এই বেআইনি কাজ করা জন্য শেষ পর্যন্ত প্রশাসন বাধ্য হয়ে তদন্ত করার নির্দেশে দিয়েছেন। আমরা শুনেছি চি সেক্রেটারি বলেছেন, হোম পারসোনেল ডিপার্টমেন্টের অফিসার এ নিয়ে তদন্ত করকে এগুলি কি দলীয় দষ্টিভঙ্গি থেকে হচ্ছে না? আজকে আই. এ. এস. আই. পি. ঞ অফিসারদের ক্ষেত্রেও দেখা যাচেছ যে যারা শাসকদলের মন রক্ষা করে কাজ করছেন নিয়নে বাইরে গিয়ে তাদের দীর্ঘকাল একই জায়গায় রাখা হচ্ছে। আবার যারা একট নিরপেক্ষভা তাদের পোস্টে কাজ করতে চাইছেন তাদের দ্রুত সরিয়ে দেওয়া হচ্ছে। এই বদলির ক্ষে কিন্তু একটা নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি পরিলক্ষিত হচ্ছে না। এখানে আদালতে কর্মী সংক্রান্ত ব্যাপারে জনা দীর্ঘস্তায়ী মামলাগুলির নিষ্পত্তির জনা আপনি বলেছিলেন যে আকমিনিস্টেটিভ টাইবানা করা হবে। আজ কয়েক বছর হয়ে গেল। কিন্তু এই অ্যাডমিনিস্টেটিভ ট্রাইব্যুনালের কাজ শে করা গেল না। এটাই কি দক্ষ গতিশীল প্রশাসন? এইসব ঘটনা কি প্রমাণ করছে 🔉 আপনার প্রশাসন গতিশীল? আজকে দক্ষ প্রশাসন দিয়ে সমস্ত রাষ্ট্রায়ত্ব সংস্থা যেওলো রাজ সরকারের, সেই গুলোকে লাভজনক করতে পারলেন না, বেশির ভাগ সংস্থাগুলো লোকসা চলছে। সেখানে চূড়ান্ত অপচয়, দুর্নীতি চলছে। আজকে এমন একটা অবস্থা যে দুর্নীতি অপচয়গুলো বন্ধ করতে পার্রলে এইগুলোর অনেকগুলো লাভজনক সংস্থায় পরিণত হত আজকে স্বচ্ছ প্রশাসন হিসাবে সেই জায়গায় প্রশাসনটাকে দাঁড করাতে পারেননি বলে আজন এই অবস্থা। আজকে বিদ্যুতের ক্ষেত্রে স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডে প্রতি বছর কোটি কোটি টার পিলফারেজ হচ্ছে। বিদ্যুতের লাইন কাটছে, বিদ্যুৎ চুরি হচ্ছে। নানা অবস্থার মধ্যে এই জিনিসগুলো হচ্ছে, কিন্তু এই সব দর্নীতি বন্ধ করা যাচ্ছে না। পঞ্চায়েতের মাধ্যমে কাজক করে এই দুর্নীতিগুলো দূর করবার কথা বলা হচ্ছে বা পঞ্চায়েতের উপর কিছু কিছু দা দায়িত্ব দেওয়া হচ্ছে কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখা যাচ্ছে সেখানে কিন্তু রেজাল্টটা যা, এর ভান যে ক্ষয় ক্ষতি, এই বিদ্যুত চুরি তার যে টাকার অঙ্ক সেটা কিন্তু দিনের পর দিন বেড চলেছে। ফলে আজকে এই ক্রটির হাত থেকে মুক্ত করা যাচ্ছে না। আমি এটা জানি <sup>হে</sup>

[2-50 — 3-00 p.m.]

সীমাবদ্ধতার মধ্যে অর্থাৎ এই শোষণমূলক সমাজ ব্যবস্থায় এই অর্থনৈতিক কাঠামোর সীমাবদ্ধতা, এইগুলোর মধ্যে থেকে এবং কেন্দ্রীয় সরকারের যে জন বিরোধী নীতি, এই সমস্ত সীমাবদ্ধতার মধ্যে এবং সাংবিধানিক সীমাবদ্ধতার মধ্যে থেকে একটা অঙ্গ রাজ্যের সরকারকে কাজ করতে হয়, এর মধ্যেও একটা সরকারের জনমুখি দৃষ্টিভঙ্গি দিয়ে পরিচালিত হলে আপেক্ষিক অর্থেনিরপেক্ষ দুর্নীতিমুক্ত প্রশাসন যে গণমুখি দৃষ্টিভঙ্গিতে যেটা পরিচালিত হবার কথা সেটা বিষ্

মাজকে হচ্ছে না। সবচেয়ে বড় যে দলীয় দৃষ্টিভঙ্গি দ্বারা এইগুলো পরিচালিত হচ্ছে, সরকারী কা-অর্ডিনেশন কমিটি যেমন আছে, কোঅর্ডিনেশন কমিটি শাসক দলের অনুগত তেমনি দ্রন্যান্য কর্মচারিদেরও সমিতি আছে, তাহলে তারা শাসক দলের অনুগত নয়, এই রকম যে মান্ত সমিতি, তাদের যে সমস্ত অভাব অভিয়োগ দেখা প্রয়োজন। কিন্তু যে ভাবে কোঅর্ডিনেশন চমিটি শাসক দলের যে কমিটি তাদের প্রতি যে দৃষ্টিভঙ্গিতে ব্যবহার করা হয়, অন্যান্য নিতিগুলোর সঙ্গে সেই আচরণ করা হয় না। সেই ভাবে তাদের অভিযোগগুলি শোনা হয় না। শিক্ষক সংগঠন আছে শাসক দলের এ. বি. টি. এ. তেমনি অন্যান্য শিক্ষক সংগঠনও প্রাছে, কিন্তু এ. বি. টি. এ.-র বক্তব্য যেমন ভাবে শোনা হয় তেমনি ভাবে কিন্তু অন্যান্য নংগঠনগুলোর বক্তব্য শোনা হয় না। সরকার তো নিরপেক্ষ দৃষ্টিভঙ্গির সব শোনান না। এখানে নিরপেক্ষ দৃষ্টিভঙ্গির অভাব আছে। ফলে আজকে এই দুর্নীতি মুক্ত নিরপেক্ষ, দক্ষ, প্রশাসন অন্তব্য আপেক্ষিক অর্থে যেটা জনগণের এবং গণমুথি যে প্রত্যাশা ছিল বামফ্রন্টের প্রশাসন পরিচালনার সেটা পালন হয়নি। তাই এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শহ্য করিছি।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী ১৮ নং ১৯ নং গবির অধীনে কর্মীবর্গ এবং প্রশাসনিক সংস্কার বিভাগের যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন গ্রামি তাকে আন্তরিকভাবে সমর্থন করছি। আমি মনে করি তাকে আজকে কংগ্রেসও সমর্থন করে গেলেন। তার কারণ আজকে এত বড একটা বাজেট বিতর্ক থাকা সত্তেও ওরা তুচ্ছ গরণে ওয়াক-আউট করলেন। অতীতে অনেক বিষয়ে ওরা ওয়াক আউট করে আবার সভায় দিরে এসেছেন, কিন্তু আজকে আর ফিরলেন না। কারণ এই বাজেট সম্পর্কে ওদের আজকে বলার কিছ নেই। সমর্থন করা ছাড়া আর কিছ বলতে পারবেন না বলেই ফিরলেন না। মথচ সমর্থন করা ওদের পক্ষে সম্ভব নয়। অতএব ওয়াক-আউট করে পালিয়ে গেলেন। গ্রকতপক্ষে বাজেটকে ওরা সমর্থনই করলেন। বিরোধিতা করার কোনও পয়েন্ট নেই তাই 'য প্লায়তি স্বঃ জীবতি' নীতি গ্রহণ করলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তা না হলে আপনি মাজকে যে মূল্যবান রুলিং দিয়েছেন তা ওদের মেনে নেওয়া উচিত ছিল। ওরা সব সময়ে মাপনাকে অনেক ভাল ভাল কথা বলেন, আপনার কাছে যান, বিভিন্ন সুবিধা আদায় করেন। <sup>কিন্তু</sup> আজকে আপনার রুলিং মানলেন না, আপনাকে মানলেন না। সুব্রত মুখার্জি, যে সব শ্ম্য এখানে আইন ভাঙেন, প্রতি দিন এখানে একটা করে স্বাধিকার ভঙ্গের কেস তৈরি <sup>করেন</sup>, তিনি ডেপুটি স্পিকার অনিল মুখার্জির বিরুদ্ধে স্বাধিকর ভঙ্গের প্রস্তাব আনলেন। <sup>কং</sup>গ্রেসি সদস্যরা আজকে এখান থেকে পালিয়ে গিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীকে কমপ্লিমেন্টস দিয়ে <sup>গেলেন</sup> এবং তার বাজেট বরাদ্দকে সমর্থন করলেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে আন্তরিক <sup>ধন্যবাদ</sup> জানাচ্ছি—ডাঃ বিধানচন্দ্র রায় চেষ্টা করেছিলেন পশ্চিম দিনাজপুরকে ভাগ করতে, <sup>কিন্তু</sup> তিনি তা পারেন নি, বামফ্রন্ট সরকার তা পেরেছে। তারপর মালদা জেলায় কোনও <sup>সাব-ডিভি</sup>সন ছিল না, আমাদের দীর্ঘ দিনের দাবি ছিল মালদার চাঁচলে একটা সাব-ডিভিসন <sup>করার।</sup> এবারের বাজেট বক্তৃতার মধ্যে দিয়ে ঘোষণা করা হয়েছে, মালদার চাঁচলে সাব-<sup>ডিভিসন</sup> হবে। এই ঘোষণার জন্য মালদার জনগণ মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আন্তরিকভাবে <sup>কৃতন্ত</sup>। আমি**ও ব্যক্তিগতভাবে কৃতজ্ঞ। এই সংবাদ** যে দিন কাগজে বেরিয়েছিল সেদিন গোটা

[4th April, 1994

রাত্রি মালদায় এবং বিশেষ করে চাঁচলের বিভিন্ন জায়গায় পটকা ফাটানো হয়েছে। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে, উত্তরবঙ্গে দটো সাব-ডিভিসন হবার কথা হয়েছে, তার মধ্যে মালদা একটা। মালদা পশ্চিমবঙ্গের এমন একটা জেলা যেখানে কোনও সাব-ডিভিসন নেই। সেখান সাব-ডিভিশনাল অফিসারকে বহু দিন আগে পোস্টেড করা হয়েছে, কিন্তু এখনও সার-ডিভিসনের কোনও কাজ আরম্ভ হয়নি। এই কাজ তাডাতাডি করার জন্য আমি বিনীতভাৱে আবেদন জানাচ্ছি। আমি মাননীয় মখ্যমন্ত্রীর কাছে সবিনয়ে দ' একটা কথা রাখতে চাই। বিভিন্ন জেলা শহর এবং মহকমা শহরে বামফ্রন্ট আমলে এত প্রশাসনিক ভবন হয়েছে ফ্র অতীতে কখনও হয়নি। সাথে সাথে বিভিন্ন জেলায় নতন সার্কিট হাউসও নির্মিত হয়েছে। কিন্তু মালদা জেলায় তা হয়নি। মালদা জেলার সার্কিট হাউসটির অবস্থা অত্যন্ত খারাপ। মাননীয় মখামন্ত্রী অনেকবার সেখানে গিয়েছেন। বামফ্রন্টের বিভিন্ন মন্ত্রীরাও গিয়েছেন। বর্ত্যান মন্ত্রী এবং অফিসাররা যত মৃভ করেন আগে অত কেউ করতেন না। ঐ সার্কিট হাউসটিতে মন্ত্রীদের এবং অফিসারদের নিশ্চয়ই গিয়ে থাকতে খবই অসবিধা হয়। মালদা জেলার সার্কি হাউসটি বৃটিশ আমলে তৈরি হয়েছিল, তারপর আর ওখানে কিছু হয়নি। সূতরাং সার্কিঃ হাউসটি নতুন করে গড়ে তোলার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে । নুরোধ করছি। ওখনে বর্তমানে এমন অবস্থা হয়েছে যে, অনেকেই গিয়ে জায়গা পান না। তারপর মাননীয় মখামন্ত্রী. তার ভাষণের মধ্যে উল্লেখ করেছেন যে, এম. এল. এ.-দের চিঠির জবাব দেবার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। ভাল কথা। কিন্তু আমরা দেখছি ঐ নির্দেশ ঠিকমতো কার্যকরি হচ্ছে না। আমি সবিনয় বলছি, মাননীয় মন্ত্রীরা এম, এল, এ-দের চিঠির জবাব দিলেও—ডিপার্টমেন্টে চিঠি দিলে অফিসাররা জবাব দেন না, এখনও দিচ্ছেন না, এটা খুবই দুঃখের কথা। এম এল, এ-দের চিঠিরই যখন জবাব দেন না, তখন সাধারণ মান্যদের চিঠির যে কি অবং তা আমরা বুঝতে পারছি। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি বিষয়টি তিনি একট দেখন। আমাদের চিঠির পরিপ্রেক্ষিতে কোনও অ্যাকশন হয় কিনা আমরা বুঝতে পারি না, ফলে আমাদের খুবই অসুবিধা হল।

[3-00 — 3-10 p.m.]

দ্বিতীয় কথা, প্রায়ই শুনি, জেলা ম্যাজিস্ট্রেটের অফিসে তেলের টাকা থাকে না। মাঝে মাঝে শুনি, যারা পেট্রোল বিক্রি করেন তারা ম্যাজিস্ট্রেটকে চিঠি লিখে জানান, পেট্রোল আব ধারে দিতে পারব না। এটা খুব অসম্মানজনক ব্যাপার। বাজেটে টাকা বরাদ থাকবে আর তেলের অভাবে অফিসাররা মুভ করতে পারবে না, এটা ঠিক নয়। একবার লাভি অ্যাকুইজিশনের ব্যাপারে একজন অফিসার বললেন, তেলের অভাবে আমরা গাড়ি দিটে পারব না। তারপর হচ্ছে, একটা ব্লক অফিসের কর্মীরা সব কাজ করেন। পঞ্চায়েত নির্বাচন, জেলার নির্বাচন এবং ভোটার লিস্ট ৫ বছরে ৫ বার তাদের করতে হয় এবং এ ব্যাপারে সমস্ত কর্মচারিদের এনগেজ থাকতে হয়, তারফলে গ্রামের যে কাজ সেই কাজ করার তারা সময় পান না। তারা বলছেন, এ কাজশুলি আগে করব, না ওগুলো করব। তারপর শিডিউল কাস্টস, শিডিউল ট্রাইব ইন্সপেক্টর না হলে শিডিউল কাস্টস সাটিফিকেট দেওয়া যায় না। আমাদের ওখানে ৪ বছর ধরে এস. সি. আ্যান্ড এস. টি. ইন্সপেক্টরের লোক নির্বাহ

আমরা এরজন্য আন্দোলন করলাম যে এস. সি. আন্ড এস. টি. সার্টিফিকেট পাচ্ছি না। তারপর ঠিক হল ব্লক অফিসের যে কেউ দিতে পারবেন। তারপর এক্সটেনশন অফিসারের আপ্রেন্টমেন্ট দিনের পর দিন হচ্ছে না। এই বিষয়টি মন্ত্রী মহাশয়ের দেখা দরকার। ব্রক অফিসের কাজটা যেন হয়ে গেছে নির্বাচনী কাজের জন্য, এরজন্য আলাদা একটা সেট অফ ত্যার্কার করা যায় কিনা দেখবেন। ব্রকের এক্সটেনশন অফিসার সব কাজগুলো করার ফলে ব্যকর যে নরমাল কাজ সেণ্ডলি করা হয়ে ওঠে না। এরপর বলছি, অনেক অফিস রাইটার্স বিল্ডিংস থেকে সন্ট লেকে পাঠিয়ে দেওয়া হয়েছে। খব ভাল হয়েছে। কিন্তু ডালইৌস থেকে যদি সন্টলেকে যেতে হয় তাহলে সরাসরি কোনও বাসের ব্যবস্থা নেই। একটা ট্যাক্সি ভাডা করলে ৪০/৫০ টাকা লেগে যায়। আমাদেরও মাঝে মাঝে যেতে-আসতে হয়। ট্যাক্সি ভাডা বাবদ আমাদের বেতনের অর্ধেক চলে যায়। সূতরাং সন্টলেক টু ডালহৌসি টু সন্টলেক যদি এক্সপ্রেস বাস অথবা সাটল বাস ২ ঘণ্টা পর পর চলে তাহলে ভাল হয়। তা না হলে এই দটো দরত্বের মধ্যে যোগযোগ রক্ষা করা যাচ্ছে না। এই ব্যাপারটি আপনি দেখবেন। আর একটি ব্যাপারে বলছি, কোনও কোনও অফিসে দেখি, কোনও কোনও কর্মচারী বসে খবরের কাগজ বা ম্যাগাজিন পড়ছে, অর্থাৎ তার হাতে কাজ নেই। আর কোনও কর্মচারীর বসে থাকবার সময়টুকু পর্যন্ত নেই। সব সময় কাজে ব্যন্ত। বামফ্রন্ট সরকার একটা ব্যবস্থা করেছেন কোনও কর্মচারীকে যদি ইনভ্যালিড ডিক্রেয়ার করা হয় তাহলে সে দরখাস্ত করতে পারে মেডিকালে এগজামিনেশনের জন্য হেলথ ডিপার্টমেন্টে। পশ্চিমবঙ্গের সমস্ত জায়গা থেকে এই হেলথ ডিপার্টমেন্টে দরখাস্ত আসে। এখন সেখানে ১ জন, কি ২ জন করণিক থাকে। তাও আবার সপ্তাহের মধ্যে ৩ দিন তাদের যেতে হয় মেডিক্যাল কলেজগুলিতে পরীক্ষার জন্য। মাসের পর মাস ধরে যে সমস্ত ইনভ্যালিড কর্মীরা যারা দরখান্ত করেন সেগুলি পড়ে থাকে. কোনও নোটিশ পর্যন্ত তাদের কাছে যায় না। আমি জানি, এইরকম একজন মাস্টারমশাই দর্থান্ত করেছিলেন। জানি না, মরার আগে তিনি পাবেন কিনা? তাই বলছি, ওইখানে ৪/৫ জন কর্মীর থাকা উচিত। কোনও জায়গায় লোক বেশি আছে, কোনও জায়গায় লোক কম আছে। এগুলি অ্যাসেসমেন্ট করা উচিত। যেখানে কম লোক আছে সেখানে বেশি লোক দেওয়া উচিত যেখানে কাজ নেই সেখান থেকে লোক তলে নিয়ে ওখানে দেওয়া উচিত। যেখানে কাজ বেশি সেখানে কর্মচারীর সংখ্যা বৃদ্ধি করতে হবে। এই রি-অ্যসেসমেন্ট যদি করা <sup>गार्</sup>र তাহলে যে অসুবিধাগুলি দেখা দিচ্ছে সেইগুলি দূর করা যাবে।

আমরা দেখছি, কিছু কিছু লোক কাজ ভাল করছেন। এমন অনেক কর্মচারী আছেন যারা রাত আটটা পর্যন্ত কাজ করছেন, কিন্তু এমন অনেক কর্মচারী আছেন যারা সকালে এসে ব্যাগ রেখে চলে যাচ্ছেন, কোথায় যাচ্ছেন খুঁজে পাওয়া যাচ্ছে না। তারজন্য আডিমিনিস্ট্রেশনে একাধারে পুরস্কার এবং তিরস্কারের ব্যবস্থা না থাকলে হবে না।

বর্তমানে এই রাজ্যে বাংলা ভাষা ব্যবহার করবার ব্যবস্থা হয়েছে, কিন্তু সব অফিস <sup>বাংলা</sup> টাইপ মেশিন এবং টাইপিস্ট পাচ্ছে না। এছাড়া সবাই বাংলায় নোটও লিখতে চাইছেন <sup>না।</sup> তবে বাংলা ভাষা ব্যবহারের ব্যাপারে একটা স্কীম তৈরি করা হয়েছে, এরজন্য আন্তরিক <sup>ধন্যবাদ</sup> জানাচ্ছি। এই সঙ্গে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে একটি বিষয় রাখতে চাই। বিষয়টি

হল ভিজিলেন্স সেল। বর্তমানে এই ভিজিলেন্স সেলের অবস্থা অত্যন্ত কাহিল। ঐ সেরে একজন পুলিশ অফিসার এবং একজন ক্লার্ক আছেন, তারফলে সেখানে একটি দরখান্ত করা সে-সম্পর্কে দুই বছরের আগে কোনও এনকোয়ারি হচ্ছে না। সেজন্য ভিজিলেন্স সেলার নতুনভাবে পুনর্গঠিত করবার জন্য অনুরোধ করছি। আজকে জেলার ভিজিলেন্স সেলার জোরদার না হয় তাহলে কর্মচারিদের মনে ভীতি আসবে না এবং তারফলে মানুষের সমালোচ করার সুযোগ থেকে যাবে, কারণ দেখা যাচ্ছে, একটি ফাইল এক টেবিল থেকে অন্য টেবির যেতে দীর্ঘ সময় লেগে যাচছে। অনেক সময় আবার প্রয়োজনীয় ফাইল খুঁজে পাওয়া যাচ্চ না। তাই ফাইল মুভমেন্টের ব্যাপারে যদি রেকর্ড রাখা যায় তাহলে ফাইল হারিয়ে যাওয় বা ফাইল আটকে রাখা রোগটা দূর হতে পারে। আজকে এম. এল. এ.-দের শুধুমাত্র মন্ত্রী জেলা ম্যাজিস্ট্রেটদের কাছেই যেতে হয় না, কাজের স্বার্থে তাদের কর্মচারিদের কাছেও যের সন্মান পান, কর্মচারিদের কাছে সেই সন্মান তারা পান না। বহুদিন আগে এই ব্যাপারে একটা সার্কুলার ইস্যু কবা হয়েছিল, কিন্তু জনসাধারণের কাজ নিয়ে গেলেও কর্মচারিদের কাথেকে সেই সহযোগিতা এম. এল. এ-বা পাচ্ছেন না।

[3-10 — 3-20 p.m.]

আর একটি বিষয় হল, সাধারণ কর্মচারী, গ্রপ-ডি-পিয়ন হিসাবে বর্তমানে যার **অ্যাপয়েন্টমেন্ট পাছেন তাদের অনেককেই দুরে দুরে পোস্টিং করা হছেে। অতি স**ম্প্রতি আমার চেনা একটি লোক পিয়নের চাকরি পেয়েছেন. কিন্তু তাকে দার্জিলিংয়ের পোস্টিং কর হয়েছে। ওদিকে হিল কাউন্সিল তাকে বলছেন—কেন এসেছো, এখানে থাকতে পারবে ন এসব ক্ষেত্রে কর্মচারিদের যদি থাকবার ব্যবস্থা করা না হয়, কাজে যোগদানের ব্যাপারে বাং দূর করা না হয়, তাহলে তারা সেখানে থাকবেন কি করে। আগে প্রতি জেলায় জেলা কর্মচারিদের জন্য কোয়ার্টার তৈরি করা হোত, কিন্তু এখন সেটা বন্ধ হয়ে গেছে। তারফল আমার জেলায় দেখেছি, একজন ফোর্থ গ্রেডের কর্মচারী ১৯৮৬ সালে কোয়ার্টারের জন দরখাস্ত করেছেন, কিন্তু আজ পর্যন্ত কোয়ার্টার পাননি। সেজন্য এই কর্মচারিদের জন্য <sup>যাতে</sup> বাড়ি তৈরি করা যায়, আবাসন তৈরি করা যায়, সেই ব্যবস্থা যেটা চালু ছিল সেটা যাতে বন্ধ না হয় তার জন্য আমি আপনার কাছে অনুরোধ করছি। দ্বিতীয় কথা হচ্ছে, ডাই-ইন-হারনেস—এটা বামফ্রন্ট সরকার চালু করেছেন। কেউ যদি কাজ করতে করতে মারা <sup>যায়</sup> তাহলে তার আত্মীয়স্বজন কেউ চাকুরি পাবেন। কিন্তু আমরা শুনছি যে প্রায় ১৭ <sup>শতের</sup> মতো ডাই-ইন-হারনেস কেস আছে যারা এখনও চাকরি পাননি। আমি নিজে ২।৪ জনের কথা জানি যারা ৭ ৮ বছর ধরে ঘুরছে, কোনও চাকুরি পাননি। তার কারণ হচ্ছে এমবার্গো। এক্ষেত্রে এমবার্গো শিথিল করে বা অনা কি ভাবে তাদের দেওয়া যায় সেটা দেখতে <sup>হবে।</sup> এখন বলা হচ্ছে যে পোস্ট ৬ মাসের বেশি খালি পড়ে আছে সেখানে কোনও অ্যাপ<sup>রেন্ট্রেন্ট</sup> দেওয়া হবে না, সেটা এমবার্গো হয়ে যাবে। এখন একটা পোস্ট ৬ মাসের বেশি <sup>খানি</sup> থাকলে যদি এমবার্গোর জন্য সেখানে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া না যায় তাহলে তাদের অ<sup>বস্থা</sup> কি হবে? আমরা দেখেছি যে অনেক ক্ষেত্রে পুলিশ ভেরিফিকেশন হয়ে বসে আছে, সিলেক<sup>দন</sup>

হয়ে বসে আছে চাকুরি পাবার আশায়, কিন্তু চাকুরি হচ্ছে না। কাজেই তাদের যাতে চাকুরি হয় সেই ব্যবস্থা করা দরকার। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বিনীতভাবে অনুরোধ করব যে এই ডাই-ইন-হারনেস-এর কেসগুলির আপনি বিবেচনা করবেন। আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। আমাদের থানাগুলি প্রায় ৯০ বছর আগে তৈরি হয়েছে। এর কোনও কোনও বাড়ি থেকে জল পড়ছে, কোনওটা ভেঙ্গে গেছে। পি. ডবলিউ. ডি. বলছে যে এগুলি আমাদের নয়, আবার অন্য ডিপার্টমেন্ট বলছে যে এটা আমাদের নয়, এই রকম একটা অবস্থায় রয়েছে। কিন্তু কথা হচ্ছে এই বাড়িগুলির ছাদ ভেঙ্গে পড়ছে, ছাদ থেকে জল পড়ছে, এই রকম একটা অবস্থায় দাঁড়িয়েছে। সেখানে গিয়ে মানুযকে ২৪ ঘন্টা থাকতে হয়, কাজ করতে হয়। এই বাড়িগুলি ব্রিটিশ আমলের তৈরি। কাজেই এগুলি যাতে মেরামত করা হয় সেজন্য আমি আপনার কাছে আবেদন রাখছি। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ গোস্বামী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় যিনি স্বরাষ্ট্র দপ্তরের ও ভারপ্রাপ্ত মন্ত্রী, তিনি ১৮ নম্বর এবং ১৯ নম্বর দাবির অধীনে যে ব্যয়-বরান্দের দাবি পেশ করেছেন, আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। স্নানীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭৭ সাল থেকে আমরা এখানে আছি। মানুষ আমাদের এখানে পাঠিয়েছেন এই রাজ্যের শাসনকার্য পরিচালনার দায়িত্ব দিয়ে। আমরা সেই দায়িত্ব পালন করে এসেছি এক নাগাড়ে এবং কিভাবে, কতখানি সেই দায়িত্ব আমরা পালন করেছি তার পরীক্ষা আমরা দিয়েছি। ১৯৭৭ সালের পরে যে তিনটি বিধানসভার নির্বাচন হয়ে গেছে, প্রতিটি নির্বাচনে মানুষ আমাদের এখানে পাঠিয়েছে সরকারের দায়িত্ব দিয়ে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানি যে আমাদের এই সাফল্যের মূলে শুধু এটাই একমাত্র কারণ নয় যে আমাদের প্রকার একটা জনমুখী কার্যসূচী নিয়ে চলেছে।

রাজ্যের সহায় সম্পদ যেটা সেটা বৃহত্তর স্বার্থে, জনগণের স্বার্থে কাজে লাগানো হচ্ছে।
সরকারের এই দৃষ্টিভঙ্গি এবং কর্মসূচি রাপায়ণের দায়িত্ব যাদের হাতে তারা যদি কাজটা
সঠিকভাবে না করে সঠিকভাবে কাজের রাপায়ণ না করে, যদি প্রশাসনের গাফিলতি থাকে,
প্রশাসনিক পরিকাঠামো যদি ঘুন ধরা হত তাহলে সরকারেব সদিচ্ছা যতই থাক না কেন,
সরকার যতই গণমুখি হোক না কেন তাহলে সেটা কার্যকরি না। আমাদের রাজ্যে এটা
মন্তব হয়েছে, সরকারের নীতি সঠিকভাবে রাপায়ণের ক্ষেত্রে উপ্রুক্ত পরিকাঠামো আছে
কো। এই সরকারের বিভিন্ন বিভাগে যে সমস্ত আধিকারিকরা আছেন বা কর্মচারীরা আছেন
রার যথেষ্ট দায়িত্ব নিয়ে তাদের কার্য নির্বাহ করে যাচ্ছে। সাধারণভাবে এই কথা ঠিক। তবে
রর যে কোথাও কোনও ক্রটি নেই, কাজের কোনও গাফিলতি নেই, কোনও দুর্নীতি নেই এই
বি আমরা করি না। নিশ্চয়ই কোথাও কোথাও আছে এবং সরকারের সেই দিকে সজাগ

টি আছে। আমরা এটা মনে করি না সরকার যে জায়গায় আছে, সরকারের প্রশাসন যন্ত্রকে
রারও গতিশীল করা যাবে না। এই ব্যাপারে চেষ্টা করলে, নজর রাখলে এটা আরও
তিশীল করা যায়, আরও সংবেদনশীল করে তোলা যায়। প্রতিটি জেলায় আমরা জানি
কিটা ডিস্ট্রিক্ট প্ল্যানিং অ্যান্ড কো-অর্ডিনেশন কমিটি আছে। সেখানে প্রতিটি বিভাগের

আধিকারিকরা থাকেন, জেলার একজন মন্ত্রী থাকেন। সেখানে বিভিন্ন বিভাগের কাজব কিভাবে কোথায় আটকে যাচেছ সেই সমস্তগুলি সেখানে পর্যালোচনা করা হয় এবং সেঃ থেকে উপযক্ত নির্দেশ দেওয়া হয়। কিন্তু অসবিধা যেটা হচ্ছে সেটা হল এই মিটিং গুলি 🖯 নিয়মিত হচ্ছে না। কখনও এক মাস অন্তর কখনও ২ মাস অন্তর, কখনও তিন মাস অন্ত হচ্ছে এবং এর ফলে এই মিটিং গুলির ইঞ্চিত ফল হচ্ছে না। এই মিটিং-এ এক সঙ্গে ১০ ২২টি ডিপার্টমেন্টকে ডাকা হয়। এখানে বিভিন্ন ডিপার্টমেন্টের যে সমস্ত সমস্যা থাকে ৫ সমস্ত বাধা অপসারণ করার চেষ্টা করা হয়। কিন্তু কার্যত যেটা হয় সেটা হল ২-৩ ডিপার্টমেন্টের সমস্যার কথা শোনা হয় এবং তারা যাতে বাধা অতিক্রম করতে পারে ৫ পথ বাতলে দেওয়া হয়। বাকি ডিপার্টমেন্টের আধিকারিকরা যারা সেখানে উপস্থিত হন তা শুধু বসে থাকেন, তাদের বসে থাকাই সার হয়। তাদের কথা শোনার সময় থাকে না। কা মিটিং-এর একটা নির্দিষ্ট সময় থাকে. ২-৩ ঘণ্টা সময় থাকে। ফলে হয় কি তাদের क শোনা হয় না, তাদের যে সমস্যা থাকে সেই সমস্যা থেকেই যায়। আমি মনে করি দরকা এই মিটিংগুলি প্রতি মাসে মাসে করা দরকার। যখন যে সমস্যা উপস্থিত হবে, যে ডিপার্টমেন্ট সমস্যা উপস্থিত হবে সেখানে দু-তিনটি ডিপার্টমেন্টকে নিয়ে যদি মিটিংগুলি করা যায় তাহ্য ফল অনেক ভাল হবে। এর থেকে আরও যেটা দরকার সেটা হল বিভিন্ন বিভাগের ফ মন্ত্রী আছেন তারা যদি জেলায় জেলায় গিয়ে ঘোরেন, নিজম্ব বিভাগের কাজকর্ম পর্যালোচ করেন তাহলে দেখেছি অনেক কাজ হয়।

## [3-20 — 3-30 p.m.]

প্রশাসন একটু সজাগ হয়, একটু নডেচড়ে বসে এবং বকেয়া কাজগুলো সামলে নে মন্ত্রীকে যাতে অপ্রস্তুত না হতে হয়, সেদিকে একটু সজাগ হন। কিন্তু কার্যক্ষেত্রে দেখা याः মন্ত্রীরা বিশেষ একটি জেলাকে পশ্চিমবঙ্গ ভেবে সেখানে যাতায়াত করেন। এরফলে অন্যা ক্ষেত্রে তারা মনোনিবেশ করতে পারেন না। অথচ সেই সমস্ত জায়গায় গেলে কাজটা <sup>হা</sup> আমরা দেখেছি যে মাননীয় অর্থমন্ত্রী অসীমবাবু কোনও কোনও জেলায় যান, তিনিও ঘোরে এতে অনেক কাজ হয়। তাই বিভাগীয় মন্ত্রীদের পক্ষে যদি বছরে দু'বার করে এবং সভ হলে বছরে তিনবার করে যাওয়া সম্ভব হয় এবং দেখেন যে প্রকল্পের কাজগুলো কি ভা চলছে, যারা কাজগুলো করছে তাদের উপরে দায়িত্ব দিয়ে আসেন এবং কতটা কাজ <sup>হয়েত</sup> তা বুঝে নেন তাহলে ফাঁকি দেবার সুযোগটা কমে যায়। সেটা কিন্তু হচ্ছে না। এই <sup>রুকা</sup> ব্যবস্থা যাতে হয়, আমি সেজন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব এই রকম একটা সিটে তিনি যেন করে দেন। সম্প্রতিককালে আমাদের একটা তিক্ত অভিজ্ঞতা হয়ে গেল। মার্চ <sup>মার্চ</sup> ভূমি অধিগ্রহণ আইন যেটি ছিল—আক্ট টু—তার মেয়াদটা শেষ হয়ে গেল। এটি ঠিক <sup>নয়</sup> ভূমি সংস্কারের আধিকারিক যারা আছেন তারা এটি জানতেন না তা নয়, তারা ভাল ভারে জানতেন যে মার্চ মাসে এর মেয়াদ শেষ হয়ে যাবে। ভূমি অধিগ্রহণের কাজটি তাদের সেজন তড়িৎ গতিতে করা উচিত ছিল। অতি দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, খোঁজ নিয়ে দেখুন, <sup>শুধুমা</sup> ভূমি অধিগ্রহণ না হওয়ার ফলে এই রাজ্যের বেশ কিছু উন্নয়ন প্রকল্পের কাজ মাঠে <sup>মার্</sup> গেল। এরফলে সেচ প্রকল্পের কাজ হয় পরিত্যাগ করতে হবে, না হয় নির্দিষ্ট স্থান প<sup>রিত্যাগ</sup> করতে হবে এবং এরফলে টাকা পয়সা অনেক নম্ট হয়ে যাবে। আমার নির্বাচনী <sup>কেন্দ্রে</sup>

<sub>গতনায়</sub> ব্লক অ্যাডমিনিষ্ট্রেটিভ বিশ্ভিং করার জন্য আজ থেকে চারপাঁচ বছর আগে একটি ্র<sub>পরাব</sub> পাঠানো হয়েছিল। চার পাঁচ বছরের মধ্যে আমরা যে ব্লক অ্যাডমিনিস্টেটিভ বিল্ডিং গ্রেখানে করার কথা ভেবেছিলাম সেটি করা গেল না ভূমি অধিগ্রহণ না করার ফলে। এখন ্রের নির্দিষ্ট স্থানের পরিবর্তে জেলা থেকে অনেক দুরে নির্জন কোনও স্থানে যেখানে সরকারের ক্রমি আছে, সেখানে আমাদের জমি খুঁজতে হবে। ছাতনাতে বাইপাস একটি রোড নির্মাণের <sub>প্রসাব</sub> পূর্ত বিভাগ এবং জেলা পরিষদের অনুমোদন পেয়েছিল। এই কাজের আর্থ ওয়ার্কের জনা জেলা পরিষদের বাজেটে টাকাও ধরা ছিল, পূর্ত বিভাগ থেকে ভূমি সংস্কার বিভাগকে ভ্রমি অধিগ্রহণের জন্য টাকাও দেওয়া হয়েছিল। বারবার করে এ, ডি, এম,-এর সভাপতিতে ্র্ মিটিংও হয়েছে, সেখানে স্পেশাল অফিসার, এল. আর.-এর অফিসার, পি. ডবল, ডি.-র অফিসাররা উপস্থিত ছিলেন। পি. ডবলু. ডি.-র অফিসাররা সেই মিটিংয়ে অনেক বড বড ক্রথা বলেছিলেন। তারা বলেছিলেন যে অনেক কাজ তারা করে রেখেছেন, তবে মাঠে ধান আছে. তাই এখুনি অধিগ্রহণ করতে পারছেন না। অধিগ্রহণ তারা এখুনি করতে পারেন, তবে তা করলে অনেক বেশি টাকা সুদ বাবদ দিতে হবে। তাই ধান উঠলে কাজটি যাতে শেষ করা যায় তারজন্য তারা চেষ্টা করবেন। আমরা অবাক হয়ে গেলাম। আমি বারবার করে খোঁজ নিয়ে দেখলাম যে সেই অধিগ্রহণের কাজটি হয়নি। ফলে রাস্তার কাজটি আদৌ হবে কিনা. কিভাবে হবে জানি না। সমস্ত ব্যাপারটিই স্তব্ধ হয়ে গেল। আমার নির্বাচনী কেন্দ্র সম্বন্ধে আমি এখানে দু-একটি ঘটনার কথা বললাম। আমাদের রাজো এই রক্ষ অসংখ্য প্রকল্প ঠিক এইভাবে বিলম্বিত হয়ে যাচ্ছে অথবা প্রকল্প মার খেয়ে যাচ্ছে। ভূমি আধিকারিকেরা র্যদি দায়িত্ব নিয়ে ভূমি অধিগ্রহণের কাজগুলি সম্পন্ন করতেন, তাহলে নির্দিষ্ট সময়ের মধ্যেই প্রকল্পগুলির কাজ করা সম্ভব হোত।

এই যে গাফিলতি কাজের মধ্যে এটা নিশ্চয় বরদান্ত করা যায় না। যাদের উপর দায়িত্ব ছিল তাদের কাছ থেকে কৈফিয়ৎ চাওয়া দরকার। কার গাফলতিতে এটা সম্পূর্ণ হল না। আমরা দেখেছি জনসংখ্যা ক্রমবর্দ্ধমান বৃদ্ধি হচ্ছে ফলে চাপ আসছে জনসংখ্যার সেই সঙ্গে ষ্পতি রেখে আজকে আমাদের ভাবতে হচ্ছে নৃতন জেলা গঠনের, নৃতন মহকুমা গঠনের। ইতিমধ্যে ২টি নৃতন জেলা গঠন হয়েছে, মহকুমা ৩টি গঠন হয়েছে, আরও কয়েকটি নৃতন মহকুমা গঠনের প্রস্তাব আছে। কিন্তু কাজটা এখানে সীমাবদ্ধ রাখলে চলবে না। তাই শুধু <sup>জেলা</sup> বা মহকুমা নয় বিভিন্ন ব্লকগুলির আয়তনের মধ্যে যথেষ্ট তারতম্য রয়েছে। এক একটি জায়গায় ৪। ৫টি ব্লককে নিয়ে পঞ্চায়েত সমিতি চলছে। আবার কোথাও ১৪টি ব্লক নিয়ে <sup>পঞ্চায়েত</sup> সমিতি চলছে, জনসংখ্যার তফাৎ আছে। কোথাও ২ গুণ আড়াই গুণ তফাৎ <sup>খাছে</sup>। এতে করে আস্বিধা হচ্ছে অনেক বেশি। সরকারের যে উন্নয়নমূলক কাজ তার <sup>জন্য</sup> যে অ**নুদান দেও**য়া হয় সেটাতে বৈষম্য থেকে যাচ্ছে। আমি কিছুদিন আগে শুনলাম <sup>প্রতিটি</sup> পঞ্চায়েত সমিতিকে ৩০ লক্ষ টাকা দেওয়া হয়েছে উন্নয়নমূলক কাজের জন্য <sup>এবং</sup> সমস্ত ব্লককে একই পরিমাণে টাকা দেওয়া হচ্ছে। ৪।৫টি এলাকা নিয়ে যেমন এক <sup>একটি</sup> রক **আছে, তেমনি ১৪।১৫টি এলাকা নি**য়েও ব্লক আছে। তারা যদি একই হারে <sup>টীকা</sup> পায় **তাহলে উন্নতি হবে না। এই ব্যাপা**রে যদি সম আয়তন ও সম জনসংখ্যা <sup>নিওয়া</sup> যা**য় তাহলে সুবিচার হবে। দীর্ঘদিন আগে যে থানাগুলি** গঠন করা হয়েছিল সেখানে

[4th April, 1994]

এখন চাপ বেড়েছে, এক একটা জায়গার শুরুত্ব বেড়ে গিয়েছে, যোগাযোগ ব্যবস্থার ক্ষেত্রে আমাদের অনেক পরিবর্তন ঘটে গিয়েছে, কোথাও কোথাও যোগাযোগ ব্যবস্থা সূগম হয়েছে, কোথাও আবার দূর্গম হয়ে গিয়েছে। এইসব বিষয়শুলির দিকে লক্ষ্য রেখে জনসংখ্যা আয়তন ও যোগাযোগ ব্যবস্থার প্রতি দৃষ্টি রেখে যাতে ব্লকগুলির ব্যাপারে পূর্নবিবেচনা করা হয় তার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে প্রস্তাব রাখছি। আপনি একটা কমিশন গঠন করন, বিচ্ছিন্নভাবে কোথাও একটা ব্লক, মহকুমা গঠন না করে তাদের কাছ থেকে প্রস্তাব আসৃক, কোথায় নৃতন ব্লক করা দরকর। কোথায় ছোট ব্লক করা দরকার। এই পরিপ্রেক্ষিতে আমাদের সেইভাবে পদক্ষেপ নেওয়া উচিত যাতে করে ব্লক নির্মাণ করতে পারি, নৃতন জেলা করতে পারি, মহকুমা করতে পারি। এটা যদি করা না হয় তাহলে অনেক ক্ষেত্রে অবিচার হয়ে যাবে এবং কার্য পরিচালনার ক্ষেত্রে অসুবিধা হয়ে যাবে। আজকে এই প্রস্তাব রেখে আমাদের যে বাজেট বরাদ্দ এখানে দাবি করা হয়েছে তাকে পূনরায় সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেব করছি।

[3-30 — 3-40 p.m.]

শ্রীমতী অনুরাধা পুততুভা ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্র দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ১৮।১৯ নম্বর দাবির ভিত্তিতে ব্যয় বরাদের প্রপ্তাব রেখেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। সাথে সাথে একজন বিরোধী সদস্য এবং অনুপৃত্তি বিরোধী সদস্যরা যে কাটমোশন এনেছেন তার বিরোধিতা করছি। সারা পশ্চিমবাংলার এই বাজেট নিয়ে আলোচনা করলে পর যে কথা বলতে হয় পশ্চিমবঙ্গ সরকার সারা দেশের মধ্যে একটা বিকল্প নীতি নিয়ে চলছে। ১৭ বছর আগে রাজ্যে যখন বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হল তখন রাজ্যের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন সরকারটা রাইটার্স বা মহাকরণ থেকে পরিচালনা হবে না। সরকারটা পরিচালিত হবে গ্রামের মানুষকে পাশে নিয়ে গ্রামথেকেই। ধারাবাহিকভাবে আমরা দেখছি সরকার এই নীতি নিয়ে রাজ্য পরিচালনা করছেন এবং তার মধ্যে দিয়ে একটা সীমাবদ্ধ রাজনৈতিক ও প্রশাসনিক পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলার যে উন্নতি ঘটানো গিয়েছে পশ্চিমবাংলার কৃষকদের সঙ্গে নিয়ে যে কাজ করা গিয়েছে বিরোধীরা গোটা রাজ্যকে সেই অবস্থায় উপস্থিত করতে পারবেন না। স্যার, আমরা যখন পশ্চিমবাংলার উন্নতি করার চেষ্টা করছে, সেই অবস্থায় আমাদের বামফ্রন্ট সরকার যখন রাজ্য পরিচালনা করছেন তখন গোটা দেশের চেহারাটা কিং

দেশের প্রধানমন্ত্রী দুর্নীতির অভিযোগে অভিযুক্ত, বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রী দুর্নীতির অভিযোগে পদত্যাগ করেছেন। কেন্ট পদত্যাগ করে আবার ফিরে এসেছেন এবং শেয়ার কেলেঙ্কারির মতোন একটা কেলেঙ্কারির সারা দেশের নীতি ও প্রশাসনকে একেবারে তছনছ করে দিয়েছে। গোটা দেশ জুড়ে দুর্নীতির ব্যাপারে একটা সাড়া পড়ে গিয়েছে। এই অবস্থায় পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে মানুষকে সঙ্গে নিয়ে এগিয়ে চলার চেন্টা করেছে। এখানে কোথাও কোনও সামান্যতম দুর্নীতি পর্যন্ত নেই বা কোনও ব্যতিক্রম দ্র্টাত নেই একথা নিশ্চয় আমি বলব না কিন্তু সাধারণভাবে একটা পরিচ্ছেন্ন প্রশাসন নিয়ে এখানকরে সরকার সাধারণ মানুষকে তার সঙ্গে করে করে চলার চেন্টা করছেন এবং তার প্রমাণ হচ্ছে

গত পঞ্চায়েত নির্বাচন। গত পঞ্চচায়েত নির্বাচনে এই রাজ্যের মানুষ আরও বেশি বেশি করে <sub>সামফ</sub>ন্ট সরকারকে সমর্থন জানিয়েছেন। আজকে পশ্চিমবাংলায় এমন একটা জেলা নেই গুখানে জেলা পরিষদকে পরিচালনা করার জন্য সেই জেলার মান্য কংগ্রেসকে ক্ষমতা ্রিয়েছেন। এরমধ্যে দিয়েই প্রমাণিত হয় যে এখানকার বামফ্রন্ট সরকার সাধারণ মানুষকে দ্রান্ত নিয়ে চলার চেষ্টা করছেন এবং একটা পরিচ্ছন্ন প্রশাসন দেওয়ার চেষ্টা করছেন। সারে ্রত ৬ই ভিসেম্বরের ঘটনা সকলেই জানেন। গোটা দেশের মানুষ চেয়েছিলেন যে বাবরি মসজিদ অক্ষন্ন থাক। কিন্তু দেখা গেল সপ্রিম কোর্টের মতামতকে অগ্রাহ্য করে বাবরি মসজিদকে ভাঙ্গা হল। সেই ঘটনার পর মনে হয়নি যে সারা দেশে প্রশাসন বলে কিছু আছে। সারা দেশ সেই সময় ভীত সম্ভস্ত হয়ে পড়েছিল। প্রধানমন্ত্রীর হাতেও কোনও লাগাম ছিল না বা তার কোন ইচ্ছা ছিল বলে দেশের মানুষের মনে হয়নি। কিন্তু সেই সময় আমরা পশ্চিমবাংলা কি দেখেছি? আমরা জানি যে এই পশ্চিমবাংলাকে নিয়ে বারবার চক্রান্ত করা হয়েছে এবং এখানকার মানুষের মতামতকে অগ্রাহ্য করে সরকারকে পর্যন্ত ফেলে দেওয়া হায়ছে। এই বাবরি মসজিদকে কেন্দ্র করেও সাংঘাতিক চক্রান্ত করা হয়েছিল কিন্তু পশিচমবাংলার অগণিত শুভবদ্ধি সম্পন্ন মান্যের প্রচেষ্টায় সেই চক্রান্ত সফল হয়নি। এর সঙ্গে এখানকার সাধারণ প্রশাসন ও পলিশ প্রশাসন একটা স্বচ্ছ দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করে গেছেন। কোথাও কোথাও কিছু অপ্রীতিকর ঘটনা ঘটলেও সারা দেশের মধ্যে পশ্চিমবাংলা তার সম্মান অক্ষম সেই সময় রাখতে পেরেছিল। স্যার, এখানে বিরোধীদলের একজন মাননীয় সদস্য **উপস্থিত** আছেন। তিনি একটি ছোট দল—এস. ইউ. সি. ডাই. দলের সদস্য। তিনি এই বাজেটের উপর বক্ততা করতে গিয়ে দেখলাম সরকারী কর্মচারিদের একটা বড অংশের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করলেন। স্যার, পশ্চিমবাংলার সরকারী কর্মচারিদের ব্যাপারে আমরা গর্ব করে বলতে চাই যে এখানকার কর্মচারিদের একটা বড অংশের শুভ ইচ্ছা আছে বামফ্রন্ট সরকারের জনমুখী নীতিগুলিকে বাস্তবায়িত করার। এরজন্য তারা প্রতিনিয়ত সংগ্রাম করছেন, কাজ করে যাচ্ছেন। আর তাদের সম্পর্কে আমাদের বিরোধী দলের সমস্ত চক্রান্ত বারবার আমরা দেখেছি এখানে পর্যদৃস্ত হয়েছে। সরকারী কর্মচারিদের একটা ক্ষুদ্র অংশকে সঙ্গে নিয়ে এখানকার বিরোধী দলরা যে চেষ্টা করছেন তাতে তারা সফল হতে পারেননি কারণ সরকারী মানুষের <sup>কাছে</sup> উপস্থিত করার চেষ্টা করছেন। সেইজনাই দেখা যায় যে পোস্টার দেওয়া *হচে*ছ সময়মতো কাজে আসুন, কাজের সময়ের মধ্যে সংগঠনের কোনও মিটিং হবে না ইত্যাদি। এসব দেখে ষাভাবিকভাবেই গর্বে আমাদের মাথা উঁচু হয়ে যায়। পশ্চিমবাংলার যে ঐতিহ্য তা এই সরকারী কর্মচারিদের বেশির ভাগের মধ্যে দিয়ে প্রবাহিত হয়ে চলেছে।

স্যার, বিরোধী সদস্যরা অনেক কথা বলেছেন, আমি দু একটা কথা বলব। কংগ্রেসি সদস্যরা তারা দুর্নীতি এবং প্রশাসনকে ব্যক্তিগত স্বার্থে ব্যবহার করা নিয়ে অনেক কথা বলেছেন। স্যার একটা পুরানো বই ঘাঁটলে ৭৩ সাল সাল থেকে বোঝা যাবে। ১৯৭৩ থেকে ৭৭ সাল, আমাদের মাননীয় সদস্যরা বলেন পশ্চিমবাংলায় যখন কংগ্রেসের স্বর্ণযুগ, সেই স্বর্ণ <sup>৭৭</sup> সাল, আমাদের মাননীয় সদস্যরা বলেন পশ্চিমবাংলায় যখন কংগ্রেসের স্বর্ণযুগ, সেই স্বর্ণ <sup>৭০</sup> কংগ্রেসের সদস্যরা কি বলছেন? ২০শে মার্চ, ৭৪ সাল, বর্ধমান বিশ্ববিদ্যালয় সম্পর্কে আলোচনা হচ্ছে, তুহিন সামস্ত বলছেন, বর্ধমান বিশ্ববিদ্যালয়ে অরাজকতা চলছে, বর্ধমান বিশ্ববিদ্যালয়রে পি. জি. কাউপিল অন্য একজনকে রেজিস্ট্রার নিয়োগ করেছে, যার ফলে

রেজিস্টারকে ওদের রাজনৈতিক চক্রান্তের শিকার হতে হয়েছে। ফাইনান্স অফিসারকে চাকরি থেকে বরাখান্ত করার চক্রান্ত হচ্ছে। এই বিষয়ে তখনকার শিক্ষামন্ত্রীর কাছে কৈফিয়ত চাইছেন। এই কাজ কেন হয়েছে? আবদল বারি বিশ্বাস, তিনি বলছেন যে হাওডা পৌর এলাকার পয়ঃপ্রণালীর এত দুরবস্থা যে মানুষ দুর্গন্ধে বসবাস করতে পারছে না, ভয়ানকভাবে ঐ এলাকার মান্য কলেরায় আক্রান্ত হচ্ছে। বলছেন শত শত লোক হাসপাতালে ভর্তি হচ্ছে। ৭৪ সালের ৯ই ফেব্রুয়ারি আনন্দ বাজার পত্রিকা কি লিখছেন---বলছেন ২০৫ জন বিধায়ক যারা লেভির ধান দেয়নি, কংগ্রেসের বিধায়ক। ২৬ তারিখে কি আলোচনা হয়েছে, মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় তিনি দিল্লিতে যান প্রায়শই, কিন্তু তিনি বঙ্গভবনে ওঠেন না, বঙ্গভবনে উঠলে তার পদমর্ঘাদা ক্ষম হবে, সেই জন্য মাসিক চার হাজার টাকা ভাডা দিয়ে বাডি ভাডা করা হয়েছিল। যখন পশ্চিমবাংলার দূরবস্থা চলছে, যখন পশ্চিমবাংলার মানুষ মাইলো, ভুটা খেয়ে দিন যাপন করছে তখন এই ভাবে টাকার অপচয় করা হয়েছে। তখন সরকারী প্রশাসনকে সিদ্ধার্থশঙ্করবাব এইভাবে ব্যবহার করেছেন। কংগ্রেসিরা সমালোচনা করতে পারেন. কিন্ধ এস, ইউ, সি.-র তরফ থেকে কিন্তু একবারও বলা হল না যে প্রশাসনের কাজ কর্ম ভাল ভাবে চলছে, তার মধ্যে হয়ত বিভিন্ন প্রশ্ন থাকতে পারে, কিন্তু এই কথা বললেন না যে সারা দেশের মধ্যে পশ্চিমবাংলা একটা উদাহরণ সৃষ্টি করেছে যারা নিজের নিজের এলাকায় বামপন্থী দল বলেন, তারা নাকি জ্যোতি বসুর সঙ্গে এক দলের মধ্যে আছেন, তারা যদি একবারও বলতেন যে কলগেট প্রস্কার পশ্চিমবঙ্গ সরকার পেয়েছে বনভূমি তৈরি করার জনা, একটা আন্তর্জাতিক পরস্কার। তারা যদি পশ্চিমবঙ্গ সরকারকে অভিনন্দন জানাতেন এবং তারপর যা বলার বলতেন কিন্তু তা তারা করলেন না। দেবপ্রসাদবাবু এবং আমি একই জেলা থেকে আসছি এবং আমরা একই জেলা পরিষদের সদস্য। সেখানে যখন আলোচনা হয়েছে। ওদের সভাপতিরা তো পশ্চিমবাংলার প্রশাসন সম্পর্কে কথা বলতে একবারও উঠলেন না? দক্ষিণ ২৪ পরগনায় যারা বামপন্থী, যারা প্রশাসন পরিচালনা করছেন, জয়নগর, কলতলী, সেখানে কিন্তু তাদের কোনও ফারাক নেই। এক রকম ভাবে ইরিগেশনের কাজ চলছে, বাঁধ করার জনা টাকা পয়সা তারা পান।

[3-40 — 3-50 p.m.]

সূতরাং এই জাতীয় কথা কিভাবে বললেন তা জানি না। স্যার, দেবপ্রসাদবাবু সূতরাং এই জাতীয় কথা কিভাবে বললেন তা জানিনা। নিশ্চয়ই ঐ ঘটনা গঙ্গাসাগরের লগু ভূবির এখানে উল্লেখ করেছেন। নিশ্চয়ই ঐ ঘটনা ইদানিংকালের সব চেয়ে দুঃখজনক ঘটনা। কিন্তু যে মূহুর্তে ঐ ঘটনা ঘটেছে সেই মূহুর্তে রাজ্যের জনপ্রিয় মুখ্যমন্ত্রী ঘটনার গভীরতা চিন্তা করে কমিটি তৈরি করে দিয়েছেন। মাননীয় মন্ত্রীরা সঙ্গে সঙ্গে ঘটনাহলে ছুটে গিয়েছেন এবং জেলা প্রশাসন ও পূলিশ প্রশাসনকে নিয়ে দিন রাত পড়ে থেকেছেন, মানুষদের উদ্ধার করবার চেন্তা করেছেন। অথচ মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু কয়েকটা পত্র-পত্রিকার অপপ্রচারকে এখানে উল্লেখ করলেন। প্রকৃত ঘটনার খোঁজ খবর না নিয়েই তিনি ঐসব কথা এখানে বললেন। লঞ্চ ভূবি হয়েছে, অনেক মানুষ মারা গেছে, নিশ্চয়ই দুঃখজনক ঘটনা, দুর্ভাগ্যজনক ঘটনা। উনি শুধু ঘটনাটাই দেখলেন, তারপরে সাধারণ প্রশাসন এবং পূলিশ প্রশাসনের ভূমিকাটা দেখলেন না। নামখানার পঞ্চায়েত সমিতি কংগ্রেসি দলের পরিচালনাধীন, ঐ পঞ্চায়েত সমিতির

<sub>সভাপতি</sub> ঐ সময়ে অসম্ভব পরিশ্রম করেছিলেন। আমরা তার প্রশংসা করি। কিন্তু আমরা ্র সময়ে ওখানে এস. ইউ. সি. দলকে দেখতে পাই নি। গঙ্গাসাগরে যেসব মানুষের আছীয় সক্ষন গিয়েছিলেন তারা তাদের খোঁজে ওখানে ছুটে গিয়েছিল—বাবা, মা. স্ত্রী. ভাই. বোনকে ্র<sub>জার</sub> করার জন্য গিয়েছিল, অনেকে তাদের আত্মীয় স্বজনদের ফিরে পেয়েছেন, অনেকে ্র্যারি। কিন্তু তারা সকলেই স্বীকার করেছেন যে, মন্ত্রীরা পর্যন্ত তাদের জন্য আপ্রাণ চেষ্টা করেছেন, এক সঙ্গে বসে চা খেয়েছেন, মৃত দেহ সনাক্ত করতে সাহায্য করেছেন, থাকার বাবস্থা করে দিয়েছেন, খাবার ব্যবস্থা করে দিয়েছেন। এমন কি প্রয়োজনে টাকা পয়সার ব্যবস্থা পর্যন্ত করে দিয়েছেন। সে সময়ে কোথায় ছিলেন দেবপ্রসাদবাবু এবং তার এস. ইউ. সি. দ্রু যখন শেষ দিন মৃত দেহগুলি গণ-দাহ করা হচ্ছিল তখন ওখানে অনেকগুলো মৃত দেহ 🖏 রাখা হয়েছিল। মত দেহগুলিতে মালা পরানো হচ্ছিল। সেই সময়ে উত্তর প্রদেশের দ'জন যুবক সেখানে উপস্থিত ছিলেন, তারা তাদের মা বাবাকে খুঁজতে এসেছিলেন। তাদের বাবা মাকে না পেয়ে সেখানে দাঁডিয়ে এসব মৃত দেহগুলি দেখিয়ে বলেছিলেন, 'এরাই আমাদের বাবা মা। আমরা দেশে গিয়ে বলব আমরা তাদের শেষ কাজ সমাধা করে এসেছি।' অথচ কংগ্রেস দল এবং কিছু সংবাদপত্র লঞ্চ ডুবির ঘটনা নিয়ে কত অপপ্রচারই না করেছে। এরকম একটা ঘটনা যেখানে ঘটল সেখানে তারা মানুষের পাশে—দুর্গত মানুষের পাশে না দাঁডিয়ে অপপ্রচারে মদত দিলেন। বামফ্রন্ট সরকার বিভিন্ন স্তরের মানুষদের নিয়ে, প্রশাসনিক কর্মীদের নিয়ে যেভাবে রাজা প্রশাসন পরিচালনা করছেন তাতে আমরা আশা করি বিভিন্ন গঠনমূলক কাজে আগামী দিনে আমরা বিরোধী সদস্যদেরও পাব। এই কথা বলে, এই বায়-বরাদ্দের দাবিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী হারান হাজরা : মাননীয় স্পিকার, মহাশয়, আমি আপনার মাধ্যমে ১৯৯৪-৯৫ সালের ১৮ নং এবং ১৯ নং দাবির অধীন মাননীয় মুখ্যমন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে পর্ণ সমর্থন করছি। আমরা ভেবে ছিলাম আজকে বিরোধীদের কাছ থেকে বক্তবা খনতে পাব। জানি না কি কারণে তারা আজকে এই মৃহর্তে এখানে অনুপস্থিত, কেন তারা বেরিয়ে গেলেন। এর থেকেই বোঝা যাচ্ছে যে, তারা কতটা দায়িত্ব-জ্ঞানহীন। অবশ্য এটা আমরা জানি যে, তারা সব সময় পশ্চিমবঙ্গের প্রশাসনকে বেকায়দায় ফেলবার জন্য চেষ্টা করেন। এই নমুনা আমাদের রাজ্যে অনেক আছে। রাইটার্স বিশ্ভিংস অভিযানের নামে বাস, দ্রীম, অফিস ভাঙচর করা, পুলিশের উপর বোমা ছোডার কথা আমার জানি। আমরা এটাও জানি আসলে তাদের কোনও নীতি নেই, বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে কুৎসা রটনা করাটাই তাদের এক মাত্র নীতি হয়ে উঠেছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় হচ্ছে—যারা নিজেদের <sup>া বামপন্থী</sup> বলে জাহির করেন—দেবপ্রসাদ-বাবুরা, তারা ও বামফ্রন্ট সরকারের প্রশাসনের কোনও <sup>দক্ষতা</sup>, গতিশীলতা দেখতে পাচ্ছেন না। এটা খুবই আশ্চর্যের বিষয়। অথচ আমরা দেখতে পাচ্ছি বামফ্রন্ট সরকার এ রাজ্যে এমন সব কাজ করেছেন যা কংগ্রেস আমলের ২০ বছরে <sup>কখনও</sup> হয়নি। তাদের পঞ্চায়েত নির্বাচন করার কখনও সাহস হয়নি। বামফ্রন্ট সরকার চার <sup>চারবার</sup> পঞ্চায়েত নির্বাচনের মধ্যে দিয়ে গোটা পশ্চিমবাংলায় শুধু নয়, সারা ভারতবর্ষে একটা <sup>যোগ্য</sup> এবং সুদক্ষ প্রশাসন-এর নজির স্থাপন করেছেন। হাজার-হাজার লোক গ্রাম পঞ্চায়েড <sup>(প্রেক</sup> শুরু করে পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদে নির্বাচিত হয়েছে এবং এই ক্ষমতার

[4th April, 1994]

বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে আজকে গ্রাম গঞ্জের মানুষ বাস্তবমুখি, গণমুখি হয়ে উঠেছেন সূতরাং দেবপ্রসাদবাব বামফ্রন্ট সরকারের প্রশাসনের মধ্যে যে কোনও গতিশীলতা খাছ পাননি সেটা সঠিক নয়। আজকে দেবপ্রসাদবাবুকে বলতে চাই, একটা ধনতান্ত্রিক রাষ্ট্রীয কাঠামোর মধ্যে পশ্চিমবাংলা হচ্ছে একটা অঙ্গরাজা। কেন্দ্রীয় সরকারের পরিচালিত নীতির ফলে গোটা দেশের শাসন ব্যবস্থা ভেঙে পড়েছে। সাম্প্রতিককালে বাবরি মসজিদকে কেন্দ্র করে সারা দেশে যে একটা অস্থিরতা সৃষ্টি করেছিল—আমরা জোরের সঙ্গে একথা বলাদ পারি—দু-একটি বিচ্ছিন্ন ঘটনা পশ্চিমবাংলায় ঘটলেও অন্যান্য রাজ্যে মতো পশ্চিমবাংলায় বিরাট দাঙ্গা সংগঠিত হয়নি। পশ্চিমবাংলায় সূদক্ষ এবং সৃস্থির প্রশাসন থাকার ফলে এটা সম্ভব হয়েছে। দেবপ্রসাদবাবুকে এটা স্বীকার করতেই হবে। আজকে ভারতবর্ষের কথা ভারত কেন্দ্রীয় সরকারের প্রশাসনের মধ্যে নানা রকম দর্নীতি এবং কেলেঙ্কারি হচ্ছে। গোয়ার কঞ্চ চিন্তা করুন। গোয়াতে ১ দিনের মুখ্যমন্ত্রী নির্বাচিত হলেন, তারপর তাকে তাডিয়ে দেওয়া হল। এটা কোন প্রশাসনিক নমুনা—সেটা ভাবতে হবে? তাই বলছি, মাননীয় মুখ্যমন্ত্রীর বাজেট ভাষণে এমন কোনও জায়গায় লেখা নেই আমরা কোনও ক্ষেত্রেই দাবি করি না যে পশ্চিমবাংলার প্রশাসন একেবারেই দুর্নীতিমুক্ত করতে পেরেছি, পশ্চিমবাংলার প্রশাসনক একেবারেই গণমুখি করতে পেরেছি? তবে হাাঁ, এই দাবি আমরা করতে পারি, কংগ্রেমি শাসন ব্যবস্থায় পশ্চিমবাংলার যে প্রশাসনের অবস্থা ছিল তার চেয়ে ঢের ঢের বেশি আমরা পশ্চিমবাংর প্রশাসনকে গণমুখি, সুদক্ষ এবং নিয়মানুবর্তি করে তুলতে সক্ষম হয়েছি। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী মহাশয় বারেবারে বলেছেন যে আমরা সর্বদা প্রচেষ্টা চালিয়ে যাছি যাতে প্রশাসনকে মানুষ বিশ্বাস করে, দুর্বলতর শ্রেণীর মানুষের পাশে গিয়ে দাঁডায়, সেবক হিসাবে যাতে মানুষের কাজ করে। পশ্চিমবাংলার প্রশাসন যাতে নিয়মানুবর্তি হয়, সংবেদনশীল গরীব মানুষের জন্য যাতে কাজ করে তারজন্য আমরা ক্রমাগত ধারাবাহিকভাবে চেষ্টা করছি **এবং তারই ফলশ্রুতি হিসাবে আমরা দেখতে পাই পঞ্চায়েত নির্বাচন। সারা ভারতব**র্ষে সাম্প্রদায়িকতার প্রশ্নে যে অস্থিরতা দেখা গিয়েছিল তাকে আমরা ঠেকাতে পেরেছি এমন কি ১৯৭৮ সালে যে সর্বনাশা বন্যা পশ্চিমবাংলায় হয়েছিল, পশ্চিমবাংলার প্রশাসন দক্ষ ছিল বলেই বন্যার্ত মানুষের কাছে রিলিফ পৌঁছে দিতে পারা গেছে এবং পুনর্বাসন এবং পুনর্গঠনের কাজ হয়েছে। তাই বলছি, বিরোধিতা করতে হবে বলে বিরোধিতা করা—এটা ঠিক নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকার জনগণের বিশেষ করে দর্বলতর শ্রেণীর মানষের জন্য প্রশাসনকে গতিশীল, নিয়মানুবর্তি, চিন্তাশীল, সহানুভূতিশীল করে তোলার জন্য সর্বদা প্রয়াস করছেন, সেইজন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সাথে সাথে বলছি, আজকে প্রশাসন ব্যবস্থা আরো দৃঢ় হবে, নিচের তলা থেকে তৃণমূল স্তরে প্রশাসনিক পরিকাঠামোকে পুনর্গঠন করার জন্য। যেমন, ২৪-পরগণা এবং পশ্চিমদিনাজপুরকে ভাগ করে দুটো জেলা গঠন করা হয়েছে। এছাড়া প্রশাসনিক ক্ষেত্রে কল্যাণী, বোলপুর, খাতরা এই ৪ মহকুমা গঠন করা হয়েছে এবং আরো কয়েকটি জেলা এবং মহকুমা গঠন করার কথা চিন্তা করছেন।

[3-50 — 4-00 p.m.]

প্রশাসনকে দুর্নীতি-মুক্ত করবার জন্য আজকে বামফ্রন্ট সরকার ভিজিলেন্স কমিশন গঠন

করেছেন এবং সেখানে ৩০.১১.১৯৯৩ পর্যন্ত ৮৫০টি অভিযোগের দরখান্ত এসেছে। এরমধ্যে ৪০টি অভিযোগের বিরুদ্ধে বিভাগীয় তদন্তের সুপারিশ করা হয়েছে এবং ১৬টি ক্ষেত্রে শান্তির সুপারিশ করা হয়েছে। তাই আমি বলবো, এখানে যারা বিরোধিতা করছেন তাদের যদি প্রশাসনকে দুর্নীতি-মুক্ত এবং গতিশীল করবার সদিচ্ছা থাকে তাহলে তাদের সহযোগিতার হাত বাড়িয়ে দিন এবং তাহলে পশ্চিমবঙ্গের প্রশাসনকে আরও গতিশীল করা সম্ভব হবে, গরীব মানুষের স্বার্থ বেশি করে দেখা সম্ভব হবে এই বিশ্বাস আমার আছে। সাথে সাথে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করবো, প্রশাসন যাতে আরও দৃঢ় হয়, আরও গতিশীল হয় এবং গরীব মানুষের সাংবিধানিক অধিকার যাতে আরও দৃঢ় হয় তারজন্য আরও বেশি বেশি নজর রাখবেন, এই অঙ্কা কয়েকটি কথা বলে, বাজেটকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

খ্রী জ্যোতি বসুঃ মিঃ ম্পিকার স্যার, আমি ১৮ এবং ১৯ নম্বর দাবির অধীনে বায়-বরাদের যে সুপারিশ করেছি তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি এবং সমস্ত ছাঁটাই প্রসাবের বিরোধিতা করছি। এখানে বিরোধী পক্ষ থেকে অনেক কথা বলা হয়েছে। তার পরিপ্রেক্ষিতে আমি একই কথার পুনরুদ্বেখ করছি যা ১৭ বছর ধরে বারবার করেছি। আমরা ৩ধ রাইটার্স বিশ্ভিং-এর কেন্দ্রীয় অফিসে বসে বা জেলা অফিসে বসে সরকার পরিচালনা করবো না। এখানে আমরা নতুন যে পদ্ধতিতে সরকার পরিচালনা করছি সেইভাবে ভারতবর্ষের কোন রাজ্য সরকার পরিচালিত হয় না। জনগণের সঙ্গে সম্পর্ক রেখে, তার অর্থ হল, তাদের বিভিন্ন অংশের সংগঠনের সঙ্গে যোগাযোগ রেখে, আলাপ-আলোচনা করে, ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে আমরা রাজ্য প্রশাসন চালাচ্ছি। আজকে যে কথা রাজ্যগুলিকে কেন্দ্রীয় সরকার বলছেন সেটা আমরা আগেই করে দেখিয়ে দিয়েছি। এখন কেন্দ্রই বরং আমাদের পথ অনুসরণ করবার চেষ্টা করছেন। তবে এ-সম্পর্কে কেন্দ্রীয় সরকার যে আইন করেছেন সেই অনুযায়ী তাদের পরিকল্পনা কার্যকর হবে কিনা আমি বলতে পারছি না সেটা ভবিষাৎই বলতে পারবে। আমরা এখানে পঞ্চায়েত এবং পৌরসভার মাধ্যমে জনগণের কাজ করি. নিয়মিতভাবে নির্বাচন করি কারণ জনগণের উপর আমাদের বিশ্বাস আছে। ভারতবর্ষের কোথায় য়ে এইভাবে নিয়মিত নির্বাচন? এটা নিশ্চয়ই গর্বের কথা যে, আমরা এইভাবে রাজ্য প্রশাসন গলাবার চেষ্টা করছি। এখানে শান্তশ্রী চ্যাটার্জি এ্যাডমিনিস্টেটিভ রিফর্মস কমিটির কথা বলছিলেন। <sup>্র</sup> কমিটি যেসব প্রশাসনিক ব্যবস্থা নেবার ব্যাপারে সুপারিশ করেছিলেন তার বেশিরভাগ মুপারিশই কার্যকর করা হয়েছে ; কয়েকটি বাকি আছে, সেগুলোও কার্যকর করবো। এক্ষেত্রে মামরা অনেকটাই করেছি, তবে আরও কিছু করবার আছে। করে ফেলেছি বললে আত্মতুষ্টির াথা এসে যায়।

এখানে কেউ কেউ বলেছেন যে আমাদের প্রশাসনকে ভালভাবে চালাতে গেলে কর্মীদের রন্য ভাল ব্যবস্থা করতে, হবে। রাইটার্স বিশ্ভিংয়ে যে ব্যবস্থা আছে, সেটা ব্রিটিশরা তৈরি র্নির্ছিল। সেখানে আজকের দিনে আর চলেনা। আমাদের এই ব্যবস্থা করতে সময় লাগছে, কম্ব আমরা করছি। এই কাজ শুরু হয়ে গেছে। শিক্ষা বিভাগের সমস্ত কর্মীরা, অফিসাররা, ঞ্জীরা বিধান নগরে চলে গেছেন। আরো আমরা স্থান খালি করার চেষ্টা করছি। আরো বিভিন্ন জায়গায় দপ্তরশুলো ছড়িয়ে আছে সেশুলিকেও আমরা সন্টলেকে নিয়ে যাবার চেষ্টা

[4th April, 1994]

করছি। অনেক মহিলা কর্মী আছেন তাদের কিছু অসুবিধা ছিল, সেগুলির দিকে নজর দিতে হবে। আগে থেকে যেন নতুন জায়গাতে তাদের সুবিধা-অসুবিধা দেখা হয়।

তারপরে দেবপ্রসাদ সরকার মহাশয়, তিনি আমাদের বিরোধিতা করেছেন। তিনি নিজেক বামপন্থী বলেন, কিন্তু তারা বামপন্থীদের সঙ্গে নেই। যারা বামপন্থীদের বিরুদ্ধে, আমাদের সরকারের বিরুদ্ধে, তাদের সঙ্গে ওনার দল আছেন। উনি কি বললেন? উনি বললেন যে গঙ্গাসাগরে লঞ্চ ডুবে গিয়েছিল এবং তাতে অনেক মানুষ মারা গেছে। এটা খুবই দুঃখের বিষয়, পরিতাপের বিষয়। এখানে সুন্দরভাবে গঙ্গামান হল, কিন্তু শেষ মুহর্তে এই ঘটনা ঘটলো। তিনি বললেন যে এতে আমাদের প্রশাসনিক ত্রুটি আছে, তারাই দায়ী। এই ব্যাপারে একটা কমিটি বসেছে, তারা রিপোর্ট দেবেন। এখন একটা আকসিডেন্ট হলে কি করে প্রশাসন দায়ী হবে সেটা আমি বুঝতে পারছি না। ইনকোয়ারি কমিটি বসেছে. তারা ইনকোয়ারি করে আমাদের কাছে রিপোর্ট দেবেন। তারপরে উনি আমাদের সমালোচনা করে যে সব ইনকোয়ারি কমিশন করা হয়, জডিশিয়াল ইনকোয়ারি সেই বিষয়ে প্রশ্ন তলেছেন। আমরা হিসাব নিয়ে দেখেছি যে, গত ১০ বছরে ১১টি কমিশন হয়েছে এবং তার মধ্যে ৬টির রিপোর্ট অ্যাসেম্বিলিতে দেওয়া হয়েছে। অন্য কোনও প্রদেশে এগুলি হয় কিনা আমি জানি না। আর একটা রিপোর্ট আমার কাছে ২/৩ সপ্তাহ আগে এসেছে। বানতলা সম্পর্কে যে রিপোর্টটা সেটা এসেছে। আমরা আশা করছি যে আমাদের এ্যাসেম্বলিতে পরে সেটা প্লেস্ড করতে পারবো। আর ৪টি বাকি আছে। উনি মূর্শিদাবাদের কথা বলেছন। সেখানে জজের মৃত্য ঘটলো। জাস্টিস দেবের মৃত্যু হয়ে গেল, কি করবো আমরা? সব থেকে পুরানো, কিন্তু এখনও তার রিপোর্ট আসেনি, তার রিপোর্টের জন্য আমরা অপেক্ষা করছি। নতন জজ তিনি এই কাজে হাত দিয়েছেন, তিনি করবেন। ঠিক সেইভাবে হরিহর পাডার ক্ষেত্রে ১৯৯২ সালে জডিসিয়াল ইনকোয়ারি বসেছিল, সেটাও ঐ একই জজ করেছেন। সেই রিপোর্ট যখন আসবে তখন এ্যাসেম্বলিতে আমরা পেশ করবো। তারপরে ইউসুফ কমিশন, গাঙ্গলি কমিশন, চুনী কোটালের মত্য বিষয়ক কমিটি এখনও আমরা পাইনি। আশা করছি আমরা পাবো। যদি এ্যাসেম্বলি সেসান থাকাকালীন পাই সেটা অ্যাসেম্বলিতে রাখতে পারবো। আর যদি না পাই তাহলে পরের সেসানে দিতে পারবো। আর ইউসফ কমিশন প্রায় ৬৫ জন সাক্ষি ইত্যাদিকে **ডেকেছেন, কাগজে দেখেছি। তবে একটা কথা হচ্ছে, কমিশনকে কি অর্ডার দিয়ে আমরা কা**ড করাতে পারি? কমিশনকে অর্ডার দিয়ে কাজ করানো চলেনা। তারা হাইকোর্টের জজ, প্রাক্তন জজ, তারা এই সমস্ত কাজ করেন। তাদের হয়তো কিছ অসবিধা আছে, আমরা সেওলি দুর করার চেষ্টা করছি। সেজন্য একটু দেরি হচ্ছে। কিন্তু খব দেরি হয়েছে, এই ১১টার মধ্যে। ২/৩টা ছাডা, এটা বলতে পারবো না। আমরা বারে বারে বলেছি যে আমাদের এখানে ওয়ার্ক কালচার কথাটা ব্যবহার করে উন্নতি হয়েছে। আমরা মনে করি যে এখানে কাজের <sup>গতি</sup> এসেছে। এটা কি নেতিবাচক কথা হয়ে গেল? গতি এসেছে, আরো বেশি উন্নত হবে। বারে বারে উন্নত হবে, এটা অফিসার, কর্মী, সকলকে মনে রাখতে হবে। এই দৃষ্টিভঙ্গি <sup>নিয়ে</sup> আমরা চলেছি। আর একটা সমালোচনা হয়েছে বাংলা ব্যবহারের ক্ষেত্রে, বিশেষ করে আদাল<sup>তের</sup> কাজকর্মে। আদালতের ব্যাপারে হিসাব করে দেখা গেছে যে এখনও ঠিক মত চালু নেই। <sup>৩টি</sup> কোর্ট হয়েছে, তার ৩টিতে বাকি আছে। আমরা অল্পদিনের মধ্যে এগুলি করতে পা<sup>রবো।</sup>

আমাদের মন্ত্রী মহাশয় এই ব্যাপারে খুবই চেষ্টা করে যাচ্ছেন। আমিও একটাতে গিয়েছিলাম <sub>যেখানে</sub> বাংলা একটা কোর্টের ভাষা হিসাবে ব্যবহার করা হয়েছে, বোধহয় হুগলীতে, আমার যুতটা মনে পড়ে।

[4-00 — 4-10 p.m.]

তারপরে শিক্ষকদের সম্বন্ধে এই কথা ঠিক যে তাঁদের কাগজপত্র পেতে অসবিধা হয়। সেই জন্য আমরা টিম করেছিলাম, তারা জেলায় জেলায় গিয়ে খোঁজ আনবে। কারণ অনেক শিক্ষক আছেন তাঁরা কবে কোথায় শিক্ষকতা করতে ঢুকেছিলেন সেই সব কাগজপত্রে আছে কিনা ঠিক নেই এবং যদি থাকে সেই সব পেতে দেরি হয় এবং সেই সমস্ত কিছ জোগাড করতে সময় লাগে। সেই জন্য আমরা টিম পাঠিয়েছিলাম এই সমস্ত ব্যাপারে তারা যাতে ঘরে ঘরে দেখেন। তবে এই যে বলা হচ্ছে যে আমরা নাকি ইচ্ছাকৃতভাবে পেনশান দিচিছ না বা যা প্রাপ্য তা আমরা দিচ্ছি না এই কথাটা যে কেন ব্যবহার করা হল আমি বুঝতে পারছি না। কেন এটা করতে যাবো? ওরা কি আমাদের শত্রু নাকি যে ওদের বিরুদ্ধে এটা করে যাবো? তারপর হচ্ছে অনেক দুর্নীতি সম্বন্ধে সাধারণ যা কথা তাই বলেছেন। কোন দৃষ্টান্ত দেননি। ওনাদের কিছু আছে জানি না, থাকলে আমি খোঁজ-খবর নিয়ে দেখতে পারি। সেইজন্য উত্তর দেবার কোন প্রয়োজন নেই। তারপর বলেছেন বদলি সম্পর্কে আমরা নাকি পক্ষপাতিত্ব করি. বিনা কারণে বদল করি। একেবারেই নয়, আমাদের বদলির ব্যাপারে কতকণ্ডলি নিয়ম কানুন আছে সেটা মেনে আমরা বদলি করি এবং আমাদের প্রশাসনের স্বার্থে বদল করি। এটা বলতে গিয়ে ১৭ বছর ধরে বার বার একটা কথা আসছে কো-অর্ডিনেশান কমিটি নাকি বদলি করে, তারা নাকি আমাদের সুপারিশ করে। কো-অর্ডিনেট কমিটি একটাও স্পারিশ করেনি, একটাও না বিগত ১৭ বছরে। কেন করবেন, আমরা কি সব দায়িতজ্ঞানহীন মন্ত্রী নাকি? যে কেউ আমাদের কাছে বলতে পারে, যে কেউ আসতে পারে, অভিযোগ থাকলে জানাতে পারেন। কিন্তু সিদ্ধান্ত তো আমাদের নিতে হবে এবং তা আমরা নিয়ে চলেছি। এটা আনন্দের বিষয় যে সরকারি কর্মচারিদের যে সব বড সংগঠনগুলি আছে, তারা আমাদের সঙ্গে যোগাযোগ রাখেন। অন্য জায়গায় গোলমালটা হয় কেন? সেখানে কর্মীদের সঙ্গে কোন সম্পর্ক নেই সরকারের। সরকারের কর্মীদের উপর আস্থা নেই, কর্মীদেরও সরকারের উপর আস্থা নেই। আমাদের এখানে ওরা দাবি-দাওয়ার সঙ্গে কাজের কথাও বলেন, ওয়ার্ক কালচারের কথাও বলেন, যাতে দ্রুত গতিতে কাজ হয় সেই কথাও তারা বলেন। এটাই তো আনন্দের বিষয়, গর্বের বিষয়। কিন্তু এটা কারো কারো পছন্দ নয়। এর যারা বিরুদ্ধে তাদের আমি আর কি করে সাহায্য করবো? তারপর বলেছেন, কি রকম গতিশীল সরকার যে আডমিনিসট্রেটিভ ট্রাইবুনাল করতে পারলাম না। সব জায়গায় জজ ইত্যাদি সব ঠিক হয়ে <sup>গেছে</sup>। কিন্তু রাষ্ট্রপতির অনুমোদন দরকার। সেটা এলে বাকি কাজটা সম্পন্ন হবে। বদলির ব্যাপারে যে কথা আমি বলছিলাম, একটা উদাহরণ ওনারা দিয়েছেন। একজন মহিলা বি.ডি.ও. তাকে বদলি করা হয়েছিল। এটা ঠিক যে তাঁর বদলি সময় হওয়ার আগেই তাকে বদলি <sup>করা</sup> হয়েছিল। সেটা করতে হয়েছিল, আমি ডিটেলের মধ্যে যেতে পারবো না, পারিবারিক <sup>কার</sup>ণে হয়েছিল। এর চেয়ে বেশি কিছু আমি বলতে পারবো না। প্রশাসনিক কোন প্রয়োজনে

এই বদলি করা হয়নি। পারিবারিক কারণ ছিল যার জন্য আমরা তাকে বদলি করেছিলাঃ এবং তিনিও সেটা জানেন কোথায় বদলির অর্ডার করা হয়েছিল। তারপর দু-একজন বলেছিল যে, আমাদের এই যে মহকুমা করা হচ্ছে, জেলা তো ভাগ করতে পারছেন না। তারপর মহকুমা যে করা হচ্ছে তার পরিকাঠামোর অভাব। এই কথা ঠিক যে অনেক জায়গায় টাকা-পয়সা না থাকার ফলে ফাণ্ডের অভাবে পরিকাঠামোণ্ডলো যেভাবে দ্রুত গতিতে করা উচিত সেটা হয় নি। যেমন দিনাজপুরে দুটি জেলা হলো, কিন্তু এখনও পর্যন্ত পরিকাঠামোর খানিকটা অভাব আছে। এটা যাতে আমরা দ্রুত গতিতে পরিবর্তন করতে পারি তার ব্যবস্থা আমাদের করতে হবে। তা না হলে অফিসার এবং কর্মীদের কাজকর্ম করতে অসুবিধা হবে। সেই ব্যাপারে আমরা ওয়াকিবহাল, এটা আমরা জানি, এটা করবার চেষ্টা করছি। এই ব্যাপারে বলতে গিয়ে আমাদের বীরেন মৈত্র মালদার কথা বলেছেন। উনি মালদার এম.এল.এ. মালদার কথা বলেছেন। আমাদের যা টাকা-পয়সা আছে তার উপর নির্ভর করে আমরা এই সারকিট হাউস ইত্যাদি নতুন করে করেছি। এই কথা ঠিক যে এটা করা দরকার, তা না হলে অসুবিধা হয়।

এখানে আর একটি কথা আমি শুনলাম, আমি এটা জানি না—দার্জিলিংয়ে যেসব অফিসারদের পাঠানো হচ্ছে তাঁদের থাকবার জায়গা নেই। আমার কাছে সেই রকম কোন ति**(अ) प्रि. प्राप्ति । एत माननीय मन्मा यथन वलाएन, यि प्राप्त, এটা थवर প্र**साजन। সেখানে অফিসারদের পাঠানো হয়, আমরা অফিসারকে সেখানে পাঠাই, তাঁরা নানা কারণ যান না। যেমন, ইঞ্জিনিয়াররা, বাডিঘর নেই তারজন্য যান না, এটা ঠিক নয়। তবে বাডিঘরের ব্যবস্থা আমাদের করতেই হবে। সার্কিট হাউস আছে, অন্যান্য ঘরবাড়ি আছে। তাঁদের সেখানে ঘরবাডির অভাব হওয়ার কথা নয়। তারপর বিশেষ কিছ আমার বলার নেই। এই যে ১৭ বছর ধরে আমরা চালাচ্ছি, এটা তো হাওয়ার উপরে চলছে না। এটি কি দৃষ্টান্ত নয়ং কংগ্রেসি রাজ্য এবং অন্যান্য দু'একটি অন্যান্য রাজ্যে যেখানে অকংগ্রেসিরা আছেন, সেখানে দেখছি দিবারাত্র ওঁদের মধ্যে নিরম্ভর বিবাদ—মখামন্ত্রীকে গভর্ণর তাডিয়ে দিচ্ছেন, আবার মুখ্যমন্ত্রী গভর্ণরকে তাড়িয়ে দিচ্ছেন। এইসব নানা জিনিস হচ্ছে। অরাজকতা, অনিশ্চয়তা সব জায়গায়। এই ভাবে ভারতবর্ষের অগ্রগতি কি করে হবে? আমাদের এখানে এই জিনিস নেই। এখানে স্থিতিশীল একটা সরকার আছে। আমাদের বিরোধী পক্ষ যাঁরা আছেন, তাঁরা হিংসাত্মক কার্যকলাপ করছেন। আমাদের রাইটার্স বিশ্ভিংস জোর করে অন্ত হাতে নিয়ে জোর করে দখল করার চেষ্টা করছেন। পুলিশের সঙ্গে মারপিট করে থানা দখল করছেন। আমাদের বিরোধীদের কোন রকম কর্মসূচি নেই। ওঁরা যদি ক্ষমতায় আসেন মানুষের জন্য কি করবেন? আমরা কোনটা খারাপ করছি, ওঁরা কোনটা করবেন, আমাদেরটা কি শোধরাবেন— কোন কর্মসূচি নেই। ওদের মধ্যে আবার দু'তিনটি গোষ্ঠী। দুটি গোষ্ঠী হোক বা একটি গোষ্ঠী হোক—আম্রা বলি একটি গোষ্ঠী হলে ভাল--ওঁরা যত গোষ্ঠীই হন না কেন, দিল্লি থেকে সমর্থন পান। আমি কোনদিন শুনিনি যে পুলিশকে মারধোর করার জন্য লোক মারা যাচ্ছে—ওথচ ওদের কোন অনুশোচনা নেই। দিল্লি থেকে একবারও বলা হয় না, গণবিরোধী পদ্ধতিতে যাবেন না।

এত্রড একটা ঘটনা, রাইটার্স বিশ্ভিংস দখল করতে গেল, এখানে স্বরাষ্ট্র মন্ত্রী এসে আমাকে বলালন, 'আপনি একটা জুডিসিয়াল এনকোয়ারি করে দিন।' আমি বললাম কি হয়েছিল ক্রানন? আমি সব ক্যাসেট করে রেখেছি। "পুলিশ কম, আমরা বেশি". এইসব শ্লোগান রুবা দিচ্ছিল। আমি সর্ব ক্যাসেট করে রেখেছি। আমি বললাম, জুডিসিয়াল এনকোয়ারি আমি দের। কিন্তু তার আগে আমি দিল্লি যাব। আপনাকে অবরোধ করবো, আপনার অফিস দখল করবো। আপনি কি অনুমতি দিচ্ছেন দেখে তারপর আমি জডিসিয়াল এনকোয়ারি দেব। তখন हति বললেন, আচ্ছা, কিছু টাকা পয়সা দিয়ে দিন। ওঁরা চাইলে দিয়ে দেব। কংগ্রেসের এইসব হিংসাত্মক কার্যকলাপের ফলে এতগুলো লোক মারা গেল। ওরা টাকা-পয়সা চাইলে আমরা দ্রিয়ে দেব। আমরা অনেক সময় এই রকম দিই। কেন্দ্রীয় সরকারের যে নীতি— রাজনৈতিক ক্ষেত্রে, সামাজিক ক্ষেত্রে, অর্থনৈতিক ক্ষেত্রে সমস্তই জনগণের বিরুদ্ধে। হতে পারে ১৫/২০ জন মানুষ ওদের পক্ষে, কিন্তু চারিধারে যেভাবে অস্থিরতা ভারতবর্ষ ব্যাপী চলছে. এই অবস্থার মধ্যে দাঁডিয়ে এবং সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁডিয়ে আমরা সুষ্ঠভাবে চালাবার চেষ্ঠা করছি। আমরা বিকেন্দ্রীকরণ করছি, মানুষের পক্ষে আমরা কাজ করছি। একশো বছর পরেও কেউ বলতে পারবেন না—আমরা একশো বছর থাকলেও বলতে পারব না যে সব ঠিক করেছি। 'স্বর্গ রাজ্য' না কি বলে, তা কোথাও হয়নি। তবে আমাদের সমালোচনা করতে হবে, কি করে আরও ভাল করা যায় সব জনগণের জন্য, আমাদের যত অগ্রগতিই হোক, আমাদের আত্মসমালোচনা করতে হবে।

সমালোচনা তো মানুষের থাকবেই, সমালোচনা শুনতে হবে, আর সমালোচনা হলে আমরা বলি এইভাবে প্রশাসন চালান। তবে সেই সমালোচনার মধ্যে যদি কিছু প্রহণযোগ্য থাকে তাহলে সেই প্রহণযোগ্য জিনিসগুলি নিতে হবে। মানুষকে বোঝাতে হবে তার জন্য। আর যদি প্রহণযোগ্য না থাকে কোন কারণে তাহলে মানুষকে বোঝাতে হবে, আমরা এই এই কারণে করতে পারছি না। এটা আমরা বারংবার বলে যাচছি। আমরা যতবার মানুষের সমর্থন পাব প্রতিটি নির্বাচনে ততই আমাদের দায়িত্ব বাড়ছে, এরজন্য উপর থেকে নীচ অবধি যতগুলি বামপত্থী দল আছে তারা বলছেন মানুষের সঙ্গে লেগে থেকে কাজ করার জন্য, আমাদের শত্রুপক্ষকে ছোট করে দেখার কথা নয়, তাদের যেমন বড় করে দেখার কথা নয়, তেমনি ওদের হাতে নানা রকমের ব্যবস্থা আছে, কেন্দ্র আছে। জনগণ যদি আমাদের সঙ্গে থাকে, আমরা যদি জনগণের সঙ্গে লেগে থাকি তাহলে কারুর সাধ্য নেই আমাদেরকে সেখান থেকে বিচ্ছিন্ন করতে পারে। এই বিশ্বাস পশ্চিমবাংলার মানুষের উপর আমাদের আছে। এই কথা বলে আবার আপনাদের কাছে মঞ্জুরি চেয়ে, আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker: There are 14 cut motions to Demand No. 18. All the cut motions are in order and have already been moved.

The motion of Subrata Mukherjee, Shri Saugata Roy and

[4th April, 199.

Smt. Sabitri Mitra that the amount of the Demand be reduced Re. 1/-, was then put and lost.

The motion of Subrata Mukherjee, Shri Prabir Banerjee ar Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduce by Rs. 100/-, was then put and lost.

The motion of Dr. Ashim Kumar Dasgupta that a sum of R 24,95,00,000 be granted for expenditure under Demand No. 18, Majc Head: "2052-Secretariat—General Services."

(This is inclusive of a total sum of Rs. 8,31,70,000 already vote on account in March, 1994.), was then put and agreed to.

Mr. Speaker: There are 8 cut motions to Demand No. 19. The cut motions nos 2 and 4 are out of order. Rest of the cut motions are in order and have already been moved.

The motion of Shri Saugata Roy that the amount of the Demand be reduced to Re. 1-, was then put and lost.

The motion of Shri Subrata Mukherjee, Shri Prabir Banerjee and Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost

'The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs 25,01,38,000 be granted for expenditure under Demand No. 19, Major Head: "2053-District Administration."

(This is inclusive of a total sum of Rs. 8,33,80,000 already voted on account in March, 1994.), was then put and agreed to.

# Adjournment

The House was then adjourned at 4.13 p.m. till 11 a.m. on Tuesday the 5th April, 1994 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 5th April, 1994 at 11.00 a.m.

# PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 18 Ministers, 7 Ministers of State and 118 Members.

[11-00 — 11-10 a.m.]

## POINT OF INFORMATION

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ইতিমধ্যেই জানতে পেরেছেন যে রবিবার রাত্রে উত্তর দিনাজপুরের ইসলামপুরে সীমান্তরক্ষী বাহিনীর গুলিতে বালক ও মহিলা সহ ৬ জনের হত হওয়ার মতোন একটি মর্মান্তির ঘটনা ঘটে গিয়েছে। স্যার, সীমান্ত ্রবিয়াতে এটা প্রথম এই ধরনের ঘটনা নয়। ঐ জেলারই কালিয়াগঞ্জ, হেমতাবাদ, করণদিঘিতে এর আগে এই ধরনের ঘটনা ঘটেছে এবং ইসলামপুরেও ঘটেছে। স্যার, আপনি জানেন, এর আগে মাননীয় মখামন্ত্রী জডিসিয়াল এনকোয়ারি বসিয়েছিলেন ঐ ইসলামপুরে ৫টি গ্রাম পুলিশ জুলিয়ে দিয়েছিল সেই ব্যাপারে। শ্রী অজয় বসুর নেতৃত্বে সেই এনকোয়ারি কমিশন বসেছিল। সেই এনকোয়ারি কমিশনের রিপোর্টে আমরা দেখেছি যে দোযী পুলিশদেরই করা হয়েছিল। তারও কোনও প্রতিকার হয়নি। কাজেই স্যার, এটা নতুন কোনও ঘটনা নয়। সীমান্ত এরিয়া বনগা অঞ্চল এবং সর্বত্র নিরিহ মানুষগুলি ভয়ে ভয়ে থাকেন এবং অনেক অত্যাচারের তারা শিকার হন। ইসলামপরে এই ধরনের একটি মর্মান্তিক ঘটনা ঘটে গিয়েছে। স্যার, আপনি জানেন, সাধারণ মানুষদের ব্যাপারে এইসব ঘটনার কোনও প্রতিকার নেই। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করব. এটাতে কো-অর্ডিনেশনের অভাব হচ্ছে কেন এবং কেনই বা এই জাতীয় ঘটনা ঘটছে কোথায় আটকাচ্ছে? আমরা তো এখানে বহুবিধ ব্যাপারে সিদ্ধান্ত নিয়েছি কাজেই এ ব্যাপারেও প্রতিকারের জন্য কোনও সিদ্ধান্ত নিতে পারি। সীমান্ত এরিয়ার মানুযগুলি অত্যাচারিত হচ্ছে—এটা বন্ধ হওয়া উচিত। আর যারা অপরাধী তাদের কঠোরতম শাস্তি ২৬য়া উচিত। আমি শুনছি, কাঁটা তারের বেড়া দেবেন। কাঁটা তারের বেড়া দিলে কি ফল হবে আমি জানি না। কিন্তু সীমান্ত অঞ্চলের নাগরিকরা সাধারণ কেনাবেচার সময়ও অনেক বিপর্যয়ের সম্মুখীন হন—পুলিশ হেনস্থা করে বি. এস. এফ. হেনস্থা করে আবার কিছু ফড়ে, দালালদের অত্যাচারও ওখানে আছে। স্যার, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অনুরোধ <sup>করব</sup>, এ ব্যাপারে যেন তিনি উচ্চ পর্যায়ে ব্যবস্থা নেন। আজকে শ্রী রাজেশ পাইল<sup>ট</sup>, ইন্টারন্যাল সিকিউরিটি মিনিস্টার, গভর্নমেন্ট অব ইন্ডিয়া, এখানে আসছেন, ঐ জেলায় যাবেন। এখনই তার সঙ্গে আমার দেখা হবে, আপনার অনুমতি নিয়ে আমি যাব এবং এই জিনিসট। তার নজরে এনে এর প্রতিকার দাবি করব। আজকে ওর সাংবাদিক সম্মেলনও হবে। <sup>কাগজের</sup> বাইরে আর কোনও তথ্য আমার কাছে এখনও আসে নি, সরকার যদি আরও কিছু <sup>তথা</sup> দিতে পারেন তাহলে ভাল হয়। আমি এই জিনিসটা ভারত সরকারের নজরে আনব এবং শ্রী রাজেশ পাইলটের কাছে দাবি করব, বর্ডার অঞ্চলের মানুষটা যেন শান্তি ও নিরাপত্তা পান। স্যার, আপনার মাধ্যমে সরকারের কাছে অনুরোধ, সরকার যদি আরও কিছ্ তথ্য দিতে পারেন তাহলে তা আমাকে দিন। অন্তত একটা যোগাযোগ স্থাপন করুন। এর তো একে অপরের কমপ্লিমেন্টার। নাগরিকদের তো অত্যাচারিত হবার কোনও কারণ নেই এটা কেন হচ্ছে, কোথা থেকে আমাদের এই আঘাত আসছে, কোথায় ফাঁক থাকছে, যার জন্য এই জাতীয় অত্যাচার হয়ে যাচ্ছে। আমরা খুব দুঃখিত, এই ঘটনার আমরা নিন্দা করছি। এই ঘটনা যাতে বন্ধ হয় তার জন্য দাবি জানাচ্ছি, রাজ্য সরকার যেন এই বিষয়টা সম্পর্কে উচ্চ পর্যায়ে ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশ্য়, এই বর্ডার এলাকায় বি. এস. এফ.-রা** যে কি অকথা অত্যাচার চালাচ্ছে তা ভাষায় প্রকাশ করা যায় না। তারা স্মাগলারদের সাহায করার জনা, প্রটেকশন দেবার জনা নিরীহ লোকেদের নির্বিচারে ওলি করে হত্যা করছে। এই সম্পর্কে আমি বারবার বিধানসভায় বলেছি। এমন কি আমি ইসপেক্টার জেনারেলকেও বলেছি। আমি মাননীয় জল পথ এবং সেচ দপ্তরের মন্ত্রীর সামনে ইপপেক্টার জেনারেল বলকার সিংকে ডেকে পাঠানো হয়েছিল, তাকে এই সম্পর্কে অভিযোগ করা হয়েছে। আমরা দেখেছি বি. এস. এফ. প্রামের ভেতর গিয়ে প্রাম বাসীদের নির্বিচারে মারধাের করে। আমার এলাকা একটি গরিব প্রামের ভিতর ঢুকে সন্ধ্যা আটটার সময় বি. এস. এফ.-এর লোকেরা মেয়েদের রেপ করার চেষ্টা করে। গ্রাম পঞ্চায়েত থেকে তাদের প্রটেকশন দেবার চেষ্টা করে। সীমান্তবর্ত এলাকায় বসবাসকারী লোকেদের সংসার চালাতে হয়, তাদের চাল, ডাল, তেল, নন কিনে খেতে হয়। সেখানে ব্যবসা বাণিজ্য চালাতে হয়। কিন্তু এই সব বি. এস. এফ.-এর জওয়ানর এ এলাকার স্মাগলারদের প্রটেকশন দেবার জন্য, তাদের রক্ষা করার জন্য সকৌশলে সাধারণ মানুষের গরু, বাছর ধরে নিয়ে চলে যাচেছ। এমন কি যে সব রাখাল ছেলে গরু চরাতে যাচ্ছে তাদের পর্যন্ত গরু বাছুর সমেত ধরে নিয়ে চলে যাচ্ছে। আমার এলাকার নারীদের উপর পাশবিক অত্যাচার করছে এই সব বি. এস. এফ.-এর লোকেরা। স্তরাং বি. এস এফ.-এর লোকেরা কি ভাবে বর্ডার এলাকার মানুযদের উপর অত্যাচার করছে সেটা ভাষাঃ প্রকাশ করা যায় না। আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীসভাকে বলব এই সম্পর্কে সহানুভূতির সঙ্গে সংশ্লিষ্ট বিভাগকে লিখুন। যারা বর্ডার এলাকায় বাস করে তাদের অবস্থা আজকে অত্যন্ত শোচনীয়। দিল্লির সঙ্গে যোগাযোগ করে এই সম্পর্কে বলুন। এই সব বর্ডার এলা<sup>কার</sup> মানুষ বি. এস. এফ.-এর অত্যাচারে জর্জরিত হয়ে গেছে। এরা কোনও আইন মানে না।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত সীমান্তবর্তী যে জেলাঙলো.
এই জেলাগুলোতে বি. এস. এফ.-এর অত্যাচার যে ভাবে দিনের পর দিন বেড়ে চলেছে, তা
খুবই উদ্বেগ জনক। গত রবিরার যে ভাবে উত্তর দিনাজপুরের ইসলামপুর থানার গ্রামের
মধ্যে ঢুকে যে ভাবে নির্বিচারে গুলি চালাল, গ্রামের মধ্যে ৬ জন মারা গেল, আহতদের মধ্যে
কয়েকজন মহিলার অবস্তা আশ্বাজনক। এই রকম একটা পরিস্থিতি।

স্যার, সীমান্তবর্তী জেলাগুলিতে বি. এস. এফ.-এর অত্যাচার কোনও নতুন ঘটনা নর। এ জিনিস আমাদের এখানে বহুবার ঘটেছে। কয়েক বছর আগে দিনাজপুর জেলায় ১৭ <sup>জন</sup> গ্রামবাসী বি. এস. এফ.-এর জোয়ানদের গুলিতে প্রাণ হারিয়েছে। আমি চাই বি. এস. এফ.-এর জোয়ানদের এই অত্যাচার অবিলম্বে বন্ধ হোক। এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে একটা পরিষ্কার এবং চূড়ান্ত ফয়সালা হওয়া দরকার। বিভিন্ন সীমান্ত এলাকার গরিব গ্রামবাসীরা ওদের অত্যাচারে অতিষ্ট হয়ে উঠছে। অবিলম্বে এর প্রতিকার দরকার। আমি গতকালের ন্টানার নিরপেক্ষ তদন্ত দাবি করছি, দোষী জোয়ানদের দৃষ্টান্তমূলক শান্তি দাবি করছি, নিহতদের পরিবারবর্গকে পর্যাপ্ত ক্ষতিপূরণ দেওয়ার দাবি জানাচ্ছি এবং আহতদের উপযুক্ত চিকিৎসার নিরি জানাচ্ছি। সামগ্রিকভাবে কালকের ঘটনাকে ধিকার জানাচ্ছি এবং তীব্র নিন্দা করছি।

প্রী কমলেন্দু সান্ন্যাল ঃ মাননীয় ম্পিকার, স্যার, আমি নদীয়া জেলা থেকে নির্বাচিত প্রতিনিধি। আমার নির্বাচনী এলাকার একটা বিরাট অংশই হচ্ছে সীমান্ত এলাকা। আমাকে বি. এস. এফ. জোরানদের অত্যাচারে একজন প্রত্যক্ষদর্শী বলতে পারেন। ১৯৯১ সালে আমার এলাকার দেবনাথপুরে একটা মর্মান্তিক ঘটনা ঘটেছিল—এক দিনে শিশু কিশোর সহ ১১ জন মানুযকে সকাল সাড়ে ছ'টার সময় মার্চ মাসের দিনের বেলা শুধু শুলি করে নয়, বিভিন্ন রক্ম আমানুযিক অত্যাচার করে বি. এস. এফ.-এর জোরানরা হত্যা করেছিল। বি. এস. এফ.-এর লোকেরা সাধারণ মানুযের সঙ্গে সর্বদা যে আচরণ করে তাতে পরিষ্কার বোঝা যায় য়, ওদের ন্যুনতম মনুযান্থবোধ নেই। ওরা বিভিন্ন প্রদেশ থেকে এখানে আসে এবং এমনভাব দুখায় যেন বাংলা বোঝে না, কিন্তু আসলে সব বোঝে। গতকাল ইসলামপুরের দিনাজপুরে য় ঘটনা ঘটেছে সেই ঘটনার নিন্দা করার আমার কোনও ভাষা জানা নেই। আমি একজন নদীয়া জেলার সীমান্তবর্তী অঞ্চলের বাসিন্দা হিসাবে এ ঘটনার তীব্র ধিকার জানাছিছ। আহত এবং নিহতদের প্রতি আমার সমবেদনা প্রকাশ করছি। বি. এস. এফ.-এর জোয়ানদের সীমান্তবর্তী এলাকায় ভূমিকার যাতে পরিবর্তন হয়, তাদের মধ্যে মনুযান্তবোধ যাতে জাগে, অন্য মানুযদের সঙ্গে তারা যাতে মানুযের মতো ব্যবহার করে তার জন্য ব্যবস্থা গ্রহণ করতে আপনার মাধ্যমে আমি কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানাছিছ।

শ্রী আবদুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অধিবেশনের শুক্রতেই আমাদের দলের নেতা, তথা বিরোধী দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন সাহেব সঠিকভাবে এই প্রসন্ত্রটি উত্থাপন করেছেন। কিন্তু এই ঘটনা এখানে নতুন কিছু নয়—এর আগেও আমরা দেখেছি বি. এস. এফ.-এর লোকেরা বিভিন্ন জায়গায় অহেতুক সাধারণ লোকেদের ধরে নিয়ে গিয়েছে এবং তাদের উপর অত্যাচার করেছে। ইদানিং এই ঘটনা বৃদ্ধি পেয়েছ। স্যার, আপনি জানেন এবারের পঞ্চায়েত নির্বাচনে ৪০%-এর উপর মহিলা প্রতিনিধির। নির্বাচিত হয়েছেন। দলে কিছু সমস্যা সৃষ্টি হয়েছে। বি. এস. এফ. যাদের ধরে নিয়ে যায় তাদের তারা আটকে রাথে এবং পঞ্চায়েতের মেম্বারদের গিয়ে সনাক্ত করে ছাড়িয়ে আনতে হয়। বেশিরভাপ ক্ষেত্রেই দেখা যায় রাতের দিকে এরা মানুষ-জন ধরে। অথচ রাত্রে পঞ্চায়েতের মহিলা মেম্বারার বি. এস. এফ. ক্যান্সেপ যেতে ভয় পান। ফলে সারারাতে সেই সব ধরে আনা মানুষদের উপর অত্যাচার চালাচ্ছে। সারা রাত আটকে রাখছে। সাথে সাথে এখানে একটা জিনিস যদি আমি উল্লেখ না করি তাহলে সমগ্র বিষয়টাকেই রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দিয়ে দেখা যে যাবে—বি. এস. এফ. শুধু আমাদের রাজ্যেই নেই, আরও অনেক রাজ্যেই আছে, গ্রিপুরায় আছে, নেপাল বর্ডারে আছে এবং আরও অন্যান্য রাজ্যেও আছে। কিন্তু আমরা

দেখছি পশ্চিমবাংলায়, বিশেষ করে কয়েকটা জেলায় পুলিশ অ্যাডমিনিস্টেশন-এর সঙ্গে হি এস. এফ.-এর একটা কমিউনিকেশন গ্যাপ রয়েছে। অনেক সময় দেখা যায় বি. এস. এফ এর কাজের মধ্যে লোকাল অ্যাডমিনিস্টেশন নাক গলায়, আবার অনেক সময় দেখা ফ লোকাল আড়মিনিস্টেশনের কাজের মধ্যে বি. এস. এফ. নাক গলায়। কো-অর্ডিনেশনে অভাবের জন্য অনেক সময়ই অনেক সমস্যার সৃষ্টি হয়। মোটামুটি বৈঠকের কথা ওনি বিভিন্ন রাজনৈতিক দল বিভিন্ন সময়ে বিশেষ করে বর্ডার এলাকায় ডেপুটেশন দিতে গেট তাদের বিভিন্ন ইসা থাকে। জয়নাল সাহেব বলেছেন এ ব্যাপারে উচ্চ পর্যায়ের ব্যবস্থা নেওয় দরকার। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, তিনি তার লেভেলে এই বিহত কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে কথা বলুন। দরকার হলে প্রধানমন্ত্রীয় সঙ্গেও তিনি কথা বলং পারেন। গতকাল যে ঘটনাটি ঘটেছে তা দুঃখজনক। এই ঘটনার পুনরাবৃত্তি যাতে না হা সেটা দেখতে হবে। এর আগেও বহু ঘটনা ঘটেছে। বিশেষ করে বনগাঁ, বাগদা প্রভৃতি অঞ্চল বোজই এমন ঘটনা ঘটছে। বাসে করে লোক যাছে, বি. এস. এফ. গুলি করে মেরে দিল এ ব্যাপারে কোনও ডায়েরি করা যায় না। এইরকম অবস্থা যদি চলতে থাকে তাহলে মাননী মখ্যমন্ত্রী মহাশয় নিজে ইনিসিয়েটিভ নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে আলোচনায় বসন, এক রুটিন আলোচনার জন্য বসার ব্যবস্থা করুন। লোকাল আডেমিনিস্টেশন এবং বি. এস এই আডমিনিস্টেশন আলোচনায় বসা দরকার। পারস্পরিক কমিউনিকেশন গ্যাপ যেন না থাকে মানুষ যাতে হ্যারাসড না হয়। পরস্পর এর ওর ঘাড়ে দোযারোপ করা যেতে পারে িং এলাকার মানযের সমস্যা যেটা আছে—মাননীয় বর্ডার এলাকার এম. এল. এ.-রা যে কং বলছেন—সেই সমস্যা দর করা যায় না। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, পারসোনাল লেভেলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে আলোচনা করুন। আজকে কেন্দ্রী রাষ্ট্রমন্ত্রী এখানে আসছেন। তিনি ওখানে দেখতে যাচ্ছেন। আমাদের অপোজিশন দলেব লিডারং তাকে এই বিষয়ে জানাবেন। প্রদেশ কংগ্রেস সভাপতি তিনিও স্বরাষ্ট্রমন্ত্রীকে জানাবেন। 🕸 সময় পারমিট করে তিনিও ঐ এলাকায় যাবেন বলেছেন। দেখা যাক কি হয়? আর্পন মাননীয় মখামন্ত্রী মহাশয়কে বলন আকেচয়াল কি ঘটনা ঘটেছে সেই ব্যাপারে হাইসর জানাতে।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সীমাত রক্ষী বাহিনীর হারে আমাদের রাজ্যের সীমাত রক্ষা করার দায়-দায়িত্ব দেওয়া আছে। আজকে সৌটা এমন জায়য়য় গেছে যে, সীমাতের অধিবাসিদের ধন-সম্পত্তি এবং জীবন-যাপন বিপন্ন হয়ে উঠেছে। কিছুল্ফা আগে বিরোধী পক্ষের দলনেতা এই ঘটনার কথা উল্লেখ করেছেন। কিন্তু এই ঘটনা প্রথম নয়, ইতিপূর্বে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এ ব্যাপারে এই সভায় উদ্বেগ প্রকাশ করেছিলে এর আগেও মুর্শিদাবাদে ২ জন কৃষক যখন ধান কাটছিল তখন বি. এস. এফ বাহিনী তাদের গুলি করে মেরেছিল। আর. এস. পি.-র গ্রাম পঞ্চায়েত সদস্য কনী সিংকেও গ্রন্থিক বারেছে। এইরকম অহরহ ঘটনা ঘটছে। ছিনতাই করা থেকে আরম্ভ করে সমত বক্ষে কার্যকলাপ এই বি. এস. এফ. বাহিনী করে যাচ্ছে। বিভিন্ন রাজনৈতিক মহলের ধানে-ধারণ হয়েছে এই বি. এস. এফ. বাহিনী মানুবের নিরাপত্তার শরেবর্তে মানুযকে হয়রানি করে ধন্দপত্তি লুঠনের বাহিনীতে পরিণত হয়েছে।

তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই ব্যাপারে হস্তক্ষেপ করা এখনই দরকার হয়ে পড়েছে এবং এ ব্যাপারে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে কথাবার্তা বলা দরকার যাতে ব্যবস্থা গ্রহণ করা যায়। সীমান্ত রক্ষী বাহিনী কোথায় সীমান্ত রক্ষা করবে, কিন্তু লা করে এলাকার মানুষের ধন-সম্পত্তি তাদের হাতেই বিপন্ন হচ্ছে। এটা ভয়ানক উদ্বেগের ব্যাপার। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করতে চাই অবিলম্বে এই ব্যাপারে চন্তক্ষেপ করে ব্যবস্থা গ্রহণ করন।

শ্রী কৃপাসিদ্ধ সাহা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমদিনাজপুরে যে ঘটনা ঘটেছে তা ঘটাও উদ্বেগজনক। এই ঘটনা কিন্তু প্রথম নয়, এর আগেও বর্ডার এলাকায় বিভিন্ন জায়গায় এই রকম বিভিন্ন ঘটনা ঘটেছে, এর চেয়েও মর্মান্তিক ঘটনা ঘটেছে। সবচেয়ে আশ্চর্যের বিনর, যারা রক্ষক, যারা বর্ডার এলাকার মানুষে নিরাপত্তার জন্য ওখানে নিয়োজিত তারাই আজকে ভক্ষকের কাজ করছে। আমরা অতীতে দেখেছি, বিভিন্ন সময়ে বিভিন্ন ব্যাপার নিয়ে বর্ডার এলাকার মানুষ বিভিন্নভাবে অত্যাচারিত হয়েছে। আমার মনে হয় এই জিনিস বন্ধ করা দরকার। এই ব্যাপারে আলোচনা সকলেই করেছেন যে এই জিনিস চলতে পারে না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি এই ব্যাপারে হস্তক্ষেপ করুন এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে বনে আলোচনা করুন, চোরাকারবারি যারা আছে তাদের এই সমস্ত কাজ যেন বন্ধ করা য়ে এবং যে সমস্ত বি. এস. এফ. বাহিনীকে ওখানে নিয়োজিত করা হয় তারা যদি এই সমস্ত কাজ করে তাহলে নতুন করে চিন্তা-ভাবনা করা দরকার। আমাদের সেখানে পুলিশ এছে, বি. এস. এফ. আছে। আমাদের সেখানে পুলিশ বি. এস. এফ. আছে; কি ভাবে এই জিনিসটা বন্ধ হয় মাননীয় মুখ্যমন্ত্রীকে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের, এখানে একটি প্রস্তাব গ্রহণ অনুরোধ জানাছিছ। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

খ্রী নর্মদা রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে দক্ষিণ দিনাজপুর জেলার সীমান্ত এলাকায় বি. এস. এফের নারকীয়, বর্বরোচিত কিছু ঘটনা বিধানসভায় উপহিত করছি। গত জানুয়ারি মাসে উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জের ফতেপুরে, সেখানে ক্রেকশো চাষের গরু—ওলতোর ক্যাম্প থেকে ফতেপুর ক্যাম্পের দূরত্ব কম করে ১৫০ বিলামিটার সেখান থেকে ২০০/২৫০টি চাষের গরু মারপিট করে নিয়ে চলে যায়। আমরা শেখানকার স্থানীয় প্রশাসন ও জেলা-প্রশাসন সহ বি. এস. এফ ক্যান্ডারদের সঙ্গে আলাপ <sup>মালোচনা</sup> করার জন্য আ**হান জানাই। কুশমভী, অসিনপুর শাতি**মারি ক্যাম্প থেকে এসে <sup>মহাগ্রামে</sup> জড় হয়। সেখানে গরুগুলি বাড়ি থেকে বার করে নিয়ে যাবার সময় মানুষকে <sup>পিটি</sup>য়ে মারে, **তখন সেখানকার মানুষেরা বি. এস. এফের সঙ্গে মো**কাবিলা করতে বাধ্য ২য় <sup>এবং</sup> চতুর্দিক থেকে তাদের ঘেরাও করে মারতে থাকে, কিছু লোক মার খায় এবং কিছু <sup>লোক</sup> পালিয়ে যায়। জেলা প্রশাসনের পক্ষ থেকে আজ পর্যন্ত কিছু বিহিত করা ২য়নি। <sup>কালিয়াগঞ্জে</sup> তিন জন রাধিকাপুরের হাট থেকে যথন বাড়ি ফিরছিল তার মধ্যে উপ-প্রধানও <sup>ছিলেন</sup>, ওখানকার রাস্তায় যখন বি. এস. এফ দু-জনকৈ পিটিয়ের মারে, তখন বি. এস. <sup>একের</sup> পক্ষ থেকে বলা হয়, এবং জেলা প্রশাসনের পক্ষ থেকে যার। ছিলেন তারা কথা <sup>দিরোছি</sup>লেন যে আর্থিক ক্ষতিপুরণ করবেন এবং পরিবারের দু-জনকে চার্করি দেবেন। আজ <sup>পর্যন্ত</sup> তাও দেওয়া হল না। আমি জানতে চাই তাদের জুরিস্ভিকশন কোনও পর্যন্ত সেটা

ঠিক হওয়া দরকার। তাই আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বর্বরোচিত ক্য যাতে বন্ধ হয় তার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী খণেন্দ্র নাথ সিন্হা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি উদ্বেগের কথা এই হাউসাব জানাতে চাই। গতকাল ইসলামপরে একটি দঃখজনক ঘটনা ঘটেছে, জানতে পারি এ ধরতে ঘটনা ঘটছে—দ বছর আগে উত্তর দিনাজপুর জেলার, কাগজে বেরিয়েছে এবং আমার কাচ খবর আছে--->৭ জন মানুষকে এই ভাবে খুন করেছে। গত বছর খানেক আগে করণদিচ্চি ১৬ কিলেমিটার ভিতরে সেখানকার লোকেরা গরুর হাট থেকে গরুর গাড়ি করে ফির্নছন তাদের মেরে ফেলে। গত রবিবার সন্ধ্যা সাতটা সুকুমহম্মদ গ্রামের মাঠে পায়খানা করতে যায়, ফেরার সময় বি. এস. এফ জওয়ানরা তাকে বাংলাদেশের চোরাকারবারি বলে মারংহ শুরু করে, পাশের গ্রাম থেকে লোক এসে বলে যে না এ ভাল লোক। তা সত্তেও বি. এস এফ.-রা মারধর করতে থাকলে গ্রামের লোকেরা স্বাভাবিকভাবেই উত্তেজিত হয় এবং গালাগানি करत : এর ফলে ওরা গুলি চালিয়ে তিন জনকে মেরে ফেলে, তখন পাবলিক উর্জেজ হয়ে বি. এস. এফ.-দের মারধর করে ও একজনকে মেরে ফেলে। তখন ক্যাম্প অফি থেকে বি. এস. এফের রাইফেল নিয়ে এসে রাধিকাপরে গুলি চালায়, যাদের উপর গুলি চালায় তাদের মধ্যে শিশু, কিশোর মহিলাও আছে। বর্তমানে সে গ্রামে কোনও লোক নেটা বি. এস. এফের অত্যাচারে সবাই গ্রাম ছেড়ে পালিয়ে গেছে। এটা হচ্ছে দক্ষিণ দিনাজপরে একটা ঘটনা, উত্তর দিনাজপুর সমস্ত সীমান্ত জেলার গ্রামের লোকেরা বি. এস. এফের হায়ে পডতে হয়, তাদের হাট থেকে ফেরার সময় হাতে এক কে. জি. চাল, দ কে.জি থাকা তাও কেডে নেয়।

ইতিমধ্যে যদিও আমাদের রায়গঞ্জের এম. পি. শ্রী সুব্রত মুখার্জি কেন্দ্রীয় অসামরিক প্রতিরক্ষা মন্ত্রী রাজেশ পাইলটের দৃষ্টি এই বিষয়ে আকর্ষণ করেছেন এবং তিনিও বলেছেন যে, প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। প্রতি বছরই আমরা এই ব্যাপারে বিক্ষোভ দেখাছিছ, কিঃ কিছুই হচ্ছে না। সেজন্য আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিতে এই বিষয়টা আনবর জন্য অনুরোধ করছি যাতে ভবিষ্যতে এই ধরনের ঘটনা সীমান্ত এলাকায় আর না ঘটা আজকে আমি সেখানে রওনা হচ্ছি, ফিরে এসে ওখানকার বিস্তারিত খবর দিতে পারব এই আশা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ইসলামপুরে অতাই মর্মান্তিক ঘটনা ঘটেছে, সেখানে বি. এস. এফের অত্যাচারে কয়েকজনের মৃত্যু ঘটেছে এবং প্রামবাসিদের হাতে একজন জওয়ানের মৃত্যু ঘটেছে। বি. এস. এফের কাজ বর্ডার রক্ষা করানিশ্চয় তারা এই কাজ করবেন, এতে আপত্তির কোনও কারণ নেই, কিন্তু বর্ডার রক্ষা করবার নাম করে বহু জায়গাতে বি. এস. এফ. এমন অত্যাচার করছেন যা অসহনীয় হার্টেটছে। আপনি জানেন, গ্রামাঞ্চলে বিভিন্ন জায়গাতে হাট থেকে গরু কিনতে হয় এবং গরু কেনার পর বাড়ি ফিরতে ফিরতে রাত হয়ে যায়, কিন্তু গরু কিনে ফিরবার পথে তার্কে প্রস্থার করা হয় এবং গরুগুলিকে আটক করা হয়। গরু কেনার ক্ষেত্রে পদ্ধতি হচ্ছে, কেনিও কোনও অঞ্চলে তারজন্য পঞ্চায়েত প্রধান সাটিফিকেট দেবেন, কোনও কোনও অঞ্চলে বিভিন্ন

সাটিফিকেট দেবেন, কিন্তু দেখা যাচ্ছে যে, সেটা থাকা সত্ত্বেও বহু জায়গায় আটকে দেওয়া হয়। আমার এই ব্যাপারে সুনির্দিষ্ট প্রস্তাব, এক্ষেত্রে শুধুমাত্র রাজ্য বা জেলা স্তরে বৈঠক করলে হবে না, সেটা ব্লকস্তরে প্রতিনিয়ত করতে হবে। প্রতি মাসে ব্লক স্তরে আলোচনা করে অসুবিধাগুলি দেখতে হবে, কারণ উত্তর দিনাজপুরে, দক্ষিণ দিনাজপুরের রাধিকাপুরে এই ধরনের ঘটনা ঘটেছে, হিলিতে ঘটেছে, এবার ইসলামপুরে ঘটল। কাজেই এখনই ব্যাপারটা দেখা দরকার, তা না হলে যে ধরনের মর্মান্তিক ঘটনা ঘটে গেল সেই ধরনের ঘটনা আরও বেশি বেশি করে ঘটতে থাকবে এবং তারফলে আইন-শৃঙ্খলা বিঘ্লিত হবে। এই ব্যাপারে তাই অবিলম্বে ব্যবস্থা নেওয়া দরকার ইসলামপুরে যে ঘটনা ঘটেছে আমি তার নিন্দা করছি।

Mr. Speaker: Many Hon'ble Members have spoken on this matter, there is also a Calling Attention on this matter. I will request the Hon'ble Minister to make a statement and then the matter will be over.

Hon'ble Minister, Shri Ashok Bhattacharya have send a letter to me that he will not come. So that his question will be held over. The question no. \*394, \*396, \*398, \*400 and \*402 is held over.

\*395 (member absent)

Shri Amiya Patra : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কনীয় সদ্স্যদের বিভিন্ন কর্মসূচিতে বিভিন্ন জায়গায় যেতে হয়। আমরা যারা বিভিন্ন রাজনৈতিক দলের সদস্য, আমাদের বিভিন্ন রাজনৈতিক ক্রিয়া কলাপের সঙ্গে যুক্ত থাকতে হয়। কাজেই যে সব সদস্য উপস্থিত নেই তদের কোয়েশ্চেনগুলি যাতে হাউসে তোলা যায় সেই অনুমতি দিলে ভাল হয়।

Mr. Speaker : আমি কি করব আমার কিছু করার নেই।

\*399. \*401 (member absent)

# Calling Attention

Mr. Speaker: I have received four notices of Calling Attention, namely:—

- i) Reported death of one B.S.F. Jawan: and five villagers under Islampur P.S. Bairadanga village of Uttar Dinajpur on 3.4.1994.
- ii) Reported cease work by the lawyer of:
  Diamond Harbour Court consequent
  upon the assualt of one Advocate of
  the Court on 27.3.1994.

Dr. Manas Bhumia, Shri Shiba Prosad Malik, Shri Id Mahammad, Shri Shish Mahammad and Shri Gyan Singh Sohanpal.

Shri Satya Ranjan Bapuli

- iii) Acute crisis of cotton weaving indus- : Shri Ajoy Dey tries at Santipur, Nadia.
- iv) Trouble faced by the H. S. Examinees: Shri Abdul Mannan and rural people of Hooghly district due to inadequate supply of Kerosin oil.

I have selected the notice of Dr. Manas Bhunia, Shri Shiba Prosad Malik and others on the subject of Reported death of on B.S.F. Jawan and five villagers under Islampur P.S. at Bairadanga village of Uttar Dinajpur on 3. 4. 94.

The Minister in charge may please make a statement to-day, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha: On 7th April, 1994.

শ্রী আব্দুল মানান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে সমস্ত সদস্য উপস্থিত থাকনেনা, তাদের কোয়েশ্চেন রেইজ করতে দেবেন না, এই রকম একটা রুলিং দিয়েছেন। আমি এই ব্যাপারে আপনার রুলিংকে ডিফার করছি না, সেটা মেনে নিচ্ছি। কিন্তু এক্ষেত্রে একটা অসুবিধা দেখা দিচ্ছে। আপনি জানেন যে কোয়েশ্চেন জমা দিলে সব কোয়েশ্চেন অ্যাডমিটেড হয় না, কিছু ডিসঅ্যালাউ হয় আপনি জানেন যে আবার সিরিয়াল নম্বর কোনওটা আগে আসে, কোনওটা পরে আসে। আমরা কোয়েশ্চেনগুলি দেই যাতে তার উত্তর পেতে পারি। কিন্তু আমরা দেখছি যে কোয়েশ্চেনগুলি হেন্ড ওভার হচ্ছে। আমরা কোয়েশ্চেনের যে উত্তর পাব সেটা থেকে বঞ্চিত হচ্ছি। কাজেই আমি আপনার কাছে অনুরোধ করব যে এই বঞ্চনার বিরুদ্ধে আপনি ব্যবস্থা নেবেন।

#### PRESENTATION OF REPORT

Presentation of the Report of the Select Committee on the West Bengal Panchayat (Amendment) Bill, 1994.

**Dr. Surya Kanta Misra:** (Chairman): Sir, I beg to present the Report of the Select Committee on the West Bengal Panchayat (Amendment) Bill, 1994.

## MENTION CASES

[11-30 — 11-40 p.m.]

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটি বিশেষ ঘটনার কথা মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকায় বিভিন্ন জায়গায় বৈদ্যুতিকরণ হয়েছে। সেই গ্রামের লোকেদের বিদ্যুৎ নেবার ক্ষমতা আছে এবং যোগ্যতা আছে। তারা কয়েক বছর থেকে টাকা-পয়সা জমা দিয়েছে কিন্তু লাইন পাছেছ না। তারা গেলে তাদের স্টেশন সূপারিটেভেন্ট বলছে যে আমাদের

াকের অভাব আছে, সেজন্য আমরা করতে পারছি না। কিন্তু ঘটনা হচ্ছে, যারা ঐ লাইন নেকশনের জন্য টাকা জমা দিয়েছে, তাদের বলা হচ্ছে যে তোমাদের এখন লাইন হবে না, গ্রমরা ১০ টাকা করে মাসে দিয়ে কানেকশন করে নিয়ে যাও। হ্যারাসমেন্ট করছে। সূতরাং টশন সুপারিন্টেন্ডেন্ট-এর গাফিলতির জন্য লাইনে কানেকশন হচ্ছে না। কাজেই আপনার ধ্যমে অভিযোগ বলুন আর অনুযোগই বলুন করে বলতে চাই যোগ্যতা সম্পন্ন লোক যারা ইন নিতে চার, যারা ৩-৪ বছর লাইন নেওয়ার জন্য দরখান্ত করে বসে আছে ইমামবাজার, লতানপুর, গোপালগঞ্জ, সাবঘাটি, মদনা, হাঁসানপুর, ও খানাবাড়ি ইত্যাদি এলাকায় মানুয দের যাতে অবিলম্বে ইলেক্ট্রিক কানেকশন দেওয়া হয় তার জন্য অনুরোধ জানাচিছে। স্টেশন পারিন্টেন্ডেন্ট এবং যারা মিটার দেয় তাদের দুর্নীতি বন্ধ করে যাতে অবিলম্বে কানেকশন বার ব্যবস্থা করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ ইসলামপুর ঘটনার ব্যাপারে আমার মেনশন ছিল, সেটা বলা য়ে গেছে।

# ন্ত্রী সদীপ বন্দ্যোপাধ্যায় ঃ (নট পেজেন্ট)

শ্রীমতী তানিয়া চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা মর্মান্তিক অমানবিক ঘটনার গি সভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, আমাদের জেলা বারাসাতে আরতি শ নামে জনৈকা মাধ্যমিক ছাত্রীকে নৃশংস ভাবে আক্রান্ত করা হয় এবং তাকে এন. আর. সে. হাসপাতালে ভর্তি করার পর সেই মহিলা মারা যায়। এই মর্মান্তিক ঘটনার প্রতিবাদে মপরাধীর কঠিন শান্তির দাবিতে আমাদের এলাকার মহিলা গণ সংগঠন বারাসাত প্রশাসন কন এবং কোর্ট সংলগ্ন এলাকার মাঝামাঝি অবস্থান করছে। স্যার, মূল্য বোধ এবং মাবিকতাকে ধ্বংস করার জন্য হিংসাত্মক ঘটনার প্রসার ঘটানোর জন্য গণ মাধ্যমকে দ্বারর করা হচ্ছে। যার ফলে এই সমস্ত মর্মান্তিক ঘটনা ঘটে চলেছে। আমার দাবি এই মাপারে দোয়ী ব্যক্তিকে দৃষ্টান্তমূলক শান্তি দেওয়া হোক, এই ব্যাপারে আপনার মাধ্যমে আমি মাবেদন জানাছিছ।

শ্রী নরেন হাঁসদা ঃ স্যার, আমি আপনার মাধ্যমে আদিবাসী অধ্যুযিত এলাকা ঝাড়গ্রাম কের বদনা গ্রামের একটি গুরুত্বপূর্ণ সমস্যার ব্যাপারে মাধ্যমিক শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্যণ দিছি। ঝাড়গ্রাম ব্লকের বদনা গ্রামে লিলাবতী শিক্ষা সদন নামে একটা ৪ ক্লাসের স্কুল আছে। পৃথ স্কুলে স্থানীয় ছেলে-মেয়েরা লেখাপড়া করে। এই স্কুলটি স্থানীয় শিক্ষাবতীরা দীর্ঘদিন ধরে মর্গানাইজ করছে। এখনও পর্যন্ত এই স্কুল সরকারের অনুমোদন পেল না। তাই আমি মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে দাবি করছি যাতে ঝাড়গ্রাম ব্লকের বদনা গ্রামের লিলাবতী শিক্ষা সদন স্কুলটিকে সরকারী মঞ্জুরী দেওয়া হয়।

শ্রী **ঈদ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের** <sup>হার</sup>প্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র ভরতপুরে যে রাস্তা <sup>মাছে</sup> সেই রাস্তা দীর্ঘ দিন ধরে খারাপ হয়ে পড়ে আছে, সেই রাস্তা মেরামত হচ্ছে না। <sup>মালার</sup> থেকে বর্ধমান যাওয়ার যে রাস্তা সেই রাস্তার উপর যে ভাবে খাদ হয়েছে সেই

খাদণ্ডলি পুকুর বলে মনে হয়। সালার থেকে কাকদাস পর্যন্ত যে রাস্তা আছে তার ছান্ন চামড়া উঠে গেছে, যে কোনও সময় সেখানে অ্যাকাসিডেন্ট হতে পারে, মারাত্মক ধরনের বিপদ হতে পারে। অথচ সেই রাস্তার কোনও রকম মেরামত হচ্ছে না। এর ফলে স্থানীয় জনসাধারণের মনে বিক্ষোভ সৃষ্টি হচ্ছে। বহরমপুর থেকে রামপুরঘাট যে রাস্তা আছে সেই রাস্তা দীর্ঘ দিন ধরে চলাচলের অযোগ্য হয়ে গেছে।

বাস চলে না, ফলে মানুষ জনের যাতায়াতের ক্ষেত্রে খুব অসুবিধা হচ্ছে। ঐ এলাক্র লোকেদের মধ্যে এর ফলে একটা ক্ষোভের সৃষ্টি হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে পূর্চ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই রাস্তাগুলিকে মেরামতির ব্যবস্থা করে এবং সাধারণ মানুষকে বিপদের হাত থেকে বাঁচান। বাস অ্যাকসিডেন্টের হাত থেকে রক্ষার জন্য যাতে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হয় তারজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আব্দল মান্নান ঃ মাননী**য় **অধ্যক্ষ মহোদে**য়, আমি আপনার মাধ্যমে একটি ওকত্বপূৰ্ণ বিষয়ের প্রতি মাননীয় নগর উন্নয়ন মন্ত্রী এবং পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই বিষয়ে আমি কয়েকদিন আগে মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গেও কথা বলেছিলাম। এর আগেও বিষয়ী নিয়ে আমাকে হাউসে মেনশন করতে হয়েছিল। তখন বন্ধদেববাব পৌরমন্ত্রী ছিলেন। বিষ্ক্র হচ্ছে বৈদ্যবাটি পৌরসভা এলাকার পরিযেবা ফিঃ নামে একটি ফিঃ চালু হয়েছে। তারকেশঃ যেসব তীর্থযাত্রীর যান তাদের বৈদ্যবাটিতে নিমাইতীর্থের ঘাট থেকে গঙ্গার জল নিয়ে যে: হয় এবং সেই জল তারা তারকনাথের মন্দিরে গিয়ে ঢালেন। তাদের কাছ থেকে এক টাই করে ফি নেওয়া হচ্ছে। এর আগে তাদের কাছ থেকে ফি নেওয়া হচ্ছিল। বদ্ধদেববাব সেট বন্ধ করে দিয়েছিলেন। তখন পৌরসভার পক্ষ থেকে একটি নোটিশ দিয়ে বলেছিলেন 🤉 তীর্থযাত্রিদের কাছ থেকে কোনও রকম কর নেওয়া হবে না। বৃদ্ধদেববাব এখন পৌরমন্ত্রী ন বলে কিনা জানি না, এই বছর থেকে তীর্থযাত্রিদের কাছ থেকে তীর্থকর নেওয়া চালু হয়েছে। তীর্থকরের নামটি এখন পাল্টে দিয়ে পৌরসভা ফি বলে তীর্থযাত্রিদের কাছ থেকে টার্ল আদায় করা হচ্ছে। এরফলে ঐ এলাকায় একটা উত্তেজনা সৃষ্টি হয়েছে, যারা তারকেশ যাচ্ছেন তাদের মধ্যে বিক্ষোভ হচ্ছে। এরফলে যে কোনও সময়ে একটা অঘটন ঘটতে পারে শুধু তাই নয়, এটি নৈতিকতার দিক থেকেও অন্যায়। কারণ, তীর্থযাত্রিদের কাছ <sup>থেরে</sup> তারকেশ্বর পৌরসভা এবং বৈদ্যবাটি পৌরসভা দু'বার করে কর আদায় করছেন। এর প্র হয়ত দেখা যাবে যে তীর্থযাত্রিদের কাছ থেকে রিষডা, চন্দননগর ইত্যাদি যে তিনিটি পৌরস্ভ আছে এবং দশটি যে গ্রাম পঞ্চায়েত আছে সেখানে, এক একজন তীর্থযাত্রীকে কর দিয়ে হচ্ছে। আমি সেজন্য আপনার মাধ্যমে অর্থমন্ত্রী এবং পীরমন্ত্রীর কাছে এই ব্যাপারে দ্<sup>রি</sup> আকর্ষণ করছি, এর আগে বৃদ্ধদেববাব যখন পৌরমন্ত্রী ছিলেন তখন তিনি এ<sup>টি বর্চ</sup> করেছিলেন—পৌরসভা যাতে এই রকম তুঘলকি কাজ না করেন। তীর্থযাত্রিদের <sup>যাতে এই</sup> এক জায়গায় এইভাবে কর দিতে না হয়, তাদের একাধিক জায়গায় যাতে তীর্থকর <sup>দিতে</sup> না হয় এবং পারমানেন্টলি যাতে এটি বন্ধ হয়, তার ব্যবস্থা করেন।

শ্রীমতী শান্তি চ্যাটার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রির <sup>দৃষ্টি</sup> আকর্ষণ করে বলতে চাই যে, আমার বিধানসভা কেন্দ্রে অবস্থিত পদ্মপুকুর—কেশ<sup>বুকু</sup>

রাস্তাটির ব্যাপারে পি. ডবলু. ডি.-র পক্ষ থেকে তদন্ত হয়ে গেছে। উক্ত রাস্তাটি ১৯৮২ সালে অনুমোদিত হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত সেই রাস্তাটি তৈরি হয়নি। উক্ত রাস্তাটির দাবি উক্ত এলাকার পঞ্চাশ হাজার মানুষের। এটি নির্মিত হলে তাদের উপকার হবে এবং যাতায়াতের ক্ষেত্রে তাদের খুব সুবিধা হবে। এইজন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে রাস্তাটি তাড়াতাড়ি হয় তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টি ফুদ্র হলেও একটি গুরুত্বপূর্ণ বিষয়। স্যার, আপনি জানেন যে পর্যটন দপ্তরের অধীনে ট্যুরিজম ডেভালপমেন্ট কর্পোরেশনের অধীনে প্রায় ৫৬ জন অস্থায়ী কর্মী রাইটার্স বিল্ডিংসে মন্ত্রীদের ঘরে ঘরে এবং অ্যাসেঘলিতে চা, স্ন্যান্ধ সরবরাহ করে আসছেন। তারা আজ প্রায় ১৫।১৬ বছর ধরে কাজে আসছেন। তারা অস্থায়ী ভাবে কাজ করছেন। সাধারণভাবে ছয়মাসে কাজ করলে সংশ্লিষ্ট কর্মীকে স্থায়ী করা হয়। এই সমস্ত গরিব ঘরের ছেলেমেয়েরা যারা রাইটার্স বিল্ডিংসে কাজ করছেন, মন্ত্রীদের চা ইত্যাদি সাপ্লাই করছেন এবং চিফ ছইপের ঘরে, সকলের ঘরে কাজ করছেন, তাদের জন্য পর্যটন দপ্তরের কাছে আবেদন করব তাদের যেন স্থায়ী করা হয়। তাদের এক একজন ১২, ১৪, ১৫, ১৬ বছর ধরে কাজ করছেন।

আমি আশা করব জ্ঞানসিং সোহন পাল মহাশয় রয়েছেন এবং বিরোধী পক্ষের যারা আছেন তারাও এটাকে মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে দেখবেন, এদেরকে যেন স্থায়ীকরণ করা হয়, এটা সকল পক্ষ সমর্থন করবেন, এই বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেয করছি।

শ্রী রবীন দেব ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের কাছে একটি বিষয় উপস্থিত করতে চাই। গতকাল কলকাতায় গ্যাট চুক্তির প্রতিবাদে বিশাল মিছিল হয়েছে আর আজকে দিল্লিতে লক্ষ লক্ষ মানুষ জড় হচ্ছে। এখানে বিরোধী সদস্যরা হৈচৈ করেন পশ্চিমবাংলায় গণতান্ত্রিক পরিবেশ রয়েছে, তা সত্তেও তারা হৈটে করছেন—অথচ ওখানে তিনদিন ধরে এই দেশের সার্বভৌমত্বকে বিকিয়ে দেবার জন্য কেন্দ্রীয় সরকার যে চুক্তি রূপায়ণে বদ্ধ পরিকর হচ্ছেন তার বিরুদ্ধে বিরোধিতা করার জন্য দেশের বিভিন্ন অংশের মানুষ আজকে সেখানে জড়ো হচ্ছেন। তাদের কন্ঠরোধ করবার জন্য, কেন্দ্রীয় সরকার সেখানে সমস্ত রকমের বাধা সৃষ্টি করছেন। আমরা এখানে লক্ষ্য করছি যে কংগ্রেস পশ্চিমবাংলার পরিবেশকে বিশৃদ্ধল করবার জন্য তারা সোচ্চার হচ্ছেন, কেন্দ্রীয় সরকার যখন গণতান্ত্রিক অধিকারকে স্তব্ধ করবার জন্য আক্রমণ চালান, বিভিন্ন জায়গায় মিছিলকে আটকে দিচ্ছে, তখন এরা নিরব। আমরা এখান থেকে দিল্লিতে যে সমাবেশ হচ্ছে, সেই সমাবেশে যারা অংশ নিচ্ছেন তাদেরকে অভিনন্দন এবং কেন্দ্রীয় সরকারের যে ভূমিকা তার নিন্দা করছি এবং যারা চুক্তির প্রতিবাদে মুখর হয়েছেন তাদেরও ধন্যবাদ জানাছি।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী দেববত বন্দ্যোপাধ্যায়ের দৃষ্টি আকর্যন করছি। ভগবানপুর, নন্দীগ্রাম ড্রেনেজ স্কীম মেদিনীপুর জেলার একটা শুরুত্বপূর্ণ স্কীম। এই স্কীম ১৯৯৫ সালে শেষ হওয়ার কথা, কিন্তু এই কাজ দিনেকাংশে বাকি। কলাবেড়িয়া খাল, দুনিয়াখাল, শনীগঞ্জখাল এখনও খুলতে বাকি। এই স্কীম

দ্বারা ভগবানপুর ১-২, নন্দীগ্রাম ২-৩ ও খেজুরি ১ নম্বর ব্লকের ২৭,২৫০ হেক্টর জমিটে চাযের উপকার হবে। দুনিয়াখাল কাটার টাকা শুনেছি জেলা পরিষদ দিচ্ছেন, কিন্তু প্রয়োজনীয় জমি অধিগ্রহণ না করলে খাল কাটার সময় বাধার সৃষ্টি হতে পারে। সূতরাং প্রয়োজনীয় জমি এখনই অধিগ্রহণ করা হোক এবং বাকি কলাবেড়িয়া খাল এটা না খুললে এই স্কীমের কাজ সম্পূর্ণ হবে না। তাই অবিলম্বে এই খালগুলি খোলা, জমি অধিগ্রহণ করা এইগুলি করে ড্রেনেজ স্কীমের কাজ সম্পূর্ণ করতে হবে।

[11-50 - 12-00 a.m.]

শ্রী কমলেন্দু সান্যাল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি ওকঃপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি। স্যার, আমার নির্বাচনী কেন্দ্রের মধ্যে নদীয়া জেলার তেইট্ট এক নং ব্লক-এ বেতাই ও নাজিপুর গ্রামে দুটি স্বাস্থ্য কেন্দ্র প্রয়োজন। এটা সেই অঞ্চলের জনগণের দীর্ঘদিনের দাবি। এরজন্য জমিও দেওয়া হয়েছে। এ ছাড়া তেইট্ট দু নং ব্লকে পলসোভা গ্রামে একটি স্বাস্থ্য কেন্দ্র প্রয়োজন এবং এরজন্যও জমি দেওয়া হয়েছে। আমরা দীর্ঘদিন ধরেই এইসব জায়গায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য বলছি কারণ এইসব স্থান থেকে নিকটতম স্বাস্থ্যকেন্দ্রের দূরত্ব ৭ থেকে ৮ কিঃমিঃ এবং ২/১টি ক্ষেত্রে আরও বেশি। স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে এই বিষয়টি ওক্রত্ব সহকারে বিবেচনা করার এন অনুরোধ জানাচ্ছি।

শ্রী সৌমেন্দ্র চন্দ্র দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি ওরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় উন্নয়ন এবং পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, উত্তরবঙ্গের ৬টি জেলাতে প্রায় ১।। কোটি মানুযের বাস এবং উত্তরঞ প্রাকৃতিক ও বনজ সম্প্রদে সমদ্ধ। কিন্তু স্বাধীনতার পর ৪৭ বছর কেটে গেলেও উভরবজের জেলাগুলি ক্ষি. সেচ. শিল্প ইত্যাদির ব্যাপারে পশ্চিমবঙ্গের অন্যান্য জেলাগুলি থেকে কি.টা হলেও পিছিয়ে আছে। সম্প্রতি উত্তরবঙ্গের জন্য উন্নয়ন পর্যদের দাবিকে কেন্দ্র করে উত্তরবঙ্গের জেলায় জেলায় বিচ্ছিন্নবাদী শক্তি সঞাগ ও সচেতন ভাব মানুযকে বিভ্রাস্ত করার চেট্টা করছে। স্যার, আপনি জানেন, ১৯৬৭ ও ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর উত্তরবঙ্গের উন্নয়নের জন্য একটি মাস্টার প্ল্যান তৈরি করার কথা চিন্তা ভাবনা করেন। ১৯৮০ সালে শ্রীমতী ইন্দিরা গান্ধী উত্তরবঙ্গের ৫টি জেলাতে শিল্প বা কলকারখানা স্থাপনে সুযোগ ও পরিবেশ আছে কিনা তা খতিয়ে দেখার জন্য একটি কমিটি গঠন করেছিলেন। <sup>সেই</sup> কমিটি থেকে প্রস্তাব করা হয়েছিল যে উত্তরবঙ্গের তিনটি জেলাতে ভারি শিল্প এবং 🕫 জেলাতে ক্বিভিত্তিক ক্ষুদ্র শিল্প হতে পারে। কিন্তু আজ পর্যন্ত উত্তরবঙ্গে কোনও ভারি শি হল না এবং এমন কি ক্ষদ্র শিল্পের ক্ষেত্রেও সেখানে তেমন কিছু উন্নয়ন হল না। পঞ্জেতি এবং পৌরসভার মাধ্যমে উত্তরবঙ্গে কিছ্টা উন্নয়নের মুখ দেখা গিয়েছে কিন্তু তা স<sup>েট্ট</sup> বলতে বাধ্য হচ্ছি যে উত্তরবঙ্গের সামগ্রিক উন্নয়নের জন্য বা এখানকার কৃষি, শিল্প, শিল্প, স্বাস্থ্য প্রভৃতির উন্নয়নের জন্য সামগ্রিকভাবে একটি সুসংহত পরিকল্পনা বা মাস্টার প্রা<sup>ন করা</sup> প্রয়োজন এবং তাকে কার্যকরি করা প্রয়োজন। কলকাতার জন্য মেগাসেটি প্রকল্প হোক, <sup>তার্টে</sup> আমাদের আপত্তি নেই কিন্তু পাশাপাশি উত্তরবঙ্গের প্রতি বঞ্চনা ও অবহেলার অবসানি

জন্য মাস্টার প্ল্যানের প্রয়োজন। তা না হলে এই বঞ্চনা ও অবহেলার প্রতি মানুষের দৃষ্টি আকর্ষণ করে বিচ্ছিয়বাদী শক্তিগুলি মাথাচাড়া দিয়ে ওঠার সুযোগ পাবে এবং তাতে জাতীয় সংহতি বিপন্ন হবে। স্যার, আমরা জানি যে শুধুমাত্র মুখের সৌন্দর্য যেমন সুস্বাস্থ্যের লক্ষ্যণ করি তেমনি কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের প্রতি যে বঞ্চনা চালাচ্ছেন তাতে তারা অর্থাৎ কেন্দ্রীয় সরকার শুধুমাত্র মুখের সৌন্দর্যই বৃদ্ধি করছেন। এর ফলে পশ্চিমবঙ্গের মানুষের মনে ক্ষান্তের সৃষ্টি হচ্ছে। স্যার, আমি আগেই বলেছি যে উত্তরবঙ্গের ৬টি জেলাতে যে ১।। কোটি মানুযের ৫০ ভাগ হচ্ছেন তফসিলি জাতি, উপজাতি এবং আদিবাসী সম্প্রদায়ের মানুষ। এদের উন্নয়নের কথা বারবার বলা হলেও আমরা দেখছি কেন্দ্রীয় সরকার তাদের বঞ্চনা করে চলেছেন। এর ফলে মানুষের মধ্যে ক্ষোভের সৃষ্টি হচ্ছে। আমি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি এ বিষয়ে আকৃষ্ট করছি। স্যার, স্বাধীনতার পর ৪৭ বছর ধরে আমরা দেখছি যে নির্বাচনের সময় কংগ্রেসের নেতারা উত্তরবঙ্গে যান এবং সেখানে গিয়ে বঞ্চনার বিরুদ্ধে শ্রোগান দেন। গত কয়েকদিন ধরে এই ধরনের শ্রোগান দিচ্ছেন প্রিয়বঞ্জন দাশ্দৃদ্ধ। উত্তরবঙ্গের বিচ্ছিয়তাবাদী শক্তিগুলি এতে মদত পাচ্ছে। আমি পরিশেষে আবার বলব, উত্তরবঙ্গের জন্য অবিলম্বে একটি মাস্টার প্ল্যান তৈরি করে তাকে কার্যকরির করা ছেকে।

শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃথি বিপণন মন্ত্রী মহাশয়ের একটি শুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বচনী এলাকা করিমপুরে একটা রেগুলেটেড মার্কেট আছে। তেইট্ট, করিমপুর এবং নং এবং এক দু নং এবং চাপড়া এই চারটি পঞ্চায়েত সমিতি নিয়ে এই রেগুলেটেড কমিটি গঠিত। ওখানে মনেকদিন হল একটা সরকার মনোনীতি কমিটি ছিল। সেই কমিটি ভেঙে দেওয়া হয়েছে সঠিকভাবে। কিন্তু এখনও এই কমিটি তৈরি করা হয়নি। যার ফলে সেখানে একজন আমলাকে বিসয়ে সমস্ত উন্নয়নের কাজ হচ্ছে। তাতে সাধারণ মানুষের মধ্যে প্রচন্ড বিক্ষোভ দেখা দিয়েছে। এবং উন্নয়নের কাজ ব্যাহত হচ্ছে। সেই জন্য আমি কৃষি বিপণন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যাতে অবিলম্বে এই নিয়ন্ত্রিত বাজার কমিটি তৈরি করা হয় এবং এলাকার উন্নয়নের কাজ যাতে সঠিকভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে সংগঠিত করা যায় তার জন্য উদ্যোগ গ্রহণ করবেন।

শী শিবপ্রসাদ মালিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী এবং পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকষর্ণ করছি। ডানকুনি কোল কম্পলেক্সের যে সব বর্জ পদার্থ বের্রোচ্ছে, তা ঐ এলাকার কৃষি জমিকে নষ্ট করে দিছে এবং ডানকুনির এলাকার পরিবেশকে দৃষিত করে দিছেছে। সেই কারণে আমি কৃষিমন্ত্রী এবং পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি বাতে কোল ইন্ডিয়ার সঙ্গে কথাবার্তা বলে ঐ এলাকার কৃষি জমিকে মৃক্ত করা হয় এবং ঐ এলাকা যাতে দৃষণ মুক্ত হয় তার ব্যবস্থা করেন।

শ্রী শচীন হাজরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটা শুরুত্বপূর্ণ বিষয়ে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা খানাকুলে কেন্দ্রের গড়ের ঘাট থেকে ধরমপোতা পর্যন্ত একমাত্র খানাকুলের যোগাযোগের রাস্তা, এই

রাস্তা এত খারাপ হয়ে গেছে যে গাড়ি চলাচল করতে পারছে না। যে কোনও মুহূর্তে এই রাস্তায় অ্যাকসিডেন্ট হতে পারে। আর খানাকুল কলকাতার সঙ্গে যোগাযোগকারি একমাত্র রাস্তা এবং ঐ এলাকার বেশির ভাগ মানুষই কৃষিজীবী, তাই কৃষি ফসলও ওখান থেকে রপ্তানি এবং যোগাযোগ করার জন্য একমাত্র রাস্তা আছে, সম্প্রতি কাজ শুরু হয়েছে, এই কাজটা যাতে দ্রুত গতিতে সম্পন্ন করা যায় এবং মানুষের যোগাযোগের একমাত্র যে রাস্তাট তা দ্রুত সম্পন্ন করা যায় তার জন্য আপনার মাধ্যমে মাননীয় পূর্ত দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শেখ খবিরুদ্দিন আহমেদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নাকাশিপাড়া বিধানসভা এলাকায় বেথুয়াডহরি থেকে অগ্রন্থীপ ঘাট পর্যন্ত রাস্তার মাঝে আড়পাতা ব্রিজটির অবহ্য অত্যন্ত শোচনীয়। ভারি যানবাহন ঐ ব্রিজটির উপর দিয়ে যেতে পারে না। বিগত বিধানসভা চলাকালীন অবস্থায় একটি দৃষ্টি আকর্ষণী প্রস্তাবে মন্ত্রী মহাশয় লিখিতভাবে বলেছিলেন যে ঐ আর্থিক বছরেই ঐ ব্রিজের কাজ শুরু হবে কিন্তু সেই ব্রিজের কাজ আজ পর্যন্ত শুরু করা যায়নি। এই ব্রিজটির উপর দিয়ে যাত্রীবাহী বাস চলাচলের সময় যে কোনও সময়ে বড় দুর্ঘটনা ঘটে যেতে পারে। ঐ ব্রিজটি সংস্কার এবং পুনর্নিমাণ করার জন্য মাননীয় পূর্তমন্ত্রি দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে সংশ্বারের কাজ তাড়াতাড়ি তার জন্য দাবি রাখছি।

শ্রী ভন্দু মাঝিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পৌর মন্ত্রীর এবং জনস্বাস্থ্য মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার বলরামপুর শহরের জনসংখ্যা প্রায় ২০ হাজার। আপনি জানেন এমনিতেই পৌরসভার অন্তর্ভুক্ত হতে পারে যেখানে ২০ হাজার জনসংখ্যা। ওখানে মার্চ মাস থেকেই জলের জন্য হাহাকার পড়ে গেছে। আমি শুনেছিলাম জন স্বাস্থ্য দপ্তর থেকে সার্ভে করার জন্য গিয়েছিল এবং ঠিক হয়েছিল হনুমাতা নদী থেকে ওয়াটার সাপ্লাই করা হবে। আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ বলরামপুর শহরে পরিকল্পনা অনুযায়ী ওয়াটার সাপ্লাই করার ব্যবস্থা করা হয়।

[12-00 — 12-10 p.m.]

श्री सलीव टोप्पो : मिस्टर स्पीकर सर, मै आपके माध्यम से व्यस्क शिक्षा मंबी का ध्यान आर्कपित करना चाहता हूं। सर, जैसा कि आपलोग जानते है पशिचम वंगाल से निरक्षरता को दुर करने के लिए सरकार ने जो साक्षरता अभियान चला रही है वह तारिफेकाविल है। लेकिन जलपाईगुड़ी मे जिसतरह से यह अभियान चलाया जा रहा है, उससे सफलता पर सन्देह होता है। लोगों मे काफी उत्साह देखा जा रहा है। आज करीव ४ महिने से इसपर काम चालु है। लेकिन दुःख के साथ कहना पडता है कि जलपाईगुड़ी के डी०एम० और अलीपुरदुआर के एस०डी०ओ० इस अभियान के प्रति कोई दिलचस्पी नही दिखा रहे है, इस ओर उदासीन है। चुकि णिक्षा के लिए जिस चीज की आवशयकता होती है रोसिन. किरासन तेल इत्यादि जो दिया

होता है। जो बहुत ही कम है। जिससे किसी सेन्टर को चलाया जा सकता है। नियमतः हिला महीना ३ लीटर दुसरा महीना २ लीटर और तीसरा महीना ३ लीटर देने ही वात है। लेकिन किसी भी सेन्टर मे जो उचित व्यवस्था होना चाहिए नहीं है। लेकिन रूपये का दिया जाता है जिस पर की लिखाई नहीं हो पाती है। हिस्टर का भी वहीं हाल है।

सर, इलाके में हिन्दी और नेपाली भाषा-भाषी लोगों की बहुलता है। लेकिन नेपाली माध्यम से पढ़ने की पुस्तक नहीं हैं। हिन्दी में दुसरा खण्ड की पुस्तक है लेकिन पहला खण्ड का पुस्तक अभी तक नहीं मिला है। नेपाली में पुस्तक अभी तक उपलब्ध नहीं कराया गया है, लोगों को इसके लाने से किसतरह वंचित किया जा रहा है। में आपके माध्यम से अनुरोध करुगा कि डी॰ एम॰ को इस ओर कदम उठाने के लिए प्रेरित करें जिससे कि कार्यक्रम सफलतापूर्वक आगे वढ़े। अभी जो हालात है उससे लगता है कि कभी सफल नहीं हो पाएगे। मैं आपके माध्यम से इसके उपर व्यवस्था करने के लिए अनुरोध करता हूं।

শ্রী পরেশনাথ দাসঃ মাননীয় শ্পিকার, মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পঞ্চায়েত মন্ত্রী এবং মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের সাগরদিঘি ব্লকের পাটকেলভাঙ্গা প্রমান পঞ্চায়েতে পঞ্চায়েতের উদ্যোগে আন-এমপ্লয়মেন্ট স্কীমের কাজ হচ্ছে। গত ২৬ তারিখ যখন সেই হচ্ছিল তখন সেখানে সেই কাজের দায়িত্বে ছিলেন ব্লক অফিসের একজন ভারপ্রাপ্ত কর্মচারী। সে সময়ে ঐ পঞ্চায়েত সমিতির একজন সদস্য ঐ কর্মচারীর উপর ফল্স মাস্টার রোল করে টাকা দেওয়ার জন্য চাপ সৃষ্টি করে এবং টাকা না দিলে তাকে মারধার করে—বুট জুতো দিয়ে তাকে লাখি মারে। সে সময়ে সেখানে যে সমস্ত লেবাররা ছিল তারা খুবই স্বাভাবিকভাবে তাকে রক্ষা করে। তা না করলে সেখানেই তাকে খুন করে ফেলা হত। কর্মরত একজন কর্মচারীর উপর নির্বাচিত পঞ্চায়েত সদস্য এই অত্যাচার এবং জুলুম করে। ঘটনাটি স্থানীয় বি. ডি. ও.-কে এবং পুলিশ প্রশাসনকে জানানো হয়েছে। এতৎ সত্ত্বেও এখন পর্যন্ত কাউকে গ্রেপ্তারের ব্যবস্থা করা হয়নি। ফলে ওখানে সাধারণ কর্মচারিদের মধ্যে দারুন ক্ষোভ্রের স্বাস্থার করা হয়নি। ফলে ওখানে সাধারণ কর্মচারিদের মধ্যে দারুন ক্ষোভ্রের স্বাস্থাকর ক্রা আমি মাননীয় ন্থিকারের মাধ্যমে মন্ত্রী মহোদয়দের কাছে অনুরোধ করছি—যাতে কর্মচারিন্দের মধ্যে আস্থা ফিরে আসে তার জন্য দোযী পঞ্চায়েত সমিতির সদস্যকে গ্রেপ্তার করা হেকে এবং আইন মতো ব্যবস্থা গ্রহণ করা হোক।

ডাঃ মানস ভৃঁইয়ায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ <sup>বিষয়ে</sup> মাননীয় পঞ্চায়েত মন্ত্রী, মাননীয় সেচমন্ত্রী এবং মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ

শ্রী বিদ্ধেশ্বর মাহাতো ঃ (নট প্রেজেন্ট)

শ্রী আবদুস সালাম মুন্সি ঃ (নট প্রেজেন্ট)

করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমার বিধানসভা এলাকা মেদিনীপর জেল তথা দক্ষিণবঙ্গের অতান্ত স্পর্শকতার বন্যাবিধ্বস্ত এলাকা ব্লক সবং। আমার জেলার মন্ত্রী মূ ওমব আলি তিনি আমার বিধানসভা কেন্দ্রে বছবার গেছেন এবং তিনি নিজে ঘুরেঘুরে দে এসেছেন যে কি বিপদজনক অবস্থায় নদী বাঁধুগলি, জমিদারি বাঁধণ্ডলি বিধ্বস্ত অবস্থায় রাফ্রান সরকারের অবহেলার শিকার হয়ে। অত্যন্ত দৃঃখের বিষয়, আমরা যথন এই বিধানসভা থেন আপনার নির্দেশে দিল্লিতে প্রধানমন্ত্রী থেকে শুরু করে পঞ্চায়েত মন্ত্রী এবং সেচমন্ত্রীর কা দরবার করেছিলাম বিশেষ করে বন্যা বিধ্বস্ত এলাকার কাজের জন্য, বিশেষ সাহায্যের জন যখন কেন্দ্রীয় সরকার প্রায় ১০০ কোটি টাকা জওহর রোজগার যোজনায় বিশেষ সাহাযায়ক পশ্চিমবঙ্গে দিলেন বিভিন্ন খাতে খরচ করার জন্য—সেচ খাতে, পূর্তবিভাগের খাতে এর বিভিন্ন খাতে বন্যা-বিধ্বন্ত এবং নদী বাঁধ সংস্কারের জন্য, তখন আমরা দৃঃখের সঙ্গে লক্ষ কর্মি পশ্চিমবঙ্গের অন্যতম বন্যাবিধ্বস্ত এলাকা চিহ্নিত সবং ব্রক মাত্র কয়েক লক্ষ্ টাং পেয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা পশ্চিমবঙ্গের দ্বিতীয় বৃহত্তম জায়গা, সেখানে জমিদ্র বাঁধের দৈর্ঘ্য হচ্ছে ১২৪ কিলোমিটার। অথচ সেই জায়গার জন্য মাত্র ১৪ লক্ষ টাকা দেও হয়েছে জমিদারি বাঁধ সংস্কারের জন্য। দীর্ঘ ১৭ বছর বাদে এডাল, চাউলকৃডি, খডিকা এক মানিকডা বাঁধ সংস্কারের জনা মাত্র ১৪ লক্ষ টাকা দেওয়া হয়েছে। অথচ কমপক্ষে সেখা দরকার অন্তত ৬০ লক্ষ টাকা। অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়, কপালেশ্বরী নদীর উপর ভূয়া দট একটি ব্রিজ নির্মাণের জন্য দীর্ঘদিন ধরে বলে আসছি, কিন্তু সেখানে মাত্র কিছু টাকা মঞ্জ করার হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে দাবি করছি, কেন্দ্রের দেওয়া জওহর রোজগং যোজনার ১০০ কোটি টাকার মধ্য থেকে সবচেয়ে বন্যায় বিধ্বস্ত সবং ব্রকের জন্য ১ র্কে টাকা দেওয়া হোক এবং কপালেশ্বরী নদীর উপর ভূয়াঘাটে ব্রিজ নির্মাণের জন্য ১ কোটি টক দেওয়া হোক। আমি এই আবেদন সবার কাছে রাখছি, সমস্ত মন্ত্রীসভার কাছে রাখছি পঞ্চায়েত মন্ত্রী, সেচমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। এই আবেদনে সায় না দিলে সবং এলাকার মানুষ ভীষণভাবে ক্ষতিগ্রস্থ হবে। বছরের পর বছর বন্যার শিক্ষ হয়ে বিধ্বস্ত হচ্ছে, কোটি-কোটি টাকার ফসল নম্ভ হয়েছে। আমি বিনীতভাবে আবেদন রাখিছ জওহর রোজগার যোজনার ১ কোটি টাকা দেওয়া হোক যাতে আগামী দিনে সবং-এ মান্যকে এই বন্যার হাত থেকে রক্ষা করা যায়, বিধ্বস্ত বাঁধঙলিকে মেরামত কবা <sup>হত</sup> জমিদারী বাঁধগুলিকে মেরামত করা যায় এবং কপালেশ্বরী নদীর উপর ভূয়াঘাটে বিজ <sup>নির্মণ</sup> কবা যায়।

শ্রী নটবর বাগদি ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুংগু বিষয়ে দৃষ্টি আকর্যণ করছি। আমার জেলার সামনেই রাঁচি বিশ্ববিদ্যালয় থেকে সাটিফিন্টে বিক্রি করার ব্যবসা চলছে এবং এই সাটিফিকেট নিয়ে আমাদের জেলার কিছু কিছু কিছু কিছক কিছকতা করছেন। এই বিষয়ে আগে আমি বলেছিলাম আমাদের পুরুলিয়া জেলার হে খানার কালিয়াচক হাইস্কুলের হেডমাস্টার শ্রী স্ফীরোদ মহাপাত্র রাঁচি বিশ্ববিদ্যালয় থেকে এ সাটিফিকেট নিয়ে এসেছেন এবং সেখানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্টারকে লিখেছেন, বিশ্ববিদ্যালয়ের রেজিস্টারকে লিখেছেন, বিশ্ববিদ্যালয়ের সেজারকার কালিয়াচক হাই মিটাবেক বিশ্ববিদ্যালয়ের রেজিস্টারকে লিখেছেন, বিশ্ববিদ্যালয়ের রেজিস্টারকার লিখেছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্টারকার লিখেছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্টারকার লিখেছেন বিশ্ববিদ্যালয় কালিয়া বিশ্ববিদ্যালয়ের রেজিস্টারকার লিখেছেন বিশ্ববিদ্যালয় কালিয়া বিশ্ববিদ্যালয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্টারকার লিখেছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্টারকার লিখেছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্টারকার লিখেছেন বিশ্ববিদ্যালয়ের কোলিয়া বিশ্ববিদ্যালয়ের বিশ্ববিদ্যালয়ের সেজার বিশ্ববিদ্যালয়ের বেজিকার বিশ্ববিদ্যালয়ের বেজিকার বিশ্ববিদ্যালয়ের বিশ্ববিদ্যা

[12-10 — 12-20 p.m.]

এটা স্যার, ১৯শে ফেব্রুয়ারি ১৯৮৭ রাঁচি এক্সপ্রেস বলে একটা হিন্দি কাগজে বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে সেখানে বলা হয়েছে

राँची विशविद्यालय मे जाल शाजी का मामला प्राप्त जानकारी के अनुसार महाशय  $\hat{f}$  १९७४ मे रांची विश्वविद्यालय से (वंगला) मे परीक्षा दी थी, जिसमे उसे २३९ मर्कस मिले थे परन्तु उसने दुसरा पत्र वनवाया, जिसमे ३६१ मंक थे। और वहुत जाशी

এই রকম জাল সার্টিফিকেটের কারবার চলছে। সেখানে হুড়া হাইস্কুলে কালিয়াচকে প্রধান শিক্ষকতা করছেন। আমরা কর্তৃপক্ষের দৃষ্টি এ ব্যাপারে আকর্ষণ করেছি ডি. আই. কে.—জানানো হয়েছে, তারা ইতিমধ্যে কিছু কিছু স্টেপ নিয়েছেন। আজ পর্যন্ত হেড মাস্টার জাল সার্টিফিকেট নিয়ে ওখানে শিক্ষকতা করছেন মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমাদের দাবি ঐ জাল সার্টিফিকেট ধারী হেডমাস্টারকে গ্রেপ্তার করা হোক, সার্টিফিকেট বাজেয়াপ্ত করা হোক এবং আজ পর্যন্ত মাইনে হিসাবে তিনি যত টাকা নিয়েছেন সেই মাইনের টাকা আদায় করা হোক, এই দাবি আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের নিকট রাখছি।

শ্রী নিত্যানন্দ অধিকারী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয় গণের এবং এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। ৩১ নম্বর জাতীয় সড়ক ময়নাণ্ডড়ি জনপথকে পাশে রেখে একটা বাইপাশ নির্মিত হবে. ১৯৬৭ সালে এর জন্য প্রায় ৭২ একর জমি অধিগ্রহণ করা হয়েছিল, আজ পর্যন্ত যাদের জমি অধিগ্রহণ করা হয়েছিল তারা সমস্ত ক্ষতিপুরণ পান নি, আংশিক পেয়েছেন। এই হল এক. আর দুই হল, জাতীয় সড়কের ক্টিনিউয়েশন এই বাইপাশ নির্মিত না হলে কন্টিনিউয়েশন থাকে না। তারা বলছেন শহরের ভিতর দিয়ে জাতীয় সডক হতে পারে না। সেখানে আজও জাতীয় সডকের কাজ কর্ম চলছে অথচ ৩১ নম্বর জাতীয় সড়কের যতগুলি সেতু আছে সেটা হল জর্দা সেতু, এ ছাড়া অন্য কোনও সেতৃ আজও হয়নি। উপরস্ত এই বাইপাশ নির্মাণ হয়নি। কাজেই ৩১ নম্বর জাতীয় <sup>সড়কের</sup> স্বার্থে বাইপাশ নির্মাণ করা হোক। এ ছাডা বিধ্বংসী বন্যা আলিপুরদুয়ার মহকুমার <sup>টপর</sup> দিয়ে গেছে, তাতে জাতীয় সড়ক টুকরো টুকরো হয়ে গেছে, যদি এই সুখা মরশুমে <sup>এই</sup> জাতীয় সড়ক পুনর্নির্মাণ না হয় তাহলে ঐ যোগাযোগ ব্যবস্থা বিশেষ করে আমরা এবং <sup>জলপাইগুড়ির</sup> মানুষ যা বলে ময়নাগুড়ি গেটওয়ে অফ ভূটান, আসাম এবং ত্রিপুরা এবং <sup>জলপাইগু</sup>ড়ির অন্যান্য অংশ, সেখানে এই একটি মাত্র সংকীর্ণ সেতু। আর দুই হচ্ছে বন্যায় <sup>ক্ষতিগ্র</sup>ন্ত জাতীয় সড়ক যদি সঠিক সময়ে নির্মাণ না হয় তাহলে আগামী বর্ষা মরশুমে জাতীয় <sup>দড়ক</sup> বিচ্ছিন্ন হয়ে যাবে ঐ এলাকার চলাচল ব্যবস্থা বিঘ্নিত হবে, বিশেষ করে আসাম, <sup>ব্রিপুরা।</sup> তাই আপনার মাধ্যমে এই কথা গুলি বলে সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি।

খ্রী প্রবীর ব্যানার্জি ঃ (মাননীয় সদস্য উপস্থিত ছিলেন না)

খ্রী নাসিরুদ্দিন খানঃ (মাননীয় সদস্য উপস্থিত ছিলেন না)

শ্রী **প্রভঞ্জন মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশ**য়, একটি বিষয়ে আমাদের পশ্চিমবঙ্গের

[5th April, 1994

মাননীয় রিলিফ এবং মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি আপনার মাধ্যমে। গত ্র দিন আগে অর্থাৎ পয়লা এপ্রিল গভীর রাত্রে প্রচন্ড একটি ঘূর্ণি ঝড় বয়ে যায়। তার পরে দিন খবরের কাগজে দেখা যায় এর ফলে শিলিগুড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। কিন্তু দক্ষিণ বাংলাঃ সুন্দরবন বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, মিঠে পানের বরজ সাগর এলাকায় ভেঙ্গে পড়ে গেছে ছোট ছোট বাডিও ক্ষতি গ্রস্ত হয়েছে।

সাগরন্বীপে প্রায় দুই হাজার বাড়ি ক্ষতিপ্রস্ত হয়েছে, অন্যান্য এলাকাতেও অনেক ক্ষতি হয়েছে বলে আমি শুনেছি। অনেক টালির চালওয়ালা প্রাইমারি স্কুলের বাড়িগুলিও ক্ষতিগ্রন্ত হয়েছে। আমাদের পারপারের সাগরন্বীপের সঙ্গে কাকদ্বীপের সংযোগকারি যে জেটি সেটাও ক্ষতিপ্রস্ত হয়েছে। আমার অভিজ্ঞতা আছে, গত বছর সেপ্টেম্বর মাসে বিধ্বংসী বন্যা হয়ে যাবার পর আমিই প্রথম রাইটার্স বিন্ডিংকে জানাই যে, সামুদ্রিক জলোচ্ছাসের ফলে বিরাট এলাকা প্লাবিত হয়ে গেছে, কিন্তু তারজন্য কোনও রিলিফ মেজার নেওয়া হয়নি। ডি. এমও সেখান থেকে রিপোর্ট পাঠিয়েছিলেন, কিন্তু সেখানে রিলিফ ঠিকভাবে হয়নি। তারপর মাননার মুখ্যমন্ত্রীকে বলায় তিনি আমাকে বলেছিলেন, আপনারা যেটা করতে পারবেন সেটাই জনগণকে বলুন এবং যেটা পারবেন না সেটাও তাদের বলুন। কিন্তু আমরা জানতে পারছি না যে, সেখানে কি কি প্র্যান নেওয়া হচ্ছে, কোনও কাজকে অগ্রাথিকার দেওয়া হচ্ছে এবং কাজের অগ্রগতিই বা কতদুর হয়েছে। সেসব না জানালে জনগণকে আমরা বলব কি করে? সাম্প্রতিক ঝড়ে সেখানকার বিন্তির্ণ এলাকা ধ্বংস হয়ে গেছে, বছ পানের বরজ ধ্বংস হয়ে গেছে। আমি ডি. এম. এবং সভাধিপতিকে সব জানিয়েছি, কিন্তু তাদের রিপোর্ট কিভাবে আসবে জানি গা। তাই আমি কৃষিমন্ত্রী এবং রিলিফ মন্ত্রীকে অনুরোধ করছি, সত্ত্বর এই ব্যাপারে ব্যবহা গ্রহণ করন।

মিঃ ম্পিকার ঃ দীপকবাবু (শ্রী দীপক মুখার্জি), উপরে তাকিয়ে পাথিদের হেঁটে বেড়ানো দেখছেন। আজকাল পাথিরাই আসবে, দর্শকরা আসছেন না এই রকম অবস্থা।

শী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীর্য অধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ের প্রতি আমি সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এখন থেকে ৭৫ বছুর আগে ১৯১৯ সালের ১৩ই এপ্রিল ব্রিটিশ পুলিশের গুলিতে পাঞ্জাবের জালিয়ানওয়ালা প্রাঙ্গন হয়ে উঠেছিল ভারতীয়দের বদ্ধভূমি যার প্রতিবাদে কবিগুরু রবীন্দ্রনাথ নাইট উপাধি ত্যাগ করেছিলেন, প্রত্যাখ্যান করেছিলেন নাইটিছট উপাধি। ১৩ই এপ্রিলের ঐ দিনটিকে শ্বরণ করতে আমাদের প্রধানমন্ত্রী পাঞ্জাবে যাচ্ছেন ঐ তারিখে দিনটির ঐতিহাসিক শুরুত্ব শ্বরণ করে। উপাধি প্রত্যাখ্যান করে রবীন্দ্রনাথ যে চিটি পাঠিয়েছিলেন সেটা সভায় প্লেস করতে চাই অন রেকর্ড গ্রহণ করার জন্য। জালিয়ানওয়ালাবাগ হত্যাকান্ডের উপর স্টেটসম্যান পেপারে ১৯১৯ সালের জুনের ৩ তারিখে একটি চিঠি প্রকাশিত হয়েছিল। এখানে তার একটি অংশ অন রেকর্ড প্লেস করতে চাই। তাতে লিখেছিলেন,

'Honour unwanted'...'The very least that I can do for my country is to take all consequences upon myself in giving voice to the protest of the millions of my countrymen surprised into a dumb anguish of terror. The time has come when badges of honour make our shame

glaring in their incongruous context of humiliation, and I for my\_part wish to stand, shorn of all special distinctions, by the side of those of my countrymen who, for their so called insignificance are liable to suffer a degradation not fit for human beings. And these are the reasons which have painfully compelled me to ask your Excellency, with due deference and regret, to relieve me of my title of Knighthood".

আমি তাই সরকারের কাছে অনুরোধ করব, যেহেতু জালিয়ানওয়ালা বাগ হত্যাকান্ডের সঙ্গে রবীন্দ্রনাথের নাম জড়িয়ে রয়েছে তাই ঐদিন কলকাতায় সরকারী উদ্যোগে একটি অনুষ্ঠান করা হোক। একটা স্মারক আমাদের কলকাতায় করা হোক যেখানে অন্তত কবিশুরু রবীন্দ্রনাথ ঠাকুরের চিঠিগুলি সাজিয়ে রাখতে পারি তাহলে আমার মনে হয় এই দিনটির প্রতি যথাযথ গুরুত্ব আরোপ করা হবে। রাজ্য সরকার স্মারক নির্মাণের ক্ষেত্রে একটা সুস্পষ্ট মনোভাব গ্রহণ করুন। জালিয়ানওয়ালা বা পাঞ্জাবের উপরে ঘটলেও তার যোগসূত্র হিসাবে এই ঘটনা একটা নজর সৃষ্টি করবে।

### ZERO HOUR

[12-20 — 12-30 p.m.]

শ্রী ঈদ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর কাছে আবেদন রাখছি। আমার বিধানসভা কেন্দ্র ভরতপুর থেকে কলকাতায় আসার একমাত্র যান হচ্ছে রেলগাডি, এছাডা বিকল্প কোনও ব্যবস্থা নেই। আপনি জানেন যে রেলের ভাডা কেন্দ্রীয় কংগ্রেস সরকার বাডিয়ে দিয়েছেন। তার ফলে যখন তখন রেল অবরোধ হচ্ছে, যাত্রী বিক্ষোভ হচ্ছে। ফলে আমার এলাকা থেকে লোকজন কলকাতায় আসতে পারছে না, তারা হয়রানির মধ্যে পডছে। আমরা মন্ত্রী মহাশয়ের কাছে দরবার করেছিলাম যে ভরতপুর-সালার থেকে ২টি স্টেট বাস চালু করা হোক ভায়া কাটোয়া, নবদ্বীপ এবং কৃষণ্ডনগর হয়ে। এটা চালু করলে ট্রেন ছাডাও বাসে সাধারণ মানুষ কলকাতায় আসতে পারবেন। এই আবেদন আমরা করেছিলাম কিন্তু আজ পর্যন্ত কোনও সাডা পাওয়া যায়নি। আপনি জানেন যে রেল অবরোধ হলে আমরা সদস্য হিসাবে বিধানসভায় এসে আলোচনায় ঠিক সময়ে অংশগ্রহণ <sup>করতে</sup> পারি না, নানা রকম অসুবিধা দেখা দেয়। কাজেই আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর কাছে আবেদন করছি, ভরপুর-সালার থেকে যাতে ২টি স্টেট বাস ভায়া কাটোয়া, <sup>নবদ্বী</sup>প এবং কৃষ্ণনগর হয়ে কলকাতায় যাতায়াত করে সেই ব্যবস্থা করবেন। তাহলে সাধারণ <sup>মানুষে</sup> এই হয়রানির হাত থেকে রেহাই পাবে। আমি আবার আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে যাত্রী সাধারণের দুরবস্থার কথা চিন্তা করে ভরতপুর-সালার থেকে ২টি স্টেট বাস ভায়া কাটোয়া, নবদ্বীপ এবং কৃষ্ণনগর হয়ে কলকাতা চালু করা হোক।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল বামফ্রন্টের একটা র্য়ালি আমি আমাদের এস. এন. ব্যানার্জি রোড থেকে দেখছিলাম। আমি আগেও দু' একবার আমাদের বাড়ি থেকে এই মিছিল দেখেছি। কিন্তু তখন দেখেছি যে এই মিছিল যেতে সময় লাগত ১।। ঘন্টা। কিন্তু এবারে দেখলাম যে মিছিল যেতে সময় লেগেছে মাত্র ৪৫ মিনিট। এই ডাঙ্কেল প্রস্তাব এবং গ্যাট চুক্তি নিয়ে বিভিন্ন লোকের মধ্যে বিল্রান্তি সৃষ্টি করার জন্য

সি. পি এম. এবং বি. জে. পি., এই দুটি দল সমান ভাবে চলেছে। গ্যাট চুক্তি আমাদের মন্ত্রীসভার সদস্যরা ভাল করে পড়েন নি। কৃষি মন্ত্রী বলেছে যে গ্যাট চুক্তির কপি পাইনি কিসের ভিত্তিতে আলোচনা করছি। সুতরাং দেখা যাচ্ছে এই ব্যাপারে এদের অনেকেরই সুম্পষ্ট ধারণা নেই। আমরা দেখেছি যেদিন ডাঙ্কেল প্রস্তাব নিয়ে আলোচনা হয়েছিল সেদিন মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী সভায় ছিলেন না। আমরা জানি যে সি. পি. এম.-এর বোধদয় দেরিতে হয়। সেদিন এরা বলেছিলেন যে সুভাষ ঘিসিং জাতীয়তা বিরোধী, ভারতবর্যের কলঙ্ক, কংগ্রেস সেই আান্টি-ন্যাশনালিজমকে প্রশ্রয় দিচ্ছে। আজকে যে তাদের সঙ্গে এরা মধুচন্দ্রিমা যাপন করছে।

বছ ঘটনা বারে বারে ঘটেছে—জিরো আওয়ারে সময় কম, তা না হলে বলতাম—য়ে এক সময় ওরা যেটা ভূল বলে পরে সেটাকে সুয়ালো করে। আমার বিশ্বাস আজকে হোক না হয় কালকে হোক এই গ্যাট চুক্তির সব চেয়ে বড় প্রবক্তা মাননীয় জ্যোতিবারু হয়ে দাঁড়াবে। কারণ মুখ্যমন্ত্রীর কাজ কর্ম এবং তার যে সমস্ত স্টেপিং তাতে কোথাও কোনও সময় মনে হয় না তিনি গ্যাট চুক্তির বিরুদ্ধে বলছেন। তিনি প্রিপুরাতে সভা করে বলেছেন যে কংগ্রেসের বিকল্প খুঁজে পাওয়া যাছে না। তাই কংগ্রেসের যেমন বিকল্প খুঁজে পাওয়া যাবে না, তেমনি গ্যাট চুক্তির বিরুদ্ধ খুঁজে পাওয়া যাবে না ভারতবর্ষকে মুক্ত করতে। তাই উদার অর্থনীতি এবং উদার শিল্প নীতির সুযোগ পশ্চিমবাংলা গ্রহণ করুক। এটাই তাদের পক্ষে সব চেয়ে বড় গ্রহণ যোগ্য পথ হবে। আমি মনে করি মিথ্যা প্ররোচনায় না পড়ে, গোটা বিষয়টা ভাল করে অনুসদ্ধান করে, বিশ্লেষণ করে গ্যাট চুক্তির পক্ষে তারা মতামত দিন। ভারতবর্ষের অর্থনীতি পুনজ্জীবনে এই গ্যাট চুক্তি এবং ডাঙ্কেল প্রস্তাব–এর যে ভূমিকা সেই ভূমিকা পালন করতে আপনারা উদ্যোগ নিন।

শ্রী মানবেক্ত মখার্জি: মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে প্রথমে মাননীয় সদস্য সদীপবাবকে ধন্যবাদ দিতে চাই এই জন্য যে, নাইট হুড ত্যাগ করে রবীন্দ্রনাথ চিঠির প্রসঙ্গটি তিনি জানিয়েছেন বলে। মাননীয় সুদীপবাব এবং কংগ্রেসের বন্ধরা এই চিঠিটা দেরিতে পড়েছেন, আমরা বহু দিন আগে এই চিঠির মর্মবস্তু জানি যে বিদেশি সম্মান বিশ্বকবির পক্ষে অপমানের কারণ হয়ে দাঁডিয়েছিল। তাই তিনি আপত্তি করেছিলেন। আমাদের দর্ভাগ্য আজকে আমাদের দেশের প্রধানমন্ত্রী এবং অর্থমন্ত্রীর এই মুহর্তে বিদেশী উপহারই <sup>সং</sup> চেয়ে বেশি দরকার। পিটার সাদার ল্যান্ডের সার্টিফিকেট, আর্থার ডাঙ্কেলের সার্টিফিকেট, মা<sup>হকেল</sup> আনজেশাসের সার্টিফিকেট দরকার যে তারা দেশকে বিক্রি করার কাজে যথেষ্ট দক্ষতা <sup>অর্জন</sup> করেছেন। আমি সুদীপবাবুর প্রস্তাবকে সমর্থন করি সব চেয়ে বেশি এই জায়গাতে <sup>রে</sup> রবীন্দ্রনাথের চিঠি দেখানো উচিত পরবর্তী প্রজন্মকে যে এই সময় ভারতবর্ষের মানুষের <sup>এই</sup> আত্মবিশ্বাস এবং এই আত্মমর্যাদা ছিল যে বিদেশির পিঠ চাপডানির সামনে নিজেদের আত্মমর্যাদ বিক্রি করে দিত না। রবীন্দ্রনাথের এই চিঠিটা তার প্রমাণ হবে। মাননীয় স্পিকার স্যার, <sup>এই</sup> দাবি নিয়ে আজকে দিল্লিতে লক্ষ লক্ষ মানুষ জড় হয়েছে, একই দেশের বুকে গণতন্ত্রের দুটি স্টান্ডার্ড থাকবে কিনা। এই প্রশ্ন আমাদের আলোচনা করতে হবে রাইটার্স বিল্ডিংসের ১০০ গজের মধ্যে দাঁড়িয়ে রাইটার্স বিশ্তিংস দখল করার সমাবেশ সেটা হবে আইনগত স্মা<sup>বেশ</sup> আর দিল্লির কেন্দ্রীয় সরকারের দপ্তরের অন্ত ৫০০ মাইল দূরে পর্যন্ত যেতে দেওয়া হবে ন।

ার, গণতন্ত্রের এই দুটি স্টান্ডার্ড চলতে পারে না। আগে তাহলে সিদ্ধান্ত হোক কলিকাতার কে রাইটার্স বিল্ডিংসের ৫০০ মাইলের মধ্যে বিরোধী পক্ষকে সমাবেশ করতে দেওয়া হবে। আর যদি তা না হয় তাহলে গেট ক্লাবে আজকে কয়েক লক্ষ মানুষ র্য়ালি করবে, যদি ব্লির প্রশাসন, কেন্দ্রীয় সরকার দিল্লিতে এই র্য়ালির উপর আক্রমণ করে তাহলে মাননীয় গ্রেসের সদস্যদের আমি কেবল স্মরণ রাখতে বলি কলকাতায় দাঁড়িয়ে আমাদের সরকারের ক্লিদ্ধে আপনাদেরও সমাবেশ করতে হবে। মাননীয় স্পিকার স্যার, ইতিহাস ওরা ভূলে রিছেন। যখন ওরা ক্ষমতায় ছিলেন না, ওনারা বোট ক্লাবে র্য়ালি ডাকত, ইন্দিরা গাদ্ধী তকেছেন, রাজীব গাদ্ধী ডেকেছেন। আজকে ওরা ক্ষমতায় গিয়ে মনে করছেন জনগণের গায়ের হাত থেকে এই সরকার রক্ষা পেয়ে যাবে প্রশাসন, পুলিশ, লাঠি, গুলি দিয়ে। দুদিন র টেনে হিঁচড়ে দেশের মানুষ যখন পি. ভি. নরসিমা রাওকে নামাবে তখন এই বোট ক্লাবে মাবেশ করার জন্য ভি. পি. সিং-এর পায়ে ধরতে হবে এই কংগ্রেস দলকে। তখন ওরা ঝবে যে বিরোধী পক্ষের প্রতিবাদ করার অধিকারের কত খানি মর্যাদা এই দেশের বুকে লাছে। স্যার, এই নির্লভ্জ ইতিহাস বহির্ভত ইতিহাস থেকে কেউ যেন শিক্ষা না নেয়।

## (গোলমাল)

কশ বার বলব [\*\*\*\*] এবং মনমোহন সিংকে দেশের মানুষ টানতে টানতে নামাবে, শিকে বিক্রি করা—বরদাস্ত করা চলবে না, কংগ্রেসি নেতৃত্বে এই সরকারকে দেশের মানুষ । স্ট কিক আউট করবে। দেশের স্বাধীনতাকে বিক্রি করে দেওয়া কিছুতেই বরদাস্ত করবে। এই অপরাধের শাস্তি আপনাদের পাওনা। দেশের মানুষ এটা প্রমাণ করে দেবে।

## (গোলমাল)

মিঃ স্পিকার ঃ এটা নাম না নিয়ে প্রধানমন্ত্রী বলা যায়। প্রধানমন্ত্রীর অফিস স্ট্যাটাস, ম নেওয়া যায় না, প্রধানমন্ত্রী বলা যায়। নাম বাদ যাবে।

### (গোলমাল)

[12-30 — 12-40 p.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিয়ে মাননীয় সেচমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে উত্থাপন করছি।

## (গোলমাল)

স্যার, বিষয়টি হচ্ছে হুগলি নদীর নাব্যতা এবং কলকাতা বন্দর তথা কলকাতা পোর্টকে 

াচাবার বিষয়। মার্চ, এপ্রিল এবং যে, এই তিন মাস হচ্ছে শুখা মরশুম। এই তিন মাসে 

াগারাঞ্জা থেকে প্রতিদিন হুগলি নদীতে অন্তত চল্লিশ হাজার কিউসেক জল আসা প্রয়োজন—এটি 

বৈশেষজ্ঞদের অভিমত। কিন্তু আপনি জানেন স্যার, এবারে মার্চ মাসের রেকর্ড অত্যন্ত ভয়াবহ। 

ার্চ মাসে হুগলি নদীতে যে জল এসেছে তার পরিমাণ হচ্ছে মাত্র বার হাজার কিউসেক। 

ার্নাঞ্জা থেকে যে জল যায়, তার সিংহুভাগ চুক্তি অনুযায়ী বাংলাদেশকে দিতে হয়। চুক্তি

Note \* Expunged as ordered by the Chair.

অনুযায়ী সেই জল বাংলাদেশকে দিতে কেন্দ্রীয় সরকার দায়বদ্ধ। কিন্তু সাথে সাথে কলকাতা বন্দরকে বাঁচিয়ে রাখাও অবশ্য প্রয়োজন। কারণ কলকাতা শুধুমাত্র ব্যবসা-বাণিজ্যের কেন্দ্র নয়, গোটা উত্তর পূর্ব ভারতের অর্থনীতি এই কলকাতা বন্দরের উপরে নির্ভরশীল। ইগনি নদীর নাব্যতা যদি এই ভাবে চলে যায়, তাহলে ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। ইতিমধ্যেই বড় বড় জাহাজগুলো কলকাতা বন্দরে ঢুকছে না, সেগুলো সব অন্য জায়গায় চলে যাছে। এরফলে মালপত্র আনা নেওয়ার ব্যাপারে পরিবহনের ব্যয় বেড়ে যাছে।

গঙ্গার আপস্ট্রিমে যে রাজ্যগুলি আছে তারা ইচ্ছামতো জল টেনে নিচ্ছে এবং এতে দেখা যাচ্ছে এখানে হুগলি নদীতে জল কমে যাচছে। এর অন্যতম কারণ হুচ্ছে উত্তরপ্রদেশে কানপুরের কাছে একটা লম্বা দীর্ঘ খাল কেটে জল টেনে নেওয়া হুচ্ছে। ফলে গঙ্গার অববাহিকায় যে সমস্ত রাজ্যগুলি আছে, তাদের জলের প্রয়োজনীয়তা আছে, তাদের রাজ্যবাসীকে বাঁচাতে হবে। এক্ষেত্রে সমস্ত রাজ্যের জন্য জল বন্টনের ক্ষেত্রে যদি সুষম বন্টন ব্যবস্থা না হয় এখানে যদি নিয়ন্ত্রণ না থাকে, এবং গঙ্গার আপ স্ট্রিমের উত্তরপ্রদেশ এই সমস্ত রাজ্যগুলি যদি জল টেনে নেয় তাহুলে নিম্ন অববাহিকায় পশ্চিমবাংলার মতো রাজ্যের কলকাতা বন্দরের বিরাট ক্ষতি হবে। আমি দাবি জানাচছি, এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার সমস্ত রাজ্যগুলিকে নিয়ে গঙ্গার জল বন্টনের ক্ষেত্রে একটা সুষ্ঠু নিয়ন্ত্রণ নীতি দ্বারা পরিচালিত হোক, এটার দাবি আমি জানাচ্ছি, এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার, এটা দেখা দরকার, এই বলে আমার বক্তবা শেষ করছি।

মিঃ ম্পিকার ঃ মাননীয় প্রভাসবাব যখন সেচমন্ত্রী ছিলেন—এখানে দেবব্রতবাবু আজকে নেই—উনি মাঝে অসম্ভ হয়ে যান, আমি তখন মন্ত্রী ছিলাম, কিছুদিন আমি ওনার কাজ্যা দেখতাম। গঙ্গা ফ্লাড কন্ট্রোল বোর্ড একটা আছে তাদের মিটিং ও হোত, ওতে আমরা যেতাম, তাতে যে যে রাজ্যগুলি থেকে যায় তার যারা সদস্য এবং কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন সভাপতি, তখন ছিলেন রাও, তখন সেখানে এই বিষয়গুলি উঠেছিল। যেহেতু পশ্চিমবঙ্গ বাইপেরিয়ান স্টেট, তখন সেখানে এই গঙ্গার ব্যাপারে প্রশ্ন উঠেছিল, উপর তলায় যে জল তোলা হচ্ছে আর. এল. আই. দিয়ে খাল কেটে বে-আইনি ভাবে, কোনও নিয়ন্ত্রণ যেখানে নেই, উত্তরপ্রদেশে, বিহারে : ফলে গঙ্গার স্রোত এখানে কমে আসছে, গঙ্গার ফ্রো থাকছে না, এটার ব্যাপারে আমি বলেছিলাম। স্বাভাবিকভাবে আমাদের পাশের দেশ বাংলাদেশ আছে, তাদের সঙ্গে <sup>একটা</sup> আন্তরাজ্য **ট্রিট** আছে, এটা একটা কমিটমেন্ট আছে, যাতে তারা জল পায়। আমি মনে <sup>কর্ছি</sup>, এটা একটু উচচ পর্যায়ে দেখা দরকার। এখন যদি উত্তরপ্রদেশে, বিহারে নিয়ন্ত্রণ না <sup>হয়</sup>, আনকন্ট্রোল হয় তাহলে স্বাভাবিকভাবে জল কমে যাবে, নদীর স্রোত কমে যাবে, সিলটেশন হবে। ফলে সমস্ত নদীতেই পলিমাটি জমবে, তাতে রিভার বেড উঁচু হয়ে যাবে, কলকা<sup>তার</sup> বন্দর বন্ধ হয়ে যাবে, নানা রকম সমস্যা হবে, তার সঙ্গে ফারাক্কার ব্যাপারও আছে, ফারাক্টা দক্ষিণ পাড়ে ইরোশন হচ্ছে, বাঁ পাড়ে পলি জমে যাচ্ছে, ফলে জোয়ারের সময় এলাকা ভেসে যাচ্ছে। এটা আমার মনে হয় একটু দেখা দরকার।

শ্রী **লক্ষ্মীকান্ত দেঃ** স্যার, এই ব্যাপারে একটা প্রস্তাব করি, কংগ্রেস যদি রাজি <sup>থাকে।</sup>

এই ব্যাপারটা সিরিয়াস, আপনাদের ভাবা দরকার। গঙ্গাকে যেভাবে উত্তরপ্রদেশে, বিহারে বাঁধ দিয়ে জলকে নিয়ে নেওয়া হচ্ছে এতে করে বাংলাদেশের সঙ্গে আমাদের সমস্যা সৃষ্টি হচ্ছে, বাংলাদেশ জল পাচ্ছে না, এখানেও জল ঠিকমতো পাওয়া যাচ্ছে না, এই ব্যাপারে যদি অল পার্টি রেজলিউশন আনা যায় তাহলে ভাল হয়। এটা পশ্চিমবাংলার জনসাধারণের স্বার্থে দেখা দরকার, এতে আসাম থেকে শুরু করে সমস্ত রিজিওন শুকিয়ে যাবে, এটা দেখা দরকার।

শ্রী ক্ষিতি গোস্বামী । মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা খুবই সিরিয়াস ব্যাপার। স্যার, যেভাবে আপনি বললেন তাতে আমি বলতে পারি, আমরাও জনগণের সঙ্গে থাকি, খানিকটা তাদের সেণ্টিমেন্ট বুঝি। এ বিষয়ে যদি আমরা আমাদের বক্তব্য এখনই কেন্দ্রীয় স্তরে তুলে না ধরি তাহলে রাজ্য স্তরে এমন অবস্থার সৃষ্টি হ'তে পারে যেমন কাবেরি ওয়াটার নিয়ে হচ্ছে। সেখানে কাবেরির জল নিয়ে দুটি রাজ্যের মধ্যে ছন্দ্র লেগে গিয়েছে। এমন কি খুনোখুনি হয়ে সেখানে লোক মরেছে পর্যন্ত। আমাদের রাজ্যেও যেভাবে সেন্টিমেন্ট তৈরি হচ্ছে এবং অবস্থাটা যেভাবে সৃষ্টি হচ্ছে তাতে এখানেও এই পরিস্থিতি দেখা দিতে পারে। সেখানে বিশেষ করে কানপুরে শোনা যাচ্ছে যে ড্যাম তৈরি করবে, জল আটকাবে এবং ফলে পরিস্থিতি আরও ঘোরাল হয়ে উঠবে। স্যার, আপনি ঠিকই বলেছেন যে এই গুরুত্বপূর্ণ বিষয়টি নিয়ে কেন্দ্রের সঙ্গে কথা বলা দরকার। আমি আশা করি আগামীদিনে আমরা সবাই মিলে দিল্লিতে গিয়ে এ বিষয়ে কথা বলতে পারব এবং তার ব্যবস্থা এই হাউস থেকে করা যারে।

মিঃ প্পিকার ঃ এটা শুধু একটা ডেলিগেশন দিয়ে তো হবে না। আমার মনে হয় এ বাপারে বিশেষজ্ঞ যারা আছেন তাদের সঙ্গে কথা বলা দরকার। কারণ নদীর ব্যাপার, নদীর শ্রোতের ব্যাপার, নদীর গভীরতার ব্যাপার ইত্যাদি অনেক ব্যাপার যুক্ত আছে এর সঙ্গে। তা ছাড়া এর সঙ্গে ফরাক্কার ব্যাপারটাও যুক্ত আছে। আপনারা নিশ্চয় অল পাটি মিলে রেজলিউশন নেবেন, ডেলিগেশন যাবে, কথা বলবেন কিন্তু আমার মনে হয় এটার ব্যাপারে আরও গভীরে গিয়ে তারপর কথা বলা দরকার। যারা ইঞ্জিনিয়ার আছেন, বিশেষজ্ঞ আছেন তাদের সঙ্গে কথা বলা দরকার এবং তারপর কেন্দ্রীয় ও রাজ্য স্তরে মন্ত্রী পর্যায়ে বসে ভাল ভাবে খুঁটিয়ে দেখা দরকার যে প্রকৃত সমাধান এর কি হ'তে পারে। অর্থাৎ কিভাবে এটা নিয়ন্তরণে আনা যায় তার একটা পথ খুঁজে বের করতে হবে।

শ্রী কৃপাসিদ্ধু সাহা ঃ স্যার, আপনি সঠিক ভাবেই বলেছেন যে দেখতে হবে কি ভাবে 
এর সমাধান করা যায়। অল পার্টি ডেলিগেশন গেলেও যে সব সময় কাজ হয় না সেটা 
আমরা আমাদের অতীত অভিজ্ঞতাতেই দেখেছি। আপনি তাই সঠিকভাবেই বলেছেন যে 
বিশেষজ্ঞদের নিয়ে এ ব্যাপারে আলোচনা করা দরকার এবং তারপর একটা প্র্যান, প্রোগাম 
করা দরকার। এটা করে নিয়ে আমরা যদি কেন্দ্রের কাছে যেতে পারি এবং সেইভাবে তাদের 
বোঝাতে পারি তাহলে আমার মনে হয় আমাদের যা উদ্দেশ্য সেই উদ্দেশ্য সফল হবে। তা 
না হলে আমাদের পশ্চিমবঙ্গের যা দুরাবস্থা হবে সেটা ভাবতে শিউরে উঠছি।

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সঠিকভাবেই বিষয়টির উপর

গুরুত্ব আরোপ করেছেন। স্যার, আপনি জানেন যে সংশ্লিষ্ট বিষয়টি সেচ ও বন্যা নিয়াল **দপ্তরের ব্যাপারে এবং এটি রাজ্য তালিকাভক্ত ব্যাপার। তবও যখন রাজ্যের স্বার্থ** সংশ্লি কোনও বিষয় আসে তখন আমরা রাজনীতির উর্দ্ধে থেকে রাজ্যের মান্যের কল্যাণ ৫ উন্নয়নের স্বার্থে কাঁধে কাঁধ মিলিয়ে ওদের সঙ্গে এগিয়ে যাই এবং তা নিয়ে আন্দোলন কৰি দাবি করি। স্যার, আপনি সঠিক সময়ে এ বিষয়ে গুরুত্ব আরোপ করেছেন। দর্ভাগোর বিষয় এই বিষয়টা নিয়ে আগে থেকে ততধিক গুরুত্ব রাজ্যের সেচ দপ্তর থেকে দেওয়া হচ্ছে না বলে আমাদের ধারণা। স্যার, আপনি আরও সঠিকভাবে বলেছেন যে শুধ অল পার্ট ডেলিগেশন নিয়ে গিয়ে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে কথা বলে তাদের সাহায্য চাইলেই হবে না বিষয়টির আরও গভীরে গিয়ে তার টেকনিক্যাল প্রবলেমস, তার ফিজিবিলিটি, তার গুরুত্ব তার ইকনমিক যে সমস্যাগুলি রয়েছে সেগুলিকে খুঁটিয়ে দেখে রাজ্য এবং কেন্দ্র সবাই মিল বিষয়টি দেখা দরকার। শুধু দাবির জন্য দাবি নয়, টেকনিক্যাল আডভাইস সহ বাস্তবসমূহ দাবি নিয়ে আমাদের যেতে হবে। আপনি স্যার, যেহেতু এটার উপর গুরুত্ব দিয়েছেন আমি বলব. এটা সবাই-এর মতো. আপনি নির্দেশ দিন সেচ দপ্তরকে যে সভার সদস্যদের নিয়ে সেচ দপ্তর সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ ইঞ্জিনিয়ারদের নিয়ে পরিকল্পনা তৈরি করুন। আমাদের রাজ্যের করণীয় যেটুকু সেটা রাজ্য করুক, কেন্দ্রের কাছে যেটুকু সাহায্য দরকার আমরা সবাই মিলে কেন্দ্রর কাছে সেই সাহায্য চাই। স্যার, আপনি এই সভায় এ বিষয়ে যে নির্দেশ দেকে আমরা তা মাথা পেতে নিয়ে সেই কাজ করব। সেচ দপ্তর এ ব্যাপারে অগ্রণী ভয়িকা নিত এটাই আমরা দেখতে চাই।

[12-40 — 12-50 p.m.]

শ্রী কমলেন্দু সান্যাল ঃ স্যার, এর আগে এখানে মাননীয় সদস্য সুদীপবাবু যেটা বললেন সেটা অত্যন্ত মারাক্সন। আমরা নাকি ডাঙ্কেল প্রস্তাব সম্পর্কে কিছুই সুনি নি, জানি না। রাজ্যের মন্ত্রীরাও নাকি জানেন না। এটা যদি ঘটনা হয় তাহলে কেন্দ্রীয় সরকার কি করছেন? ভারতবর্ষের রাজ্যগুলি কি ভারতবর্ষের মধ্যে নয়? পশ্চিমবাংলা কি ভারতবর্ষের মধ্যে নয়? অদ্ভূত বিষয়, আমি এটা জানাতে চাই, এটা হাউসের অত্যন্ত গুরুত্বপূর্ণ দিন। আজকে পশ্চিমবাংলার মানুষ, গোটা ভারতবর্ষের মানুষ, শ্রমজীবী মানুষ, দিল্লিতে ডাঙ্কেল প্রস্তাবের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে ফেটে পড়েছে। আজকে ঘাতকের হাতে অবনত হতে হতে কোথায় গিয়ে দাঁড়াচ্ছেন? এবার কেন্দ্রীয় বাজেটে দেখলাম ৪৬ হাজার কোটি টাকা ওধু সুদ দিতে চলে যাচ্ছে। সেই সম্পর্কে বুঝতে হবে, কোথায় চলেছি আমরা? স্বাধীনতার ৪৭ বছর পরেও আজকে দুটো ক্রাচের উপর ভর দিয়ে ভারতবর্ষকে চলতে হচ্ছে। তার মধ্যে একটা ক্রাচ হল আই. এম. এফ. আর একটা হল ওয়ার্ল্ড ব্যাঙ্ক। আর পেয়েছেন ৪০ হাজার কোটি টাকার সুদ। সারা পৃথিবীর কাছে আমাদের মাথা নত হয়ে যাচ্ছে। আর কত অবনত হতে হবে আমাদের? ইতিহাস আপনাদের ক্ষমা করবে না।

শ্রী নটবর বাগ্পদি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় বিভিন্ন সংস্থায় তফসিলি জাতি এবং উপজাতিদের জন্য যে সংরক্ষিত পদ আছে, তা পূরণ করার ক্ষেত্রে তারা শুধু অনীহা প্রকাশ করছে তাই নয়, সুকৌশলে এই তফসিলি জাতি এবং উপজাতিদের বঞ্চিত করার চক্রান্ত করে চলেছে। ৯২ সালের ৬ই

নভেম্বর সুপ্রিম কোর্টের রায় যা রয়েছে যে সংরক্ষণের কাজগুলো ঠিক ঠিকভাবে করতে হবে। 
তা কিন্তু মানা হচ্ছে না। রিসেন্টলি দুর্গাপুর স্টিল প্ল্যান্টে ৪০০ জন জি. ও. টি. কর্মী নেওয়া 
হল, সেখানে একজনও শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবকে নেওয়া হল না। এই যে বঞ্চিত 
করা হচ্ছে সুকৌশলে এতে ঐ এলাকার যুব ফেডারেশন থেকে আন্দোলন করা হয়েছিল। 
তার ফলে ওখানকার কর্তৃপক্ষ বলে যে এর পর যখন অন্য কোনও লোক নেওয়া হবে 
তখন মেরিটলিস্টের ভিত্তিতে ফার্স্ট, সেকেন্ড, থার্ড জেনারেল ভাবে এই পদে চলে আসবে। 
এই ক্ষেত্রে পরীক্ষা দেবারও সুযোগ দেওয়া হল না। শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবদের 
এই ভাবে বঞ্চনা করা হচ্ছে সুপ্রিম কোর্টের রায়কে অমান্য করে। অবিলম্বে এই ভাবে যে 
বঙ্চনা করা হচ্ছে তা যাতে না হয় তার ব্যবস্থা করুন।

শ্রী নরেন হাঁসদা ঃ স্যার, আপনারা জানেন যে পশ্চিমবাংলার আদিবাসী যারা, তারা আজকে বৈযম্যের শিকার হয়েছে। আজকে তারা নিজ দেশে পরবাসী হিসাবে বসবাস করছে। আপনি জানেন এই পশ্চিমবাংলার স্কুল কলেজে, বিশ্ববিদ্যালয়ে, মেডিকেল কলেজে তফসিলি জাতি উপজাতি ছাত্রিদের উপর কি নির্মম, কি বিভংস অত্যাচার হচ্ছে, তা আপনি উপলব্ধি করেছেন। কয়েকদিন আগে বাঁকুড়া জেলার শিমলিপাল থানার ভাগাবাঁধ গ্রামে এক আদিবাসী মহিলাকে লোকরঞ্জন মন্তান নামে একজন লোক ধর্ষণ করেছে, সেই মন্তান হল সি. পি. এম. এর সমর্থক। আমি দাবি করছি আজকে এখানে আদিবাসী তফসিলি জাতি মঙ্গল দপ্তরের মন্ত্রীকে পদত্যাগ করতে হবে। এই আদিবাসী মহিলাকে ধর্ষণ করছে। স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করছি এই ঘটনার যাতে ন্যায্যভাবে সঙ্গতভাবে বিচার হয় তার জন্য দাবি করছি।

শ্রী অমিয় পাত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার একটু অনুমতি চেয়ে নিচ্ছি, আমি যে বিষয়টা বলার জন্য আপনার কাছে লিখেছিলাম, আমি সেই বিষয়টা বলার আগে মাননীয় সদস্য নরেন হাঁসদা যে বিষয়টা উত্থাপন করলেন, আমি সেই সম্পর্কে কিছু বলতে চাই কারণ ঘটনাটা ঘটেছে আমার কেন্দ্র এলাকার মধ্যে। স্যার, আমার এলাকার ঘটনা, সেই জন্য আমি বলতে চাইছি।

মিঃ স্পিকার ঃ ওটা হয় না। আপনার বিষয়টা আপনি বলুন।

শ্রী অমিয় পাত্র ঃ স্যার, আমি জিরো আওয়ারে যেটা বলতে চেয়েছিলাম, সেটাই বলছি। বিষয়টা একটু আগে সুদীপবাবু এবং আরও অনেক সদস্য উল্লেখ করেছেন। বিষয়টা হচ্ছে—গাট চুক্তি নিয়ে সুদীপবাবু কয়েকটা নতুন কথা বললেন, কিন্তু আমাদের অভিজ্ঞতা বলছে চিলি, আর্জেন্টিনা, ব্রেজিল, হ্যাঙ্গেরি প্রভৃতি ২১-টি দেশ সিভিয়ারলি ইন্ডেটিভ হয়েছে ওয়ার্ল্ড বাান্ধ এবং আই. এম. এফ.-এর ট্রাপে পড়ে। যারা আমাদের লিবারেলাইজেশনের কথা বলছে তারা নিজেরা কতটা লিবারেল? যে আমেরিকা অন্য দেশগুলিকে লিবারেল হতে বলছে সে নিজে কিন্তু মোটেই লিবারেল নয়। সে তার প্রয়োজন মতো দরজা খোলে আবার প্রয়োজন মতো দরজা বন্ধ করে। জাপান লিবারেলাইজেশনের কথা বলছে, অথচ জাপান নিজের প্রয়োজন মতো দরজা বন্ধ করে। আমি সুদীপবাবুকে জিজ্ঞাসা করি, আপনারা কাদের কথা শুনে ভারতব্যের্ব্ব দরজা খুলে দিচ্ছেন? আজ আপনারা যে গার্জেনদের কথায় আমাদের দেশের দরজা খুলে দিচ্ছেন আগামী দিনে তারাই আমাদের দেশটাকে লুঠে নিয়ে যাবে। আজকে ভারতবর্যের্ব্ব মানুষ এটা বুঝতে পারছে।

এমন কি যে কংগ্রেস দল ভারবর্ষের মেজর পলিটিক্যাল ফোর্স, তাদের ভেতরেও এ নির আলোচনা হয়নি ৬ মাস আগেও। ফলে কংগ্রেসের মধ্যেও এটা নিয়ে হেজিটেশন ছিল। এফ কিছ লোক কিছ হোয়াইট কালার লোকের পরামর্শে সদীপবাবরা গ্যাট চন্ডিকে সমর্থন করছেন কংগ্রেস এটা ভাল করে জানে যে আজকে যদি দিল্লিতে সমাবেশ করতে দেওয়া হয় তাহন এমন অনেক মানুষ ঐ সমাবেশে হাজির হবেন, গ্যাট চুক্তির বিরুদ্ধে প্রতিবাদ জানাবেন যার কংগ্রেসকে ভোট দেন, কংগ্রেসকে সমর্থন করেন। তারা সকলে যদি আজকে সমবেত হাত পারেন তাহলে কংগ্রেসের ভেতরের মনোবল ভেঙে যাবে। সেটা যাতে না যায় তার জন মানষের গণতান্ত্রিক অধিকারকে হরণ করার জন্য আজকের সমাবেশকে নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। এর আগে কংগ্রেস দলের মধ্যে এবং ভারতবর্ষের অফিসার পর্যায়ে এ বিষয়ে কোনং আলোচনা হয়নি যে, আমরা তা বঝতে পারি তৎকালীন বিদেশ সচিব মচকন্দ দবে বলেছেন ''আমাদের ভীষণ হেজিটেশন ছিল, গ্যাট চুক্তিতে ভারতের ক্ষতি হবে জানালে বা প্রতিবাদ করলে আমেরিকার গোসা হতে পারে. এই ভয়ে আমরা আইসোলেটেড ছিলাম।" অতএর ভারতবর্ষের মানষের মনের কথা এটা নয় যে, দরজা খলে দিলে আমাদের উপকার হরে আমাদের দেশের অর্থনীতির ক্ষেত্রে, আমাদের দেশের কৃষির ক্ষেত্রে মাল্টি-ন্যাশনালরা ঢকে এলে আমাদের উপকার হবে। একথা সত্যি যে, আমাদের নিজম্ব কোনও পরিকল্পনা নেই। সেই পরিকল্পনা করা হয়নি। অর্থনীতিকে চাঙ্গা করার কোনও পরিকল্পনা এখনও আমাদের **নেই। আজকে গ্যাট চক্তির মধ্যে দিয়ে ওরা আমাদের দেশটাকে এক্সপ্লয়েট করতে** চাইছে। তারই প্রতিবাদে আজকে লক্ষ লক্ষ মানুষ দিল্লিতে সমবেত হচ্ছেন। সেই সমাবেশকে বেআইনি ঘোষণা করে আটকাবার চেষ্টা করা হচ্ছে। এই কাজকে আমরা ধিকার জানাচ্ছি।

# [12-50 — 1-00 p.m.]

ডাঃ মানস ভূঁইয়া়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খুবই স্পর্শকাতর একটা বিষয়ের প্রতি মাননীয় আদিবাসী কল্যাণ দপ্তরের মন্ত্রীর এবং মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে—একটি মর্মান্তিক ঘটনা ঘটেছে মেদিনীপর জেলার গোয়ালতেড় এলাকার জামদহরা গ্রামে। ঐ গ্রামের লোকরঞ্জন মাসান্ত বাঁকুড়া জেলার সিমলাপাল অঞ্চলের ভাঙাবাঁধ গ্রামের এক আদিবাসী বিবাহিতা মহিলাকে গত ৯ই মার্চ ধর্যণ করেছে। বিশ্বনাথ মাসাত ছেলে লোকরঞ্জন মাসাত তার বাডিতে আদিবাসী মহিলাটিকে ধান মাডাই-এর কার্জে নিযুক্ত করেছিল। যখন মহিলাটি সেই কাজে নিযুক্ত ছিল তখন—গত ৯ই মার্চ লোকরঞ্জ মাসাত তার উপর অত্যাচার করে। রাজ্যে একটা সরকার চলছে, আদিবাসী কল্যাণ দণ্ডরের একজন মন্ত্রী এখানে আছেন, কিন্তু দর্ভাগ্যের কথা রাজ্যে প্রশাসন থাকা সত্তেও বাঁকুড়ার একজন আধিবাসী মহিলা মেদিনীপুরে কাজ করতে এসে ধর্বিতা হলেন। গোয়ালাতোড় <sup>থানায়</sup> এফ. আই. আর. করা সত্ত্বেও আজ পর্যন্ত—ঘটনাটি ঘটেছে ৯ই মার্চ—পুলিশ লোকরঞ্জন মাসান্তকে গ্রেপ্তার করল না। এর ফলে আদিবাসী সমাজ আজকে আহত হয়েছে, <sup>কুত্র</sup> হয়েছে। তারা তাদের সমাজের প্রচলিত প্রথা অনুযায়ী পঞ্চায়েত স্তরে এবং প্রশাসনিক <sup>স্তরে</sup> আবেদন-নিবেদন করে বিচার না পেয়ে তাদের সমাজের সমস্ত মানুষকে ঘটনাটা জানি<sup>রেছে</sup> এবং 'গিরা' দিয়েছে। গিরার অর্থ হচ্ছে আদিবাসী সমাজ কোনও বিষয়ে সরকারের <sup>কাছে</sup> বিচার না পেলে তারা তাদের নিজস্ব সামাজিক ব্যবস্থায় বিচার করে। আজকে গোয়াল<sup>তোড়</sup>

াায় শয়ে শয়ে, হাজারে হাজারে আদিবাসী সমবেত হয়েছে। প্রশাসনের মাথা খারাপ ্<sub>য়েছে</sub>। গতকাল সেই লোকরঞ্জন মাসাস্তকে গ্রেপ্তার করেছে। আমি এই ব্যাপারে মাননীয় <sub>রেষ্ট্রি</sub>মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একটা খুবই গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমি যেটা বলতে চাই সেই সম্বন্ধে আমার আগে অনেক সদস্যই লেছেন, কারণ এটা জাতীয় স্বার্থে বলা প্রয়োজন। আজ ৫ তারিখ, দিল্লিতে সমাবেশ হচ্ছে। সংগ্রেসিরা মুক্তবার, ওপেন ডোর পলিশি নিয়ে দুনিয়ার মান্টিন্যাশনাল কোম্পানিগুলিকে আমাদের গ্রৱতবর্ষে আহ্বান করেছেন এবং তারই পরিপ্রেক্ষিতে গ্যাট-চুক্তি, ডাঙ্কেল প্রস্তাব গ্রহণ করেছেন। মাজ নয়, কাল ওদের এ সম্বন্ধে বলতেই হবে। ৯০ কোটি মানুযের দেশের যে বাজার দ্রাল্ট-ন্যাশনালদের কাছে উন্মুক্ত করে দেওয়া হল, যেখানে দুনিয়ার মধ্যে সবচেয়ে সস্তায় শ্রম গাওয়া যায়, জাতীয় স্বার্থ বিরোধী নীতির বিরুদ্ধে, জাতীয় স্বার্থে আজকে লক্ষ লক্ষ মানুষ বিল্লিতে সমবেত হয়েছেন। আমাদের পশ্চিমবঙ্গ থেকে বিধানসভার বহু সদস্য, পশ্চিমবঙ্গ থকে নির্বাচিত লোকসভার সদস্যরা সেখানে নেতৃত্ব দিচ্ছেন। কিন্তু বোট ক্লাবে যেতে দেওয়া হবে না বলে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। সংবিধানে গণতান্ত্রিক অধিকার আছে সমাবেশ করা, বক্তব্য রাখা। বি. জে. পি. থেকে আরম্ভ করে সমস্ত দলকে সেই গণতান্ত্রিক অধিকার তারা দিয়েছেন, আর বাম ও জনতা দলকে সেই অধিকার দেওয়া হচ্ছে না। সেখানে লক্ষ লক্ষ গণতান্ত্রিক মানুয জাতীয় স্বার্থে সমবেত হয়েছেন। অগণতান্ত্রিক জাতি বিরোধী কাজের জন্য স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগ দাবি করছি এবং ওদের এই নীতির বিরোধিতা করছি।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল ডেপুটি স্পিকার শ্রী অনিল মুখার্জির বক্তব্যকে কেন্দ্র করে আমরা হাউস বয়কট করেছিলাম, সেইজন্য হোমপারের বাজেটে অংশ নিইনি। আমি যে ঘটনার কথা বলতে চাইছি, কয়েকদিন আগে বারাসাতের ১ নম্বর ব্লকের বি. ডি. ও.-কে ট্রাসফার করে মেখলিগঞ্জে পাঠানো হয়েছে।

মিঃ স্পিকার ঃ মুখ্যমন্ত্রী তার জবাব দিয়েছেন। সূতরাং ঐ বিষয় নিয়ে বলা যাবে না।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ আমি অন্য কথা বলছি। বলা হচ্ছে, পারিবারিক কারণে তাকে বদলি করা হয়েছে, যদিও বিতর্কিত ব্যাপার। পারিবারিক কারণে বদলি করা যায় কিনা তা আমি জানি না। আমি যেটা বলতে চাইছি, তাকে রেখে দেওয়া হোক বলে কংগ্রেস, সি. পি. এম. এবং ফরওয়ার্ড ব্লক মুভমেন্ট করেছিলেন। কিন্তু গতকাল পর্যন্ত বেছে বেছে থানার পূলিশ ওখানে যারা কংগ্রেস করে সেই সমস্ত লোকদের গ্রেপ্তার করেছে এবং তাদের হয়রানি করছে। অবিলম্বে এই জিনিস বন্ধ করা হোক।

শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার এলাকার অবসরপ্রাপ্ত মাধ্যমিক শিক্ষকদের ব্যাঙ্কের মাধ্যমে পেনশন দেবার ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি। আমরা জানি, পশ্চিমবাংলার বহু ট্রেজারি ইতিমধ্যে ব্যাঙ্কের মাধ্যমে শিক্ষকদের পেনশন দিচ্ছেন। কিন্তু চন্দননগরের ট্রেজারিকে অনুরোধ করা সত্তেও তারা জানান, সরকারী নির্দেশ না পেলে তারা দিতে অক্ষম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেখেছি, বহু দূর দূর অঞ্চল থেকে বয়সে ভারাক্রান্ত শিক্ষকরা দীর্ঘক্ষণ অপেক্ষা

করে অসহনীয় কন্টের মধ্যে দিয়ে দিনের পর দিন তারা পেনশন গ্রহণ করছেন। তাদের প্রতি নিশ্চয়ই সহানুভূতির দৃষ্টি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় দেবেন এবং সরকারী নির্দেশ জারি  $\alpha_{\text{G}}$  যাতে এই ব্যবস্থা চালু হয় তার ব্যবস্থা নিশ্চয়ই তিনি গ্রহণ করবেন।

শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে সেচ দপ্তরের মাননীয় রাষ্ট্রমন্ত্রী রয়েছেন, তাঁর কাছে আবেদন করছি যে আমার বিধানসভা এলকায় সমুদ্রপোকুলবর্তী একটি গ্রাম আছে, যার নাম সমুদ্রপুর। তার পিছনে একটি খাল আছে, সেই খাল থাকার জন্য জলোচছাসে ঐ গ্রামটি নিশ্চিহ্ন হতে বসেছে। অনেকবার এই দপ্তরের কাছে আবেদন-নিবেদন করা হয়েছে। দপ্তরের অফিসাররা বলেন যে আমরা এস্টিমেটস তৈরি করে দপ্তরে পাঠাই, কিন্তু টাকার অভাবে কিছ্ সম্ভব হচ্ছে না। মাননীয় রাষ্ট্রমন্ত্রী এখানে উপস্থিত আছেন। তিনি নিজে ওখানে গিয়ে দেখে এসেছেন। কিছুদিন পর যখন বৃষ্টির মরশুম শুরু হবে তখন খুবই মুশকিল হবে। কাজেই ঐ সমুদ্রপুরের জন্য যথাসন্ভব ব্যবস্থা নেবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাতে হবে। জালছি

ডাঃ দীপক চন্দ্র: মাননীয় স্পিকার মহাশয়, আমি একটি ওরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার এবং আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী ও মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে ৫ই এপ্রিল হায়ার সেকেন্ডারি একজামিনেশন শুরু হল, প্র্যাকটিকাল নিয়ে শে হতে প্রায় ১২০ই মে। এর জন্য সিমিলার একজামিনেশনস সেন্ট্রাল গভর্ণমেন্টের, সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এড়কেশন যা কনডাক্ট করেন তাঁদের পরীক্ষা ফেব্রুয়ারিতে শেষ হয় গেছে। আমাদের শিক্ষা দপ্তর সর্বভারতীয় স্বার্থে শিক্ষা বছরটাকে পিছিয়ে দিয়েছেন, 🔯 মশকিল হয়েছে, এর সাথে সাথে যদি একজামিনেশকে যদি এগিয়ে নিয়ে আনেন, মাধ্যমিক হয় মার্চ মাসে আর উচ্চ মাধ্যমিক এপ্রিল মাসে শুরু হয়। আমাদের এই উচ্চ মাধ্যমিক দেওয়ার পরে কৃতি ছাত্রদের জন্য ইণ্ডিয়া প্রফেশনাল এনট্রাস একজামিনেশনে বসতে হয়। আই. আইটি টি., এ. আই. এম. এস., জয়েন্ট এন্ট্রান্স ওয়েন্টবেঙ্গল, রুরকি রিজিওনাল ইঞ্জিনিয়ারিং কলেজ এই সব একজামিনেসন তখন চলে। আমাদের হায়ার সেকেন্ডারি পরীক্ষা যখন চলে তখন এগুলি হয়ে যায়। এসব একজামিনেশনের প্রশ্নপত্র একট আলাদা, উত্তরে পদ্ধতিও একটু আলাদা। ভেরি কমপিটেটিভ একজামিনেশন। তাই আমাদের ছেলেরা ভাল রেজান্ট করার জন্য সময় পায় না। পশ্চিমবঙ্গের ছাত্র এবং পশ্চিমবঙ্গের অভিভাবকরা কি করবেন বঝতে পারেন না। পরীক্ষা যদি একট এগিয়ে আসে তাহলে প্রথম বছর এ<sup>কটু</sup> অসুবিধা হলেও আমাদের এখানকার ছাত্রদের খুব সুবিধা হবে। সেজন্য মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে একটু চেষ্টা করে চেঞ্জ ওভার করে যদি পরীক্ষাণ্ডলিকে এগিয়ে আনা যায়—মাধ্যমিক হয় ফেব্রুয়ারি মাসে, আর হায়ার সেকেন্ডারি হয় মার্চ মাসে—তাহলে সু<sup>বিধা</sup> হবে। গার্জেনদের মানসিক সেট আপ একটু পরিবর্তন করতে হবে। মাননীয় শিক্ষামন্ত্রী এতক্ষা ছিলেন, উনি থাকলে ভাল হতো, উনি যদি একট চেষ্টা করে আগামি মাসের মধ্যে <sup>এটা</sup> করতে পারেন তাহলে ভাল হয়।

[1-00 — 1-45 p.m.](including adjournment)

**শ্রী আবদল মান্নানঃ** আমরা ছোটবেলায় রবীন্দ্রনাথ ঠাকরের 'দুই বিঘা জমি' পডেছিলাম। ্ব কবিতার শেষে একটি লাইন ছিল—তুমি মহারাজ সাধু হলে আজ আমি আর চোর বটে। গানবাবর কথা শুনে সেকথাই মনে হল। আমাদের দুর্ভাগ্য, আমরা কম্যানিস্টদের কাছ থেকে দেশপ্রামের কথা শুনছি। তিনি ডাঙ্কেলের কথা বলতে গিয়ে প্রধানমন্ত্রী সম্বন্ধে দাদাল বলে ্ব উক্তি করলেন সেটা ওদের মুখেই শোভা পায়। কিন্তু বাপের জন্মেও আপনাদের দলের ক্টে প্রধানমন্ত্রী হতে পারবেন না, কারণ সেটা হতে গেলে পার্লামেন্টে আডাইশোর উপর সিট দরকার যা আপনারা কোনদিনই পাবেন না। ডাঙ্কেল প্রস্তাব মন্দ কি ভাল সেটা নিয়ে সংসদে बातक चालांचना रहाएइ, किन्नु स्त्रे चालांचना वापनात्तत समसाता पालिए। चालांचन। সেখানে সরকার ডাঙ্কেল প্রস্তাব সম্পর্কে যুক্তি দেখিয়েছেন, কিন্তু আপনারা যুক্তি দিয়ে বলতে পারেন নি যে, ডাঙ্কেল প্রস্তাবের কোথায় ক্ষতির দিক আছে, কোথায় ক্ষতি করছে। এখানে সাবের উপর ভরতকি উঠিয়ে দিচ্ছে বলে প্রস্তাব আনলেন, কিন্তু কেন্দ্রীয় বাজেটে দেখা গেল ভবতকি থাকছে। একদিন যে নেতাজিকে দেশদ্রোহি, তোজোর ককর বলে গাল দিয়েছেন, ৩০ বছর পর সেই নেতাজিকেই দেশপ্রেমী বলছেন, তাঁকে ব্রুতে ভুল হয়েছিল বলছেন। ইন্দিরা शासीक नित्र प्राप्त प्राप्त वभन भव ছवि वाँकिছिलन या प्राप्त भुष्ट भानुष लब्हा প्राप्त । কিন্তু পরবীকালে দেখা গেছে রাজভবনে ইন্দিরা গান্ধীর ছবির সামনে মুখ্যমন্ত্রীকে হাত জোড করে দাঁডাতে। একসময় ছাত্র আন্দোলনে শ্যামলবাবু, বুদ্ধদেববাবু—এঁদেরকে দেখেছি, কিন্তু মানববাবু ছাত্র আন্দোলনের অনেক তলার সারিতে ছিলেন। এক সময় ম্যাকনামারকে ঢুকতে দ্রবেন না বলে অনেক আন্দোলন করেছেন, কিন্তু পরে তাকে স্বাগত জানিয়েছেন। এখন ডাঙ্কেলের কোন চেয়ারম্যান নেই, কিন্তু তখন যিনি চেয়ারম্যান থাকবেন তাকে আপনারা कुलात माला मिरा प्राचार्यना करत निरा पामरहान प्रभाष्ट भारता। এখন मानववानु नावालक আছেন, তাই এসব কথা বলছেন। কিন্তু বাপের জম্মেও প্রধানমন্ত্রী হবার স্বপ্ন দেখবেন না।

মিঃ ম্পিকার ঃ মিঃ মানান, আপনারা তো এদিকে অনেকদিন বলেছিলেন। সেদিন ভবেছিলেন যে, চিরদিনই এদিকেই বসবেন। এখন দিল্লিতে এদিকে বসছেন, হয়ত একদিন খন্যদিকে গিয়ে বসবেন। এটা নিয়ে বিঘ্লিত হবার কারণ নেই, কারণ জনগণ চাইলে সবকিছু উন্টেপান্টে যায়।

(At this stage the House was adjourned till 1-45 p.m.)

[1-45 — 1-55 p.m.] (After adjournment)

## POINT OF INFORMATION

শ্রী মানবেন্দ্র মুখার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ৫ই এপ্রিল, ভারতবর্ষের গণতান্ত্রিক ইতিহাসে একটা কলঞ্কিত দিন হিসাবে চিহ্নিত হয়ে থাকবে। আপনি জানেন যে আজকে গ্যাট চিন্তি এবং নয়া নীতির বিরুদ্ধে যে বিশাল সমাবেশ হয়েছিল, রাজঘাটে প্রায় ৩ লক্ষ মানুষের যে শান্তিপূর্ণ সমাবেশ হয়েছিল, সেই সমাবেশের উপরে পুলিশ লাঠি চালিয়েছে, কাঁদানে গ্যাস ইড়েছে এবং অমানুষিকভাবে মাউন্ট পুলিশ লেলিয়ে দিয়েছে। ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত থেকে সাধারণ মানুষ যারা জড়ো হয়েছিল এই নয়া অর্থনীতির বিরুদ্ধে প্রতিবাদ জানানোর জন্য,

কিন্তু এত সব সত্তেও তাদের আটকাতে পারেনি, তারা পার্লামেন্টের গেট পর্যন্ত গিয়েছিল সেখানে তাদের উপরে পলিশ নির্বিচারে লাঠি চার্জ করে, কাঁদানে গ্যাস ছোঁডে এবং জল কামান চালনা করে। এতে অসংখ্য মান্য আহত হয়। আমাদের পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত রাজা সদস্য মহঃ সেলিম, তিনি টিয়ার গ্যাসের সেলে গুরুতরভাবে আহত হয়েছেন। যারা এট রাজ্যে গণতন্ত্রের কথা বলে তারা এই শান্তিপূর্ণ সমাবেশের উপরে লাঠি চার্জ করেছে, কাঁদান গ্যাস ব্যবহার করেছে এবং জল কামান ব্যবহার করেছে। এর ফলে অসংখ্য মানুষ আহত হয়েছে, বহু মান্যকে গ্রেপ্তার করেছে। আমি শুধ তাদের স্মরণ করিয়ে দিতে চাই, ভবিয়াত আমাদের পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে তারা যখন বিক্ষোভ জানাবেন—তারা স্বীকার করে যান—তখন সেই বিক্ষোভের উপরে যেন পলিশের লাঠি চালনা করা হয়, টিয়ার গ্যাস ছোঁডা হয়। আজকে সেখানে দাঁডিয়ে ৩ লক্ষ মানুষ যখন শান্তিপূর্ণভাবে বিক্ষোভ করছিল তাদের উপরে কেন ওয়াটার ক্যানন চালনা করা হল, আমি সেই প্রশ্ন তাদের করতে চাই? আজক ভারতবর্ষের মানুযের মুখ এইভাবে বন্ধ করা যাবে না। আজকে দেশকে বিক্রি করার নীতির বিরুদ্ধে গোটা দেশের মানুষ বিক্ষোভে নামবে। কংগ্রেস (আই) ওয়ার্ল্ড ব্যাংক এবং গাট চক্তির নির্দেশে দেশকে চালিয়ে ভাবছেন নিজেদের পিঠের চামডা বাঁচাবেন, কিন্তু আগামীদিনে তাদের পিঠের চামডা থাকবে না। আজকে এই যে কলম্বজনক ইতিহাস তারা ভারতবর্ষের বকে সৃষ্টি করলেন, একটা ৩ লক্ষ মানুষের শান্তিপূর্ণ মিছিলের উপরে পুলিশ নির্মমভাবে যে অত্যাচার করেছে, যেভাবে লাঠি চার্জ করেছে, কাঁদানে গ্যাস ব্যবহার করেছে, জল কামান চালনা করেছে, আমি কংগ্রেস সরকারের এই কাজের তীব্র ভাষায় ধিক্কার জানাচ্ছি এবং তীব্র ভাষায় প্রতিবাদ জানাচ্ছি।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মানববাবু বললেন আনকনফার্মজ নিউজ, কনফার্মজ নিউজ, একটা মিক্সচার করে বললেন। উনি বলেছেন কাঁদানে গ্যাস, লাঠি, জল কামান ব্যবহার করা হয়েছে। এখনও তো গুলি চালানো হয়নি। আপনাদের মনে নেই কিছু দিন আগে যুব কংগ্রেসের একটা সমাবেশে মমতা ব্যানার্জির আত্য়ে অপদার্থ সরকারের পুলিশ বাহিনী গুলি চালিয়ে ১২ জনকে মেরে ফেললো কলিকাতার প্রকাশ্য রাজপথে? এর পরও আপনাদের কোন অধিকার আছে কথা বলার? নির্লজ্জ। কেন্দ্রীয় সরকার মোকাবিলা করতে জানে কি ভাবে নিপুল জনতাকে মোকাবিলা করতে হয়। আপনারা জানেন অযোধ্যার মন্দিরের ব্যাপারে বি.জে.পি দিল্লিতে সমাবেশ ডেকেছিল, সেটাকে কেন্দ্রীয় সরকার কিভাবে মোকাবিলা করেছিল? সেখানে জল কামান ব্যবহার করে একটা গঠনমূলক পদ্ধতিতে জনতার মোকাবিলা করা হয়েছিল। আমরা আশ্বস্ত যে এখানে গুলি চলেনি। এখানকার সরকার বন্দুকবাজ সরকার. সি.পি.এম-এর সরকার বন্দুকবাজ সরকারে পরিণত হয়েছে। এটা আমরাও মানি যে কোন গণতান্ত্রিক আন্দোলনের উপর পুলিশের হস্তক্ষেপ করা ঠিক নয়, লাঠি চার্জ করা ঠিক নয়। এই কথা কিন্তু আপনাদের মুখে মানায় না। আপনারা গণতান্ত্রিক আন্দোলনকে ধ্বংস করার জন্য নজির স্থাপন করেছেন। একটা কলঙ্কজনক অধ্যায় তৈরি করেছেন। এই সরকারের আমি নিন্দা করি।

শ্রীমতী তানিয়া চক্রবর্তী: মাননীয় স্পিকার স্যার, আমরা খবর পেলাম দিল্লিতে <sup>রে</sup> শান্তিপূর্ণ সমাবেশ হচ্ছে সেই সমাবেশের উপর পূলিশ নির্বিচারে লাঠি চালিয়েছে, টিয়ার <sup>গ্যাস</sup> ছোড়া হয়েছে এবং জল কামান ব্যবহার করা হয়েছে। এর ফলে আমাদের সাংসদ ভয়ংকর ভাবে আহত হয়েছে, আহত হয়েছে আরো অনেক মানুষ যারা সেখানে জমায়েত হয়েছে। যে কথা মাননীয় সুদীপবাবু বললেন সেটা ঠিক নয়। দুটি ঘটনা ভিন্ন। আমি সভার সামনে উপস্থিত করতে পারবো সেখানে সেই দিন উপস্থিত ছিললেন। সেই দিন তাঁদের সাংসদের নেতৃত্বে রাইটার্স বিল্ডিংস দখল করতে যারা গিয়েছিল তাদের সঙ্গে আনেক ধরনের অস্ত্র ছিল। ঘটনার পর আমি সেই রাস্তা দিয়ে যাচ্ছিলাম তখন দেখেছিলাম বোমার বিভিন্ন মাল-মসলা সেখানে পড়ে থাকতে। আর ওখানে যে সমাবেশ হচ্ছে তার প্রসঙ্গ সম্পূর্ণ ভিন্ন। ভারতবর্যকে বিকিয়ে দেওয়া হচ্ছে তার বিরুদ্ধে এই সমাবেশ। ভারতবর্যের সার্বিক স্বাধীনতা চেয়েছিল কমিউনিস্টরা, আর ওরা চেয়েছিল সায়ত্ব শাসন। ইতিহাসকে বিকৃত করলে তো চলবে না। ভারতবর্যের সার্বভৌমত্ব বিকিয়ে দিতে চাইছে কেন্দ্রীয় সরকার তার শিল্প নীতি, অর্থনীতির মাধ্যমে। তার প্রতিবাদে দিল্লিতে এই সমাবেশ। কংগ্রেসের মধ্যেও এক অংশ বিশেষ করে যারা গ্যাট চুক্তি এবং ডাঙ্কেল প্রস্তাবের মাধ্যমে কেন্দ্রীয় সরকার দেশকে বিকিয়ে দিতে চাইছে জানতে পেরেছেন তারা এই সমাবেশে যোগ দিয়েছে। আপনাদের শ্বরণ করিয়ে দিতে চাই ইতিহাস আপনাদের ক্ষমা করবে না, ইতিহাস এর জবাব দেবে, মির্জাফরকে যেভাবে মনে রেখেছে আপনাদের সেইভাবে মনে রাখবে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ৫ই এপ্রিল, আজকে সর্বনাসা ডাঙ্কেল প্রস্তাব, কেন্দ্রীয় সরকারের নয়া অর্থনীতি, শিল্প নীতি এবং উদারনীতি গোটা দেশে যে সর্বনাশ নামিয়ে আনছে তার বিরুদ্ধে গোটা দেশের গণতদ্রপ্রিয় মানুষ ঐক্যবদ্ধ হয়ে দিল্লিতে এক সমাবেশের সামিল হয়েছে। বেশ কিছু আগে থেকে এই সমাবেশকে বন্ধ করে দেওয়ার চেটা করা হচ্ছিল। সেইজন্য এই সমাবেশের জন্য নিষেধাজ্ঞা জারি করেছে। এই রকম নানা রকমভাবে বাধা সৃষ্টি করা হয়েছে। এতৎ সত্ত্বেও মানুষ সেখানে শান্তিপূর্ণভাবে জমায়েত হয়েছে। কিন্তু সেই শান্তিপূর্ণ জমায়েতের উপর পুলিশ বিনা প্ররোচনায় লাঠি চালিয়েছে, জল কামান প্রয়োগ করেছে, নির্যাতন করেছে। কেন্দ্রীয় সরকারের এই সর্বনাশা নীতির প্রতিবাদে যে গণতান্ত্রিক আন্দোলন, তার উপর পুলিশের এই পৈশাচিক আক্রমণের তীব্র ধিক্কার জানাচিছ, নিন্দা করছি।

# DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT DEMAND NO-44

Mr. Speaker: Now discussion on Demand No. 44. There are eight cut motions to the Demand. Motion No. (1) of Shri Saugata Roy is out of order but the others are in order and taken as moved.

Shri Abdul Mannan, Shri Subrata Mukherjee, Shri Deba Prasad Sarkar: Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

[1-55 — 2-05 p.m.]

শ্রী আবল মান্নানঃ মাননীয় প্রিকার স্যার, মাননীয় ত্রাণ মন্ত্রী মহাশয়া ত্রাণ দপ্তরের

যে ব্যয়-বরাদের দাবি পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে এবং আমাদের পক্ষ থেকে যে সমস্ত কাট মোশানগুলো এসেছে তার পক্ষে বক্তব্য রাখতে গিয়ে কয়েকটি কথা বলবো বিস্তারিত কথা আমাদের ডাঃ মানস ভঁএগা এবং অন্যান্য সদস্যরা বলবেন। আমি মাননীয়া মন্ত্রীর বক্তব্য পড়লাম। ত্রাণে ব্যর্থতা আছে, কিন্তু ত্রাণকে নিয়ে আপনি যদি হাস্যস্পদ করেন ত্রাণের নামে রসিকতা করেন, তাহলে আমরা কি বলবো? মাননীয় মন্ত্রী মহোদয়া সব ক্রি করে জানবেন, বরোক্রাটরা যে বিবৃতি তৈরি করেন সেটাই আপনি আমাদের কাছে সার্কুলেট করে দেন। তার উপরে আমাদের এখানে বক্তব্য রাখতে হচ্ছে। মাননীয়া মন্ত্রীর বক্তব্যে দ'পাতাতে যেটা আছে তা হচ্ছে মূর্শিদাবাদের গত বছর এপ্রিল মাসে যে ঘূর্ণিঝড় হয়েছিল তারজন্য কিছু টাকা বরান্দের কথা বলেছেন, গৃহ নির্মাণের জন্য। ওঁর তথা থেকে দেখছি যে ১.০২৭টি বাডি সম্পূর্ণভাবে ভেঙ্গে পডেছিল এবং ৭৪৭টি বাড়ি আংশিকভাবে ক্ষতিগ্রন্থ হয়েছিল। এরজন্য আপনি টাকা দিয়েছেন ৬ লক্ষ ৬২ হাজার ৯০০ টাকা। এই টাকাকে ভাগ করে দেখলে দেখবো যে একটা বাডি ভেঙ্গে যাওয়ার জন্য এবং আংশিক ক্ষতিগ্রস্ত বাডির জন্য—২ : ১ অনুপাতে যদি দেওয়া হয় তাহলে ৪৭০ টাকার বেশি একটা বাড়ি তৈরির জন্য দেওয়া যায় না। আমরা যেমন জনপ্রতিনিধি, আপনিও নিশ্চয়ই জনগণের প্রতিনিধি। আপনার নিশ্চয়ই গ্রাম-বাংলার মানুষের সঙ্গে যোগাযোগ আছে। সেজন্য পাঁচশ টাকা যেখানে আপনি গৃহ নির্মাণের জন্য বরাদ্দ করতে পারছেন না, সেখানে ত্রাণের নামে এটাকে রসিকতা ছাড়া আর কি বলতে পারি? আপনি বাড়ি তৈরির জন্য যে টাকা দিচ্ছেন, ঘরের জন্য বাঁশ কিনতে যে টাকা দরকার তা তারা পাচ্ছে না, ঘরের চাল-এর কথা ছেড়ে দিন। আগনি ত্রাণের নামে বসিকতা করে সাফল্য নেওয়ার চেষ্টা করছেন। আপনার সরকারের ত্রাণ বর্ণনের যে কি নীতি তা আমরা বুঝতে পারছি না। মুর্শিদাবাদে যাঁরা মারা গিয়েছেন তাদের পরিবারকে আপনি পাঁচ হাজার করে টাকা দিয়েছেন। পাঁচ হাজার টাকা খুব কম না বেশি, সে কথায় আমি পরে আসছি। কিন্তু ঐ ব্যাপারে আপনার একটা সৃষ্ঠ নীতি থাকা দরকার। দার্জিলিংয়ে যাঁরা মারা গিয়েছিলেন তাদের জন্য আপনি দিয়েছেন দশ হাজার টাকা করে। পাহাডি এলাকাং আপনি এই টাকা দিয়েছেন, ভাল করেছেন। কিন্তু আবার আমরা এটাও দেখছি যে দক্ষিণ বঙ্গের বিস্তীর্ণ এলাকায় বন্যা হয়েছিল, বাঁকুড়াতে বন্যা হয়েছিল, সেখানে ২৮ জন মারা গিয়েছিলেন। আপনি এক জায়গায় দশ হাজার টাকা, অন্য জায়গায় পাঁচ হাজার টাকা দিচ্ছেন, এইভাবে ক্ষতিগ্রস্তদের টাকা দিলে কি করে হবে? আমরা প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল সম্পর্কে জানি যে কম্যুউনিস্ট রায়ট-এর ফলে কেউ মারা গেলে এত টাকা, বন্যায় ক্ষতিগ্রন্তদের জন্য এত টাকা করে দেওয়া হয়। ত্রাণ তহবিল থেকে টাকা দেওয়ার ব্যাপারে নির্দিষ্ট <sup>একটা</sup> নিয়ম থাকা উচিত। আপনি তা না করে নিজের খেয়াল-খুশিমত করে মুর্শিদাবাদে ক্ষতিগ্রন্তদের জন্য পাঁচ হাজার করে, অন্য জায়গায় দশ হাজার করে টাকা দিচ্ছেন। আমার বক্তব্য হচ্ছে এই তারতম্য থাকবে কেন? এরমধ্যে তো একটা ইউনিফর্মিটি থাকবে? আপনার ত্রাণের ক্ষেত্রে শুধুমাত্র অপ্রতুলতা আছে তাই নয়, আপনি কিভাবে রসিকতা করছেন তা এখানে তুলে ধরছি। ত্রিপলটা কখন দেওয়া হয়, না যখন খুব প্রাকৃতিক দুর্যোগ হয়, সেই স<sup>মুরে</sup> দুর্গত মানুষদের ত্রিপল দেওয়া হয়। আপনি মুর্শিদাবাদে এক হাজার সাতাশটি বাড়ি <sup>যাদের</sup> সম্পূর্ণভাবে ভেঙ্গে গিয়েছিল তাদের জন্য এবং ৭৪৭টি বাড়ি যাদের আংশিকভাবে <sup>ভেঙে</sup> গিয়েছিল তাদের জন্য তেরশত ত্রিপল দিয়েছেন। আমি স্যার, অংকের ছাত্র। সতের <sup>শৃত</sup>

বাড়ির জন্য মাননীয় মন্ত্রী যে তেরশত ত্রিপল ডিস্ট্রিবিশনের জন্য দিয়েছেন তা কিভাবে ডিস্ট্রিবিউট করবেন? এই হিসাবটা আপনি দয়া করে আপনি আমাকে বৃঝিয়ে দেবেন। আপনি যদি কাঁচি নিয়ে ডিস্ট্রিবিউট করেন তাহলে অবশ্য আলাদা কথা। কিন্তু তেরশত ত্রিপল আপনি কি রেশিওতে ভাগ করবেন তা আমাকে একটু বৃঝিয়ে দিন। আমি আপনার কাছ থেকে অংকটা শিখে নেব।

আরও কিছ দেখলে দেখা যাবে, বিভিন্ন ক্ষেত্রে যে সমস্যা আছে অপ্রতুলতার জন্য এমন ভয়াবহ অবস্থা সেখানে যা দরকার তা দেওয়া হচ্ছে না। সেখানে ত্রাণের নামে আপমার বসিকতা করছেন, এটা আমরা বারবার দেখতে পাচ্ছি। আমি ধ্গলি জেলার আরামবাগের ছেলে, সেখানে প্রতি বছর দেখেছি বন্যা হয়, যেমন মেদিনীপুরের ঘাটাল, তমলুক মহকুমা, পাঁশকুডা আরামবাগ মহকুমায় প্রতি বছর বন্যা হয়। সেখানে আপনি যদি বন্যাকে নিয়ন্ত্রণ করার ব্যবস্থা নিতে পারতেন তাহলে আপনাকে প্রতি বছর আর রিলিফ দিতে হোত না। প্রতি বছরে কোটি কোটি টাকার রিলিফ দিতে হচ্ছে, অসহায় মানুষকে সাহায্য করার জন্য। অসহায় অবস্থায় যাতে এই সমস্ত মানুষরা না পড়েন, যাতে তাদের রিলিফ দিতে না হয়— পর্কলিয়ার মত বন্যা এখানে হয় না. এখানকার বন্যকে বোঝা যায়—তার জন্য ডিপার্টমেন্টের মধ্যে কমিউনিকেশান গড়ে তোলা দরকার, যাতে বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা গড়ে তোলা যায়। আপনারা বন্যার্ত মানুষের পাশে দাঁডানোর কথা চিন্তা না করে বন্যা প্লাবিত মানুষ যাতে অসহায় অবস্থার সম্মুখীন না হয়, তাদের অবস্থা যাতে বিপন্ন না হয় সেটা আপনাদের দেখা দরকার। রিলিফ ডিস্ট্রিবিউশনের ক্ষেত্রে আপনি অসহায়। আমরা বিরোধী পক্ষের সদস্যরা তো বলতে পারছি, আপনি সরকারের মন্ত্রী বলতে পারছেন না। আমরা জানি আপনার মনের অবস্থা কি, আপনি এখানে যাই বলুন, খবরের কাগজে যাই বলুন, আমরা তো এলাকায় দেখতে পাচ্ছি আপনাদের দলের কর্মীদের কি অবস্থা। এখানে অসীমবাবুর সঙ্গে ঝগড়া করে আপনাকে টাকা আদায় করতে হচ্ছে, এমন কি আপনি যে জেলার মন্ত্রী সেই এলাকার ग্যাপারে আপনাকে না জানিয়েই অসীমবাবু কথা বলেন। আপনার ডিপার্টমেন্টের জন্য যে ডিমাভ আছে, হেড আছে, সেই ভিত্তিতে টাকা দিতেই হবে, কিন্তু যে টাকাটা দিচ্ছে, সেই টাকা খরচের ব্যাপারে আপনার দলের ক্ষমতাও নেই. রিলিফ ডিপার্টমেন্টের ক্ষমতাও নেই. সেই টাকা খরচ করতে হচ্ছে জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিগুলির মাধ্যমে। এক্ষেত্রে আপনাকে টোটাল সারেন্ডার করতে হচ্ছে। সেখানে পঞ্চায়েত সমিতির নির্দেশে কাজ হচ্ছে. এক্ষেত্রে আমি যেটা বলব, যেহেতু টাকার ব্যয়বরাদ্দের দাবি আপনি করেছেন সেইজন্য আপনার উপর এই দায়িত্বটা বর্তাবে। কিন্তু পঞ্চায়েত সমিতির মাধ্যমে যে রিলিফ দেওয়া হচ্ছে, সেখানে যে দলবাজি হচ্ছে সেটা বন্ধ করা দরকার। এমন কি আপনার দলের লোকেরাও সেই ত্রাণের শিকার হয়ে যাচ্ছে, তারাও সেখানে সাহায্য পাচ্ছেন না। আরামবাগের গোঘাট কেন্দ্রের এম. এল. এ. আপনার দলের সদস্য তাকেও ত্রাণ বন্টনের ব্যাপারে থাপ্পড লাগিয়ে বের করে দিয়েছে, আপনাদের দলের লোকেরাই সুযোগ পাচ্ছেন না, আর আমরা তো পাব না এটাই স্বাভাবিক। সেইজন্য মাননীয় মন্ত্রী মহোদয়াকে বলব আপনি পঞায়েতের মাধ্যমে রিলিফ দিতে গিয়ে যে দলবাজির হচ্ছেন সেই ব্যাপার আপনি মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলুন।

[2-05 — 2-15 p.m.]

মাননীয় মখামন্ত্রীকে আপনি বুঝিয়ে বলুন। ওদের মধ্যে তো বিনয়বাবুর মতোন কিছ কিছ ভাল মন্ত্রী আছেন, তাদের আপনি বঝিয়ে বলন। আমি মাননীয়া মন্ত্রীকে বলব, ত্রাণ নিয়ে যে দলবাজি হচ্ছে তা যদি আপনি বন্ধ করতে না পারেন তাহলে এই ব্যয়বরাদ আমাদের পক্ষে সমর্থন করা সম্ভব নয়। তারপর আপনি জানেন, স্টারভেশন রিলিফ বলে একটা ব্যপারে আছে। এটা সাধারণত বি. ডি. ও., এস. ডি. ও.-রা ডাইরেক্ট দিয়ে থাকেন। কিন্তু আজকে এমন অবস্থা হয়েছে যে বলা হচ্ছে আমাদের টাকা নেই, আমরা দিতে পারছি না। এর ফলে অসহায় লোকগুলি বঞ্চিত হচ্ছে। অনেক অসহায় লোক আমাদের কাছেও আসেন এই স্টারভেশন রিলিফের জন্য কিন্তু আডমিনিস্টেশন থেকে বলা হয় টাকা নেই। আবার কখনও কখনও ৫ টাকা করে দেওয়া হয়। এই সমস্ত অসহায় লোকদের বাঁচাতে এটা নিয়মিত দেওয়ার বাবস্থা করার সঙ্গে সঙ্গে এর আমাউন্টাও বাডানো দরকার। এর পর আমি যে বিলিফটা দেওয়ার জন্য আপনাকে বলব সেটা অবশা সি. পি. এমের লোকদের দরকার নেই। আজকাল আপনি জানেন গ্রামাঞ্চলে সি. পি. এমের ঠাঙ্গাড়ে বাহিনীর জনা একদল নয়া উদ্বাস্ত্র তৈরি হচ্ছেন এবং তারা আশ্রয়হীন অবস্থায় ঘুরে বেড়াচ্ছেন। তথ আমাদের দলের লোকরাই নয়, আপনার ফরোয়ার্ড ব্লক, আর, এস, পি, সি, আই-সব দলের লোকরাই এই অবস্থার মধ্যে পডছেন। যদিও আপনার বাজেটের কোনও হেডে এরজন্য টাকা বরাদ্দ নেই তবও আপনি এই নয়া উদ্বান্তদের জন্য কিছ বরাদ্দ করতে পারেন কিনা সেটা দেখন। এই বলে আপনার ব্যয়বরাদের বিরোধিতা করে এবং আমাদের কাটমোশনগুলি সমর্থন করে শেষ করছি।

শ্রী সেখ খবিরুদ্দিন আহমেদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয়া ত্রাণমন্ত্রী আজ তার দপ্তরের অধীন ৮০ কোটি টাকার যে ব্যয়বরান্দের দাবি এই সভায় উপস্থিত করেছেন তা সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। আমি প্রথমেই বিরোধীদলের কাটমোশনগুলির বিরোধিতা করছি। স্যার, আমাদের এই পশ্চিমবাংলার বিশেষ ভৌগোলিক অবস্থার জন্য প্রতি বছর খরা, বন্যা, নিম্নচাপ, জলস্ফীতি, নদীর ভাঙ্গন, পাহাড়ি ধ্বসের জন্য এবং মনুযাসৃষ্ট অগ্নিকান্ড ইত্যাদির জন্য প্রতি বছর বন্যাত্রাণের জন্য সরকারকে সাহায্যের হাত বাডিয়ে দিতে হয়। স্যার, এটা খবই দৃঃখ ও পরিতাপের বিষয় সে স্বাধীনতার ৪৭ বছর পরেও ত্রাণ এবং পনর্বাসনের জন্য সরকারকে চিন্তা করতে হচ্ছে। মাননীয় বিরোধীপক্ষের সদস্যদের বক্তব্য শুনলাম। স্যার, বিরোধীপক্ষের মাননীয় সদস্য মহাশয়ের বক্তব্য শুনে গ্রামের একটা চালু কথা আমার মনে পড়ে গেল। কথাটা হচ্ছে, 'জন্ডিস রোগী সর্বত্র হলুদ দেখে।' উনি এই ত্রাণ দপ্তরের বাজেট প্রসঙ্গে বলতে গিয়ে বামফ্রন্টের অনৈক্য, দলবাজি ইত্যাদির কথা বলে গেলেন। কংগ্রেসের কথা তো আর নতুন করে কিছু বলার নেই, সে কথা আমরা সকলেই জানি। প্রাকৃতিক দুর্যোগের সময় এই ত্রাণ নিয়ে কংগ্রেস দল কি করতেন তা আর আজ বলার অপেক্ষা রাখে না। তা ছাডা স্বাধীনতার এতদিন পরেও বন্যা, খরার প্রকোপ যা পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষে চলেছে তারজনা দায়ি ঐ কংগ্রেসি সরকার কারণ তারা দীর্ঘদিন ধরে <sup>এই</sup> পশ্চিমবাংলা এবং ভারতবর্ষে তাদের শাসন চালিয়ে এসেছেন। বন সম্পদ রক্ষা, হাজা-মজা খাল সংস্কার, এক ফসলি জমিকে দ ফসলি করার জন্য প্রকল্প রচনা, সেচ প্রকল্পের সম্প্রসারণ,

বনাা নিয়ন্ত্রণ ইত্যাদির কাজ তারা যথাযথভাবে করেন নি। তারা এসব কাজ করেন নি তার ক্রাবণ তারা একটি বিশেষ শ্রেণী দৃষ্টিভঙ্গি নিয়ে চলেন—জোতদার, জমিদারের দল হচ্ছে এই কংগ্রেস দল। গ্রাম পঞ্চায়েতগুলির কি অবস্থা ছিল কংগ্রেস আমলে সে কথা সকলেই জানেন। সেখানে যে উইনিয়ন বোর্ড ছিল তাতে যারা ট্যাক্স দিতে পারতেন তারাই দাঁডাতেন। ঐ গ্রামে জমিদার জোতদাররা গ্রামে খরা বন্যা ইত্যাদি যখন হত, আমরা দেখেছি গরিব মান্ধরা থালা, ঘটি বাটি সমস্ত তারা হারিয়ে বসতেন এবং আমরা দেখেছি যাদের কিছ জমি জায়গা ছিল তাদের জমি জায়গা তারা লিখিয়ে নিতেন এবং নিরক্ষর মানষ, তারা জানতে পারতেন না. কত টাকা তারা ঋণ করেছেন। সূতরাং সুদখোর মহাজনদের হাতে তারা আজকে নিজেদের ছেডে দিতেন এবং বন্যা ত্রাণের জন্য যা টাকা পাঠানো হত, গ্রামের মানষ জানতেই পারত না যে ত্রাণের জন্য কত টাকা গ্রামে যাচ্ছে। সতরাং আমরা জানি কংগ্রেসের সেই অবস্থার কথা। সূতরাং আজকে এখানে তারা দলবাজির কথা নানা ভাবে বলেছেন। বিভিন্ন ত্রাণ সম্পদ যেটুকু পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সীমাবদ্ধ আর্থিক এবং প্রশাসনিক ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে যেহেতু মানুষের পাশে বিভিন্ন অসুবিধা মধ্যে দাঁড়াতে প্রতিশ্রুতি বদ্ধ. সেই জন্য তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে যেখানে যখনই বন্যা হয়েছে, সেখানেই তারা ছটে যাচ্ছে এবং তাদের সাহায্যের হাত বাডিয়ে দিচ্ছে। এপ্রিল মাসে আমরা দেখতে পাচ্ছি মর্শিদাবাদ জেলার কাঁদি সংলগ্ন এলাকায়, গোকর্ণ এলাকায় যে টর্নেডো হল, ঝড ইত্যাদি হল, আগস্ট, সেপ্টেম্বর মাসে মাসে দেখতে পেলাম আমাদের পশ্চিমবাংলার বিস্তীর্ণ এলাকায়, মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম, হাওড়া, ছগলি, দক্ষিণ ২৪ প্রগনা, নদীয়া, মূর্শিদাবাদ, मानमर रेंगुमि এनाकार य ज्यावर वना। रेंगुमि रन, जात स्माकविना यागुजात महन পশ্চিমবঙ্গের এই ত্রাণ দপ্তর এবং পশ্চিমবাংলার মানুষ পঞ্চায়েতের স্যোগ নিয়ে তারা करतिष्ट्रिलन। আমরা দেখতে পেলাম গত জুলাই মাসে উত্তরবঙ্গে যে ভয়াবহ বন্যা হল, জলপাইগুড়ি জেলার ১৩টি ব্লকে এবং কুচবিহার জেলার ১২টি ব্লক জলমগ্ন হল এবং এই ভয়াবহ বন্যায় পশ্চিমবঙ্গ সরকার তার যেটক সীমাবদ্ধ ক্ষমতা, তার মধ্যে দিয়ে তারা ত্রাণ এর কাজে ঝাঁপিয়ে পড়েছিলেন এবং আমরা গিয়েছিলাম পঞ্চায়েতের সাব কমিটির সদস্য হিসাবে। সেই সব এলাকার পঞ্চায়েত কি ভাবে কাজ করছে, মহিলা সদস্যরা যেখানে মহিলা প্রধান এবং সহ সভাপতি ইত্যাদি তারা কার্য ভার গ্রহণ করেছেন, কর্মাধ্যক্ষ আছেন, তারা কি ভাবে কাজ করছেন—আমরা দেখলাম তারা যোগাতার সঙ্গে পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে এবং ত্রাণ দপ্তর থেকে যে সাহায্যে তারা পেয়েছেন, যোগ্যতার সঙ্গে তারা সেইগুলো প্রতিপালন ক্রছেন। আমরা বঝতে পারলাম যে এতবড একটা ভয়ানক বন্যাকে তারা মোকাবিলা করল। সেখানকার মানুষদের পুনর্বাসন ব্যবস্থা করা হয়েছে, তাদের আবাসনের ব্যবস্থা তারা করেছে এবং সমস্ত রকম দায় দায়িত্ব সেখানকার পঞ্চায়েতের মানুষ গ্রহণ করেছে। মাননীয়া ত্রাণ দ্পুরের মন্ত্রী মহাশয়া, কেন্দ্রীয় সরকারের কাছে ৫০০ কোটি টাকার সাহায্য চেয়েছিলেন, তারা বলছেন ওখানে এক পয়সাও দেওয়া হবে না। এক পয়সাও তারা দেননি। ৫০০ কোটি টাকার মধ্যে পশ্চিমবঙ্গ সরকার তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁডিয়ে উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকায় তারা ত্রাণের কাজ করেছেন। আমাদের সঙ্গে কংগ্রেসের মাননীয় কয়েকজন সদস্য ছিলেন, অনিল মৃদি ছিলেন, শৈলজা দাস ছিলেন, আমরা অনেকগুলো পঞ্চায়েতে গিয়েছিলাম, যেখানে একজনও কংগ্রেসের সদস্য আছেন, তাকে জিজ্ঞাসা করেছি যে আপনারা সকলে

আলোচনা করে কাজ করছেন? কোনওরকম দলবাজির কথা তারা বলেন নি। সেখানে আনক রকম সদস্য আছেন. বিভিন্ন রাজনৈতিক দলের সদস্য আছেন, পঞ্চায়েতের মাধ্যমে ত্রাণ দপ্তরের বিভিন্ন রাজনৈতিক দলের সদস্য আছেন, পঞ্চায়েতের মাধ্যমে ত্রাণ দপ্তরের বিভিন্ন রকম সাহায্য কি ভাবে বিলি বন্টন হয় তা তারা জানেন। এই রকম ব্যবস্থা কংগ্রেসের আমলে ছিল না। কারণ তখন ওরা জানতে পারত না। আজকে গ্রামের মধ্যে গিয়ে বলতে পারবেন যে দলবাজি হচ্ছে? টাকা নয় ছয় হচ্ছে? এই কথা তারা বলতে পারবেন না এট সৎসাহস তাদের নেই। কারণ গ্রামের মানুষ তারা জানে, আজকে রাজ্য সরকারের মাধামে জেলা প্রশাসনের মাধ্যমে যে সভাধিপতিকে চেয়ারম্যান করে সেখানে ডি. এম. বা অনানা সরকারী অফিসার যারা আছেন. ব্লক স্তরে পঞ্চায়েতের সভাপতিকে চেয়ারম্যান করে এবং অন্যান্য আধিকারিক সেখানে আছেন, তারা আলোচনা করছেন, পঞ্চায়েতে যাচ্ছেন পঞ্চায়েত যেটুকু ত্রাণ ইত্যাদি পাচেছ সেইগুলো এলাকার গ্রামের মানুষের কাছে যাচেছ। যেটক সীহিত ক্ষমতা আছে, সেই ক্ষমতা প্রয়োগ করে যারা সবচেয়ে বেশি দর্দশাগ্রস্ত আছে, তাদের অন্য ব্যবস্থা করছেন। শুধু পঞ্চায়েত ব্যবস্থা নয়, অন্যান্য যে সংগঠন, স্বেচ্ছা সেবী সংগঠন ইত্যাদি বিভিন্ন যে সব সংগঠন আছে অন্য রাজনৈতিক সংগঠন ইত্যাদি আছে বিভিন্ন জায়গায়, আজকে আমরা দেখতে পাচ্ছি এই বন্যা মোকাবিলা তারা করেছে। সেই জন্য আমি বলতে চাই, কংগ্রেসের জমানায় যে পরিকল্পনা ইত্যাদি তারা করেন নি, আজকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার আসার পর শুধু খয়রাতি সাহায্য নয়, বন্যা ত্রাণে মান্যকে সামান্য দিয়ে ক্ষান্ত থাকেন নি, তারা একটা সুদূর পরিকল্পনা গ্রহণ করেছেন। সুদূর প্রসারি পরিকল্পনা গ্রহণ করেছেন বলেই আজকে আমরা দেখতে পাচ্ছি গত ১৭ বছরের মাথায় দাঁডিয়ে আজক মানুষ তার নিজের পায়ে দাঁডিয়েছে, আজকে ফেন চাই, ফেন চাই বলে কলকাতায় বা শহরের বিভিন্ন জায়গায় আজকে তারা ভিক্ষা বৃত্তি করছে না।

# [2-15 — 2-25 p.m.]

১৯৫৯ সালে কংগ্রেস আমলে আমরা দেখেছি খাদ্যের জন্য কৃষকরা ভূখা মিছিল করে কলকাতায় এসেছিল এবং কিভাবে ৪০ জন কৃষককে গুলি বিদ্ধ করা হয়েছিল। আজকে কৈ সে অবস্থা তো নেই। হাঁা, আমরা জানি ত্রাণ দপ্তরের একার পক্ষে সব কাজ করা সন্তব নর, কারণ তার বরন্দ সীমিত। সে জন্য অন্যান্য দপ্তরের সঙ্গে তার সমন্বয় গড়ে দেওয়া হয়েছে যাতে সে প্রাকৃতিক দুর্যোগ এবং অন্যান্য ক্ষেত্রের মোকাবিলা করতে পারে। আজকে পশ্চিমবঙ্গে সেচ ব্যবস্থার সম্প্রসারণ ঘটানো হয়েছে। যার ফলে আজকে বিভিন্ন এলাকার এক ফর্সলি জমি গুলি দু' ফর্সলি, তিন ফর্সলি করা সন্তব হয়েছে। এর সাথে সাথে কৃষি দপ্তর মিনিকিট, সার ইত্যাদি বিতরণ করে কৃষির সম্প্রসারণ ঘটাচ্ছে। পশ্চিমবঙ্গ আজকে বন সম্পদ্দ সংরক্ষণে আন্তর্জাতিক পুরস্কার পাচ্ছে। বন সংরক্ষণের মধ্যে দিয়ে একদিকে বন্যা নিয়ম্রণ, অপর দিকে খরার মোকাবিলা করা হছে। আজকে ব্রাণের কাজ গুধু ত্রাণ দপ্তর একাই করে না, স্বাস্থ্য, পূর্ত, সেচ, সমবায়, কৃষি, কারিগরি দপ্তর, সকলে মিলে যে কোনও দুর্যোগের মোকাবিলা করে। এ জিনিস অতীতে কখনও আমরা দেখি নি। যে ভাবে বামফ্রন্ট রাজর্ডে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হচ্ছে এবং রূপায়িত হচ্ছে তা অতীতে কখনও আমরা কংগ্রেসি জমানায় দেখিনি। শুধু দুর্গতদের ব্রাণের ব্যবস্থাই করা হচ্ছে না, সাথে সাথে দর্গত এলাকার

কর্মক্ষম মানুষদের জন্য কাজের ব্যবস্থাও করা হচ্ছে এবং সে বিষয়েও কর্মসচি গ্রহণ করা হয়েছে। অতীতে কংগ্রেস কখনও ভূমি সংস্কারের কথা চিম্ভাও করে নি। আজকে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ভূমি সংস্কারের মধ্যে দিয়ে গ্রামীণ দরিদ্র মানুষদের একটা জায়গায় পৌছে দিতে পেরেছেন। আগে আমরা দেখেছি আইনের ফাঁক দিয়ে জোতদার, জমিদাররা জমি লকিয়ে বাখত। এখন আর সেই অবস্থা নেই। বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করে রাজ্যের অগ্রগতি সাধনের চেট্টা করে চলেছেন। এই অবস্থায়ও কংগ্রেসি বন্ধুরা এখানে দলবাজি ইত্যাদির কথা বলছেন। বিভিন্ন ক্ষেত্রের কাজের সমালোচনা করছেন। আমি ওদের একটু নিজেদের আয়নায় নিজেদের মুখগুলি দেখতে অনুরোধ করছি। '৭৭ সালে আমরা এখানে ক্ষমতায় আসার ঠিক আগের বছর ১৯৭৬ সালের ১লা ডিসেম্বর তারিখে এই হাউসে কংগ্রেসি সদসারা কি বক্তব্য রেখেছিলেন তা আমি আজকে কংগ্রেসি বন্ধদের শ্বরণ করতে অনুরোধ করছি। স্যার, আমি নদীয়া জেলা থেকে নির্বাচিত সদস্য। আমার নদীয়া জেলার শিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়, তিনি সে সময়ে কংগ্রেসি দলেরই সদস্য ছিলেন, তিনি এখানে বলেছিলেন, ''নদীয়া জেলার সদর সাব-ডিভিসনে মাত্র ১৮% জমিতে ইরিগেশন হয়েছে। এখানকার ভূমিহীনদের কোনও কাজ নেই। আপনারা মিনিমাম ওয়েজ আক্ট চাল করেছেন ৬ টাকা কিছ পয়সা। কিন্তু তার দরকার নেই। সেখানকার লোকগুলি বলছে—১টা টাকা দাও আমাদের, আমরা কাজ করব। এর উপর, আবার গোদের উপর বিষ ফোঁডা, লোনের লাল কাগজ বাডি গিয়ে তাদের ধরিয়ে দেওয়া হচ্ছে।" তারপর আর একজন মাননীয় সদস্য শ্রী সতারঞ্জন বাপলি, তিনি এখনও এই সভার সদস্য আছেন, তিনি বলেছিলেন, "২৪-প্রগনা জেলায় হয় খরা, না হয় বন্যা হচ্ছে। বন্যার ফলে হাজার হাজার লোক গৃহহারা হয়েছে এবং হাজার হাজার ছাত্রছাত্রী খাবারের অভাবে স্কুলে পড়তে যেতে পারছে না। গরুর খাবার পর্যন্ত সেখানে নেই। লক্ষ লক্ষ মানুষ অনাহারে অর্ধাহারে আছেন। মাননীয় মখামন্ত্রী মহাশয় দেখে এসেছেন হাজার হাজার গরু নদীর জলে ভেসে যাচ্ছে, বাচ্চা ছেলে-মেয়ে নদীতে ভেসে যাচ্ছে। এক ফসলি দেশ, সেখানে ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল নেই। একটা ফসল জলে বা খরায় নম্ট হয়ে গেলে লোকের চলবে কি করে? প্রাইমারি ও সেকেন্ডারি স্কলের শিক্ষকদের আডিভান্স টাকা দিতে হবে। নিত্য প্রয়োজনীয় জিনিস সস্তা দামে দিতে হবে।" এরপরে জাবাবি ভাষণে মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় কি বলেছিলেন? আজকে ওরা এখানে দুর্নীতির কথা বলছেন। রিলিফের কাজে কি ভাবে দুর্নীতি হত তা পরোক্ষে স্বীকার করে নিয়ে তিনি বলেছিলেন, ''টি. আর. সম্বন্ধে মাননীয় সদস্যদের জানাচ্ছি, এই টি. আর. নিয়ে অনেক সময় দুর্নীতির অভিযোগ पारम। (स्रों) यारू ना २रू भारत (स्र सम्रह्म पार्थनारमत स्नाग थाकरू २रव। এই हि. আর.-এ যে সব অর্থ ও খাদ্য সামগ্রী ব্যবহার হয়, সেটা নিয়ে কোনও রকম চুরি, জুয়াচুরি <sup>বাট</sup>পাড়ি ইত্যাদি না হয় সেটা দেখবেন। আমার এম. এল. এ. ভাই যারা আছেন টি. আর-এর কাজ যাতে ঠিকমতো হয়, সেদিকেও লক্ষ্য তারা রাখবেন।" আমরা জানি, তার সেই আবেদন পালিত হয়নি। এম. এল. এ. ভাই-বোনরা কি করেছেন? কংগ্রেসি মস্তানরা কি করেছেন ? তারা সব মেরে দিয়েছেন। তাদের কাছ থেকে মানুষ কোনও রকম সাহায্য পায়নি, <sup>মানুষ</sup> সর্বশান্ত হয়েছে, মানুষ ক্ষেত-মজুরে পরিণত হয়েছে। যখন দেখতে পাচ্ছি ভরতুকির ক্থা উঠেছে, তখন এই কংগ্রেস সরকার ডাঙ্কেল এবং গ্যাট চক্তির মধ্যে দিয়ে ভরত্কি

[2-25 — 2-35 p.m.]

উঠিয়ে দেবার নানারকম পরিকল্পনা গ্রহণ করেছেন। এই ভরতুকি যাতে না দেওয়া হয় তারজন্য সমস্ত রক্মের ব্যবস্থাকে নস্যাৎ করার জন্য নানারকম পরিকল্পনা গ্রহণ করেছেন। সেইজন্য আজকে কংগ্রেসরা কোন মুখে দলবাজির কথা বলছেন? ত্রাণের ব্যবস্থার কথা কংগ্রেসিদের মুখে শোভা পায় না। ১৯৭৭-৭৮ সালে পশ্চিমবাংলায় যখন প্রলম্ভর বন্যা হয়. পঞ্চায়েত তখন প্রথম আসে। সেই ভয়ন্কর বন্যার মোকাবিলা যেভাবে এই সরকার করেছেন তা পৃথিবীর ইতিহাসের শিক্ষণীয় হয়ে থাকবে। পরবর্তীকালে এই পশ্চিমবাংলায় ভীষণ খরা হয়েছে। তখন আমরা দেখেছি, এই কংগ্রেসি বন্ধুরা পশ্চিমবাংলাকে সর্বশান্ত করবেন বলে মনে করেছিলেন। জোতদার মহাজনরা শুকুনির মতোন তাকিয়ে ছিলেন পশ্চিমবাংলার মানুষের সর্বনাশ করার জন্য। কংগ্রেসি বন্ধুর তখন মনে করেছিলেন আবার রাজনীতিতে তাদের পুনর্বাসম হবে। কিন্তু দেখা যাচেছ, ১৭ বছর অতিক্রাম্ভ হয়ে গেল তবুও তাদের রাজনৈতিক পুনর্বাসন হচ্ছে না। কারণ হচ্ছে, ওরা দেশের মানুষকে মিথ্যা কথা বলেছেন; মানুষকে রক্ষা করার নামে ভাঁওতা দিয়েছেন, তারজন্য আজকে তাদের মাইক্রোসোপি দিয়ে দেখতে হচ্ছে। কেন্দ্রের সংখ্যালঘু সরকার আজকে নানারকম দুর্নীতির আশ্রয় নিয়ে সংখ্যাগরিষ্ঠ হবার নানারকম পরিকল্পনা গ্রহণ করেছেন। সেইজন্য বলছি, বাস্তবটাকে নিশ্চিতভাবে শিকার করুন, গঠনমূলক সমালোচনা করুন। আজকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার যোগ্যতার সাথে নিজেদের পায়ে দাঁডাবার জন্য যে বিভিন্ন রকমের পরিকল্পনা গ্রহণ করেছেন তার নিশ্চিতভাবে আলোচনা হওয়া উচিত ছিল। ত্রাণ দপ্তর নবম অর্থ কমিশনের সুপারিশক্রমে এই রাজ্যে গঠিত প্রাকৃতিক দুযোগ জনিত ত্রাণ তহবিল থেকে এ পর্যন্ত মোট ৩৪৬৭.১১ লক্ষ টাকা বিভিন্ন দপ্তরে আবন্টন করা হয়েছে। সেগুলি হল, কৃষি দপ্তর, জনস্বাস্থ্য ও কারিগরি দপ্তর, প্রাণীসম্পদ উন্নয়ন ও বিকাশ দপ্তর, পূর্ত দপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, মৎস্য দপ্তর, বন দপ্তর, ক্ষুদ্র সেচদপ্তর, কৃষি (বিপণন) দপ্তর, পঞ্চায়েত দপ্তর, স্থানীয় স্বায়ত্ব শাসন দপ্তর, বিদ্যুৎ দপ্তর এবং ত্রাণ দপ্তর। এই সমস্ত দপ্তরগুলির কো-অভিনেশনে করে এই কাজগুলি চলছে। ত্রাণ দপ্তরের বাজেট মূলত পরিকল্পনা বর্হিভূত হলেও পরিকল্পনা খাতেও ত্রাণ দপ্তরের ৫টি প্রকল্প রয়েছে। (১) রিলিফ কমপ্লেক্স নির্মাণ, (২) বন্যাশ্রয় নির্মাণ, (৩) ত্রাণভাঁড়ার নির্মাণ, (৪) আর্থ-সামাজিক কারণে বিপর্যস্ত ও দুঃস্থ পরিবারের পুনর্বাসনের জন্য এককালীন আর্থিক অনুদান, (৫) প্রাকৃতিক দুযোর্গ সতর্কিকরণ ব্যবস্থা। এই পাঁচটি প্রকল্প রূপায়ণ বাবদ বর্তমান আর্থিক বছরে ১৯৯৪-৯৫ সালে ৮.৪৭ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দ রাখা হয়েছে। সূতরাং আমরা দেখতে পাচ্ছি, এই বামফ্রন্ট সরকার তার সীমিত আর্থিক ক্ষমতার ভিতর দিয়ে নানারক্ম খয়রাতি সাহায্য, বিমা প্রকল্পের মাধ্যমে বিভিন্ন রকমের অনুদান দেবার ব্যবস্থা গ্রহণ করেছেন। খরা-প্রবণ এলাকার জন্য এই সরকারের পরিকল্পনা আছে এবং কাপড়-চোপড় দে<sup>বারও</sup> পরিকল্পনা আছে। এই কথা বলে মাননীয়া মন্ত্রী মহোদয়ার আনীত বাজেট প্রস্তাবকে সমর্থন করে এবং বিরোধী দলের আনা কাট-মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অতীশচন্দ্র সিন্হা ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয়া মন্ত্রী মহাশয়া আমাদের সামনে তার যে ব্যয়-বরান্দ পেশ করেছেন তার আমি বিরোধিতা করছি এবং আমাদের দলের তরফ থেকে যে কাট-মোশনগুলি এসেছে তাকে সমর্থন করে কয়েকটি বক্তব্য এখানে রা<sup>থব।</sup>

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি কথা আছে, বহারন্তে লঘু ক্রিয়া। ৫ নম্বর অনচ্ছেদে. অনেকণ্ডলি প্যারাগ্রাফে আমার নিজম বিধানসভা কেন্দ্র কান্দির অন্তর্গত গো-কর্গতে যে ট্রনেডো হয়েছিল গত এপ্রিল মাসের ৯ তারিখে তার সম্বন্ধে বক্তব্য রেখেছেন যে কোথায় কোথায় কতটা রিলিফ দেওয়া হয়েছে। এ সম্বন্ধে মাননীয় সদস্য শ্রী আবদুল মান্নান বিস্তৃতভাবে বলেছেন, যে ত্রাণ দেওয়া হয়েছে তার অপ্রতুলতা সম্বন্ধে। আমি সেই সম্বন্ধে দু-একটি কথা আড করতে চাইছি। এখানে মাননীয় মন্ত্রী মহাশয়া বলেছেন ১ হাজার ২৭টি বাড়ি সম্পূর্ণভাবে ধ্বংস হয়েছে। এক হাজার ২৭টি বাড়ি সম্পূর্ণভাবে ধ্বংস হয়েছে। ৭৪৭টি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। কিন্তু সেই জায়গায় আমরা দেখছি বাড়ি তৈরি করার জন্য যে লোন দেওয়া হয়েছে এবং যে সাহায্য দেওয়া হয়েছে সেটা অতান্ত অপ্রতল। আপনি জ্ঞানেন ৫০০ টাকা করে দেওয়া হয়েছে, যাদের বাড়ি সম্পূর্ণ রূপে ধ্বংস হয়েছে, আর আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের ২৫০ টাকা করে দেওয়া হয়েছে, আপনি জ্ঞানেন এই টাকা দিয়ে কোনও বাড়ি তৈরি হয় না। বাড়ি, যেগুলি ধ্বংস হয়ে গেছে তার কোনও অংশ তৈরি হওয়া সম্ভব নয়। দ্বিতীয়ত, যে কথা একটু আগে মাননীয় সদস্য মান্নান সাহেব বললেন, ৪৯ জন মারা গেছেন ভয়াবহ টর্নেডো হয়েছে. যারা চাক্ষ্স দেখেছেন,—মাননীয় মন্ত্রী মহাশয় পরে গিয়েছিলেন—অন্তত ব্যাপার, একটা লোক ভর্তি বাস তাকে উপরে তলে চারবার ঘড়িয়ে ২০০ ফটে দরে ফেলে দিল। মহাভারতে যেমন দেখা গিয়েছিল যে আকাশ দিয়ে রথ চলে যাচেছ সেই রকম গরুর গাডির গরুগুলোকে বাতাসে তলে নিয়ে খড়ের টুকরোর মতো ছুঁড়ে দিল। ভয়াবহ টর্নেডো হয়েছে। সরকারের তরফ থেকে মাত্র ৫ হাজার টাকা দেওয়া হয়েছিল, আর কেন্দ্রীয় সরকার মাথাপিছ ২০ হাজার টাকা দিয়েছেন। কেন্দ্রীয় সরকার যে রকম ত্রাণের ব্যবস্থা করেছিলেন রাজ্য সরকারের পরিমাণ সেই তুলনায় অনেক কম। আশ্চার্য লাগছে, কেন্দ্রীয় সরকার বেশি টাকা দিয়েছেন, ১২ লক্ষ টাকা দিয়েছেন, সব রকম সাহায্য মিলিয়ে, আর রাজ্য সরকার সে জায়াগায় ১১.২৭ লক্ষ টাকা সাহায্য হিসাবে দিয়েছেন। এর থেকে আরও আশ্চর্যের ব্যাপার যেটা মাননীয় মন্ত্রী মহাশয়ের নজরে আনতে চাই, আমরা কথা পেয়েছিলাম গ্রান্ট হিসাবে কিছ সাহায্য পরে দেওয়া হবে। হার্ডকোর তরফ থেকে লোন হিসাবে যাদের বাড়ি সম্পূর্ণ বা আংশিকভাবে ধ্বংস হয়ে গেছে তাদের টাকা দেওয়ার ব্যবস্থা করা হবে। দুঃখের বিষয় এক বছর অতিক্রান্ত হয়ে গেল কবে হার্ডকোর লোন পাওয়া যাবে এখন পর্যন্ত তার কোনও ব্যবস্থাই হয়নি। বার বার মাননীয় মন্ত্রী মহাশয়, অসীমবাবকে বলে বিলির ব্যবস্থা করে হবে তা আমরা তা জানতে পারিনি। সামনে বর্ষা আসতে চলেছে, এখন পর্যন্ত বিলির ব্যবস্থা হয়েছে বলে আমার জানা নেই। দ্বিতীয়ত, দৃঃখের কথা এই যে, এতবড ঘর্ণী ঝড হয়ে গেল, এতগুলি বাড়ি নষ্ট হয়ে গেছে. গবাদি পশু মারা গেছে সেখানে হাউস বিশ্ভিং লোনের জন্য গ্রান্ট পোর্সনটা দেওয়ার কথা মানুষকে সাহায্যের জন্য, সেই গ্রান্ট পোর্সনের কথাটা বললেন না। ৫০০, ২,০০০ টাকা করে গ্রান্ট পোর্সন যা আপনাদের দেবার কথা। মানুষ সেখানে চিন্তিত, তাদের উপর হার্ডকোর লোন চাপিয়ে দেবার কথা বলেছেন, তাদের তার উপর ২০ পার্সেন্ট সুদ দিতে হবে। একেই তো ঘূর্ণী ঝড়ে তারা সর্বশ্বান্ত হয়েছে, বাড়ি তৈরির জন্য হার্ডকোর লোন সদ দিয়ে তাদের কে নেবার জন্য বলছেন, সরকারের তরফ থেকে কোনও থান্টের ব্যবস্থা নেই, আশ্চর্য লাগছে, ১২,৫০০ টাকায় বাড়ি তৈরি হয় না, ওতে গোয়ালঘর তৈরি হবে किना সন্দেহ। ১২.৫০০ টাকা লোন হিসাবে দিচ্ছেন, সদ দিতে হবে। রিলিফ

[5th April, 1994]

ডিপার্টমেন্টের কি ব্যবস্থা তা বুঝতে পারছি না। গবাদি পশু মারা গেছে, ৪৯ জন লোক মারা গেছে, তবুও সরকারের তরফ থেকে কোনও গ্রান্টের ব্যবস্থা করছেন না। সেখানে দুটি প্রাথমিক বিদ্যালয় নন্ট হয়েছে, কিছুদিন আগে আমি গিয়েছিলাম, দেখি বিদ্যালয় দুটি মাটির সঙ্গে মিশে গেছে। আমি জিজ্ঞাসা করলাম ক্লাশ কোথায় বসে, দেখলাম পঞ্চায়েত অফিসের পাশে যে লাইব্রেরি আছে সেই লাইব্রেরির চত্বরে ক্লাশ হচছে। সেখানে স্কুল গুলি মেরামতের টাকা সরকারের তরফ থেকে পঞ্চায়েতকে এক পয়সাও পাঠানো হয়নি, অথচ মন্ত্রী মহাশয় এখানে বলছেন ২ লক্ষ ২০ হাজার টাকা হ্যাজ বিন অ্যালোটেড টু দি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট কিন্তু এখন গিয়ে পৌছায় নি, স্কুল বাড়ি মেরামতের কোনও ব্যবস্থাই হয়নি মাননীয় মন্ত্রী মহাশয় গিয়ে দেখে আসতে পারেন।

### [2-35 — 2-45 p.m.]

কিন্তু সবচেয়ে আশ্চর্যের ব্যাপার. এক বছর আগে এটা হয়েছে। তখন কাঁদিতে পঞ্চায়েত সমিতি ছিল সি. পি. এমের এবং গ্রাম পঞ্চায়েত ছিল কংগ্রেসের। সেই সময় যখন ত্রাণ বিলি হল তখন গ্রাম পঞ্চায়েতের প্রধানের বক্তব্যের যে গুরুত্ব দেওয়া হল তার চেয়ে পঞ্চায়েত সমিতির সভাপতির বক্তব্যকে অনেক বেশি গুরুত্ব দেওয়া হল। তারফলে সেখানে ত্রাণ বিলি করা নিয়ে ঝগড়াঝাটি হয়েছে। তারপর নির্বাচন হল। দেখা গেল, গ্রাম পঞ্চায়েত কংগ্রেসের এল. পঞ্চায়েত সমিতিও কংগ্রেসের পক্ষে গেল। স্যার, আপনি দলবাজির কথা শুনলে অবাক হয়ে যাবেন। তখন সেখানে সরকার পক্ষ থেকে যে ত্রাণ সেখানে দেওয়া হয়েছে, তার থেকে অনেক বেশি ত্রাণ দেওয়া হয়েছে বামদলগুলির পক্ষ থেকে—সি. পি. এম. এবং সি. পি. আই. এর পক্ষ থেকে। কিন্তু কংগ্রেস দলের পক্ষে ত্রাণ দেবার ক্ষমতা নেই। সেখানে আপনারা দলের পক্ষ থেকে এত ত্রাণ সামগ্রী দিলেন, তবুও আপনারা সেখানে পঞ্চায়েত নির্বাচনে হেরে গেলেন। আমি বলছিলাম, মানুষ যদি আমাদের ভালবেসে ভোট দেন তাহলে আমাদের কিছু করবার নেই। আপনি বলেছেন, ত্রাণ বিভাগে দলবাজি হচ্ছে না, কিন্ত আমি সেখানে দলবাজির চূড়ান্ত রূপ দেখেছি। সরকার তার ত্রাণ দপ্তর থেকে যা দিয়েছেন তার চেয়ে অনেক বেশি ত্রাণ সামগ্রী দিয়েছেন বামফ্রন্টের শরিক দলগুলো পক্ষ থেকে। তবে তারফলে সেখানকার আর্ত মানুষ উপকৃত হয়েছেন সন্দেহ নেই, কিন্তু সেটা করা হয়েছে যাতে গ্রাম পঞ্চায়েত দখল করা যায়, যাতে পঞ্চায়েত সমিতি কংগ্রেস চলে না যায় সেই উদ্দেশ্য সামনে রেখে। কিন্তু দুঃখের বিষয়, আপনাদের সেই উদ্দেশ্য সিদ্ধ হয়নি। এই হচ্ছে সেখানকার অবস্থা। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, মানুষের দুঃখ-কস্টের কথা মনে রেখে হাউস বিল্ডিং লোন নয়, গ্র্যান্টের ব্যবস্থা করুন। অসীমবাবুর সঙ্গে আমার এই বিষয় নিয়ে কথাও হয়েছিল যে, এক্ষেত্রে গ্রান্ট কিছু দেওয়া যায় কিনা, কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে দেখছি, এই বাজেট ভাষণে তার কোনও উল্লেখ নেই। পরবর্তীকালে শুনেছি, তাদের নাকি হাউস বিল্ডিং লোনই দেওয়া হবে। আমার অনুরোধ, যাতে তাদের গ্রান্ট দেওয়া যায় তার ব্যবস্থা করুন। শুধু পশ্চিমবঙ্গেই নয়, প্রতি বছরই রাজ্যে রাজ্যে খরা, বন্যা ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ হচ্ছে এবং তারজন্য প্রতি বছরই কোটি কোটি টাকা সরকারকে খরচ করতে হচ্ছে। এই কোটি কোটি টাকা যদি বন্যা, খরা ইত্যাদি নিয়ন্ত্রণের জন্য ব্যয় করা যায় তাহলে সাধারণ মানুয অনেক বেশি উপকৃত হবেন। আমি কাঁদির কথা দিয়েই উদাহরণ দেব। এই কাঁদি বন্যা

কবলিত অঞ্চল। প্রতি বছর ময়ুরাক্ষী থেকে আগস্ট মাসের শেষের দিকে জল ছাড়া হলেই সেথানে বন্যা হবে। এইজন্যই কাঁদি মাস্টার প্ল্যান করা হয়েছিল। অমল রায় মহাশয় যখন সেথানকার আর. এস. পি.-র এম. এল এ. ছিলেন তখন থেকে ১৭ বছর ধরে শুনে আসছি কাঁদি মাস্টার প্ল্যান করা হবে। মুর্শিদাবাদ জেলা থেকে নির্বাচিত রাজ্যের ইরিগেশন মন্ত্রীও বলেছিলেন যে, কাঁদি মাস্টার প্ল্যান যাতে কার্যকরি করা যায় সেটা তিনি দেখবেন, কিন্তু আজ পর্যন্ত তার কোনও ব্যবস্থা হয়নি।

কিন্তু দৃংশের বিষয়, এবারে ১৯৯৩ সালে যখন মুর্শিদবাদের কান্দিতে বন্যা হল এবং তার প্রলয়ন্ধারি রূপ খরগ্রাম, বড়এগা ইত্যাদি এলাকায় দেখা দেয় এবং সেখানকার মানুষ অত্যন্ত দুরবস্থার মধ্যে পড়ে। কিন্তু আমরা দেখেছি যে জি. আর দেবার ব্যবস্থা আছে সেটা বড়জোর এক সপ্তাহ কি দুই সপ্তাহ দেওয়া হয়। কিন্তু জল সরতে অনেক সময় লাগে। আপনি জানেন যে বন্য হলে ৩।৪ দিনের মধ্যে জল নেমে যায় না। অনেক সময়ে এই জল নেমে যেতে ৩।৪ মাস সময় লাগে। সূতরাং সেখানে এক সপ্তাহ বা দুই সপ্তাহ দেবার পরে বন্ধ করে দিলে সাধারণ মানুষের কন্তের সীমা থাকে না। সে জন্য জি. আর.-এর পরিমাণ এবং সময়কাল যাতে আরও বৃদ্ধি করা যায় সেটা আপনি দেখবেন।

আর একটা কথা হচ্ছে, অন্ধ, খোঁড়া ইত্যাদি যে সমস্ত মানুয় আছে তাদের জন্য আপনি জি. আর.-এর ব্যবস্থা করুন. এদের সংখ্যা খুবই কম। আপনি জানেন যে ডেস্টিটিউট পারসন, ব্লাইড পারসন, লেপান ইত্যাদি তাদের সংখ্যা এক একটা ব্লকে বেড়ে যাছে। কার্ডেই তাদের সেই ভাবে জি. আর দিতে গেলে যে পরিমাণ টাকা বরাদ্দ করা হচ্ছে তাতে হয় না। সে জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব জি. আর. দেবার ক্ষেত্রে এই শ্রেণীর মানুযকে যাতে বেশি করে ত্রাণ দেওয়া যায় সেই ব্যবস্থা করলে ভাল হয়। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে এবং আমাদের তরফ থেকে আনীত কাট মোশনের সমর্থন করে আমার বঙ্ব্য শেষ করছি।

শ্রী সৌমেদ্রচন্দ্র দাস ঃ মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মাননীয়া ত্রাণ মন্ত্রী যে বাজেট বরাদের দাবি এখানে পেশ করেছেন, আমি তাকে সমর্থন করছি এবং বিরোধী পক্ষের মনীত কাট মোশনের বিরোধিতা করে কয়েকটি কথা এখানে রাখছি। গত বছর বন্যার সময়ে বিশেষ করে উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলা, কুচবিহার জেলায় যে বিধ্বংসী বন্যা হয়েছিল, ব্রাণ দপ্তর তার মোকাবিলা যথেষ্ট তৎপরতার সঙ্গে করেছিল। সেই বন্যায় আমার নিজের বাড়িতে ১০।১২ ফুট পর্যন্ত জল উঠেছিল এবং সেটা ২।৩ দিন পর্যন্ত ছিল। সরকারী ভাবে বাড়িতে ১০।১২ ফুট পর্যন্ত জল উঠেছিল এবং সেটা ২।৩ দিন পর্যন্ত ছিল। সরকারী ভাবে বাড়া পরিস্থিতির যে তথ্য দেওয়া হয়েছে তাতে মৃত্যুর সংখ্যা জলপাইগুড়িতে ১৫০, আর কার্বিহার জেলায় ৯৭, এই রকম সংখ্যক লোক মারা গেছে। যাদের দেহ পাওয়া যায়নি সেই বন্য সংখ্যাও আনেক। এই বন্যার পরিপ্রেক্ষিতে যে ত্রাণ দেওয়া হয়েছে সেটা যথেষ্ট ছিল বা। আমাদের সরকারের সাধ আছে, কিন্তু সাধ্য নেই। কিন্তু আমাদের মাননীয় অর্থ মন্ত্রী সেই সময়ে কয়েকদিন ধরে সাধারণ মানুযের পাশে গিয়ে থেকেছেন, আন্তরিকতার পরিচয় দিয়েছেন, তার জন্য কুচবিহার এবং জলপাইগুড়ি জেলার মানুষ তার প্রতি কৃতজ্ঞ। আজকে এর বিরোধিতা করার কোনও স্থান কংগ্রেসিদের নেই। মাননীয় সদস্য অতীশবাবু বন্যার কথা বিলেছেন। কিন্তু কুচবিহার জেলায়, জলপাইগুড়ি জেলায় এই বন্যায় যে ভয়াবহ অবস্থার সৃষ্ট

করেছিল, মানুষের জীবন, সম্পত্তি ইত্যাদি নিয়ে যে সংকটময় অবস্থার সৃষ্টি হয়েছিল, সেই সময়ে বিভিন্ন ক্লাব, সমাজদেবী সংস্থা, রাজনৈতিক দল, যুব সংগঠন, কৃষক সংগঠন, তারা মানুষের পাশে এসে দাঁড়িয়েছিল এবং তারা কাঁধে কাঁধ মিলিয়ে আর্ত মানুষের সেবা করার জন্য এগিয়ে এসেছিল। কংগ্রেস দলের পক্ষ থেকে আমরা সেই রকম কোনও ভূমিকা দেখিনি। কুচবিহার ছাড়াও কাঁদিতেও যখন বন্যা হয়েছিল তখনও কংগ্রেসের পক্ষ থেকে সেই রকম কোনও ভূমিকা আমরা দেখিনি। অন্যন্য সংস্থা যেমন—ভারতসেবাশ্রম সংঘ, রামকৃষ্ণ মিশন, অন্য যুব সংগঠন, তাদের আমরা দেখেছি যে তারা সেবা করার জন্য এগিয়ে এসেছিলেন। কিন্তু কংগ্রেসের পক্ষ থেকে সেই রকম কোনও ভূমিকা নিতে আমরা দেখি না। অতীশবাবু এখানে বলেছেন যে স্থায়ী ভাবে বন্যা, খরা নিয়ন্ত্রণ করার জন্য মাস্টার প্ল্যান করা হোক। আমরা দীর্ঘদিন ধরে আন্দোলন করেছি। গতকালও বিভাগীয় মন্ত্রীর সঙ্গের কথা হছিল। স্থায়ী ভাবে খরা, বন্যা নিয়ন্ত্রণ করার জন্য একটা মাস্টার প্ল্যানের প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার কোনও ব্যবস্থা নিচ্ছেন না এবং আমাদের কোনও কিছু জানাচ্ছেন না।

### [2-45 — 2-55 p.m.]

कृठिवरात जन्मारे छिएठ ভग्नकत वन्। रन, मठ मठ मान्य विभर्यस रन, राजात হাজার গবাদি পশু মারা গেল. লক্ষ্ণ লক্ষ্ণ ঘর বাড়ি শেষ হয়ে গেল, মানুষের জীবনে অন্ধকার নেমে এল, সেই সময় দেখা গেল ভারত সরকারের পক্ষ থেকে বিশেষজ্ঞ পরিদর্শক দল পাঠানো হয়। তারা কচবিহারের বিমান বন্দরে নেমে মান্যের সঙ্গে কিছ ঠাট্রা-তামাসা করে চলে গিয়ে বলব কোথায় বন্যা হয়েছে, কুচবিহার, জলপাইগুডি কোথায় ক্ষতিগ্রস্ত হয়েছেং এখানে যারা কংগ্রেস দল করছেন তারা কেউ প্রতিবাদ করতে আসেন নি। যার ফল कृठिवरादात मानुष ১৯৭৭ मालित भत थ्या वादा वादा काराधमारक প্রত্যাখ্যান করেছে। মানুষের দৃঃখ দুর্দশায়, খরা বন্যায় মানুষের জীবন যখন অভিশপ্ত হয়ে ওঠে সেই সম্য কংগ্রেসকে কেউ খুঁজে পায় না। যখন নির্বাচন আসে তখন কংগ্রেসকে সেই নির্বাচনের সময় দেখা যায়। তখন তারা নানা প্রতিশ্রুতি দেয়, নির্বাচন শেষ হয়ে যাবার পর সেই প্রতিশ্রুতি **আবার মিলিয়ে যায়। এক মাস পর যে কেন্দ্রের পরিদর্শক টিম এল**, ফিরে গিয়ে তারা <sup>বলগ</sup> বন্যা হয়েছে দেখলাম কিন্তু বন্যায় কোনও কিছ ক্ষতিগ্রস্ত হয়নি। বন্যার কোনও প্রভাব कुठिरात एकलाग्न পएएनि। लक्क लक्क मानस्यत मशाग्न मन्भा চल शिखाए वनाति छाल, वनाहि ওই সমস্ত এলাকা গুলি প্রচন্ড ক্ষতিগ্রস্ত হয়েছে এটা বার বার আলোচনা হয়েছে হাউসে ওনারা বলছেন কোনও কিছু ক্ষতিগ্রস্ত হয়নি। পঞ্চায়েতের মাধ্যমে কুচবিহার জলপাইণ্ডড়িতে বছ সংস্কারমূলক কাজ হয়েছে, আরও কাজ করা দরকার। উত্তরবঙ্গের চা বাগান এলাকাণ্ডনি পঞ্চায়েতের বাইরে। সেখানকার মানুষ পঞ্চায়েতের নির্বাচনে অংশ গ্রহণ করতে পারে <sup>না।</sup> আই. আর. ডি. পি. এন. আর. ই. পি., আর. এল. ই. জি. পি. স্কীমের মাধ্যমে বা<sup>মক্রন্ট</sup> সরকার গ্রামের মানুষের পাশে দাঁড়াতে পারে। চা বাগান এলাকার মানুষ সেই স্কীম গু<sup>নি</sup> থেকে বঞ্চিত হচ্ছে। ত্রাণ দপ্তরের সাধ্য খুব কম, সামর্থ খুব কম, কিন্তু কাজ <sup>যে করতে</sup> চায় সেটা প্রমাণ করে দিয়েছে বন্যায় সময়। আমাদের আরও একটু চেন্টা করতে হবে <sup>যাওে</sup> যে পরিস্থিতি আছে সেটা আরও একটু কাটিয়ে ওঠা যায়। জলপাইগুড়ি, কুচবিহারের <sup>রাপ্তা</sup>

দাট বন্যা বিধস্ত হওয়ার ফলে খুব খারাপ অবস্থায় পড়ে আছে। সামনে বন্যা আসছে। এখন থোক স্থায়ী কিছ করা দরকার। ভারত স্বাধীনতার পর ৪৭ বছর কেটে গেল, বিজ্ঞান প্রযক্তিতে সারা পৃথিবী এগিয়ে চলেছে, মানুষ চাঁদে গিয়ে হাজির হয়েছে, সারা পৃথিবীর সঙ্গে ভারতবর্ষের অগ্রগতি হচ্ছে, কিন্তু এই উত্তরবঙ্গে স্থায়ীভাবে বন্যা এবং খরা নিয়ন্ত্রণের জন্য কোনও ব্যবস্থা হয়নি। প্রতি বছর হাজার হাজার ক্ষকের রক্তে বোনা ফসল বন্যায় নিয়ে চলে যাচ্ছে, খরায় পুডে যাচ্ছে। তাই আমি এই কথা বলতে চাই যে স্থায়ী ভাবে খরা এবং বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা করা হোক। এই বিধানসভা থেকে একটা সর্ব্বদলীয় প্রতিনিধি দল প্রামানা হোক কেন্দ্রীয় সরকারের কাছে. ৪৭ বছর দেশ স্বাধীন হয়েছে. কেন্দ্রীয় সরকারের য়ে দায়িত এবং কর্তব্য দেশবাসীর প্রতি, সেটা তারা পালন করেন নি। এই ব্যাপারে অবশ্য কংগ্রেস দল এবং মন্ত্রী মহাশয়ও বলেছেন। এই ব্যাপারটা কার্যকারি করার জন্য একটা সিদ্ধান্ত নেওয়া দরকার। এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্যণ করছি। এখন যে কর্মকান্ড শুরু হয়েছে সেটা কংগ্রেস আমলে ছিল না। ওনারা পঞ্চায়েতে দলবাজির কথা বলেছেন। কংগ্রেস আমলে কি অবস্থা ছিল? সেই সময় পঞ্চায়েত নির্বাচন হত না। কংগ্রেস আমলে যে সমস্ত জিনিস পঞ্চায়েতে যেত তার কোনও হিসাব, তার কোনও পরিসংখ্যান সাধারণ মানুষ জানতে পারত না। কংগ্রেস যে সমস্ত প্রধান ছিল তারা নিজেদের মধ্যে ভাগ বাটোয়ারা করে নিত. সাধারণ মান্য পেত না। বামফ্রন্ট সরকারের একটা বড কৃতিত্ব হচ্ছে ক্ষমতার বিকেন্দ্রীকরণ। সাধারণ মানুষের হাতে ক্ষমতা দিয়েছে। সাধারণ মানুষকে নিয়ে সাধারণ মানুষ তাদের নিজেদের এলাকায় এলাকায় উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করছে।

### [2-45 — 2-55 p.m.]

এটা নিয়ে কংগ্রেসে গাব্রদাহ। কারণ কংগ্রেস বড়লোকদের প্রতিনিধিত্ব করে, সাধারণ মানুষের প্রতিনিধিত্ব করে না। পঞ্চায়েত-এর মধ্যে দিয়ে গ্রামে গঞ্জে যে কর্মকান্ড চলছে তাতে ওদের গাব্রদাহ। কংগ্রেস যে শ্রেণীর প্রতিনিধিত্ব করে, সেই শ্রেণী স্বার্থের উর্দ্ধে কংগ্রেস কোনওদিন ওঠেনি, উঠতে পারে না। ব্রাণ দপ্তর থেকে যে জি. আর. দেওয়া হয় তার পরিমাণ বাড়ানো দরকার। আর্থিক অবস্থার পরিপ্রেক্ষিতে তা সম্ভব হচ্ছে না, এটা আমরা জানি। এম. এল. এ.-দের মাধ্যমে দরিদ্র মানুষের মধ্যে যে কাপড় দেওয়া হয় তার পরিমাণ বাড়ানো দরকার। কারণ এটিই অন্যতম কাজ এম. এল. এ.-দের যার মধ্যে দিয়ে মানুষ বৃথতে পারেন যে এম. এল. এ.-রা কিছু করছেন। বিগত বন্যার সময়ে মুর্শিদাবাদে ত্রাণ দপ্তর থেকে সাহায্য করা হয়েছে। ঝড়ের সময়ে যারা মুর্শিদাবাদে ক্ষতিগ্রস্ত হয়েছিল তাদেরও ব্রাণ দপ্তর থেকে সাহায্য করা হয়েছে। আমি ব্রাণ দপ্তরের মাননীয়া মন্ত্রী মহোদয়া যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন, তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে ত্রাণ দপ্তরের যে ব্যয় বরাদ্দ-এর দাবি, ৪৪ নং দাবি পেশ করেছেন মন্ত্রী মহোদয়া, তার বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনের প্রতি সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। আমি কলকাতার একজন বিধায়ক বলে ত্রাণ দপ্তর সম্পর্কে কোনও অভিযোগ বা অভিজ্ঞতা আমার নেই। কিন্তু ১৯৯২ সালে যখন কলকাতায় দাঙ্গা হয়েছিল তখন মন্ত্রীর সংস্পর্শে আসার সুযোগ আমার হয়েছিল। তখন সি. পি. এমের পক্ষ থেকে দলবাজির চেষ্টা হয়েছিল, কিন্তু মাননীয়

মন্ত্রী মহোদয়া নিরপেক্ষভাবে কাজ করার চেষ্টা করেছিলেন বলে আমার মনে হয়েছিল। এই কথা বলতে আমার কোনও দ্বিধা নেই। আমাদের আত্মসম্পণি করতে হয় প্রাকৃতিক দুর্যোগের काष्ट्र, ना ट्राल পुरुलिग्राए वन्ता द्या किन? मञ्जी मराहामग्रा वरलाष्ट्रन य धकम वहरतन **ইতিহাসে এই ধরনের বন্যা সেখানে হয়েছিল। টর্নেডো ঝড়-এর কথায় আমরা বুঝি** যে গোটা বাস ভর্তি মানুষকে ঝড়ে উড়িয়ে নিয়ে গেছে। আপাত দৃষ্টিতে এটা অসম্ভব বলে মনে হলেও প্রাকৃতিক দুর্যোগের ফলে এই জিনিস ঘটে। আমার বক্তব্যকে সীমাবদ্ধ রেখে একটা জিনিস আমি দেখাব যা আপনি আপনার বাজেট বক্তব্যের মধ্যে তুলে ধরেছেন। কেন্দ্রীয় সরকারের কাছে মৃত ব্যক্তিদের হিসাবের কারচুপি করে রাজ্য সরকার এই ত্রাণ দণ্ডরের মাধ্যমে এবং বেশি টাকা তাদের কাছ থেকে নেন। আমার সময় খুব অল্প। আমি শুধু একটি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করে বলি। ১৯৯৩ সালে মোটামুটি ভাবে এই রাজ্যে যে ঘটনা ঘটেছে—মৃত্যুর সংখ্যায় আমি আসছি। মূর্শিদাবাদের কান্দি থানায় গোকর্ণতেে মারা যান ৪৯ জন। জলপাইগুড়িতে বন্যায় ১৫০ জন মারা গিয়েছিলেন। আগস্ট-সেপ্টেম্বর মাসে মেদিনীপুর, হাওড়া, দক্ষিণ ২৪ প্রগনা, নদীয়া, পুরুলিয়া, বাঁকুড়াতে বন্যার ফলে ২৮ জন মারা গিয়েছিল। **জন ও আগস্ট মাসে দার্জিলিংয়ে পাহা**ড় ধ্বসে ২৯ জন মারা গিয়েছিল। বৌ-বাজারেব ঘটনায় মৃত্যু হয়েছিল ৭০ জনের। এই হিসাব আপনার হিসাব। আপনার হিসাবের সম্বে মতপার্থকা থাকলেও আপনার হিসাবে গত বছরে মৃত্যুর সংখ্যা ছিল মোট ৩২৬ জন। এর মধ্যে উত্তর বাংলায় মৃত্যু হয়েছে, বন্যার সময়ে এবং পাহাড় ধ্বসের ফলে, আপনার হিসাবে আছে ১৭৯ জন। এবারে আপনার বাজেট বক্তৃতার আট নম্বর অনুচ্ছেদটি দেখুন। সেখানে আপনি বলছেন—দার্জিলিং, জলপাইগুড়ি ও কোচবিহার জেলার সর্বমোট ২৬৯ জন মৃত্যু ব্যক্তির নিকট-আত্মীয়দের ত্রাণ ও পুনর্বাসনের জন্য অনুদান হিসাবে প্রধানমন্ত্রীর ত্রাণ তর্থবিল থেকে মাথাপিছু ৫০ হাজার টাকা হিসাবে সর্বমোট এক কোটি ৩৪ লক্ষ ৫০ হাজার টাকা রাজ্য সরকারের মাধামে এককালীন সাহায্যে হিসাবে আবন্টন করা হয়েছে। আপনি টাকা নিয়েছেন ২৬৯ জনের মৃত্যু হয়েছে বলে। অর্থাৎ আপনি উত্তর বাংলায় বন্যায় যে সংখাক মানুষ মারা গিয়েছিল তা থেকে অতিরিক্ত সংখ্যা দেখিয়ে প্রায় ৫০ লক্ষ টাকা অতিরিভ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নিয়েছেন। আমাদের যেটি অভিযোগ—কেন্দ্রীয় সরকারের কাছে ক্ষয়ক্ষতি বেশি দেখিয়ে আপনি যেমন এগজরেট করেছেন, তেমনি মৃত্যুর ক্ষেত্রেও যা বলেছেন তা ঠিক করেন নি।

ত্রাণ ও মৃত্যুর ঘটনা নিয়ে যেটা ঘটেছে এটা করা ঠিক হয়নি এবং আপনারা আণ তহবিল থেকে যে টাকা পান যেমন বৌবাজারের বিস্ফোরণ নিয়ে আমার বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত—রশিদ খান যে লক্ষ্মীবাবুর এলাকায় থাকেন—ঐ বৌবাজারের জন্য ২৪ লক্ষ্মটাকা আপনারা পেলেন। কলকাতায় দাঙ্গায় নিহতদের জন্য আপনারা নিয়েছেন ১২ লক্ষ্মটাকা। অর্থাৎ যখন আমরা দেখছি কোথাও দাঙ্গা হচ্ছে কোথাও মানুষের মৃত্যু হচ্ছে তখন কেন্দ্রীয় সরকার আপনাকে ৫০ হাজার টাকা করে ন্যুনতম এবং কলকাতায় দাঙ্গার জন্য মাথাপিছ্ ১ লক্ষ্মটাকা করে দিছেছ। কিন্তু আপনার রাজ্যু সরকার কোনও জায়গাতেই ৫ থেকে ১০ হাজারের বেশি দিতে পারছে না। মহারাষ্ট্র সরকার তাদের ওখানে দাঙ্গায় নিহতদের জন্য সরকার থেকে ১।১ জনকে ২ লক্ষ্মটাকা দিয়েছে। কিন্তু আমরা দেখছি রাজ্য সরকার দাঙ্গায়

নিহতদের জন্য যখন সামান্য কিছু টাকা দিচ্ছে, তখন সেখানে কেন্দ্রীয় সরকার দ্বরাজ হস্তে টাকা দিচ্ছে এবং আপনাদের পাশে দাঁডাবার চেষ্টা করেছে। আপনার বাজেট বক্ততায় কেন্দ্রীয় সরকারের উপর কৃতজ্ঞতা জানিয়ে আপনার কিছুটা ধন্যবাদ জানানো উচিত। আমি এখানে গুনলাম উত্তরবঙ্গের বন্যা নিয়ে খুব গালভরা কথা বললেন, সেখানে যা করেছে সি. পি. এম. সি. পি. আই., কংগ্রেস সেখানে কিছু করেনি। যদি সি. পি. এম., সি. পি. আই. করে তাহলে অসীমবাবু যখন সেখানে গিয়েছিলেন আলিপুরদুয়ারে, তাকে ঘেরাও করলেন কেন, অসীমবাবকে তো দঃখে চোখের জল নিয়ে ফিরে যেতে হয়েছিল। এটা তো হয়েছিল ত্রাণ কার্যের গাফিলতির জন্য। আপনি মহাকরণের অলিন্দে বসে আছেন, ফরোওয়ার্ড ব্লক করেন বলে আপনাকে ওরা কৃক্ষিগত করে রেখেছে, আজকে মুর্শিদাবাদে কি হল, সেখানে ওখানকার এস. পি.-কে আপনার পিছনে লাগিয়ে দিয়েছে, আর মহাকরণের অলিন্দে বসিয়ে আপনার ভানা ছেঁটে দেওয়া হয়েছে. আপনি এক্ষেত্রে কি করে অপারেট করবেন? অসীমবাবু যে ভাবে বিভিন্ন সময়ে আপনার দপ্তরের দায়িত্বভার হাতে নিয়ে নিয়েছে সেটা আপনার দপ্তরের প্রতি অবিচার করা হয়েছে। নবম অর্থকমিশন থেকে ঠিক হয়েছিল প্রাকৃতিক দুর্যোগের জন্য ৭৫ শতাংশ টাকা কেন্দ্র দেবে, আর ২৫ শতাংশ টাকা রাজ্য দেবে। তারপরে দশম অর্থ কমিশন কে. সি. পম্ব এর নেতৃত্বে যেটা হয়েছে সেখানে আপনার দপ্তরের ভূমিকা কি ছিল, সেটা তো আমরা স্বাভাবিক ভাবে বাজেট বক্ততার মধ্যে আপনার কাছে জানতে চাইব। একট আগে পূজায় এবং ঈদের কাপড় নিয়ে বলেছেন, এই ব্যাপারে আমি বলব গুণগত মান কিছটা পরিবর্তন করা যায় কিনা সেটা একটু দেখবেন। শিশুদের জন্য যে পোশাক দেন সেটা কোনও বয়সের শিশুদের জন্য? উনি বলেছেন বাডিয়ে দিতে, আমি বলছি কমিয়ে দিন, কিন্তু যেটা দেবেন সেটা মানুষের পড়ার মতো উপযুক্ত মনে করে দেবেন। সেটা যেন অনুপযুক্ত না হয়। আপনি ত্রাণ দপ্তরের ক্ষেত্রে চেষ্টা করছেন কিন্তু আপনি ঘেরাও হয়ে গিয়েছেন, ফলে আপনার কাজ করার ক্ষমতা নেই। আপনি কক্ষিগত হয়ে যান সি. পি. এম. এর চাপে, সেই কারণেই আপনার ত্রাণের মধ্যে দলবাজি রয়েছে, সেইজনাই আমাদের বলতে হয়, সেই কারণেই আমার এই বক্তব্য বললাম. এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[2-55 — 3-05 p.m.]

শ্রী ঈদ মহম্মদ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় ত্রাণ দপ্তরের মাননীয়া মন্ত্রী মহোদয়া তার দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তা সমর্থন করে এবং বিরোধী দলের আনা কাট মোশনগুলির বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলছি। স্যার, আপনি জানেন, পশ্চিমবঙ্গে হচ্ছে নদী-নালা, পাহাড়-পর্বত, সমুদ্রের দেশ। এখানে প্রাকৃতিক দুর্যোগ বেশি হয়। স্বাধীনতার পর থেকে মাঝের কয়েকটি বছর বাদ দিলে কংগ্রেসির্রাই এখানে এবং দিল্লিতে রাজত্ব করে গেছেন। তারা এখানে রাজত্ব করেছেন কিন্তু পশ্চিমবঙ্গকে বাঁচানোর জন্য তারা কোনও রকম ব্যবস্থা করেন নি। ফ্ল্যাড প্রটেকশন, ফ্ল্যাড কট্রোল বা ইরোসন, খরা ইত্যাদির হাত থেকে মানুষকে বাঁচানোর জন্য তারা কোনও ব্যবস্থা করেন নি এবং সেচ ব্যবস্থার সম্প্রসারণ ও জোরদার করার জন্য তারা কোনও ব্যবস্থা করেন নি। ফলে একটা বিশেষ ভৌগলিক অবস্থার মধ্যে থাকার জন্য পশ্চিমবঙ্গকে বিভিন্ন সময় খরা, বন্যা, ঝড়, বঞ্জা ইত্যাদির মথে পড়তে হচ্ছে। তা ছাড়া জলস্ফীতি ও টনের্ডও এই পশ্চিমবাংলাকে

আঘাত করেছে। স্যার, প্রাকৃতিক দুর্যোগে একটা এলাকার মানুষরা যখন ক্ষতিগ্রস্ত হন তখন আমরা দেখেছি পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে দাঁডিয়েও ত্রাণ সামগ্রি নিয়ে সাধারণ মানুষের পাশে গিয়ে উপস্থিত হয়েছেন। তা ছাডা কব্রিম উপায়ে কোনও সমস্যার সৃষ্টি হলে এবং মানুষ তাতে ক্ষতিগ্রস্ত হলে বামফ্রন্ট সরকার সেই সময় মানষদের পাশে গিয়ে দাঁডিয়েছেন। এই তো কিছদিন আগে কংগ্রেসিদের প্ররোচনায় কাট্রা মসজিদ নিয়ে যে ঘটনা ঘটল এবং তাতে যারা মারা গেল সেই মত ব্যক্তিদের নিক্রা আত্মীয়দের এবং দর্গতদের পাশে গিয়ে বামফ্রন্ট সরকার দাঁডিয়েছিলেন। সেখানে প্রতোক মৃতের পরিবারকে সরকারের তরফ থেকে ২০ হাজার টাকা করে আর্থিক সাহায্য দেওয়া হয়েছিল। বাবরি মসজিদ নিয়ে যে ঘটনা ঘটল এবং কংগ্রেসিরা যে ঘটনা ঘটাতে সাহায়। করল, পি. ভি. নরসিমা রাও-এর কেন্দ্রীয় সরকার যে ঘটনা ঘটাতে সাহায্য করল সেই সময পশ্চিমবঙ্গে যে সমস্ত মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছিলেন বামফ্রন্ট সরকার তাদের প্রতিও সাহাযোৱ হাত বাডিয়ে দিয়েছিলেন। আজকে পশ্চিমবঙ্গে খরা, বন্যা বা প্রাকৃতিক কোনও দুর্যোগ হল বামফ্রন্ট সরকার পঞ্চায়েতের মাধ্যমে দূর্গত মানুষদের পাশে গিয়ে দাঁডাবার চেষ্টা করেন এক তাদের ত্রাণ দেওয়ার ব্যবস্থা করেন। কিন্তু কংগ্রেসি আমলে এই ত্রাণ সামগ্রী নিয়ে কি হ'ত? কংগ্রেসি আমলে এই ত্রাণ সামগ্রী নিয়ে তাদের নিজেদের মধ্যেই মারামারি হ'ত। প্রকৃত দুর্গত মানুষদের কাছে সেই ত্রাণ সামগ্রী পৌছাত না। আজকে ওরা বলছেন যে পঞ্চায়েতের মাধ্যম নাকি ত্রাণ সামগ্রী ঠিকমতোন বন্টন হয় না। দু-একটা জায়গায় হতে পারে কারণ পঞ্চায়েতে যারা নির্বাচিত হয়ে এসেছেন তারা সকলেই উচ্চ শিক্ষিত নন, অল্প শিক্ষিত সাধারণ মান্যৱা আজকে পঞ্চায়েত পরিচালনা করছেন এবং তার সঙ্গে পঞ্চায়েতে আমরা মহিলা ও শিডিউল কা**স্ট, টাইবসদের প্রতিনিধিত্ব দিয়েছি। কিন্তু আজকে পঞ্চায়েতের মাধ্যমে দেখবেন সঠিকভাবেই এই ত্রাণ সামগ্রী বন্টন করার চেষ্টা ক**রা **হয়ে থাকে। তারা আর ঐ কংগ্রেসি** আমলের মতোন ত্রাণ সামগ্রী বিক্রি করে দেন না তা নিয়ে নিজেদের মধ্যে মারামারি করেন না। ত্রাণ সামগ্রী আজ পঞ্চায়েত প্রকৃত দুর্গত মানুষদের মধ্যেই বন্টন করার চেষ্টা করেন। অতীশ সিনহা মহাশয় বললেন য কান্দির টর্নেডোর ব্যাপারে ঠিকমতোন ত্রাণ সামগ্রীর ব্যবস্থা করা হয়নি। আমি তাকে বলব, কান্দির টর্নেডো তো জাতীয় বিপর্যয় বা দুর্যোগ, এ ক্ষেত্রে তো দায় দায়িত্ব কেন্দ্রীয় সরকারেরই বেশি। তারা কি তাদের কাজ যথাযথভাবে করেছেন? না করেন নি। সেখনে সামান্য কিচ টাকা দিয়েই কেন্দ্রীয় সরকার তাদের দায়দায়িত শেষ করে দিতে চেয়েছেন। বামফ্রন্ট সরকার কিন্তু সেখানে দূর্গত মানুষদের পাশে গিয়ে দাঁডিয়েছেন এবং ত্রাণ সামগ্রী পৌছে দেবার ব্যবস্থা জোরদার করার চেষ্টা করেছেন। আগে আমরা দেখেছি কংগ্রেসের সময় যে বন্যা, ঝড, জলম্ফীতিতে ঘরবাড়ি ভাঙ্গলে কোনও আর্থিক সাহায্য করা হত না। বামফ্রন্ট সরকার তার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যেও যাদের ঘরবাডির আং<sup>শিক</sup> ক্ষতি হয়েছে তাদের ৫০০ টাকা করে অনুদান দিয়েছেন। এটা সামান্য হলেও কংগ্রেস আ<sup>মলে</sup> এটা দেওয়া হত না। কাজেই সীমিত ক্ষমতা নিয়েও দুর্গত মানুষদের পাশে আমরা দাঁড়াবার চেষ্টা করছি। অতীশবাবু বললেন, কান্দিতে টর্নেডোর ব্যাপারে ঠিকমতো রিলিফের ব্যবস্থা <sup>করা</sup> হয়নি তারজন্য তাদের বিপুল জয় হয়েছে। স্যার, ঝড়ে কাক মরে আর ফকিরের কেরা<sup>মতি</sup> বাডে। দুর্ভাগ্যে যে আমাদের সেখানে বামফ্রন্টের মধ্যে ইউনিটি না হবার ফলে লেফটিস্ট <sup>ভোট</sup> ভাগ ফলে দু চারটি ভোটে কংগ্রেস জিতেছে। ফলে ফকিরের কেরামতি বেডেছে। <sup>কিন্তু</sup>

সেখানে বামফ্রন্টের সকলে আমরা গেছি, বামফ্রন্টের মন্ত্রীরা গেছেন, রিলিফ এর বাবস্থা জোরদার করা হয়েছে, দুর্গত মানুষকে উদ্ধার করার ব্যবস্থা করা হয়েছে। আখেরিগঞ্জে, মর্শিদাবাদ, ক্রাদিতে যেখানেই বন্যা হয়, খরা হয়, টর্নেডো হয়, সেখানেই আমরা গিয়ে দাঁডাই। এখানে মাস্টার প্লানের কথা বলা হয়েছে বন্যা প্রতিরোধ করার জন্য। সিদ্ধেশ্বরীতে জায়গা নিয়ে একটা বিকল্প বাঁধ করার জন্য বামফ্রন্ট সরকার যা চেষ্টা করেছিলেন, কেন্দ্রীয় সরকার সেটা করতে দেননি। যার ফলে আজকে ওখানে বন্যা হচ্ছে। ওখানে এই সীমিত ক্ষমতার মধ্যে থেকেও আমরা কান্ধ করার চেষ্টা করেছি। আমরা মান্যকে ত্রিপল, গম এবং অন্যান্য ব্যবস্থা যেওলো সেইওলো দিয়েছি। সেখানে স্টারভেশন, জি. আর. দেবার ব্যবস্থা পর্যন্ত হয়েছি. হয়ত অপ্রতল, সেটা আরও বাডানোর দরকার আছে। আমাদের দেশে অনেক কানা, খোঁডা, গাভিক্যাপড লোক আছে তাদের কিছ সাহায্য করতে হয়। অনেক সময় সকলে হয়ত পান না। সেখানে কিছু বাড়ানোর দরকার আছে। ঈদ বা পূজোর সময় গরিব মানুষদের যে কাপড়, ছোটদের জন্য যে জামা কাপড় দেওয়া হয় তা অত্যন্ত নিম্ন মানের, এইগুলোর কোয়ালিটি ভাল হওয়া দরকার। আর একটা ব্যাপার, এই কাপড় যখন যায় তখন হয়ত ঈদ বা পূজা শেষ হয়ে যায়, এই সব কাপড যাতে ঈদ বা প্রজার সময়েও গরিব মানুষেরা পায় তার জন্য বিশেষ ব্যবস্থা নিতে হবে। ঠিক সময় কাপড না দেবার ফলে এই গুরুত্ব থাকে না। আমি সেই জন্য অনুরোধ করব গুণগত মান যাতে উন্নত হয় সেদিকে দৃষ্টি দেবেন। আমার সময় শেষ হয়ে গেছে, আরও কিছ বলার ছিল, এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

### [3-05 — 3-15 p.m.]

ডাঃ মানস ভূঁইয়্যাঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়্ম, মাননীয় মন্ত্রী শ্রীমতি ছায়া ঘোষ ত্রাণ দপ্তরের যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন সেই বিতর্কে অংশ গ্রহণ করছি। আমাদের মাননীয় সদস্যরা বক্তব্য রেখেছেন, আমার বক্তব্যটা ত্রাণ দপ্তরের বাজেটের বরাদ্দের বিরুদ্ধে নয়। আমার বক্তব্য, যে দৃষ্টিভঙ্গিতে এই সরকার চলছে, যে পদ্ধতিতে ত্রাণ মন্ত্রী নিজেকে কোনও ক্রমে বাঁচিয়ে এই সরকারের একজন সদস্য হিসাবে আছেন, আমার মনে হয় তাকে ত্রাণ দেওয়া দরকার আগে। কারণ গতকাল মাননীয় প্রাক্তন মন্ত্রী খুব জাঁহাবাজ নেতা, মার্কসবাদী ক্র্যানিস্ট পার্টির তথ্য মন্ত্রী সি. পি. এম.-এর দু নং নেতা বলেছেন, ফরওয়ার্ড ব্লককে হারাতে যবে নকশাল বাড়িতে। মাননীয় মন্ত্রী সরল দেব সম্পর্কে এই হাউসের একজন সদস্য প্রকাশ্যে ব্লছেন মন্ত্রী সমাজ বিরোধীদের সমর্থন করছেন, এর বিরুদ্ধে সংগ্রাম করতে হবে। আর এক মন্ত্রী কলিমদ্দিন শামস, তার বিরুদ্ধে সিট সংগ্রাম করছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি ফরোয়ার্ড ব্লক প্রার্থী হিসাবেই এখানে নির্বাচিত 
ইয়েছেন। মাননীয় সদস্য কৃষ্ণচন্দ্র হালদার মহাশয় আপনাকে দুঃখ প্রকাশ করে ক্ষমা চাইতে 
কললেন বিবৃতি দিয়ে। তাহলে বিষয়টা কিং ফরোয়ার্ড ব্লক ইজ placed in a Gas 
Chamber of Left Front. সেখানে মাননীয়া মন্ত্রী ছায়া ঘোষকে মন্ত্রীত্ব করতে হচ্ছে, ত্রাণ 
মন্ত্রী হিসাবে কাজ চালাতে হচ্ছে। কি অবস্থার মধ্যে উনি কাজ করছেন তা তো আমরা ভাল 
ভাবেই বুঝতে পারছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি ওর বাজেট বক্তৃতার মধ্যে কোনও 
কোনও জেলায় প্রাকৃতিক দুর্যোগে বা বিগত বন্যায় কত দুর্গত মানুষকে সাহায্য করেছেন—

[5th April, 1994

জেলাওয়ারি কত সাহায্য করেছেন, মাথাপিছু কত সাহায্য করেছেন তার একটা বিস্তারিত্ত খতিয়ান দেয়ার চেষ্টা করেছেন। আমি ওকে দুটো কথা বলি। মাননীয়া মন্ত্রী মহাশয়া বি জানেন, আপনার নির্দেশকে কুকুরের লেজে বেঁধে ঘোরায় সি. পি. এম.-এর পঞ্চায়েত আপনি কি জানেন আপনার নির্দেশে সি. পি. এম.-এর পঞ্চায়েত থুথু দিয়ে ফেলে দেঃ ওয়েস্ট পেপার বক্স-এ? আপনি যদি না জানেন তাহলে আমি এখানে দুটো উদাহরণ দিছি আপনি ইনভেস্টিগেট করে দেখুন। এক—মেদিনীপুর জেলার গড়বেতার [\*\*\*] বিধানসভাঃ সদস্য সুশান্ত ঘোষ।

মিঃ ডেপুটি স্পিকার ঃ চোর, ডাকাত দস্যু বাদ যাবে।

ডাঃ মানস ভূঁইয়া ঃ মেদিনীপুর জেলার গডবেতায় বন্যা কবলিত মানুষরা আজ ৮ মাস ঘরবাডি ছাড়া হয়ে জঙ্গলের পাশে গোল-পাতার ছাঁউনির তলায় বসবাস করছিল—জেল প্রশাসনকে এবং আপনাকে আমরা অনুরোধ করেছিলাম যে, ১০০ পরিবার গৃহহারা হয়ে ঐভাবে বসবাস করছে, ওদের পুনর্বাসনের ব্যবস্থা করুন। এরকম অবস্থায় ওদের গোলপাতার ছাউনি গুলোতে সি. পি. এম-এর লোকাল এম. এল. এ. সি. পি. এম.-এর লোকাল কমিটির সম্পাদক এবং পঞ্চায়েত সমিতির নেতৃত্বে আগুন দিয়ে পুড়িয়ে দেওয়া হ'ল, ঝুপড়িওলে ভেঙে দেওয়া হ'ল, লুট করা হল। মাননীয় মন্ত্রী মহোদয়া, আপনি দয়া করে এ বিষয়ে একট তদন্ত করে অ্যাকশন নেবেন কি? অবশ্য আমরা জানি আপনার সে হিম্মত হবে না। স্পাত ঘোষের বিরুদ্ধে পদক্ষেপ নেবার সি. পি. এম.-এর বিরুদ্ধে আকেশন নেবার হিম্মত আপনার হবে না। আপনি যদি সে চেষ্টা করেন তাহলে আপনাকে মন্ত্রীত্ব ছেডে দিতে হবে দিতীয় ম্পেসিফিক কেস আমি আপনার সামনে উল্লেখ করছি। কুচবিহার জেলার কুচবিহার ২ নং ব্লকের দল্যাদেশ্বরীর গ্রামের বিনোদ পাল এবং সনীল পাল নামে দটি বাচ্চা ছেলে জল ভেসে গেল. আজ কয়েক মাস ধরে ইনভেস্টিগেশন চলছে, তাদের খুঁজে পাওয়া গেল ন। মাননীয় মন্ত্রী মহোদয় আজকে আপনার জবাবি ভাষণের মধ্যে দিয়ে আমাদের জানাবেন হে ঐ সমস্ত হতভাগ্য পরিবারগুলি এখন পর্যন্ত প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল এবং আপনার আ তহবিল থেকে কেন সাহায্য পেল না? একথা বলার কি আপনার হিম্মত আছে? সেখানকার পঞ্চায়েত সমিতি সাহায়ের তালিকা থেকে ঐ পরিবারগুলির নাম কেটে দিয়েছে, আপনা **হিম্মত নেই তাদের সাহায্য করার। আপনি গ্যাস চেম্বারে বন্দি। আপনি কি করে** কার্চ করবেন। আপনার পেছনে লাগিয়ে দিয়েছে। এই অবস্থায় আপনি কি করে কাজ করবেন। আপনার অবস্থাটা অত্যন্ত দৃঃখের, এটা আমি বৃঝি। আপনি মাঝে মাঝে জেহাদ ঘোষণা করেন। এ ছাডা আপনার আর কিছ করার নেই।

মাননীয়া মন্ত্রী মহাশয়া আপনি কি দয়া করে জানাবেন ন্যাচারাল ক্যালামিটিস ফার্লে পশ্চিমবঙ্গ সরকারের কন্ট্রিবিউশন কতটা পরিমাণ? আজকে জাতীর স্তরে ভারত সরকার সারা ভারতবর্ষ ব্যাপি বিভিন্ন রাজ্যগুলিতে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা করার জন্য ন্যাচারাল ক্যালামিটিস ফান্ড প্রবর্তন করেছেন। সেই পরিপ্রেক্ষিতে আজকে এই রাজ্যে ভূমিকা কি? এবং আপনি তাতে কতটা কন্ট্রিবিউট করেছেন এবং কিভাবে অপারেট করেছেন জানাতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয়া মন্ত্রী মহাশয়া বিবৃতি দিয়ে বলেছেন যে আম্রা

<sup>\*</sup> Expunged as ordered by the Chair.

कठकान मृष्ठ मानुष्रक এবং वन्ता कविन्छ, প্রাকৃতিক দুর্যোগে বিধ্বস্ত এবং ঝঞ্জা বিধস্ত মানষকে সাহায্য করেছেন। আজকে সব জিনিসের দাম বেডেছে একথা সবাই জানে, কিন্তু মানষের দাম কমে গেছে। বোম্বে যে বিস্ফোরণ হল, সেখানকার মুখ্যমন্ত্রী শারদ পাওয়ার ঘোষণা করলেন মাথা পিছ ২ লক্ষ টাকা করে দেওয়া হবে। আজকে পশ্চিমবঙ্গের বউবাজারে আপনাদের মদতপন্ট রসিদ মিঞার কার্যকলাপে যে মানযগুলির মতা হল—লক্ষ্মীবাব এখানে নেই, তিনি নাকি তার কোলে-টোলে বসতেন—তাদের মাত্র ২০ হাজার টাকা এই সরকার দিয়েছেন। সব জিনিসের দাম বেড়েছে, কিন্তু মানুষের দাম আপনাদের হাতে, এই সরকারের হাত কমে গেছে। পশ্চিমবাংলার মানুষকে অপমান করা, মানবিকতাবোধকে অপমান করার নজিরবিহীন ঘটনা আপনাদের হাত দিয়ে হয়েছে. আমি তার তীব্র প্রতিবাদ করছি। আমি বারে-বারে যেকথা বলছি এবং উনিও যেটা বলেছিলেন গতবারের বাজেট বরান্দে যে, ত্রাণ নিয়ে কোনও রকমের দলবাজি বরদাস্ত করব না। কিন্তু আমরা এই ব্যাপারে বিরোধীদলের পক্ষ থেকে ওনার কাছে অভিযোগ দিয়েছি এবং ওনাকে যখন যেটা বলেছি উনি সেটা করতে চাচ্ছেন। কিন্তু আমরা দেখেছি, যখন তার চেষ্টাটা মহাকরণ থেকে জেলায় যায়, জেলা থেকে ব্লকে আসে এবং ব্লক থেকে পঞ্চায়েত স্তরে আসে তখন সেটা শিকলে বাঁধা অবস্থায় এসে পৌছায় পঞ্চায়েতের হাতে। আপনি কি জানাবেন, ত্রাণের ক্ষেত্রে যখন মানুষ বিপন্নন, যখন কংগ্রেস, সি. পি. এম., ফরওয়ার্ড ব্লক, আর. এস. পি., এস. ইউ. সি. আই. প্রভৃতি পার্টির জাতবিচার চলে না বিপণন মানুষের কাছে, বন্যা কবলিত, ঝঞ্জা বিধ্বস্ত, প্রাকৃতিক দুর্যোগের শিকার যখন মানুষ হয় সেই জায়গায় দাঁড়িয়ে বারেবারে ঘোষিত আপনাদের নীতি যে কোনওরকম দলবাজি থাকবে না সেই পরিপ্রেক্ষিতে আপনারা কতটা কাজ করতে পেরেছেন মাননীয়া মন্ত্রী মহাশয়া আমাদের কি জানাবেন? কোনও ব্রকে—একটা ব্লক দেখাতে পারবেন যেখানে সর্বদলীয় কমিটি তৈরি করে—যেটা বিরোধীদলের সর্বোচ্চ দাবি ছিল—মুখ্যমন্ত্রী যখন রোটাড়ায় মিটিং করলেন তখন আমাদের দলের পক্ষ থেকে সেই মিটিং-এ আমি ছিলাম, তখন আমি দাবি করেছিলাম যে দুর্গত মানুষদের জন্য, ঝঞ্জা বিধস্ত মানুষদের পুনর্বাসনের কাজে আজকে সবাইকে হাতে হাত মিলিয়ে নামতে হবে এবং তারজন্য সর্বদলীয় কমিটি তৈরি করুন এবং আমাদের এই দৃষ্টিভঙ্গি গ্রহণ করুন দলের উর্দ্ধে উঠে এবং বামফ্রন্টের অনেক শরিকদলও এই দাবি করেছিলেন। আজকে মাননীয়া মন্ত্রী মহাশয়া, আপনি কি বলবেন, আপনার যদি সাহস থাকে তাহলে একটি ব্লকের নাম করুন যে ব্লকে বন্যা কবলিত দুর্গত মানুষের সাহায়্য কল্পে সর্বদলীয় কমিটি গঠন করে ত্রাণ সামগ্রী দুর্গত মানুষের কাছে পৌছে দেওয়া হয়েছে? আপনি হয়ত বলবেন পঞ্চায়েতের সহযোগিতা আমি নিয়েছি। কিন্তু এইসব পঞ্চায়েতগুলি মানুষের জিনিস লুঠ করে। চোর, ডাকাত পঞ্চায়েতগুলি। সাধারণ মানুষের জন্য আনা সমস্ত ত্রাণ সামগ্রী এইসব পঞ্চায়েতগুলি চুরি করছে, ডাকাতি করছে, লুঠ করছে এবং সেগুলি সমস্ত পার্টি অফিসে পৌছে দিছে। দর্গত মানষের কাছে পৌছে দেয়নি। এই জায়গায় আমাদের আপত্তি, আমাদের প্রতিবাদ। তাই দাবি করছি।

[3-15 — 3-25 p.m.]

যদি সত্যিকার দুর্গত মানুষকে ত্রাণের সামগ্রী পৌছে দেবার মানসিকতা আপনার থাকে তাহলে অস্তত একটা নীতি গ্রহণ করুন যে আগামী দিনে এবং আগামী বছর গুলিতে

আপনার দপ্তর প্রতিটি প্রাকৃতিক দুর্যোগণ্ডলিকে মোকাবিলা করার জন্য যে ত্রাণ ব্যবস্থা চাল হবে তাতে ব্রক স্তর থেকে শুরু করে রাজ্য স্তর পর্যন্ত সমস্ত দলের প্রতিনিধি নিয়ে একটি কমিটি তৈরি করুন এবং একটা দষ্টান্ত স্থাপন করুন। সর্বভারতীয় কমিটির মাধ্যমে ত্রাণের ব্যবস্থা করে একটা নজির সৃষ্টি করবেন, আমরা আপনাকে সাধবাদ জানাব। মাননীয় উপাধাক্ষ মহাশয়, আজকে বার বার আলোচিত হয়েছে যে এম. এল. এ.-দের অবস্থা কি? আমাদের ত্রিশঙ্কর মতো অবস্থা হয়েছে। আমাদের দয়া ঘেন্না করে সবদলের এম. এল. এ.-দের শাসক দল কিছু কাপড যা দেন তা একেবারে জ্যালজেলে, কতকণ্ডলি বাচ্ছা ছেলেমেয়েদের জামা কাপড় দেন তা কোনও বাচ্ছাকে দেওয়া যায় না। কিছু ছেঁডা লঙ্গি, আপনাদের তরফ থেকে উপহার দেন। আপনি দয়া করে একট দেখবেন কি ধরনের জিনিস আমাদের কাছে দেওয়া হচ্ছে। আমি দাবি করছি যে সংখ্যায় কাপড়, শাড়ি, ধৃতি বিশেষ করে বাচ্ছা ছেলেমেয়েদের জামা কাপড দিচ্ছেন তার কোয়ালিটিটা ভাল করুন এবং সেটা ডবল করুন। এমন জিনিস দেওয়া হচ্ছে আমরা যখন দিতে যাই তারা বলে যে কি জিনিস দিচ্ছেন, কে দিয়েছেন, আমরা বলি মেহনতি মানুযের প্রতিনিধিদের কাছ থেকে পাওয়া, তারা বলে এ জিনিস নিলেই বা কি না নিলেই বা কি? এক দিনও পড়া যায় না। মাননীয়া মন্ত্রী মহাশয়া আমার অনুরোধ আপনি জিনিসটা কার্যকরি করবেন, দেখবেন স্ট্যান্ডার্ডট যাতে ভাল হয়, সংখ্যাটা একটু বাড়ে বিশেষ করে ছেলে মেয়েদের জিনিসগুলি ভাল জিনিস দেওয়া উচিত্র, সেটা দেখতে হবে। আমি আপনার কাছে ২/৩টি কথা আমার অভিব্যক্তি আপনার কাছে রাখতে চাই। আমরা জাতীয় স্তরে দেখছি যখন ন্যাচারালল ক্যালামিটি হয় ইন্টার-ন্যাশনাল অর্গানাইজেশন এগিয়ে আসেন, জাতীয় স্তরে যে সমস্ত স্বেচ্ছা সেবামূলক প্রতিষ্ঠানগুলি, রাজ্য স্তরে সেবামূলক প্রতিষ্ঠানগুলি আসেন একটা অন্তত ছ্যুতমার্গত্য এই মার্কসবাদী কমিউনিস্ট দলের আছে যে কোনও স্বেচ্ছা সেবামলক সংস্থাকে কাজ করতে দেয় না। আপনাকে ধন্যবাদ জানাচ্ছি যে আপনি ঐ নিয়ম ভেঙ্গে তাদেরকে কাজ কর্ম করার সুযোগ দিয়েছেন। পশ্চিমবঙ্গ থেকে স্বেচ্ছা সেবামূলক প্রতিষ্ঠানগুলির যেখানে হেড কোয়ার্টাস ক্যালক্যাটায় তারা অন্ধ্র, উডিয্যা, বিহার, মণিপুর, নাগাল্যান্ড, মহারাষ্ট্র প্রভৃতি জায়গায় ত্রাণের কাজ করতে যাচ্ছেন, আর আমাদের ত্রাণ মন্ত্রী ত্রাণ দপ্তর সেই সমস্ত স্বেচ্ছা সেবামূলক প্রতিষ্ঠানকে প্রাকৃতিক দর্যোগের সময় কাজ করতে দেয় না। ছাতমার্গ নিয়ে প্রত্যেকটি স্বেচ্ছা সেবামূলক প্রতিষ্ঠানকৈ দূরে সরিয়ে রেখেছেন। আমি দাবি করব মার্কসবাদী কমিউনিস্ট পার্টির তোয়াকা না করে বাংলার ত্রাণ মন্ত্রী হিসাবে নিজেকে প্রতিষ্ঠা করে আপনি সর্বভারতীয় প্রতিটি স্বেচ্ছা সেবামূলক প্রতিষ্ঠানকে পশ্চিমবঙ্গে কাজ করতে দেবেন। এখানে সে রকম কোনও দৃষ্টান্ত প্রতিফলিত হয়নি ত্রাণ দপ্তরের বাজেটে। সূতরাং এর বিরুদ্ধে বক্তব্য রাখছি এবং এই কথা বলে আমি আমার বক্তব্য শেয করছি।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ পরেন্ট অফ অর্ডার স্যার, মাননীয় সদস্য ডাঃ মানস ভূঁইয়া। গতকালের বিষয় উল্লেখ করে বলেছেন যে আমি ক্ষমা চাওয়ার কথা বলেছি, কিন্তু ক্ষমা চাওয়ার কথা আমি একবারও বলিনি, উনি ভল বলেছেন।

[3-25 — 3-35 p.m.]

শ্রীমতী আরতি হেমব্রম : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ত্রাণ বিভাগের মাননীয়া মন্ত্রী

মহোদয়া যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধী পক্ষের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। আপনি জানেন স্যার, ত্রাণ সাধারণ দুইভাবে দেওয়া হয় ; একটি হচ্ছে অসুস্থ অসহায়দের খাদ্য ও বস্ত্র দেওয়া, আর দ্বিতীয়টি হচ্ছে প্রাকৃতিক বিপর্যয়ে—খরা, বন্যা ইত্যাদির কারণে অসহায় মানুষদের জন্য খাদ্য, বস্তু, বাসস্থানের ব্যবস্থা করা, অগ্নি সংযোগ বা বড় দুর্ঘটনাজনিত কারণে বিপর্যন্ত মানুষদের জন্যও ত্রাণের ব্যবস্থা করা হয়। আমাদের দেশে ৪০ ভাগের বেশি মানুষ দারিদ্র সীমার নিচে বাস করেন। এরা অসুস্থ অসহায় মানুষ, খাদ্য বস্ত্র কিছুই তারা ঠিকভাবে পাচ্ছেন না। বর্তমানে কেন্দ্রীয় সরকার যে ডাঙ্কেল প্রস্তাব এবং আর্থিক নীতি গ্রহণ করেছেন তারফলে এসব . মান্যের সংখ্যা আরও বাড়তে পারে, যেমন বেড়েছে ঘানা, সোমালিয়া, ইথিওপিয়ায়। সেই পুর্থেই আজকে আমাদের দেশকে নিয়ে যাওয়া হচ্ছে। আজকে সমাজের এই বিরাট সংখ্যক দ্ব মানুষের সমস্যার সমাধান ত্রাণ বিভাগ করতে পারেন না, কিন্তু যেহেতু পশ্চিমবঙ্গের বামক্রন্ট সরকার জনদরদি সরকার সেইজন্য এই সরকার পঞ্চায়েতের মাধ্যমে গরিব মানু্যকে নিজেদের পায়ে দাঁড়াবার ব্যবস্থা করে দিয়েছেন। এর প্রমাণ পাই আমাদের বাঁকুড়া জেলার জঙ্গল এরিয়ার লোকেদের দেখে। আগে আমার বিধানসভা এলাকা রানিবাঁধ এবং পুরুলিয়া থেকে মানুষজন জনমজুর খাটতে শহরে আসতেন, কিন্তু আমাদের এই জনপ্রিয় সরকার হবার পর তারা আর আসছেন না ; আগে জি. আরের জন্য তারা ধর্ণা দিতেন, কিন্তু বর্তমানে তারা জি. আরের প্রত্যাশী নন। এরজন্য আর তারা এম. এল. এ.-দের দোরে ধরণা দেন না। আমাদের এই সরকারের দৃষ্টিভঙ্গি নিয়ে যদি ওরা চলতেন তাহলে আর ডাঙ্কেল প্রস্তাব গ্রহণ করতে হত না, এর থেকে রেহাই পেতে পারতেন। বর্তমান প্রাকৃতিক বিপর্যয়ের পরপরই যুদ্ধকালীন তৎপরতায় ত্রাণের জিনিসপত্র পৌছে দেওয়া হচ্ছে। কংগ্রেস আমলে এইসব ত্রাণ সামগ্রী নিয়ে তারা রাজনীতি করতেন এবং তা দিয়ে চোর গুন্ডাদের পুশতেন। আপনাদের আমলে যা হত সেটা আপনাদেরই এক বিধায়কের বক্তৃতা থেকে পড়ে শুনাচ্ছি। কংগ্রেস বিধায়ক বলেছিলেন—'...আজকে ত্রাণের জন্য মাত্র পাঁচ হাজার টাকা বরাদ্দ করেছেন, এরচেয়ে ধাপ্পা কি হতে পারে? আমাদের হাতে রবারের চুযিকাঠি দেওয়া হয়েছে। আমার অনুরোধ, বীরভূমের মানুষ না খেতে পেয়ে মরুক, কিন্তু এই রকম পাঁচ হাজার টাকা দিয়ে তাদের সঙ্গে পরিহাস করবেন না।' এটা আপনাদেরই বিধায়ক এই সভায় বসে বলেছিলেন। এটা কংগ্রেস আমলের বই। সেই সময়ে কি হত সেটা দেখুন। এই বইয়ের পেজ নম্বর ২৫৪, ভালিউম ৯৩, এটা পড়ে দেখবেন যে আপনারা কি করেছেন। এখন আপনাদের গায়ে লাগছে। **আপনাদের সময়ে আদিবাসী অধ্যুষিত** এলাকার মানুষেরা কিভাবে দিন কাটিয়েছে? আপনাদের সময়ে আদিবাসী অধ্যুষিত এলাকার মানুষেরা যখন জনমজুরি খাটতে যেতে তখন আপনারা তাদের উপরে অত্যাচার করেছেন। তাদের প্রায়ই ভিক্ষা করে দিন কাটাতে হত। ব্মফ্রন্ট সরকার আসার পরে সেই অবস্থার পরিবর্তন হয়েছে। ১৯৭৭ সালে যখন বন্যা ংয়েছিল তখন সমস্ত খাদ্য শস্যের জন্য লেভি আদায় করা হত। যেখানে চায হত না সেখানে আপনারা কাগজ-পত্র বগলে করে ঋণ আদায় করতেন। আজকে সেই কথা বললে আপনাদের গায়ে লাগে। আজকে বামফ্রন্ট সরকার আসার ফলে এছ হয়ে ও: সমও মানুষ আছে, তাদের সমস্ত কাজ গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে হচ্ছে। ব্রাম দপুর এই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করে থাকে। কংগ্রেস আমলে টি. আর. জি. আর. নিয়ে তার। রাজনীতি করতেন।

[5th April, 1994]

তারা গুন্ডা শোষার জন্য এগুলিকে ব্যবহার করতেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ত্রাণমন্ত্রী মহোদয়কে আমি দুটো জিনিসের উপরে বিশেষভাবে নজর দেবার কথা বলছি। আগুনে বাড়ি পুড়ে গেলে বা বাড়ি ধ্বসে গেলে ত্রাণ দপ্তর থেকে যে হাউস বিল্ডিং লোন দেওয়া হয় সেটা অত্যন্ত দীর্ঘ মেয়াদি হয়ে যায়। এটা যাতে ৯।১০ দিনের মধ্যে তারা পায়, সেই ব্যবস্থা করার জন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। দ্বিতীয় কথা হচ্ছে, এ. এল. এম.-র মাধ্যমে যে সমস্ত কাপড় বিলি করা হয় সেগুলির গুণগত মান অত্যন্ত নিম্নমানের এটা যাতে উমত মানের হয় তার জন্য অনুরোধ করছি। এই কথা বলে ত্রাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় যে বাজেট এখানে পেশ করেছেন, তাকে সমর্থন করছি এবং বিরোধী পক্ষ থেকে যে সমস্ত কটি মোশন এসেছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী ছায়া ঘোষ ঃ মাননীয় ডেপুটি ম্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আজকে সভায় যে সমস্ত সদস্য উপস্থিত আছেন, তাদের কাছে আমি ত্রাণ দপ্তরের জন্য যে ৪০ কোটি টাকা ভোট অন অ্যাকাউন্ট গ্রহীত হয়েছিল, সেটা সমেত ৮০ কোটি টাকার বাজেট সমর্থনের জন্য এই হাউসে পেশ করেছি। মাননীয় সদস্যগণ জানেন যে গত বছর প্রায় সারা বছর ধরে ত্রাণ দপ্তরকে প্রতি নিয়ত ব্যস্ত থাকতে হয়েছে বিভিন্ন জেলায় জেলায় যে বিধ্বংসী বন্য হয়েছে, যে টর্নেডো হয়েছে এবং দার্জিলিং জেলায় যে ধ্বস নেমেছে তার মোকাবিলা করার জন্য। এটা তথু ত্রাণ দপ্তরের একার প্রক্ষে সম্ভব হত না, বিধানসভায় যে সমস্ত সদস্যরা আছেন তারা সহযোগিতা না করতেন। স্বভাবতই বাজেট প্লেস করার আগে বিগত বছরের যে সমস্ত সদস্যরা আমাকে সাহায়্য করেছেন ত্রাণ কার্য চালাবার ক্ষেত্রে তাদের অসংখ্য ধন্যবাদ জানাছি।

স্বাভাবিকভাবে বাজেট পাশ হবার আগে বিগত বছরে যে সমস্ত সদস্য ত্রাণের ব্যাপারে আমাদের সাহায্য করেছেন তাদের আমি অসংখ্য ধন্যবাদ জানাচ্ছি। বন্ধুরা জানেন...

## (এ ভয়েস :--এখানে বন্ধু বলছেন कि, এটা মাঠে বলবেন)

বন্ধু বলব না? সুব্রতবাবু যেটা আমাকে বলেছেন সেটা বন্ধুত্বের দাবি নিয়েই বলেছেন। এখানে যারা সদস্য আছেন তারা আমার সহকর্মী, তারা নিশ্চয়ই আমার বন্ধু। যাই হোক যে বইটা আপনাদের আগে দেওয়া হয়েছে সেটা নিশ্চয়ই আপনারা পড়েছেন। সেই বইতে মানুষের যত ক্ষতি হয়েছে সেটা পরিদ্ধার ভাবে দেওয়া হয়েছে, ত্রাণ দপ্তরের যা যা করণীয় এবং যা যা করেছে সেঁটা পরিদ্ধারভাবে দেওয়া আছে। এই কথা ঠিক যে বন্যা যখন হয়, টর্নেডো যখন হয়, ধবংস যখন নেমে আসে তখন মানুষের সারা জীবনের যে সঞ্চয় সেই সঞ্চয় ধবংস হয়ে যায়। সেই সঞ্চয়ের ক্ষতিপূরণ কোন সরকার করতে পারে না। সেই ক্ষতিপূরণ কোন ব্যক্তি বিশেষ বা কোন দলের পক্ষে সম্ভব নয়। সেটা একটা অপুরণীয় ফতি। এখন এটা দরকার কোন সরকার সহাদয়, যারা মানুষের কাছে এগিয়ে আসে এবং কোন সরকার মানুষের ধারে কাছে ঘেঁসে না। এটা আমাদের ভাল করে চিডা করে বিচার-বিবেচনার মধ্যে আনতে হবে। আমাদের জেলার বিধায়ক অতীশবাবুর সম্বদ্ধে সকলের ভাল ধারণা আছে, উনি ভদ্রলোক, সবাই ওনাকে ভালবাসেন। ওনাকে আগামী দিনে লোকসভায় দাঁড়াতে হবে, সেই জন্য উনি অনেক কথা বললেন, অনেক সত্যের অপলাপ করলেন। উনি বললেন তিনি নাকি প্রথমে গিয়েছিলেন, আমি মন্ত্রী হওয়া সত্ত্বেও পরে গিয়েছিলাম। আমি বলি এই ঘটনা ঘটেছে ৫-২০ মিনিটে, আমি ৬টা থেকে শোয়া ৬টার মধ্যে গিয়েছি। পরে আমি আবার

নাস ডি.ও. ডি.এম.এম-কে নিয়ে আমি যাই। তাদের সঙ্গে এক সঙ্গে হাতে হাত মিলিয়ে মতদেহ যত ছিল টেনে টেনে এনে উদ্ধার কার্যে হাত লাগিয়েছি। তার তিন দিন পরে ওনার স্মাথ দেখা হয়েছে। আমি এবং আমাদের আর একজন মন্ত্রী রাত দিন প্রশাসনকে সঙ্গে নিয়ে মিলিতভাবে কাজ করেছি। মাননীয় বিধায়কের সঙ্গে তিন দিন পরে আমার দেখা হয়েছে। তারপর উনি বলছেন আমি পরে গিয়েছি। এটা ওনার কথা নাকি দলের কথা সেটা আমি ভেবে পাচ্ছি না। আমার বাধ্য-বাধকতা আছে, আমি বলতে বাধ্য, সেই জন্য উত্তর দিচ্ছি। নটা অভিযোগ উঠেছে যে মত ব্যক্তির জন্য কোথাও ৫ হাজার টাকা দেওয়া হচ্ছে কোথায ১০.০০০ টাকা দেওয়া হচ্ছে। এই অভিযোগ মাননীয় বিধায়ক অতীশবাব এবং মান্নান সাহেব বলেছেন। আমি বলি যে হাাঁ, এটা খব সত্যি কথা যে আমাদের কাঁথিতে যখন টর্নেডো হয় তখন মত ব্যক্তির জন্য ৫ হাজার টাকা করে দিয়েছিলাম। পরে আমরা ত্রাণ দপ্তর থেকে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে দ্রবামলা বন্ধি হয়েছে, সমস্ত জিনিসপত্রের দাম বেডেছে, একটা মানষের জীবন চলে গেলে টাকা দিয়ে তার মত্য ফিরিয়ে দেওয়া যায় না, তার সান্তনা হিসাবে আমরা ৫ হাজার টাকা থেকে বাডিয়ে সেটা ১০ হাজার টাকা করি। পরবর্তীকালে আপনারা দেখেছেন যত বন্যা হয়েছে, ন্যাচারাল ক্যালামিটি হয়েছে আমাদের ত্রাণ দপ্তরের মাধামে ১০ হাজার টাকা করে দেওয়ার সিদ্ধার্ড নিয়েছি। এটা তো আপনারা বললেন না ৫ হাজার টাকা থেকে বাডিয়ে ১০ হাজার টাকা করেছি এটা একটা ভাল কাজ? এটা আপনারা আগনাদের মতো ভেবেছেন। আমরা দেখেছি আমাদের প্রাইম মিনিস্টার কোন এক ব্যাপারে কোথায় দিয়েছেন ১ লক্ষ টাকা কোথায় দিয়েছেন ৪০ হাজার টাকা কোথায় দিয়েছেন ২০ হাজাব টাকা।

# [3-35 — 3-45 p.m.]

এইভাবে আপনারাই পার্থক্যটা করছেন, পার্থক্য আপনারাই করেন, আমরা করিনা। আমরা পাঁচ হাজার টাকা করে একটা ইউনিফর্ম রেট হিসাবে দিয়েছিলাম। কিন্তু প্রধানমন্ত্রী কোথাও এক লক্ষ টাকা, কোথাও ৫০ হাজার টাকা: কোথাও ২০ হাজার টাকা করে দিয়েছেন। আজকে যাঁরা এটা বললেন, পশ্চিমবঙ্গ সরকার বিরোধিতা করছেন, বিরোধী বন্ধদের আমি বলি যে আমাদের যদি কোথাও ভুল থাকে, আপনারা সেটা সংশোধন করে দেবেন। কিন্তু আপুনারা প্রাইম মিনিস্টারকে বলুন। যখন ঘটনা ঘটে তখন প্রধানমন্ত্রী যখন এইভাবে কোথাও এক লক্ষ্ণ, কোথাও পঞ্চাশ হাজার বা কোথাও কডি হাজার করে টাকা দেন, তখন আমাদের হিউম্যানিটিতে বাধে। আপনারা কোথাও বেশি কোথাও কম এইভাবে টাকা দেন। আপনারা আমাদের এটা বলে ভাল করেছেন। তবে প্রাইম মিনিস্টারকে আপনারা একবার বলুন যাতে পরবর্তীকালে তিনি এই পার্থকাটা না করেন। এখানে বিরোধী বন্ধু আব্দুল মান্নান টর্ণেডোর ব্যাপারে কাঁন্দির কথা উল্লেখ করেছেন। হাাঁ, সেখানে ত্রিপল দেওয়া হয়েছিল। যাদের ঘর ভেঙেছে তাদের ত্রিপল দেওয়া হয়েছে। এটি অতীশবাব নিশ্চয়ই জানেন। কারও হয়ত গোয়াল ঘর ভেঙেছিল, কারও বা ছোট ঘর বা রামা ঘর ভেঙেছিল। প্রত্যেককে যেভাবে কাউন্ট করা হয়েছিল, তাদের প্রত্যেককে, প্রয়োজনীয় জিনিস প্রত্যেকে পেয়েছে। আপনাদের যিনি প্রধান ছিলেন, তিনি অসম্ভতার অজহাতে আসেন নি। আমি নিজে বি. ডি. ও. কে দিয়ে তাঁকে ডেকে পাঠিয়েছিলাম। তিনি নাকি অসম্ভ ছিলেন, সেজন্য আসেন নি। ওখানকার পঞ্চায়েত

[5th April, 1994]

সমিতির যিনি সভাপতি তিনি সি.পি.এম.-এর ছিলেন। বন্যায় আপনারা কি ভাবে এসেছিলেন কোন সভসডিতে এসেছিলেন জানিনা। তবে এটি ঠিক কথা যে সেখানে কোন দলবাজি হয়নি। কংগ্রেসের প্রধানকে আমরা জীপে করে তুলে নিয়ে এসেছিলাম এবং সি.পি.এম.-এর সভাপতিকে নিয়ে এসে প্রত্যেকে মিলে লিস্ট মিলিয়ে কমনগুলোকে দিয়েছি। যেগুলো কমন হয়নি, সেগুলো রিলিফ ইন্সপেক্টরের মাধ্যমে দেওয়া হয়েছে। ওখানে কোন দলবাজি করা रयनि। माननीय সদস্যদের বলি, বিশেষ করে বিরোধী দলের বন্ধদের বলি, আপনারা এখান অনেক দলবান্ধি, অনেক ঐক্য বিনম্ভকারি কথা বলেছেন। যে সমস্ত বাজে কথা, অযৌক্তিক কথা, সেই সমস্তর উত্তর দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করছি না। আমরা জানি যে ঐ সমস্ত কথা আপনারা বলবেন। সতের বছর ধরে বার্থ হয়েছেন বলে বাচ্চা ছেলেদের মত বলেন, এটা আমরা জানি। অপনারা যতদিন থাকবেন ততদিন ঐসব কথা বলে এটাও জানি। আপনারা দলবাজির কথা বলছেন। পঞ্চায়েতগুলো শুধু মার্কসবাদি কমিউনিস্ট পার্টির নয়, সেখানে আপনাদের পঞ্চায়েত আছে, আর-এস-পি-র আছে, ফরোয়ার্ড ব্লকের এবং অনানা যে সমস্ত রাজনৈতিক দল আছে তাঁদের পঞ্চায়েত আছে—প্রত্যেকেরই কিছ না কিছ আছে। আপনাদের যে পঞ্চায়েতগুলি আছে, আপনারা সেগুলিরও বিরোধিতা করছেন। তারা আপনাদের কি করে সহ্য করে বুঝতে পারি না। আমাদের সরকার গণতন্ত্রে বিশাসী, গণতান্ত্রিক পদ্ধতিতে বিশ্বাসী, তাই পঞ্চায়েত, মিউনিসিপ্যালিটির মাধ্যমে সবকিছু চালাই। সর্বত্র পঞ্চায়েতের মাধ্যমে কাজকর্ম করা হচ্ছে। আপনারা যতই বলুন না কেন, তার বাইরে যাওয়ার ক্ষমতা আমাদের নেই, আমরা তার বাইরে যেতেও চাই না।

এটা আপনাদের ভাল করে শুনে রাখা দরকার। আপনারা জানেন ত্রাণ দপ্তর শুধু যে বন্যার্ত মানুষকে রিলিফ দেয় তা নয় বিভিন্ন দগুরকে টাকা দেয়। ত্রাণের পর যে সমস্ত ভাঙচুর হয় শুধু তার জন্য নয়, আমাদের পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ বেকার আছে, এই বেকারত্ব অবস্থা সৃষ্টি করা হচ্ছে আজকে থেকে নয় ঐ ব্রিটিশ চলে যাওয়ার পর থেকে. সেই বেকারদের স্বার্থে ত্রাণ দপ্তর কাজ করে সেটা একবারও উল্লেখ করেননি আমাদের বিরোধী পক্ষের বন্ধরা। আমরা আজকে এখানে আসিনি, আমাদের বহুযুগ পার হয়ে গেল, আমরা <sup>বহু</sup> সরকার দেখলাম, আপনাদের সরকারের সময় দেখেছি, আজকে আপনারা ত্রাণ দপ্তরের বাজেট বক্ততা করলেন কিন্তু সেখানে স্বীকার করলেন না ত্রাণ দপ্তর বেকারদের স্বার্থে যে কার্ড করেছে সেই ব্যাপারে। আজকে ছোট ছোট নিম্ন মধ্যবিত্ত মানুষ যাদের স্বার্থে ত্রাণ দপ্তর দোকান করে দিয়েছে, সেলাই মেশিন কিনে দিয়েছে, লক্ষ লক্ষ টাকা পঞ্চায়েতের মাধ্যমে তাদের দেওয়া হচ্ছে। আজকে এইভাবে যে বেকারত্ব দূর হচ্ছে সেটা আপনারা শ্বী<sup>কার</sup> করলেন না, সমালোচনা করবেন, ক্রিটিসাইজ নিশ্চয় করবেন কিন্তু যেটুকু ত্রাণ দপ্তর করেছে সেটা আপনাদের বলা উচিত ছিল। '৭১ সালের বন্যা আমরা দেখেছি, '৫০ সালের বন্যাও আমরা দেখেছি, কিন্তু '৭১ সালের বন্যায় সেই সময় মানুষ মাইলো খেত। কলা সিদ্ধ <sup>করে</sup> খেত, মাটির তলা থেকে কচু তুলে সেদ্ধ করে খেয়েছে, মূর্শিদাবাদের মানুষরা আদিবাসি মানুষরা যারা তারা কচু তুলে সিদ্ধ করে খেয়েছে, আর আজকের দিনে বন্যার্ত মানু<sup>ষকে</sup> মাইলো খেতে হয় না, কচু খেতে হয় না, শাকপাতা খেতে হয়না, পুরো পেট ভরা খাওয়া না হোক, আধপেটা খাবার তারা পায়, রুটি পায়, ডাল পায়, দু-মুঠো খিচুড়ি পায়। <sup>ত্রাণ</sup>

দপ্তর থেকে টাকা দেওয়ার ব্যাপারে বলা হয়েছে, যত টাকা কেন্দ্র থেকে নেওয়া হয়েছে তত টাকার সমস্তটাই বিলি হয়েছে, বাকি যেটা রয়েছে সেটা ফেরৎ দেওয়া হয়ে গিয়েছে। আপনারা যে কটমোশান দিয়ে অভিযোগ এনেছেন সেটা সত্য নয়, আপনারা বলেছেন, ত্রাণ দপ্তরকে নলকুপের জন্য টাকা দেওয়া হয়েছে, এই ব্যাপারে আপনারা কেন্দ্রকে জিজ্ঞাসা করুন, নলকুপের জন্য ত্রাণ দপ্তরকে কেন্দ্র টাকা দিয়েছে কিনা, আপনি কিছুই জানেন না, আপনি কাটমোশান এনেছেন, আপনি জানেন ওরা যে টাকা দেয় সেই টাকা সেই দপ্তরকে সরাসরি দেয়।

[3-45 — 3-55 p.m.]

যেগুলো অযৌক্তিক. যেগুলি অসত্য সেগুলির আর কি উত্তর দেব? আমাদের মধ্যেও অনেকে বন্যা এলাকার মানুষ আছেন, আপনাদের মধ্যেও অনেকে বন্যা এলাকার মানুষ আছেন, আমরা এই বন্যার জন্য যে কন্ট পাচ্ছি এতে সরকার যতই নিষ্ঠা, সততা এবং দ্রুততার সঙ্গে কাজ করুন না কেন তাতে সব ক্ষতিপুরণ করা সম্ভব নয়। এরজন্য প্রয়োজন একটা স্থায়ি ব্যবস্থা গ্রহণ। গতবারের বাজেটের সময় আমি বলেছিলাম যে এই কাজ একা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে করা সম্ভব নয় তার কারণ গঙ্গা এবং অন্যান্য নদীগুলি বিভিন্ন প্রভিসের মধ্যে দিয়ে গিয়েছে কাজেই সমস্ত প্রভিন্সকে একসঙ্গে করে কেন্দ্রীয় সরকারের একটা স্থায়ি ব্যবস্থা করা প্রয়োজন। একটা ফেডারেশান করে ব্যবস্থা করা প্রয়োজন। আপনারা এসব কথা না বলে খালি চিৎকার করে গেলেন। এই তো জলপাইগুডি, কোচবিহারের বন্যা দেখতে কেন্দ্রীয় টিম এসেছিলেন। বন্যার সময় আপনারা জানেন হেলিকপ্টার করে দর্গত মানুযদের জন্য খাদ্য নামাতে হয়েছিল, মানুষকে উদ্ধার করার জন্য সেনাবাহিনীকে নামাতে হয়েছিল। কোটি কোটি টাকার ফসল ও সম্পত্তির ক্ষতি হয়েছিল। আমরা সেখানে ৫০০ কোটি টাকা চেয়েছিলাম কিন্তু এক পয়সাও দেওয়া হল না। আর একটি বামপত্বী সরকার. তারাও চেয়েছিলেন কিন্তু তাদের কেন্দ্রীয় সরকার দিলেন না অথচ মহারাষ্ট্রের জনা কোটি কোটি টাকা কেন্দ্রীয় সরকার দিচ্ছেন। মহারাষ্ট্রের জন্য তো কেন্দ্রীয় সরকার কোটি কোটি টাকা দিচ্ছেন কিন্তু সেখানকার অবস্থাটা কি? হিলারি এবং ওসমানবাদের সরপঞ্চ, সেখানে রিট পিটিসান করেছে এই বলে যে জলের কলের স্থায়ি ব্যবস্থা করা হয়নি। সেখানে স্থায়ি কোন व्यवश व्यापनाता करतन नि कल स्थानकात मानुषता शशकात कतल्लन। स्विवेतपात वितिसाल. ঘটনাটি সত্য, যে সমস্ত মজুর ঐ ঘটনার সময় বাইরে গিয়েছিলেন, যাদের আশ্মীয়-স্বজনের বাড়িঘর সম্পূর্ণ ধ্বংস হয়ে গিয়েছে সেখানে সরকার তাদের স্বীকৃতি দিচ্ছেন না। তারা বলছেন, তাদের বাড়িঘর করে দেওয়া হবে না। এই তো হচ্ছে মহারাষ্ট্র সরকারের চেহারা। পরিশেষে আমি বিরোধীপক্ষকে বলব, আপনারা যেসব কাটমোশান এনেছেন সেণ্ডলি অযৌজিক, ভিত্তিহীন, অসত্য। এণ্ডলি আপনারা তুলে নিন। আসুন, আপনারাও এই বাজেটকে সমর্থন করুন এবং সকলের সমবেত প্রচেষ্টায় দূর্গত মানুষদের জন্য আমরা কাজ করার চেষ্টা করি। এই বলে যারা এই বাজেটকে সমর্থন তাদের ধনাবাদ দিয়ে এবং বিরোধীদলের সমস্ত কাট মোশানের বিরোধিতা করে শেষ করছি।

#### DEMAND NO. 44

There are 8 cut motions. The cut motion No. 1 is out of order and is not taken as moved.

7/4

[5th April, 1994]

The Cut Motions (No. 2-8) that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 80,00,00,000 be granted for expenditure under Demand No. 44, Major Head: "2245–Relief on account of Natural Calamities." (this is inclusive of a total sum of Rs. 40,00,00,000 already voted on account) was then put and agreed to.

#### STATEMENT UNDER RULE—346

শ্রী অচিস্ত্য কৃষ্ণ রায় । মাননীয় স্পিকার মহাশয়, কয়েকদিন আগে প্রশ্নোত্তর পর্বে এই সভায় আপনার কাছে কথা দিয়েছিলাম ইংরাজি শিক্ষা সম্পর্কে একটা বিবৃতি এই বাজেট অধিবেশনের মধ্যেই দেবো। সেই সম্পর্কে বলছি—

পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগ বিদ্যালয় শিক্ষার পাঠক্রমের মধ্যে পঞ্চম শ্রেণীতে ১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষ থেকে ইংরাজি অন্তর্ভুক্ত করছেন। ডঃ অশোক মিত্র কমিশনের সুপারিশের ভিত্তিতে এই সিদ্ধান্ত রাজ্য সরকার গ্রহণ করেছেন।

এর জন্য রাজ্য প্রাথমিক শিক্ষা পর্যৎ-এর সভাপতি শ্রী ভবেশ মৈত্রের সভাপতিত্বে শ্রী উচ্ছল বসু (সচিব, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যৎ) এবং শ্রী জয়দেব দাশঞ্লপ্ত (উপ-অধিকর্তা, বিদ্যালয় শিক্ষা অধিকার)-কে নিয়ে তিনজনের একটি কমিটি গঠন করা হয়েছে। এ্র্দরে তত্ত্বাবধানে ইংরাজি পাঠ্য পুস্তক তৈরি হবে।

প্রাথমিক স্তরে অন্য কোনো শ্রেণীতে ইংরাজি পড়ানোর বিষয়টি রাজ্য সরকারের শিক্ষা দপ্তর ভবিষ্যতে আরো পুখ্মানুপুঞ্চাতার পর্যালোচনা করবেন।

ডঃ অশোক মিত্র কমিশনের অন্যান্য সুপারিশগুলি সম্পর্কে রাজ্য সরকারের বক্তব্য এই বাজেট অধিবেশনের মধ্যেই মাননীয় মুখ্যমন্ত্রী এই বিধানসভায় পেশ করবেন।

Mr. Speaker: The statement will be circulated.

(Noise)

(At this stage, Shri Deba Prasad Sarkar rose to speak)

Mr. Speaker: No debate on this.

(Noise)

(At this stage, Shri Deba Prasad Sarkar walked-out of the Chamber)

শ্রী সুরত মুখার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হাউসে একটি দুঃখজনক <sup>ঘটনা</sup> জানাচ্ছি। আপনি জানেন মাতৃমঙ্গল বহুদিনের পুরাণ একটি প্রতিষ্ঠান, ১৯৪৫ সালে এই মাতৃমঙ্গল স্থাপিত হয়। এটাকে বন্ধ করে দেওয়া হয়েছে। একদিকে মাতৃমঙ্গল আর একদিকে মেয়ো হাসপাতাল, দুটো হাসপাতালকে বন্ধ করে দেওয়া হয়েছে। মেয়ো হাসপাতাল বন্ধ প্রায় ১২ বছর, মাতৃমঙ্গল দু-মাস ধরে বন্ধ, সেখানে প্রতিদিন নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত, গরিব মায়েরা যেতেন, মাতৃসদন হিসাবে বিরাট নাম। ২৭৬ জন সেখানে কাজ্ক করেন, ১৫০টি বেড

সেখানে আছে, সরকার থেকে তাদের ফোর্থ ফেব্রুয়ারি বলা হলো প্রতিষ্ঠানের কোন লাইসেন্স আছে কি না। তারা বললো এই ধরনের প্রতিষ্ঠানের লাইসেন্স দরকার নেই। গভর্ণমেন্ট অব ওয়েন্ট বেঙ্গল, ডিপার্টমেন্ট অব হেল্থ সার্ভিস, চিঠি দিয়ে বললো তাহলে এই মাতৃমঙ্গল বন্ধ করে দিন। আমি এই সম্পর্কে একটা গেজেট থেকে পড়ে শোনাচ্ছি, সেখানে সেক্সান (এ), (বি)-তে অনেক কিছু বলা আছে। এরপর আট নং ক্লজের সাব ক্লজ দুইতে বলা আছে 'Nothing in this Act shall apply in respect of' বলে, এ, বি, সি, ডি, ই-তে অনেক কিছু লেখা আছে এরপর এফ-এ লেখা আছে 'Any hospital, dispensary or other medical institution recognised in this behalf by the State Government.''

[3-55 -- 4-05 p.m.]

স্যার, স্টেট গভর্ণমেন্ট একটা লিস্ট অফ রেকগনাইজভ হসপিটালস্ বের করেছিলেন, তার ১৫ নং-এ আপার চিতপুর রোডের এই মাতৃ-মঙ্গল প্রতিষ্ঠানটির নাম ঘোষণা করা হয়েছিল। আজকে যুব-কংগ্রেস এবং ছাত্র পরিষদের কর্মীরা ওখানে আমরণ অনশন করছে। মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু এবং স্বাস্থ্য মন্ত্রী হাসপাতালটির কিছু নতুন ব্যবস্থা মন্ত্রী হিসাবে উদ্বোধন করেও এসেছিলেন, সরকার থেকে হাসপাতালটিকে টাকা দিয়ে সাহায্য করা হচ্ছে ভাল এবং নামী প্রতিষ্ঠান হিসাবে। ১৯৫০ সাল থেকে ১৯৯৩-৯৪ সাল পর্যন্ত হাসপাতালটি পন্দিমবঙ্গ সরকারের কাছ থেকে ১ লক্ষ ৮৯ হাজার টাকা অনুদান পেয়েছে। হঠাৎ দু'মাস আগে হাসপাতালটি বন্ধ করে দেওয়া হ'ল। এলাকার মায়েদের স্বার্থে অবিলম্বে হাসপাতালটির খোলার ব্যবস্থা করতে আমি আপনার মাধ্যমে সরকারের কছে দাবি জানাচ্ছি। সরকারের পক্ষ থেকে হাসপাতালটি চালু করার অবিলম্বে নির্দেশ দেওয়া হোক। সরকার যেখানে বলে দিয়েছে ঐ প্রতিষ্ঠানটির লাইসেন্সের দরকার নেই, সেখানে বুরোক্রাটারা লাইসেন্সের কথা তুলে হাসপাতালটি বন্ধ করে দিয়েছে। ওখানে যখন সরকার মেয়ো হাসপাতাল চালাতে পারছেনা তখন এই প্রাইভেট প্রতিষ্ঠানটি যেটি খুব ভালভাবে এবং সুনামের সঙ্গে চলছিল সেটিকে বন্ধ করে দিয়েছে। স্বার, আমি সমস্ত কাগজপত্র আপনার কাছে জমা দিচ্ছি, আপনি ব্যাপারটা একটু দেখন।

মিঃ স্পিকার ঃ মিঃ প্রবোধ চন্দ্র সিনহা, সুব্রতবাবু যেটা বললেন—আমার মনে হয় মাতৃ মঙ্গলের ব্যাপারে এখানে একটা স্টেটমেন্ট হয়েছিল, কয়েকজন শিশু মারা গিয়েছিল সে সম্পর্কে। এখন মাতৃমঙ্গল কি অবস্থায় আছে—এ-বিষয়ে সরকারের পক্ষ থেকে একটা স্টেটমেন্ট করলে ভাল হয়।

#### DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

Now, discussion on Demand. No. 73.

There are two cut motions on Demand No. 73. The first one of Smt. Sabitri Mitra is out of order and the second one of Shri Abdul Mannan is in order and taken as moved.

#### DEMAND NO. 73

Shri Abdul Mannan: Sir, I beg to move that the amount of the

Demand be reduced by Rs. 100

শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ স্যার, আমার বাজেট বিবৃতির একটু সংশোধন করে নিতে চাই। বাংলা ভাষায় ছাপান বিবৃতির ৪৩ নং প্যারার ৭ নং লাইনে যে এ্যাক্রেলিক কথাটি আছে, ওটা বাদ যাবে। অনুরূপভাবে ইংরাজি ভাষায় ছাপা বিবৃতির ৪৩ নং প্যারার ৭ নং লাইনের এ্যাক্রেলিক শব্দটি বাদ যাবে।

ডাঃ মানস ভূঁইয়াঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী প্রবীর সেনগুপ্ত মহাশয় তার দপ্তরের—ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের—যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তার ওপর বিতর্ক শুরু হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বর্তমান আর্থিক কাঠামোয় সবচেয়ে গুরুত্বপূর্ণ ভমিকা যে দপ্তরটি পালন করতে পারে সেটি হ'ল ফুদ্র ও কুটির শিল্প দপ্তর। কিন্ত বিগত ১৭ বছর ধরে এই দপ্তর এই রাজ্যের মানুষের কি আশা পুরণ করেছেন এবং কিভাবে তার কাজকর্ম পরিচালিত হয়েছে অর্থনৈতিক বনিয়াদ গড়তে, বেকার সমস্যার সমাধান করতে. এই রাজ্যের স্থানীয় বিসনেসের জন্য প্রয়োজনভিত্তিক শিল্প গড়ে তুলে তাদের নিজেদের পায়ে দাঁছ করাতে—সেই ইতিহাস পর্যালোচনা করলে অন্ধকারময় যুগ আমরা দেখতে পাই। প্রতি মুহুর্তে, প্রতি দিন, প্রতি মাসে এগুবার পরিবর্তে পিছু হটছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশঃ। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর ব্যয়-বরাদ্দ পেশ করতে গিয়ে প্রথম কয়েকটি ছত্রে ভারত সরকারে অর্থনীতি, শিল্পনীতি এবং আন্তর্জাতিক প্রেক্ষাপটে আই. এম. এফ এবং ডাঙ্কেল প্রস্তাব টেনে নিয়ে এসেছেন। আমি জানি না, উনি কতটা এ ব্যাপারে পর্যালোচনা করেছেন এবং খোঁজ-খবর নিয়েছেন। সংবিধানের শপথ নেওয়া একজন দায়িত্বশীল মন্ত্রী যদি আন্তর্জাতিক প্রেক্ষাপট ডাঙ্কেল নিয়ে বলতে চান, তার প্রেক্ষাপটে আই. এম. এফ নিয়ে বলতে চান এবং তিনি যদি লিখিতভাবে উপস্থাপনা করেন, তখন ধরে নেওয়া যায় তিনি জেনে বলেছেন অর্ধ মূর্থ এবং মুর্খের মতন। সার্বিক পরিস্থিতির পর্যালোচনা না করে, কেন্দ্র বিরোধী জিগির তুলে, রাজনৈতিক জিগির তলে ডাঙ্কেল প্রস্তাবের বিরোধিতা করছেন, আই. এম. এফের বিষয়ে ভারতবর্ষে অর্থনৈতিক চিত্র তুলে ধরার চেষ্টা করছেন। আমি এখান থেকেই শুরু করি। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, ওদের বন্ধ বিশ্বনাথ প্রতাপ সিং-এর নেতৃত্বে আপনাদের সহযোগিতায় কেন্দ্র যথন বন্ধু সরকার ১১ মাসের তৈরি হয়েছিল তখন আমাদের দেশের অর্থনীতির কি অবস্থা ছিল? ২ দিনের বেশি বৈদেশিক বাণিজ্য করার মতন টাকা ছিল না। তখন বৈদেশিক বাণিজ্য মুদ্রা ছিল ৪ হাজার ৩৩৩ কোটি টাকা। ১১ মাসের বন্ধু সরকারের পতনের প<sup>র</sup> নরসিমা রাওয়ের নেতত্ত্বে সঠিক শিল্পনীতি, সঠিক অর্থনীতি বাস্তবভিত্তিক দেশকে গড়ে তোলার যখন পদক্ষেপ গ্রহণ করেছেন, যখন আজকে আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে ভারতবর্ষ ক্র<sup>মশ</sup> এগিয়ে চলেছে শুধু নয়, আজকে বৈদেশিক মুদ্রার অর্থভাণ্ডার ৪০ হাজার কোটি টাকা পৌছে দিয়েছে এবং যেখানে ভারতবর্ষের আন্তর্জাতিক প্রেক্ষাপটে কেন্দ্রীয় অর্থমন্ত্রী বাজেট বিতর্কে অংশগ্রহণ করে লোকসভায় বলতে পারেন আই এম এফের কাছ থেকে যে ধার আমি নিয়েছিলাম তা সময়ের মধ্যে কিন্তি ফেরৎ দেবে। এই কথা ভারতবর্যের অর্থমন্ত্রী <sup>বলতে</sup> পারেন, কিন্তু আমাদের রাজ্যের অর্থমন্ত্রী অসীমবাব কি এই কথা বলতে পারেন যে <sup>আমরা</sup> সঠিক সময়ে পশ্চিমবঙ্গের অর্থনীতিকে সঠিক জায়গায় পৌছে দেব? ক্ষদ্র শিল্প মন্ত্রী মহাশরের

একথা জানা উচিত ছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট বিবৃতিতে বলেছেন যে কংগ্রেসিরা বলেছেন হস্তিস্বরূপ মাল্টি-ন্যাশনাল কোম্পানির সঙ্গে পিপিলিকাস্বরূপ ক্ষুদ্র ও কৃটির শিঙ্কের প্রতিযোগিতার পরামর্শ দিয়েছেন। আমি অনেক আহাম্মক দেখেছি, এইরকম আহাম্মক কখন দেখিনি। এটা কংগ্রেসি কোন নেতার বক্তব্য নয়। এটাকে বিকৃতভাবে উপস্থাপিত করা হয়েছে। ভারতের প্রধানমন্ত্রী এবং অর্থমন্ত্রী কোন্ জায়গায় বলেছেন দেশের স্বার্থ জলাঞ্জলি দিয়ে, দেশের স্বয়ংস্তরতাকে নস্ত করে দেশের অর্থনৈতিক বনিয়াদকে নস্ত করে দিয়ে, ভারতবর্ষের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাবো? আজকে মাল্টিন্যাশনাল চুক্তির মধ্য দিয়ে সার্বিকভাবে ভারতবর্ষের দরজা পৃথিবীর সামনে খুলে গেছে। ভারতবর্ষকে এখন প্রতিদ্বন্দ্বিতামূলক অন্যতম অংশীদার হিসাবে গড়ে তোলার জন্য তার কোয়ালিটিকে ইমপ্রুভ করতে হবে। চীন যেকথা অনেক আগেই বলেছে, আয়রন চেয়ার, আয়রন স্যালারি, আয়রন পারসন এই ৩টি আয়রন আর থাকবে না, মানুষকে প্রডাকটিভ হতে হবে দেশকে এগিয়ে নিয়ে যাবার জন্য।

#### [4-05 — 4-15 p.m.]

আজকে সে কথা বলেছেন, ভারতবর্ষের স্বয়ংম্বরতা গড়ে উঠবে ভারতবর্ষের অর্থনীতি এগিয়ে যাবে ভারতবর্যের সঠিক শিল্পায়নের মাধ্যমে। ভারতবর্যকে গড়ে তুলতে পারে কম্পিটেটিভ ওপেন মার্কেট, তার কোয়ালিটেটিভ ইমপ্রভমেন্ট, কোয়ানটিটেটিভ ইমপ্রভমেন্ট করতে পারে। আজকে পৃথিবী যখন এক কথা বলছে, আমাদের ভারতবর্ষের একটা অঙ্গ রাজ্যের মন্ত্রী বললেন কড়ের মুখে বালিতে মুখ ওঁজে বসে থাক আর বল ঝড় নেই, ঝড় নেই। আজকে ক্ষদ্র ও কটির শিল্পের ব্যাপারে ডাঙ্কেলকে টেনে এনেছেন, একটা অহেতুকি রাজনৈতিক প্রতিবন্ধকতার সৃষ্টি করেছেন আজকে না জেনে, না শুনে, ডাঙ্কেল প্রসঙ্গ নিয়ে এসে প্রতিদ্বন্দ্বিতা করছেন। আজকে ভারতবর্ষ সঠিক বলিষ্ঠ পদক্ষেপের উপর তৈরি হয়েছে এবং তাকে এগিয়ে নিয়ে যাচেছ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী ক্ষুদ্র ও কৃটিরশিল্পের মাধ্যমে বেকার সমস্যা সমাধানের কথা বলেছেন, কিন্তু কি দেখা যাচ্ছে, কৃদ্র ও কৃটির শিল্প বাজেটের প্রতি ছত্রে ছত্রে? ৪ লক্ষ ক্ষদ্র ও কটির শিল্প ইউনিট বন্ধ হয়ে গেছে। পশ্চিমবঙ্গের কথা বলিনি, আপনাদের নেতৃত্বে কত বন্ধ হয়ে গেছে? হাওডা ওয়াজ দি বার্মিংহোম অফ দি ইস্ট, যেখানে প্রতিটি বাড়িতে বাড়িতে শিল্পী এবং কারিগর ছিল, উৎকর্য মানের শিল্প ছিল। আজকে আপনাদের রাজত্বে অবলপ্ত হয়ে গেছে। আজকে কি অবস্থা হয়েছে। গত দ্ বছর ফ্রেট ইকোলাইজেসন ইম্পাতের উপর থেকে তুলে নেওয়া হয়েছে, এতে গত দু বছর ধরে কতটা সুবিধা আদায় করতে পেরেছেন? আজকে পশ্চিমবঙ্গে যত আন্দোলন গড়ে উঠছে তা অবলুপ্ত হয়ে যাচ্ছে। আজকে হাওডার আশেপাশে শিল্পগুলিকে গ্রহণ করতে পারছেন না কেন? আজকে বিপদজনকভাবে বেকারসমস্যা বেডে গেছে, সারা ভারতবর্ষে ৩ কোটি বেকার আর পশ্চিমবঙ্গে আপনাদের নেতৃত্বে ৫২ লক্ষ বেকার। ১৯৯৩ সালে স্কুল ফাইনাল থেকে আরম্ভ করে ডাক্তার, ইঞ্জিনিয়ার প্রায় ২৭ লক্ষ ৭৩ হাজার বেকার। আজকে সর্বমোট ৫২ লক। আজকে বেকার সমস্যা সমাধানের কথা বলছেন, ক্ষুদ্র শিল্পের মাধ্যমে পশ্চিবঙ্গ নৃতন কৃতিত্ব। আপনারা প্রায়ই বলেন বাংলার অর্থনীতি ভারতবের্ষ বিকল্প অর্থনীতির পথ দেখাচ্ছে। কি রকম দেখিয়েছে, আপনাদের প্যারা মিটার কি, কত শিল্প তৈরি হল, কত বেকার সমস্যার

[5th April, 1994]

সমাধান হল, কত বেকারের সংখ্যা কমালাম, কি চিত্র দেখছিং আমি ১৯৯০ থেকে ১৯৯০ পর্যন্ত এই ৪টে বছরের হিসাব দিচ্ছি। ১৯৯০ সালে ভেকেনি নোটিফায়েড ১৮.৬ পারসেন্ট প্লেসমেন্ট ৯.৫ পারসেন্ট। ১৯৯১-তে ভেকেন্সি নোটিফায়েড ১৪.৯. প্লেসমেন্ট ৮.২ পারসেন্ট ১৯৯২-তে ভেকেন্সি নোটিফায়েড ১২.৬. প্লেসমেন্ট ৭.৩ পারসেন্ট. ১৯৯৩ ভেকেন্সি নোটিফায়েড ৬.৩. প্লেসমেন্ট ২.৮ পারসেন্ট এটা কি এগিয়ে যাবার কথা? ক্ষদ্র কটির শিল্প যদি আজক বাডে তাহলে কর্মসংস্থান বাডবে, চাকরি বাডবে। বহুৎ শিল্পদের কথা ছেডে দিন, ও তো উরে গেছে, ওটা মাননীয় জ্যোতিবাবর নেতত্বে চলছে। কিন্তু আপনার নেতত্বে Meior pilar of the economy is the small scale and cottage industry. আজকে কি পরিষ্টিতি এমন জায়গায় দাঁডিয়েছে, কেন আমরা ইন্ডিকেশন দিতে পারলাম না, প্রতি বেকার যবককে সেই পিকচার দিতে না পারলে কটির শিল্প দপ্তর কি সাধ্য আছে প্রতি বেকারের সমস্যা কমিয়ে দেবেং প্রতি বছর—বাস্তবে কি দেখলাম আমরা আগ্নেয়গিরির উপরে বসে আছি। কেন পারসেন্টেজ এত কম, মাননীয় মন্ত্রী মহাশয় উত্তর দেবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আর একটি নথি দিচ্ছি আমরা যদি ক্ষদ্র কটিরশিল্প দপ্তরকে ধরে যে ইকনমি মেন পিলার সেখানে বেকার সমস্যা সমাধান করব মানুষকে স্বনির্ভর করব সেখানে আমরা আজকে দেখছি আরও বিপদজনক পরিস্থিতি, কি রকম আজকে আমাদের কাছে ক্ষুদ্র কটিরশিল্প দণ্ডর নাম্বার অফ registration of small scale and cottage industry. Number of new industry. একটা চিত্র তলে ধরি তাহলে কি দেখব? দেখব কি বিপদজনকভাবে কয়ে যাচ্ছে এই সরকারের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে কি চলছে?

১৯৯১-৯২ সালে ২৭,৪৩৫টি ইউনিট রেজিস্ট্রেশন হল, প্রতিষ্ঠিত হল ১৭.৭৯৬টি ইউনিট—১০.০০০ ইউনিট প্রতিষ্ঠিত হল না। ১৯৯৬-৯৭ সালে ১৪.৯২০টি ইউনিট রেজিট্রেশ হল, প্রতিষ্ঠিত হল ৭.৫৯৪টি ইউনিট—৭.০০০ ইউনিট প্রতিষ্ঠিত হল না। ১৯৯৩-৯৪ সালে ৯.৬৭৩টি ইউনিট রেজিস্টেশন হল প্রতিষ্ঠিত হল ২.৫০০টি ইউনিট-প্রায় ৭.০০০ ইউনিট প্রতিষ্ঠিত হল না। এটা কি ডায়নামিক লিডারশিপের নমনা? ইজ ইট দি অলটারনেটিভ ইকোনোমিক পাথ? কি নেতৃত্ব দিচ্ছেন আপনি যার জন্য রাজ্যে স্থাল অ্যান্ড কটেজ ইন্ডান্ট্রি ঠিকমতো প্রতিষ্ঠিত হতে পারছে না? কিছ বললেই আপনি বলবেন ডাঙ্কেল, আই. এম. এফের কথা যেমনভাবে যাটের দশকের শেষ ভাগে বলতেন ওয়ার্ল্ড ব্যাঙ্কের কথা। কিন্তু বর্তমানে ওয়ার্ল্ড ব্যাঙ্কের সার্টিফিকেট না হলে আপনাদের চলে না, রাজ্যের বিভিন্ন প্রোজেক্টের কাজ চলছে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায়। এখন ডাঙ্কেল ডাঙ্কেল বলে চেঁচাচ্ছেন, পরে <sup>দেখব</sup> **ডাঙ্কেল ছাড়া আপনাদের চলছে না। এটাই হচ্ছে ক্যানিস্টদের ইতিহাস। এর থেকেই** পরিষ্কার হয়ে যায় যে একটি গভর্নমেন্টের অ্যাটিচড কি. একটি দপ্তরের অ্যাটিচড কি। আজকে দপ্তরকে এই অবস্থার মধ্যে দাঁড করাবার পর কেন্দ্র বিরোধী শ্লোগান দেওয়া ছাড়া আপনাদের বেঁটে থাকবার কি পথ আছে? এই দপ্তরের অন্যতম কর্মসূচি মধ্যে পড়ে বেকার যুবকদের সে<sup>লফ</sup> অ্যামপ্লয়মেন্ট। আপুনারা নিজেরা তৈরি করেছিলেন, 'শেশ্রু'। ১৯৯২-৯৩ সালে ৮,৫০০ <sup>বেকার</sup> যুবককে এই ব্যাপারে সাহায্য দিয়েছিলেন। কিন্তু তারপর দেখা যাচ্ছে, ১৯৯৩-৯৪ সালে <sup>মাত্র</sup> ২.২২৫ জন যুবককে এক্ষেত্রে সাহায্য দিয়েছেন। সরকারের তৈরি এই পরিকল্পনা থেকে <sup>কেন</sup> বেকার যুবকরা সাহায্য পাচ্ছেন না, তারজন্য কি পদক্ষেপ নিয়েছেন? আপনার দপ্তর <sup>এবং</sup>

শ্রম দপ্তর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে স্ক্রিনিং করেন, সরকার পক্ষ থেকে সাবসিডি এবং ব্যাঙ্ক থেকে লোন দেওয়া হয়। হয়ত বলবেন, ব্যাঙ্ক হেঙ্ক করছে না। হাঁা, আমাদেরও ব্যাঙ্ক সম্বন্ধে অভিযোগ আছে এবং তারজন্য যৌথভাবে আন্দোলন করা দরকার, কিন্তু আপনারা শুধু কেন্দ্র বিরোধী বিবৃতি দিয়েই এক্ষেত্রে দায়িত্ব শেষ করছেন, ফলে এক ইঞ্চিও এগোতে পারছেন না এবং তারই জন্য ঐ ছয় হাজার বেকার যুবক কোনওরকম সাহায্য পাননি ১৯৯৩-৯৪ সালের ৩১শে মার্চ পর্যন্ত। আজকে প্রধানমন্ত্রীর আর একটি প্রোজেক্ট—প্রাইম মিনিস্টার রোজগার যোজনা, সেখানে কি পরিস্থিতি হয়েছে দেখুন। এক্ষেত্রে টার্গেটি ঠিক করা হয়েছিল ৪,৫৮৫, কিন্তু টিল ভেট সাহায্য পেয়েছেন মাত্র ২৫৫ জন। এইভাবে আপনি মন্ত্রীত্ব চালাচ্ছেন? তাহলে কি করছে আপনার দপ্তর? এক্ষেত্রে কি ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন? আজকে কেন স্টেট লেভেল ব্যাঙ্কারস কমিটির মিটিংয়ে এই লোনের ব্যাপারে তাদের চেপে ধরা হয় না? আজকে ডাঙ্কেলের নাম করে কলকাতা বন্ধ করে দিচ্ছেন, সেখানে বেকার যুবকদের স্বার্থে তো কলকাতা বন্ধ করতে দেখি না। আজকে বেকার যুবকেরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের দোরে দোরে মাথা কুঁটে বেড়াচ্ছেন, তাদের জন্য তো কোনওরকম মাথাব্যাথা দেখছি না।

### [4-25 — 4-35 p.m.]

আজকে তার কাছে কোনও বিচার নেই, আছে শুধু বঞ্চনার ইতিহাস। দিনের পর দিন, একটার পর একটা জেলা---নদীয়া থেকে হুগলি, হুগলি থেকে মেদিনীপুর, হাওড়া, সমস্ত জায়গায় আজকে তাঁতকলণ্ডলি বন্ধ হয়ে যাচ্ছে। আর সতো নিয়ে জোচ্চরি করছে দপ্তর। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পি. টি. বলে একটা কথা আছে। মাননীয় সদস্য পানালালবাবু এই দপ্তরের প্রধান বক্তা, তিনি বলবেন আমি জানি। এখানে একটা জোচ্চুরির ইতিহাস, শোযণের ইতিহাস চলছে। কেন্দ্রের দেওয়া লক্ষ লক্ষ সাবসিডির টাকা আনছেন সূতো কেনার জন্য, কিন্তু মাঝখানে একটা পেপার ট্রানজাকশন হচ্ছে যেটা আপনি, আমি বুঝব'না, যারা এর সঙ্গে যুক্ত, সেই সব জোচ্চোর, তারা এটা বুঝবেন, এই পেপার ট্রানজাকশনের মাধ্যমে টাকাণ্ডলি তারা ভোগ করছে। আজকে কি ধরনের জোচ্চুরি হচ্ছে সেটা দেখুন। কাগজে দেখানো হচ্ছে রিসিভ, কাগজে দেখানো হচ্ছে প্রোডাকশন, কাজের মাধ্যমে এরা এর উপসত্ত ভোগ করছে, গরিব মানুষগুলি এর উপসত্ব ভোগ করতে পার্র্যে না। আজকে প্রবীরবাবুর নেতৃত্বে এই ধরনের জোচ্চরি চলছে। আর তন্তবায়ি লোক, গরিব মানুয তারা বঞ্চিত হচ্ছে, তারা সঠিকভাবে কাপড় তৈরি করতে পারছে না, লঙ্গি তৈরি করতে পারছে না, জামা-কাপড় তৈরি করতে পারছে না, তম্ভবায়ি মানুষের কাছে সেই সুবিধা পৌছাচ্ছে না। আজকে জেলাগুলিতে একের পর এক তম্ভজের দোকানগুলি বন্ধ হয়ে যাচেছ, কত লক্ষ টাকা লোকসান হচ্ছে। আমাদের ন্যাশন্যাল ডেভেলপমেন্ট কর্পোরেশন আছে, পাওয়ারলুম, হ্যাড্লুম ডেভেলপমেন্ট কর্পোরেশন রয়েছে। আমাদের যে সমস্ত প্রতিষ্ঠান আছে সেণ্ডলি তাদের সহযোগিতা করছে। সেখানে কয়েকদিন আগে ময়দানে না কোথায় সভা করলেন, সেখানে মন্ত্রী ছিলেন, পামালালবাবুও ছিলেন। আপনারা সেখানে কেন্দ্রের বিরুদ্ধে ডাঙ্কেল প্রস্তাব নিয়ে, আই. এম. এফ. নিয়ে বক্তৃতা করে গেলেন। আপনাদের এই বক্তৃতায় ছগলি মানুযের পেটে অন্ন জুটবে <sup>না,</sup> তন্তুবায়িদের পেটে অন্ন যোগাবে না, মেদিনীপুরের মানুযের পেটে অন্ন জুটবে না। আপনারা

বড বড কথা বলবেন, আর একটার পর একটা তাঁত বন্ধ হয়ে যাবে, পাওয়ারলম বন্ধ হয়ে যাবে, আর সেখানে আপনারা বলবেন যে কেন্দ্রীয় নীতির জন্য হচ্ছে। একটা ফেডাবেল স্টাকচারের আজকে ২৫টি রাজ্যের মধ্যে আপনারাও একটি রাজা। অনা রাজা যদি সঠিকভারে চলতে পারে এই নীতি গ্রহণ করে তাহলে আপনার নেতৃত্বে আপনি সঠিকভাবে গরিব মানুষের কাছে এর উপকারী ফল পৌছে দিতে পারবেন না? কিন্তু আপনি সেটা পারছেন না। আপনার এই দপ্তর একটা দর্নীতির আঁকডায় পরিণত হয়েছে। এই দপ্তর গরিব তন্তবায়িদের জনা কিছ করতে পারছে না। আমরা দেখছি যে গরিব তম্ববায়িদের তাঁতগুলি বন্ধ হয়ে যাছে। সব ঐ পেপার ট্রানজাকশন হছে। পেপারের মাধ্যমে প্রোডাকশন হছেে. পেপারের মাধ্যমে সাপ্লাই হচ্ছে, পেপারের মাধ্যমে বিক্রি হয়ে যাচ্ছে। আর ঐ নধরকান্তি মন্ত্রী মহাশ্য সেই সব জোচ্চোরগুলোকে প্রোটেকশন দিচ্ছেন। আর বাংলার গরিব তাঁতি, তারা বঞ্চিত হচ্ছে। আজকে এই জায়গায় আমাদের আপত্তি, এর বিরুদ্ধে আমাদের প্রতিবাদ, এর বিরুদ্ধেট বাংলার মানুষকে সচেতন করা, এর বিরুদ্ধে গর্জে উঠতে হবে। মানুনীয় উপাধ্যক্ষ মহাশ্য দীর্ঘ ১২ বছর বাদে মাননীয় মন্ত্রী মহাশয় দুটো লাইনে বলেছেন যে মেদিনীপুরের মাদর শিল্পের জন্য সমবায় সমিতিকে ১ লক্ষ ৭ হাজার টাকা দিয়েছেন। মাদুর সমবায় সমিতি—কোন্ড সমবায়, কোথায় তার অবস্থান, আকাশে, না বাতাসে, জলে না নিচে, তার ঠিকানা দেরেন যাদের ১ লক্ষ্ণ ৭ হাজার টাকা দিয়েছেন? আজকে মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন যে কেন মেদিনীপুরের মাদুর শিল্পকে বঞ্চনা করেছেন? আজকে মঞ্জ্যা যদি খুলতে পারেন, সেখানে যদি বিক্রি করতে পারেন, তাহলে স্ববংয়ের মাদুর কেন বিক্রয় করা হবে নাং সমবায় ভিত্তিক বিপণনের মাধ্যমে হাওড়া, হুগলি, মেদিনীপুর, রামনগর, নারায়ণগড় এই সমস্ত এলাকার শিল্পকে সমবায়ের মধ্যে নিয়ে এসে কেন....

### (এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী মনীন্দ্রনাথ জানা ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের ক্ষুদ্র এবং কৃটির শিল্প দপ্তরের মাননীয় মন্ত্রী তার ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য যে প্রপ্তাব রেখেছেন সেই প্রপ্তাবকে আমি সমর্থন করছি। আমাদের বিরোধী দলের নেতা ডাঃ মানস ভূঁইয়া মহাশয় চিকিৎসা করেন, ওর আবার দেখলাম ক্ষুদ্র কৃটির শিল্প সম্পর্কে ভাল জ্ঞান আছে। উনি কতকণ্ডলি বিষয় তুলেছেন। কৃটির শিল্প দপ্তরের ব্যয় বরাদ্দের উপর আলোচনা করতে গিয়ে তিনি ডাঙ্কেলের কথা তুলেছেন, সংগ্রামের কথা তুলেছেন। আসলে ক্ষুদ্র এবং কুটির শিল্প সম্পর্কে ওনার অভিমত কি সেটাই উনি বলছেন না। মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণ যে ভাবে পেশ করেছেন সেটা পড়লে সমস্ত বোঝা যায় পশ্চিমবাংলায় এই ক্ষুদ্র কুটির শিল্প বিভাগে কি কাজকর্ম হচ্ছে। তিনি বলতে গিয়ে কেন্দ্রীয় সরকারের সম্বন্ধে বলেছেন, কেন্দ্রীয় সরকারের নীতি সম্পর্কে বলেছেন। আজকের এই বৈষম্যের কথা বলেছেন, কেন্দ্রীয় সরকারের বাণিজ্য নীতির কথা বলেছেন, উদার নীতির কথা বলেছেন, আই. এম. এফ. গ্যাট চুক্তি ডাঙ্কেল প্রস্তাব এই সমস্ত কথা বলেছেন। ডাঙ্কেল ওনাদের আঙ্কেল হয় কিনা জানি না। এই সমস্ত কথা বলেছেন। ভাঙ্কেল ওনাদের আঙ্কেল হয় কিনা জানি না। এই সমস্ত কথা বলেছেন, বিদেশের জিনিস যখন আমাদের দেশে আসছে তথন বহিঃশুন্ধ মুকুবের কথা বলেছেন। এই সমস্ত পরিস্থিতির মধ্যে পড়ে ক্ষুদ্র কুটির শিল্পের অবস্থা খারাপ হয়ে গিয়েছে

্রের কথা তিনি বলেছেন। কর্ম বিনিয়োগ কমে গেছে অনেকে এই কথাও তিনি বলেছেন। <sub>ক্রনি</sub> কোনও কিছু লুকিয়ে রাখেননি তার বাজেট বক্তৃতায়। অনেক কৃটির শিল্প বন্ধ হয়ে <sub>গোছ.</sub> অনেক বেকার হয়ে পড়েছে এই কথাও তিনি বলেছেন। উনি বিভাগে কি কাজ হয়েছে স্টোও বলেছেন। ওনারা বলেছেন অনেক ছোট ছোট শিল্প নাকি আর বাড়ছে না। বাড়বে কি ক্রাবং একটা হিসাব আমি দিচ্ছি। ১৯৯০-৯১ সালে ব্যাঙ্কের কাছে ক্ষুদ্র কৃটির শিল্প স্থাপনের জনা ঋণের জন্য যে আবেদন করা হয়েছিল তার মধ্যে ব্যাস্ক টাকা দিয়েছে গোটা পশ্চিমবাংলায় ১৪২৪টি ক্ষেত্রে। এই ব্যাপারে ১৯৯১-৯২ সালে তার সংখ্যা এসে দাঁডায় ১৫২২টি। ১৯৯২-৯৩ সালে সেই সংখ্যা দাঁড়িয়েছে ৩৬৯টি। বাড়বে কি করে? ব্যাঙ্ক প্রতিশ্রুতি দিয়েছিল দেবে *রাল*. কিন্তু তারা দিচ্ছে না। এটা তো কেন্দ্রীয় সরকারের ব্যাপার। আই. আর. ডি. পি. সহ অনান্য যে সমস্ত প্রোজেক্ট আছে ছোট ছোট ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি ১৯৯১-৯২ সালে s৬.৬৭৯ ক্ষেত্রে পাওয়া গেছে, ১৯৯২-৯৩ সালে সেটা কমে গিয়ে হয়েছে, ২১,৩৬৬টি এবং ১৯৯৩-৯৪ সালে সেটা এসে দাঁড়িয়েছে ৮,৫০০-তে। আমাদের আর্থিক সমীক্ষায় এটা আছে। এটা লুকানোর ব্যাপার নয়। আমরা কি করেছি সেটা বলছি। এখন মানস ভূঁইয়া। মহাশয় তাঁতিদের জন্য চোখের জল ফেললেন, হাওড়া, হুগলি, মেদিনীপুর জেলার তাঁতিদের জন্য চোখের জল ফেললেন। এর জন্য দায়ি কে? ১৯৯৩ সালের জানুয়ারি মাসে ৪০ কাউন্ট সূতার দাম ছিল ৩০১ টাকা, সেই সুতোর দাম ১৯৯৪ সালে জানুয়ারি মাসে হয়েছে ৪৫০ <sup>টাকা।</sup> কাপড়ের কত দাম বাড়াবে? বেশি দামে যে কাপড় কিনবে তার টাকা আপনারা দিয়েছেন মানুষকে? পি. টি. করা করেছে? কংগ্রেস আমলে ২১টি সমবায়কে বাতিল করা হয়েছে পি. টি.—করার জনা।

# [4-35 — 4-45 p.m.]

এই পশ্চিমবঙ্গ সরকার তাদের বাতিল করেছিল, এই খবরটা কি জানেন? আমাদের এই পশ্চিমবাংলা সরকারের আর্থিক সীমাবদ্ধতার মধ্যে থাকা সত্তেও উনি যে কাজকর্ম <sup>করেছেন</sup> তার একটি হিসাব দিয়েছেন। বিশেষ করে ওর বিভাগের মধ্যে যে কয়েকটি সংস্থা আছে, যার মধ্যে কম বিনিয়োগ করা হয়—তাঁত, রেশম, হস্তশিল্প, চর্মশিল্প, খাদি ও গ্রামীণ এইসবগুলো রয়েছে, তার হিসাব দেওয়া হয়েছে, কোনও শিল্পে কত লোক নিয়োগ হয়। এত র্মুল্যের বাজারে, এত সংকটের মধ্যেও তাঁত শিল্পের সংখ্যা বাড়ছে। গত ফিনান্সিয়াল ইয়ারে এটা হয়ছে। আর চর্ম শিল্পে ইউনিটের সংখ্যা ১৭,৫০০ থেকে বেড়ে ১৭,৬৫০টি হয়েছে। রেশম শিল্পে ৯.৭১ লক্ষ কে. জি. থেকে বেড়ে ১০.৬৪ লক্ষ কে. জি. হয়েছে। খাদি এবং <sup>্চি</sup>লেজ ইন্ডাস্ট্রিতে যারা হস্তশিল্পে কাজকর্ম করেন তাদের কথাটা আমাদের মন্ত্রী মহাশয় বাজেটে একটু কম রেখেছেন। ওদের দিয়ে আমাদের শিল্পের অনেক উন্নতি হয়। আমরা দেখেছি যে ঐ সংস্থাটি রেশম, বিশেষ করে গুটি তৈরি করে এলাকায় এলাকায় মার্কেট তৈরি <sup>করেছে</sup>। ফড়েদের হাত থেকে বেরিয়ে আসার জন্য রেশম সুতো, খাদি সুতো প্রস্তুত করার <sup>জন্য</sup> আরও কেন্দ্র খোলা হয়েছে। কাঁচা সরমে থেকে খাদিতে সরমের তেল ভাল তৈরি হয়, <sup>তারজন্য</sup> উনি ব্যবস্থা করেছেন। যে কারখানা বন্ধ হয়েযাচ্ছে সেণ্ডলো খুলছে না। খাদির <sup>অধীনে</sup> বন্ধ কাগজের কল একটি আছে নদীয়ার কল্যাণীতে এবং আর একটি আছে দশঘড়াতে, <sup>সেই কল</sup>ণ্ডলো খোলা হয়েছে। এরজন্য ওদের খুব গায়ে লাগছে। কারণ বন্ধ জিনিস আবার

খোলা কেন? যেটা বন্ধ হয়ে গেছে তা বন্ধ হয়ে যাক, এটা ওরা চান। তারপর তাঁতিকে কথা ওরা বললেন। তাঁতিদের কথা একটু শোনাই। কৃষির পরেই তাঁতে কর্মী বিনিয়োগের সংখ্যাটা একটু বেশি। পশ্চিমবঙ্গে প্রায় সাড়ে তিন লক্ষ পরিবার এই শিল্পের সঙ্গে যক আছেন। '৭৮ সালের পর থেকে এই তাঁতশিল্পের উন্নতি, হঠাৎ কেন এর এই খারাপ অবস্থা? কারণটা কি তা আমাদের বুঝতে হবে। সতোর দাম বেডেছে। সতো বিদেশে বুপানি করে বৈদেশিক মুদ্রা চাই। সেই মুদ্রা দিয়ে বিলাসদ্রব্য কিনতে হবে, তাই বিদেশে তালা রপ্তানি করতে হবে। আমাদের দেশে সুতোর দাম যেখানে গত জানুয়ারিতে ছিল ৩০১ টাক। সেখানে এই বছরের জানুয়ারিতে হয়েছে ৪৫০ টাকা। সুতোর দাম বাড়ছে অথচ কাপডের দাম কমছে। তাঁতিরা তাহলে বাঁচবে কি করে? আপনারা এম. আর. টি. পি. আক্টি যেটা ছিল যেটা দর্বল লোকদের রক্ষার জন্য ছিল. আইনটা তুলে দিলেন। বিদেশ থেকে আপনারা ঢাকট জামদানি নিয়ে আসার জন্য লাইসেন্স দিলেন। আমাদের দেশের জামদানি যেখানে বিক্রি করার জায়গা নেই, সেখানে আপনারা এটা করলেন। আপনারা এম. ডি. এ. তুলে দিলেন, আর তাঁতিদের কথা বলছেন? তম্ভজের সঙ্গে আমি যুক্ত আছি. এর হিসাবটা আপনাদের শোনাচ্চি। আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার তম্ভজের এম. ডি. বাবদ ২ কোটি ২১ লক্ষ টাকা, রিবেট বাবদ ২ কোটি ১৩ লক্ষ্ণ টাকা, সাবসিডি বাবদ ১ কোটি ৩০ লক্ষ্ণ ৬৭ হাজার টাকা দেননি। এই টাকাটা পেলে আমরা তাঁতিদের দিতে পারতাম। তাই এখানে শুধু চিৎকার করলেই হয় না ক্ষুদ্রশি**ন্ধে কিছু হচ্ছে না বললেই হয় না। ও**রা এখানে ডাঙ্কেল করবেন, আর কিছু করবেন না। এই কথা বলে মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী অজয় দেঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের মাননীয় মন্ত্রী প্রবীর সেনগুপ্ত মহাশয় এখানে ৭৩ নম্বর দাবির সমর্থনে যে বায় বরাদ্দর দাবি পেশ করেছেন আমি প্রথমেই তার বিরোধিতা করে আমাদের দলের সদস্যদের আনীত কাটমোশনগুলিকে সমর্থন করে বক্তব্য রাখছি। আমাদের পশ্চিমবঙ্গে লক্ষ লক্ষ বেকার আছে, যার সংখ্যা প্রায় ৫২ লক্ষ, এই শিল্পটাকে ঘিরে বিশেষ করে প্রাম বাংলায় লক্ষ লক্ষ মানুষ জড়িয়ে রয়েছে যার মধ্যে তাঁত শিল্প আছে, কাঁসা, পিতলের শিল্প আছে, মাদর শিল্প আছে, মাদুরি শিল্প আছে, হাতির দাঁতের যারা কাজ করনে তাদের শিল্প আছে, বাঁকডার ডোগরা শিল্প আছে, বিভিন্ন শিল্প আছে, এই শিল্পগুলিকে বাঁচিয়ে রাখার জন্য আমাদের পশ্চিমবাংলার স্বার্থে যতটা পদক্ষেপ নেওয়া উচিত ততটা নিচ্ছেন না। যেখানে এই শিল্পগুলি খুব অল্প মূল্যে ৫ হাজার টাকা থেকে ১০ হাজার টাকা বিনিয়োগ করলেই এই শিল্পটাকে ঘিরে অ্যামপ্রয়মেন্ট সৃষ্টি হয়, যেখানে আমাদের দেশে বারে বারে বড বড শিল্পগুলিতে আর্মরা পিছিয়ে যাড়ি যেখানে মূলধন বিনিয়োগের দরকার হয় লক্ষ লক্ষ টাকা, সেখানে ৫।১০ হাজার টাকা বিনিয়োগ করলে একটা মানুষ জীবনধারণ করতে পারে, তার বেকারত্ব ঘুচতে পারে সে<sup>থানে</sup> সরকার এই জায়গাণ্ডলিতে ঠিকমতো অ্যাসেস্টেম্স করছেন না। যেমন আমি দেখেছি. <sup>কাসা</sup> পিতল শিল্পর পাশাপাশি প্লাস্টিক শিল্প এসেছে, সেই জায়গাতে আমাদের কাঁচামালের <sup>যে</sup> যোগান সেই যোগান একদিকে যেমন এই সরকার দিতে পারছে না তেমনি এই ছো<sup>ট ছোট</sup> শিল্পে উৎপাদিত পণ্য সামগ্রী তারা বাজারে বিক্রয়ের ব্যবস্থা করতে পারছে না। আজ<sup>কে</sup>

স্থানে সেট্রাল গভর্নমেন্টের এর যে স্মল স্কেল ইন্ডাস্ট্রি পলিশি আছে সেখানে খব খোলাখলি ্লাবে আউট রেট গ্রান্ট, অথাৎ সাবসিডির যে ব্যবস্থা আছে একটা প্লান্ট এবং মেশিনারির ক্ষত্রে আপ টু সিক্সটি লাক্স, সেখানে টেন টু ফিফটিন পারসেন্ট আউট রেট গ্রান্ট সেন্ট্রাল গ্রন্থানেট দেয়। আমরা অবাক হয়ে যাই গত ২ বছরে রাজ্য সরকার এই খাতে কোনও অর্থ বরাদ্দ করছেন না. এই বছরের বাজেটে আমরা দেখছি সেখানে পেজ ৩২-তে এই খাতে কোনও টাকা অ্যালেকেশন করা হয়নি। বিশেষ করে '৯২-'৯৩ সালে এই আউট রেট গ্রান্ট-এ সাবসিডি বাবদ ৫ লক্ষ ৮০ হাজার ৭৯ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল কিন্তু সেটাও ক্রেউ পায়নি, একজন পেয়েছিল তাকেও আদালতের মামলা করে পেতে হয়েছিল। কিছদিন আগে আমরা দেখছি এই হুমকি মখামন্ত্রীর পত্র দিয়েছেন যে আউট রেট গ্রান্ট যদি না পাই তাহলে কোর্টে যাব, আমাদের মুখ্যমন্ত্রীর ছেলে শুভব্রত এই হুমকি দিয়েছেন। আজকে ছোট ছোট শিল্পে যেখানে সেন্ট্রাল গভর্নমেন্ট ৩০ লক্ষ টাকা থেকে ৬০ লক্ষ টাকা করেছিলেন. সেখানে এই সরকার-এর আমলে আমরা দেখছি প্লান্ট এবং মেশিনারির ক্ষেত্রে আউট রেট এ গ্রান্ট যে সাবসিভির ব্যবস্থা টেন ট ফিফটিন পারসেন্ট সেখানে একদম কেটে দেওয়া হয়েছে। আমাদের দেশে যে বড বড শিল্পগুলি আছে যেমন এন. টি. পি. সি. দুর্গাপুর স্টিল প্লান্ট, বিভিন্ন থার্মাল পাওয়ার সাব-স্টেশনগুলি আছে তাদের যে স্পেয়ার পার্টসগুলি লাগে স্প্রিং লাগে। আমাদের দেশে সেইগুলি সাগ্লাই দিতে পারছে না, এইগুলির জন্য ব্যর্থতা কার?

### [4-45 — 4-55 p.m.]

এই জিনিসগুলি আসছে কোথা থেকে? এগুলি আসছে দিল্লির গাজিয়াবাদ থেকে. বঘে থেকে। কেন আমাদের রাজ্যেই ঐ সব বড বড শিল্পের জন্য ছোট ছোট যেসব স্পেয়ার পার্টস লাগে তা বাইরের রাজ্য থেকে আনতে হবে? এটা কি এখানকার রাজ্য সরকারের ব্যর্থতা নয়? তারপর ছোট ছোট শিল্পগুলিকে বাঁচাবার জন্য সরকার থেকে যেসব ব্যবস্থাগুলি নেওয়া দরকার যেমন ব্যাঙ্ক লোন এবং অন্যান্য ছোটখাট আাসিস্টেন্স সেগুলির জন্য যে এস. এস. আই-এর রেজিস্টেশন নেওয়া দরকার সে ক্ষেত্রেও আমরা বিভিন্ন ডি. আই. সি. অফিসগুলিতে গিয়ে দেখি ছোটখাট শিল্পগুলির মালিকরা চরম হয়রানির মধ্যে পডছেন। এই ডি. আই. সি. অফিসণ্ডলিতে চরম দুর্নীতি চলছে অথচ এখানকার সরকার এ ব্যাপারে নিরব। এই সব ছোটখাট শিল্পগুলিতে বাঁচাতে রাজ্য সরকারের যে পদেক্ষপ নেওয়া দরকার সেই পদক্ষেপ নিতে রাজ্য সরকার চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন। এইসব ছোটখাট শিল্প যেগুলিকে ধরে গ্রামীণ অর্থনীতিকে বাঁচানো যেত সেটা করারদিকে এই সরকার যাচ্ছেন না। স্যার, আপনি জানেন যে আমি নদীয়া জেলা থেকে নির্বাচিত সদস্য। আমার কেন্দ্র হচ্ছে শান্তিপুর। এই শান্তিপুরের তাঁতের কাপড়ের খ্যাতি শুধু আমাদের দেশে নয়, সারা বিশ্বে রয়েছে। খ্রীমতী ইন্দিরা গান্ধী যখন বেঁচে ছিলেন তখন তিনি ২০ দফা কর্মসূচির মধ্যে এটাকে অর্ডভুক্ত করেছিলেন। শ্রীমতি ইন্দিরা গান্ধী কৃষির পরেই তাঁতকে স্থান দিয়েছিলেন এবং প্রাধান্য দিয়েছিলেন। এখনও আমাদের দেশের ৩০ শতাংশ তম্ভজাত জিনিস বিদেশে রপ্তানি হয়। আজকে এই তাঁত শিল্প কিন্তু একটা চরম সংকটের মধ্যে পড়েছে। আমি জানি এই প্রসঙ্গে <sup>বলতে</sup> গিয়ে আপনারা বলবেন ডাঙ্কেল প্রস্তাব, গ্যাট চুক্তির কথা এবং তার সঙ্গে সঙ্গে <u>ক্রিডে দোষারোপ করে অনেক কথা বলবেন। কিন্তু এ ক্ষেত্রে রাজ্য সরকারের যে দায়িত্ব</u>

[5th April, 1994]

আছে সে দায়িত্ব আছে সে দায়িত্ব নিশ্চয় আপনারা অস্বীকার করতে পারেন না। আজ্যাক্র সাউথের মিলগুলিতে যে সূতো তৈরি হচ্ছে সেইসব মিলের এজেন্টরা ব্যবসা করছেন বডবাজার এবং তারাই গোটা ব্যাপারটা কন্ট্রোল করছেন। আমরা জানি কৃত্রিম অভাব সৃষ্টি করে <sub>তারা</sub> সতোর দাম রাতারাতি বাডিয়ে দিচ্ছেন কিন্তু রাজ্য সরকার তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থ নিচ্ছেন না। আমরা অবশ্য জানি যে এই রাজ্য সরকার ব্যবসায়িদের গায়ে হাত দেবেন না এই সমস্ত ফাটকাবাজরা অহেতকভাবে ঘন্টায় ঘন্টায় সুতোর দাম বাড়াচ্ছেন। আপনারা ডাঞ্জের প্রস্তাবের কথা বলে এর থেকে পরিত্রাণ পেতে চাইছেন কিন্তু জেনে রাখবেন, মানুষ এরজনা আপনাদের ক্ষমা করবেন না। জনতা কাপড়ের ভরতুকির কথা মানস্বাব বলেছেন। জনতা কাপডের কোটার কথাটা আপনারা জানেন। ১৯৭৬/৭৭ সালে এই জনতা স্কীম চালু হয়েছিল। এই জনতা কাপড়ের জন্য রাজ্যকে যে কোটা বরাদ্দ করা হয় সেটা ডিস্টিবিউশন করেন জেলার মনিটারিং কমিটি। এই মনিটারিং কমিটিগুলিতে সমস্ত সি. পি. এমের দলভক্ত মান্তব্য বসে আছেন এবং তারা এগুলিকে দখল করে রেখে দিয়েছেন। প্রত্যেক জায়গায় খাতায কলমে কো-অপারেটিভ রয়েছে কিন্তু বাস্তবে সেইসব কো-অপারেটিভে কোনও সদস্য নেই কাগজে কলমে তাদের নামে তার আশ্টেমেন্ট দেওয়া হচ্ছে। মানসবাবু যে কথা বলছিলেন যে পেপার ট্রানজাকশন হচ্ছে অথচ কোনওরকম প্রোডাকশন হচ্ছে না। এইভাবে জনতা কাপ্ত নিয়ে চরম দুর্নীতি চলছে। বছর দুয়েক আগে এ ব্যাপারে তদন্ত করতে নদীয়া জেলায় একটি কেন্দ্রীয় সমীক্ষক দল এসেছিলেন এবং তারা চরমাজদিয়ায় গিয়েছিলেন। সেখানকার মানুষ যে দৃটি •কো-অপারেটিভ সম্পর্কে অভিযোগ করেছিলেন সেই সমীক্ষক দল সেখানে গিয়ে সেই কো-অপারেটিভের কোনও চিহ্ন খুঁজে পেলেন না, উল্টে সেই দল হামলার শিকার হলেন। সেই সময় প্রবীরবাব কৃষ্ণনগরে গিয়েছিলেন এবং কৃষ্ণনগরের রবীন্দ্রভবনে সভা করে বলেছিলেন যে, দুর্নীতি চলছে সেই দুর্নীতির চক্রকে আমাকে ভাঙ্গতে হবে। প্রবীরবাব আপনি কি সেই চক্র ভাঙ্গতে পেরেছেন? কেন্দ্রীয় সমীক্ষক দল আসার পর সেই দুনীতির চক্র ধরা পড়ে গিয়েছে কিন্তু সেই দুর্নীতির চক্র কি আপনি ভাঙ্গতে পেরেছেন? ৯২ থেকে ৯৪ সাল এসে গেছে অবাধে চলেছে। আজকে এই শিল্পটা বাঁচবে কি করে? মন্ত্রী মহাশয় তার বক্তবা বলার সময় নিশ্চয়ই বলবেন ৮ম পঞ্চম বার্ষিকি পরিকল্পনায় এই তন্তু জীবীদের বাঁচাবার জন্য একটা প্যাকেজ প্রোগ্রাম নিয়েছেন কেন্দ্রীয় সরকার কিন্তু আপনারা কি ব্যবস্থা নিয়েছেন? উন্নত মানের ডিজাইন, ফেয়ার প্রাইসে সূতো সরবরাহ আর উপযুক্ত মার্কেটিং এর জন্য কি করেছেন ? তিন হাজার হ্যান্ড লুম সেন্টার রয়েছেন পশ্চিমবাংলায়। যেখানে ২৪৬টি এবং ৫০০টি ডায়িং ইউনিট হবে। পশ্চিমবাংলায় যেখানে ৪৮৬টি হ্যান্ডলুম সেন্টার হবে আর ৭০টি ডায়িং ইউনিট হবে, এই স্কীম চালু করার ক্ষেত্রে কি পদক্ষেপ নিয়েছেন উনি বলবেন। কেন ব্যবস্থা নিচ্ছেন না, শুধু কাগজে কলমে বড বড কথা বলছেন। শুধ পি. টি. হচ্ছে এবং যে সাবসিডির আউট রাইট গ্রান্ট দিয়ে কোনও রকম ভাবে এই শিল্পকে বাঁচাবার পদক্ষেপ এস এস. আই. রেজিস্ট্রেশনের ব্যাপারে চলছে, সেখানে চরম দুর্নীতে চলছে এবং রাজ্য সরকার খালি কেন্দ্রের বিরুদ্ধে শ্লোগান তুলছেন কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করছেন। এই ভাবে একটাকেও বাঁচাতে পারবেন না। পশ্চিমবাংলায় ৫০ লক্ষ তাঁত বন্ধের মখে। প্রয়োজন হলে আমরা কেন্দ্রের কাছে যাব। কেন্দ্রের বঞ্চনার বিরুদ্ধে আমরা রেলের ব্যাপারে বলেছি। কিন্তু এখানে শুধুমাত্র এই কথা বলে রাজ্য সরকার নিজেকে আড়াল করতে পারবেন না। শান্তিপুরে

নিবিড় তাঁত প্রকল্প চালু হয়েছিল, সেই নিবিড় তাঁত প্রকল্পের যে ডিজাইন সেন্টার, রিসার্চ সেন্টার, তা বন্ধ হয়ে গেল। কেন্দ্রীয় সরকারের এই প্রকল্প কেন চালু হল না, সেটা বলতে হবে। আজকে যে অবস্থা দাঁড়িয়েছে, গোটা মন্ত্রীসভা প্রতিবন্ধী মন্ত্রীসভা। তাই আজকে আপনার সামনে বলতে চাই, এই শিল্পকে বাঁচাতে কি ব্যবস্থা নিয়েছেন, সেটা বলবেন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

ন্ত্রী শশান্ধশেশর মন্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলার লোকরা খব মিষ্টি ভাষী, ওরা যদি কথাও বলেন, খুব মিষ্টি লাগে। আমরা বাঁকুড়া, মেদিনীপুর, রাড দেশের লোকেরা এত মিষ্টি কথা বলতে পারি না। এই হাউসে এমন একটা ক্ষুদ্রতম বাজেট পেশ করা হয়েছে, যার ব্যয় বরাদ্দ অত্যন্ত ক্ষুদ্র এবং সেই সম্পর্কে বলার বেশি থাকলেও এতে আমাদের মাননীয় সদস্যদের মনে দাগ খব কম কাটে। আমরা দৃঃখের সঙ্গে লক্ষ্য করছি আমাদের ক্ষুদ্র ও কটির শিল্প দীর্ঘদিন ধরে ক্রমশ ক্ষুদ্রতম হয়ে যাচ্ছে। অথচ আমরা বরাবর শুনে আসছি কৃটির শিঙ্কের মাধ্যমে দেশের জনগণের বেকারত্ব ঘোচানো সম্ভব এবং ক্ষুদ্র ও কটির শিল্পের মাধ্যমে আমাদের বিভিন্ন ক্ষেত্রে উন্নতি সাধন করা সম্ভব। বিরোধীরা আমাদের বিরুদ্ধে অভিযোগ করছেন যে, আমরা ডাঙ্কেল প্রস্তাব, আই. এম. এফ. বিশ্ব ব্যাঙ্ক ইত্যাদি বলে সমস্ত কিছু তার মধ্যে ঢোকাতে চাইছি। আমি ওদের বলব যে, না আমরা তা ঢোকাতে চাই না। আমি ওদের বলব যে, আমিও যৌবনে ওদের মতো, মিথ্যা বললে অন্যায় হবে, অসতা কথা বলতে পারতাম। কিন্তু এখন আমি বলব যে, আমাদের গ্রাম-গঞ্জে যদি ঘরে ঘরে ক্ষুত্র ও কৃটির শিল্পকে ছডিয়ে দেওয়া যায় তাহলে নিশ্চয়ই আমাদের অর্থনীতির অনেক উন্নতি হতে পারে। কিন্তু তা করতে পয়সার প্রয়োজন। সেই পয়সা আমাদের পশ্চিমবাংলায় তৈরি হয় না। সেই পয়সা তৈরি হয় দিল্লির কোষাগারে। অতএব অন্যান্য ক্ষেত্রের মতো কৃটির ও ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রেও যদি কেন্দ্রের সার্বিক সাহায্য, সহায়তা, সদিচ্ছা না থাকে তাহলে তার উন্নতি হতে পারে না। কেন্দ্র আমাদের যে ভাবে টাকা পয়সা দেয় তাতে আমাদের মন্ত্রী মহাশয় এই বিভাগের জন্য যথেষ্ট চেষ্টা করে যাচ্ছেন। এবং উন্নতি যে একদম হয়নি তা নয়, বেশ কিছ ক্ষেত্রে ভাল উন্নতিই হয়েছে। ওরা মন্ত্রী মহাশয়কে যতই অবাক্য,কুবাক্য, দুর্বাক্য বলুন না কেন, মন্ত্রী মহাশয় এই বিভাগের উন্নতি ঘটাবার জন্য প্রাণপাত করতে সচেষ্ট হয়েছেন। আমাদের রাজ্যে যদি কটির শিল্প দপ্তর না থাকত তাহলে আজকে আমাদের রাজ্যে তাঁত-শিল্পের এত উন্নতি হতে পারত না। কংগ্রেসিরা তো এখানে অনেক দিন ক্ষমতায় ছিলেন, সেসময়ে কি আমাদের তাঁত শিল্পের এত উন্নতি হয়েছিল? ডাঙ্কেল প্রস্তাবের মধ্যে দিয়ে নানা ছলা-কলার সাহায্য নিয়ে ইংরেজ শাসন-কালের শোষণ যন্ত্রকে আবার ফিরিয়ে নিয়ে আসা হচ্ছে। এটা শাসন নয়, শোষণ ডাঙ্কেল প্রস্তাবে যা আছে। দেশে বড় বড় গবেষক এবং শিল্পবিদ্যাণের গালভরা কথা শুনে বিমুগ্ধ হয়েও, সীমিত ক্ষমতায় মধ্যেই পশ্চিমবঙ্গ সরকার নানাবিধ ক্ষুদ্রায়তন শিল্পের উন্নয়নের আপ্রাণ চেষ্টা করছেন। কিন্তু এরজন্য টাকার প্রয়োজন। টাকা চাইলেই কংগ্রেসিরা বলে, সব চুরি হয়ে যাবে। কিন্তু টাকা না হলে শুদ্র ও কুটির শিল্পের যে সমস্ত কাজকর্মগুলি আছে সেগুলি কি করে হবে? তাঁত এবং রেশম শিল্পের উন্নতি কি করে হবে? এগুলি উন্নতি না করলে গ্রামীণ বেকার সমস্যার সমাধান হওয়া অসম্ভব। কেন্দ্রীয় সরকারের ব্যাঙ্ক এবং অর্থনীতির নবনীতির প্রণয়নের দ্বারা

[5th April, 1994]

ক্ষুদ্র ও প্রামীণ শিল্পের প্রসার রোধ হচ্ছে। ভারত সরকারের নতুন অর্থনীতি প্রণয়নের ফলে ইতিমধ্যে প্রায় ৪ লক্ষ শিল্প কারখানা বন্ধ হয়ে গেছে। অথচ ক্ষুদ্র ও কৃটির শিল্পের উমরন ব্যতীত মানুষ বিপদ্ন হয়ে পড়ছে। পশ্চিমবঙ্গের ক্ষুদ্রশিল্প কিরূপ মারাত্মকভাবে অনাদ্রিত তাহা উদাহরণ দিলেই বুঝতে পারা যাবে। ১৯৯১-৯২ সালে ২৭,৪৩৪টি প্রকল্প বন্ধ আর সেখানে ১৯৯২-৯৩ সালে মাত্র ১৪৯২৩টি। অনুরূপভাবে এমপ্রয়মেন্ট ক্রমে ক্রমে মারাত্মকভাবে হ্রাস পেয়েছে। যুক্তবঙ্গে ঢাকাই মসলিন, মেদিনীপুরের সরু কাটির মাদুর, মুর্শিদাবাদের খাগড়াই বাসনের প্রচুর চাহিদা ছিল। এখন সেইসব শিল্পীরা অভাবে-অনটনে জুলছে। কোথা থেকে বেকারত্ব কমবে? এখন সেইসব শিল্প এমনভাবে অনটনে মৃতকল্প যে কোথা থেকে বেকারত্ব কমবে? অখন সেইসব শিল্প এমনভাবে অনটনে মৃতকল্প যে কোথা থেকে বেকারত্ব ক্রমবে? আপনারাই বলুন এইসব শিল্পে যথেষ্ট পরিমাণে লোক কাজ করতে পেত তাহলে নিশ্চয়ই শিল্পের মাধ্যমে বেকারত্ব ঘুচত, কিন্তু ঐ এক কথা টাকা' তা না হলে এই প্রকল্প করা যাবে না, আর বেকারত্বও কমানো যাবে না, এটুকুই আমার অভিজ্ঞতা। এই কথা বলে টাকার জন্য যে ব্যয় বরান্দ পেশ করা হয়েছে—কাট মোশন যেণ্ডলি দেওয়া হয়েছে তার বিরোধিতা করে আমি এই ব্যয় বরান্দ সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

### [4-55 — 5-05 p.m.]

শ্রী নরেন হাঁসদাঃ মন্তন ডেপুটি ম্পিকার অমক জোহার। স্যার, আজ মাননীয় মন্ত্রী প্রবীর সেনগুপ্ত মহাশয়, ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট বিবৃতি পেশ করেছেন এটা একটা হতাশা গ্রস্ত বাজেট। এটা পশ্চিমবঙ্গের মানুষকে পিছিয়ে রাখার বাজেট, কাজেই এর বিরোধিতা করে আমার বক্তব্য রাখার চেষ্টা করছি। স্যার, আপনি জানেন এই পশ্চিমবঙ্গটা এমন একটা রাজ্য যেটা এক সময়ে ভারতবর্ষের মধ্যে বিখ্যাত রাজ্য ছিল কুটিরশিল্পে। এখানকার অনেক পণ্য বিদেশে রপ্তানি করা হোত। পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে একটা গর্ব ছিল, কিন্তু বামফ্রন্ট সরকারের ১৭ বছরের শাসনে আমরা কি দেখছি, দেখছি সব পরিবর্তন হয়ে গেল সম্পূর্ণভাবে। আজকে যে বাজেট বিবৃতি পেশ করেছেন সেটা দুঃখের সাথে লক্ষ্য করার ব্যাপার। আমাদের গ্রামে একটা কথা আছে, আমার বর রংচরাইয়া দিদির বর কুজা। মানে আমরা যেটা দিছি সেটা ভাল আর কেন্দ্র যেটা দিছেহ সেটা খারাপ। আজকে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বক্তব্য রাখতে গিয়ে ব্যর্থ এই সরকার তার বাজেটে যা বলেছেন তার সম্পূর্ণভাবে বিরোধিতা করছি। পশ্চিমবঙ্গ মানুযের কাছে এটা হতাশা গ্রপ্ত বাজেট সেটা স্বকার না করে উপায় নেই। বাজেটে যেটা দেওায় হয়েছে সেটা কলকাতা এবং শহরতলি হাওড়ার জন্য, সমতুল গ্রাম বাংলার সঙ্গে বৈষম্য সৃষ্টি করা হয়েছে। পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুরে যে খনিজ সম্পদ, বনজ সম্পদ।

স্যার আজকে বলতে বাধা নেই; একই অবস্থা চলেছে। এখন আমরা কি দেখছি? মাওয়ালি, ডোম, তাঁতি এরা সংখ্যায় নেহাৎ কম নেই। সাঁওতাল এখনও আছে এবং তাদের যে জাতীয় পেশা, সেই পেশায় স্ব-নির্ভর করে গড়ে তোলার জন্য যে পরিমাণ সরকারী উদ্যোগ নেওয়ার কথা ছিল সেটা নেওয়া হয়নি, যাতে করে এখনও তাদের কাজের সন্ধানে আসামের চা বাগানে, পাঞ্জাবের ইট ভাটায় চলে যেতে হচ্ছে। আজকে মেদিনীপুরে যে বাবুই চাষ হয়, সেখানে শাল জঙ্গল, শালপাতা, খেজুর পাতা এক ধরনের পাথর, যে পাথর দিয়ে পাথর বাটি, থালা তৈরি করা যায়, কিন্তু তার মান তো পশ্চিমবঙ্গ সরকার কোথাও দিচ্ছেন না। মনসংহিতায় বলা আছে—

# 'তালপত্রে পয়োপানম, শালপত্রে য ভোজনম্। শয়নম খর্জুর পত্রে, ঝাড়খন্ডি বিধিয়তে।।'

অর্থাৎ তালপত্রে জল পান করে, শালপত্রে ভোজন করে, খর্জুর পত্রে শয়ন করে, ইহাই বাড়খন্ডের বিধি। লক্ষ লক্ষ ঝাড়খন্ডি খেজুর, শাল পাতার উপরের কাঁটা সংগ্রহ করে চেটাই তৈরি করে বিক্রি করে সংসার প্রতিপালন করে থাকে। আজকে বলতে বাধা নেই এই সরকার একটা দেউলিয়া এবং বুভুক্ষু সরকার।

এই সরকার বারবার যা করছেন তাতে উন্নয়নের যে পরিকল্পনা গ্রহণ করার প্রয়োজন ছিল তা থেকে যথেষ্ট বিচ্যুত হয়ে গেছেন বামফ্রন্ট সরকার। এ-সম্পর্কে আজকে কারও দ্বিমত হবার কোনও কারণ নেই। ঐ এলাকায় সরকারী ভাবে উন্নতি করার সযোগ ছিল। বাবই ঘাস-এর ব্যাপারে সরকারীভাবে আর্থিক সাহায্য দেবার কোনও পরিকল্পনা সেখানে নেওয়া হয়নি এবং ঐ ঘাস থেকে উৎপাদিত জিনিসপত্র বাজারে ন্যায়্য দামে বিক্রি করারও কোনও পরিকল্পনা নেওয়া হয়নি। সেখানকার শাল জঙ্গলের কাঠ আজকে বিহার এবং কলকাতায় চলে যাচ্ছে, কিন্তু স্থানীয়ভাবে ঐ কাঠ নির্ভর কোনও কৃটির শিল্প গড়ে তোলার পরিকল্পনা এই সরকার নেননি। ঐ এলাকার কয়েক লক্ষ মানুষ পাথর থেকে জিনিসপত্র তৈরি করাটা জীবিকা হিসাবে গ্রহণ করেছেন। তাদের তৈরি পাথরের থালা বাটি ইত্যাদি পাঞ্জাব, বিহার, ওড়িয্যা প্রভৃতি রাজ্যে চলে যাচ্ছে, কিন্তু এই সরকার তাদের কোনও মর্যাদা দেননি, তারা যাতে ন্যায্য মজরি পান তারজন্য কোনও পরিকল্পনা গ্রহণ করেননি। রাজ্যের ক্ষদ্র ও কটির শিল্প দপ্তর আজকে একটা দেউলিয়া দপ্তরে পরিণত হয়েছে এবং তারফলে সাধারণ মান্য বঞ্চিত হচ্ছেন। ওখানে তসর, রেশম শিল্প বহু মান্যকে স্বাবলম্বী করে তলেছে, কিন্তু যারা উৎপাদক বাস্তবে তাদেরকে কলর বলদ হিসাবে ব্যবহার করা হচ্ছে এবং লভ্যাংশ উপভোগ করছেন মধ্যস্বত্তভোগী কিছ মহাজন। তারফলে যারা উৎপাদক তারা দিনের পর দিন মহাজনদের কাছে ঋণগ্রস্ত হচ্ছেন। আজকে একথা বাময়ন্ট সরকার চিন্তা করছেন না। তারজনা আমি এই বাজেটের বিরোধিতা করছি। এখানে যে বিভিন্ন প্রকল্পের কথা বলা হয়েছে সেগুলো বাস্তবে রূপায়িত করতে গেলে যে টাকা এবং বৈজ্ঞানিক চিম্তা-ভাবনা করা প্রয়োজন ছিল তার কোনও ইঙ্গিত বাজেট ভাষণের মধ্যে নেই। স্বাভাবিক কারণেই এই বাজেট সাধারণ মানুযের স্বার্থ রক্ষা করতে অক্ষম, তাই এর বিরোধিতা করে এলাকার পিছিয়ে পড়া মানুষের কাছে এর বিরুদ্ধে আন্দোলনের আহান রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃটির ও ক্ষুদ্রশিল্প দপ্তরের মাননীয় মন্ত্রী ৭৩ নং ব্যয়-বরাদের যে দাবি পেশ করেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন জানিয়ে দুই-একটি কথা বলছি। আমার চাঁদুভাই কংগ্রেস সদস্যদের বক্তব্য শুনলাম। তাদের কতগুলো কথার সঙ্গেও আমি একমত। আপনি সৃতা দিতে পারছেন না এটাও ঠিক, কিন্তু কেন দিতে পারছেন না সেটা না বলে তারা পাশ কাটিয়ে চলে গেছেন। আজকে দিল্লিতে মিছিলের উপর অত্যাচার চালানো হয়েছে।

বাংলা, বিহার, উড়িষ্যর নবাবের বিরুদ্ধে যখন যড়যন্ত্রে যুক্ত ছিল তখন ফিকফিক করে মির্জাফর হেসেছিল। জাহাঙ্গিরের দরবারে জব চার্নক এসেছিলেন বেণিয়ার ছদ্মবেশে এবং এসে শেষ পর্যস্ত রাজদণ্ড হাতে নিয়েছিল। এরা এম. এল. এ. থাকবে, আবার সমস্ত রাজা হিসাবে বসবাস করবে, তার জন্য আজকে সমর্থন করে যাচ্ছেন। দেশের সমস্ত শিল্প কারখানা ওদের কন্টোলে নিয়ে আসবে, একথা ওরা ভাবছেন না। আমি সেদিনও বলেছি, আবার আজকে

[5th April, 1994]

বলছি যে, পাশ্চাতা জগতে যে অর্থনৈতিক সংকট দেখা দিয়েছে, সেই অর্থনৈতিক সংকটের ঢেউ ভারতের উপকলে এসে পৌছেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেই দেশের উৎপাদিত সামগ্রী বিক্রি হচ্ছে না, তারা এখন বাজার খঁজে বেডাচ্ছে। সেখানকার কলকারাখানা বন্ধ হয়ে যাছেছ, শ্রমিক ছাঁটাই হছেছ। এর ফলে দেখা যাছেছ যে, ভারতবর্ষের মতো উন্নতশীল দেশ, যে দেশে প্রায় ৩০।৪০ শতাংশ ক্রয় ক্ষমতা আছে, সেই ভারতবর্ষর দিকে তাদের নজন পড়েছে। ভারতবর্ষের এই বিরাট বাজারটাকে একচেটিয়া হিসাবে ব্যবহার করার জন্য তার এগিয়ে এসেছেন। আই. এম. এফ. বিশ্বব্যাঙ্কের সঙ্গে যে গোপন চক্তি হয়েছে. সেই চক্তি অনুযায়ী আমাদের ভারত সরকার আমদানি শুল্ক প্রত্যাহার করে নিয়ে বিদেশি দ্রব্য যাতে ভারতবর্ষের মধ্যে প্রবেশ করে তার পথকে সগম করে দিয়েছেন। এর ফলে আমাদের ক্ষদ শিল্পের উপরে চাপ পড়ছে এবং প্রায় ১০ থেকে ২০ শতাংশ এই শিল্পের উৎপাদিত দরের উপরে নৃতন করে কর বসিয়েছেন। কেন্দ্রীয় সরকার আবার নৃতন করে পরিবহন খরচও বাডিয়ে দিয়েছেন। এর ফলে অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে? বিদেশিদের জন্য আমাদের ভারতবর্ষের বাজার উন্মুক্ত করে দেওয়া হয়েছে এবং তার ফলে আমরা লক্ষ্য করেছি যে **অস্বাভাবিকভাবে জিনিসের দাম বেডে গেছে, মুদ্রাম্ফীতি ঘটেছে। অন্য দিকে ক্ষুদ্র, মাঝা**রি শিল্প এগুলি বন্ধ হতে চলেছে. মানুষ কর্মহীন হতে চলেছে। ওরা বলছেন যে সতোর দর বেডেছে। আমার কাছে খবর আছে, আমরা দেখছি যে, চামডা, পাট, তলো, ডিটারজিন পাউডার, ফিল, এর উপরে আনতঃশুব্ধ বসানো হয়েছে। আবার ভারতবর্ষে যে সতো উৎপাদিত হয় সেই সতোয় চাহিদা মেটানো সম্ভব নয়। অথচ ভারত সরকার বিদেশে সতো পাঠাচ্ছেন। সেই সতোয় সেখানে মাল তৈরি হচ্ছে এবং সেই মাল ভারতবর্ষের বাজারে বিক্রি হচ্ছে। আর আমাদের এই দেশীয় জিনিস যারা কেনেন তাদের উপরে আডঃশুল্ক বসিয়েছেন। তার ফলে সূতোর দাম আজকে কোনও জায়গায় গিয়ে দাঁডিয়েছে? হস্ত চালিত তাঁতে ১৭, ২০, ২৬ নম্বর সূতো ব্যবহার করা হয়, সাদা সূতো। এই দুই বছরের মধ্যে শুল্ক বৃদ্ধি করে, কর বৃদ্ধি করে দেখা গেছে যে এই ২৬ নম্বর সতোর দাম ২৩৮ টাকা থেকে বেডে ৩৪৫ টাকা হয়েছে। যখন ক্রাইসিস হয় তখন জিনিসের দাম বেডে যায়। যারা হোর্ডার তারা তখন সমস্ত সতো কিনে নয়। ফলে সাধারণ তাঁত শিল্পীরা সূতো পায় না। ফলে তাদের মধ্যে বেকারত্ব দেখা দেয়, লোক কাজ পায় না, মানুষকে অনাহারে, অনিদ্রার মধ্যে দিয়ে মরতে হয়।

# [5-05 — 5-15 p.m.]

সুতোর দাম কিছু দিন আগে যেটা ছিল ২৮০ টাকা সেটা এখন বেড়ে দাঁড়িয়েছে ৩৭৫ টাকা। কেন? একমাত্র কেন্দ্রীয় সরকারের অপকর্মের জন্য হয়েছে। ডাঙ্কেল প্রস্তাব আসছে। গ্যাট চুক্তি অনুযায়ী আমাদের দেশে কোন খানে কোনও শিল্প করবার অধিকার থাকবে না। আপনাদের মন্ত্রী যতই আশ্বাস দিন না কেন কেন্দ্রীয় সরকারের বাদমাইশি নীতির ফলে কোনও কল্যাণ দেশের করা যাবে না, আমরা যতই চেটা করি না কেন। ওই হাঁপানি ধরা সরকার ডাঙ্কেল প্রস্তাব দেশের মধ্যে প্রবেশ করতে দিছে, গ্যাট চুক্তি করছে। বিশ্বব্যাঙ্কের কাছ থেকে ঋণ নিয়ে দেশ চালাছে। নরেন হাঁসদা মহাশয় বললেন যে আমাদের সরকার নাকি দেউলিয়া সরকার। কি করে বললেন এই কথা? আগে যে সোনা ছিল সেই সোনা গেল কোথায়? এটা কে করেছেন্? বামফ্রন্ট সরকার না কেন্দ্রীয় সরকার? আর মির্জাফরণিরী করবেন না। বেনিয়ার বেসে আসছে, তার পরিনতি কি হবে সেটা সবাই বুঝতে পারছেন। মাননীয় মন্ত্রী মহাশয় বরান্দের দাবি পেশ করেছেন তাকে আমি সর্বান্তকলে সমর্থন করে

<sub>আমি</sub> আমার বক্তব্য শেষ করছি।

প্রী শৈলজাকুমার দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের কৃটির শিল্প দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয় বরাদের দাবি উত্থাপন করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের প্রত্র থেকে যে ছাঁটাই প্রস্তাবগুলি দেওয়া হয়েছে তাকে সমর্থন করে কতকগুলি কথা বলতে চাট। আমার আগে শীশ মহম্মদ মহাশয় আমাদের মির্জাফর আখ্যা দিয়ে তার বক্তবা শেষ করেছেন। তার সঙ্গে সঙ্গতি রয়েছে মন্ত্রী মহাশয়ের ভাষণ। মন্ত্রী মহাশয় তার ভাষণে মখবদ্ধে ্র কথা বলবার চেষ্টা করেছেন তা হল ডাঙ্কেল প্রস্তাব নিয়ে, গ্যাট চুক্তি নিয়ে, আন্তর্জাতিক অর্থ ভাভারকে নিয়ে এবং আই. এম. এফ.-কে নিয়ে এবং সর্বশেষে বলেছেন আমরা নাকি ভারতবর্ষের সার্বভৌমত্ব বিকিয়ে দেবার চেষ্টা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশ্য, এই নিয়ে वार्य वार्त्य आलाठना रहारह, आक मकाल छाएडल श्रेष्ठारवत छेश्रत आलाठना रहारह। ্যাননীয় কটির শিল্প মন্ত্রী প্রবীরবাবুর কাছে আমি অত্যম্ভ বিনীত ভাবে নিবেদন করতে চাই ত্ত্ব কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে গালাগালি দিয়ে কংগ্রেসকে অভিযুক্ত করে নিজের দপ্তরের বার্থাতা ঢাকবার চেষ্টা করবেন না। আপনি মখবদ্ধে বলেছেন ''সাম্রাজাবাদী ও পঁজিবাদী দেশগুলো এখন গভীর অর্থনৈতিক সংকটে পড়েছে' আজকে কমিউনিস্টরা কোনও জায়গায় গিয়ে দাঁডিয়েছে? আজকে সোভিয়েত রাশিয়া সহ পূর্ব ইউরোপের সমাজতান্ত্রিক দেশ গুলোতে বিবাট সংকট নেমে এসেছে। কিন্তু **আমরা স্বাধীনতার পর থেকে জওহরলাল নেহেরুর** নেতত্বে অদ্বীকার বদ্ধ যে সাম্রাজ্যবাদী এবং প্রাজিবাদী দেশগুলি থেকে আমরা গুরুত্ব বজায় রেখে চলব। সেখান থেকে আমরা পিছিয়ে আসিনি। মাননীয় মন্ত্রী মহাশয় বায় বরান্দের দাবি উত্থাপন করতে গিয়ে যে বক্তব্য রেখেছেন. এক জায়গায় তার বক্তব্যের সঙ্গে আমি সহমত পোষণ করি। তিনি এক জায়গায় বলেছেন যে 'কর্ম বিনিয়োগে কৃষির পরই তাঁত শিল্পের স্থান'। উনি ঠিকই বলেছেন কৃষিজীবীদের পরেই তন্তুবায়িদের স্থান। একটা বিরাট সংখ্যক মানুষ তাদের জীবন জীবিকা নির্বাহ করে এই তাঁত শিল্পের উপর নির্ভর করে। আজকে সেই তাঁত শিল্পকে আপনারা কোথায় নিয়ে গিয়ে হাজির করেছেন। ক্ষুদ্র শিল্পের সংখ্যা মেদিনীপুর জেলা এক সময় প্রথম স্থানে ছিল। আজকে সেই ক্ষুদ্র শিল্পের অবস্থা কোথায় গিয়ে দাঁডিয়েছে তার অভিজ্ঞতাব কথা আমি বলব।

ডি. আই. সি. সেন্টারে যারা ক্ষুদ্রশিল্প রেজিস্ট্রেশনের জন্য যায়, তারা বলে দেয় ওটা চিক আছে, ওটা ইকনোমিক্যালি ভায়াবল এবং ওটা চলবে। পরবর্তীকালে দেখা যায় ব্যাক্ষ লোন দিচ্ছে, তারপরে ধুঁকতে ধুঁকতে যাছে। তাই আমাদের ক্ষুদ্র ও কুটির শিল্পমন্ত্রীকে এই কথা বলতে চাই, তারই বক্তব্যের মধ্যে আছে, ১৯৯২-৯৩ সালে সমবায়ের মধ্যেম তাঁতের সংখ্যা ছিল ১ লক্ষ ৪৪ হাজার ৯৩২টি, এই পরিমাণ তাঁতকে সমবায়ের মধ্যে আনতে পেরেছিলেন। পরের বৎসরের, ১৯৯৩-৯৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত—বাজেট বক্তৃতার মধ্যে যে কথা বলেছেন—মাত্র ৫১টি তাঁতকে সমবায় ব্যবস্থার মধ্যে আনতে পেরেছেন। কেন এই অনীহা? তল্পবায়দের কেন সমবায়ের মধ্যে আনতে পারছেন না— তারা আসতে চাইছে না। কারণ তারা প্রয়োজন মতো এবং সময়মতো যে কাপড় বুনে দিচ্ছে, তার সাবসিডির টাকা তারা পাচ্ছে না। অথচ মন্ত্রী মহাশয় বলেছেন যে ১৯৯৪-৯৫ সালে তিনি অনুমান করছেন, তিনি আশা প্রকাশ করেছেন, তিনি আশাবাদী, বলবার চেষ্টা করেছেন আশাবাদী হয়ে যে আরও তিন হাজার তাঁতীকে সমবায়ের মধ্যে আনবেন। কেমন করে আনবেন? গত বছরের অভিজ্ঞতা কি এই কথা বলছে? সারা বছর চেষ্টা করে, সরকারী যন্ত্রকে কাজে

[5th April, 1994]

লাগিয়ে ৫১টির বেশি তাঁতকে সমবায়ের মধ্যে আনতে তিনি পারেন নি। আমাদের বিধাসক অজয় দে. নদীয়া জেলার বিধায়ক, আপনার কাছে নিবেদন করেছেন যে ওখানকার তাঁতিব কি কষ্টে দিন কাটাচ্ছে। লক্ষ লক্ষ মানুষ আজকে কোন অবস্থায় গিয়ে পড়েছে? যার ভারা সেখানে কেউ কেউ আত্মহত্যা করতে বাধ্য হয়েছে। সেখানে কেবল ক্ষয়রাতি সাহায্য দরকার সেখানে কাজল ঘোষ নামে একজন আত্মহত্যা করেছে। আমি এবারে মাননীয় মন্ত্রী মহাশাসত কাছে গঠনমূলক কিছ প্রস্তাব রাখছি। কৃষ্ণনগরের মাটির পুতুল শুধু আমাদের দেশে নয বিদেশেও যার চাহিদা আছে. সেই শিল্পকে রক্ষা করার জন্য উদ্যোগ নিন। তারা আজ উপেক্ষিত। আমি মেদিনীপুর জেলার বিধায়ক। মেদিনীরপুর জেলার বিস্তীর্ণ এলাকায় <sub>কাত</sub> বাদামের যে প্রসেসিং সেন্টার আছে, সেখানে বহু মহিলা কাজের সুযোগ পেয়ে থাকেন তেমনি ভাবে মেদিনীপুর জেলার মাদুর শিল্প—সবং, পটাশপুর ইত্যাদি অঞ্চলে কটির শিল্প হচ্ছে মাদুর শিল্প। মাদুরের বাজার সেখানে নেই। সরকারী ব্যবস্থাপনার মধ্যে দিয়ে, তাদের অ্যাসিস্ট্যান্স দিয়ে নিযুক্ত কর্মীদের জীবন জীবিকাকে বাঁচাবার ব্যবস্থা করবেন এই আশা আপনার কাছে রাখি। রেজিস্টেশনের দিক দিয়ে কেবলমাত্র ক্ষন্ত ও কটির শিল্পের সংখ্যা বেড়েছে, কিন্তু প্রকৃত উন্নয়ন কিছু হচ্ছে না। পশ্চিমবাংলায় অন্যান্য দপ্তরের যেমন অবস্থা যেমন ব্যর্থতা. সেই ব্যর্থতার দায় থেকে রক্ষা পেতে ডাঙ্কেল, বিশ্বব্যাঙ্ক, আন্তর্জাতিক অর্থ ভাভার এইসব কথাবার্তা এনেছেন। আমি এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কট মোশনকে সমর্থন করে আমার বক্তবা শেষ করছি।

#### [5-15 — 5-25 p.m.]

শ্রী প্রভাত আচার্য ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের ক্ষুদ্র ও কুটির শিল্প মন্ত্রী যে দাবি পেশ করেছেন আমি তা আস্তরিকভাবে সমর্থন করি। আজকে ফিফথ এপ্রিল, আজকে দুঃখজনক পরিবেশের সম্মুখীন হতে হয়েছে দিল্লির বুকে। দিল্লিতে ভারতের সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সারা দেশ থেকে যারা সমবেত হয়েছিলেন, তাদের মাথায় লাঠি পড়েছে, জল কামান ব্যবহাত হয়েছে। যারা এটা করেছেন তারা সাম্রাজ্যবাদের সমর্থক। সেকালে তারা আপোষ করেছিলেন, এখনও তাই আছেন। দেশটাকে তারা বেচে দিতে চাইছেন, তাই জল কামান ব্যবহার করেছেন।

এমন পরিবেশের মধ্যে আজকে ক্ষুদ্র ও কুটিরশিল্প দপ্তরের মন্ত্রী তার বাজেটে যে দাবি পেশ করেছেন তাকে সমর্থন করতে গিয়ে যারা আমাদের বিরোধী দল কংগ্রেস বলে পরিচিত, যারা নিজেদেরকে বলে আমরা দেশের কথা ভাবি, অন্যদিকে তাদের নেতারা দেশকে বেচে দেন, আর এখানে বসে চিৎকার করছেন এই ক্ষুদ্র শিল্পের মধ্যে নাকি আসল কথা নেই। গুজরাটের একটা হিসাব আমরা জানি, কাগজে বেরিয়েছিল গুজরাটে ওদের লোকেরা শাসন করে এবং ওরা যখন শিল্পের কথা বলে পশ্চিমবাংলার নিন্দা করতে গিয়ে গুজরাটের কথা বলে, সেখানে দেখবেন এই বাজেট হওয়ার সাথে সাথে ১৫ হাজার শ্বল স্কেল ইভাণ্ট্রিস ফাউড্রি বন্ধ হয়েছে। ওখানকার সাংসদ জীবন রায় এই ব্যাপারে তিনি চিঠি লিখেছেন পাওয়ারলুম, প্লাস্টিকস, অটোমোবাইল পার্টস, টুলস, মেশিন সমস্ত কারখানা বন্ধ। এক সাথে এত কারখানা বন্ধ এবং সারা দেশ জুড়ে এই রকম অবস্থা, এতে আমরা আশার কথা বললেও সারা ভারতবর্ষের মানুষ যে অর্থনীতির জীবন শুরু করতে যাচ্ছে তাতে সারা ভারতবর্ষের মানুষ আরও ক্রিন্য এবং বেকার হয়ে পড়বে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের মন্ত্রী যে বাজেট পেশ করে বলছেন—এখনও আশার কথা কিছু কিছু বলছেন—আমরা

জ্ঞানি আমাদের তাঁত বস্তুর সতোর দাম বেডে গিয়েছে, আভ্যন্তরীণ সকল বাডিয়ে দেওয়ার ক্ষম জিনিসের দাম বেডে গেল। আমাদের তাঁতিরা তাঁত ছেডে ক্রমাগত অন্য জায়গায় কাজের জনা চলে যাচ্ছে। এই দুর্ভোগ পরিস্থিতির মধ্যে দাঁডিয়ে বাজেটের মধ্যে যে দাবি করেছেন. সেই দাবির কথা বলতে গিয়ে বলেছেন আমি এই কাজ করতে চাই। বিভিন্ন বিভাগে তিনি যে যে কাজ করেছেন সেইগুলি উল্লেখ করেছেন। আমরা দেখেছি ভমিসংস্কার করে বাংলাদেশ সাধারণের হাতে যে দুটো পয়সা দিয়েছিল যদি কেন্দ্রীয় এবং রাষ্ট্রীয় অর্থনৈতিক সিদ্ধান্ত আমাদের সামগ্রিক মানষের, একেবারে শেষ প্রান্তের যে মান্য সেই মানষের যদি মখের খাবারের সঙ্গে যক্ত না থাকত তাহলে পশ্চিমবাংলার যে ভূমিসংস্কার হয়েছে, আমরা এখানকার আবহাওয়ার অর্থনীতিতে যে আবহাওয়া তৈরি করে থাকতে পারতাম সেখানে যখন একটা ফেডারেল সিদ্ধান্ত নেয়, সেক্ষেত্রে আমাদের রাষ্ট্রীয় ব্যবস্থার মধ্যে কেন্দ্রীয় যে শাসন ব্যবস্থা, সে যখন একটা অর্থনৈতিক সিদ্ধান্ত নেয়, সেই সিদ্ধান্ত একটা সবচাইতে পিছিয়ে পড়া মান্বের মুখের গ্রাস মুখে উঠবে কিনা তা নির্ভর করে—আমাদের বিরোধী পক্ষরা কেউ কেউ চেষ্টা করেছেন, মানুষবাব বলতে চেষ্টা করেছেন, খুব জোর দিয়ে বলতে চেষ্টা করেছেন, কিন্তু দর্বল যক্তি তিনি উপস্থিত করে বলেছেন যে কেন্দ্রের অর্থনৈতিক বিপর্যয় আমাদের জীবনের উপর কি প্রভাব ফেলবে? তিনি নিজে বঝছেন না.সমগ্র ভারতবর্ষ ব্যাপি শিল্পের এই অবস্থার জনা সমস্ত মান্য অম্বির হয়ে পড়েছে। আভ্যন্তরীণ শুল্ক প্রচন্ড বেডে যাওয়ায় সব জিনিসের দাম বেডে গেল এবং সব জিনিসের দাম বেডে যাওয়ায় খাদ্য দ্রব্য থেকে আরম্ভ করে যত কনজিউমার গুড়স সব জিনিসের দাম বাড়ল। এতে আপনার অর্থনৈতিক জীবনটা ক্লিন্য হবে কিনা আর যারা ৬০ ভাগ মান্য রয়েছেন পিছিয়ে পড়া অর্থাৎ দারিদ্র সীমার নিচে তারা কি করে খাবেন? সমগ্র ভারতবর্যকে একত্রিতভাবে পাওয়ার জন্য আমেরিকানরা যে চক্রান্ত করছে, সেই চক্রান্তে আপনারা সই করে দিয়ে দেশটাকে ছেডে দিয়েছেন তাদের উপর। আমরা তাই বলি সমগ্র মান্য আমরা সাম্রাজ্যবাদীর বিরুদ্ধে, ২০০ বছর লড়াই করে আমরা স্বাধীনতা এনেছি, এই মহর্তে একব্রিত হয়ে সমগ্র ভারতবর্যের যে দুর্নীতিগ্রস্ত সরকার যে ছিল নির্বাচনে লঘিষ্ঠ এবং স্থনির্বাচনে গরিষ্ঠ হয়েছে. সেই কংগ্রেসকে পদচ্যত করবার মতো উপযুক্ত পরিবেশ তৈরি করা উচিত। সমগ্র ভারতবর্ষের সাম্রাজ্যবাদ বিরোধী মান্য তারা একব্রিতভাবে লডাই করে ডাঙ্কেল চক্তি এবং গ্যাট চক্তি যাতে কার্যকরি না হয় তার ব্যবস্থা করা উচিত। সমগ্র পথিবী ব্যাপী এই উল্লাস এই সংগ্রাম শুরু হোক। এই বলে এই বাজেটকে সমর্থন করে ওদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

# [5-25 — 5-35 p.m.]

শ্রী ব্রহ্মময় নন্দ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের ক্ষুদ্র ও কৃটির শিল্প দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় প্রবীর সেনগুপ্ত মহাশয় ১৯৯৪/৯৫ সালের যে ব্যয় বরাদের দবি পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাছি। স্যার, কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতির ফলে অস্বাভাবিকভাবে সব জিনিসপত্রের দাম বাড়ছে, মুদ্রাস্ফীতি ঘটছে, ক্ষুদ্র ও মাঝারি শিল্প বন্ধ হচ্ছে এবং মানুষ কর্মহীন হচ্ছে। এই দায় পশ্চিমবঙ্গ সরকারের দায় নয়, এই দায় ক্ষিত্রীয় সরকারের দায় নয়, এই দায় ক্ষিত্রীয় সরকারের দায়। কেন্দ্রীয় সরকারের এই নীতির ফলে আজকে এখানে ক্ষুদ্র শিল্প মার শাচ্ছে। স্যার, আপনি জানেন, বেকার সমস্যা সমাধানে ক্ষুদ্র ও কুটির শিল্পের গুরুত্ব অপরিসীম। ভারত সরকারের সর্বনাশা নীতির ফলে আজকে ক্ষুদ্র শিল্পর যে অগ্রগতি সেই অগ্রগতি ব্যাহত হচ্ছে। ক্ষুদ্র শিল্প স্থাপনের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ ব্যাঙ্ক ও আর্থিক

প্রতিষ্ঠানগুলি একেবারে উদাসীন। পশ্চিমবঙ্গ সরকার এ ক্ষেত্রে ক্ষুদ্র ও কৃটির শিল্প গঠনে ও উন্নয়নে বিশেষ আগ্রহশীল। রেশম শিল্প আজ প্রায় সব জেলায় ছডিয়ে পড়েছে। রেশম চাষের ক্ষেত্রে রাজ্য সরকারের নীতি হল ভমি সংস্কার ব্যবস্থায় উপকত মানষ ও প্রান্তিক চাষীদের মধ্যে জমি বন্টন, সেচের ব্যবস্থা, উন্নতমানের তঁত গাছের কার্টিং, রোগমক্ত গুটি পোকা সরবরাহ, উন্নতমানের শুটি পোকা পালনের সুবিধা দান ইত্যাদির মাধ্যমে এই তঁত চাষ বন্ধি পেয়েছে। তা ছাড়া নতন রেশম শিল্পিদের প্রশিক্ষণের ব্যাপারে সরকার সচ্চেয়া হয়েছে। এ ছাড়া রাজ্য সরকারের আর্থিক সহায়তায় ও উৎসাহ দানে এবং কারিগরি ও বিপণনের ব্যাপারে সহায়তা দানে রাজ্যে ক্ষুদ্র চর্মশিল্পে উল্লেখযোগ্য বিকাশ লাভ করা গিয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে অতীতে গ্রামে তালগুড শিল্প একটা বড শিল্প ছিল। তার উৎপাদন এখন কমে যাচ্ছে। এর ফলে এই গুড তৈরির সঙ্গে যুক্ত বিভিন্ন পেশার লোক যেমন কামার, কমোর ও সরাসরি ঐ শিল্পের সঙ্গে যক্ত লোকদের কর্মসংস্থানের ব্যাপারটা ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং এর সরবরাহ কম হচ্ছে। তাল রস তৈরির জন্য যেসব যন্ত্রপাতির দরকার হ'ত এখন তার ব্যবহার কম হচ্ছে। এ ছাডা গ্রামাঞ্চলে বাডি শিল্প যেটা প্রচলিত আছে সেটা আরও বাডানো দরকার। আপনারা জানেন যে গ্রামে গ্রামে বহু রকমের নকশা বিডি তৈরি হয় এবং তার চাহিদাও আছে, কাজেই এগুলি ব্যাপারে নজর দেওয়া দরকার। এর মাধ্যমে অনেক মানবের রোজগারের ব্যবস্থা হতে পারে। মাদুর শিল্পে বিপণনের ব্যবস্থা ঠিকমতো হলে বছ মান্য উপকত হবেন। তা ছাডা নারকেল ছোবডা শিল্পের আরও বিস্তৃতি ঘটানো দরকার। এই মাদর শিল্পকে প্রাধানা দেওয়া দরকার। এই বলে এই বাজেটকে সমর্থন করে এবং কাটমোশনের বিরোধিতা করে শেষ করছি।

শ্রী ত্রিলোচন দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় মাননীয় ক্ষুদ্র ও কৃটির শিল্প দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় ১৯৯৪/৯৫ সালের যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলছি। স্যার, আপনি জানেন, দেশের বেকার সমস্যার সমাধানের প্রশ্নে ক্ষ্ম ও কটির শিল্পের শুরুত্ব অপরিসীম। কিন্তু কেন্দ্রীয় সরকার আজ যে অসম প্রতিযোগিতার নীতি নিয়েছেন তার বিশায় ফল আমরা দেখতে পাচ্ছি যে শিল্পে মন্দা, ব্যাপক বেকারি ও মূল্যবৃদ্ধি। কেন্দ্রীয় সরকার অনুসূত যে নয়া শিল্পনীতি, নয়া অর্থনীতি এবং উদার নীতি তার ফলে ছোট ও মাঝারি শিল্পের বিকাশ ব্যাহত হচ্ছে। আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণে বলেছেন, "শিল্পে উৎপাদনের ক্ষেত্রে সমান প্রতিযোগিতার অর্থ হওয়া উচিত দেশের অভান্তরে সকল শিল্পসংস্থাকে এবং বিশেষ করে ছোট শিল্প সংস্থাকে সুযোগ দিয়ে প্রথমে দেশের অভ্যন্তরে সমান প্রতিযোগিতার অবস্থা সৃষ্টি করা এবং প্রয়োজনীয় সময় দিয়ে সেই প্রস্তুতির পর বহির্বাণিজ্যে প্রতিযোগিতার কথা বলা। কিন্তু বাস্তবে যাকরা হল তা দেশের অভ্যন্তরে এই ধরনের প্রতিযোগিতার ক্ষেত্র প্রস্তুত না করে হঠাৎ ব্যাপকভাবে উৎপাদন শুষ্কের বৃদ্ধি ঘটিয়ে, দেশের শিল্পগুলিকে এবং বিশেষ করে ছোট শিল্পগুলিকে জেনে শুন বিদেশি বছজাতিক সংস্থাণ্ডলির অসম প্রতিযোগিতার এবং প্রায় একচেটিয়া আঘাতের সামনে ফেলে দিয়ে দেশের শিল্পগুলির ক্ষতি করা এবং দেশের স্বনির্ভরতাকে আঘাত করা।" স্যার, পশ্চিমবঙ্গ সম্পর্কে অনেক শিল্পদ্যোগীর উৎসাহ থাকলেও তারা পিছিয়ে আসতে বাধ্য হচ্ছেন কেন্দ্রীয় সরকারে অনুসূত নীতির ফলে। স্যার, আপনি জানেন, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা থেকে ক্ষম্র ও কৃটির শিল্পের বন্ধির জন্য সংরক্ষণের যে নীতি ছিল বর্তমানে তা প্রত্যাহার করে নেওয়া হয়েছে।

ভারত সরকার-এর ৯৪-৯৫ সালের বাজেটও পাট, সুতা, চামড়া, স্টিল প্রভৃতিতে ১০ থেকে ২০ পার্সেন্ট আন্তঃশুব্ধ বসানো হয়েছে। এই সমস্ত কারণে আজকে কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতির ফলে বৃহত্ শিল্প এবং ছোট শিল্পের যে প্রতিযোগিতা গড়ে তুলেছে, তার জন্য আমাদের দেশের ছোট শিল্পপতিরা মার খাচেছ। তাছাড়া এখানে ডি. আই. সি.'র মাধ্যমে ছোট শিল্পপতিরা সুবিধা পায়। কিন্তু কেন্দ্রীয় সরকারের পরিচালিত যে সমস্ত ব্যাঙ্কগুলো রয়েছে, তারা কি করলো, যে স্কীম সেখানে ভি. আই. সি. থেকে অ্যাপ্রুভ করা হয়, ভোটিং করা হয়, দেখা যায় সেখানে ব্যাংক ব্যাঙ্ক স্কীমকে কাটছাঁট রুরে দেয়। সেখানে যে সমস্ত সাবসিডি থাকে সেই টাকাটা ও কেটে নেওয়া হয় স্থভাবতঃই একটা শিল্পের জন্য যে স্কীম করা হয়েছে তার পরিপুরক রূপ যদি দিতে হয় তাহলে সব টাকা দেওয়া দরকার। কিন্তু কোনও সাবসিডি দেওয়া হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় লক্ষ্য রাখবেন, যারা ব্যাঙ্কের মাধ্যমে যান, তারা সাবসিডি পান না, লোনের টাকাটা পান। এই বলে মন্ত্রী মহাশয় এর ব্যয়-বরাদ্দকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ ডেপুটি স্পিকার: সময় শেয হয়ে এসেছে, আরও ১০ মিনিট সময় বাড়িয়ে দিলাম, আশা করি সকলের মত আছে।

শ্রী প্রবীর সেনগুপ্তঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কংগ্রেসের বা বিরোধী দলের যে সমস্ত মাননীয় সদস্যরা বক্তব্য রাখলেন, আমি তা অনুধাবন করবার চেন্টা করছি। মাননীয় সদস্য ডাঃ মানস ভূইএগ্রা আন্তর্জাতিক প্রেক্ষাপটে, জাতীয় প্রেক্ষাপটে কেন দেওয়া হয়েছে, তার জন্য আপত্তি। অথচ ওদের দলের নেতারা এখন বলছেন সারা বিশ্বকে এক করে দিছে না। উনি বলেছেন মনমোহন সিং এর নেতৃত্বে এই ঋণ না কি আগে শোধ করা হবে। কিন্তু ৪০ টন যে সোনা আমাদের দেশ থেকে বিদেশের ব্যাক্ষে জমা আছে, সেটার কি হল? এই যে আমাদের টাকা উদ্বন্ত বলা হয়েছে, আমি ঋণ নিচ্ছি, ঋণ শোধ করে আবার ঋণ নিচ্ছি, সেই টাকাটাও যুক্ত হয়। তাহলে আমাদের ফরেন এক্সচেঞ্জ ভাল হবে এটা নাকি ওদের কৃতিত্ব। আর বলছেন কী, ডাঙ্কেল গ্যাট ইত্যাদি বলা হয়েছে, এতে ওদের আপত্তি। কথা হচ্ছে চক্তি তো এখনও সাক্ষর হয়নি।

## [5-35 — 5-45 p.m.]

প্রথম কথা হচ্ছে চুক্তি এখনো সই হয়নি, কিন্তু চুক্তির যে শর্তগুলি আছে ইতিমধ্যেই তা কার্যকর করতে শুরু করা হয়েছে। আমি বিরোধীদের জিজ্ঞাসা করছি, এটা কি বলা হয়নি যে বিদেশ থেকে যে সমস্ত জিনিস এখানে এনে বিক্রি করা হয় তার ওপর থেকে সমস্ত রক্ম বিধি-নিষেধ উঠিয়ে ট্যাক্সের হার কমিয়ে দেওয়া হয়েছে? এটা নাকি খুব ভাল কাজ য়েছে, এর মধ্যে দিয়ে আমাদের উৎকর্ষতা আসবে, এটা মানস ভূঁইএগ্রা বলছেন। অথচ ওঁরা খেতে পারছেন যে, ওঁরা ওঁদেরই একজন শ্রজ্যের নেতা পণ্ডিত জওহরলাল নেহেরুকে কিভাবে অসম্মান করছেন। পণ্ডিত জওহরলাল নেহেরু যখন প্রথম ভারতবর্ষের শিল্পনীতি, বাণিজানীতি, কৃষিনীতি ঘোষণা করেছিলেন তখন কতগুলি সিদ্ধান্ত করেছিলেন যে, যে জিনিস আমাদের দেশে উৎপন্ন হয়, সে জিনিস আমরা বিদেশ থেকে আনতে দেব না, আমাদের আম্মনির্ভরশীল হতে হবে। আজকে ওঁরা কেউ ওকথা আর বলছেনা, ঐ নীতির সঙ্গে এবং দেশের সঙ্গে বিশ্বাসঘাতকতা করছেন। অথচ এ কথা বলারও ওঁদের সাহস নেই যে, ঐ নীতি ছূল ছিল, আমরা তা সংশোধন করছি। একথা বলারও ওঁদের সাহস নেই, কারণ ওঁরা বিশ্বাসঘাতক। অবশ্য আমরা ওঁদের কথা এবং কাজের মধ্যে কোন মিল নেই। ওরা অনেক শম্ম, অনেক ভাল কথা বলেন. কিন্তু কার্যক্ষেত্র তা পালন করেননা। বর্তমান প্রধানমন্ত্রী

[5th April, 1994]

নির্বাচনের সময় বলেছিলেন—১০০ দিনের মধ্যে জিনিসের দাম কমিয়ে দেবেন। বাস্তবে কি **२'न** ? क्यालन, ना वाजालन ? वलिছिलन—> वहारत यापा धक कांग्रियानायत हाकति দেবেন। খব ভাল কথাই বলেছিলেন। কিন্তু চাকরি দিলেন না কেন? উপ্টে ১০০ কল-কারখানা বন্ধ করে দিলেন, আরো বেশি মান্য বেকার হয়ে গেল। কংগ্রেস অনেক রকম কথা বলে—বিধানসভার সভার ভেতরে এক কথা বলে, বাইরে আর এক রকম কথা বলে। মাননীয় সদস্য মানস ভূইএগাঁ বললেন,—পি. এম. আর. ওয়াই প্রকল্পের কী হ'ল? এটার সম্বন্ধে বাজেট ভাষণের মধ্যে পরিষ্কার উল্লেখ করা আছে। অথচ ওঁদের বাজেট ভাষণ পড়ারও সময় নেই। আমরা বলেছি, আমাদের টার্গেট ছিল ৪৫৮৫-টি, সেখানে আমরা ৫৪১৮-**টি স্পন্সর করেছি। তারপর উনি বললেন.—কেবলমাত্র শহর এলাকা**য় করলেন কেন? উনি জানেনা যে, এটা গত বছর শুধ পৌর এলাকার মধ্যেই সীমাবদ্ধ রাখার কথা ছিল। তারপর আমরা ৫,০০০ পাঠিয়েছিলাম, মাত্র ৫৩০-টাক্সাল করেছিল এবং ব্যাঞ্ক দিলো কটা ? মান দটো। এতে ওঁদের লজ্জা করা উচিত। এখন উনি বলছেন আমাদের সঙ্গে এক সঙ্গে ওঁরাও ব্যাংকের বিরুদ্ধে লড়াই করবেন। মনমোহন সিং তো ওঁদেরই নেতা, তাঁর বিরুদ্ধে লড়াই করবেন কেন? তাঁদের নেতা তো ওঁদের পছন্দ অনুযায়ি কাজ করবেন! কেন ব্যাস্ক দিচ্ছেনা সেটা তার কাছে গিয়ে জিজ্ঞেস করুন। তবে আপনাদের নিয়ে আমরা কোনও আন্দোলন করবনা, বিশ্বাসঘাতকদের নিয়ে আমরা আন্দোলন করবনা। বাাঙ্গ পশ্চিমবঙ্ক থেকে টাকা ওয়ে নিয়ে চলে যাচ্ছে মহারাষ্ট্র, দিল্লী, গুজরাটে। এখানে কোন বিনিয়োগ করছেনা। সে জনাই **আমরা আমাদের নিজম্ব ব্যাঙ্ক করার কথা বলছি। আমরা আমাদের নিজম্ব ব্যাঙ্ক করব এবং** পশ্চিমবঙ্গ -বাসীদের বলব যে, আপনারা আমাদের ব্যাস্কে টাকা জমা দিন, দিল্লীর ব্যাস্কে টাকা জমা দেবেন না।

এখন এই কেন্দ্রীয় বাজেটের মধ্য দিয়ে ৪০০টি দ্রব্য যার উপর কোন ট্যাক্স ছিল না সেই ৪০০টি দ্রব্যের উপর নতন ট্যাক্স বসালেন। শুধু তাই নয়, পেট্রোল, ডিজেল ইত্যাদির দাম বাডিয়ে, পরিবহনের খরচ বাডিয়ে দিলেন বিদেশ থেকে যে সমস্ত জিনিস আসবে তাদের উপর ট্যাক্স কমিয়ে দেওয়া হল। যাতে তারা ভালভাবে ভারতীয় বাজার দখল করতে পারে। **একদিকে পরিবহনের খরচ বাডিয়ে দিল, কাঁচামালের দাম বাডিয়ে দেওয়া হল। শুধু তাই** নয়. নতুন এক্সাইজ ডিউটি করলো। এমন সমস্ত শিল্প আছে যেখানে বিদ্যুৎ ব্যবহার হয়না, সেই শিক্ষের উপর কোন কর ছিল না, এবার কর বসানো হয়েছে। কেন? বিদেশীদের স্বার্থে প্রতিযোগিতা তারা যাতে করতে পারেন সেইজন্য দাম বাডিয়ে এমন জায়গায় নিয়ে আসা হল ভারতীয় শিল্পের দ্রবাণ্ডলিকে যাতে বিদেশে বাজার করতে পারে। এই সামান্য বৃদ্ধি বিরোধীদলের নেতাদের নেই। দাসত করতে করতে সমস্ত বিবেকবদ্ধি জলাঞ্জলি দিয়েছে, বৃদ্ধিবৃত্তি জলাঞ্জলি দিয়েছে। এরপর আমাদের মাননীয় সদস্য শ্রী অজয় দে কিছ কথা বলেছেন। তিনি বলেছেন, সাবসিডি বন্ধ করে দেওয়া হয়েছে। কিন্ধ ওনারা জানেন না, দিল্লীর সরকার একটা স<sup>মরে</sup> সাবসিডি দিত। ভারত সরকারের সাবসিডি আর আমাদের সাবসিডি মিলিয়ে দেওয়া <sup>হতো।</sup> শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন সেই সাবসিডি দেওয়া তলে দিল। ঐ <sup>কংগ্রেস</sup> দল এটা তলে দিলো। যে দল আজকে বলছে সাবসিডি দেয় না, সেই দলই তলে দিয়েছেন। কিন্তু আমরা সাবসিডি দিয়েছি এবং এখন দিচ্ছি। এ বছর আমরা ৩ কোটি ২৮ লক্ষ <sup>৫৫</sup> হাজার টাকা সাবসিডি দিয়েছি এবং এই সাবসিডি দেওয়ার ব্যাপারে অতি ক্ষদ্র শিল্পণ্ড<sup>নিকে</sup> অগ্রাধিকার দিয়েছি। আজকে ক্ষুদ্র শিল্প বলতে ৬০ থেকে ৭২ লক্ষ টাকা প্ল্যান্ট মেশিনারি যাদের আছে তাদের ক্ষুদ্র শিল্প বলা হচ্ছে। কিন্তু সেগুলি মাঝারি শিল্প, তাদের কিন্তু <sup>কুলু</sup> শিল্প বলা হচ্ছে। আমরা সাবসিডিতে অগ্রাধিকার দিচ্ছি অতি ক্ষুদ্র শিল্পগুলিকে। এটা <sup>কি খুব</sup>

অন্যায় করা হয়েছে? ওরা সাবসিডি তুলে দিল আর আমরা সাবসিডি তুলে দিছি। তারপর সুতোর ফাটকাবাজির কথা বলেছেন। হাঁা, এটা ঠিকই বলেছেন। সুতোর ফাটকাবাজি সারা ভারতবর্বে হয়, তুলোর ফাটকাবাজি হয়। সুতোর ফাটকাবাজি বন্ধ করার জন্য তন্তুজ এবং তন্তুজ্ঞীকে বলা হয়েছে—আমাদের ৬টি ম্পিনিং মিল আছে—সমস্ত সুতো এবং তন্তুজ্ঞী বিক্রিকরবে, কোন ফাটকাবাজিতে যাবে না। এখন শুনে কংগ্রেসিরা হয়তো দুঃখিত হবেন। তারপর রেজিস্ট্রেশনের কথা বলেছেন। রেজিস্ট্রেশন করতে গেলে নাকি অনেক গণ্ডগোল হয়। আমি বলছি, এখন কেউ যদি প্রভিশন্যাল রেজিস্ট্রেশন করতে চায় তাহলে ৭ দিনের বেশি দেরি হওয়ার কথা হয়। কোন মাননীয় সদস্য যদি বলেন, ৭ দিনের বেশি হয়েছে এইরকম ঘটনা ঘটেছে তাহলে আমাকে জানাবেন। আমি সেই অফিসারের শান্তি দেব। প্রভিশ্যনাল রেজিস্ট্রেশন করতে বন্ধি খরচের দরকার নেই। যে যাবে তাকেই করে দিতে হবে।

#### [5-45 — 5-55 p.m.]

যা বলছিলাম তা করতে হবে এবং ৭ দিনের মধ্যে রিপোর্ট পাওয়া যাবে। মাননীয় সদস্যদের যদি কোনও অভিযোগ থাকে দেবেন, আমরা নিশ্চয় দেখব। এই যে সমবায়ের কথা বলছেন, আমি কফ্ষনগরে বলে এসেছিলাম যে সমবায়ের মধ্যে দর্নীতি আছে, এগুলি বন্ধ করার জন্য চেষ্টা করবেন, বাজেট ভাষণটা পড়েন নি. ১৬১টি সমবায়কে ব্র্যাক লিস্টেড করা হয়েছে. আমি দপ্তরের দায়িত্বে আছি. একটাও ব্ল্যাক লিস্টেড ছিল না. ১৬১টি সমবায়কে ধরা হয়েছে, যে ১৬১টি ব্রাক লিস্টেড হয়েছে তার মধ্যে আপনাদের দলের লোকও আছে। আর একটি কথা বলেছেন আমরা নাকি পেনসন নিয়ে গণ্ডগোল করছি, একজন কযক, কি একজন তাঁতি সারাজীবন দেশের জন্য কাজ করল, শেয জীবনে তাদের যখন কেউ নেই তখন ভিক্ষাবৃত্তি না নিয়ে যদি তাঁরা বেঁচে থাকতে পারে তারজন্য পেনসনের ব্যবস্থা করা হয়েছে। যে চাষি চাষ করে দেশকে খাওয়াল, যে তাঁতি তাঁত বুনে কাপড় জোগাল তাদের যদি কেউ না থাকে তাহলে কি তারা অনাহারে থাকবে? এতে আপত্তির কি আছে? আপত্তি বা সমালোচনা যে জন্য সেটা আমরাও বলি নিয়মিত টাকাটা দিতে হবে। কিন্তু এ ব্যাপারে ক্রটি আছে এবং নিশ্চয় এটা দেখা উচিত। আমাদের আদিবাসি নেতা বলে যিনি পরিচিত হন. মাননীয় সদস্য শ্রী নরেন হাঁসদা উনি অনেকগুলি কথা বললেন, বাবই ঘাসের দড়ি, এই বাজেট ভাষণে আছে, কি করা হয়েছে না হয়েছে, সেটাও বোধহয় শেয নয়. অথচ ঐ বাবুই মাস নিয়ে দড়ি করা সব আদিবাসীই জানে এবং করে থাকে। আদিবাসীদের প্রতিনিধি রূপচাঁদ ারেনকে নিয়ে কমিটি করা হয়েছে, যদি ঐ কমিটিতে বিরোধীদলের কেউ আসতে চান তাঁকে াদিরে নেওয়া হবে, কিন্তু এই বাবুই না সাবুই দিয়ে যারা দড়ি তৈরি করে তাদের ৫০টা ্রাম্ব দেওয়া হয়েছে। মেয়েরা হাত দিয়ে কাজ করে, হাত কেটে যায়। লাক্ষা চাষও বেশিরভাগ <sup>মাদিবা</sup>সিরা করে থাকে. তার জন্য কি করা হয়েছে, বাজেট ভাষণটা একটু পড়ে শোনান <sup>ারকার।</sup> তাদের ২৯৯৬২ কে.জি. বীজ বিতরণ করা হয়, শুধু তাই নয় এই যে চাষ হয়, <sup>1ই</sup> চাষের মধ্যে আদিবাসি যারা তসরের চাষ করে অর্জন, শাল গাছে হয় আদিবাসিদের <sup>রাতির</sup> জন্য ৮৭১ একর পতিত জমিতে অর্জুন বোনা হচ্ছে। বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া <sup>এড়তি</sup> জায়গায় এটা করা কয়েছে, এটা পথ মনে করেন না, সমালোচনা করবেনই এই <sup>য়</sup> তুঁত চায় করা হয়, তুঁত চায়ে আমাদের শিল্প যেমন অপ্রগতি হচ্ছে না, হবে কি করে? <sup>মাজকে</sup> যদি ৪ লক্ষ কল-কারখানা বন্ধ হয় এখানে যে নীতি করা হয়েছে তাতে ৮০ ভাগ <sup>গতি</sup> কাজ বন্ধ করে বসে আছে. তাদের তাঁত চলছে না, যেমন পাওয়ারলুম তারা আমাদের <sup>দছে</sup> নোটিশ দিয়েছে ৭ তারিখ থেকে লাগাতার মিল বন্ধ করে দেবে, আবার শ্রমিকরা এসে <sup>নিল্</sup>ছে আমরা কি করব? তাদের বিধানসভায় ডাকা হয়েছে। ডিটারজেন্ট পাউডার থেকে

আরম্ভ করে সমস্ত জিনিসের উপর এক্সাইজ ডিউটি বাড়ান হল, আমরা পশ্চিমবঙ্গে কমিয়ে দিয়েছি। যেটা না হবে ৯০ ভাগ টাকা দেওয়া হবে, অন্যান্য জায়গায় টাকা কমাতে হয়েছে, আমাদের টাকার প্রয়োজন আছে ঘাটতি বাজেট করতে হচ্ছে। তা সত্ত্বেও দিল্লীতে যে অবস্থা তাতে শিল্পগুলি উঠে যাবে। তুঁত, রেশম, লাক্ষা তসর এসব চাষ করতে আমাদের গ্রামের মধ্যে চলে যেতে হচ্ছে।

বর্তমান কল-কারখানায় সাংঘাতিক অবস্থা। ঐসব কারখানাগুলির অনেকগুলোর ইউনিয়ন সি. পি. এম.-এর নয় এবং তারমধ্যে কংগ্রেসের ইউনিয়নও আছে। আজকে তারা সবাট অভিযোগ করছেন—আমাদের কারখানা উঠে যাবে। ক্ষদ্রশিল্প এবং হস্তশিল্পের প্রয়োজনীয় যে র'মেটিরিয়ালস তা সরবরাহ করে থাকেন ডব্র. বি. এস. আই. সি., কিন্তু দিল্লীর সরকার এমন নীতি ঘোষণা করেছেন যার ফলে সমস্ত প্রকার জিনিসপত্রের দাম বেডে গেছে এবং তারফলে প্রয়োজনী কাঁচামাল তারা সরবরাহ করতে পারছেন না. কারণ ডব্ল. বি. এস. আই. সি বাজার থেকে কিনে এনে ঐসব কাঁচামাল সরবরাহ করে থাকেন। তবে হস্তশিল্পের স্বার্থ আমরা দেখছি। আমরা তাদের আধনিক যন্ত্রপাতি দিয়ে সাহায্য করছি। কলকাতায় প্রতি বছর হন্তশিল্প মেলা হয়, কিন্তু সেখানে একজন কংগ্রেসি নেতাকেও যেতে দেখি না, কিন্তু আমরা নানাভাবে ঐসব কটির শিল্পকে বাঁচাবার চেষ্টা করছি আজকে সারা ভারতবর্ষে তাঁতশিল্পকে ওরা শেষ করে দিয়েছেন, পশ্চিমবঙ্গে আমরা কোনরকমে এই শিল্পকে বাঁচিয়ে রেখেছি। কিছুদিন আগে অদ্ধ্রপ্রদেশে সাতজন তাঁতি আত্মহত্যা করেছেন। এখানে এখনও কেউ আত্মহত্যা করেননি. তবে দিল্লির সরকার সেই চেস্টাই করছেন যাতে তারা আত্মহত্যা করতে বাধ্য হন। আজকে তারা বিদেশি পুঁজিপতির দালালি করছেন, ভাতবর্ষের গণতন্ত্র ধ্বংস করছেন। আজকে ডাঞ্চেল প্রস্তাবে সই করতে চাওয়া হচ্ছে। ঐ চুক্তিতে সই করলে আমাদের কষি, শিল্প, ব্যবসা-বাণিজ্য—স্বকিছু ধ্বংস হবে, দেশের স্বাধীনতা বিপন্ন হবে। যারা এর বিরুদ্ধে প্রতিবাদ জানাতে দিল্লিতে গিয়েছিলেন তাদের উপর টিয়ার গ্যাস. জল কামান দাগা হয়েছে. তাদের সেখানে মিটিং করতে দেওয়া হয়নি আজকে আমাদের দেশের সার্বভৌমত্ব, দেশের গণত্ত্ব বিপন্ন। আজকে কৃটির শিল্পী লডাই এবং শ্রমিক-কর্মচারিদের লড়াই—এটা একই লড়াই। আমি তাই এই বিলের উপর আনিত সমস্ত কাট মোশনের বিরোধিতা করছি এবং সমস্ত সদস্যদের কাছে অনুরোধ করে আমার উত্থাপিত দাবিকে সবাই সমর্থন করুন।

The motion of Shri Abdul Mannan that the amount of the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 80,91,27,000 be granted for expenditrue unde Demand No. 73 Major Heads: "2851—Village and Small Industries (Excluding Public Undertakings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertaking) and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings)"—(This is inclusive of a total sum of Rs. 26,97,20,000 already voted on account in March, 1994), was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5.56 p.m. till 11 a.m. on Wednesday, the April 6, 1994 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 6th April, 1994 at 11.00 a.m.

#### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the chair 11 Ministers, 7 Ministers of State and 138 Members.

[11-00-11-10 a.m.]

...(Noise and Interruption)..

Mr. Speaker: Mr. Rabin Mondal, what is your matter?

#### POINT OF INFORMATION

শ্রী রবীন মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল দিল্লিতে বামপন্থী ফ্রন্টে ৫৬টি সংগঠনের ডাকে গ্যাট চুক্তি, যেটা আমাদের দেশের সার্বভৌমত্ব, আমাদের দেশের স্বাধীনতা, মর্যাদা বিকিয়ে দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকার আমেরিকার কাছে দায়বদ্ধ, তার বিরুদ্ধে দেশের মানুষকে স্বয়ংসম্পূর্ণ এবং স্বয়ংভর করার জন্য লক্ষ লক্ষ মানুষ দিল্লিতে প্রতিবাদ জানিয়েছিল গণতান্ত্রিক পদ্ধতিতে। কিন্তু সেখানে দিল্লির কেন্দ্রীয় সরকার নির্মমভাবে লাঠি চার্জ করে, কাদানে গ্যাস ছুঁড়ে শত শত মানুষকে আহত করেছে, সেখানে এম.এল.এ. এবং এম.পি.-রা আহত হয়েছেন এবং কত যে এ্যারেষ্ট হয়েছে সেটা আমাদের জানা নেই। আমাদের রাজ্যের মানুষ তার সাথে বিভিন্ন রাজ্যের মানুষ থারা গণতন্ত্রে বিশ্বাস করে তারা গণতান্ত্রিক পদ্ধতিতে সেখানে প্রতিবাদ করেছিল। দিল্লির সরকার স্বৈরতান্ত্রিক পথে তার প্রতিরোধ করার চেন্টা করেছে। আরও একটা ব্যাপার স্যার আপনার দৃষ্টি আকর্ষণ করিছি। দুরদর্শনে এই রকম একটা সংবাদ—গণতান্ত্রিক পদ্ধতিতে লক্ষ লক্ষ মানুষ প্রতিবাদ জানাচ্ছি—সম্প্রচার করলো না। অথচ বি.বি.সি.তে প্রধান নিউজ হিসাবে সেখানে দেখানো হয়েছে। এই দুরদর্শনকে কেন্দ্রীয় সরকার দলীয় কাজে প্রচার করছে। আমি এর তীর প্রতিবাদ জানাচ্ছি। কেন্দ্রীয় সরকারের এই নির্মম আক্রমণের বিরুদ্ধে, দেশের মানুষ সোচ্চার হচ্ছে।

শ্রী সূবত মুখার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সর্বস্তরে গোলোযোগ দেখতে পাচ্ছি।

আপনি নিজে চেয়ার থেকে বলছেন আইন নিজের হাতে তুলে নাও। সেই রকম দিল্লিতে

গিয়ে তান্ডব করতে চেয়েছিলেন। তার পরিণতি হিসাবে আজকে এই সব ঘটনা ঘটছে। সরকার পক্ষ থেকে যে আন্দোলনের কথা বলছেন সেই সরকার হরিহরপাড়া থেকে শুরু করে গত ২৬ তারিখ পর্যন্ত নির্বিচারে গুলি চালিয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার গুলি চালায় নি। কিন্তু এই সরকার প্রতিটি জায়গায় গুলি চালিয়েছে। প্রতিটি দাবি-দাওয়ার ভিত্তিতে লে-অফ ল্যান্ড মেনে আন্দোলন করতে হবে। কেন্দ্রীয় সরকার বলেছিল ওই দিন জমায়েত হবে না। এই রকমভাবে বি.জে.পি. জমায়েত করতে গিয়েছিল, তখন কেন্দ্রীয় সরকার জল কামান এবং কাঁদানে গ্যাস দিয়ে সেই অবৈধ সমাবেশের মোকাবেলা করেছিল। তখন আপনারা বাচবা দিয়েছিলেন প্রধানমন্ত্রীকে। আজকে সেই অবৈধ সমাবেশ একই কায়দায় মোকাবেলা করা হল কোনও গুলি চলেনি, কেউ মারা যায় নি, তবুও রাজঘাট তছনছ করেছে, গাদ্ধীজীর শৃতি সৌধ তছনছ করেছে এবং বহু স্মৃতি সৌধ তছনছ করেছে। প্রায় শতাধিক পুলিশকে সেখানে হাসপাতালে ভর্তি করতে হয়েছে। সতরাং ল অব দি ল্যান্ড মেনে আন্দোলন করতে হবে। আমরা এমন কিছু করতে দিতে পারি না যাতে দেশের রাজধানীর প*ে*∻ লজ্জাজনক হয়। গতকাল দিল্লির বুকে যা হয়েছে তা গোটা দেশের লজ্জা। ওঁদের গতকালের আন্দোলন ছিল আনরুলি এবং তা ছলিগ্যানের পর্যায়ে চলে গিয়েছিল। গতকালকের যে আন্দোলন ছিল তা প্রকৃতপক্ষে আন্দোলন ছিল না, তা ছিল হঠকারিতা। তার বিরুদ্ধে কেন্দ্রীয় সরকার যে ট্রেপ নিয়েছে সেটাকে আমি সঠিক বলে মনে করি।

শ্রী রবীন দেব ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল দিল্লিতে বামপন্থী গণসংগঠনের পক্ষ থেকে দেশের সার্বভৌমত্ব রক্ষার জন্য যে সমাবেশের ডাক দিয়েছিল, সেই সমাবেশের উপরে কিছুই পুলিশ করেনি বলে একটু আগে মাননীয় সদস্য সুব্রতবাব যা বললেন তা ঠিক নয়। সমাবেশের ডাক দেওয়া হয়েছিল অনেক আগে থেকে। সেখানে ১৪৪ ধারা জারি করে দেওয়া হয়েছিল। ওঁদের অন্তত এটা জানা দরকার যে রাজঘাটে গান্ধীজীকে সমাধিত করা হয়েছে, সেই রাজঘাটে স্বাধীনতা সংগ্রামীরা ব্রিটিশদের বিরুদ্ধে এবং পর্তুগীজদের বিরুদ্ধে লডাই করে রক্ত ঝরিয়েছিলেন। গতকাল কেন্দ্রীয় সরকার সেই রাজঘাটে দেশের মানুযের উপরে আক্রমণ করে রক্ত ঝরিয়েছে। আমাদের বিধানসভার সদস্য মাননীয় সুভাষ <sup>বসু</sup>. মহম্মদ সেলিম এবং দীপঙ্কর মুখার্জি গতকালকের সমাবেশে অংশ নিয়েছিলেন। তাঁদের উপরে ওরা আক্রমণ চালিয়েছে। এই আক্রমণ শুধু বামপদ্বীদের উপরেই নয়, এই আক্রমণ গোটা ভারতবর্ষের গণতান্ত্রিক ব্যবস্থার উপরে আঘাত। তাই আমরা এর বিরুদ্ধে ধিক্কার জানাচ্ছি। গোটা দেশের গ্যাট চুক্তির বিরুদ্ধে যেভাবে সোচ্চার হয়েছিলেন এবং কেন্দ্রীয় সরকার তাঁদের উপরে যা করেছেন, মিটিং মিছিল বন্ধ করে দিয়ে, আমরা তার বিরুদ্ধে প্রতিবাদ জানাই। আমরা অবাক হয়ে লক্ষ্য করেছি যে দুরদর্শন এবং আকাশবানী গতকালকের ঐ সমা<sup>বেশকে</sup> ঠিকভাবে সম্প্রচার করেনি। বি.বি.সি.তে তা দেখানো হয়েছে। গোটা বিশ্ব এটা দে<sup>খেছে।</sup> এটাকে ওরা চেপে যেতে পারেনি। আমরা এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমার আবেদন, আপনি খোঁজ নিন। এই সভার যেসব সদস

সেখানে গিয়েছিলেন, সুভাষ বসু এবং আরও অনেক বিধায়ক গিয়েছিলেন, তাঁদের মধ্যে যারা আহত হয়েছেন, তাঁদের বিষয়ে আপনি খোঁজ নিন।

শ্রী সত্যরঞ্জন বাপুলি : যে বিষয় এখানে উত্থাপিত হয়েছে, সেই বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। যে কোনও আন্দোলন হোক, গণতান্ত্রিক আন্দোলন করার অধিকার প্রত্যেকের নিশ্চয়ই আছে। গণতন্ত্রের স্বার্থে যদি সেই আন্দোলন হয় তবে তা অবশাই গ্রহণযোগ্য। কিন্তু গণতান্ত্রিক আন্দোলন যদি রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্য হয়, তা কথনই গ্রহণযোগ্য হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার কাছে বলি, এই কথাটা কারা বলছেন, না যাঁরা গণতান্ত্রিক আন্দোলনে এস.ইউ.সি.এর উপরে গুলি চালিয়েছে। কারা এই কথা বলছে, না যারা কংগ্রেসের গণতান্ত্রিক আন্দোলনকে রুখতে গিয়ে আমাদের সমর্থকদের উপরে গুলি চালিয়ে ১২ জনকে মেরেছে এবং ৮৬ জনকে জখম করেছে। এই কথা কারা বলছে, না যারা বারাসতের বুকে গণতান্ত্রিক আন্দোলনে আমাদের সমর্থকদের উপরে গুলি চালিয়ে ৪৬ জনকে জখম করেছে এবং একজনকৈ হত্যা করেছে। আজকে তাদের মুখে এই কথা শুনলে হাসি পায়। গতকাল দিল্লির বুকে পুলিশ লাঠি চার্জ করেছে। দিল্লির পুলিশকে ধন্যবাদ দিন। তারা মানুযকে দেখিয়ে দিয়েছে জ্যোতি বসুর সরকার যখন গণতান্ত্রিক আন্দোলনের উপরে গুলি চালায়—তখন তারা সেখানে জল কামান চালিয়ে বে-আইনী আন্দোলনকে মোকবিলা করে। আপনাদের গতকালকের আন্দোলন ছিল বে-আইনী।

#### [11-10-11-20 a.m.]

ওরা গিয়েছিলেন সেখানে গন্ডগোল করতে, গিয়েছিলেন দিল্লি দখল করতে, সেখানে নরসিমা রাও এর সরকারকে আঘাত করার জন্য, তাদের প্রতি যেটা করা হয়েছে, সেটা কিছুই করা হয়নি।

শ্রী শান্তি রঞ্জন গাঙ্গুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুবই দুঃখের এবং পরিতাপের বিষয় কেন্দ্রীয় সরকার শিল্পনীতি বাণিজ্যনীতি ও শুব্ধনীতি বসানোর মধ্যে দিয়ে ডাঙ্কেল চুক্তির প্রয়োগ প্রমাণ করতে চাচ্ছে, তার প্রতি ধিকার জানানোর জন্য গতকাল ৫ই এপ্রিল দিল্লিতে বামপন্থী দলগুলি বামপন্থী শক্তিগুলি যে ঐক্যবদ্ধভাবে সেখানে মিছিল পরিচালিত করতে গিয়েছিল ডাঙ্কেল চুক্তির প্রতিবাদে সেখানে তাদের উপরে যে ভাবে নির্মমভাবে কাঁদানে গ্যাস, জল কামান ব্যবহার করে তাদের উপর আক্রমণ করা হয়েছে তার প্রতি আমি ধিকার জানাছি। স্যার, দেশের মানুষকে সর্বনাশের দিকে ঠেলে দেওয়ার জন্য এই কংগ্রেস আই সরকার সচেষ্ট হয়েছে, আগামী ১৫ তারিখে ডাঙ্কেল প্রত্তাবকে কার্যকর করার জন্য যে প্রচেষ্টা চলছে তার প্রতি ধিকার জানানোর জন্য যে সমস্ত সাংসদ, পলিটিক্যাল লিডার, এম.এল.এ., এম.পি.রা সেখানে নিগৃহীত হয়েছে তাদেরকে ধরা হয়েছে তাদেরকে ছাড়াবার জন্য আমি অনুরোধ করছি।

[6th April, 1994]

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, ভারতবর্ষের গণ আন্দোলনের ইতিহাসে একটা কলন্ধিত নজীর হিসাবে ৫ই এপ্রিল, ৯৪ এর তারিখটা লেখা থাকবে। গতকাল ভারতবর্ষের এই টাটা, বিড়লা, আম্বানী যারা রয়েছে এই ধনকুবের গোন্ঠীর স্বার্থে ভারত সরকার, রাও সরকার ঐ কুখ্যাত ডাঙ্কেল চুক্তি গ্যাট চুক্তিতে সই করে আই.এম.এফ., ওয়াল্র্র ব্যাঙ্ক এর নির্দেশে যেভাবে নয়া নীতির দ্বারা গোটা দেশকে এবং দেশের সমস্ত শ্রেণীর মানুষকে তারা বিপদসঙ্কুল অবস্থার দিকে ঠেলে দিয়ে দেশের মানুষকে পথে নামিয়েছে আজকে তার বিরুদ্ধে ভারতবর্ষের সমস্ত সর্বভারতীয় গণ সংগঠনগুলির যে ঐতিহাসিক মঞ্চ ৬০টি সংগঠনের ঐতিহাসিক মঞ্চ-এতে গোটা দেশের শ্রমজীবী মানুষ, খেটে খাওয়া মানুষরা আছে—তারা ঐক্যবন্ধভাবে সেই চুক্তির প্রতিবাদে এক মহামিছিলে সেখানে সামিল হয়েছিলেন। সেই মিছিলকে যে ভাবে রাও সরকার, নির্মমভাবে অত্যাচার চালিয়েছে, টিয়ার গ্যাস চালিয়েছে, ঘোড় সওয়ার চালিয়েছে, তার ফলে সেখানে ৫ শতাধিক মানুষ সেখানে আহত হয়েছে। তার প্রতি আমি ধিকার জানাচ্ছি, ঐক্যবন্ধ জনগণের উপর তারা যে ভাবে আক্রমণ চালিয়েছে, এতে রাও সরকারের অমোঘ সূচনা করে।

শী শান্তশ্রী চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল যে ঘটনা ঘটেছে সেই ঘটনার ব্যাপারে আমি গভীরভাবে উদ্বিগ্ন। ভারতবর্ষের রাজধানী দিল্লিতে যখন লক্ষ লক্ষ মানুষ সমবেত হয়েছিলেন শান্তিপূর্ণভাবে, তারা পার্লামেন্ট দখল করতে যাননি, কোনও নেতা **एमकि पिरा यत्नानी भानीरमण्डे पथन करता, भूनिभरक मारता, আইनमुख्या ভार्छा, मा**स्थिर्श्वार বিক্ষোভকারীরা সেখানে গিয়েছিল, সেখানে বিভিন্ন নেতৃবৃন্দ ছিলেন, পার্লামেন্টের এম.পি., এ্যাসেম্বলীর এম.এল.এ., ট্রেড ইউনিয়ন লিডাররা ছিলেন কৃষকরা ছিলেন, সেখানে কেন্দ্রীয় সরকার তারা ভয়ঙ্করভাবে এই মিছিলের উপর আক্রমণ করেছে, ওখানে মিটিং করার জন্য পারমিশান চাওয়া হয়েছিল, কিন্তু তারা পারমিশান দেয়নি। পশ্চিমবাংলায় কেউ মিটিং করতে চাইলে তার পারমিশান দেওয়া হয় না-এরকম ঘটনা কি আছে? অথচ এখানে মিটিং-এর পারমিশান চাওয়া হয়েছিল এবং এরজন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দেখাও করা হয়েছিল কিন্তু সেই পারমিশান দেওয়া হয়নি। সেখানে বিভিন্ন গণসংগঠনের নেতবন্দ সহ পার্লামেন্টের বহু মেম্বারও ছিলেন এবং তারা অনুরোধ করেছিলেন যে ভারতবর্ষের সব রাজ্য থেকে লক্ষ লক্ষ মানুষ আসবেন, বিভিন্ন গণসংগঠন আসবেন—ওদেরও অনেক লোক তো আমাদের অনেক দাবি সমর্থন করেন-কিন্তু সেই অনুমতি দেওয়া হয়নি। স্যার, সেই মিছিলে যেভাবে নির্দক্ষি ও বেপরোয়াভাবে লাক্সমণ করা হয়েছে তা আমরা কিছতেই বরদান্ত করতে পারি না। আমার আবেদন আপনি এ ব্যাপারে তদন্ত করুন কারণ আমাদের অনেক এম.এল.এ.ও সেখানে অর্থাৎ দিল্লিতে গিয়েছেন। সেই সমস্ত বিধায়কদের স্বাস্থ্য সম্পর্কে আমরা উদ্বিগ্ন। এ বিষয়ে আপনি আমাদের ইনফর্ম করার ব্যবস্থা করুন।

শ্রী সাধন পাতে: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানতাম যে বামপত্থীরা গণতান্ত্রিক আন্দোলন করেন কিন্তু গতকাল এরা দিল্লিতে যা করলেন তা আমরা শুনেছি। দিল্লি অঞ্চলে ওদের লোকজন কম তাই গেরিলা ট্যাকটিসে একটা নতুন পদ্ধতিতে ওরা আন্দোলন করতে চাইলেন এবং সংসদে জাের করে ঢােকবার চেষ্টা করলেন। এইভাবে তারা বিভিন্ন জারগা জ্বরদখল করে আক্রমণ করার চেষ্টা করলেন। দিন্নির সরকার যা করেছে যথেষ্ট করেছে, ভাল কাজ করেছে, যেটা করা দরকার তাই করেছে। স্যার, গ্যাট চুক্তি নিয়ে কথা বলছেন কিন্তু সংসদে যখন এই গ্যাট চুক্তি নিয়ে আলােচনা হচ্ছে তখন আমরা দেখেছি সেখানকার বিরোধী সংসদ সদস্যরা ঘুমাচ্ছেন। স্যার, লজ্জার কথা যে তারা ঘুমাচ্ছেন। আমরা বামপদ্থীদের বলি, এইভাবে রাস্তাঘাটে ইট মেরে আন্দোলন বা প্রতিবাদ করবেন না। বােকাের্স নিয়ে তাে সংসদ কাঁপিয়ে দিয়েছিলেন এবং কেন্দ্রীয় সরকারে বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছিলেন, কিন্তু তার কি ফল হয়েছিল তা তাে আপনারা জানেন। সাহস থাকে এবারও রাও সরকারের বিরুদ্ধে এ স্থাপারে অনাস্থা প্রস্তাব আনুন, আলােচনা হােক, দেখুন কি হয়। রাস্তাঘাটে এইভাবে গভগোল করবেন না। কেন্দ্রীয় সরকার সঠিক কাজই করেছেন।

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল ৫ তারিখে ভারতবর্ষের রাজধানী দিল্লির বুকে যে নারকীয় ঘটনা ঘটে গেল ভারতবর্ষের ইতিহাসে চিরকাল তা কালা দিবস হিসাবে পালিত হবে বলে আমি মনে করি। গ্যাট চুক্তি সম্পাদিত হলে বা ডাঙ্কেল প্রস্তাব রূপায়িত হলে ভারতবর্ষের শিল্প ও বাণিজ্যের উপর শুধু আঘাত আসবে তাই নয় ভারতবর্ষের সার্বভৌমত্বকে পর্যন্ত ধ্বংসের পথে নিয়ে যাবেন কেন্দ্রীয় সরকার। যারা স্বাধীনতাকামী মানুষ, ভারতবর্ষকে স্বাধীন করার জন্য যারা প্রাণ দিয়েছেন তাদের মুখে কালি লেপন করার চক্রান্ত করছেন আজকের কেন্দ্রীয় সরকার। এর বিরুদ্ধে প্রতিবাদ জানাবার জন্য ভারতবর্ষের বিভিন্ন গণসংগঠন একত্রিত হয়ে শান্তিপূর্ণ উপায়ে প্রতিবাদ জানাতে গিয়েছিলেন কিন্তু ভারতবর্ষের জাতীয় সরকার যাদের বলা হয় সেই সরকার তাদের উপর নির্লজ্জভাবে, নির্মমভাবে, বেহায়ার মতন আক্রমণ করেছে। আমাদের বিভিন্ন সংসদ সদস্য, এ্যাসেম্বলীর সদস্য, তাদের উপর অত্যাচার করা হয়েছে। স্যার, যারা ভারতবর্ষের স্বাধীনতা, সার্বভৌমত্ব রক্ষা করতে চান তাদের উপরই কেন্দ্রীয় সরকার নির্মমভাবে অত্যাচার করেছেন। এর বিরুদ্ধে আমরা তীর ক্ষোভ জানাচ্ছি। ভারতবর্ষের অগণিত শান্তিপ্রিয় স্বাধীনতাকামী মানুষ যারা ভারতবর্ষের সার্বভৌমত্বকে রক্ষা করতে চান তারাও কেন্দ্রীয় সরকারকে তাদের এই কাজের জন্য ধিক্বার জানাছেছন।

[11-20-11-30 a.m.]

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের রবীন দেব এবং রবীন মন্ডলের অভিযোগ শুনে উনাদের জানাবো ভেবেছিলাম যে ১৭ বছর পরে ওদের বোধোদায় হয়েছে যে গণ আন্দোলনে পুলিশী অত্যাচার করা অন্যায়। কিন্তু বক্তব্যটা শোনার পর দেখলাম যে রাজনৈতিক উদ্দেশ্যে গত পাঁচ তারিখে দিল্লিতে যে শুন্তামি ওরা করেছে, ঠিক একই রাজনৈতিক উদ্দেশ্যে এখানে বক্তব্য রাখলেন। যেখানে পশ্চিমবাংলায় গণ আন্দোলন দমন করতে গিয়ে

[6th April, 1994]

পুলিশ নির্মাভাবে গুলি চালায় মামতা ব্যানার্জির উপস্থিতিতে বলুন বা ২১শে জুলাই এর কথা বলুন অথবা বীরভূমের তারাপুরে একজন ডান্ডারের বদলি প্রত্যাহার করার জন্য, যারা অবস্থান করেছিলেন তাদের উপর গুলি চালিয়ে মানুষ হত্যা করা তখন কিন্তু আপনারা প্রতিবাদ করেননি। এর আগে হরিহর পাড়া, শান্তিপুরের ঘটনার আপনারা কোনও প্রতিবাদ করেননি। প্রতিবাদ করতে দেখিনি। আজকে গুভামি দমন করতে দিল্লি পুলিশ গুলি চালায়নি, গুভামি দমন করতে জল কামান চালিয়ে তাদের ছত্রভঙ্গ করেছে, সেই জন্য দিল্লির সরকারকে অভিনন্দন জ্বানানো উচিত। গত ১৭ বছরে পশ্চিমবাংলায় গণ আন্দোলনের উপর পুলিশ যেভাবে গুলি চালিয়ে মানুষ হত্যা করেছে, ওখানে তা কিন্তু হয়নি, এর জন্য দিল্লির সরকারকে ধনাবাদ।

শ্রীমতী শান্তি চ্যাটার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৫ই এপ্রিল দিল্লিতে যে ঘটনা ঘটে গেল তাতে আমরা সকলে উদ্বিগ্ন। কারণ মানুষের অধিকার আছে মিটিং মিছিল করার, সমাবেশ করার। আমাদের সমস্ত প্রতিনিধি বামদলের, সেখানে আমাদের যারা প্রতিনিধিত্ব করতে গিয়েছিলেন এবং সমাবেশে লক্ষ লক্ষ লোক জড় হয়েছিল, মানুষ বোট ক্লাবে জড় হতে চেয়েছিল গ্যাট চুক্তির, ডাঙ্কেল প্রস্তাব, নয়া শিল্প নীতির বিরুদ্ধে সমাবেশ করছিলেন, সেই সমাবেশে যেভাবে পুলিশ নির্মম অত্যাচার করেছে, এটাতে আমরা খুবই উদ্বিগ্ন। বিরোধী বন্ধুরা আজকে এখানে বলছেন যে দিল্লি পুলিশ ঠিক কাজ করেছে। তাই বলবো এই যে ঘটনা ঘটেছে, এটা খুব দুঃখ জনক। যারা ওখানে গ্রেপ্তার হয়েছে, তাদের ছাড়িয়ে আনা হোক এবং যারা আহত হয়েছেন, তাদের খবর হাউসকে জানানো হোক।

শ্রী সৃদীপ বন্দ্যোপাধ্যায় । মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ঘটনার মধ্যে একটা অভ্ত মিল আমরা দেখতে পাছি। গতকাল বামক্রণ্ট ডাঙ্কেল প্রস্তাবের বিরুদ্ধে সমাবেশ করলো, আজকে বি.জে.পি. সমাবেশ করবে। কালকে লেফ্ট ফ্রন্টের আন্দোলন ছিল, আজকে বি.জে.পি.র আন্দোলন। সৃতরাং এর থেকে বোঝাচ্ছে বি.জে.পি. এবং লেফ্ট ফ্রন্টের সঙ্গে যোগাযোগ পুরো মাত্রায় বিরাজমান। সেটা প্রমানিত। দিল্লির নিরাপত্তা বিদ্নিত হচ্ছিল, ইন্টারনাল সিকিউরিটি এ্যারেঞ্জমেন্টকে চ্যালেঞ্জ করে দেওয়া হয়েছিল এবং এটা দেশের নিরাপত্তার পক্ষে খুব বিপদজনক অবস্থা সৃষ্টি হয়েছিল। এরা পার্লামেন্টে পর্যন্ত ছুটে গেছে। দিল্লির পুলিশ হেড কোয়ার্টারে ছুটে গেছে। তারা গণতান্ত্রিক কোনও রীতি নীতি মানেননি। একটা জায়গায় আন্দোলন করব বলে তারপর গেরিলা কায়দায় আক্রমণ হবে, এটা কোনও গণতান্ত্রিক আন্দোলন হতে পারে না। আমরা যদি এখানে এসপ্ল্ল্যানেড ইন্টে আন্দোলন করবো বলে জানাই, তারপর যদি হাওড়ায় কোথাও ৫০০ হাজার মানুষ নিয়ে সেখানে আন্দোলন ওরু করি, সেখানে কি ঘটবে? এনের দলের মধ্যে কোনও কন্ট্রোল ছিল না, দে হ্যাভ নো কন্ট্রোল। এই আন্দোলনের উপর কোনও নিয়ন্ত্রণ ছিল না। সারা পৃথিবী থেকে তো কম্মুনিজম উঠে গেছে, সুতরাং এখানকার কম্মুনিটরা পাবলিসিটি পাবার জন্য বি.বি.সি., সি.এন.এম., জি.টি.ভি.তে যাতে তাদের খবর বেরোয় এই জিনিস দেখায়, তার জন্য এই পরিকল্পনা করা হয়েছে। কিন্তু দিল্লি পুলিশ যে সংখ্যম

দেখিয়েছে, যেভাবে ধৈর্য্য ধরে এই আন্দোলনের মোকাবিলা করেছে, তা অত্যন্ত প্রশংসনীয়। আমাদের রাজ্য পুলিশকে দিলিতে ট্রেনিং নিতে পাঠান উচিত যে, কি করে আন্দোলনের মোকাবিলা করতে হয়। এখানে জল কামানের কোনও ব্যবস্থা নেই। কলকাতার রাস্তার তলায় জলই নেই তো জল কামান ব্যবহার করবে। এখানে আন্দোলন মোকাবিলায় বন্দুক চালাতে হচ্ছে, এরপর হয়ত মানুষ মারার জন্য কামান চালান হবে। আমি মনে করি দিলিতে আন্দোলন মোকাবিলায় যা করা হয়েছে তা সঠিক হয়েছে। সিপিএম-এর ঐ নিন্দিত পদক্ষেপের আমরা নিন্দা করছি।

শ্রী কামাখ্যা চরণ ঘোষ ঃ মিঃ ম্পিকার, স্যার, গতকাল দিল্লিতে সারা ভারতবর্ষের খেটে খাওয়া মানুষরা, শ্রমজীবী মানুষরা ডাঙ্কেল প্রস্তাব এবং গ্যাট চুক্তির বিরুদ্ধে যখন প্রতিবাদ জানাতে গিয়েছিল তখন তাদের ওপর নির্মমভাবে কাঁদানে গ্যাস এবং জল-কামান ব্যবহার করা হয়েছে। এটা করার একটাই কারণ গণতন্ত্রকে ধ্বংস করা এবং আমেরিকা তথা বিশ্বের পুঁজিপতি দেশ গুলিকে দেখান যে, আমরা ডাঙ্কেল প্রস্তাব রূপায়ণের পথে যে কোনও বাধাকে এই রকম নির্মমভাবে প্রতিহত করব এবং তোমাদের পদলেহন করব, ধনীক শ্রেণীর স্বার্থ আমরা রক্ষা করব। দিল্লির সরকারের এই আচরণের বিরুদ্ধে আমি তীব্র প্রতিবাদ জানাছি।

শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ মাননীয় স্পিকার স্যার, ৫ই এপ্রিলের দিল্লির ঘটনা নিয়ে যাঁরা আজকে এই বিধানসভায় হৈটৈ করছেন তাঁরাই এক সময়ে বলেছিলেন তাঁরা কখনও গণতান্ত্রিক আন্দোলনে গুলি চালাবেন না। গুধু প্রতিশ্রুতিই তাঁরা দিয়েছিলেন, তা রক্ষা করেন নি। এ রাজ্যে বহুবার তাঁরা গণতান্ত্রিক আন্দোলনের ওপর গুলি চালিয়েছেন, মানুষ খন করেছেন। সে সময়ে যদি এই বিধানসভার ভেতরে ওঁরা হৈচৈ করতেন তাহলে নিশ্চয়ই আমরা ওঁদের শ্রন্ধা করতাম। ইতিপূর্বে যখন কংগ্রেসের আন্দোলনের ওপর হামলা হল, নির্বিচারে গুলি চলল, ক্ষক আন্দোলনের ওপর গুলি চলল, ছাত্র আন্দোলনের ওপর গুলি চলল, বিভিন্ন গণ-আন্দোলনের ওপর গুলি চলল তখন ওঁরা এখানে কোনও রকম হৈচৈ করেননি। অথচ <sup>গতকাল</sup> দিল্লিতে কোনও গুলি চলেনি, কেউ মারা যায় নি তথাপি ওঁরা হৈচৈ করছেন। <sup>আন্দোলন</sup> যদি মারমুখী হয়ে ওঠে, সমস্ত কিছু দখল করবার জন্য পুলিশকে এ্যাটাক করে <sup>তথন</sup> পুলিশ কি করবে? দিল্লিতেও পুলিশ বাধ্য হয়ে কাঁদানে গ্যাস ছুড়ৈছে, জল-কামান দিয়ে <sup>আন্দোলন</sup> ছত্র-ভঙ্গ করেছে। দিল্লির পূলিশের কাছ থেকে পশ্চিমবাংলার পুলিশ প্রশাসন এবং <sup>মাননীর</sup> মুখ্যমন্ত্রীর শিক্ষা গ্রহণ করা উচিত। আর দিল্লির সরকার যদি কোনও ভূল করে <sup>থাকে</sup> তাহলে সংসদে তো ওঁদের ৫২ জন সদস্য আছেন, অনাস্থা প্রস্তাব নিয়ে এসে দিল্লির <sup>সরকারকে</sup> ভেঙে দিন না। অবশ্য আমরা জানি সে ক্ষমতা ওঁদের নেই। তাই আমি বলছি <sup>দিল্লির</sup> পুলিশ যে কাজ করেছে তা প্রশংসনীয়।

🖹 ত্রিলোচন দাস ঃ স্যার, গ্যাট চুক্তির মাধ্যমে ভারতবর্ষের স্বাধীনতা এবং গণতন্ত্র

বিপন্ন। তারই প্রতিবাদে গতকাল, ৫ই এপ্রিল আমাদের সব ক'টি বামপন্থী দলের পক্ষ থেকে দিল্লিতে এক সমাবেশের ডাক দেওয়া হয়েছিল। কিন্তু দিল্লির পুলিশ প্রশাসন সেই গণতান্ত্রিক সমাবেশে অন্যায়ভাবে বাধার সৃষ্টি করেছে। আমাদের পার্টির তরফ থেকে কেন্দ্রীয় সরকারের এই কাচ্ছের বিরুদ্ধে আমি তীব্র ধিক্কার জানাচ্ছি এবং আমার্র বক্তব্য শেষ করছি।

শ্রীমতী মহারাণী কোঙার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল ৫ই এপ্রিল দিল্লিতে যে ঘটনা ঘটেছে সে সম্পর্কে আমার কিছু বলার আছে। আমাদের বামপদ্বীদের তরফ থেকে দিল্লিতে গ্যাট চুক্তি এবং ডাঙ্কেল প্রস্তাবের বিরোধিতা করে মিটিং করার আমরা পারমিশান চেয়েছিলাম। কিন্তু মানুষের ভয়ে ভীত সম্ভন্ত হয়ে ওঁরা আমাদের মিটিং করতে দেবে না ঠিক করেছিল। কালকের ঘটনা নিয়ে এখানে বিরোধী সদস্যরা অনেক বক্তৃতা করলেন। আমরা দেখেছি গতকাল দিল্লিতে পুলিশ আন্দোলনকারী মেয়েদের পর্যন্ত নানাভাবে টানা-হাাচড়া করেছে। আজকের খবরের কাগজ গুলোতে সেসব ছবি পর্যন্ত বেরিয়েছে। একটু আগে বিরোধী পক্ষের একজন মাননীয়া সদস্যা অনেক কথা বললেন—পশ্চিম বাংলার প্রসঙ্গেও অনেক কথা বললেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই কথা এখানে বলতে চাই যে, যিনি এসব এখানে দাঁড়িয়ে বক্তৃতা রাখলেন তাঁকে ধরে নাকি কারা রাস্তার মাঝে অসম্মান করেছিল, কেউ তা দেখে নি, তা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার তাঁর নিরাপত্তার জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন তা কি তিনি জানেন না আর দিল্লিতে কালকে কি হল।

#### [11-30—11-40 a.m.]

যারা আজকে গণতন্ত্রের ধ্বজাধারী বলছেন ঐ বিরোধিদলের সদস্যরা মুখ্যমন্ত্রীর বাড়ির সামনে কি আচরণ করেছিলেন ? গতকাল দিল্লির বুকে ওরাই মারদাঙ্গা চালিয়েছেন। ওনারা আজকে বলছেন, সেখানে গুলি চলেনি। একথা ওনাদের মুখে শোভা পায় না। যখন ওনাদের কোনও মিটিং মিছিল হয় তখন বাস পোড়ায়, কত মানুযের জীবন হানি হয়। হরতালের সময় যখন বাস বেরোয় রাস্তায়, সেই বাসের উপর ওরা বোমা মেরেছে মানুযুকে মেরেছে। কিছুদিন আগে এই হাউসের ভিতর আপনার চেয়ারের মাইক্রোফোন টেনে ছুঁড়ে ফেলে দিয়েছে। যারা আজকে গণতন্ত্রের হত্যা করছে, তারাই আজকে গণতন্ত্রের কথা বলছেন ? তারাই আজকে নারী নির্যাতনের কথা বলছেন ? তারাই আজকে নারী নির্যাতনের কথা বলছেন । তাদের বলতে কোনও দ্বিধা হয় না। এই পশ্চিমবাংলার বুকে দাঁড়িয়ে তারা আমাদের নানারকম খিন্তি করছে, মুখ্যমন্ত্রী মহাশয়কে যা তা কথা বলছেন। গতকাল দিল্লির বুকে যা ঘটেছে তা নিন্দা করার ভাষা নেই। আমাদের তীব্র ধিক্কার দিল্লিতে পৌছে দেবার জন্য আমি আপনার কাছে আবেদন করছি।

শ্রী সৌগত রায় ঃ স্যার, গতকাল দিল্লিতে বামদলগুলির ডাঙ্কেল বিরোধী সমাবেশ নিয়ে যে ঘটনা ঘটেছে, আপনি এই হাউসে তা আলোচনা করার সুযোগ দিয়েছেন বলে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। এই ডাঙ্কেল বিরোধী সমাবেশের মধ্য দিয়ে আবার প্রমান হয়ে গেছে যে বামফ্রন্ট বরাবরই দক্ষিনপত্নীদের সঙ্গে হাত মিলিয়ে কেন্দ্রীয় সরকারকে আঘাত করার চেষ্টা

করে। আজকে বি.জে.পি. যা নিয়ে সমাবেশ করছে, গতকাল তাই নিয়ে ওরা সমাবেশ করেছে। এর আগে দেখেছি, কখন বোফর্স নিয়ে, কখন এমারজেন্সি নিয়ে তারা একইভাবে <sub>দক্ষিন</sub>পদ্বীদের সঙ্গে হাত মিলিয়ে আন্দোলন করেছে এবং এই আন্দোলন করতে গিয়ে তারা ন্দকাল দিল্লিতে এক জায়গায় সমাবেশ করবে বলে অন্য জায়গায় সমাবেশ করলো। তারা আগে থেকেই ঘোষণা করেছিল যেকোনও মূল্যে বোট ক্লাবে সমাবেশ হবে। আপনি জানেন. বোট ক্রাবে বি.জে.পি.র সমাবেশ বন্ধ করার জন্য নিষেধাজ্ঞা জারি হয়েছিল। এই বোটক্রাবে কংগ্রসও সমাবেশ করেনি। সহজে এই নিয়মটা মেনে নিলে বামদলগুলি যাদের সংখ্যা দিল্লিতে খবই কম ঝামেলা হত না। কিন্তু তারা রাজি নয়। তাদের ডাঙ্কেল প্রস্তাবের বিরুদ্ধে যদি বলার থাকতো তাহলে লোকসভায় নরসিমা রাও সরকারের বিরুদ্ধে নো-কনফিডেন্স ্রাশন আনতে পারতেন। কিন্তু তারা সংসদীয় রাস্তায় না গিয়ে দিল্লির রাস্তায় ইট ছুঁডে বিশঙ্খলা সৃষ্টি করেছেন। তুলনা করে দেখুন, এই বামদলগুলি যখন মুমতা ব্যানার্জির নেতৃত্বে যুব কংগ্রেসের সমাবেশে তাদের পুলিশ শুলি চালিয়ে ২০০ জনকে আহত করলো এবং ১৩ জনকে নিহত করলো ২১শে জুলাই, তখন তাদের মুখ বন্ধ ছিল। বারাসাতে ১ জনকে মারলো, তথনও ওদের মুখ বন্ধ। আর আজকে ওরা জল কামানে এতই পীডিত, যে ওদের গোলাপ জন কেন ছেটানো হয়নি তারজন্য ওরা দুঃখিত। রাজধানীতে বিশম্বলা সষ্টির আমি তীব্র নিন্দা করি। যেভাবে দক্ষিনপত্নী এবং বামদলগুলি এক হয়ে ভারতবর্ষের স্বাধীনতা এবং সার্বভৌমত্বকে আঘাত করার চেষ্টা করছে, কেন্দ্রীয় সরকারের স্থিতিশীলতাকে নম করার চেষ্টা করছে তার আমি তীব্র নিন্দা করি।

শ্রী নটবর বাগদী ঃ মাননীয় শ্পিকার স্যার, ১৯৯২ সালের ডিসেম্বরের ৬ তারিখ এবং গত ৫ তারিখের ঘটনাগুলি বিশ্লেষণ করলে দেখা যায়, যখন বাবরি মসজিদ ধ্বংস করছিল একদল মানুষ, সেদিন তখন নরসিমহা রাও দিল্লির বুকে চুপচাপ ছিলেন। এইসব দেখে একদল বুজিজীবী বললেন, বাবরি মসজিদ ভাঙার জন্য তিনি সময় দিচ্ছেন। একটা দেশের প্রধানমন্ত্রী গতকাল বামপন্থী সংগঠনগুলি যখন ভারতবর্ষের গণতদ্বকে রক্ষা করার জন্য, বুর্জোয়া শ্রেণীর দ্বারা যখন ভারতবর্ষের সার্বভৌমত্ব ভূলন্ঠিত হচ্ছে, দেশপ্রেমিক সেজে যখন বিদেশী বেনিয়াদের হাতে দেশকে বন্ধক দিতে চাইছে, তখন তার বিরুদ্ধে গণতন্ত্র প্রিয় মানুয যখন দিল্লির বোট ক্লাবে মিটিং করার জন্য অনুমতি চাইলেন তখন তাদের মিটিং করার অনুমতি দিলেন না। এখন ওনারা বলতে চাইছেন, দক্ষিনপন্থীদের সঙ্গে বামপন্থী পার্টিগুলি সব এক হয়ে মিটিং করছেন। কিন্তু আমরা কি দেখেছি? বি.জে.পি.র সাথে এই কংগ্রেস মিলিতভাবে কাজ করেছেন। এই নরসিমহা রাও সরকার ক্ষমতায় থাকার জন্য অজিত গোস্ঠীর লোকদের টাকা-পয়সা দিয়ে কিনে নিয়েছেন এবং মেজরিটি দেখিয়েছেন। অতএব গতকাল গণতান্ত্রিক আন্দোলনের উপর যেভাবে অত্যাচার করেছে তার আমি তীব্র নিন্দা করি এবং ধিক্কার জানাই।

খ্রী নরেন হাঁসদা ঃ মিঃ স্পিকার স্যার, গতকাল দিল্লির বুকে বামপন্থী আন্দোলনকারীদের

উপর কেন্দ্রীয় সরকার যা করেছেন আমি এবং আমার দল তারজন্য ধিক্কার জানাছি, প্রতিবাদ জানাছি। কিন্তু স্যার, আমার বক্তব্য হল, চোরের মায়ের বড় গলা। কারণ যারা পশ্চিমবঙ্গে পূলিশ এবং সি.পি.এম. এর মহামিলন ঘটিয়ে তার মাধ্যমে গণতান্ত্রিক ব্যবস্থাকে আধমরা করে দিয়েছে তাদের মুখে একথা শোভা পায় না। আপনি জানেন, আজকে সারা পশ্চিমবঙ্গে গণতন্ত্র বলতে কিছু নেই, পূলিশ এবং সি.পি.এম. গুভারা এটাকে আধ মরা করে দিয়েছে। কাজেই আজকে তাদের মুখে একথা মানায় না। আজকে পশ্চিমবঙ্গের রাজ্য সরকার, পূলিশ এবং সি.পি.এম. দল যা করছেন এটাকে ভাষায় প্রকাশ করতে পারছি না; একে ধিক্কার দিচ্ছি, প্রতিবাদ জানাচ্ছি রাজ্যের গণতন্ত্রকে রক্ষা করতে হবে এটা জানাচ্ছি।

শ্রী ব্রহ্মময় নন্দ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল দিল্লির বুকে ডাঙ্কেল বিরোধী পশ্চিমবঙ্গের আন্দোলনকারীদের উপর যে নির্মম অত্যাচার হয়েছে, সারা ভারতবর্ষের গণতান্ত্রিক চেতনায় উদ্বুদ্ধ ডাঙ্কেল বিরোধী প্রতিবাদকারীদের উপর যে অমানুথিক অত্যাচার হয়েছে আমরা তার তীব্র ধিক্কার জানাচ্ছি। কেন্দ্রীয় সরকার দেশের গণতন্ত্রকে একেবারে গলা টিপে হত্যা করতে চাইছেন যার জাজুলা প্রমান গতকালকের ঘটনা। বাংলার মানুষ বহু আন্দোলন করছেন স্বাধীনতার আগে ও পরে, গতকালও তারা ডাঙ্কেল প্রস্তাবকে যারা সমর্থন করছেন তাদের বিরুদ্ধে দিল্লির বুকে ধিক্কার জানাতে গিয়েছিলেন। আমরা চাই, সর্বদলীয় ভাবে এর বিরুদ্ধে, গতকালের ঘটনার বিরুদ্ধে সিদ্ধান্ত নেওয়া হোক, কেন্দ্রীয় সরকার দিল্লির বুকে তাদের উপর যে জঘণা অত্যাচার করেছেন তার তীব্র নিন্দা করা হোক।

শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল দিল্লির বুকে গণতান্ত্রিক আন্দোলনের উপর যে আক্রমণ নেমে এসেছে আমরা তার ডয়ঙ্কর সামনের দিকটা মনে করিয়ে দিচ্ছি। গতকাল দিল্লিতে যে পরিস্থিতি তৈরি হয়েছিল তার একটি অংশও ওদের নিম্নগামী টিভির মাধ্যমে দেখতে পেলাম না। আমি আপনার মাধ্যমে সভাকে অনুরোধ করবো, এই সভা থেকে গতকাল দিল্লিতে গণতান্ত্রিক আন্দোলনের উপর যে নির্মম অত্যাচার করা হয়েছে তার বিরুদ্ধে তীব্র নিন্দা এবং ক্ষোভের কথা কেন্দ্রীয় সরকারকে জানানো হোক।

শ্রী ননী কর । মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল দিল্লিতে যা ঘটেছে তার নিন্দা আমরা সবাই করছি। এমন কি, কংগ্রেসের সঙ্গে যারা চলেন এমন কেউ কেউ পর্যন্ত তার নিন্দা করেছেন। যে কথা আপনার কাছে বলা দরকার, ওরা বলবার চেষ্টা করেছেন যে, বিজেপি এবং বামপন্থীরা একইভাবে কথা বলছেন। গতকাল ৫৬টি গণ-সংগঠন সেখানে মিছিল করতে চেয়েছিলেন, লক্ষ লক্ষ লোক সেখানে জমায়েতও হয়েছিলেন, কিন্তু তাদের পারমিশান দেওয়া হয়নি, কিন্তু আজকে বিজেপি সেখানে মিটিং করছেন এবং তারা কিন্তু পারমিশন পেয়েছেন। সেখানে আহত ৫০০ জন, ওকতর আহত ১০০ জন, ৪০ জনকে অপারেশন করতে হচ্ছে। আপনাকে মনে করিয়ে দিই, ১৯৯২ সালের ৬ই ডিসেম্বর যখন সেখানে মসজিদ ভাঙ্গছে তখন মাননীয় নরসিংহ রাও চুপচাপ বসে আছেন। কারণ তাঁর বদ্ধরা কথা

দ্রিয়ছিলেন তাঁরা খেলবেন, ভাঙ্গবেন না। বি.জে.পি.র উপর নির্ভর করে ভাঙ্গতে দিয়েছিলেন। আজকে যখন গণতান্ত্রিক আন্দোলন করতে যাওয়া হয়েছে তখন মহাত্মা গান্ধীর রাজঘাটে রক্ত ব্রবালেন। আপনার কাছে ইতিমধ্যে বলা হয়েছে। স্যার, যমুনা প্রসাদ শান্ত্রী মহাশয় শুধু ক্তংবাজের বিরুদ্ধে লড়াই করেন নি, গোয়ার মুক্তি সংগ্রামে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করার জনা তাঁর চোখ উপড়ে নিয়েছেন, আজকে তাঁর দেহ থেকে রক্ত ঝরান হল মহাত্মা গান্ধীর রাজঘাটে। আপনাকে জিজ্ঞাসা করছি, দিল্লি কার? আমেরিকার, আই.এম.এফের, না নরসিংহ বাওয়ের? আমরা কেউ নই, আমরা দিল্লি যেতে পারি না? আমাদের বিধানসভার মাননীয় সদস্যরা ওখানে আহত হলেন। আমরা আপনার কাছে দাবি করব আমাদের কে কে আহত হয়েছেন কে কে গুরুতর আহত হয়েছেন আমাদের কাছে কোনও খবর নেই। টি.ভি.তে কানও খবর নেই। পরে ওঁদেরই একটি খবরের কাগজে বেরিয়েছে মাইকে দাঁড়িয়ে বলেছেন হিট দেম এটা দি ফাষ্ট অপারচুনেটি, প্রথম সুযোগেই আঘাত কর। এক হাজার রাউভ কাদানে গ্যাস ছুঁডছে, কাগজের খবর, ওঁদের পক্ষের যে কাগজ নিয়ে ওঁরা লড়া লডি করেন সেই কাগজে। মাননীয় সুদীপ বাবু বলেছিলেন বি.জে.পি.র সঙ্গে এদের আঁতাত আছে, আমি নাম দিয়ে বলছি গত ১৯৯০ সালের ৭ই ডিসেম্বর গোয়ালটুলি লেনে যখন মন্দির করতে গিয়েছিলেন কোন বি.জে.পি. নেতা সেখানে ছিলেন একটু বলুন। মাননীয় সুব্রত বাবু প্রথমে বললেন কংগ্রেসের পক্ষ থেকে. পশ্চিমবঙ্গের মানুযের সামনে তিনি বলেছিলেন ডাঙ্কেল, গ্যাট চক্তির প্রস্তাব শ্রমিক এবং জনগণের বিরোধী। তিনি প্রতিশ্রতি দিয়েছিলেন যে এই লডাইয়ের সামিল হবেন, আজকে উল্টো কথা বললেন। আপনি জানেন ইংরেজের বিরুদ্ধে সিরাজউদ্দৌলা লড়াই করেছিলেন, মীরজাফর উমিচাদ তাঁর বিরোধিতা করেছিলেন, আজকে সেইরকম সাম্রাজ্যবাদের বিরুদ্ধে যখন বামপন্থীরা লড়াই করছেন তখন সেই মীরজাফর এবং উমিচাঁদ ঐ নরসিংহরাও তাদের সঙ্গে যুক্ত হয়েছেন। এরা মহাত্মা গান্ধী, পভিত নেহেরু এমন কি ইন্দিরা গান্ধীরও বিরোধী এমন কি এরা কংগ্রেসেরও বিরোধী, দেশের সর্বনাশ করছে। তাই এদের বিরুদ্ধে প্রতিবাদ হচ্ছে। আগামী ১৫ তারিখে আবার দিল্লি যাওয়া হবে। যতদিন পর্যন্ত <sup>এটার</sup> পরিবর্তন না হয় লড়াই চলবে, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Held over Starred question (to which oral answers were given)

H.O. \*190 : Not Called

## Compassionate-এতে চাকুরী

\*২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং \*৪৮) শ্রী **আব্দুল মান্নান ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) <sup>বিভাগের</sup> ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কর্মরত অবস্থায় মৃত শিক্ষক ও অশিক্ষক কর্মচারী পরিবারের একজনকে Com-

passionate Ground-এ চাকুরী দেবার কোনও ব্যবস্থা আছে কি না;

- (খ) থাকলে, ১লা জানুয়ারি ১৯৯২ থেকে ৩১শে ডিসেম্বর ১৯৯৩ পর্যন্ত ঐ পরিবারভূত কতজন চাকুরী পেয়েছেন; এবং
  - (গ) উক্ত পরিবারভুক্ত কাউকে পেনসন দেওয়ার ব্যবস্থা চালু আছে কি না?
  - শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ (ক) হাা।
  - (খ) ৮৫৫ জন।
  - (গ) হাা।
  - [11-40-11-50 a.m.]
- শ্রী আব্দুল মায়ান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—ঐ সময়ে কতজন আবেদন করেছিলেন, কতজন মারা গেছেন, কমপ্যাসোনেট গ্রাউন্ডে চাকরি দেওয়ার জন্য আবেদন কারীর সংখ্যা কত?
- শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ এ্যাপলিকেশনের সংখ্যা না বললেও আমি জেলা ভিত্তিক বলে দিতে পারি। প্রাইমারিতে কলকাতায় ৫০ জন করেছিলেন ১০ জন পেয়েছেন। ঐ সময়ে কতকগুলি বিষয় অনুযায়ী কতকগুলি নিয়ম পুরণ করতে হয়।
  - **খ্রী আব্দুল মান্নান ঃ ৫০ জনের মধ্যে কতজন পেয়েছেন বললে আমাদের সুবিধা হয়।**
- শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ ৭০ জনে ৩০, ২৩ জনে ১৫, ৪৬ জনে ৩২, ১৯৯১ থেকে ১৯৯২ এর মধ্যে। ১০৭ জনে ৬৮, ৭৫ জনে ৪৪, ৭৯ জনে ৪৭, ৬২ জনে ৫৫, ৫০ জনে ২৭, ৩৯ জনে ২৫। আমি এই জন্য বলছি আমাদের এই প্রসেসের ভিতর দেওয়া হয়েছে, বাকি গুলি দেওয়া হবে।
- শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি 'গ' প্রশ্নের উত্তরে বলেছেন, হাঁ। আমি আপনাকে জিজ্ঞাসা করছি, কতজনকে পেনশন দেওয়া হয়েছে সেটা জানাবেন কি?
- শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ সংখ্যাটা এখনই বলতে পারবো না। তবে যে ব্যবস্থা চালু <sup>আছে</sup> সেটা হচ্ছে, এটা পাবেন তার স্ত্রী অথবা নির্ভরশীল কন্যা।
- শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, 'খ' প্রশ্নে ছিল যে ১লা এপ্রিল জানু<sup>য়ারী</sup> ১৯৯২ থেকে ৩১শে ডিসেম্বর ১৯৯৩ পর্যন্ত এই দুই বছরে উক্ত পরিবারভুক্ত ক<sup>তজন</sup> চাকুরি পেয়েছেন? সেই সময়ে আপনি তথ্য দিতে পারেন নি। এটা হেল্ড ওভার হ<sup>্নেছেল।</sup> মাননীয় অধ্যক্ষ মহাশয়ের হস্তক্ষেপের ফলে আজকে উত্তর দিচ্ছেন। কাজেই আমি জি<sup>ন্তাসা</sup>

#### ক্রবছি যে কতজনকে পেনসান দিয়েছেন?

ন্ত্রী অচিত্তকৃষ্ণ রায় : আমি এটার উত্তর দিয়ে দিয়েছি।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আমি এর আগে যখন প্রশ্ন করেছিলাম তখন আপনি বলেছিলেন যে পুরো তথ্য না নিয়ে উত্তর দেওয়া যাবে না। আজকে আমি আপনাকে জিজ্ঞাসা করেছি যে ঐ সময়ে কত জনকে পেনসান দেওয়া হয়েছে, কিন্তু আজও আপনি উত্তর দিতে পারছেন না। তাহলে তো আমাদের একসঙ্গে অনেকগুলি প্রশ্ন দিতে হবে।

শ্রী অচিস্তকৃষ্ণ রায় ঃ আমাদের জেলার প্রাইমারি ক্ষেত্রে এগুলি দিয়ে থাকে জেলা কাউলিল। তারা সব অটোনমাস বডি, তাদের কাছ থেকে এগুলি আমাদের আনতে হয়। আমরা সঠিক তথ্য এই বিধানসভায় দিতে চাই বলে সময় চেয়েছি।

শ্রী **আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ২ মাস আগে প্রশ্ন দিয়েছি, তারপরেও তথ্য দিতে পারছেন না।

শ্রী অচিন্তকৃষ্ণ রায় : এটা আপনার মত।

শ্রী **আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলুন না কত দিয়েছেন তাহলে তো বাাপারটা মিটে যায়?

শ্রী অচিস্তকৃষ্ণ রায় : আমি তো বলেছি।

শ্রী **আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি 'গ' প্রশ্নে বলেছেন যে হাাঁ। আমি জিঞ্জাসা করছি কতজনকৈ পেনসান দেওয়া হয়েছে?

শ্রী অচিন্তকৃষ্ণ রায় : প্রশ্নটা ছিল দেওয়া হয় কিনা? আমি বলেছি যে দেওয়া হয় এবং কাকে দেওয়া হয় সেটাও বলেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি অনুমতি দেন তাহলে আমি ওনাকে ৭ দিনের মধ্যে লিখে পাঠিয়ে দেব।

শ্রী রাই চরণ মাঝি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে কর্মরত অবস্থায় শিক্ষক মারা গেলে তার স্ত্রী বা বয়স্ক ছেলে চাকুরি পাবে। আমি জানতে চাচ্ছি যে এই রকম নিয়ম আছে কিনা যে ২ বছরের মধ্যে ক্রেম না করলে হবে নাং আমি কয়েকবার হাউসে বলেছি যে কর্মরত অবস্থায় মারা গেলে তখন অনেক সময়ে হিসাব করে দিতে পারে না যে তার ছেলের ব্য়স হয়েছে কিনা, যোগ্যতা আছে কি না। কাজেই তার বয়স হলে, যোগ্যতা হলে তখন কি তার চাকরির বাবস্থা করা যাবেং

শী অচিন্তকৃষ্ণ রায় : কমপ্যাসোনেট গ্রাউন্ডে যেটা দেওয়া হয় সেটা হচ্ছে মারা যাবার পরে সেই মুহূর্তে যাতে পরিবারটা দুস্থতা থেকে রক্ষা পায় তার জন্য সরকার বিবেচনা

করেন। সূতরাং সেই মূহুর্তে দরখান্তগুলি বিবেচ্য হয়, গ্রহণযোগ্য হয়। তারপরে ১৮ বছর হয়েছে কিনা, দুস্থতা থাকবে কিনা, এটা বিবেচনা করা যায় না। ইমিডিয়েট সেই অবস্থা থেকে যাতে রক্ষা করা যায় সেই ব্যবস্থা বামফ্রন্ট করেছে।

শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, এই মৃত শিক্ষক এবং অশিক্ষক কর্মচারী নিয়ে প্রশ্ন এসেছে, আমি জানতে চাচ্ছি যে যদি কোনও শিক্ষক বা অশিক্ষক কর্মচারী অসুত্ব হন, মেডিকেল বোর্ড যদি তার প্রকৃত অসুত্বতা সম্পর্কে ডিক্রেয়ার করেন তাহলে সে ক্ষেত্রে তার পুত্রকে চাকুরী দেবার কোনও ব্যবস্থা আছে কিনা? দ্বিতীয় কথা হচ্ছে, সেই রক্ষ কোনও ক্ষেত্রে যদি সেই শিক্ষক বা অশিক্ষক কর্মচারীর অন্য কোনও পুত্র যদি চাকুরি করে তাহলে সেখানে তার অন্য ছেলেকে চাকুরি দেবার কোনও ব্যবস্থা আছে কিনা সেটা জানাবেন কি?

[11-50-12-00 a.m.]

শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ এক, তিনি যদি শারীরিক দিক থেকে অক্ষম হন, দুই, তাঁর পরিবারে যদি কেউ উপার্জনক্ষম না থাকেন তাহলে পেতে পারেন। যদি সেই পরিবারে উপার্জনক্ষম থাকেন তাহলে তো কমপেসিয়োনেট গ্রাউন্ড হল না।

শ্রী সুভাষ নস্কর ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, মৃত শিক্ষকের ওয়ারিয়ার পূত্র, কন্যা, স্ত্রী যারা আছেন তাদের যদি তাঁর মতো শিক্ষকতার যোগ্যতা না থাকে, অর্থাৎ শিক্ষক যদি সেকেন্ডারি এডুকেশানে মাধ্যমিক পাস হয় এবং সেখানে স্ত্রীর যদি যোগ্যতা নগন্য থাকে এবং হায়ার এডুকেশান থাকে তাহলে সেই ক্ষেত্রে কি হবে?

শ্রী অচিন্ত কৃষ্ণ রায় ঃ কাজ দেওয়া হবে। শিক্ষক হলেই শিক্ষকতা করতে হবে সেই রকম ব্যাপার নেই। যে কোনও জায়গায় দেওয়ার অধিকারের কথা বলা হয়েছে, প্রাইমারি হলেও সেকেন্ডারীতে পাবে, সেকেন্ডারী হলেও প্রাইমারিতে পাবে। শিক্ষক হলেও যোগ্যতা না থাকলে অশিক্ষক কর্মচারী পাবে। যোগ্যতা থাকলে সেখানে ভেকেন্সী থাকলে শিক্ষক হিসাবে পাবেন। এই ফ্রেকসেবেল ব্যবস্থা এই সরকার করেছে।

শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এমন ঘটনা আছে ৬৫ বছর পর্যন্ত চাকুরির জন্য অপশান দিয়েছে, সে বর্তমানে স্কেলের আর্থিক সুযোগ পাছে না, এই ৬৫ বছরের আগে যদি মারা যায় তাহলে তার ওয়ারিয়ারকে কমপ্যাসোনেট প্রাউত্তে চাকুরির সুযোগ পাবেন কিনা?

শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ এই ব্যাপারে আমি কিছু মৃন্তব্য করতে পারবো না, কারণ <sup>এটা</sup> বিচারাধীন আছে।

শ্রী ভূপেন্দ্র নাথ শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, শিক্ষক, অশিক্ষক কর্মচারীরা

শ্বারা গেলে কমপ্যাসোনেট গ্রাউন্ডে যে চাকুরি দেন এই চাকুরি পেতে গেলে পদ্ধতিটা কি, কার কাছে যেতে হবে, কত অফিসে ঘুরতে হবে?

শ্রী অচিস্তকৃষ্ণ রায় ঃ প্রাথমিক ন্তরে হলে জেলায় যে কাউন্সিল আছে তার চেয়ারম্যানের কাছে দরখান্ত করতে হবে এবং যদি মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে হয় তাহলে জেলার ডি.আই.- এর কাছে দরখান্ত করতে হবে।

শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বড় গলা করে বললেন যে কমপ্যাসোনেট গ্রাউন্ডে চাকুরি হয়ে যাচ্ছে। আমি নিজে বলেছি, কয়েকটি দরখাস্ত করা আছে দেখবেন। কমপ্যাসোনেট গ্রাউন্ডে চাকুরি দেবার কথা কত বছরের মধ্যে? অনেক ক্ষেত্রে এক বছর হয়ে গেল, বছ তদ্বীর করা সত্ত্বেও চাকুরি পায় নি, এই খবর আপনার কাছে আছে কিনা এবং খবর থাকলে যার অব্যবস্থার জন্য এই ঘটনা ঘটেছে তার বিরুদ্ধে কি ব্যবস্থা নেবেন।

শ্রী অচিন্ত কৃষ্ণ রায় ঃ এই রকম কেস যদি আপনার থাকে তাহলে আমাকে আর একবার দেবেন, নিশ্চয়ই দেখবো। তবে দেরী হয় তার কারণ আছে, অনেক সময় সত্য গোপন করে। উপার্জনক্ষম লোক যদি পরিবারে থাকে তাহলে পাবার কথা নয়, সেই ব্যাপারে তদন্ত করতে বিলম্ব হয়।

শ্রী পদ্মনিধি ধর ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, একজন প্রাইমারি শিক্ষক মারা গেছেন, কিন্তু তাঁর স্ত্রী লেখাপড়া জানেন না, অথচ প্রাইমারি বিদ্যালয়ে কোনও চতুর্থ শ্রেণীর কর্মচারীর নিয়োগ করার ব্যবস্থা নেই, সেই ভদ্রমহিলার পরিবারে ছেলেদের বয়স হয় নি চাকুরি পাবার, সেই ক্ষেত্রে তার চাকুরি হবে কি?

শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ এই ক্ষেত্রে ডি.আই. অফিসে অথবা মধ্যশিক্ষা পর্যদ চালিত যে বিদ্যালয় আছে অনুমোদন প্রাপ্ত সেখানে অশিক্ষক কর্মচারী বলে যাদের সেখানে কাজ পেতে পারেন। কিন্তু সেখানে ভেকেন্সী অনুযায়ী পাবেন।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রীর উত্তর থেকে জানতে পেরে খুশি হলাম যে বামফ্রন্ট সরকার অবসরপ্রাপ্ত শিক্ষকদের সম্পর্কে ভাল ব্যবস্থা করেছেন। যাঁরা আবেদন করেছেন তাঁদের মধ্যে ৬০ শতাংশ ইতিমধ্যে চাকুরি পেয়ে গেছেন, ভাল কথা। আমার আপনার কাছে জিঞ্জাস্য হচ্ছে, আপনি তো মৃত শিক্ষকদের জন্য ভাল ব্যবস্থা করেছেন। কিন্তু যাঁরা জীবিত শিক্ষক, অবসরপ্রাপ্ত শিক্ষক যাঁদের বয়স ৬৫ পর্যন্ত ছিল চাকুরী করার সুযোগ, তাঁদের কমিয়ে ৬০ বছর করে দিয়েছেন। তাঁদের ব্যাপারে আপনি পুনর্বিবেচনা করবেন কি?

শ্রী অচিস্ত কৃষ্ণ রায় ঃ যদিও প্রশ্নটি এই প্রসঙ্গে পড়ে না, তবুও বলি—আপনার ভবিষ্যৎ নির্দ্ধারণ করবেন আমার বন্ধু, যিনি এখানে বসে আছেন।

শ্রী শিশির কুমার সরকার : আমাদের অভিজ্ঞতা থেকে দেখেছি যে প্রাথমিক স্তরে এই

চাকুরী কিছুটা গ্যারান্টেড হয়। কিছু মাধ্যমিক পর্যায়ে যেসব শিক্ষক মারা যান, তাঁদের জন যে প্যানেল হয় এবং ডি.আই. এর কাছে যায়, তখন ম্যানেজিং কমিটি বাতিল করে দে নট স্যুটেবল বলে। এই ব্যাপারে কোনও নতুন বিধি-ব্যবস্থার কথা আপনি বিবেচনা করছে কিং

শ্রী অচিন্ত কৃষ্ণ রায় । যদিও বাটি মূল প্রশ্নের মধ্যে পড়ে না, অপ্রাসঙ্গিক, ত আপনি যেহেতু প্রশ্ন করেছেন, সেজন্য বলছি। এই ব্যাপারে আমরা বলে দিয়েছি কয়েক মা হল, নির্দ্ধারিত একটি নিয়ম আমরা করে দিয়েছি। সেখানে ঐ রকম কোনও স্কোপ থাক না। ম্যানেজিং কমিটি যদি কারও ক্ষেত্রে অনুমোদন না করেন, এবং নতুন কাউকে নি থাকেন, তাহলে তাদের গ্রান্ট, স্যালারি ইত্যাদি বাতিল করে দেওয়ার কথা বলেছি। আপনা কাছে এই রকম বে-আইনী কিছু যদি থাকে তা বলবেন, আমি দেখব।

শ্রী শৈলজা কুমার দাস : মাননীয় মন্ত্রী মহাশয় কমপ্যাসোনেট গ্রাউন্ডে চাকুরী পাওয়া কথা বললেন। কিন্তু আমাদের অভিজ্ঞতা এই কথা বলে যে মৃত শিক্ষক বা অশিক্ষ কর্মচারীর নিকট আত্মীয় এর ঐ চাকুরী পেতে অনেক দেরী হয়ে যায়। আপনার কাছে আমা প্রশ্ন হচ্ছে এই যে, এই ব্যাপারে কোনও সময় সীমা বেঁধে দেওয়া যায় কিনা; এই রক কোনও পরিকল্পনা আপনার আছে কিনা?

শ্রী অচিন্তা কৃষ্ণ রায় ঃ আমরা তো বলে দিই যে ক্লিয়ার কেস থাকলে তাকে এ মাসের মধ্যে দিয়ে দিন। কারণ দুস্থতা থাকলে তা এক মাসের মধ্যেই হওয়া উচিত। আপনা কাছে ঐ রকম কোনও কেস থাকলে দেবেন, আমি দেখবো।

# প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ

- \*৪০৩। (অনুমোদিত প্রশ্ন নং \*৫২) শ্রী আব্দুল মান্নান ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগে মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) ১লা জানুয়ারি ১৯৮৯ থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৯৩ পর্যন্ত পাঁচ বছরে কতর্ণা পরীক্ষার ক্ষেত্রে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ পাওয়া গেছে;
  - (খ) কতগুলি ক্ষেত্রে অপরাধীদের সনাক্ত করা গেছে; এবং
  - (গ) কতজ্ঞন অপরাধীর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে?
  - ন্সী সত্যসাধন চক্রবর্তী : (ক) একটি।
- ্খ) পৃ**দ্ধানুপৃদ্ধ অনুসন্ধানের পর অভিযোগটি ভিত্তিহীন** বলে প্রমানিত <sup>হওয়</sup> পরিপ্রেক্ষিতে কাউকেই অপরাধী হিসাবে শনাক্ত করা বা কারোর বিরুদ্ধে কোনও <sup>ব্যব</sup>নেওয়ার প্রশ্ন ওঠে না।

শ্রী আব্দুল মারান : মাননীয় মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি, এই যে অভিযোগটি এসেছিল, এটি কে বা কারা করেছিলেন, এবং কোন বিষয়ের উপরে অভিযোগটি করেছিলেন?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ এই অভিযোগটি এসেছিল ১৯৯১ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাছে। এটি প্রাচীন ভারতীয় ইতিহাস এবং সংস্কৃতি বিষয়ের উপরে স্নাতকোত্তর স্তরে। এই অভিযোগটি আসার পরে কলকাতা বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তদন্ত এবং অনুসন্ধান করেন। অনুসন্ধানের পরে ওঁরা নিশ্চিত হন যে এই ধরণের কোনও প্রশ্নপত্র ফাঁস হয়নি। তারফলে কারও বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার প্রয়োজন হয়নি।

শ্রী আব্দুল মায়ান ঃ কারা এই অভিযোগটি তদন্ত করেছিলেন—কোন তদন্ত কমিটিকে কি তদন্তের ভার দেওয়া হয়েছিল?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাছে যখন অভিযোগটি এসেছিল, তখন তাঁরাই তদন্ত করেছিলেন। বিশ্ববিদ্যালয় এই ধরণের তদন্ত করেন যদি কোনও খবরের কাগজে কোনও অভিযোগ প্রকাশিত হয়, বা কেউ যদি চিঠি দিয়ে অভিযোগ করেন তখন বিশ্ববিদ্যালয়ের মধ্যে থেকেই তদন্ত এবং অনুসন্ধান করা হয়।

[12-00—12-10 a.m.]

শ্রী আব্দুল মান্নান ঃ আমি যেটা জানতে চাইছি সেটা হচ্ছে, আপনি ভাল করেই জানেন, তদন্ত করতে গোলে এ্যাজ এ হোল এটা বলে লাভ নেই। তদন্ত নিশ্চয়ই কেউ করেছে, পার্টিকুলার কোনও একজনকে দায়িত্ব দেওয়া হয়েছিল বা কয়েকজনকে, এখানে কারা এনকোয়ারী করেছে?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ এটা বুঝবেন এটা একটা ভাল ব্যবস্থা, বিশ্ববিদ্যালয়গুলি তারা কিভাবে তদন্ত করবেন সেটা তাদের নিজস্ব ব্যাপার। আমরা তাদের কাছ থেকে যেটা জানতে চাই—আপনি যেমন প্রশ্ন করেছেন আমরা জানতে চাই—এই রকম অভিযোগ আছে, আপনারা কি করেছেন, ওরা কাকে দিয়ে তদন্ত করাবেন, কে তদন্ত করবে, সেই ধরণের বিস্তৃত তথ্য আমরা সরকারের পক্ষ থেকে জানতে চাই না। ফলে আমরা ঐটুকু জানতে চাই, এই রকম অভিযোগ এসেছে, এই রকম প্রশ্ন এসেছে, সত্য কিনা, এবং আপনারা তদন্ত করিয়েছেন কিনা তার ফলাফল কি। ওরা আমাদের জানিয়েছেন, একটি ক্ষেত্রে এই রকম হয়েছে, পুখানুপুখারাপে বলছেন, আমরা ভাল করে তদন্ত করিয়েছি, অভিযোগটা ভিত্তিহীন, তার ফলে ব্যবস্থা নেওয়ার দরকার হয়নি। স্বাভাবিকভাবেই আমরা বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে জানতে চাই না কোনও অফিসার করেছেন, কারা করেছেন, কাকে দিয়ে করিয়েছেন সেটা আমরা জানতে চাই না।

[6th April, 1994

শ্রী সূত্রত মুখার্জি : মাননীয় মন্ত্রী মহাশয়, বললেন তদন্ত করিয়েছেন, আমি প্রথমে বলি, প্রাথমিক তদন্তে নিশ্চয় কিছুটা প্রমাণিত হয়েছে বলে স্থগিতাদেশ দিয়েছিলেন, প্রাথমিক তদন্তে যদি প্রমাণ না পেতেন তাহলে স্থগিতের কারণটা কি হোত, সেটা কি জিজ্ঞাস করেছিলেন পরীক্ষা স্থগিত করেছিলেন কেন?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় সদস্য যেটা বলছেন, আমার ইনফর্মেশান থেবে বলছি, আমি আগেই বলেছি, বিশ্ববিদ্যালয়গুলির স্বাধিকারের ব্যাপারে আমরা অন্তত সাবধারে ওদের সঙ্গে যোগাযোগ রাথি। বিশ্ববিদ্যালয় অটোনমি সেইভাবেই তাদের সঙ্গে যোগাযোগ কর হয়েছে, স্বাভাবিকভাবে কোনও অভিযোগ এলে পরে প্রাথমিকভাবে বিশ্ববিদ্যালয়ের দারি থাকে—কোনও একটা গুরুতর ব্যাপারে কোনও একটা প্রশ্নপত্র ফাঁস হয়ে গেছে, সেটাং ক্ষেত্রে যদি প্রাথমিকভাবে কিছু করতে হয় তাহলে প্রথমে পরীক্ষা স্থগিত রাখা দরকার এক্ষেত্রে যে অভিযোগটা এসেছে, সেটা সম্পূর্ণ ভিত্তিহীন তাই পরবর্তীকালে তারা পরবর্ত্ত পদক্ষেপ গ্রহণ করেন।

#### আফিং ও গাঁজার চাষ

- \*৪০৫। (অনুমোদিত প্রশ্ন নং \*৮৮) শ্রী দেবপ্রসাদ সরকার ঃ আবগারী বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) এটা কি সত্যি যে, মাদক দ্রব্যের বিরুদ্ধে সুনির্দিষ্ট আইন থাকা সত্তেও রাজ্যে বিভিন্ন জেলায় ব্যাপকহারে আফিং (পপিগাছ) ও গাঁজার চাষ হচ্ছে; এবং
  - (খ) সতা হলে.
  - (১) মূলতঃ কোন কোন জেলায় এই চাষ হচ্ছে; এবং
  - (২) এই বে-আইনী চাষ বন্ধ করার জন্য রাজ্য সরকার কি পদক্ষেপ নিচ্ছেন?
- ডঃ অসীম কুমার দাসগুপ্ত ঃ (ক) ব্যাপকহারে চাষের কোনও তথ্য নেই তবে কিঃ কিছু জেলায় আফিং ও গাঁজা চায হয়েছে। খবর পাওয়া মাত্র এই চায ধ্বংস করা হয়েছে
- (খ) (১) বাঁকুড়া, বীরভূম, বর্ধমান, মেদিনীপুর, চব্বিশ পরগণা (দক্ষিণ), চব্বিশ <sup>পরগন</sup> (উত্তর) ও নদীয়া জেলায় এই ধরণের চাষ দেখা গেছে।
- (২) বিভিন্ন জেলা ও সংশ্লিষ্ট সংগঠনগুলিকে নজরদারি জোরদার করতে বলা হয়েছে বিভিন্ন জেলার পঞ্চায়েতগুলির মাধ্যমে জেলা কর্তৃপক্ষের তরফ থেকে, চায হচ্ছে এফ জায়গার কৃষক ও আদিবাসীদের এই অবৈধ চাষ থেকে বিরত থাকতে বলা হয়েছে। কৃ<sup>হি</sup> দপ্তরকে এ ব্যাপারে অবহিত করে অনুরোধ করা হয়েছে এই ধরণের চায ঐ দপ্তরে<sup>র</sup> কর্মীদের নজরে এলে আবগারী বিভাগকে তৎক্ষণাৎ জানাতে যাতে প্রয়োজনীয় ব্যবস্থা অবিলং

নেওয়া যায়।

শ্রী দেব প্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ব্যাপক হারে চাষ হয়নি, কিন্তু আপনি যে হিসার দিলেন ৭টি জেলায় এই রকম চাষ হচ্ছে ফলে ব্যাপকতা যে খুব কম সেটা মনে হচ্ছে না। আমার যেটা জিজ্ঞাসা সেটা হচ্ছে, ৭টি জেলায় যে চাষ হচ্ছে, এই বে-আইনী চাষের জন্য আজ পর্যন্ত কত জন, যারা করেছেন, তাদের বিরুদ্ধে আপনার দপ্তর ব্যবস্থা নিয়েছে সেটা বলবেন কি?

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : আমার কাছে জেলাওয়ারী এবং সালওয়ারী সব হিসাবই আছে, যেটা আপনারা চান আমি দিতে পারি। প্রথমে আমি সালওয়ারী গাঁজার হিসাবটা দিছি। ১৯৯০/৯১ সালে মোট কেস ডিটেকটেড হয়েছিল ২০টি ১৫ জন এ্যারেস্টেড হয়। যে আয়তন বা পরিমান জমির চাষ ধ্বংস করা হয় সেটা হচ্ছে ২৬ কাঠার মতন। এটা আমি শুধ গাঁজার কথা বলছি। ১৯৯১/৯২ সালে মোট কেস ডিটেকটেড হয় ১০৮টি. এ্যারেষ্টেড হয় ১৩ এখানে ২৫০ একর ২১ কাঠার মত পরিমানের জমিতে চাষ ধ্বংস করা হয় এবং প্রায় ২৯ হাজারের মতন প্ল্যান্ট ধ্বংস করা হয়। ১৯৯২/৯৩ সালে ৬২টি কেস ডিটেকটেড হয় এবং ৪৫ জন এ্যারেস্টেড হয়, এক একর ৩৮ কাঠার মতন জমির চাষ ধ্বংস করা হয় ও ৪ হাজার ৩০৪ টি প্ল্যান্ট ধ্বংস করা হয়। ১৯৯৩/৯৪ সালে টোট্যাল কেস ডিটেকটেড হয় ১৪. এ্যারেস্টেড ৬. এক একর ৪ কাঠার চায নম্ট বা ধ্বংস করা হয় এবং ২ হাজার ২৪১ টি প্ল্যান্ট ধ্বংস করা হয়। ১৯৯৪ সালে, এ বছরে আরও কয়েকটি কেস এসেছে। উত্তর ২৪ পরগণার সর্বশ্রেষ্ঠ হচ্ছে মেরুদভীতে সেটা বোধ হয় আপনারা জানেন। এর **সঙ্গে** আফিমের তথ্যটাও দিচ্ছি। ঐভাবেই সংখ্যাটা বলছি। ১৯৯০/৯১ সালে ২৭টি কেস এ্যারেস্টেড েজন, ৬ একর জমি ইত্যাদি। ১৯৯১/১৯৯২ সালে ১৬ টি কেস, ৩ জন এ্যারেস্টেড, ৩ একর দু কাঠার মতন জমির চায ধ্বংস। ১৯৯২/১৯৯৩ সালে দুটি কেস, ২০ একরের মতন জমির চাষ নষ্ট। এইভাবে মাসওয়ারী এবং জেলাওয়ারী সব হিসাব আছে। একটি বিশেষ সেল হয়েছে এন.ডি.পি.এস এ্যাক্টে এবং একটি বিশেষ সেল একসাইজ ডিপার্টমেন্টের আছে এবং খুবই এ্যাকটিভ আছে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় ভালোই হিসাব দিয়েছেন। এইভাবে মাদক দ্বব্যের যে বে-আইনী চাষ চলছে বিভিন্ন জেলাতে, আমার জিজ্ঞাসা, আবগারী দপ্তরের ধকটি অংশ ও এই সমস্ত বে-আইনী চাষবাস যারা করছে তাদের বা অসাধু ব্যবসায়ীদের ধকটা আনহোলি নেকসাস গড়ে উঠেছে বলে আপনার কাছে কোনও অভিযোগ আছে কিনা এবং সেটা নজরদারি করার জনা বিশেষ কোনও ব্যবস্থা আছে কিনা?

ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ আমার কাছে এরকম খবর নেই। আপনার কাছে থাকলে তা দেবেন। তবে সর্বভারতীয় স্তবে যে মিটিংগুলি হয় সাধারণভাবে বলে রাখি এ্যান্টি : নারকোটিক ড্রাইভের ব্যাপারে সেখানে পশ্চিমবঙ্গের ভূমিকা প্রশংসিত হয়।

[6th April, 1994]

শ্রী দেবনারায়ণ চক্রন্থতী ঃ মাননীয় মন্ত্রী মহাশায় বললেন যে এ্যান্টি নারকোটিকসের ব্যাপারে যে আইনকানুন আছে তার দ্বারা কড়া ব্যবস্থা নেওয়া হয়েছে। তা সস্ত্বেও বিদেশী সাম্রাজ্যবাদী দেশের অসাধু মানুষদের দ্বারা এই সমস্ত ড্রাগ আমাদের দেশে চলে আসছে। এ ব্যাপারে সরকার যথায়থ ব্যবস্থা গ্রহণ করছেন কিনা জানাবেন কিং

[12-10-12-20 p.m.]

ভঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি উত্তরটা দিচ্ছি। এখানে আইনটা খুব কড়াকড়ি ভাবে করা হয়েছে সেটা জানেন, এ্যান্টি নারকোটিক এ্যান্ড সাইকোটোপিটিক এ্যান্টের বিশেষ করে নয় ধারাতে এটা ১০ বছর পর্যন্ত সশ্রম কারাদন্ড, ২০ বছর পর্যন্ত সোটাকে বাড়ানো যেতে পারে এবং যদি রিপিটেড অফেল হয় তাহলে মৃত্যু দন্ত পর্যন্ত হতে পারে। একটু আগে আমি এ্যারেটের ফিগার দিলাম। ২০টি ক্ষেত্রে কিন্তু সাজা হয়েছে, মৃত্যু দন্ত পর্যন্ত হতে পারে, তা হয়নি, কিন্তু সাজা হয়েছে। আমি বলে রাখি পশ্চিমবাংলার ভিতর এই জিনিসটা হতে দিচ্ছি না। কিন্তু অন্যান্য রাজ্যের সংশ্লিষ্ট এলাকার পাশাপাশি এলাকায়, আমাদের দেশের বাইরে যাতায়াতের পথে, আমাদের রাজ্যের কোন অংশে একটা ট্রানজিট রুট হিসাবে ব্যবহারের জন্য হচ্ছে, সেটাকে সমূলে শেষ করতে চাইছি। আমার কাছে হিসাব আছে কি কি এ্যাকশন নেওয়া হয়েছে। এই এন.ডি.পি.এস. এ্যাক্টে ওপিয়াম, গাঁজা, আফিং এর জন্য ৬১ জন এ্যারেন্ট হয়েছে ৯০-৯১ সালে, ৯১-৯২ সালে ৭৫ জন, ৯২-৯৩ সালে ৫৮ জন, ৯৩-৯৪ সালে ৩২ জন, শেষ দিকটাতে একটু কমেছে, এটা সম্পর্কে আমরা সতর্ক দন্টি রাখছি।

শ্রী নটবর বাগদী : মন্ত্রী মহাশরের কাছে জানতে চাইছি, এই যে অর্থকরী ফসল আফিং, এর থেকে পোস্ত হয়, পোস্ত'র কিলো প্রায় ১০০ টাকা। কিছু কিছু জায়গায় দেখা যাচ্ছে বেআইনীভাবে এই আফিং এর চাষ হচ্ছে। এই অর্থকরী ফসল চাষ করার জন্য কিছু কিছু জায়গায় জমি নির্দিষ্ট করে দেবেন কি, যে আফিং চাষ করতে পারবে?

পশ্চিমবঙ্গ এবং পাশের রাজ্যের যদি একটা সর্বদলীয় মত হয় তাহলে বিষয়টি নিয়ে আলোচনা হতে পারে। সর্বদলীয় মত হলে থামাতে পারি, তা নাহলে একটা চিন্তার ব্যাপার থাকে। আপনাদের যদি কিছু সাজেশন থাকে তাহলে আপনারা তা দেবেন।

#### \*406-Not Called

# বার্ষিক যোজনায় মঞ্জুরীকৃত অর্থ

\*৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং \*৪৩৩) ডাঃ মানস ভূঁইয়া ঃ অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) এটা কি সত্যি যে, ১৯৯২-৯৩ ও ১৯৯৩-৯৪ (ডিসেম্বর ১৯৯৩ পর্যন্ত) আর্থিক বছরে রাজ্যের বার্ষিক যোজনার লক্ষ্যমাত্রা রাজ্য সরকার পূরণ করতে পারেন নি;
  - (খ) সত্যি হলে, ১৯৯২-৯৩ সালে যোজনা মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত;
- (গ) ১৯৯৩-৯৪ সালে (ডিসেম্বর ১৯৯৩ পর্যন্ত সময়ে) যোজনা মঞ্জুর ও বরাদ্দ এবং কুপায়ণের ফারাক কত?

ডঃ অসীম কুমার দাশগুপ্তঃ (ক) ইহা সত্য যে ১৯৯২-৯৩ আর্থিক বছরে রাজ্যের বার্ষিক যোজনার লক্ষ্য মাত্রা রাজ্য সরকার পূর্ণ করতে পারেননি।

১৯৯৩-৯৪ আর্থিক বছরে, এবং অন্যান্য বছরেও মাসে মাসে পৃথকভাবে কোন লক্ষ্য মাত্রা ধার্য করা হয় না।

- (খ) ১৯৯২-৯৩ সালে যোজনা মঞ্জুরীকৃত অর্থের পরিমান ৮৮৭,৭৬,৪৪,০০০ টাকা (আট শত সাতাশি কোটি ছিয়ান্তর লক্ষ চুয়াল্লিশ হাজার টাকা)।
- (গ) ১৯৯৩-৯৪ সালের সমগ্র বছরে যোজনার মোট বরাদ্দ ১৫০৪,০৬,৪০,০০০ টাকা (পনের শত চুয়ায় কোটি ছয় লক্ষ চল্লিশ হাজার টাকা) যার মধ্যে মূল পরিকল্পনা বরাদ্দ ছিল ১২১৪ কোটি টাকা। এর পরিপ্রেক্ষিতে সংশোধিত বরাদ্দ ধার্য হয়েছে ১২১৭.০০ কোটি টাকা। মাসে মাসে বরাদ্দ পৃথকভাবে ধার্য করা হয় না। ডিসেম্বর ৯৩ পর্যন্ত মঞ্জুরীকৃত অর্থের পরিমান ৬৩৯.৯১ কোটি টাকা।

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, ১৯৯২-৯৩ এবং ১৯৯৩-৯৪ সালে রাজ্য সরকার বার্ষিক যোজনা যা ঠিক করেছিল তাতে পোঁছতে পারে নি, এই হিসাব আপনি এখানে রাখলেন। আমরা প্রতি বছরই দেখছি রাজ্য সরকার রাজ্য যোজনা যা নির্ধারণ করছে প্রাানিং কমিশনের সঙ্গে আলোচনার পরিপ্রেক্ষিতে তা তারা পূরণ করতে পারছে না। লক্ষ্য-মাত্রায় পৌছতে পারছে না। প্রতি বছরই এই জিনিস আমরা দেখছি। ১৯৯৩-৯৪ সালে

[6th April, 1994]

আপনি কেন লক্ষ্য-মাত্রায় পৌছতে পারলেন না এবং এরজন্য রাজ্যের যে ক্ষতি হয়েছে সেবিবয়ে আপনার মতামত কি?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** এটা ঠিক নয় যে, বছর বছর কম হচ্ছে। গত ২/৩ हि বছর আমরা যে সমস্যার সম্মুখীন হয়েছিলাম তা নিশ্চয়ই আপনারা অবগত আছেন। কিছ তার আগে—৭ম যোজনা যখন শেষ হয়, ১৯৮৯-৯০ সালে আমরা পরিকল্পনা বরাদ্রের ১০৯ পারসেন্ট খরচ করতে পেরেছিলাম। এখন প্রশ্ন হচ্ছে, এই দুটো বছর পরিকল্পনা খাতে বরান্দের চেয়ে খরচ কেন কম হল? এর উত্তর ১৯৯২-৯৩ সালের বাজেট বক্ততার মধ্যেট দেওয়া আছে. মাননীয় সদস্য দয়া করে সেটা একটু দেখবেন। প্রায় ১৫৪৩ কোটি টাকার জায়গায় ৮৮৮ কোটি টাকা খরচ হয়েছিল, ৬০০ কোটি টাকা কম খরচ হয়েছিল। কারণ কেন্দ্রীয় সরকারের দেয় অংশটা সেন্ট্রাল প্ল্যান এ্যাসিসটেন্স তাঁরা প্রোপুরি দেন নি, না দিয়ে তাঁরা আমাদের ওপর আঘাত করেছিলেন। তারপর স্বন্ধ সঞ্চয়ের ক্ষেত্রে তাঁদের গহীত নীতিব মধ্যে দিয়ে তাঁরা আমাদের আঘাত করেছিলেন এবং ইনস্টিটিউশনাল লোনের ক্ষেত্রেও ২০০ কোটি টাকার আঘাত আমাদের ওপর নামিয়ে এনেছিলেন। এত গুলি আঘাতের ফলে আমরা ৮৪১ কোটি টাকায় পরিকল্পনা বরাদ্দকে নামিয়ে এনেছিলাম—আরও কমান উচিত ছিল, কিন্তু আমরা পরিকল্পনা বহির্ভত খাতের অর্থ বাঁচিয়ে তাকে আরও কমতে দিই নি. বরঞ্চ তাকে খানিকটা বাডিয়ে ৮৮৮ কোটি টাকা করতে পেরেছিলাম। তারপর আবার ১৯৯৩-৯৪ সালে ৫২৪ কোটি টাকার আঘাত আমাদের ওপর নামিয়ে আনা হয়েছিল। ফলে আমাদের বয়দ আরও কম হওয়া উচিত ছিল। এবারে আমি আপনাদের বলছি, কেন্দ্র যদি আর নতন করে কোনও আঘাত আমাদের ওপর নামিয়ে না আনেন--গত ২/৩ বছর যা করেছেন তা যদি না করেন এবং তাঁদের প্রতিশ্রুতি যদি তাঁরা রক্ষা করেন তাহলে আমাদের এবারের পরিকল্পনা বরাদ্দকে ২ হাজার কোটি টাকা অতিক্রম করে নিয়ে যাওয়া সম্ভব হবে।

# Held over Starred question

(to which written answers were laid on the Table)

বন্যায় রামনগর কেন্দ্রে ক্ষতিগ্রস্ত গ্রাম

\*১৯২। (অনুমোদিত প্রশ্ন নং \*১৫৭১) শ্রী মৃণালকান্তি রায় : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

১৯৯৩ সালের অতিরিক্ত বর্ষণে ও বন্যায় মেদিনীপুর জেলার রামনগর কেন্দ্রের <sup>কোন</sup> কোন গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

১৯৯৩ সালের অতিরিক্ত বর্ষণে ও বন্যায় মেদিনীপুর জেলার রামনগর কেন্দ্রের নিম্নলিখিত

# গ্রামগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে :---

বারবাটিয়া, বাখারপুর, কাঁচুয়া, কাভগ্রাম, উত্তরবাধিয়া, শঙ্বমুদি, শ্যামসুন্দরপুর, দামোদরপুর, খ্রখিন্ডা, সাধী, নীলকণ্ঠপুর, বালকগড়, দিকশাল, বালিসাই, কনিয়োরা, ডিভাউরী, নারদান্দা, হিলারী, যশতেখরী, কিয়াকুন্ডি, মুকুন্দপুর, ডিকয়া, বাগমারী, পদিপা মুটীমাটি, মানদুবনা, শরীপুর, খাদালগোবরা, জগদীশপুর ডালদা, খীরপাল, লছিমপুর ও চাঁদপুর।

#### Starred question

#### (to which written answers were laid on the Table)

#### মাধ্যমিক বিদ্যালয়ে বার্ষিক ফিজ

\*৪০৪। (অনুমোদিত প্রশ্ন নং \*২১৯) শ্রী তপন হোড় ঃ শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের মাধ্যমিক বিদ্যালয়গুলিতে বর্ধিত বার্ষিক ফিজ (পরীক্ষা ফিজসহ) প্রত্যাহার করার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

নেই।

## পাওয়ারলুম সামগ্রী হ্যাভলুম হিসাবে বিক্রয়ের অভিযোগ

- \*৪০৬। (অনুমোদিত প্রশ্ন নং \*২৬৯) শ্রী আবু আয়েশ মন্ডল ঃ কৃটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) এটা কি সত্যি যে, বিভিন্ন রাজ্যে উৎপাদিত পাওয়ারলুম সামগ্রী হ্যান্ডলুম হিসেবে চিহ্নিত হয়ে এ রাজ্যের কলকাতাসহ অন্যান্য বাজারে বেআইনীভাবে বিক্রি হচ্ছে;
  - (খ) সতি হলে.—
  - (১) কোন কোন রাজ্যগুলি থেকে এ কাপড় আসছে; এবং
  - (२) এ ग्राभारत সরকার কোনও ব্যবস্থা নিয়েছেন/নিচ্ছেন कि ना?

# কৃটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) হাা।
- (খ) (১) দক্ষিন ভারতের প্রায় সব রাজ্য থেকে এবং মহারাষ্ট্র ও গুজরাট থেকে শক্তি

চালিত তাঁতে প্রস্তুত বস্ত্রাদি এ রাজ্যে বিক্রি হচ্ছে।

(২) এই সব বন্ত্রাদি বিক্রয়ের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট আইনে প্রয়োজনীয় সংস্থান না থাকার জন্য সংশ্লিষ্ট কেন্দ্রীয় মন্ত্রীকে রাজ্য সরকারগুলির হাতে প্রয়োজনীয় ক্ষমতা দেবার জন্য আইন সংশোধন করতে অনুরোধ করে চিঠি দেওয়া হয়েছে। মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী চিঠির প্রাপ্তি স্বীকার করেছেন কিন্তু এখনও কার্যকর ব্যবস্থা গ্রহণ করেন নি।

## কৈজুড়ি সুইস নির্মাণের পরিকল্পনা

- \*৪০৮। (অনুমোদিত প্রশ্ন নং \*১১২৩) শ্রী রবীন্দ্র ঘোষ ঃ সেচ্ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) মহেশপুর গ্রাম পঞ্চায়েত অন্তর্ভুক্ত কৈজুড়ি সুইসটির নির্মাণ করবার কোনও পরিকল্পনা সরকারের স্মাছে কি না; এবং
  - (थ) थाकल, करत नागाम काकि ट्र वरल जामा करा याग्र?

#### সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (क) বর্তমানে কৈজুড়ি সুইস নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের নেই।
- (খ) প্রাসঙ্গিক নয়।

#### তফসিলি জাতি ও উপজাতিদের পরিচয়পত্র

- \*৪১০। (অনুমোদিত প্রশ্ন নং \*১৮৩৪) শ্রী সুভাষ নস্কর : তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) এটা কি সত্যি যে, তফসিলি জাতি/উপজাতিদের পরিচয়পত্র প্রদানের ক্ষেত্রে মহকুমা শাসকগণ যথেষ্ট বিলম্ব করছেন বলে অভিযোগ: এবং
  - (খ) সত্যি হলে, এ ব্যাপারে সরকার কি পদক্ষেপ নিচ্ছে?

# তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) মহকুমা শাসকগণ বিলম্ব করছেন এই ধরণের নির্দিষ্ট অভিযোগ পাওয়া যায় নি। তবে সাধারণভাবে অভিযোগ বিরল নয়।
- (খ) সুনির্দিষ্ট অভিযোগ থাকলে বিলম্বের কারণ তানুসক্ষদ করা রাণ এছাড়া ব্ ব্যাপারে দরখান্তের অনুসন্ধান থেকে পরিচয়পত্র প্রদাণ পর্যন্ত সুষ্ঠাভাবে সম্প্রাদ্ধান ভাগা প্রয়োজনীয় বিভাগীয় নির্দেশাবলী জেলান্তরের জেলাশাসক থেকে ব্লক উন্নয়ন আধিকারিকদেব

# অনেক আগেই পাঠান হয়েছে।

#### - মহার্ঘভাতা

- \*৪১১। (অনুমোদিত প্রশ্ন নং \*৮৪৭) শ্রী প্রবীর ব্যানার্জি । অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
- (ক) বর্তমানে রাজ্যে সরকারি কর্মচারী, শিক্ষক-শিক্ষিকা ও অশিক্ষক কর্মচারিগণ কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের থেকে মোট কত কিস্তি মহার্ঘভাতায় পিছিয়ে আছেন; এবং
  - (খ) কবে নাগাদ বাকি কিস্তিগুলি দেওয়া হবে বলে আশা করা যায়?

#### অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (ক) কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের তুলনায় তিন কিন্তি মহার্ঘভাতা রাজ্য সরকারি কর্মচারী, শিক্ষক-শিক্ষিকা ও অশিক্ষক কর্মচারীদের পাওনা আছে।
  - (খ) ইহা সরকারের বিবেচনাধীন।

# বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে এম.এ./এম.এস.সি. কোর্স চালু

- \*৪১২। (অনুমোদিত প্রশ্ন নং \*৭৭৭) শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে কোন কোন বিষয়ে এম.এ. ও এম.এস.সি. কোর্স চালু করা হয়েছে; এবং
- (খ) নতুন কোন বিষয়ের উপর উক্ত কোর্সগুলি চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

## শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে নিম্নলিখিত বিষয়গুলিতে এম.এ. ও এম.এস.সি. কোর্স চালু করা হয়েছে।

এম.এ.

এম.এস.সি.

১) বাংলা

১) নৃতত্ত বিদা

২) ইংরেজী

সমুদ্র বিজ্ঞান ও কল্পুন্টাক
 প্রোগ্রামিং সহ ফলিত গণিত

[6th April, 1994]

- ৩) বাণিজ্য ও খামার পরিচালন (এম.কম)—৩) উদ্ভিদ বিদ্যা ও বন সূজন
- ৪) ইতিহাস

8) রসায়ন ও রাসায়নিক কারিগরি বিদ্যা

৫) দর্শন ও জীবজগৎ

- ৫) মানব শরীর বৃত্ত ও জনস্বাস্থ্য
- ৬) রাষ্ট্রবিজ্ঞান ও গ্রামীন প্রশাসন
- ७) পদার্থ বিদ্যা ও কারিগরি পদার্থ বিদ্যা
- ৭) অর্থনীতি ও গ্রামীন উন্নয়ন
- ৭) প্রাণী বিদ্যা
- ৮) গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান
  - (খ) না।

#### এইচ.এম.টি. ট্রেনিং সেন্টার

- \*৪১৩। (অনুমোদিত প্রশ্ন নং \*১৩৫১) শ্রী নুরুল ইসলাম চৌধুরী ঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার অধীন এইচ.এম.টি. ট্রেনিং সেন্টার স্থাপনের উদ্দেশ্যে অধিগৃহীত জমি গোল্ডেন অয়েল ইন্ডাস্ট্রিজ নামক সংস্থাকে লিজ দেওয়া হয়েছে;
  - (খ) সত্যি হলে,
  - (১) কত বছরের দ্ধন্য লীজ দেওয়া হয়েছে;
  - (২) লীজ দেওয়া অর্থের পরিমাণ কত; এবং
  - (৩) দীজ নেওয়া সংস্থা কাজ শুরু করেছে কি না?

## কৃটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) হাা।
- (খ) (১) ৯৯ (নিরানব্বই) বছরের জন্য:
- (২) ৭ (সাত) লক্ষ টাকা;
- (৩) এখনও পর্যন্ত শুরু করতে পারে নি।

## নদীয়া জেলায় লাইসেন্সপ্রাপ্ত মদের দোকান

\*8>8। (অনুমোদিত প্রশ্ন নং \*১৫৬৬) শ্রী সুশীল বিশ্বাস : আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) নদীয়া জেলায় সরকারি লাইসেলপ্রাপ্ত দেশী ও বিদেশী মদের দোকানের সংখ্যা কত; এবং
  - (খ) উচ্চ জেলাতে নতুন লাইসেন্স দেবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না? আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:
- (ক) দেশী মদের দোকান ২০ বিদেশী মদের দোকান ৬। ৫০ ইউ.পি.রাম ও বিয়ারের দোকান ৫
- (খ) বর্তমান আর্থিক বছরে কোনও নতুন লাইসেন্স দেবার পরিকল্পনা নেই।

  Notes on supplementaries

## 1. No. of Country Spirit & I.M.F.L. shops for the period 1990-1991 to 1993-94 in Nadia district :

	1990-91	1991-92	1992-93	1993-94
(1) Country Spirit	20	20	20	20
(2) I.M.F.L.	6	6	6	6
(3) 50° UP Rum & Bee (ex-ganja shops)	r X	х	5	5

2. Excise Revenue of Nadia district during the period 1990-91 to 1993-94

C.S. Revenue	F.L.Revenue	Total Revenue (Rs.)
(Rs.)	(Rs.)	
2,18,29,845.62	5,69,00,534.79	7,89,90,307.30
2,06,34,985.50	7,22,61,903.22	9,32,85,177.86
2,59,96,278.58	7,52,57,332.79	10,16,60,062.87
2,34,49,896.64	4,64,62,179.81	7,05,61,934.12
	(Rs.) 2,18,29,845.62 2,06,34,985.50 2,59,96,278.58	(Rs.) (Rs.) 2,18,29,845.62 5,69,00,534.79 2,06,34,985.50 7,22,61,903.22 2,59,96,278.58 7,52,57,332.79

(Note: F.L. revenue includes revenue derived from the brewery at Kalyani).

- 3. List of licences of various districts is enclosed.
- 4. Total Excise Revenue of the state duing the period (in crore  $R_{S}$ ) 1990-91-Rs. 163.87 (total) 1992-93- 203.48 (estimated)

1991-92-Rs. 182.32 (total) 1993-94(Jan.'94)-169.15 (Estimated)

#### NUMBER OF SHOPS:

	1988-89	1989-90	1990-91	1991-92	1992-93	1993-94
Country Spirit	094	094	094	094	094	094
Foreign Liquor (off)	285	285	285	303	303	303
Foreign Liquor (on)	344	344	344	365	376	376
(including Hotel, Re	staurant, I	Bars etc.)				

## B. DISTRICT-WISE NUMBER OF SHOPS:

		1990-91			1	1991-92			1992-93		
		C.S.	F.L. OFF	F.L. ON	C.S.	F.L. OFF	F.L. ON	C.S.	F.L. OFF	F.L.50 ON&	
1.	Bankura	63	7	1	63	8	2	63	8	2	25
2.	Burdwan (East)	55	6	-	55	6	-	55	6	-	x
3.	Burdwan (West)	46	11	9	46	13	12	46	13	13	×
4.	Birbhum	49	7	-	49	7	-	49	7	-	x
5.	Calcutta	58	114	228	58	124	233	58	124	233	35
6.	Cooch Behar	27	5	-	27	5	-	27	5	-	4
7.	Darjeeling	36	16	49	36	17	49	36	17	56	4
8.	Uttar Dinajpur	30	4	-	30	4	1	30	4	1	3
9.	Dakshin Dinajpu	r 11	1	-	11	1	-	11	1	•	13
10.	Hooghly	85	13	5	85	13	5	85	13	5	61
11.	Howrah	31	4	2	31	4	2	31	4	2	41
12.	Jalpaiguri	68	16	16	68	16	20	68	16	20	2
13.	Malda	26	3	2	26	4	3	26	4	3	11

14. Midnapore (eas	st) 38	13	9	38	15	11	38	15	11	26
15. Midnapore (we	st) 54	10	6	54	10	. 6	54	10	6	29
16. Murshidabad	35	3	1	35	3	2	35	3	2	8
17. Nadia	20	6	-	20	6	-	20	6	-	. 5
18. Purulia	64	8	2	64	9	2	64	9	2	11
19. North 24-pgs.	52	24	6	52	24	8	52	24	19	46
20. South 24-pgs.	46	14	8	46	14	9	46	14	10	37
Total	894	285	344	894	303	365	894	303	376	361

N.B.: The position is same in 1993-94 as at \* above.

Addenda		1993-94
Tari	-	342
Pachwai	-	972
Bhang	-	326

#### কংসাবতী ব্যারেজ

\*৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং \*৯১০) শ্রী মানিক ভৌমিকঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কংসাবতী ব্যারেজ থেকে মেদিনীপুর জেলার ময়না এবং সবং ব্লকে বোরো চাষে সেচের জল দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

না, এইরূপ কোনও পরিকল্পনা নেই।

## প্রাথমিক শিক্ষক শূন্য পদ পূরণ

- \*৪১৬। (অনুমোদিত প্রশ্ন নং \*১৪১৮) শ্রী মোজাম্মেল হকঃ শিক্ষা (প্রাথমিক ও <sup>মাধ্যমিক</sup>) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) মুর্শিদাবাদ জেলার বিভিন্ন বিদ্যালয়ে মোট কয়টি প্রাথমিক শিক্ষক পদ শূন্য আছে (৩১শে ডিসেম্বর, ১৯৯৩ পর্যন্ত): এবং
  - (খ) শূন্য পদশুলি পুরণ না হওয়ার কারণ কি?

# শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) ৬৯০ টি।
- (খ) মহামান্য কলকাতা হাইকোর্টে মামলার জন্য শূন্যপদ পুরণ করা যাচেছ না।

#### ভোজ্য-তেল শিল্প

- \*৪১৭। (অনুমোদিত প্রশ্ন নং \*২০৪৩) শ্রী সুরত মুখার্জি ঃ কৃটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) এটা কি সত্যি যে, রাজ্যে বিশেষত বাঁকুড়া, মুর্শিদাবাদ, বর্ধমান, হাওড়া, হুগ্লি প্রভৃতি জেলার ভোজ্য-তেল শিক্ষণ্ডলি বন্ধ হয়ে যাচেছ; এবং
  - (খ) সত্যি হলে, তার কারণ কি?

## কৃটির ও ক্ষুদ্রায়তন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (ক) সত্য নহে।
- (খ) প্রশ্ন ওঠে না।

### রবীন্দ্র-সরোবর উন্নয়ন প্রকল্প

- \*8>৮। (অনুমোদিত প্রশ্ন নং \*১১১৪) শ্রী দিলীপ মজুমদার ঃ নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) এটা কি সত্যি যে, রবীন্দ্র-সরোবরকে আকর্ষণীয় করে তুলতে কলকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট নতুন পরিকল্পনা নিয়েছে;
  - (খ) সত্যি হলে, পরিকল্পনাটির রূপরেখা কি?

# নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) হাাঁ।
- (খ) রবীন্দ্র সরোবরের বর্তমান অবস্থার উন্নয়নের জন্য কলিকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট একটি সামগ্রিক প্রকল্প রচনা করেছে যার আনুমানিক ব্যয় ২৪ লক্ষ ৮৩ হাজার টাকা। ঐ প্রকল্পের মধ্যে রবীন্দ্র সরোবর এলাকার ভিতর রাস্তা মেরামত, রবীন্দ্র সরোবরের লেকের পাড়ের সুরক্ষা, লিলিপুলের দক্ষিণে প্রাচীর নির্মাণ, রেলিং সংস্কার, ফরেস্ট ডিপার্টমেন্টের সহায়তায় লিলিপুলের মধ্যে বাগান তৈরি, রবীন্দ্র সরোবরের লেকের জলের সংস্কার, উপ<sup>নুক্ত</sup> আলোর ব্যবস্থা ইত্যাদি কাজগুলি উল্লেখযোগ্য।

#### বাঁশলৈ নদীর ভাঙ্গন

- \*৪১৯। (অনুমোদিত প্রশ্ন নং \*১৪৮০) **ডাঃ মোতাহার হোসেন ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) এটা কি সত্যি যে, বীরভূম জেলার বাঁশলৈ নদীর বন্যা নিরোধক বাঁধ বিপজ্জনকভাবে ক্ষয়ে যাওয়ার ফলে নিকটবতী গ্রামগুলি ধ্বংসোমুখ হয়ে পড়েছে; এবং
  - (খ) সত্যি হলে, এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছে/করছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) হাাঁ, ইহা আংশিক সত্য।
- (খ) বাঁশলই নদীর বাম পাড়ের বাঁধের ভাঙ্গন মেরামতির কাজ মৌজা কলিতজয় সম্পন্ন হয়ে যাওয়ার মুখে।

এছাড়াও, সেচ দপ্তর কর্তৃক আরও ৪টি জায়গায় বাঁধ মেরামতির জন্য প্রয়োজনীয় প্রারম্ভিক কাজ শুরু করা হয়েছে।

### বেসরকারী কলেজে দ্বিতীয় শিক্ষক পদ সৃষ্টির প্রস্তাব

\*৪২০। (অনুমোদিত প্রশ্ন নং \*১৯৬০) শ্রী বিদ্যুৎকুমার দাস । শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

একটি বিষয় পাঠদানের জন্য একজন মাত্র শিক্ষক নিযুক্ত রাজ্যের বে-সরকারি কলেজে দ্বিতীয় শিক্ষকের পদ সৃষ্টি করার প্রস্তাব সরকার ভাবছে কি না?

শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

হাঁ।

# চাঁই সমাজভুক্ত মানুষদের আবেদন

- \*৪২১। (অনুমোদিত প্রশ্ন নং \*২৪৭১) শ্রী অতীশচন্দ্র সিনহা : তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি----
- (ক) রাজ্যে চাঁই সমাজভুক্ত মানুষদের তফসিলি জাতি/উপজাতি হিসাবে গণ্য করার জন্য কোন আবেদন সরকার পেয়েছে কি না:
  - (খ) এ ব্যাপারে কালচারাল রিসার্চ ইনস্টিটিউট কোনও রিপোর্ট রাজ্য সরকারের কাছে

দাখিল করেছে কি:

- (গ) করে থাকলে, সুপারিশগুলি কি কি; এবং
- (ঘ) উক্ত সমাজকে তফসিলি জাতি/উপজাতি হিসাবে গণ্য করার জন্য রাজ্য সর<sub>কার</sub> কোনও পদক্ষেপ গ্রহণ করেছে কি নাং

### তপশিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) হাা। পশ্চিমবঙ্গে চাঁই সমাজ্ঞ উন্নয়ন সমিতির মাধ্যমে কেন্দ্রীয় কল্যাণমন্ত্রী ব্রী সীতারাম কেশরীর নিকট গণ আবেদনের কপি উক্ত সমিতির যুগ্ম সম্পাদক ব্রী কাঞ্চনকুমার সরকার মারফং রাজ্য সরকার পেয়েছেন।
  - (খ) হাা।
- (গ) কালচারাল রিসার্চ ইনস্টিটিউট-এর অভিমত হল সামাজিক দিক থেকে এই সম্প্রদায় বিন্দ, পাসি, ও নুলিয়া সম্প্রদায়ের সমতুল যারা পশ্চিমবাংলায় তফসিলি জাতি হিসাবে স্বীকৃত।
  - (ঘ) বিষয়টি বিবেচনার জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হয়েছে।

## কৃষি-আয়কর বাবদ রাজ্যের আয়

- \*৪২২। (অনুমোদিত প্রশ্ন নং \*১২৪) শ্রী শিবপ্রসাদ মালিক ঃ অর্থ বিভাগের ভারপ্রাণ্ট মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে কৃষি-আয়কর বাবদ রাজ্যে কত অর্থ আদায় করা হয়েছে: এবং
  - (খ) ঐ অর্থ আদায়ে কত জন অফিসার ও কর্মী নিযুক্ত ছিলেন?

# অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে কৃষি আয়কর বাবদ মোট ৯,১১,০৩,৪০৭-০৭ (ন্য কোটি এগারো লক্ষ তিন হাজার চারশ সাত টাকা সাত পয়সা) আদায় হইয়াছে।
  - (খ) মোট ২২৭ জন অফিসার ও কর্মী কৃষ্ণি আয়কর আদায়ের কাজে নিযুক্ত <sup>ছিলেন।</sup>

#### প্রাথমিক শিক্ষক নিয়োগ

\*৪২৩। (অনুমোদিত প্রশ্ন নং \*১৪৬১) শ্রী নিত্যানন্দ অধিকারী ঃ শিক্ষা (প্রা<sup>থ্মিক ও</sup> মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) মহামান্য উচ্চ আদালত কর্তৃক 'শিক্ষণপ্রাপ্ত' এবং শিক্ষণপ্রাপ্ত নয় এরূপ প্রার্থীর নিয়োগ সংক্রান্ত ব্যাপারে পশ্চিমবঙ্গের কোন কোন জেলা কতদূর অগ্রসর হয়েছে;
  - (খ) নিয়োগের ক্ষেত্রে অন্য কোন অন্তরায় আছে কি না; এবং
  - (গ) থাকলে তা কি কি?

#### শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

প্রাথমিক শিক্ষক নিয়োগের ব্যাপারে মাননীয় কলকাতা হাইকোর্টে অসংখ্য মামলা দায়ের করা হয়েছে। সর্বশেষ পরিস্থিতি অনুসারে প্রার্থী নির্বাচন প্রক্রিয়া চলতে পারে, কিন্তু পশ্চিমবঙ্গের কোন জেলা কোন নিয়োগপত্র ইস্যু করতে পারবে না।

উপরোক্ত আদেশ দিয়েছেন, মাননীয় বিচারপতি ইউ.সি. ব্যানার্জি এবং মাননীয় বিচারপতি এস.পি. রাজখোওয়া দ্বারা গঠিত ডিভিসন বেঞ্চ। এই মামলাটির শুনানি চলছে।

### নতুন ক্ষুদ্র শিল্প ইউনিট

- \*৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং \*১৮১৭) শ্রীমতী মিনতি ঘোষ ঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) দক্ষিণ দিনাজপুর জেলায় নতুন ক্ষুদ্র শিল্প ইউনিট চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না:
  - (খ) থাকলে কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়; এবং
  - (গ) উক্ত পরিকল্পনায় বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

# কৃটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (ক) সরাসরি সরকারি ব্যবস্থাপনায় কোনও নতুন ক্ষুদ্রশিল্প ইউনিট চালু করার পরিকল্পনা না থাকলেও জেলার শিল্পদ্যোগীদের দ্বারা নতুন ক্ষুদ্র শিল্প ইউনিট স্থাপন করার ব্যাপারে সরকারি প্রচেষ্টা আছে।
  - (খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

# খড়গ্রাম ব্লকে কলেজ নির্মাণ

- \*৪২৬। (অনুমোদিত প্রশ্ন নং \*২২৮৯) শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম ব্লকে কলেজ নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের

### আছে কি না; এবং

- (খ) थाकल, कर्त नागाम कार्यकत रूत वर्ल आमा कता यात्र?
- শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:
- (ক) না।
- (খ) প্রশ্ন উঠে না।

#### সরকারি দপ্তরে সপ্তাহে পাঁচদিনের কাজ

- \*\$২৭। (অনুমোদিত প্রশ্ন নং \*৬৩৬) শ্রী অমিয় পাত্র ঃ অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
- (ক) সরকারি দপ্তরে সপ্তাহে ছ'দিনের পরিবর্তে পাঁচদিন কাজের বর্তমান ব্যবস্থা সাময়িকভাবে না স্থায়ীভাবে করা হয়েছে; এবং
- ্র (খ) এরূপ পরিবর্তনের পরিপ্রেক্ষিতে সরকারের কাজের কোনও মূল্যায়ণ করা হয়েছে কি না এবং হলে তা কিং

## অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (क) পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এই ব্যবস্থা বলবৎ থাকবে।
- (খ) আনুষ্ঠানিকভাবে কোনও মূল্যায়ণ করা না হলেও আপাত দৃষ্টিতে কাজের কোনও ক্ষতির লক্ষণ দেখা যায় নি।

# প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র ভর্তির পদ্ধতি

\*৪২৮। (অনুমোদিত প্রশ্ন নং \*১৫৫৭) শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ শিক্ষা (প্রাথ<sup>মিক ও</sup> মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্র ভর্তির কি পদ্ধতি বর্তমানে চালু আছে?

# প্রাথমিক (শিক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

বর্তমানে কলিকাতা, হাওড়া, হগলি, উন্তর ২৪ পরগণা ও কুচবিহার জেলার ১৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রথম শ্রেণীতে ভর্তির জন্য ভর্তি প্রবেশ পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। উক্ত জেলাগুলির ১১টি সরকারি বিদ্যালয়ে তৃতীয় শ্রেণীতে ভর্তির জন্য ও প্রবেশ পরীক্ষা প্রহণ করা হচ্ছে। অন্যান্য শ্রেণীতে আসনখালি হলে ঐ আসনে ভর্তির বিষয়ে বিদ্যালয়গুলি

নিজস্ব পদ্ধতি অনুসরণ করে ছাত্র ভর্তি করে। বাকি সরকারি বিদ্যালয়গুলিতে ছাত্র ভর্তির বিষয়ে নিজস্ব পদ্ধতি চালু আছে।

#### তম্ভজ ও তন্ত্ৰশ্ৰী শাখা

- \*৪২৯। (অনুমোদিত প্রশ্ন নং \*১৯৭৯) শ্রীমতী নন্দরাণী ডাল ঃ কৃটির ও ক্ষুদ্রায়তন
  শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়্প অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) বর্তমানে রাজ্যে তম্বজ ও তম্বশ্রীর শাখা কত:
  - (খ) উক্ত শাখাগুলিতে মোট কতজন কর্মচারী আছেন;
  - (গ) তন্মধ্যে মহিলা কর্মচারীর সংখ্যা কত; এবং
  - (ঘ) তফসিলি জাতি, উপজাতি সম্প্রদায়ভুক্ত কর্মচারীর সংখ্যা কত?

## কৃটির ও ক্ষুদ্রায়ত্ন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) রাজ্যে তল্পজ ও তল্পশ্রীর কোনও শাখা নেই তবে তল্পজের ১২৫টি এবং তল্পশ্রীর ৭৭টি বিপনন কেন্দ্র আছে।
- (খ) উক্ত বিপনন কেন্দ্রগুলিতে তম্ভজের ৫৮৩ জন এবং তম্ভশ্রীর ৩৪১ জন কর্মচারী আছেন।
  - (গ) তন্ত্রজের ৯৭ জন এবং তন্ত্রশ্রীর ৯৮ জন।
  - (ঘ) তম্বজের ১৮ জন এবং তম্বশ্রী ১০ জন।

## জলপাইগুডি জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ

- \*৪৩১। (অনুমোদিত প্রশ্ন নং \*১৫৯৭) শ্রী নির্মল দাস ঃ শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক)

  বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
- (ক) এটা কি সত্যি যে, জলপাইগুড়ি জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগের সাক্ষাৎকার নিওয়া হয়েছে: এবং
  - (খ) সত্যি হলে, কবে নাগাদ শিক্ষক নিয়োগ শুরু হবে বলে আশা করা যায়?

# শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) ২৪-১১-৯৩ থেকে ২৩-১২-৯৩ পর্যন্ত সাক্ষাৎকার নেওয়া হয়েছে।
- ্খ) মহামান্য উচ্চ আদালতের আদেশ না পাওয়া পর্যন্ত শিক্ষক নিয়োগ শুরু করা <sup>বাবে</sup> না।

#### বাঁকুড়ায় ইন্দাস ও পাত্রসায়ের ব্লকের মধ্যে কলেজ স্থাপন

- \*৪৩২। (অনুমোদিত প্রশ্ন নং \*২৪১৫) শ্রী নন্দদুলাল মাঝি ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) বাঁকুড়া জেলার ইন্দাস ও পাত্রসায়ের ব্লকের মধ্যে কলেজ স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং
  - (খ) थाकरल, करव नागाम काछ छक्न इरव वरल আশा कता याग्र?

#### শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) না।
- (খ) প্রশ্ন উঠে না।

## ডি.ভি.সি. আওতাভুক্ত সেচসেবিত জমি

- \*৪৩৩। (অনুমোদিত প্রশ্ন নং \*১৩১৩) শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) ডি.ভি.সি. আওতাভুক্ত সেচসেবিত এলাকার পরিমাণ কত; এবং
  - (খ) বর্তমানে কত পরিমাণ জমিতে ডি.ভি.সি. সেচের জল দিতে পারছে?

## সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(ক) পরিকল্পনা অনুযায়ী, ডি.ভি.সি. আওতাভূক্ত এলাকায় সেচযোগ্য জমির পরিমাণ এইরূপ ঃ

> খরিফ — ৯,৭৩,০০০ একর এবং রবি — ৫৫,০০০ একর

েখ) বর্তমানে ভি.ভি.সি. প্রকল্প থেকে সাধারণভাবে গড়ে যে পরিমাণ জমিতে <sup>সেচের</sup> জল নেওয়া যাচ্ছে তা হল ঃ

খরিফ — ৮,২০,০০০ একর
রবি — ৪৩,০০০ একর এবং
নোরো — ১,৪২,০০০ একর।

#### জেলা বিদ্যালয় পরিদর্শক কেন্দ্র বিকেন্দ্রীকরণ

- \*৪৩৪। (অনুমোদিত প্রশ্ন নং \*২৪৪৩) শ্রী শিশিরকুমার সরকার ঃ শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) এটা কি সত্যি যে, জেলা বিদ্যালয় পরিদর্শকের কেন্দ্রকে ব্লকস্তরে বিকেন্দ্রীকরণের বিষয়ে সরকার চিম্ভা-ভাবনা করছে; এবং
  - (খ) সত্যি হলে, কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায়?
    শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ
  - (ক) না।
  - (খ) প্রশ্ন উঠে না।

#### মুরাডি জলাধারে নতুন সেচনালা

- \*৪৩৫। (অনুমোদিত প্রশ্ন নং \*১৮৮৮) শ্রী অঙ্গদ বাউরী ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) পুরুলিয়া জেলার মুরাডি জলাধার থেকে নতুন সেচনালা তৈরিতে সরকার কত টাকা বরাদ্দ করেছে; এবং
  - (খ) ১৯৯৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত উক্ত টাকার কত টাকা খরচ হয়েছে?
    সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ
  - (क) পुरुलिया (जलाय मताि जलाधात नात्म काने जलाधात तिरे।
  - (খ) এই প্রশ্নটির প্রাসঙ্গিকতা নেই।

# Unstarred Question

(to which written answers were laid on the Table)

# ময়্রাক্ষী প্রকল্পাধীন সেচ-সেবিত এলাকার জলকর

- ২০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩) শ্রী তপন হোড় ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) এটা কি সত্যি যে, ময়ুরাক্ষী প্রকল্পাধীন বি.কে.বি.সি খালের আওতাধীন সেচ-<sup>সেবিত</sup> এলাকায় জল না পাওয়ার জন্য কৃষকরা জলকর আদায় দিচ্ছেন না; এবং

(খ) সত্যি হলে, জলকর আদায়ের জন্য রাজ্য সরকার কি কি পদক্ষেপ নিয়েছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) এটা সত্যি নয়। সেচ-সেবিত এলাকায় জল না পাওয়ার কোনও রিপোর্ট অফিসে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

#### শহীদ মিনার ময়দানে মঞ্চ

১০৫। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪) শ্রী আব্দুল মান্নান ঃ পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) কলকাতার শহীদ মিনার ময়দানে কোনও মঞ্চ নির্মাণের পরিকল্পনা আছে কি না;
- (খ) থাকলে,---
- (১) কি ধরণের মঞ্চ নির্মাণ করা হবে.
- (২) কত টাকা এজন্য ব্যয় হবে, এবং
- (৩) কবে নাগাদ কাজ শুরু হবে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হাাঁ, আছে।

- (খ) (১) একটি আধা-স্থায়ী কাঠামোযুক্ত মঞ্চ নির্মাণের পরিকল্পনা আছে।
- (২) এখনও এজন্য নক্সা তৈরি করে তথ্য ও সংস্কৃতি বিভাগের অনুমোদনের জনা পাঠানো হয়েছে। মূল কাজ শুরুর সঠিক তারিখ এখনই বলা সম্ভব নয়।

### কলকাতা মহানগরীতে সিলিং উর্ধ্বে জমির পরিমাণ

১০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮১০) শ্রী রবীন দেব : নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) বর্তমানে কলকাতা মহানগরীতে সিলিং-এর উর্ধ্বে জমির পরিমাণ কত;
- (খ) ৩১শে ডিসেম্বর ১৯৯৩ পর্যন্ত রাজ্য সরকার কত জমি উদ্ধার করেছে:
- (গ) সিলিং উধ্বের্ব জমির লিটিগেশন পরিমাণ কড; এবং
- (ঘ) লিটিগেশন থেকে মুক্ত করতে সরকার ইতিমধ্যে কি কি ব্যবস্থা নিয়েছে?
  নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) কলকাতা মহানগরীতে বর্তমানে আরবান

ল্যান্ড (সিলিং এ্যান্ড রেণ্ডলেশন) এ্যাক্ট, ১৯৭৬ অনুযায়ী সিলিং-এর উধের্ব জমির পরিমাণ ১২.৫৪,৭৪০.৭৩৯ বর্গ মিটার এখনও পর্যন্ত নির্দ্ধারিত।

- ্খ) ৩১শে ডিসেম্বর ১৯৯৩ পর্যন্ত রাজ্য সরকার ১,৭৪,৩৮২.৫৩ বর্গ মিটার জমি বাস্তবিক দখল (Physical Possession) নিয়েছে।
- (গ) প্রায় ১৪,৯৫,২৯০.৫ বর্গ মিটার সিলিং উর্ধ্বে জমি সম্পর্কিত বিষয় আদালতে বিচারাধীন অবস্থায় রয়েছে।
- (ঘ) **আদালতের বিচারাধীন বিষয়গুলিকে মুক্ত করতে সরকার প্রতিনিয়ত** যথাযথ ব্যবস্থা নিচ্ছে।

## বিদ্যুৎ ক্রয়-বিক্রয়ে তারতম্যের অভিযোগ

১০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৪) শ্রী মানিক ভৌমিক ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) এটা কি সত্যি যে, ডব্লুবি.পি.ডি.সি.এল-এর কোলাঘাট বিদ্যুৎ কেন্দ্র থেকে বেশি দামে বিদ্যুৎ কিনে রাজ্য বিদ্যুৎ পর্ষদ গ্রাহকদের এবং সি.ই.এস.সি.-কে কম দামে বিদ্যুৎ বিক্রয় করছে; এবং
  - (খ) সত্যি হলে, এর কারণ কি?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

## কালিয়াগঞ্জ নিয়ন্ত্রিত বাজার

১০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৪) শ্রী রমণীকান্ত দেবশর্মা ঃ কৃষি (কৃষিবিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) এটা কি সত্যি যে, উত্তর দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ নিয়ন্ত্রিত বাজারটি বর্তমানে লাভজনক অবস্থায় রয়েছে?
  - (খ) সত্যি হলে,
  - (১) বর্তমানে লাভের পরিমাণ কিরূপ?
- (২) লাভের টাকায় এলাকার উন্নয়নের জন্য কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি নাং

(৩) ইতিপর্বে উক্ত এলাকার উন্নয়নের জন্য কি কি করা হয়েছে?

কৃষি (কৃষি-বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) নিয়দ্রিত বাজার সমিতিগুলি পশ্চিমবঙ্গ কৃষি পণ্য-বিপণনে (প্রনিয়ন্ত্রণ) আইনের ব্যবস্থানুযায়ী সংগঠিত করা হয়। এই বাজার সমিতিগুলির সঙ্গে লাভ-ক্ষতির কোনও সম্পর্ক নেই। তবে, এই বাজার সমিতিগুলি যাতে প্রয়োজনীয় সকল খরচ নিজম্ব তহবিল থেকে ব্যয় করতে পারে সেজন্য উপরোভ আইনে উপযুক্ত ব্যবস্থা রাখা হয়েছে।

- (খ) যেহেতু নিয়ন্ত্রিত বাজার সমিতির সঙ্গে
- (১) লাভ-ক্ষতির কোনও সম্পর্ক নেই, তাই এ প্রশ্ন এক্ষেত্রে ওঠে না।
- (২) হাাঁ, বাজারের পরিকাঠামো নির্মাণ, তত্ত্বাবধান ইত্যাদি করা হয়েছে। আরও উন্নরনের পরিকল্পনা আছে। তবে লাভের টাকায় নয়।
- (৩) বাঙ্গালবাড়ী হাট, হেমতাবাদ হাট, উদাহরণ হাট এবং ভালাই হাটে ১৩.৩৮ লক্ষ্ টাকা ব্যয় করে হাট আচ্ছাদন নির্মাণ করা হয়েছে। তাছাড়া, গ্রামীণ হাট-বাজার সংযোগকারী সড়ক উন্নয়ন-এর ক্ষেত্রে যা করা হয়েছে তা হল,
  - (ক) হরিগ্রাম সডক ও সেতু উন্নয়ন।
  - (খ) জানুরিয়া সড়ক ও সেতু উন্নয়ন।
  - (গ) রাখালকালী সড়ক ও সেতু উন্নয়ন।
  - (ঘ) কানামনি সড়ক ও সেতু উন্নয়ন।
  - (%) কানামনি রাজবাড়ি গেট থেকে ইন্দরান বাঁধ পর্যন্ত সড়ক উন্নয়ন।

উপরোক্ত উন্নয়নমূলক কর্মসূচীতে একদিকে যেমন বাজার সমিতি নিজ তহবিল <sup>থেকে</sup> খরচ করেছে অপরদিকে তেমন রাজ্য কোষাগার ও কেন্দ্রীয় কোষাগারের থেকেও খরচ করা হয়েছে।

## সরকারী সাহায্যপ্রাপ্ত অনাথ আশ্রম

২০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯৮) শ্রী শক্তি বল ঃ সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রার্থ মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সরকারি সাহায্যপ্রাপ্ত অনাথ আশ্রমগুলিতে ১৯৯২-৯৩ সালে অপুষ্টিজ<sup>নিত</sup> কারণে কোনও শিশুর মৃত্যু হয়েছে কি না;

- (খ) কতজন শিশু হোম ছেড়ে চলে গেছে; এবং
- (গ) হোম ছাড়ার কারণ কি?

সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) না।

(খ) মোট ৬২৮ জন শিশু হোম ছেড়ে চলে গেছে। হোমের নামসহ বালক-বালিকাভিন্তিক |কটি তালিকা নিম্নে দেওয়া হল।

	কটেজ স্কীম ও ক্যাপিটেশন	বালক	চলে গেছে	বালিকা	চলে গেছে
	অ্যালাওয়েন্স-এর হোমগুলির নাম	অনুমোদিত	অথবা	অনুমোদিত	অথবা
		ক্যাপাসিটি	ছেড়ে দেওয়া	ক্যাপাসিটি	ছেড়ে দেওয়া
			হয়েছে		হয়েছে
51	বিবেকানন্দ চাইল্ড ওয়েলফেয়ার হোম				
	কাকদ্বীপ	90	_		
रा	রামকৃষ্ণ সেবাশ্রম, গ্রাম মতিলাল, পোঃ				
	বাজুরঘেরিয়া	<b>૨</b> ૯	>		
७।	গ্রীচৈতন্য আশ্রম, গ্রাম ফটকি ইরানপুর	60	29		
8	সারদামণি ডেষ্টিটিউট হোম-কাম-ক্লরাল				
	ভেভেলাপমেন্ট কেন্দ্ৰ	٩ ৫			
01	গঙ্গাধরপুর হরিজন সেবা-সংঘ	<b>३</b>	હ		
७।	রাধাকৃষ্ণ সেবাশ্রম	₹ @	Q		
91	গান্ধী-পিস-ফাউন্ভেশন	২৫	>		
۱۹	সারদা রামকৃষ্ণ সেবাশ্রম (শিশু ও				
	मिंटिला)		-	20	હ
۱۵	শ্রী অরবিন্দ শিক্ষা নিকেতন	રંહ	8	_	
101	চিলড্রেন ওয়েলফেয়ার এ্যাসোসিয়েশন	_		800	હિ
221	নবদিগন্ত	60	>		
751	প্রবর্তক ডেষ্টিটিউট হোম	>20	১৩		
701	বেলেপাড়া শিশু সেবাশ্রম	20	৩		
181	হাচকি চিরহরিৎ সংঘ	20	ર		
196	বানীপুর পঞ্চায়েত সমিতি	60	>		

572	, rigotavi	DET TROC	11100	[C4h A	100
				[6th April,	1994]
361	আনন্দ আশ্রম	_	_	>60	8
۱۹۲	সুন্দরবন যুব ও সমাজ কল্যাণ সমিতি	<b>5</b>	ર	•	
741	রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন	800	2		
186	ডগলাস ডেষ্টিটিউট হোম	२ ৫	¢		
२०।	নিবেদিতা গ্রামীণ কর্মমন্দির		_	२२৫	> ২
२५।	প্রবৃদ্ধ ভারতী শিশুতীর্থ	>00	<b>২</b>		
२२।	বিকাশভারতী ওয়েলফেয়ার সোসাইটি	260	9 9		
২৩।	বিবেকান্দ জনসেবা কেন্দ্ৰ	9 6	b	9 6	હ
<b>२</b> 8।	হলদিয়া সমাজ-কল্যাণ পর্যৎ	<b>३</b> २৫	২০	200	>0
२৫।	ব্লাইন্ড মাদ্রাসা	20	٤		
२७।	প্রবর্তক সেবা নিকেতন		_	60	>
२१।	কল্যাণ-ব্ৰতী	20	<b>২</b>		
२४।	গান্ধী সেবকনিধি	20	<b>ર</b> ર		
२৯।	শ্রীগুরু চাইল্ড ওয়েলফেয়ার হোম	200	\$0		
००।	রাধা বকুল	200	>		
७ऽ।	কৃপাশরণ বুদ্ধিষ্ট মিশন, জলপাইগুড়ি	> २ ०	۵		
৩২।	পশ্চিমবঙ্গ জনকল্যাণ পরিষদ	२৫	৮		
৩৩।	काानकांग व्यवस्थातम्ब	>00	৩৫	>00	<b>২</b> ৫
৩৪।	শ্রীগুরু ভোলানন্দ আশ্রম ওয়েলফেয়ারহে	য়ম ৩৫০	>00		
७७।	রামকৃষ্ণ সেবাশ্রম	000	63		
		(হোম বন্ধ	(অভিভাবক		
		হয়ে গেছে)	বাড়ী নিয়ে		
			গেছেন)		
७७।	বি.আর.আম্বেদকর	. 500	8 2		
	•	বালক ও	২৩		
		বালিকা	অভিভাবক		
	*** **	(হোম বন্ধ	বাড়ী নিয়ে		
		হয়ে গেছে)	গেছেন		

নাম	ছেড়ে গেছে	বৰ্তমা	ন সংখ্যা
১। পান্নাময়ী শিশু-নিকেতন, বনচন্ডীপুর, বর্ধমান	8	বালিকা	৮
২। নারী সেবা-সংঘ, যোধপুর পার্ক, কলি-৬৮	٠ ٩	বালিকা	25
৩। মহারানী নীলিমাপ্রভা ইনস্টিটিউশন, মুর্শিদাবাদ	>	বালিকা	২
৪। পদ্মজা নাইডু আরোগ্যবাস, বাঁকুড়া	Œ	বালক	58
ে। হাওড়া সাউথ পয়েন্ট, হাওড়া	২	বালক	55
<sub>৬।</sub> এস.পি.আই. কলিকাতা-১৬	ર	বালক	85
৭। সারদা রামকৃষ্ণ (এস.ডি.এম.) সেবাশ্রম দক্ষিণ			
২৪-পরগণা	৯	বালিকা	৩৮
	৩০(২১	জন বালিকা এবং	৯ জন বালক)

(গ) মোট ৬২৮ জনের মধ্যে ৫০৫ জন ১৮ বছর উত্তীর্ণ হওয়ার পর হোম ছেড়ে চলে গেছে। বাকি ১২৩ জনকে তাদের অভিভাবকগণ নিজ সম্মতিতে বাড়িতে ফিরিয়ে নিয়ে গেছেন।

## হাওড়া জেলায় মেডিকেল কলেজ স্থাপন

১১০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০১) শ্রী জটু লাহিড়ী ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) হাওড়া জেলায় মেডিকেল কলেজ স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং
  - (খ) थाकल, कडिमत्न ठा वाखवांग्रिठ रूत वल यांगा कता याग्र?

স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) না, এরূপ কোনও পরিকল্পনা বর্তমানে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

# ধুলিয়ানে অগ্নি-নির্বাপক কেন্দ্র

- >>>। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৫) শ্রী আবুল হাসনাৎ খান ঃ পৌর-বিষয়ক (দমকল) বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) মুর্শিদাবাদ জেলায় ধুলিয়ানে অগ্নি-নির্বাপক কেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না: এবং
  - (খ) थाकल करव, नागाम এই পরিকল্পনা কার্যকর হবে বলে আশা করা যায়?

পৌর-বিষয়ক (দমকল) বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রী ঃ (ক) মূর্শিদাবাদ জেলার ধুলিয়ানে অগ্নি-নির্বাপক কেন্দ্র স্থাপনের একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(খ) বর্তমানে বিষয়টি অগ্নি-নির্বাপক অধিকর্তা বিবেচনা করে দেখছেন।

### ভুগর্ভস্থ জল

- ১১২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৫) শ্রী আবুল হাসনাৎ খান ঃ কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) ভূগর্ভস্থ জল উত্তোলনের ফলে জল সংকট দেখা দিতে পারে রাজ্যের এফা ব্লকগুলি চিহ্নিত করা হয়েছে কি না;
  - (খ) হয়ে থাকলে, ব্লকগুলির জেলাওয়ারী নাম; এবং
- (গ) সেই সমস্ত ব্লকে ভূগর্ভস্থ জল উত্তোলনে কোনও বাধা-নিষেধ আরোপ করার ক্থা সরকার করছে কি না?

কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ এই রাজ্যের মোট ৩৬টি ব্লকে ব্যবহারযোগ্য ভূগর্ভস্থ জলসম্পদের ৬৫ শতাংশের বেশি জল সেচের জন্য ব্যবহার করা হয়। এর মধ্যে ৩৫টি ব্লকে শতকরা ৬৫ হতে ৮৫ ভাগ জল এবং কেবল হুগলি জেলার পুরশুড়া ব্লকে ৮৫ ভাগের বেশি জল ব্যবহার করা হয়। এই ৩৬টি ব্লকের জেলাওয়ারী নাম ঃ

১। বর্ধমান জেলা ঃ

কালনা-(২), পূর্বস্থলি-(১), ও (২);

২। ছগলি জেলাঃ

পুরশুড়া এবং খানাকুল-(১);

৩। মালদহ জেলা ঃ

হরিশচন্দ্রপুর-(১) এবং কালিয়াচক-(৩);

৪। মেদিনীপুর জেলা ;

দাঁতন-(২), এগরা-(১) এবং পটাসপুর-১ ও ২;

৫। মুর্শিদাবাদ জেলা ঃ

বেলডাঙ্গা-(১), বহরমপুর, ভগবানগোলা-(১), ভগবানগোলা-(২), দমকল, হরিহরপাড়া, নওদা, রানীনগর-(১) এবং রানীনগর-(২); ৬। নদীয়া জেলা ঃ

চাপড়া, হাসখালি, হরিণঘাটা, করিমপুর-(১) ও (২) রাণাঘাট-(১) ও (২) এবং তেহট্র-(২);

৭। ২৪-পরগণা (উত্তর) জেলা ঃ আমডাঙ্গা, বাদুরিয়া, বাগদা, বারাসাত-(১); দেগঙ্গা, গাইঘাটা এবং হাবড়া-(১); ৮। ২৪-পরগণা (দক্ষিণ) জেলা ঃ

ভাঙ্গর-(২)।

পুরশুড়া ব্লকে সরকারি মালিকানায় বা ব্যাষ্ক ঋণের মাধ্যমে নলকৃপ খননের কোনও অনুমোদন সাধারণভাবে দেওয়া হয় না। বাকি ৩৫টি ব্লকে এই ধরণের নলকৃপ খননের ছাডপত্র উপযুক্ত সতর্কতার সঙ্গে দেওয়া হয়।

#### শালী প্রকল্প

- ১১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫০) শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) বাঁকুড়া জেলার জিঘাটি বড়জোড়া থানার অন্তর্গত শালী প্রকল্পটি কবে নাগাদ শেষ হবে;
  - (খ) উক্ত প্রকল্পে কত টাকা এ পর্যন্ত ব্যয় হয়েছে:
  - (গ) চলতি আর্থিক বছরে এ বাবদ কত টাকা বরান্দ করা হয়েছিল; এবং
- (ঘ) উক্ত প্রকল্প কার্যকর হলে মোট কত জমিতে সেচের সুযোগ হবে বলে আশা করা যায়?

কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) বাঁকুড়া জেলার বড়জোড়া থানায় 'শালী' নামে কোনও প্রকল্প কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের নেই।

- (খ) প্রশ্ন ওঠে না।
- (গ) প্রশ্ন ওঠে না।
- (ঘ) প্রশ্ন ওঠে না।

কৃষ্ণনগর ব্লুকে গুচ্ছ অগভীর নলকৃপ

১১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬৯) শ্রী সুশীল বিশ্বাস ঃ কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি---

- (ক) নদীয়া জেলার কৃষ্ণনগর ১নং ব্লকে গুচ্ছ অগভীর নলকুপের সংখ্যা কত:
- (খ) উক্ত সংখ্যার কতগুলি অচল: এবং
- (গ) অচল হবার কারণ কি?

কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী : (ক) ৪৮টি।

(খ) ১৭টি।

মোটর, স্টাটার এবং ট্রান্সফরমার চুরি।

## রোহিনীঘাটে ডুলুং নদীর উপর সেতু নির্মাণ

১১৫। (অনুমোদিত প্রশ্ন ১৬১১) শ্রী অতুলচন্দ্র দাস ঃ পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) মেদিনীপুর জেলার সাঁকরাইল থানার রোহিনীঘাটে ও ডুলুংঘাটে সেতু নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না এবং
  - (খ) থাকলে, কবে নাগাদ কাজ শুরু হবে?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) মেদিনীপুর জেলার রোহিনীঘাটে ডুলুং নদীর উপর একটি সেতু নির্মাণের পরিকল্পনা আছে।

(খ) সেতৃটি গঠন সংক্রান্ত নক্সা পরীক্ষা করে দেখা হচ্ছে। নক্সা চূড়ান্তকরণসহ প্রশাসনিক কাজকর্ম সমাধান এবং প্রয়োজনীয় অর্থ সংস্থান করার সম্ভাব্যতার উপর বিষয়টি নির্ভর করছে।

#### বর্গাস্বত্ব প্রদান

১১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫৮) শ্রী নুরুল ইসলাম চৌধুরী ঃ ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) মুর্শিদাবাদ জেলায় বেলডাঙ্গা ২ নং ব্লকের অধীন ১৯৯০-৯১, ১৯৯১-<sup>৯২ ও</sup> ১৯৯২-৯৩ সালে বর্গাস্বত্বের জন্য কতজন আবেদন করেছিলেন:
  - (খ) তন্মধ্যে, কতজনের বর্গাম্বত্ব স্থিরিকৃত হয়েছে; এবং
  - (গ) কতজনের দরখাস্ত বাতিল ও কতজন দরখাস্ত তুলে নিয়েছেন?

# ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী : (ক) ১০৯ জন।

- (খ) ৪৩ জন।
- (গ) ৬৬ জনের দরখাস্ত বাতিল বলে গণ্য হয়েছে; কিন্তু কেউই দরখাস্ত তুলে নেন নি।

## ক্যানিং-এ সাব-স্টেশন স্থাপন

- ১১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৮) শ্রী বিমল মিস্ত্রী ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪-পরগণা জেলার ক্যানিং-এ একটি পাওয়ার সাব-স্টেশন নির্মাণের পরিকল্পনা আছে; এবং
  - (খ) সত্যি হলে, কোথায় এটা নির্মাণ করা হবে বলে আশা করা যায়?
- বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যা, দক্ষিণ ২৪-পরগণা জেলার ক্যানিং-এ একটি ৩৩/১১ কে.ভি (ট্রাসফরমার ক্যাপাসিটি ২×১.৬ এম.ডি.এ.) সাব-স্টেশন নির্মাণের পরিকল্পনা আছে।
  - (খ) ক্যানিং থানার 'মিএগর ঘেড়ি' মৌজায় উল্লিখিত সাব-স্টেশনটি স্থাপন করা হবে।

    জয়নগর-মজিলপুর পৌরসভায় সরকারি অনুদান

১১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৫) শ্রী প্রবোধ পুরকাইত ও শ্রীদেবপ্রসাদ সরকার । পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) ১৯৯০-৯১ আর্থিক বছর থেকে জয়নগর-মজিলপুর পৌরসভা ১৯৯৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত কোন কোন খাতে মোট কত টাকা সরকারি অনুদান পেয়েছে;
  - (খ) উক্ত সময়ে ঐ পৌরসভা মোট কত টাকা রেভিনিউ আদায় করেছে; এবং
- (গ) উল্লিখিত সময়সীমার মধ্যে সরকারি অনুদানসহ মোট আয়ের অন্তর্গত কত টাকা ঐ পৌরসভার বর্তমান কর্তৃপক্ষ পৌর এলাকার উন্নয়নের জন্য ব্যয় করেছেন?

পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রী ঃ (ক) ১৯৯০-৯১ আর্থিক বছর থেকে জ্য়নগর মজিলপুর পৌরসভা ১৯৯৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত পরিকল্পনা বহির্ভূত খাতে ৪৬.৯০ লক্ষ টাকা এবং পরিকল্পনাভুক্ত খাতে ১১.৮০ লক্ষ টাকা সরকারি অনুদান পেয়েছে।

উক্ত সময়ে পৌরসভা মোট ৩১.৮৬ লক্ষ টাকা রেভিনিউ আদায় করেছে।

(গ) মোট আয় ৯০.৫৬ লক্ষ টাকার মধ্যে পৌরসভা উন্নয়নের জন্য ৩৪.২৮ লক্ষ টাকা ব্যয় করেছে।

[12-20-12-30 p.m.]

#### Adjournment Motion

Mr. Speaker: To-day I have received one notice of Adjournment Motion from Shri Ambica Banerjee on the subject of deplorable condition of Howrah City due to non-availability of drinking water for the people.

The subject matter of the Motion does not warrant adjournment of the business of the House. The Member may call the attention of the concerned Minister on the subject through Calling Attention, Question, Mention, etc.

I, therefore, withhold my concent to the Motion. .

The Member may, however, read out the text of his Motion as amended.

Shri Ambica Banerjee: This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely::

The minimum requirement of a citizen and tax payers is drinking water, Howrah Corporation authority has failed to supply with the demand of the citizens of Howrah. Drinking water supplied is also unfit for human consumption. Slum areas are absolutely neglected. Pumps are not working properly and leaks in the pipe lines are not repaired in time resulting unrest in the mind of the citizens.

#### Calling Attention

Mr. Speaker: To-day I have received six notices of Calling Attention, namely:-

i) Deplorable condition of the Chunchura
 Imambara Sadar Hospital.
 : Shri Abdul Mannan

ii) Reported irregular train service inRanaghat-Sealdah Section. : Shri Ajoy De

iii) Broken bridge on the marketing link road from Pipulberia to Karimpur at Bansberia.

: Shri Chittaranjan Biswas

iv) Reported sudden increase in demand of licence of fire-arms in Calcutta.

: Shri Ambica Banerjee

v) Reported violation of modesty of a girl at Madan Mohan Burman street of

Central Calcutta on 4.4.1994. : Shri Shish Mahammad

vi) Present situation of the Chit Funds in : Shri Saugata Roy and West Bengal. Dr. Manas Bhunia

Calling Attention almost on the same subject was admitted on 4/4/94 and statement is to be made on 11/4/94.

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of deplorable condition of the Chunchura Imambara Sadar Hospital.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha: Sir, the statement will be made on 8th April, 1994.

#### STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker: Now, the Minister-in-charge of Labour Department to make a statement on the subject of reported trapping of some workmen in the Chanpui Colliery at Assansol following a gas-leak on the 29th March, 1994.

(Attention called by Shri Lakshman Chandra Seth and Shri Samar Baora on the 30th March, 1994.)

Shri Santi Ranjan Ghatak: Chanpui is a coal mine of Eastern Coalfields Ltd., located at Satgram area in Raniganj, District Burdwan. The mine has two pits viz. pit No.4 and pit No.5 for its operation. On 29.3.94 at around 7 p.m. when the B Shift was going on, the Manager of the Mine reportedly got information at his residence that there was a gas leakage inside pit No.4 at the fourth junction at about 6.30 p.m.

He immediately went inside the mine through pit No.5 along with three other employees with Methanometer, Carbon Monoxide detector and safety lamp to test the presence of Methane, Carbon Monoxide etc. whilegoing down then went on checking the tunnel environment by the said instruments but it is said that nothing abnormal was found by them They also checked the intake and exhaust air at different points and also stopping area in the vicinity of the spot of the reported gas leakage but according to them no toxic or inflamable gas was found to be present. However, all the persons inside the mine including 12 persons from the section which could have been endangered otherwise were lifted at around 9.30 p.m. By that time the rescue team from Sitarampur arrived. The Area General Manager of ECL, General Manager, Safety ECL, and officers from the office of Director General, Mine Safety also reached there on the same night. The work of mine was started on 30.3.94 after getting clearance from the Director General, Mine Safety, Who reportedly inspected the mine in the night Shift of 29.3.94.

The Deputy Chief Inspector of Factories (Chemical Cell), Government of West Bengal visited the mine on 1.4.94. His report is being examined.

It was, however, alleged by the workers that they had got smell of gas inside the mine during the last two months which they had reported to the authority of the mine. But the management did not take any corrective action at the appropriate time. Only when the situation worsened, the mine safety experts visited the site. It was also alleged that the telephone lines inside the pit was out of order and that was why sometime was lost for collection of information about presence of the workers in different areas of the coal mine.

Shri Sunil Basu Roy, Ex-M.P. and some Trade Union Leaders of the area had visited the site.

The incident bring into focus the utter negligence of the mines authorities to maintain the communication system inside the mine and to adopt the requisite safety measure. It is time that the Central Government and the authorities responsible for maintaining safety in the mine act promptly and take appropriate measures for maintaining the required safety standards inside the mine.

Mr. Speaker: Mr. Santi Ranjan Ghatak, one moment. Now, I

find that the members who have given the Calling Attention both of them are not present Shri Lakshman Chandra Seth and Shri Samar Baora both of them are absent. But the Minister is giving the reply. In future if the members are not present when the Calling Attention is called, I will request the Minister not to reply.

## STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker: The Minister-in-Charge of Irrigation and Water-ways Department to make a statement on the subject of erosion of the Jalangi river-banks at Fazilnagar, Kanainagar, Palpara. Gopinathpur, Paschimpara, Krishnachandrapur and Hanspukuria villages. (Attention called by Shri Kamalendu Sanyal on the 31st march, 1994)

শ্রী গণেশচন্দ্র মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জলঙ্গী নদী পদ্মার ডান পাড় থেকে বেরিয়ে মূর্শিদাবাদ ও নদীয়া জেলার মধ্যে দিয়ে প্রবাহিত। জলঙ্গীর একটু উপরে পদ্মানদীর ডানদিকে অপর যে নদী বেরিয়েছে তা হল ভৈরব। বর্ষাকালে যখন পদ্মানদীতে বন্যাজনিত কারণে প্রবল জলস্ফীতি হয় তখন জলঙ্গী নদীতে প্রচুর জল ঢোকে। এই জল প্রধানত আসে সরাসরি পদ্মা থেকে এবং কিছু অংশ ভৈরব নদী মারফং। জলঙ্গী নদীর নদীখাতে এই বিপূল পরিমাণ জলরাশি কিছু ভাঙ্গনজনিত সমস্যার সৃষ্টি করে। নদীয়া জেলার অনুর্গত ভালঙ্গী নদীর তীরবতী ফাজিলনগর, কানাইনগর, পালপাড়া, গোপিনাথপুর, পশ্চিমপাড়া, কৃষ্ণচন্দ্রপুর, ও হাসপুকুরিয়া, প্রভৃতি গ্রামে বন্যার জল নামার সময় নদী পাড়ের ভাঙ্গনের সমস্যা দেখা দেয়। এরমধ্যে ফাজিলনগর এবং কৃষ্ণচন্দ্রপুরে সবচেয়ে বেশি ভাঙ্গন দেখা যাচ্ছে। এব্যাপারে সরকার অবগত আছেন। ভাঙ্গন পরিস্থিতির উপর নজর রাখা হয়েছে।

নদীপাড়ের ভাঙ্গন পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় সেচ ও জলপথ বিভাগের একটি প্রধান দুশ্চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। এই নদীতীরের ভাঙ্গন প্রতিরোধমূলক কাজকর্ম বেশ ব্যর সাপেক্ষ। উত্তরবঙ্গ, মধ্যবঙ্গ (মুর্শিদাবাদ, মালদহ, নদীয়া, হুগলি, হাওড়া, মেদিনীপুর) এবং দক্ষিণবঙ্গ সর্ব্বত্রই ভাঙ্গনের প্রকোপ দিন দিন বেড়েই চলেছে। বিভাগীয় অর্থ বরাদ্দের উপর নির্ভর করে অগ্রাধিকার ভিত্তিতে কিছু কিছু জরুরি কাজকর্ম আপাতকালীন ব্যবস্থা হিসাবে গ্রহণ করা হচ্ছে। একথা বলার অপেক্ষা রাখে না যে সামগ্রিক প্রয়োজনের তুলনায় নদীভাঙ্গন প্রতিরোধে যে কাজকর্ম হাতে নেওয়া সম্ভব হচ্ছে তা প্রয়োজনের তুলনায় অপ্রত্রল।

জলঙ্গী নদীর উদ্ধিখিত জারণাওলিতে ভাঙ্গন প্রতিরোধের জন্য কিন্তু পরিকল্পনা রচনা ব্রা হচ্ছে যেওলি এখন প্রয়োজনীয় অনুমোলন লগতের বিভিন্ন স্থান এগছে।

(১) ফাজিলনগর—প্রকল্পের নাম "Protection to the eroding left bank of River Jalangi in P.S. Karimpur, Dist. Nadra (Institutive b. 1970 latus নাজের প্রস্তাবিত দৈয়াঁ ৪০০ মিটাব।

প্রকল্পটি চিফ ইঞ্জিনিয়ার্স কমিটির সুপারিশ অনুযায়ী পর্যবেক্ষণে ছিল। বর্তমানে প্রকল্পটির নবীকরণ করা হয়েছে। এখন প্রকল্পটি চিফ ইঞ্জিনিয়ার্স কমিটি এবং টেকনিক্যাল কমিটির অনুমোদনের অপেক্ষায় আছে।

- (২) হাঁসপুকুরিয়া—এই অঞ্চলের ভাঙ্গনরোধের জন্য আনুমানিক ৫৮.২৩ লক্ষ টাকা ব্যয়ে রচিত প্রকল্পটি চিফ ইঞ্জিনিয়ার্স কমিটি এবং টেকনিক্যাল কমিটির অনুমোদন লাভ করে বর্তমানে প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে। প্রস্তাবিত কাজের দৈর্ঘ্য ১৪০০ মিটার।
- (৩) কৃষ্ণচন্দ্রপুর—কৃষ্ণচন্দ্রপুরে জলঙ্গী নদীর ভাঙ্গন রোধের জন্য আনুমানিক ২৩.৫০ লক্ষ্ণ টাকা ব্যয়ে ৭৮০ মিটার দৈর্ঘ্যের নদীপাড় বাঁধানোর প্রকল্প তৈরি করা হয়েছে।

প্রকল্পটি আগামী চিফ ইঞ্জিনিয়ার্স কমিটিতে অনুমোদনের জন্য পাঠানো হবে।

ইতিপূর্বেই জলঙ্গী নদীর ভাঙ্গন প্রতিরোধের জন্য কয়েকটি প্রকল্প বিভিন্ন জায়গায় যথা বাপুজীনগর, হাঁসখালি, অভয়নগর ইত্যাদি মৌজায় সম্পন্ন করা হয়েছে।

বর্তমান আর্থিক বছরে (১৯৯৪-৯৫) নদীয়া জেলায় জলঙ্গী নদীর ভাঙ্গন প্রতিরোধমূলক কাজকর্মের ব্যয় বরান্দের অপ্রতুলতার জন্য কতদূর কাজকর্ম করা যাবে তা নিশ্চিতভাবে বলা সম্ভবপর নয়। তবে অবস্থার উপর নজর রাখা হচ্ছে এবং অবস্থার পরিপ্রেক্ষিতে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে।

### Laying of Reports

The 18th Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phyto-Chemical Development Corporation Ltd. for the year 1991-92

Shri Bidyut Ganguly: Sir, I beg to lay the 18th Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phyto-Chemical Development Corporation Ltd. for the year 1991-92.

The Annual Reports of the West Bengal Khadi and Village Industries Board for the years 1983-84, 1984-85, 1985-86 and 1986-87

Shri Probodh Chandra Sinha: Sir, with your permission, I beg to lay the Annual Reports of the West Bengal Khadi and Village Industries Board for the years 1983-84, 1984-85, 1985-86 and 1986-87.

### MENTION CASES

[12-30—12-40 p.m.]

প্রী সৌগত রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে প্রথমে বলতে দেবার জন্য আপনাকে ধন্যবাদ। আমি, স্যার, আপনার মাধ্যমে মাননীয় সত্য সাধনবাবুর এবং মাননীয় মখামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকার নতুন পেনশন নীতি চালু করবার পর থেকে ৬০ বছরের পর বেসরকারি ও সরকারি কলেজের শিক্ষকদের পুনর্নিয়োগ রাজ্য সরকার কৌশলে বন্ধ রেখেছেন। অথচ দেখা যাচেছ, বিশ্ববিদ্যালয়ে সেটা চালু আছে। কলেজের শিক্ষকগণ নানা অসম্মানের মধ্যে বিনা বেতনে অনিশ্চিত অবস্থার মধ্যে থেকে ৬০ বছরের পরও কাজ করে চলেছেন। সরকার এ-ব্যাপারে সম্পূর্ণ মৌন। অধ্যক্ষেরা নানা অজুহাতে তাদের প্রভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটির টাকা আটকে নানা রকম অপমানজনক মুচলেকা লিখিয়ে নিচ্ছেন। এই ব্যাপারে সরকারি কলেজ শিক্ষক সমিতি কিন্তু নীরব। তারফলে কলেজ শিক্ষকদের বর্তমানে অদ্ভুৎ কিংকর্তব্যবিমৃঢ় অবস্থা। ১৯৭৩ সালে ইউ.জি.সি. ফেল পাবার পূর্বে যেসব কলেজ শিক্ষক মাত্র ২০০-৪০০ টাকা স্কেলে কাজ করেছেন, তাঁরা শেষ কয়েকটি বছর বাদে সারা জীবনই আর্থিক দিক থেকে বঞ্চিত হয়ে এসেছেন। কাজেই তাঁদের পুনর্নিয়োগ সমস্ত দিক থেকেই বাঞ্ছনীয়। এইরকম কলেজ শিক্ষকদের সংখ্যাটাও বেশি নয়। সুতরাং ন্যায়ের মার্থেই এঁদের পুনর্নিয়োগ একান্ত প্রার্থিত ও প্রত্যাশিত। তাছাড়া, এঁরা পুনর্নিয়োগ পাবেন এটা ধরে নিয়েই নিজ নিজ পারিবারিক পরিকল্পনা করেছিলেন। তাই হঠাৎ করে এঁদের অধিকার কেড়ে নেওয়া **সম্পূর্ণভাবে অনৈতিক।** 

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেসরকারি কলেজের শিক্ষকগণ ৬০ বছরে অবসর নিলে অধিকতর অবসরকালীন আর্থিক সুবিধা পাবেন বলে সরকার জানিয়েছেন, কিন্তু সরকারি কলেজ শিক্ষকদের সামনে যখন এমন কোনও সুযোগ নেই তখন তাঁদের ক্ষেত্রে পুনর্নিয়োগ প্রথা কোনক্রমেই বাতিল করা যায় না। ১৯৭৩ এর পরবর্তীকালে যাঁরা কলেজের শিক্ষক হয়েছেন তাঁরা পরবর্তী বেতন কমিশনের সুযোগ পাবেন, কিন্তু প্রবীন কলেজ শিক্ষকদের সে সুযোগ নেই। সুতরাং একজন কলেজ শিক্ষক হিসাবে মাননীয় মন্ত্রীর কাছে আমি আবেদন জানাছি, অবিলম্বে এই ব্যাপারে সঠিক নীতি নির্ধারণ করুন। বিশেষ তদ্বিরের ফলে কিছু কিছু শিক্ষকের পুনর্নিয়োগপত্র তৈরি হচ্ছে বলে শুনতে পাচ্ছি। এটা করা হলে তাদের মধ্যে বৈষম্য সৃষ্টি হবে। এই ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রী হস্তক্ষেপ দাবি করছি।

আমাকে প্রথমে বলতে দেবার জন্য আবার আমি আপনাকে ধন্যবাদ<sub>্</sub>জানাচ্ছি।

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অধ্যাপক সৌগত রায় 

<sup>অধ্যাপকদের</sup> পুনর্নিয়োগ বিষয় সংক্রান্ত উল্লেখ করেছেন, সে জন্য আমি তাকে ধন্যবাদ

<sup>জানাচ্ছি</sup>। সরকারের এই সম্পর্কে বক্তব্য অত্যন্ত পরিস্কার। যে আদেশটি ৫ই অক্টোবর ১৯৯৩

<sup>সালে</sup> বেরিয়েছে তাতে বেসরকারি কলেজের অধ্যাপকদের পুনর্নিয়োগে যারা যেতে চান তাদের

সেই অধিকার স্বীকার করে নেওয়া হয়েছিল। কিন্তু এই কাজ যখন চলছিল তখন কতিপ্র অধ্যাপক তারা হাই কোর্টে মামলা করেন এবং সেই মামলার ফলে আমরা যে সিদ্ধান্ত গ্রহ্ম করেছিলাম সেই মত আমরা কাজ করতে পারছি না। মামলাটি না মেটা পর্যন্ত আমারা কাজ করতে পারছি না। মামলাটি না মেটা পর্যন্ত আমারা কাজ করতে পারছি না। মামলাটি না মেটা পর্যন্ত আমানে কোর্টে যে নির্দেশ সেইভাবে চলতে হবে। সুতরাং সৌগত বাবু যে কথা বলেছেন, এই সমন্ত পরিস্থিতি তৈরি হয়েছে একটি মামলা হওয়ার জন্য। সেদিক থেকে সরকারি কলেজের জন কোনও আদেশ কিছু বের হয়নি। বেসরকারি কলেজের যারা মামলা করেছেন, তারা সরকারি কলেজের অধ্যাপকদের সেই মামলায় টেনে এনেছেন, যার ফলে বলা হছে যে সরকারি কলেজে এই রকম একটা চালু আছে। এই সমস্ত ব্যাপারটা কোর্টের এক্টিয়ারভুক্ত থাকায় বিশদভাবে কিছু বলতে পারছি না। কিন্তু আমরা চাই এই সমস্ত ব্যাপারটার একটা সূট্য সমাধান।

শ্রী দেবনারায়ন চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার কাছে এবং সমস্ত শুভবৃদ্ধি সম্পন্ন মানুষের কাছে একটি বক্তব্য রাখছি। মানুষের স্বাস্থ্য রক্ষার জন্য যে ধুমপান বিধি আইনের দ্বারা বিধিবদ্ধ হয়েছে সেগুলি ঠিকমত তারা মেনে চলছে না তার ফলে দেখা যাচ্ছে যে আইন আছে সেটাতে হোম ডিপার্টমেন্ট ঠিকমত কাজ করছে না ট্রেনে, বাসে, প্রেক্ষাগৃহে যারা ধুমপান করেন, তাদের উপরে আমার কোনও রাগ নেই, কিছ ধোঁয়াটা অন্য লোকের নাকের ভিতর দিয়ে তার শরীরে না যায় সেটা দেখলেই হল। যারা ধুমপান করেন তাদের আমি বিরত হতে বলছি না, তারা এটা কমিয়ে এনে নিজেদের যাগ্রের ভাল করুন এবং সেই সঙ্গে সন্যাদের স্বাস্থ্য যাতে নন্ট না হয় সেটাও তারা দেখনে অর্থাৎ ধোঁয়াটা বাইরের দিকে ফেলার চেটা করেন। আমি আপনার মাধ্যমে সংশ্লিট দপ্তরে অনুরোধ করবো যে পশ্চিমবাংলায় যাতে ধুমপান নিষেধ আইনকে অ-কার্যকর করা হয় দেটা দেখার জন্য যাতে মানুষের স্বাস্থ্য রক্ষা পায়, ধুমপায়ীরাও এই বিষয়ে যত্নবান হন নিজেদের স্বাস্থ্য সম্পর্কে, এবং সাধারণ মানুষও যাতে এর হাত থেকে রক্ষা পান।

[12-40—12-50 p.m.]

প্রেক্ষাগৃহে, বাস, ট্রাম, হাসপাতাল এবং অন্যান্য জায়গায় সিগারেট খাওয়া নিষেধ আছে। সেখানে যাতে এই আইনটা বজায় থাকে সেটা ভাল করে দেখার দরকার আছে। আমার অনুরোধ ছেলে-মেয়েদের সামনে বাবা ফক ফক করে ধুমপান না করেন, তারা যেন একট্ আড়ালে আবডালে খান। তাহলে ছেলেরা ধুমপান করা থেকে বিরত থাকবে, তাদের সমীই হবে ধুমপান করতে। সিগারেট ম্মোকিং ইজ ইনজুরিয়াস টু হেলথ এটা শুরু সিগারেটর প্যাকেটে লেখাই থাকে, আর কিছু হয় না। এগ্রেমফলির মধ্যে, লবিতে না করলেই ভাল হয় অন্য জায়গায় আড়ালে খেলে ভাল হয়। আমরা আইন মেনে চলি, বিধ্যাকর। যানি এই মেনে চলেন তাহলে সাধারণ মানুষ তাদের শ্রদ্ধা করবে। যারা ধুমপানী আছেন ইবি সামার আমার কথা রাগ করবেন না। ছেলে-মেয়েরা যেন ধুমপান না করে। তারা বেন আমনি

দেখে শিখতে না পারে সেই ব্যবস্থা করতে হবে। এটা আমি আপনার মাধ্যমে হাউসের সকল সদস্যকে বলছি এবং অনুরোধ করছি এটা আপনারা মেনে চলুন। যদি খুব প্রয়োজন হয় তাহলে আড়ালে-আবডালে ধুমপান করুন। এটা সকলকে দেখতে হবে সিগারেটের ধোঁয়া যেন মেয়েদের নাকের ভেতর না যায়।

Shri Gyan Singh Sohanpal: Sir, I wish to draw the attention of the Hon'ble Minister for School Education to an important matter of nublic interest. Sir, the guardians of the students reading in Hindi Medium schools in Midnapore district particularly in Kharagpur are greatly worried about the future of their wards and I have come to the Government with the request to share their anxiety and to take positive steps to solve their problem. Sir, you are aware that after the bifurcation of the district of 24-Parganas, Midnapore has become the biggest district of West Bengal. Kharagpur, the constituency which I represent in this House, is an important town of this district. It has to its credit the Indian Institute of Technology, the Air Force Station and the biggest maintenance workshop of the Indian Railways. The population of this town is cosmopolitan. In the words of late Pandit Jawaharlal Nehru. Kharagpur has been described as India in miniature. There are some 30 recognised primary schools mostly located in Kharagpur which impart education to the children of Hindi speaking population of the Midnapore district through the medium of Hindi. For the students passing out of these primary schools there is one Junior High School and one High School where they can continue their students in higher classes through the medium of Hindi. You will be surprised to know, Sir, that there is no Higher Secondary School in the entire district of Midnapore where students can complete their Higher Secondary Education through the medium of Hindi. Sır, I understand, the Hitakarini High School. Kharagpur. which is the only Hindi Medium High School in the district of Midnapore. has approached the Government for the upgradation of the school to a Higher Secondary School. The school has been found otherwise suitable by the Inspecting Team the proposal is now awaiting the approval of the Competant Authority. Sir, I urge upon the Education Minister to appreciate the difficulties of the students and take positive steps to solve their problem by upgrading this school. I also appeal to you, Sir. to use your good offices and prevail upon the Education Department to consider the case sympathetically. Thank you, Sir.

খী বীরেন্দ্র কুমার মৈত্র : স্যার, আপনি জানেন এবং সকলেই জানেন যে আম

মালদহের একটি অর্থকরী ফসল। এই ফসলের উপরে মালদহের এক তৃতীয়াংশ লোক নির্ভ করে থাকে, এর উপরে তারা অনেকখানি আশা করে থাকে। এবারে মালদহে একেবারে আম হয়নি। এবারে সেখানে বাইরে থেকে আম এনে বিক্রি করতে হবে। স্যার, আফ্র ইতিহাস আপনি জানেন। আমের বাগান যাদের আছে, গাছে যতক্ষণ আম আছে ততক্ষ তারা মালিক। কিন্তু সেই আম যখন গাছ থেকে মাটিতে পড়ে যায় তখন তা সকলের ফ যায়। গরিব মানুষ সেই আম কুড়িয়ে বিক্রি করে দিনাতিপাত করে এবং খেয়ে বাঁচে। 🕸 আম যারা পাড়ে, যারা ঝুড়ি তৈরি করে, গাড়ি চালায় এই রকম বহু লোক, মালদহের প্রা এক তৃতীয়াংশ লোক এই আমের উপরে নির্ভর করে বেঁচে আছে। এবারে সেখানে আম ন হওয়ার ফলে তাদের সকলের মনে হতাশা নেমে এসেছে। আম হওয়া বা না হওয়া প্রকৃতি ব্যাপার—এক বছর হয়, তার পরের বছর হয় না। বর্তমান বিজ্ঞানের যুগে এইভাবে প্রকতি উপরে বিষয়টি কেন পড়ে থাকবে? আমি এরজন্য মাননীয় কৃষিমন্ত্রীকে বলবো. আপনি এ গবেষণা মূলক তদন্তের ব্যবস্থা করুন। মালদহের আম বাগান অর্দ্ধেক কেটে সাফ করে দেওয় হয়েছে। এবারে আম না হওয়ার ফলে যে অবস্থা সৃষ্টি হয়েছে তাতে এবারে ল্যান্ড ডেভালপমে ব্যাঙ্ক থেকে যদি কিছু ঋণ দেওয়ার ব্যবস্থা না হয়, তাহলে মালদহের আমগাছওলো আ থাকবে না। পয়সার জন্য কেটে বিক্রি হয়ে যাবে। আমি সেজন্য মাননীয় অর্থমন্ত্রীকে অনুরো করবো, মালদহের এই ভেঙে পড়া অর্থনীতিকে বাঁচানোর জন্য আপনি একটি টাস্ক ফো গঠন করুন এবং জওহর রোজগার যোজনা ব্যবস্থাকে সেখানে জোরদার করার ব্যবস্থা করুন মালদহের এই অবস্থার প্রতি দৃষ্টি রাখার জন্য আমি তাঁকে বিশেষভাবে অনুরোধ করছি।

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থয়য়য়ি এখানে উপস্থিত আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। সাম্প্রতিককালে পশ্চিমবঙ্গে ছে জিনিসটি নিয়ে সবচেয়ে আলোড়ন সৃষ্টি হয়েছে, তার একটি হছেছ বামফ্রন্টের তথা সি.পি.এম.এং অত্যাচার, এবং আর একটি জিনিস হছেছ সবচেয়ে আতঙ্কের, মানুষ আতঙ্কে ভুগছে, তা হছে সিশ্চিমবঙ্গে এই চীট ফান্ডের রমরমা ব্যবসা চলছে। অথচ তাকে রোধ করার ব্যবস্থা নেই তারা রিজার্ভ ব্যাঙ্কের আইন অনুসারে কাজ করে চলেছে। সম্প্রতি মাননীয় অর্থমন্ত্রী নিছে উদ্যোগ নিয়ে কিছু বে-আইনীভাবে পরিচালিত চীট ফান্ড যেগুলো গ্রামবাংলার কোটি কোটি মানুষের টাকা মেরে বঙ্গে আছে, যারা গ্রামবাংলার মানুষকে সর্বশান্ত করেছে, তাদের কিছু ক্রিধরেছেন। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী সঞ্চরিতাকৈ বিশেষভাবে কাতে চাই যে, আপনার হাতে যে আইন আছে, যে আইনবলে প্রাক্তন অর্থমন্ত্রী সঞ্চরিতাকৈ ধরেছিলেন, সেই আইনের বলে ইতিমধ্যে ৫/৬ টিকে আপনি ধরেছেন—এই আইনের বলে সারা পশ্চিমবাংলায় যে কয়টি কোম্পানি চীট ফান্ড-এর কারবার চালাচ্ছে তাদের আপনি ধরুন। ১৯৯৩-৯৪ সালে এই চীট ফান্ডের কোম্পানিগুলো পশ্চিমবঙ্গের অসংখ্য মানুবের ক্রিথকেট টাকা নিয়ে শোষণ করেছে, অনেকে তছরূপ করেছে। পিয়ারলেস থেকে শুকু করে

সমস্ত কোম্পানি যতগুলো পশ্চিমবঙ্গের বুকে চলছে, যাদের কাছে এই সরকারের মাথা বিক্রি করার দায়বদ্ধতা আছে, সেই কোম্পানিগুলোকে নিয়ে আপনি একটি হোয়াইট পেপার প্রকাশ করুন। আপনি এটা প্রকাশ করে বলুন যে কতগুলো চীট ফান্ড মানুষের কাছ থেকে টাকা নিয়েছে।

[12-50-1-00 p.m.]

কত টাকা গরিব কৃষকের ভেঙেছে, কত টাকা গ্রাম বাংলার থেকে তুলে নিয়ে তারা অন্য জায়গায় পাচার করেছে, কত টাকা তারা আজকে সারা পশ্চিমবাংলার মানুষের কাছ থেকে নিয়ে শোষন করে অন্য খাতে ব্যবহার করেছে, এটা নিয়ে একটা বিস্তারিত ভাবে তদস্ত কমিটি গঠন করুন এবং এই হাউস চলতে চলতে আপনার কাছে আমার আবেদন সামগ্রিকভাবে বিস্তারিত একটা রিপোর্ট আকারে শ্বেতপত্র প্রকাশ করে গ্রাম বাংলার মানুষকে পশ্চিমবাংলার মানুষকে আতঙ্ক থেকে মুক্ত করুন, এই আবেদন আমি রাখছি।

শ্রী রবীন দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় উপস্থিত আছেন, আমি একটি বিষয়ে উল্লেখ করতে চাই। আগামী ৮ই এপ্রিল সারা ভারতবর্ষে ১৫ লক্ষ ব্যাঙ্ক বীমাসহ সমস্ত আর্থিক প্রতিষ্ঠানের কর্মচারী অফিসাররা সবাই যুক্তভাবে বি.ই.এফ.আই., এ.আই.আই.ই.এ. এবং আই.এন.টি.ইউ.সি. সমর্থিত সংগঠনগুলি যক্তভাবে তারা ধর্মঘটের ডাক দিয়েছে। বেসরকারিকরণ রাষ্ট্রায়ত্ত সংস্থার ধ্বংস প্রতিবাদে এই ধর্মঘটের ডাক দিয়েছে। আই.এম.এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের নির্দেশে মালহোত্রা কমিটি ও নরসিংহ কমিটির সুপারিশ কার্যকর করার জন্য কেন্দ্রীয় সরকার যে তৎপরতা দেখিয়েছে তার বিরুদ্ধে এই প্রতিবাদ। যেখানে ব্যাঙ্কের বিভিন্ন সংস্থায় ৩৭ হাজার কোটি টাকা ঋণ রয়েছে, সেখানে কেন্দ্রীয় সরকার তার উদ্দেশ্যে তৎপরতা না দেখিয়ে আই.এম.এফ. ও ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছ থেকে ২৩ হাজার কোটি টাকা ঋণ নেবার জন্য দীর্ঘদিনের এই রাষ্ট্রায়ন্ত সংস্থাগুলিকে তুলে দেওয়া হচ্ছে। বেসরকারিকরণ হচ্ছে, বিদেশী সংস্থার অনুপ্রবেশ ঘটছে, তার প্রতিবাদে এই ধর্মঘট করা হচ্ছে। আমরা জানি এর ফলে আমাদের রাজ্যের আর্থিক অবস্থাতেও আঘাত আসবে। আমি এই ব্যাপারে রাজ্যের অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করবো কেন্দ্রীয় অর্থমন্ত্রী ও ক্রেন্ত্রীয় সরকারের সঙ্গে আলোচনা করুন, আমরা দেখতে পাচ্ছি এতবড় একটি ঘটনা গোটা দেশের আর্থিক সংস্থাণ্ডলি বন্ধ হয়ে যাবে যেখানে সেখানে তাদের এই ব্যাপারে কোনও তাপ <sup>উত্তাপ</sup> নেই। তারা যাতে এই সংগঠনগুলির সঙ্গে আলোচনা করেন এই দাবি মীমাংসার জন্য তারা এগিয়ে আসেন এবং গোটা দেশের অর্থনীতিকে সচল রাখার ক্ষেত্রে কার্যকর ব্যবস্থা <sup>গ্রহণ</sup> করেন তাহলে ভাল হয়।

শী প্রবীর ব্যানার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রায় আড়াই বছর আগে রাজ্য সরকার একটা রুট চালু করেছিলেন বিধাননগর থেকে আমার বিধানসভা কেন্দ্রে বেড়ি গোপালপুরে ৭৮/এ/৩ বাসটা চলে সল্ট

লেক থেকে বেড়ি গোপালপুর, ভায়া-গোবরডাঙ্গা, সুটিয়া, পাঁচপোতা, রামনগর, পুরন্দরপূর্ হয়ে বেড়ি গোপালপুর। হঠাৎ দেখলাম গত ১ বছর ধরে বাসটা গোবরডাঙ্গা পর্যন্ত যাছে ফলে সীমান্ত এলাকার ৪৫টি গ্রামের লোকেরা যারা এই বাসে যাতায়াত করার সুবিধা পেত তারা সেই সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। ফলে সীমান্ত এলাকার মানুষের সঙ্গে সরাসরি কলকাতায় তাদের যোগাযোগ নেই। এই ব্যাপারে ব্যক্তিগতভাবে পরিবহণমন্ত্রীকে বলেছিলাম, পরিবহণ সচিবকেও বলেছিলাম, ওরা বলেছিলেন বিবেচনা করছে, যাতে যে রুটে চলছে, সেই রুটে চলে। এখনও বাসে সাইনবোর্ড দেওয়া আছে সন্টলেক টু বেড়িগোপালপুর। অথচ বাস নির্দিষ্ট রুটে চলছে না। এখন বাসটা সন্টলেক থেকে বেড়ি গোপালপুর পর্যন্ত যদি না চলে গোবরডাঙ্গা পর্যন্ত মাঝখান অবধি চলে তাহলে বাস দেওয়ার দরকার নেই। গ্রামের সীমান্তবর্তী এলাকার মানুষ ৪৫টি গ্রামের মানুষ তারা এই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিযয়ের প্রতি আপনার মাধামে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কেন্দ্রের বঞ্চনার বিরুদ্ধে রাজ্য সরকার তার আর্থিক উন্নয়ন অব্যাহত রাখার জন্য নতুন নতুন আয়ের উৎস সন্ধান করছেন। এর একটা হল বালির উপর রয়্যালটি আদায়। ছগলি জেলার পুরশুড়ায় রাজ্য সরকার চেক পোষ্ট বসিয়ে এক বছরে ৬০ লক্ষ টাকা আয় বাড়িয়েছেন। স্যার, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে আরও কয়েকটি এলাকায় এই ধরণের চেক পোষ্ট বসানোর জন্য বলছি এবং তাতে আয় বহু গুণ বেড়ে যাবে বলেই আমার ধারণা। হাওড়া জেলার উদয়নারায়ণপুর, বর্ধমানের সদরঘাট, দুর্গাপুর, জামালপুর, মেদিনীপুর জেলার গড়বেতা, খড়গপুর, বাঁকুডার দ্বারোকেশ্বর ব্রীজের মুখে এই ধরণের চেক পোষ্ট যদি বসানো হয় তাহলে কয়েক কোটি টাবার রয়্যালটি বাবদ আয় হতে পারে। বালি ছাড়াও ষ্টোন চিপস, বোল্ডার, মোরান থেকেও রয়্যালটি আদায় হতে পারে। এই ব্যাপারে আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী মায়াবাণী পাল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত কিছুদিন যাবত মুর্শিগ্রাদ জেলার বৃদ্ধে বটনা বা প্রভাবে বেড়ে চলেছে। বহরমপুর শহর সংলগ কিছু কিছু চয়বাগ আইন-শৃঞ্জা পরিছিলে ওঞ্জতর অবনতি ঘটেছে। গত ২৮ ১.৯৬ তারিখে বহরমপুর হরিদাসমাটি অঞ্চলে প্রাম পঞ্চায়েওের কংগ্রেসি সদস্যকে দিনের আলোয় প্রকাশ্যে থাসক দলের মদতপুষ্ট কিছু সমাজবিরোধী ওলি করে হত্যা করে। আবার গত পরও দিন বহরমপুরের পাশেই বুটাডাঙ্গা গ্রামে কংগ্রেস কর্মী আহাদ সেখকে হত্যা করা হয়। সেখানে মাইল খানেকের মধ্যে দৃটি পুলিশ ক্যাম্প থাকা সত্ত্বেও এই খুনের ঘটনা ঘটলো। একই ভাবে কিছুদিন আগে পর পর যুব কংগ্রেসের দুই কর্মী নাসীর শেখ ও মহসিন শেখকে হত্যা করা হয়েছিল। এই সমস্ত হত্যার সঙ্গে জড়িত অপরাধীদের পুলিশ এখনও গ্রেপ্তার করতে পারে নি। স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি করছি, অবিলম্বে খুনিদের গ্রেপ্তার করা েক।

শ্রীমতী শান্তি চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি শুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার তারকেশ্বর বিধানসভা কেন্দ্রের মধ্যে তারকেশ্বর চাউলপট্টি থেকে কানাড়িয়া পর্যন্ত যে রাস্তাটি চলে গিয়েছে সেই রাস্তাটির পীচ একেবারে উঠে গিয়েছে এবং জায়গায় জায়গায় বড় বড় গর্ত হয়ে গিয়েছে। এই রাস্তাটি দিয়ে বাস যাতায়াত করে এবং স্কুল, কলেজের ছেলেমেয়েরা এই রাস্তাটি দিয়ে যাতায়াত করে। সামনে বর্ষাকাল, অবিলম্বে যদি এই রাস্তাটি মেরামত করা না হয় তাহলে ভীষণ অসুবিধার মধ্যে সেখানকার লোকজন পড়ে যাবেন। অবিলম্বে এই রাস্তাটির সংস্কারের জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ভূপেন্দ্র নাথ শেঠ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে অর্থমন্ত্রী মহাশয় আছেন, আমি আপনার একটি বিষয় তাকে জানাচ্ছি। মাননীয় অর্থ মন্ত্রী জমি কেনাবেচার ব্যাপারে রেজিট্রেশনের জন্য যে নতুন আইন তৈরি করেছেন সেই আইনে উনি স্টাম্পের দাম কমিয়েছেন কিন্তু ভ্যালুয়েশান ঠিক করার জন্য দু রকমের পদ্ধতি উনি নিয়েছেন কিনা আমি জানি না, সেটা উনি বলবেন।

[1-00-1-10 p.m.]

আই.বি.আর. তিনি বলছেন যে লোকাল বিজ্ঞ এবং কালেক্টার এবং সাব রেজিক্ট্রার, রেজিক্ট্রার থেকে যে দাম ঠিক করবেন সেটা হবে এ্যাকচুয়্যাল ভ্যালুয়েশন। আবার ফর্ম ও রুলও উনি বলে দিয়েছেন যে রুল থ্রী অনুযায়ী ভ্যালুয়েশন ঠিক করতে হবে। রুল থ্রী ফলো করলে যে একটা মৌজায় যত জমি তিন বছরে কেনা বেচা হয়েছে এবং তার গড় করে, মৌজার মধ্যে শহর আছে, মৌজার মধ্যে গ্রাম আছে, এর গড় করে যে ভ্যালুয়েশান হয়েছে তাতে দেখা যাচ্ছে এক শতক জমি ওরা কষে দিয়েছেন, এক শতক জমির দাম ৯৪ হাজার টাকা। যেখানে ১০ হাজার টাকা, বিঘা, ডেপুটি আই.জি.আর. বলেছেন লোক বডির ওপিনিয়ন নিয়ে একটা ভিটারমিনেশন আসতে হবে এবং সেই অর্ডার তিনি দিয়েছেন। কিন্তু সাব রেজিন্ট্রার কোনও প্রকার লোকাল বডির ওপিনিয়ন কিংবা যে পদ্ধতিতে ঠিক হয়েছে, সেটা করছে না। তা না করার জন্য পশ্চিমবঙ্গের সাব রেজিন্ট্রার অফিসে জমি কেনা বেচার কাজ করতে পারছে না। তাতে রেভিনিউ এর ক্ষতি হচ্ছে। এই কাগজেওলো অর্থমন্ত্রীর কাছে পৌছে দেবার জন্য অনুরোধ করছি এবং তিনি আজকে কি ভাবে ভ্যালুয়েশন হচ্ছে, সেই বিয়য়ে ঘটসকে জানিয়ে দেবেন।

শ্রী ব্রজ গোপাল নিয়োগী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি উক্তবপূর্ণ বিষয় মুখ্যমন্ত্রী এবং বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি কেন্দ্রীয় সরকারের উর্থনৈতিক নীতির ফলে শিল্পের ক্ষেত্রে যেমন বেসরকারিকরণের চেন্টা হচ্ছে তেমনি আই.সি.ডি.এস. প্রজেক্টের ক্ষেত্রেও কেন্দ্রীয় সরকার নির্দেশ দিয়েছেন যে রাজ্যগুলোর শতকরা ১০ ভাগ বেসরকারি হাতে তুলে দাও। আপনি জানেন এই প্রজেক্টের মাধ্যমে গ্রামে যারা দারিদ্র সীমার নীচে বাস করে বাচ্চা, শিশু, মা, যারা বিশেষ করে পুষ্টিকর খাদ্য পায় না, তাদের পুষ্টি, স্বাস্থ্য, শিক্ষা প্রভৃতি খরচের একটা অংশ কেন্দ্রীয় সরকার দেয় আর একটা বড় অংশ রাজ্য সরকার দেয়। এই আই সি ডি এস প্রকল্প যদি বেসরকারিকরণ হয় তাহলে এর উদ্দেশ্যে ব্যাহত হবে। যার জন্য সারা দেশের ২০ লক্ষ অহগনওয়াদি কর্মী তারা প্রতিবাদ সই করে প্রধানসন্ত্রীর কাছে একটি দরখান্ত পাঠিয়েছে। সেই জন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই আই.সি.ডি.এস. প্রকল্পকে বেসরকারিকরণ যাতে না করা হয়, তার জন্য প্রতিবাদ করার জন্য অনুরোধ করছি।

শ্রী সঞ্জীব কুমার দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি শুরুত্বপূর্ণ বিষয়ে আমি শিক্ষামন্ত্রী এবং হাউসের সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৫ শে মার্চ মাধ্যমিকের অংক পরীক্ষা ছিল। ঐ পরীক্ষা কেলেঙ্কারীর পর মধ্যশিক্ষা পর্যদ আবার ১৯শে এপ্রিল নতুন করে অংক পরীক্ষা নেবার ব্যবস্থা করেছে। কিন্তু আগের পরীক্ষার মূল্যায়ন কিভাবে হবে, পরীক্ষারী বা অভিভাবকদের তা জানানো হচ্ছে না। এর ফলে পরীক্ষার্থীরা কি ভাবে ঠিক করবেন হে আবার তারা পরীক্ষা দেবেন, না পুরাণ পরীক্ষায় ফিরে যাবেন। এমন একটা অবস্থার মধ্যে শুধু ছাত্রছাত্রী নয়, অভিভাবকদের মধ্যেও একটা আশঙ্কা দেখা দিয়েছে। সেই জন্য এই সম্পর্কে মধ্য শিক্ষা পর্যদ যাতে অবিলম্বে একটা ডিসিশন নেন ১৯ তারিখের আগে, সেই জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কৃষ্ণ চন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় সভায় উপস্থাপিত করছি। আপনি জানেন যে পশ্চিমবাংলার অন্যতম বৃংহ শহর বর্ধমান যা জৈন তীর্থন্ধর বর্ধমানের সময় থেকে জনপদ সৃষ্টি হয়েছে। এটা একটা অন্যতম গুরুত্বপূর্ণ পৌরসভা অঞ্চল। এখন তার জনসংখ্যা ৩ লক্ষ। যে শহর থেকে কলকাতায় দেড় ঘন্টায় আসা যায়। যে শহরের পাশে শিল্প নগরী দুর্গাপুর এবং আসানসোল, এছাড়াও বর্ধমান হচ্ছে কৃষি প্রধান অঞ্চল, গ্রানারি অব ওয়েষ্ট বেঙ্গল। সম্প্রতি শিলিওড়ি, আসানসোল, চন্দননগর কে কর্পোরেশন করা হয়েছে। সূতরাং এই বর্ধমানকে কর্পোরেশন হিসাবে উন্নীত করা হোক এই অনুরোধ জানাচ্ছি। সি.এম.ডি.এ. এলাকা বাদ দিয়ে মেগা সিটি করার পরিকল্পনা করা হয়েছে। বর্ধমানকে মেগা সিটি করার পরিকল্পনা যাতে উত্থাপিত হয়, আর্বান ডেভলপমেন্টের কাজের জন্য যাতে যথায়ত স্থান পায় তার ব্যবত্বা করুন।

শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ মিঃ ম্পিকার, স্যার, আপনার মাধ্যমে আমি একটি জরুরি বিষয়ের প্রতি মাননীয় নগর উন্নয়ণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন সারা ভারতবর্ষ থেকে লক্ষ লক্ষ মানুষ রুজি রোজগারের জন্য হাওড়া শহরে আসে। আমি একটু আগেই এখানে উল্লেখ করেছি যে, হাওড়া শহরে মানুষ খাবার জল পর্যন্ত পাচছে না। আজকের খবরের কাগজে ছবি, বেরিয়েছে হাওড়ায় জলের মেন পাইপ ফেটে গিয়ে নর্দমার সঙ্গে এক হয়ে গেছে। মানুষ সেই জল খেতে বাধ্য হচ্ছে। আজকে হাওড়া শহরে টার্

পেয়াররা ন্যুনতম কোনও নাগরিক সুযোগ সুবিধাই পাচেছ না। স্যার, নতুন রাস্তাঘাট নির্মাণ এবং রাস্তাঘাট মেরামত করা তো দূরের কথা, রাস্তাঘাট পরিস্কার করার জন্য হাওড়া কর্পোরেশনের বুরুশ কেনার পয়সা নেই, ময়লা নিয়ে যাবার ঠেলা গাড়ি পর্যন্ত নেই। সামান্য নাট বোল্ট, বাকেটের অভাবে টিউবওয়েল গুলো মেরামত করা হচেছ না। অথচ ছোট ছোট বাড়ি-ঘর গুলির ট্যাক্স বাকি পড়ে গেলে পেয়াদা পাঠান হচেছ। কিন্তু বিরাট মাল্টি স্টোরিড বিল্ডিং গুলোর ট্যাক্স এ্যাসেসমেন্টই হয় নি। স্যার, এরকম পরিস্থিতিতে হাওড়ার সিটিজেনরা একত্রিত হচ্ছেন এবং আগামী দিনে কোনও রকম ট্যাক্স মিউনিসিপ্যাল কর্পোরেশনকে দেবেন কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নিতে চলেছেন, মুভমেন্টের ডাক দিতে চলেছেন।

শ্রী এস.আর দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্র মন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে বর্ধমান জেলার বরাবানি এবং সালানপুর অঞ্চলে কিছু পরিত্যক্ত এবং কিছু চালু কোলিয়ারী আছে। সেখানে পরিত্যক্ত কোলিয়ারী গুলি থেকে চোরা পথে কয়লা উত্তোলিত হচ্ছে। ফলে সেখানে প্রায়ই দুর্ঘটনা ঘটছে, মানুষের প্রাণ নস্টও হচ্ছে। এটা গেল একদিক, অন্য দিকে ই.সি.এল.-এর কয়লা খনিগুলি থেকে অবৈজ্ঞানিকভাবে কয়লা উত্তোলিত হচ্ছে। সাথে সাথে ঐ এলাকা থেকে ই.সি.এল.-এর কিছু অফিসার, খনি নিরাপত্তা বাহিনী, পুলিশও কংগ্রেসের মদতপুষ্ট মাফিয়ারা হাজার হাজার টন কয়লা চোরা পথে পাচার করছে, লক্ষ লক্ষ টাকার অবৈধ ব্যবসা চালাচ্ছে। যার ফলে রাজ্য সরকার লক্ষ লক্ষ টাকার সেস এবং রয়্যালটি থেকে ব্যক্তিত হচ্ছে। ঐ অঞ্চলে এই অবৈধ রম-রমা ব্যবসা চলার ফলে অসামাজিক কাজকর্মও বৃদ্ধি পাচ্ছে। এই বেআইনী কয়লা ব্যবসা বন্ধ করার জন্য আমি স্বরাষ্ট্র মন্ত্রীর বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

# [1-10—1-20 p.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল দিল্লিতে কুখ্যাত গ্যাট চুক্তি এবং ডাঙ্কেল প্রস্তাবের বিরুদ্ধে এবং কেন্দ্রীয় সরকারের নয়া অর্থনীতি, শিল্পনীতির বিরুদ্ধে যে মহামিছিল অনুষ্ঠিত হয়েছিল এবং তার ওপর কেন্দ্রীয় সরকারের পুলিশ যে আক্রমণ নামিয়ে এনেছিল তা নিয়ে আজকে আমরা সভার শুরুতেই আলোচনা করেছি। আমি ঐ ঘটনাকে নিন্দা করেছি, ধিক্কার জানিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়,আজকে কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে, ডাঙ্কেল প্রস্তাব এবং গ্যাট চুক্তির বিরুদ্ধে সারা দেশের মানুয চারিদিকে আন্দোলনে ফেটে পড়ছে। পশ্চিমবাংলার গ্রাম-গঞ্জের ক্ষেত্রমজুর থেকে শুরু করে সর্বত্র সর্ব-স্তরের সাধারণ মানুয আজকে সোচ্চার প্রতিবাদ জানাচ্ছে। এই প্রতিবাদ কর্ম-সূচীর অংশ হিসাবে এস.ইউ.সি.সহ ১০ পার্টির ডাকে—ডাঙ্কেল প্রস্তাব, কুখ্যাত গ্যাট চুক্তি এবং কেন্দ্রীয় সরকারের নয়া শিল্প ও অংশীতির এবং বাণিজ্য নীতির ফলে গোটা দেশের খেটে খাওয়া মানুষের জীবনে যে সর্বনাশ নামিয়ে আনা হচ্ছে তা প্রতিরোধের উদ্দেশ্যে এবং এই সমস্ত নীতি প্রত্যাহারের দাবিতে

আঙ্ককে ১০ পার্টির ডাকে—এক বিশাল মিছিল কলকাতা শহরে সংগঠিত হচ্ছে। কলেজ্ব স্কোয়ার থেকে এই মিছিল শুরু হয়ে রাজ্য পালের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে এক্ ইউ.এস কাউন্সিলের কাছে স্মারক লিপি পেশ করবে।

আমি জ্ঞানি না, এই লাগাতার আন্দোলনের ব্যাপারে কেন্দ্রীয় সরকার নজর রাখছে কিনা এবং এর থেকে শিক্ষা নিয়ে তাদের সিদ্ধান্ত থেকে ফিরে আসবে কি না।

শ্রী বিদ্ধান্ধর মাহাতো ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, যখন সরকারিভাবে কোনও মহার্যভাতা ঘোষণা করা হয় তখন দেখা যায়, সরকারি কর্মচারীদের ক্ষেত্রে সেই ঘোষণার পরের মাসেই পেয়ে যান। অপরদিকে দেখা যায়, শিক্ষক, অশিক্ষক কর্মচারীদের ক্ষেত্রে পেতে অনেক বিলম্ব হয়। এরফলে শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের মধ্যে অসন্তোষ দেখা দেয়। অপরদিকে সরকারিভাবে অর্ডার কাউলিলে যাবার পরেও দীর্ঘদিন ধরে সেই অর্ডার আর বিদ্যালয় পরিদর্শকের কাছে যেতে দেরী হয়। এ ব্যাপারে জর্নার ভিত্তিতে পদক্ষেপ নেওয়ার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্যণ করছি। সাথে সাথে আরও দাবি জানাচিছ, বিগতদিনে বর্ধিত বছ বকেয়া টাকা শিক্ষকরা না পাওয়ার জন্য তাদের মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে।

শ্রী আব্দুল মানান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। ছগলি জেলায় রাজা রামমোহন রায়ের জন্মস্থান রাধানগর ইতিহাস প্রসিদ্ধ জায়গা। বহু লোককে সেখানে যেতে হয়। বিশেষ করে কলকাতা থেকে যাঁরা যান তাঁরা প্রায় অতিরিক্ত ২৫ কিলোমিটার ঘূরে যান—মায়াপুর থেকে খানাকুল দিয়ে ঘুরে আবার ব্যাক করে আসতে হয়। সেইজন্য মুভেশ্বরী নদীর উপর দিগরুই ঘাটে সেতু না থাকার জন্য খুবই অসুবিধা হয়। তাই আমি পুর্তমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি, মুভেশ্বরী নদীর উপর দিগরুই ঘাটে সেতু নির্মাণ করা হোক যাতে ২৫ কিলোমিটার দুরত্ব কমে যায়।

শ্রী কমলেন্দু সান্যাল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় প্রস্থাগার বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের নদীয়া জেলায় সাক্ষরতা অভিযান চলছে। কবির কবিতা মাখা ছায়ার মধ্যে তারকগঞ্জ গ্রামে ভৈরব নদীর পাশে অত্যন্ত মনোরম পরিবেশে একটা সুন্দর গ্রন্থাগার গড়ে উঠেছে, বিদ্যাসাগরের স্মৃতি মাখা এই গ্রন্থাগার। সাক্ষরতা অভিযানে এই গ্রন্থাগারের সুন্দর ভূমিকা আছে। সেই গ্রন্থাগারটি নিজস্ব জমির উপর প্রতিষ্ঠিত, হাজারের কাছা-কাছি, বই ওখানে আছে। সরকারের কাছে ওদের আবেদন হচ্ছে, সরকারি অনুমোদিত গ্রন্থাগার হোক। এ ব্যাপারে আমি মাননীয় গ্রন্থাগার বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী নরেন হাঁসদা ঃ স্যার, আমি আপনার মাধ্যমে আদিবাসী অধ্যুষিত আমার নির্বাচনী এলাকা বিনপুরের গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিছ। স্যার, আঁধারিয়া রাজবন্ধভ হাইস্কুল যেটা সদ্য হাইস্কুলে পরিণত হয়েছে সেই স্কুলে অভিভাবক যারা নির্বাচিত হয়েছে, ডি.আই. মেদিনীপুর সরকারি প্রতিনিধি না পাঠানোর কারণে এখানে ম্যানেজিং কমিটি গঠিত হতে পারছে না। এই স্কুলে শিক্ষকের সংখ্যাও মাত্র জেন। আসন যে শিক্ষাবর্ষ গুরু হচ্ছে ক্লাস ১০ পর্যন্ত তা চালানো মুদ্ধিল হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে দাবি করিছি, অনতিবিলম্বে ডি.আই. মেদিনীপুর যাতে সরকারি প্রতিনিধি পাঠায়। অভিভাবকের পক্ষ থেকে যারা নির্বাচিত হয়েছে তাদের নিয়ে ম্যানেজিং কমিটি গঠন করা হোক আর আধারিয়া রাজবন্ধভ হাইস্কুলে পঠন-পাঠন যাতে শুরু হয় তারজন্য অতি সত্বর শিক্ষক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন রাখছি।

শ্রী যোগেশ চন্দ্র বর্মন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরবঙ্গের ৬টি জেলায় সবচেয়ে নির্ভরযোগ্য চিকিৎসার স্থান হিসাবে শিলিগুড়িতে অবস্থিত উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতাল একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান। কিছুদিন আগে আমার সেখানে যাবার সুযোগ হয়েছিল এবং গিয়ে একটা বেদনাদায়ক অভিজ্ঞতা সঞ্চয় হয়েছে। ওখানে দেখতে পেলাম যে শিশু এবং নিউরোলজি বিভাগের কোনও ডাক্তার নেই। শুধু তাই নয় গাইনোকলজিতেও দেখা গেল যে কোনও ডাক্তার নেই, হাউস ষ্টাপরা ডাক্তারের কাজ করেন। সবচেয়ে পরিতাপের বিষয় হল সেখানে দেড় বছর আগে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী যে কোবাল্ট ইউনিট স্থাপনের শিলান্যাস করেছিলেন আজও সেই কোবাল্ট ইউনিট স্থাপিত হবে কি না সে বিষয়ে সংশয় আছে। সামান্য ক্যাপারে রে দেবার জন্য গরিব মানুযকে উত্তরবঙ্গ থেকে কলকাতায় ছুটে আসতে হয় যা তাদের পক্ষেসন্থব নয়। লক্ষ্য করা যাছে যে প্রাইভেট নার্সিং হোমে সেগুলি আছে, তাই জনগণের একটা রোষ যে নার্সিং হোমে এগুলি চলবে মেডিকেল কলেজে কেন থাকবে না? তাই মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমার বিনীত অনুরোধ উত্তরবঙ্গর এই হাসপাতালটিকে চিকিৎসার ক্ষেত্রে একট উন্নত করার আবেদন জানাছি।

শ্রী আব্দুস সালাম মুসী ঃ মাননীয় স্পিকার স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় ধরাট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, প্রস্তাবিত মহকুমা শহর করবার জন্য তেইউতে প্রস্তাব দেওয়া হয়েছে। আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে আমার নির্বাচনী এলাকা ৩৪ নং জাতীয় সড়কের সঙ্গে যুক্ত। কালীগঞ্জ কেন্দ্র তেইট্ট সাবডিভিসনে যুক্ত হবে না। কালীগঞ্জকে এর সঙ্গে যুক্ত করা যাবে না। আমার প্রস্তাব আমরা যেমন ক্ষণ্টনগর সদরে আছি তেমনি ধাকব। কালীগঞ্জ ক্ষনগর, নাকাশীপাড়া, ক্ষণ্টনগর ব্লক ২ কে অবিলম্বে নতুন সাবডিভিসনে দিতে হবে। আপনার অবগতির জন্য জানাচ্ছি কালীগঞ্জের মানুষ দারুণ বিক্ষোতে ফেটে পড়েছে। গত ৪-৪-৯৪ তারিখে সমস্ত সরকারি অফিস বন্ধ করে দেওয়া হয়েছে মানুষ মানোলনে ফেটে পড়েছে। সেজন্য মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে জানাচ্ছি আপনার মাধ্যমে যে

অবিলম্বে কালীগঞ্জ সাবডিভিসনকে যুক্ত করতে হবে, দেবগ্রামে হেডকোয়ার্টার করতে হবে।

শ্রী সৌমেন্দ্র নাথ দাস ঃ স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর এই বিধানসভা এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৯৯২ সালের ২৬শে জুন ভারত এবং বাংলাদেশের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছিল, ৩ বিঘা। প্রতিক্রিয়াশীল শক্তি বি.জে.পি. বিশ্রান্ত বামপন্থী কর্মী [\*\*\*\*] এবং কংগ্রেসের ...

· মিঃ স্পিকার ঃ কমল গুহর নাম বাদ যাবে।

শ্রী সৌমন্দ্রনাথ দাস ঃ বামপন্থী সরকার এই চুক্তি কার্যকর করছেন। কিন্তু এই চুক্তির পরিপ্রেক্ষিতে যে সব ছিট মহল বিনিময়ের কথা সেগুলি কার্যকর হয় নি। বাংলাদেশের অভ্যন্তরন্থ ছিট মহলে ভারতীয়রা নাগরিক অধিকার থেকে বঞ্চিত। সেখানে ভারতবর্ষের যে বিভিন্ন সুযোগ সুবিধা আছে সেগুলির থেকেও বঞ্চিত। শিক্ষার অধিকার থেকেও বঞ্চিত। অবিলম্বে ছিট মহল বিনিময়ের চুক্তিকে কার্যকর করা প্রয়োজন। কুচলিবাড়ি, মেখলীগঞ্জ উন্নয়ন কর্মসূচী ঘোষণা করা হয়েছিল, যা হয়েছিল তার কিছু কিছু কার্যকর হয়েছে, বাকিগুলি কার্যকর করার জন্য অনুরোধ করছি।

[1-20—1-30 p.m.]

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ উপস্থিত ছিলেন না।

শ্রী শিশির কুমার সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পরিবহণের ক্ষেত্রে দীর্ঘদিনের অবহেলার বিষয় এখানে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টিতে আনছি। মুর্শিদাবাদ জেলার নবগ্রাম রকের লালবাগ অঞ্চলের ১০টি ডি.পি. এলাকার হাজার হাজার যোগাযোগের যে রাস্তা—পাঁচলা লালবাগ রাস্তা, সেটা দীর্ঘদিন মেরামতের অভাবে অচল ছিল, কিন্তু বর্তমানে রাস্তাটি রিপেয়ার করায় গাড়ি চলাচল শুরু হয়েছে। আমি ঐ রাস্তায় অবিলম্বে রাষ্ট্রীয় পরিবহণের বাস চালাবার জন্য দাবি রাখছি।

শ্রী অজয় দেঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি শুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি মাননীয় স্বাস্থামন্ত্রী এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর আগেও বিষয়টা এখানে অনেকবার উল্লেখ করেছি। আমার নির্বাচনী এলাকায় প্রায় ৪ লক্ষ মানুষের একমাত্র চিকিৎসাকেন্দ্র শান্তিপূর হসপিটাল। কিছুদিন পূর্বে একে ষ্টেট জেনারেল হসপিটালে উন্নীত করা হয়েছে। আদেশ বের হবার সঙ্গে একটি সাইনবোর্ডও ঝুলিয়ে দেওয়া হয় ষ্টেট জেনারেল হসপিটাল বলে, কিন্তু আজ পর্যন্ত ষ্টেট জেনারেল হসপিটাল হিসাবে চালু হয়নি। গত তিন বছরে প্রায় ১০ লক্ষ টাকা ব্যয় করে এর বিশ্ভিংও সম্পূর্ণ করা হয়েছে এবং ১৯৯২ সালের মার্চ মাস নাগাদ পূর্ত বিভাগ সেটা হ্যান্ডওভারও করে দিয়েছে, কিন্তু ১৯৯২ থেকে ১৯৯৪ এই দীর্ঘ সময়

Note \*[Expunged as ordered by the chair.]

চলে গেলো কিন্তু আজ পর্যন্ত হসপিটালিটি চালু হল না। এই ব্যাপারে আমরা স্বাস্থ্য দপ্তরের সঙ্গে যোগাযোগ করেছি, কিন্তু হসপিটাল চালাতে যে ইনফ্রাস্ট্রাকচার দরকার, যেমন স্পোলালিট রেডিওলজিস্ট, নার্স জি.ডি.এ. ইত্যাদি পোষ্টগুলি আজ পর্যন্ত স্যাংশন করেনি অর্থ দপ্তর বলে তারা জানিয়েছেন। আজকে স্বাস্থ্যদপ্তরের যে অবস্থা, কোনও জায়গাতেই ওমুধু নেই, এ.আর.ভি. নেই, এক্স-রে মেশিন নেই, তাতে ১০ লক্ষ টাকা ব্যয় করার পরও আমার কেন্দ্রের ঐ হসপিটালিটি চালু হল না। যাতে অবিলম্বে শান্তিপুর ষ্টেট জেনারেল হসপিটালিটি অবিলম্বে চাল করা হয় তারজন্য স্বাস্থ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মোজান্দেল হক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, বীরভূম থেকে আমতলা পর্যন্ত যে রাস্তাটি রয়েছে তার উপর কুমড়াতলা ব্রীজ, কাঠের ব্রীজ, ভেঙ্গে পড়ছে। পাঁচ বছর ধরে ঐ সেতুটিকে কংক্রিটের সেতু হিসাবে গড়ে তোলার জন্য প্ল্যান এষ্টিমেট করছেন এবং ইঞ্জিনিয়ারদের সেখানে কিছু কাজও করতে বলা হয়েছিল, কিন্তু একজিকিউটিভ ইঞ্জিনিয়ার জানিয়েছেন, যে, দক্ষ টেকনিশিয়ানদের অভাবে কাজ করা যাছেহ না। আমার আবেদন, মাননীয় পূর্তমন্ত্রী যেন বিষয়টার প্রতি গুরুত্ব আরোপ করে যথায়থ ব্যবস্থা অবলম্বন করেন।

শী নিবপ্রসাদ মালিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। নারকেলডাঙ্গা দেশবদ্ধু বিদ্যাপীঠের প্রধান শিক্ষক সদানন্দ চক্রবর্তী, ১৯৯২ সালের ১লা এপ্রিল অবসর গ্রহণ করেন। তিনি মাধ্যমিক শিক্ষার রাজ্য সভাপতি এবং পশ্চিমবঙ্গে পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট শিক্ষক। উনি ১৯৯২ সালের ১লা এপ্রিল অবসর গ্রহণ করার পরে আজ পর্যন্ত পেনসান এবং অন্যান্য সুযোগ-সুবিধা পাননি। আমি এই ব্যপারে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাকে এই পেনসান এবং অন্যান্য সুযোগ-সুবিধা তাড়াতাড়ি দেবার ব্যবস্থা করা হয়।

শী চিন্তরপ্তন বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনশিক্ষা প্রসার মন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রীর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং সেই সঙ্গে তার প্রতিকার দাবি করছি। আপনি জানেন যে নদীয়া জেলায় স্বাক্ষরতা কর্মসূচী চলছে এবং এই বাক্ষরতা কর্মসূচী গত বছর থেকে শুরু হয়েছে। এই বছর এপ্রিলের ২০ তারিখে প্রথম ভাগের পরীক্ষা শেষ হবে। তবে আমার একটা নতুন অভিজ্ঞতা হয়েছে সেটা আমি এখানে বলছি। বি.এস.এফ.-এর বিরুদ্ধে সীমান্তবর্তী অঞ্চলে গরু পাচার মানুয খুন এবং অন্যান্য নানা রকম অভিযোগ মানুষ করে থাকে। কিন্তু আমার অভিজ্ঞতা নতুন ধরণের। এই সীমান্তবর্তী অঞ্চলে আমাদের ওখানে যে ৬টি গ্রাম পঞ্চায়েত আছে, সেখানে আমাদের যে শিক্ষাকেন্দ্রগুলি খোলা হয়েছে তাতে অসংখ্য পড়ুয়া পড়শুনা করবে, এটা হচ্ছে আমাদের দায়িত্ব এবং সেই কাজ আমরা চালিয়ে যাচ্ছি। কিন্তু সেখানে দেখা যাচ্ছে যে সদ্ধ্যা সাতটার শন্তর্যে ঐ পড়ার কেন্দ্রগুলি খালি হয়ে যাচ্ছে। বি.এস.এফ.এর লোকেরা ঐ পড়ুয়া কেন্দ্রগুলিতে

এসে তাদের গরু চুরি করার জন্য এবং অন্যান্য মালপত্র সহ সেগুলি সীমান্তের বাইরে পাচার করার জন্য উৎসাহিত করছে। তার ফলে আমাদের পড়ুয়া কেন্দ্রগুলি খালি হয়ে যাছে। এই রকম কাজ বি.সি.এস.এফ.রা করে চলেছে। আমি মনে করি: এটা খুনের চেয়েও বড় অপরাধ। কাজেই অবিলম্বে এর প্রতিকার আপনার মাধ্যমে দাবি করছি।

শ্রী ব্রহ্মময় নন্দ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ের প্রতি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুরে নরঘাট বিধানসভা কেন্দ্রের হলদি নদীর উপরে মাতঙ্গীনি সেতু আছে। এই সেতুটি প্রায় ১৭১১ ফুট লঘা, এই বংহস্তর সেতুটি ১৯৮০ সালের ৯ই আগস্ট মাননীয় মুখ্যমন্ত্রী দেশবাসীর উদ্দেশ্যে উদ্বোধন করেছিলেন এবং মাননীয় পূর্তমন্ত্রীও সেখানে উপস্থিত ছিলেন। কিন্তু আজ পর্যন্ত সেই সেতুটি বিদ্যুৎতায়িত করা হয় নি। আমরা বারবার আবেদন করা সত্ত্বেও এটা অবহেলিত হয়ে আছে। তাই আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে ঐ সেতুটি গভীর অন্ধকারে পড়ে থাকে, এপার থেকে ওপার দেখা যায় না, নানা রকম অসামাজিক কাজকর্ম ওখানে ঘটে, আমাদের কিছু করার থাকে না। কাজেই এই সেতুটিতে অবিলম্বে বিদ্যুৎতায়িত করার জন্য অনুরোধ জানাচ্ছি, এটার প্রতি যেন গুরুত্ব দেওয়া হয়।

শ্রী শৈলজা কুমার দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর কাছে একটা শুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। দীঘা অত্যন্ত জনপ্রিয় পর্যটন কেন্দ্র। কথি থেকে লোক দীঘার দিকে যায়। দীঘা থেকে রামনগর যাবার পথে পিছাবনী নামে একটা কাঠের পূল আছে। এই পূলটি দীর্ঘদিন কাঠের পূল হয়ে আছে। দীঘা পর্যটন কেন্দ্র হওয়ার সুবাদে এই কাঠের পূলের উপর দিয়ে অসংখ্য বাস, ট্যাক্সি যাতায়াত করে। তার ফলে এই কাঠের পূলটি অত্যন্ত বিপদজনক অবস্থায় আছে। এটাকে যদি কনক্রিটের পূলে রূপান্তরিত করা যায় তানাহলে যে কোনও সময়ে একটা দুর্ঘটনা ঘটতে পারে। অতীতেও এই ব্যাপারে বারবার বলা হয়েছে। কাজেই আমি আবার আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি যে এই কাঠের পূলটিকে অবিলম্বে কনক্রিটের পূলে রূপান্তরিত করা হোক।

# [1-30-1-40 p.m.](including adjournment)

শ্রী ত্রিলোচন দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনারা মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় সেচমন্ত্রী এবং মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নলহাটি ১ নম্বর ব্লকের অন্তর্গত কুরুমগ্রাম গ্রামপঞ্চায়েতের অধীন সারধা এবং ধরমপুর গ্রামে মাঝখানে একটা কাঁদর আছে। এই কাঁদরের উপর ব্রীজের ব্যাপারে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। এই গ্রামে যে সমস্ত হাই স্কুল রয়েছে এই ব্রীজের জন্য বর্ষার সময় ছুলেরা আসতে পারে না, রোগীদের হাসপাতালে যাওয়ার উপায় থাকে না। এই এলাকায় অধিকাংশ তফর্সিলি জাতি এবং উপজাতি লোকের বাস। এই ব্যাপারে আমি আগেও উল্লেখ করেছি, কিন্তু কোনও ফল হয়নি। এই বর্ষার আগে যাতে এই গ্রামে একটা ব্রীজ হয় তার জন্য আপনার মাধ্যমে মন্ত্রী

মহাশয়ের কাছে অনুরোধ রইল।

শী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা শুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় খাদ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি এবং সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন কেন্দ্রীয় সরকারের অধীনে ওয়ার হাউসিং কর্পোরেশন নামে একটা রাষ্ট্রায়ত্ব সংস্থা আছে। তারা সম্প্রতিকালে কলিকাতা বন্দর এলাকায় একটা আধুনিক কনটেনার অফ ফ্রেইট তৈরি করেছে। সেখানে ২২ হাজার মেট্রিক টন খাদ্য রাখা যাবে। তিনটি বড় বড় গোডাউন আছে, ৪ একর জায়গায় ওপেন কনটেনার আছে। এটা বন্দর কতৃপক্ষ এবং কাস্টমস-এর অবহেলার ফলে এবং চক্রান্ত্রের ফলে এটা ওপেন করা যাচ্ছে না। সম্প্রতি হলদিয়ায় এই ফ্রেইট তৈরি করার কেন্দ্রীয় সরকারের প্রস্তাব থাকা সত্ত্বেও গড়িমাসি করছে। কর্ত্বপক্ষ এটা ওপেন না করার জন্য, বন্ধ করে রাখার জন্য প্রতি দিন ১০ লক্ষ টাকার ক্ষতি হচ্ছে। আমি খাদ্যমন্ত্রীকে অনুরোধ করবো আপনি এই ব্যাপারে অবিলম্বে হস্তক্ষেপ করুন এবং যাতে এটা ওপেন করা যায় তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। এর সঙ্গে অনেক কর্মসংস্থান জড়িত আছে। এখানে অনেক লোকের কাজ হবে। অবিলম্বে এটা ওপেন করার জন্য অনুরোধ করছি।

(At this stage the House was adjourned till 2-15 p.m.) [2-15—2-25 p.m.](After adjournment)

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ স্যার, আজকে আমি যে বিষয়ে বলতে চাইছি তা হচ্ছে এই যে, সম্প্রতি আমাদের এই পশ্চিমবাংলায় কেন্দ্রীয় ওয়েলফেয়ার মিনিন্টার, কে.ভি.থং গভাল্ল, এসেছিলেন। তিনি এখানে দাঁড়িয়ে বললেন যে, 'ওবিসি' অন্যান্য অনগ্রসর শ্রেণীর তালিকা পশ্চিমবাংলা এখনও গ্রহণ করে নি। পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে একমাত্র রাজ্য যারা অন্যান্য অনগ্রসর শ্রেণীর তালিকা গ্রহণ না করার জন্য ঐ সম্প্রদায়ের মানুষরা চাকুরি থেকে বঞ্চিত হচ্ছেন। তিনি মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক করেছেন। রাজ্য সরকার নীতিগতভাবে এটি গ্রহণ করেছেন, কিন্তু কার্যকর ভাবে কবে মেনে নেওয়া সম্ভব হবে তা আমরা জানিনা। এখানে একটি কমিশনের রিপোর্ট এই ব্যাপারে সাবমিট হয়েছে, কিন্তু কবে থেকে তা কার্যকর হবে তা আমরা এখনও জানতে পারছি না। আমাদের কাছে প্রতিদিন লোকেরা আসছে এবং তারা জানতে চাইছে, সরকারের কাছে জানতে চাইছে কবে থেকে এটি কার্যকর হবে, আমরা তা বলতে পারছি না। ১২ই এপ্রিলের পর হাউস বন্ধ হয়ে যাবে। সরকারের কাছ থেকে এইটুকু সংবাদ পেলে আমরা আস্বস্থ হতে পারি যে, অন্যান্য অনগ্রসর শ্রেণীর তালিকা, মন্ডল কমিশনের রিপোর্টে যেটি বলা হয়েছে, তা কবে সরকার গ্রহণ করবেন। চাকুরির ক্ষেত্রে যে বিলম্ব হচেছ, মুখ্যমন্ত্রী এবং থংগভাল্ল্র মধ্যে যে আলোচনা হয়েছে তা আমাদের কাছে এই সভাতে জানাতে অনুরোধ করছি।

### **LEGISLATION**

West Bengal Primary Education (Amendment) Bill, 1994

Shri Achintya Krishna Ray: Sir, I beg to introduce the West Bengal Primary Education (Amendment) Bill, 1994.

(Secretary then read the title of the Bill)

Shri Achintva Krishna Roy: Sir, I beg to move that the West Bengal Primary Education (Amendment) Bill, 199, be taken into consideration, মিঃ স্পিকার স্যার, আমি বলতে চাই এই যে বিলটা সংশোধন আকারে আমরা এনেছি, এটা এই কারণে, এখানে ভারত সরকার শিক্ষা সম্পর্কে একটা নতন নীতি নিয়েছেন গত ১৫ই মার্চ দিল্লির হিউম্যান রিসোর্স ডেভলপমেন্ট মিনিষ্টার, তিনি আমাদের মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়ে বলতে চাচ্ছেন যেটা আপনারা সকলেই জানেন ৭৩/৭৪ তম সংবিধান সংশোধন করা হয়েছে, তাতে শিক্ষা সম্পর্কে ইলেভেন এবং টুয়েলভ শিডিউলে ২টিতে পঞ্চায়েতের ক্ষেত্রে এবং পৌরসভার ক্ষেত্রে তারা অন্তর্ভুক্ত করে দিচ্ছে। শিক্ষা হবে তাদের এক্তিয়ারভক্ত তার ভিত্তিতে কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন দপ্তরের তারা একটা সভার পরে সিদ্ধান্তে এসেছেন, তারা বলেছেন, enacting state Legislations to follow the 73rd and 74th constitutional amendment and framing subordinate legislations in a time bound manner. এইসব তারা বলেছেন। কিন্তু আপনারা জানেন যে তডিঘডি করে গোটা শিক্ষাকে ভারতবর্ষের ক্ষেত্রে এইভাবে যেটা করা হচ্ছে সেই ব্যাপারে আমি মূলত অন্য একটি কারণে যারা আলোচনা করবেন মাননীয় বিধায়করা তাদের সুবিদার্থে তারা অনেকে জানেন, মাননীয় সদস্য সৌগত রায় জানেন সেখানে যেটা করে দেওয়া হয়েছে, মৈলি কমিটি কর্ণাটকের মুখ্যমন্ত্রী তিনি যখন শিক্ষামন্ত্রী ছিলেন তখন সাব কমিটি করে করা হয় তাতে ঠিক হয় গ্রাম পঞ্চায়েত কমিটি, পঞ্চায়েত সমিতি কমিটি, জেলা পরিযদ, স্কুল শিক্ষার ক্ষেত্রে কি করবে তার গোটা দায়িত্বটা এখানে কেন্দ্রীয় সরকার তাদের হাতে ছেড়ে দিতে চাচ্ছেন এবং রাজ্য সরকারকে বলেছে তোমরা গাইড দেবে। এই পরিপ্রেক্ষিতে আমাদেরকে আইন-টাইন নিশ্চয় সঙ্গতি রেখে করতে হবে। আমাদের পশ্চিমবঙ্গ শিক্ষার ব্যাপারে যেখানে গর্ব অনুভব करत, विरताधी शत्कत वस्तुता जाता जामारात वशान शिकात ग्राशारत जारान वशारन प्रकलात একটা ইতিবাচক ভূমিকা আছে। ভারতবর্ষের বর্তমান পরিস্থিতিতে এইভাবে শিক্ষা ব্যবস্থার পরিবর্তন করা হলে অসুবিধা হবে। আমাদের প্রাথমিক শিক্ষার যে আইন ৭৩ সালে হয়েছিল, সেটা ৯০ সালে কার্যকর হয়। আপনারা জ্বানেন নির্বাচিত সরকার দ্বারা মনোনীত ব্যক্তিদের নিয়ে যেভাবে এটা কার্যকর করা দরকার, সেখানে আইনের মধ্যে কিছু ভূলক্রটি রয়ে গিয়েছে, সেই আইনকে সংশোধন করার জন্য আমরা চেষ্টা করি। তারপরে ওর সঙ্গে সঙ্গতি রে<sup>খে</sup> আমরা আগামীদিনে চেষ্টা করবো কিভাবে আমাদের শিক্ষা দগুর ও পঞ্চায়েতকে নিয়ে একসঙ্গে আনতে পারবো। এখানে আমাদের যে এ্যামেন্ডমেন্ট বা সংশোধনী সেটা হচ্ছে কয়েকটি বিষয়ে, তার মধ্যে একটি হচ্ছে শিক্ষা একটি সংগঠন, আমরা এখানে দিচ্ছি ঐ ভিত্তিতে প্রাইমারি এডুকেশানকে আমরা অন্তর্ভুক্ত করেছি, এটা হচ্ছে আমাদের সংশোধনী। আর একটা <sup>হচ্ছে</sup>, মহিলাদের যে প্রতিনিধিত্ব, এখানে আমাদের রাজ্য পর্যদে সেটা বাড়াবার সুবিধা রেখেছি, <sup>আর</sup>

ু বিনাশের সুবিধা ছিল সেটায় কে আগে হবে বা পরে হবে সেটা একটা স্থির রেখেছি, র একটা হচ্ছে ষ্টেট বোর্ড তারা হিসাব-পত্র রাখবে, রিজার্ভ ব্যাঙ্ক যেটা বলেছে, আমরা  $_{133}$  সংশোধন রেখেছি শুধু রিজার্ভ ব্যাঙ্ক নয় ষ্টেট ব্যাঙ্ক তারাও রাখতে পারবে। মাননীয় স্যদের আমি বলতে চাই, একটা শুরুত্বপূর্ণ সংশোধনী আমি এনেছি, সেটা হচ্ছে আমাদের টু পর্যায় আছে। প্রাথমিক শিক্ষার আইন অনুসারে একটা হচ্ছে রাজ্যে ৯০ সালের পরে ; বোর্ড করেছি। আমাদের কাউন্সিল বোর্ড বা স্কুল বোর্ড আগে থেকেই চালু ছিল।

[2-25-2-35 p.m.]

স্কল বোর্ডগুলি যা ছিল তা আপনারা জানেন। আগের স্কুল বোর্ড যা চাল ছিল সেইসব াগায় সরকার তার প্রেসিডেন্ট করতেন। এই আইনে আছে য়ে নমিনেটেড বা নির্বাচিতদের ্য থেকে প্রেসিডেন্ট হবে। সরকার এখানে কিন্তু নিয়োগ করে যাচ্ছেন। মধ্যশিক্ষা পর্যদ ার সেকেন্ডারি কাউন্সিলে যে পদ্ধতি আছে সেই অনুযায়ী বাকি সবই হবে। নির্বাচিত বা নেটেড যে পদ্ধতি আছে, সেই পদ্ধতিতে হবে। যেমন, মধ্যশিক্ষা পর্যদ বা কাউসিলে আছে া সঙ্গে সংগতি রেখে আমি এখানে এই সংশোধনীর প্রস্তাব করেছি। ষ্টেট গভর্নমেন্ট ানে শুধমাত্র প্রেসিডেন্টকে এ্যাপয়েন্ট করবেন। কিছদিন আগে ৫ বছরের মধ্যশিক্ষা পর্যদের পারে বলেছিলাম সংশোধন করতে। অর্থাৎ হায়ার সেকেন্ডারি কাউন্সিল, মধ্যশিক্ষা পর্যদে ন আছে ঠিক তেমনি প্রাথমিক শিক্ষা পরিষদ এবং সংসদে প্রেসিডেন্ট নিয়োগ করবেন কার। ৭৩ সালে যে আইন করা হয়েছিল তারপর প্রাথমিক শিক্ষার গুরুত্ব যেভাবে ড়ছে এটা থাকবে কিনা জানি না। সেখানে ডিসেন্ট্রালাইজড ম্যানেজমেন্ট বলতে যা বলছেন যদি চলে যায় তাহলে উপায় কি হবে জানি না, সেসব আলোচনা করতে হবে। বোর্ড কাউদিলে যা আছে যে টু বি এ্যাপয়েন্টেড বাই দি ষ্টেট গভর্নমেন্ট, সেখানে নির্বাচিতদের গরে যোগ্য থাকলে তিনি হতে পারেন। এখন একজিকিউটিভ পাওয়ার আছে প্রেসিডেন্টের। শন, গ্রাচুইটি, ডাই ইন হারনেস ইত্যাদি ব্যাপারে এর গুরুত্ব অনেক বেডে গিয়েছে। <sup>1পর</sup> প্রতি মাসে স্যালারির প্রশ্নটা আছে। তাছাড়া প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে দেখছেন যে <sup>ার</sup> হাজার মামলা হচ্ছে, সেগুলি কন্ট্রোল করার ব্যাপারে আছে। এই ধরণের একটি <sup>1911</sup> যদি অচল হয়ে যায় তাহলে লক্ষ লক্ষ কোটি কোটি টাকার প্রশ্ন যেমন থাকছে <sup>ানি</sup> হাজার **হাজার শিক্ষকদের ব্যাপারও জডিত থাকছে। এইস**ব কথা বিবেচনা করে <sup>শিকা</sup> পর্যদ এবং কাউন্সিলের মতন সরকার এখানে এই সিদ্ধান্ত নিয়েছেন। আশা করি <sup>ানীয়</sup> সদস্যগণ একে সমর্থন করে তাদের মতামত দেবেন যাতে ভবিযাতে সেইদিকে <sup>কার</sup> অগ্রসর **হতে পারেন। এই বলে সকলকে ধন্যবাদ জানি**য়ে শেষ করছি।

Mr. Speaker: There is an amendment to Motion given by Shri njib Kumar Das. The Motion is in order and I now request Shri Das move his motion.

Shri Sanjib Kumar Das: Sir, I beg to move that the Bill circulated for the purpose of eliciting opinion thereon by the 31st D cember. 1994. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার মোশান মুভ করছি। স্যার, মার্ক্র মন্ত্ৰী মহাশয় আজকে এই হাউসে যে The West Bengal Primary Education (Amen ment) Bill. 1994. এনেছেন তার তীব্র প্রতিবাদ করছি এবং বিরোধিতা করছি। সঙ্গে স গণতন্ত্রের স্বার্থে শিক্ষার ক্ষেত্রে গণতান্ত্রিক পরিবেশ তৈরির স্বার্থে এবং যখন যে শাসকঃ ক্ষমতায় আসবেন তাদের নগ্ন রাজনীতির প্রয়াসকে বাধা দানের জন্যই হাউসের সমস্ত সদস্য কাছে এই বিলকে বিরোধিতা করার জন্য আহান জানাচ্ছি। সঙ্গে সঙ্গে মাননীয় মন্ত্রী মহাশ্য কাছে আবেদন করছি, এই বিলটা আপনি ফর পাবলিক ওপিনিয়ান ডিসেম্বর পর্যন্ত হার্চ রাখন এবং পাবলিক ওপিনিয়ান গ্রহণ করুন। স্যার, ৭৩-এর অ্যাক্টে ৯(২) এতে व হয়েছে "The president and the Vice-president shall be elected by th members of the Board from among themselves." Similarly in 44(2) it is said, "A District Primary Council has a Chairman and a Vice-chairma who shall be elected by the members of the Council from among themselves." কিন্তু আপনারা ১৭ বছর ক্ষমতায় থাকার পর আজকে বলছেন যে Th President of the Board is to be appointed by the state Government and also the Chairman of the District Council is to be appointed by the State Government, আমি আপনাকে পরিষ্কার ভাষায় বলতে চাই যে ১৯৭৩ সালে এাষ্ট্র চালু হবার পর তৎকালীন সরকার কোনও ইলেকসান করেন নি। বামফ্রন্ট সরকা মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ইলেকসান করবেন। এবং গণতন্ত্রের স্বার্থে শিক্ষা গণতন্ত্রীকরণ করবো, আমি বামফ্রন্ট সরকারের সমস্ত সদস্যদের এবং মাননীয় মন্ত্রীকে অনুরো করবো ১৯৭৭ সালের বামফ্রন্টের যে ইলেকশন মেনিফেস্টো ছিল, সেটা একট পড়ে দেখনে বামফ্রন্টের মেনিফেস্টোতে বলা হয়েছে, The Left Front will seek to implement the following programme. ওয়ান, টু থ্রী করে করে ২৮(সি)তে বলছেন "Enactment of a new comprehensive primary education Act with provision for democratically elected school boards with adequate representation for teachers" আপনি মানুষের কাছে বললেন যে তোমরা লেফট ফ্রন্টকে ভোট দাও, আমরা এই <sup>কাছ</sup> করবো, তার মধ্যে বললেন যে আমরা ডেমোক্রাটিক্যালি ইলেকটেড স্কুল বোর্ড করবো <sup>১৭</sup> বছর ক্ষমতায় থাকার পর আপনাকে এখানে দাঁড়িয়ে হাত জ্বোড করে বলা উচিত ছিল আমাকে ক্ষমা করুন, আমরা ইলেকশন করতে পারিনি, তার পরিবর্তে আপনি র্ট্টে গণতন্ত্রীকরণের আশা ছিল, সেই গণতন্ত্রের বুকে শেষ পেরেকটা পুঁতে দেবার জন্য <sup>আজ কে</sup> এই বিল এনেছেন। ঝুড়ি থেকে বামফ্রন্টের আসল বেড়াল বেরিয়ে পডেছে। বামফ্রন্ট সরকা শিক্ষা ক্ষেত্রে কি চায়, কিভাবে একনায়কতন্ত্র প্রতিষ্ঠা করতে চায় এবং ভাবে শিক্ষা প্র<sup>তিষ্ঠা</sup> রাজনীতির অনুপ্রবেশ ঘটাতে চায়, তাদের রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্য <sup>এই বিল</sup> এনেছেন। দেশের মানুষ যদি আজকে আপনাকে বলে আপনি আমাদের সঙ্গে প্র<sup>তারণা</sup>

ক্রবলেন, আপনি প্রতারক, তাহলে আপনি কি উত্তর দেবেন আমার জানা নেই। তাই বলছি. ্র উদ্দেশ্য নিয়ে লেফ্ট ফ্রন্ট সরকার জনগণকে প্রতিশ্রুতি দিয়েছিলেন. তাদের আপনি পূতাবণা করলেন, বাংলার মানুষকে প্রতারণা করলেন। এই বিলকে যদি আমরা সমর্থন করি <sub>কাহলে</sub> ইতিহাসে আমরা প্রতারক হিসাবে চিহ্নিত হবো। তাই এই বিলের বিরুদ্ধে আমি তীর <sub>পতিবাদ</sub> জানাচ্ছি এবং বিরোধিতা করছি। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি. আপনি এখানে বলছেন, যারা কাউন্সিলের মেম্বার হবেন, বোর্ডের মেম্বার হবেন, তাদের ইলেকশন করবেন, কিন্তু প্রেসিডেন্ট ইলেকশন করবেন না, গভর্নমেন্ট নমিনেট করবে। আমি তাঁকে বলি. ্র্যান যদি ঘটনা ঘটে ভারতবর্ষের সংবিধান সংশোধন করে কেন্দ্রীয় সরকার যদি বলে ্যাপিরা ইলেকশনের মধ্যে দিয়ে নির্বাচিত হবেন কিন্তু প্রধান মন্ত্রী ঠিক করে দেবেন পার্টি থোক যিনি ইলেকশনের মাধ্যমে আসেননি। আবার কোনদিন আপনি যদি বলেন যে ন্ম এল.এ.রা নির্বাচনের মাধ্যমে আসবে আর আলিমন্দিন স্টীট থেকে কোনও একজন সোনার টকরো ছেলেকে মুখ্যমন্ত্রী করে দেবেন, তাহলে আপনি তার বিরোধিতা করবেন কি করবেন ্যা এটা জানতে চাই। আপনি সেকশন টেনকে উচ্ছেদ করে দিয়েছেন, সেকশন ফর্টি ফাইভকে উচ্ছেদ করে দিয়েছেন, এখানে বলছেন Section 10 of the Principal act shall be omitted. আবার বলছেন, Section 45 of the Principal act shall be omitted. আমি জিজ্ঞাসা করছি সেকশন টেন এবং ফটি ফাইভ এ কি ছিল, তা আপনি অবগত আছেন। এতে বলা আছে কিভাবে রিমভ্যাল হবে. প্রেসিডেন্ট নির্বাচিত হলে তাকে কিভাবে রিম্ভ করা হবে। ডিস্টিক্ট কাউপিলের চেয়ারম্যানকে কিভাবে রিম্ভ করা হবে এই সেকশন ফর্টি ফাইভে তার উল্লেখ আছে।

# [2-35—2-45 p.m.]

এই বিলের কোথাও কি এমন একটা কথা লেখা হয়েছে যে, প্রেসিডেন্টকে অপসারণের একটা অন্য পথ খুলে দেওয়া হচ্ছে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের রাষ্ট্রপতিকে অপসারণ করারও একটা পথ আছে, ভারতবর্ষের প্রধানমন্ত্রীকে অপসারণ করারও একটা পথ আছে। এমন কি পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রীকে অপসারণ করার একটা সাংবিধানিক পথ আছে। এমন কি এই সভার মাননীয় স্পিকারকে অপসারণ করারও একটা পথ আছে। কিন্তু মন্ত্রী মহাশয় এখানে এমন বিলই এনেছেন—বোর্ডের যিনি প্রেসিডেন্ট হবেন তাঁকে কেউ কোনও দিন অপসারণ করতে পারবে না। ডিষ্ট্রিক কাউন্সিলের যিনি চেয়ারম্যান হবেন, তাঁকে কেউ কোনও দিন অপসারণ করতে পারবেন না। এর থেকে অগণতান্ত্রিক মনোভাব, অগণতান্ত্রিক পদ্ধতি পৃথিবীর আর কোনও গণতান্ত্রিক কাঠামোতে আছে? মাননীয় মন্ত্রী মহাশয়, বোর্ডের প্রেসিডেন্ট যদি অন্যায় করেন, আপনি পারবেন না। তাঁকে রিমুভ করতে, আপনারও সেই অধিকার নেই। আপনি এই বিলের সেকসন ১০ এবং সেকসন ৪৫-তে বলে দিচ্ছেন মেম্বার <sup>থারাই</sup> হোন না কেন, প্রেসিডেন্টকে গভর্নমেন্ট মনোনীত করবে বা নিয়োগ করবে—এ্যাপয়েন্টমেন্ট বাই দি গভর্নমেন্ট অফ ওয়েন্ট বেঙ্গল। অর্থাৎ বর্তমানে এটা কি হবে, না এ্যাপয়েন্টমেন্ট বাই

দি সিপিএম পার্টি। এটাই হচ্ছে আমাদের বাস্তব অভিজ্ঞতা। কাউপিলের সদস্যরা চেয়াক্র নির্বাচিত করবেন না. পলিটবরো থেকে চেয়ারম্যান নিয়োগ করা হবে। যেখানে মখামন্ত্রী 🧀 সরান যায় সেখানে বোর্ডের প্রেসিডেন্ট এবং কাউপিলের চেয়ারম্যানকে সরান যাবে না বিধান আপনি কোথা থেকে পেলেন তা দয়া করে আমাদের বললে আমরা খশি হব। যুক্তি দেখাচ্ছেন কিনা, অনেক লিটিগেশন আসবে, অতএব সরকারের দ্বারা নমিটেড ক্র দাও। আপনি একথাও বলেননি যে, নির্বাচিত সদস্যদের মধ্যে থেকেই—এ।।মান্ত দেমসেলভস—প্রেসিডেন্ট নির্বাচিত হবেন। বিভিন্ন কনস্টিটিউরোপী থেকে, বিভিন্ন বিভাগ থেক বিভিন্ন কাটেগোরি থেকে যাঁরা নির্বাচিত হয়ে আসবেন তাঁদের বাদ দিয়ে আপনি বাইরের চ কোনও একজনকে প্রেসিডেন্ট করে দেবেন। এই প্রেসিডেন্ট কার কাছে দায়বদ্ধ থাককে। তিনি কি মেম্বারদের কাছে দায়বদ্ধ থাকবেন, মেম্বারদের কথা শুনবেন। তিনি তো জাল পার্টি অফিস থেকে চার পাঁচ জন আমাকে এখানে পাঠিয়েছেন, অতএব আমি শুধ ঠাল কাছে দায়-বন্ধ। আমি মেম্বারদের কাছে দায়-বন্ধ নই, এমন কি যেহেত আমি ইলেকশান মাধ্যমে আসি নি সেহেত আমি জনগণের কাছেও দায়বদ্ধ নই। তাঁর একমাত্র দায়-বন্ধ সিপিএম পার্টির কাছে। এবং যখন যে পার্টি ক্ষমতায় থাকবে তখন সেই পার্টির কাছে 📧 বন্ধতা থাকবে। মাননীয় মন্ত্রী মহাশয়, প্রকৃত দায়-বন্ধতা যে নেই তার একটা উদাহরণ আহ আপনার সামনে রাখছি—গত ২৫শে মার্চ মাধ্যমিক অন্ধ পরীক্ষা নিয়ে কেলেন্ডারী হল এর ২৫শে মার্চ রাত্রিতেই ঘোষিত হল যে আবার পরীক্ষা হবে। বোর্ডের মিটিং-এ এবিষয়ে কোনও আলোচনা না করেই সিদ্ধান্ত ঘোষিত হয়ে গেল। ২৪-পরগণা, দার্জিলিং, হাওছ, ছগলি, মেদিনীপুর প্রভৃতি জেলার যে সমস্ত প্রতিনিধিরা বোর্ডে আছেন প্রেসিডেন্ট তাঁনে কাউকে কিছ জিজ্ঞাসা করলেন না। পার্টি অফিস থেকে ফোন গেল আবার পরীক্ষা নেক্য জনা, প্রেসিডেন্ট তাই করতে বাধা হলেন। মাধ্যমিক শিক্ষা পর্যদের সভাপতি বাধ্য হলে পরীক্ষার ডেট চেঞ্জ করতে। কিন্তু তিনি যদি ইলেকশনের মাধ্যমে আসতেন তাহলে মেঘারতে কাছে দায়-বদ্ধ থাকেন। তাহলে তিনি মেম্বারদের জিজ্ঞাসা করতেন—আমি কি করব, <sup>এই</sup> পরিষ্টিতিতে আমার কি করা উচিত? স্যার, আপনি জানেন আজকে বোর্ডের নির্বাচিত মেঘুরা সবাই ক্ষোভ প্রকাশ করছেন। তাঁরা প্রেসিডেন্টকে বলছেন, আপনি আমাদের একবার জি<sup>ন্তান</sup> করলেন না, তাহলে আমাদের নির্বাচিত করে এখানে আনা হয়েছেন কেন? আপনারা মান্<sup>রের</sup> কাছে বলছেন, আমরা মাধ্যমিক শিক্ষা পর্যদের নির্বাচনের ব্যবস্থা করেছি। এই এার্টের <sup>মর্বো</sup> দিয়ে আপনারা নির্বাচিত প্রতিনিধিদের কি ক্ষমতা দিচ্ছেন? প্রেসিডেন্ট অফ দি বোর্ড <sup>হি</sup> কোনও সদস্যের কাছে কোনও ভাবে দায়-বদ্ধ? তিনি কেবল মাত্র পার্টি অফিসের ফোটি নির্দেশে বোর্ড পরিচালনা করছেন, সিদ্ধান্ত নিতে বাধ্য হচ্ছেন। তার ফল ভোগ করতে হচ্ছি সাড়ে চার লক্ষের ওপর ছাত্র-ছাত্রীকে, প্রায় পাঁচ লক্ষ ছাত্র-ছাত্রী এবং তাদের ১০ <sup>লভ</sup> অভিভাবক, অভিভাবিকাকে। আজকে কাউন্সিলগুলির চেয়ারম্যানদের দুর্নীতির ব্যাপা<sup>রে আপনি</sup> অবগত নন কিম্বা অবগত আছেন কিনা জানি না। হাওড়া জেলার প্রাইমারি স্কুলের <sup>কাউর্নিন</sup> প্রাইমারি টিচার এ্যাপয়েন্টমেন্ট করেছেন। আমি দায়িত্ব নিয়ে বলছি. আপনি এ<sup>কদিন এই</sup>

হাউসে সময় দিতে পারবেন, আমি আপনাকে জানাবো কিভাবে দর্নীতি হয়েছে। আপনার ক্রিশ্চয়ই স্মরণে আছে এবং আপনি নিশ্চয়ই জেনে গেছেন, মেদিনীপুর জেলার প্রাইমারি কাউদিল যাদের এপেয়েন্টমেন্ট দিয়েছিল হাইকোর্ট তাদের সমস্ত এপেয়েন্টমেন্ট বাতিল করে দিয়েছে। হাওড়া জেলার প্রাইমারি কাউন্সিলর দুর্নীতি পাহাড়-প্রমাণ। যে ছেলেটি ইন্টারভিউ পায়নি এবং ইন্টারভিউ পাওয়ার কথাও নয়, সেই ছেলেটি এপয়েন্টমেন্ট পেয়েছে। আপনি কি তাদের প্রাইজ দেবার জন্য এই আইন এনেছেন? সেই কাউপিলের চেয়ারম্যানকে সরিয়ে দেবার পথ পর্যন্ত আপনি রাখেন নি এবং খোঁজও রাখেন না। যার ইন্টারভিউ পাবার কথা নয় ইন্টারভিউ পায়নি এমন একজন ক্যান্ডিডেটকে হাওডা জেলার প্রাইমারি কাউপিল এপেয়েন্টমেন্ট দিয়েছেন, আমি এই ব্যাপারে মেনশন করেছি এবং মিঃ স্পিকারের কাছে তা জুমা দিয়েছি। এখন আপনাকে দুর্নীতির কথা বলতে গেলে ২০ পষ্ঠার দুর্নীতির কথা বলতে হয় এবং এ ব্যাপারে আমার কাছে ফাইল আছে। আমি আর একটি দুর্নীতির কথা বলি ছেলেটির নাম হরেকৃষ্ণ বেরা। ডিউরিং ইন্টারভিউ পিরিওড হি ক্যান নট প্রোডিউসড হিজ মার্কশিট। মার্কশিট পর্যন্ত জাল। হাওড়া জেলার কাউপিলরে চেয়ারম্যানের কাছে থেকে আপনি এ ব্যাপারে জেনে নেবেন। তার বার্থ রেজিস্টার কোথায়? কোথায় মার্কশিটের কপি? তবুও সে এপেয়েন্টমেন্ট পেয়েছে। সেই কাউন্সিলের চেয়ারম্যান তবুও বহাল তবিয়তে আছে। আপনি আইন করে বেঁধে দেবেন কাউন্সিলের চেয়ারম্যান, বোর্ডের প্রেসিডেন্ট-এর এ্যপয়েন্টমেন্ট সরকার করবেন, মেম্বারদের কোনও দায়ি-দায়িত্ব থাকবে না-তাহলে অবস্থাটা কি হবে? দয়া করে ভেবে দেখবেন। আমি আপনাকে বলি, ডঃ অশোক মিত্র কমিশনের পৃষ্ঠা ২০৪, আর্টিকেল ১১.৩ টা দেখন, তাতে একটি জায়গায় বলছে, "The District Primary Education Council which for various reasons has till now had a relatively passive existence." একথা অশোক মিত্র কমিশন বলছেন। ডঃ অশোক মিত্র কমিশনের এই রিপোর্ট পড়ার পরেও আপনি এবসোলিউট ক্ষমতা দিচ্ছেন। এখানে কাউন্সিলেরইলেকশন করেন নি। আপনারা মানুষের কাছে দায়-বদ্ধ ছিলেন। তা সত্ত্বেও করেননি। নতুন করে যেখানে ডঃ অশোক মিত্র কমিশন এই কথা বলছেন রিলেটিভলি প্যাসিভ একজিসটেন্স, আপনি সাংবিধানিক ক্ষমতা দিচ্ছেন যা খুশি করো, কারো কিছু বলার নেই। স্বাধীন দেশের স্বাধীন নাগরিক শুধু নয়, যা খশি তাই করে যাবে তার বিরুদ্ধে বলার কোনও অধিকার থাকবে না। এ এক ঐতিহাসিক বিল এনেছেন। আপনি খাঁট-নাটি ব্যাপার বললেন এবং এ আর এমন কি ব্যাপার আছে। কিন্তু আমি বলছি, আপনি যে ঐতিহাসিক সিদ্ধান্ত নিচ্ছেন—আপনাকে বলে রাখি—পরের জেনারেশন ক্ষমা করবে না। রাজনৈতিক আবর্তনে যখন চাকা ঘুরে যাবে তখন ঐ সি.পি.এমের ক্যাডাররা আপনাকে ক্ষমা করবে না আপনি এ্যবসোলিউট ক্ষমতা দিয়ে দিলেন। আপনার মনোনীত ক্যান্ডিডেট যখন প্রধান হয় সেই প্রধান ইলেকটেড হবেন না। এইরকম বিল আনতে আপনি সাহস পেয়েছেন কোথায়? এটা কি গণতদ্রের নমুনা? এর পরে আপনি বলেছেন, আমি কোনও ভাইস প্রেসিডেন্ট রাখবো না, ভাইস চেয়ারম্যান রাখবো না। আপনি এই লাইনটা দেখুন, 8(a)—in section 11 of the principal Act,- "If

the president dies or resigns his office or ceases to hold office or is, by reason of leave, illness or other cause, temporarily unable to exercise the powers or perform the duties of his office, the Secretary to the Board shall forthwith send a report to the State Government in this behalf."

[2-45-2-55 p.m.]

তারপর আবার এ্যাপয়েন্টমেন্ট হবে। তাহলে আমি আপনাকে বলি প্রেসিডেন্ট যদি রিজাইন করে আপনি বলছেন, The Secretary to the Board shall forthwith send a report to the State Government in this behalf. এই রিপোর্ট পাওয়ার পরে তারপর আবার একটা এ্যাপয়েন্টমেন্ট দেবেন। কিন্তু এই যে গ্যাপ পিরিয়ড এটাতে কি হবেং দয়া করে একটা কথাও বলেন নি যে চালাবে কিং এই কথা বলেন নি। আপনার বলার মধ্যে একটা স্পিরিট আছে। এইসব করতে গেলে কেসের মধ্যে জড়িয়ে যাবেন। এসব দেখে মনে হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রী কোনও দিন না বলে বসেন যে নির্বাচনের দরকার নেই, কেস হতে পারে, আমি যেমন মুখ্যমন্ত্রী আছি সেই রকম থাকি, আর তোমরা যেমন বিরোধী হয়ে আছ সেই রকম থাক। আমি আপনাকে বলি আপনি ভাইস প্রেসিডেন্টের পদ তুলে দিছেন আর একটি কথা আমার জানতে ইচ্ছা করছে, সরিক দল যখন জানতে চেয়ে বসবেন কেন ভাইস প্রেসিডেন্টের পদ তুলে দিছেন, আপনার কাছে জানতে চাইবে তখন এই বিলে কোথাও তা পরিষ্কার করে লেখা নেই। সরিক দলকে পাত্রা না দেওয়ার জন্য এই বিলে গণতন্ত্রকে হত্যা করার যে পরিকল্পনা করেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি এবং আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Sanjib Kumar Das that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1994 was then put and a division taken with the following results:

#### NOES

Abdul Haque, Shri
Abdur Razzak Molla, Shri
Acharya, Shri Prabhat
Adhikari, Shri Nityananda
Anisur Rahman, Shri
Bagdi, Shri Bijoy
Bal, Shri Saktiprasad

Barman, Shri Jogesh Chandra

Biswas, Shri Benay Krishna

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Kamalakshi

Bouri, Shri Angad

Bouri, Shri Haradhan

Chakraborty, Shrimati Tania

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhya, Shrimati Sandhya

Chatterjee, Shrimati Santi

Chatterjee, Shri Tarun

Chowdhury, Shri Bikash

Chowdhury, Shri Sibendra Narayan

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Ananda Gopal

Das, Shri Paresh Nath

Das. Shri S. R.

Das, Shri Trilochan

DasGupta, Shrimati Arati

Das, Gupta Shri Asim Kumar

Das Mahapatra, Shri Kamakshyanandan

Deb, Shri Goutam

Deb, Shri Rabin

Jeb, Shri Saral

)ey, Shri Lakshmi Kanta

e, Shri Partha

)har, Shri Padmanidhi

[6th April.

Ganguly, Shri Shanti

Gayen, Shri Nripen

Ghatak, Shri Santi Ranjan

Ghosh, Shri Kamakhya Charan

Goswami, Shri Kshiti

Goswami, Shri Subhas

Halder, Shri Krishna Chandra

Hembram, Shrimati Arati

Jana, Shri Manindra Nath

Kar. Shri Nani

Let, Shri Dhiren

Mahato, Shri Satya Ranjan

Mahata, Shri Kamala Kanta

Majhi, Shri Bhandu

Majhi, Shri Raicharan

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Rabindra Nath

Mondal, Shri Manik Chandra

Mazumdar, Shri Dilip Kumar

Md. Ansaruddin, Shri

Misra, Shri Surya Kanta

Mistry, Shri Bimal

Mitra, Shri Biswanath

Moitra, Shri Birendra Kumar

Mostafa Binquasem, Shri

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Nirmal

Murmu, Shri Sarkar

Nanda, Shri Brahmamoy

Naskar, Shri Subhas

Naskar, Shri Sundar

Nath, Shri Madanmohan

Pramanik, Shri Sudhir

Ray, Shri Achintya Krishna

Ray, Shri Dwijendra Nath

Saha, Shri Kripa Sindhu

Sanyal, Shri Kamalendu

Sarkar, Shri Sisir Kumar

Shish Mohammad, Shri

Sinha, Shri Prabodh Chandra

Tirkey, Shri Monohar

Toppo, Shri Salib

### **AYES**

Abdul Mannan, Shri

Chattopadhyay, Shri Shovan Deb

Das, Shri Sailaja Kumar

Das, Shri Sanjib Kumar

Dey, Shri Ajoy

Gyan Singh Sohanpal, Shri

Hansda, Shri Naran

Lahiri, Shri Jatu

Maity, Shri Mukul Bikash

Mitra, Shrimati Sabitri

Mitra, Shri Somendra Nath

Nasiruddin Khan, Shri

Nurul Islam Chowdhury, Shri

Ouazi Abdul Gaffar, Shri

Roy, Shri Saugata

Rubi Nur. Shrimati

Seth, Shri Bhupendra Nath

Sinha, Shri Atish Chandra

Zainal Abedin, Dr.

Abst :--

Sarkar, Shri Deba Prasad.

Ayes being 19 and Noes 79 the motion was lost.

**ত্রী দেবপ্রসাদ সরকার : মাননী**য় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী যে দি ওয়েষ্ট বেঙ্গল প্রাইমারী এডকেশন (এ্যামেন্ডমেন্ট) বিল ১৯৯৪ এনেছেন আমি এই বিলের তীব্র বিরোধিতা করছি, কারণ এই বিলে বামফ্রন্ট সরকারের শিক্ষার ক্ষেত্রে যে অগণতাদ্রিক দষ্টিভঙ্গী সেই দষ্টিভঙ্গী অত্যন্ত নগ্নভাবে প্রতিফলিত হয়েছে। আমার পূর্ববর্তী বক্তা বলেছেন এবং আমিও বলছি যে, এরা জনগণের কাছে একটা কমপ্রিহেন্সিভ বিল আনবেন বলে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে প্রাইমারি এ্যাক্ট করবেন বলে যা বলেছিলেন আজকে ১৭ বছর ক্ষমতায় থাকার পর আজ পর্যন্ত সেটা করেননি এবং আইনের ভিত্তিত কোথায়ও ইলেকশন করেননি, সর্বত্র নোমিনেটেড বোর্ড নোমিনেটেড কাউন্সিল, নোমিনেটেড বডি, এ্যাডভাইসারী কমিটি করে আপনাদের দলের প্রতি যাদের আনুগত্য আছে এইরক্ম লোকদের নিয়ে অন্যান্য ক্ষেত্রের মত প্রাইমারি শিক্ষাকেও পরিচালনা করছেন। দীর্ঘদিন ধরে যেহেতু এই নিয়ে সমালোচনা হচ্ছে সেহেতু হয়ত ভবিষ্যতে নির্বাচন করতে হবে, কিউ আইনে যে প্রতিশন আছে সেই প্রতিশনে তারা সম্ভুষ্ট নন। এখানে আইনের যে এ্যামেড্রেট এনেছেন এতে একটু গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গী নিলেই বোর্ডের মধ্যে, কাউন্সিলের মধ্যে <sup>শিক্ষক</sup> প্রতিনিধিত্ব বৃদ্ধি পাবে এবং নির্বাচিত প্রতিনিধিরা আসবেন এটা দেখা যাবে। নোমিনেটেড মেম্বার এবং এক্স-অফিসিও মেম্বারদের সংখ্যা যাতে কম করা যায় সেটা দেখতে হবে <sup>বলেই</sup> এটা বলছি।

[2-55--3-05 p.m.]

এখানে নমিনেটেড মেম্বারের সংখ্যা যেটা ষ্টেট গভর্নমেন্ট নোমিনেটড করবেন, সেঁটা যেখানে ১৩ জন ছিল সেটাকে বাড়িয়ে ১৭ জন করা হয়েছে। ক্লজ ৩, সাবক্লজ জে(১) ফর দি ওয়ার্ডস ১৩ পারসম্স দি ওয়ার্ডস ১৭ স্যাল বি সাবস্টিটিউটেড। অর্থাৎ নমিনেটেড

মেম্বারের সংখ্যাটা আরও বাড়িয়ে দিয়েছেন এবং সবচেয়ে মারাত্মক হচ্ছে যে প্রেসিডেন্ট অথবা ন্যারম্যান অর্থাৎ বোর্ডের প্রেসিডেন্ট এবং কাউন্সিলের চেয়ারম্যান, যারা নাকি একজিষ্টিং ্রান্টের মেম্বার অব দি বোর্ড, ফ্রম এ্যামাংষ্ট দেম, তারা প্রেসিডেন্ট ইলেক্ট করবেন, এই প্রতিশন রয়েছে। সেই রকম চেয়ারম্যান, Members of the council from amongst the members of the council chairman. ইলেক্ট করবেন। এটাতেও উনি নিশ্চিম হতে পারছেন না। ফলে এখানে সরকারের মনোনীত ব্যক্তিকে এাাপয়েন্টমেন্ট দিতে হবে। President is to be appointed by the State Government and the Chairman is also to be appointed by the State Government. গণতন্ত্রের প্রতি কি আস্থা, কি মর্যাদা! যদি কোনদিন নির্বাচন হয় বোর্ড, কাউন্সিলের এগুলি কার্যত পুরোপুরি সরকারের কক্ষিগত একটা প্রতিষ্ঠান হিসাবে পরিচালিত হবে। এখন নমিনেটেড কাউন্সিল, নমিনেটেড বোর্ডগুলি যে ভাবে চলছে, সেখানে প্রেসিডেন্ট বা চেয়ারম্যানরাই প্রাকটিক্যাল অল<sup>\*</sup>পাওয়ারযুল। তাদের সরানোর ব্যাপারে, তাদের বিরুদ্ধে কোনও বিষয়ে যদি একটা বিরোধ হয়, সমস্ত দিক থেকে সরকারের ইচ্ছা মত প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে পরিচালনার ক্ষেত্রে একেবারে সমস্ত ক্ষমতাটাকে তারা কৃক্ষিগত করতে চাইছেন। ইতিমধ্যেই এই যে নমিনেটেড কাউপিল, নমিনেটেড বোর্ডগুলি চলছে, সেখানে চূড়ান্তভাবে দলবাজি, দুর্নীতি, বে-আইনীভাবে শিক্ষক নিয়োগ থেকে শুরু করে সরকারি অর্থের অপচয় ইত্যাদি এই সব জিনিস চলছে। আমি আগেও বিধান সভায় দাঁড়িয়ে এই অভিযোগ করেছিলাম যে কুচবিহারে যে কাউপিল, কুচবিহার জেলাপরিষদ, তার চেয়ারম্যান কিভাবে টাকা অপচয় করছে, টিচারদের টাকা ডাইভার্ট করে সেখানে প্রাথমিক শিক্ষা সংসদ তাদের ভবন উদ্বোধন করেছে ১৭ লক্ষ টাকা খরচ করে। এইভাবে টিচারদের টাকা ডাইভার্ট হয়ে যাচ্ছে। সেখানে গভর্নমেন্ট-এর এমবার্গো রয়েছে, যে সমস্ত বিধি-নিযেধগুলি আছে, সেদিকে নজর দেবার কোনও ব্যবস্থা নেই এবং সেই কাউন্সিলের চেয়ারম্যানের টি.এ. <sup>খরচ</sup> হচ্ছে মা**ছলি ১০ হাজার টাকা। এসব জিনিস ভাবা যায়।** তার গাড়ির খরচ এবং তিনি নাকি মাঝে মাঝে প্লেনে যাতায়াত করেন, এইভাবে টাকা অপচয় হচ্ছে। এগুলি দেখার কোনও ব্যবস্থা নেই, লাগে টাকা দেবে গৌরী সেন, কারও কাছে দায়বদ্ধতা নেই, জবাব দেবার প্রয়োজনীয়তা নেই। ফলে নমিনেটেড বোর্ড নমিনেটেড কাউপিল দিয়ে শিক্ষা ব্যবস্থার যদৃচ্ছভাবে দলীয় স্বার্থে ব্যবহার করা হচ্ছে এবং ভবিষ্যতে যদি নির্বাচন করতে হয় তাহলে সেখানে এই ব্যবস্থা যাতে পাকাপাকি ভাবে বহাল থাকে তার ব্যবস্থা করা হয়েছে। ফলে প্রেসিডেন্ট এবং চেয়ারম্যান এইসব যে ইলেকশান প্রভিশান আছে, সেণ্ডলিকে রাখা হবে না, <sup>সেখানে</sup> স্টেট গর্ভর্নমেন্ট সরাসরি এ্যাপয়েন্টমেন্ট দেবে। কাজেই এই যে অগণতান্ত্রিক এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে. আমি এর তীব্র প্রতিবাদ এবং বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শিশির কুমার সরকার ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী প্রাথমিক এ্যামেন্ডমেন্ট বিল ৯৪ যেটা এখানে পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। কেন সমর্থন করছি সেটা আমি বলছি। এতে ডেমোক্রেসী আছে কি না সেটা দেখাবার জন্য আমি বক্তব্য রাখছি। আমার আগে দু-জন মাননীয় সদস্য তাঁদের

বক্তব্য রাখলেন। তাঁদের বক্তব্য শুনে মনে হল তাঁরা বিলের মধ্যে প্রবেশ করেন নি। কতকণ্ডলি প্রলাপ বকে গেলেন। গ্রামে একটা কথা আছে যাকে দেখতে নারি তার চলন বাঁকা। এই রকম বক্তব্য তাঁরা রেখে গেলেন। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পর শিক্ষার ক্ষেত্রে অগ্রগতি ঘটেছে। প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা এমন একটা অবস্থায় এসেছে যেখানে শিক্ষকের সংখ্যা প্রচুর পরিমানে বেডে গেছে, আগামী দিনে অনুকুল পরিবেশ থাকলে আরও বাডবে এবং আমরা বাজেটেই লক্ষ্য করছি এই বছর আরও ৬০০ টি বিদ্যালয় হবে। যেখানে এত বেশি বিদ্যালয়, এতো সংখ্যক শিক্ষক, তাদের বেতন, তাদের পেনশান এবং তাদের গ্রাচুইটি ইত্যাদির ব্যবস্থা করতে হবে। এটা যদি সুষ্ঠভাবে পরিচালনা করতে হয় তাহলে বিলে যেভাবে প্রসাশকের ক্ষমতার কথা বলা আছে সেই রকম একজন প্রশাসকের প্রয়োজন। ওনারা বলেছেন গণতান্ত্রিক পদ্ধতি নম্ট করা হয়েছে। সদস্যের সংখ্যা কমিয়ে দেওয়া হয়েছে। কিন্তু তা তো নয়। এখানে সদস্য ১৩ জনের জায়গায় ১৭ জন করা হয়েছে এবং মহিলাদের ক্ষেত্রে ২ জনের জায়গায় ৪ জন করা হয়েছে। এখানে বোর্ডের ক্ষেত্রে প্রেসিডেন্ট হবে এবং কাউপিলের ক্ষেত্রে চেয়ারম্যান হবে। তাদের দায়-বদ্ধতা যদি সরকারের काष्ट्र ना थाक, यिन जाता निर्वािष्ठिज इन जारल कानल ना कानल गालात मतकारतत मरम भे भार्थका शल जाता शह-कार्षे हल गात। क्ल यथात भिक्रकत जाजात स्थात শিক্ষক নিয়োগ করা যাবে না. যেখানে বিদ্যালয়ের অনুমোদন সরকার সেখানে অনুমোদন দেওয়া যাবে না। অর্থাৎ সমস্ত কিছু আটকে যাবে। ২২৬ ধারা করে বসে থাকবে। তা ছাডা নির্বাচিত যিনি হবেন তিনি যদি প্রশাসক না হন তাহলেও অসবিধা হবে এবং তার বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে হাই-কোর্ট হবে। ফলে সমস্ত কাজের অসুবিধা হয়ে পড়বে। তার ফলে সারা পশ্চিমবাংলার শিক্ষককুল এবং ছাত্র-ছাত্রীদের নানা অসুবিধায় ভূগতে হবে। কিন্তু এই যে বিল আনা হয়েছে তাতে তার সরকারের কাছে দায়-বদ্ধতা থাকবে। যিনি নিয়োগ করবেন তিনি তাঁকে রিমভ করতে পারেন। কিন্তু নির্বাচিত সদস্য হলে এটা করা যাবে না। এগাপয়েন্টেড পারশন, যিনি নিয়োগ করেছেন, তিনি তার কাছে দায়বদ্ধ থাকবেন। এই শিক্ষকদের দায় ভার সরকারকে বহন করতে হয়। সূতরাং সরকারের নিযুক্ত ব্যক্তি না হলে সরকারের কাছে তার দায়-বন্ধতা থাকবে না। রাজ্য স্তর, জেলা স্তর থেকে যদি কো-অর্ডিনেশান করতে হয় তাহলে এই রকম একটা বর্ডির মাধ্যমেই করা সম্ভব। বিরোধী দলের মাননীয় সদস্য প্রশাসনিক ত্রুটি-বিচ্যুতির কথা বলেছেন। বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে এই রকম ঘটনা ঘটেছে। এই অবস্থার সৃষ্টি হয়েছে বলেই আমরা দেখতে পাচ্ছি এই সরকার সঙ্গে সঙ্গে দৃষ্টি দিয়েছেন। সেই জনা সরকার প্রশাসনিক দর্বলতা কাটাবার জন্য এই ব্যবস্থা নিয়ে চলেছে। নির্বাচিত সদস্য সভাপতি **२**(ल, সরকারের দৃষ্টি ভঙ্গীর সঙ্গে তার দৃষ্টিভঙ্গী এক না হলে যে কোনও ব্যাপারে হাই-কোর্ট হয়ে যাবে। এইভাবে চলতে থাকলে কয়েক লক্ষ ছাত্র-ছাত্রীকে হতাশায় ভূগতে হবে। এ ছাড়া সেকশান ১০/৪৫ এটা উঠিয়ে দেওয়া হয়েছে। যিনি নির্বাচিত সদস্য সভাপতি হবেন তার যদি রিমুভের প্রয়োজন হয় তখন অসুবিধায় পড়তে হবে। কিন্তু যিনি নিয়োগ করবেন তিনি তাঁকে রিমুভ করার দায়িত্বে থাকেন। কোথাও তো এটা স্থায়ী ভাবে চলতে পারে না। থাকলে মামলা হবে। এখানে তাঁরা স্থবিরোধী কথা বললেন। দ্বিতীয়ত প্রাইমারী এডুকেশানের সংজ্ঞা মন্ত্রী মহাশায় তাঁর বক্তব্যের প্রথমেই বলেছেন। প্রাইমারি এডুকেশান কি তার ব্যাখ্যা দিয়েছেন এবং প্রেসিডেন্টের পাওয়ার কি থাকবে। তা না হলে অসুবিধা হবে ভবিষ্যতে। তৃত্তর পঞ্চায়েতের মাধ্যমে শিক্ষা ব্যবস্থা দেখ-ভাল করার বিধান রয়েছে। এর পরিপ্রেক্ষিতে এই বিলের প্রয়োজন হয়ে পড়েছে। সেই জন্য এই বিল আনা হয়েছে। আমি মনে করি সাজকে যে বিল এসেছে এই বিল অত্যন্ত সময়োপোযোগী এবং পশ্চিমবাংলার ছাত্র শিক্ষক এবং শিক্ষা কর্মীদের স্বার্থের দিকে নজর রেখে এটা করা হয়েছে। একজন সুদক্ষ প্রশাসক ছাত্রা একটা সংস্থা ভাল ভাবে চলতে পারে না। নির্বাচিত প্রতিনিধি সুদক্ষ প্রশাসক নাও হতে পারে।

[3-05-3-15 p.m.]

এখানে যে নির্বাচিত প্রতিনিধির মধ্যে থেকে নিয়োগ করা যাবে না, বিলের মধ্যে সেই কথা বলা নেই। নির্বাচিত প্রতিনিধিও নিযুক্ত হতে পারেন। সেদিক থেকে এই বিলকে প্রিপূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

খ্রী সৌগত রায় ঃ স্যার, এর আগেই আমাদের মাননীয় সদস্য সঞ্জীব দাস ওয়েন্ট ফেল প্রাইমারি এড়কেশন (এ্যামেন্ডমেন্ট) বিল ১৯৯৪ এর সম্পূর্ণ বিরোধিতা করেছেন। আসলে এটি এমন একটি এ্যামেন্ডমেন্ট দেওয়া উচিত ছিল যেখানে বিলটি নাকচ হয়ে যায়। কিন্তু আপনি জানেন যে হাউসের নিয়মে আমরা নেগেটিভ এ্যামেডমেন্ট দিতে পারি না। তাই আমরা সার্কলেশানে পাঠানোর জন্য বিলটির বিরোধিতা করেছি। আমার প্রথম এবং মূল বন্ধবা হচ্ছে বিলটি অগণতান্ত্রিক। বামফ্রন্ট প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে যে অগণতান্ত্রিকতার ধার। এতদিন ধরে বহন করে এনেছে, এই বিল তাকে শক্তিশালী করে এবং এই হাউসে উল্লিখিত ংয়েছে যে ওয়ের বেঙ্গল প্রাইমারি এটে যেটি ছিল, অরিজিন্যালি এটি ১৯৭৩ সালে পাস ংরেছিল। তারপর রুলস ইত্যাদি ফ্রেমড হয়। তারপর বামফ্রন্ট ক্ষমতায় আসার আগে র্থতিজ্ঞা করেছিল যে ওরা প্রাথমিক শিক্ষার সমস্ত কিছু গণতান্ত্রিকরণ করবেন। কিন্তু এতদিন, ্টি ঠিক যে ওরা সেকেন্ডারী বোর্ডের নির্বাচন করেছেন, বিশ্ববিদ্যালয়ের সিনেট ও সিন্ডিকেটের ্রু<sup>নির্বাচন</sup> করেছেন। কিন্তু ১৭ বছর ধরে হেরে যাবেন এই ভয়ে বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গ ্রাইমারী এডুকেশন কাউপিল বা ডিষ্ট্রিক্ট এডুকেশন কাউপিলওলিতে নির্বাচন করেন নি। ওঁরা <sup>জানেন</sup> যে প্রাথমিক শিক্ষার মধ্যে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতি শক্তিশালী। তাই ওঁরা <sup>এতদিন</sup> ধরে রাস্তা বার করার চেষ্টা করেছেন যে, কোনও রাস্তায় ওঁদের মেজরিটি রাখা যায়। এই বিলটি হচ্ছে সমস্ত গণতান্ত্রিক প্রসেসকে সাবভার্ট করার জন্য। আমি চেয়ারম্যানের কথায় <sup>পরে</sup> আসছি। আপনি হয়ত দেখেছেন, অনেকের দৃষ্টি এড়িয়ে গেছে, ওরিজিন্যাল এ্যামেন্ডমেন্টর <sup>পর যৌ</sup>টা দাঁড়াল কারা দাঁড়াবে, না টুয়োলভ টীচার অব প্রাইমারী স্কুলস এ্যান্ড ফোর ফ্রম ইচ <sup>ডিভিস</sup>ন স্যাল বি ইলেকটেড প্রেসক্রাইবড ম্যানার বাই মেম্বার অব দি ক্যালকাটা প্রাইমারি '

কাউন্সিল। তাহলে ১২ জন প্রাইমারী টীচার, প্রত্যেক ডিভিসান থেকে চারজন করে যাবে তার ট টীচার যাঁরা ইলেকটেড হবেন ইন প্রেসক্রাইবড ম্যানার অব দি ক্যালকাটা প্রাইমারী কাউন্সিল। এরপর স্যার, ছিল ১৩ পারসেন্ট ইন্টারেস্টেড ইন নমিনেটেড বাই দি এডকেন্দ্র কাউন্সিল এটসেটরা। এখানে প্রথমে যেটা পরিবর্তন এসেছে, বড় পরিবর্তন, সেটা হাচ্চ নমিনেটেড কমপোনেন্টা বাডিয়ে দিয়েছেন। আমাদের চেষ্টা করা উচিত যে কোনও ইলেকশানে ক্ষেত্রে ডেমোক্রাটিক ভাবে **ইলেকশান কমপোনেন্ট**টা বাড়িয়ে দেওয়া। এখানে ওদের <sub>মন</sub> এ্যামেন্ডমেন্টটা হচ্ছে এই যে, ওরা ১৭ জনকে নমিনেটেড করবেন। এটা ওরা বলে দিয়েছেন খ্ৰি ই-তে 3(e), in section 4 of the principal Act-for the words "thirteen persons", the words "seventeen persons" shall be substituted. তার মান রাজ্য সরকার প্রাইমারী এড়কেশান কাউন্সিল আরও নিজেদের নমিনি বাড়ানোর একটা সয়েত্ করে নিলেন, এটা কেন? ঠিক একই কারণে ওরা নিশ্চিন্ত হতে চাইছেন ওদের মেজরিটি সম্পর্কে। তার কারণ প্রাইমারী এডকেশান কাউন্সিল এমনভাবে তৈরি যে এমনিতে টিচারদ্রে **এগেনস্টে এটা একটা ব্যাপার। এখানে কে কে ডিরেক্টার হবেন, ওয়েষ্ট বেঙ্গল** বোর্ড আন সেকেন্ডারী এড়কেশানের প্রেসিডেন্ট হবেন, ২ জন জুনিয়ার বেসিক ট্রেনিং টিচার হবেন, ১: জন প্রাইমারী টিচার জেলা থেকে ইলেকটেড হয়ে আসবে, ২ জন কলকাতা থেকে ইলেকটে হয়ে আসবে। এই বার কলকাতা কর্পোরেশানের একজন হবে, আবার মিউনিসিপ্যালিটিওলি থেকে ৩ জন হবে, জেলা পরিষদগুলি থেকে ৩ জন হবে. এ্যাসেম্বলী থেকে ৬ জন হবে আগে ছিল ১৩ জন নমিনেটেড হবে রাজ্য সরকারের দ্বারা। সেটা বেড়ে ১৭ জন করেছেন তার ফলে পরো ব্যাপারটা যাতে প্রাথমিক শিক্ষকরা তাদের যে মত দেবেন তার প্রাদূর্ভাব না থাকে তার জন্য ওরা এই নোমিনেটেড কম্পোনেন্টটা বাডিয়ে দিলেন। এবং আমরা দেখি যে গতবার লাস্ট যে সেকেন্ডারী বোর্ডের নির্বাচন হয়েছে, সেই সেকেন্ডারী বোর্ডের নির্বাচন বছ জেলায় বামফ্রন্টের প্রার্থীরা হেরে গিয়েছে। কিন্তু সেকেন্ডারী বোর্ডের এমন কম্পোজিশা হয়েছে যে শুধ টিচারদের ক্ষেত্রে সব সিটও যদি বামফ্রন্টের বিরুদ্ধে যায় তাহলেও বামফ্রন্টের বিরোধীরা সেকেন্ডারী বোর্ডের ক্ষেত্রে মেজরিটি পাবেন না। ওরা এবার এনসিওর করলে যাতে প্রাথমিক স্কুলে ষ্টেট বোর্ড এবং ডিষ্টিক্ট বোর্ডগুলিতে ওদের মেজরিটি থাকে। এখনে 🤉 প্রশ্ন সঞ্জীব বাবু সঠিকভাবে তুলেছেন, যে কি কি কারণে আপনি চেয়ারম্যানকে নিজের নোমিনেটেড করবেন, তার মানে আপনারা চাইছেন ইলেকশান করুন. কিন্তু শেষ পর্যন্ত চেয়ারম্যানটা আমাদের বিশ্বস্ত লোক হতে হবে। আপনারা এতদিন রাজ্যস্তর এবং জেলান্ট**ে** নোমিনেটেড বোর্ড চালিয়ে এসেছেন এবং বিভিন্ন জেলায় আপনাদের যারা বোর্ডের প্রেসিডে<sup>ন</sup> ছিলেন, ডিস্ট্রিক্ট বোর্ডের প্রেসিডেন্ট ছিলেন তারা আপনাদের পার্টির লোক এবং আমাদের এই প্রাইমারী এডুকেশান কাউপিল যেটা ছিল সেখানে পার্থ দে কে কিছদিনের জন্য চেয়ারম্যান করেছিলেন, পরে পার্থ বাবু ছেড়ে দিয়েছেন, আপনি সেখানে অন্য লোককে বিসি<sup>রেছেন</sup> আপনারা শিক্ষাকে যে কুক্ষিগত করার চেষ্টা করছেন১৭ বছর ধরে, আপনাদের এই <sup>প্রাইমরি</sup> এডুকেশান কাউন্সিলের ফর্মেশানের মধ্যে বোঝা গিয়েছে, এখানে আপনারা এনসিওর করতে

চ্ছছেন যে কোনও মতে সমস্ত মিলিয়ে ১২টা তো হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি ১২ আর ১, ১৪টা মিলে প্রাইমারী বোর্ডের যারা ইলেকটেড হবেন, তারা যদি আপনাদের বিরুদ্ধেও ভার্মাচিত হন তাহলেও সেখানটায় এবারে চেঞ্জ করে, করে দিলেন ১৪টা ইলেকটেড আর আপনারা ১৭টা নমিনেটেড লোককে সেখানে পাঠিয়ে দিচ্ছেন। রাজ্য সরকার জেলা পরিষদ ন্রাট্রনিসিপ্যালিটির মোটামুটি কম্পোজিশানটা জানেন তার ফলে ১৪টা আপনাদের বিরুদ্ধে গোলেও আপনারা মেজরিটি রাখার চেষ্টা করছেন। তাও যদি আপনারা দেখেন আপনাদের ক্রিছে হচ্ছে সেইজন্য প্রেসিডেন্টটা আপনার হাতে রেখে দিলেন। কাদের আপনারা এ্যাপয়েন্টমেন্ট ক্রবেছন এই সমস্ত কাউন্সিলের ব্যাপারে? আপনাদের পার্টির টাস্টেড পিপিল? এটা আপনাদের এড়কেশানাল এ্যাপয়েন্টমেন্ট এটা আপনাদের প্যাটার্ন, আমার মনে আছে অনিলা দেবী বিখ্যাত শিক্ষা নেত্রী, আমি শুনেছি তাঁর এম.এ. রেজান্ট খুব খারাপ ছিল, নর্মালি তিনি সেই জন্য কলেজে চাকরি পেতে পারেন না। ওনার শরীর এত অসম্থ যে ওকে ২ জন লোককে ধরে নিয়ে যেতে হোত সেই সময় আপনি তাকে হায়ার সেকেন্ডারী কাউন্সিলের চেয়ারম্যান করেছেন। আমরা বারবার বলেছি কাদের আপনারা এ্যাপয়েন্ট করেছেন এই সমস্ত এডকেশানাল পোস্টে? কোয়ালিফাইং যোগ্যতা কি এডুকেশানাল এ্যাপয়েন্টমেন্টের? তাঁর এ্যাকাডেমিক এাচিভমেন্ট, তাঁর রেজান্ট, তাঁর ব্যাকগ্রাউন্ড, নাকি পার্টি সার্কেল? এই যে বোর্ড নিয়ে এত কেলেম্বারী হচ্ছে, মাধ্যমিক শিক্ষা পর্যদের এই যে অঙ্ক পরীক্ষা নিয়ে সারা বছর এত হৈচৈ হল—চিত্তরপ্তন বন্দ্যোপাধ্যায়ের কথা আমি জিজ্ঞাসা করেছি সবাইকে, এর আগে চিত্তরপ্তন বন্দ্যোপাধ্যায়ের নাম এ্যাকাডেমিসিয়ান হিসাবে শুনেছিলাম কেউ, শোনেননি, পার্টি সার্কেলের মধ্যে আপনারা কোথা থেকে এই পার্টির লোককে খঁজে বের করে আনলেন ? আমরা এতদিন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সাথে যুক্ত আছি, আমি তো জানি না কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যাম্পেলার যিনি আছেন, এর আগে কেউ তার নাম শুনেছিলেন কিনা, আগে ভাইস চ্যাপেলার কি করে হোত, কারা হোত, স্যার আশুতোষ স্যার শ্যামাপ্রসাদ, জ্ঞান ঘোষ, ডাঃ বিধান রায়, সবোধ মিত্র এনারা সব হোতেন। এমন কি ভাস্কর চৌধুরী যিনি ছিলেন তার নাম কেউ শুনেছিলেন, ভাইস চ্যান্সেলারের এই পুরো প্যাটার্নটা আপনারা ফলো করার চেষ্টা ক্রছেন এবং শিক্ষার রাজনীতিকরণে যে বিষময় ফল সেই ফল পশ্চিমবাংলায় ইতিমধ্যে ঘটেছে এবং এখানে ওরা যে প্রসেসটা চালু করতে চেষ্টা করছেন যে পুরো প্রাইমারী এডুকেশান কাউন্সিলের হাতে ক্ষমতা যাবে সেটা পরোপরিভাবে আপনাদের এ্যাপয়েন্টেড একজন লোক নিয়ন্ত্রণ করবে। এই প্রসেসটা করে আপনারা শিক্ষায় রাজনীতিকরণ কে সম্পূর্ণ করলেন। শিক্ষার গণতন্ত্রীকরণের গলা টিপে মারলেন। আজকে সেখানে কি হচ্ছে, প্রাইমারী এডুকেশানের ক্ষেত্রে আপনি বলেছেন ব্যাপক ক্ষমতা দেওয়া হচ্ছে, এখানে এই যে ডাই ইন হারনেস কেস <sup>টিচারদের প্রাপয়েন্টমেন্ট ইত্যাদি হচ্ছে, এই সমস্ত ব্যাপারটা দেখবেন।</sup>

[3-15-3-25 p.m.]

দৃটি ব্যাপার আমি এখানে উদ্রেখ করছি এবং বলছি যে দেখুন নমিনেটেড স্কুল বোর্ড

যেগুলি আপনাদের হাতে ছিল সেগুলি নিয়ে কিভাবে ব্যাপকহারে দুর্নীতি হয়েছে। অবন্য আমার বলার দরকার নেই, স্যার, আপনি যদি সি.এ.জি.র রিপোর্টটি পড়েন তাহলেই বর্ত্তাত পারবেন কি অবস্থা। অপারেশান ব্র্যাক বোর্ডের টাকা পরো কেন্দ্র থেকে এসেছিল। আপনার ডিস্টিক্ট এডকেশান বোর্ড তা ডিস্টিবিউট করেছে। সেখানে একটা জেলাতে শুধ ব্রাকবোর্ড চক বেঞ্চির অর্ডার দেওয়ার জন্য কি পরিমানে দুর্নীতি হয়েছে, অব্যবস্থা হয়েছে তা ঐ রিপোর্টেট দেখতে পাবেন এবং সারা পশ্চিমবাংলার মানুষই তা জানেন। কিন্তু তা সত্তেও আপনারা এটা থেকে তাদের মুক্ত করতে পারছেন না। তা ছাডা পশ্চিমবঙ্গ এখনও একটা রাজ্য যেখানে ছপ আউটের সমস্যাটা বড। স্যার, এখানে সবচেয়ে বেশি প্রয়োজন ছিল বাচ্ছাদের মিড ডে মিল দেওয়ার আমি স্যার, দ/তিন বছর আগে পাবলিক এ্যাডাউন্টস কমিটিতে ছিলাম এবং সেখানে একটা রিপোর্ট স্টাডি করেছিলাম। নদীয়া জেলার ডিপ্টিক্ট স্কুল বোর্ড, মনোনীত বোর্ড তাদের দায়িত দেওয়া হয়েছিল বাচ্ছাদের মিড ডে মিল দেওয়ার। ওদের বলেছিলেন ক্রী কিনে দাও। মডার্ণ বেকারীর সঙ্গে ব্যবস্থা করে রুটি দিতে হবে। এটা ১৯ লক্ষ টাকার ব্যাপার। দায়িত্ব দেওয়া হয়েছিল বাচ্ছাদের স্বাস্থ্যকর খাবার দেওয়ার। কিন্তু কি হল? ওরা বললেন, রুটি পাওয়া যাচ্ছে না সূতরাং মৃতি দেওয়া হবে। এখন মৃতির জন্য তো মডার্থ বেকারির মতন বিল পাওয়া যায় না। ওরা বললেন, মুডি বস্তায় বস্তায় এসেছে, বিলটিল নেই. বাচ্ছাদের মৃডি খাওয়া হয়ে গিয়েছে। এইভাবে টাকা নয়ছয় হয়েছে। বোথ অপারেশান ব্রাক বোর্ড এবং মিড ডে মিলের ব্যাপারে আমি বললাম। এর পর আমি যে কথায় আসছি সেটা হচ্ছে, আপনারা দেখাবার চেষ্টা করেন যে আপনারা নাকি সবার সঙ্গে আলোচনা করে টরে সিদ্ধান্ত নেন। কেন্দ্রীয় সরকার ডাঙ্কেল প্রস্তাব নিয়ে রাজা সরকারের সঙ্গে আলোচনা করেন নি বলে অনেক সমালোচনা আপনারা করেন কিন্তু আমি জিজ্ঞাসা করি আপনাদের প্রাথমিক শিক্ষা থেকে ইংরাজী তলে দিয়েছেন কাদের সঙ্গে আলোচনা করে? কেউ সেটা জানতো না। আপনারা প্রাথমিক শিক্ষা থেকে পাশ ফেল তলে দিলেন কার সঙ্গে আলোচনা করে ? এরজন্য কোনও কমিশন বসিয়েছিলেন কি ? সারা রাজ্যের মান্যের সঙ্গে আলোচনা করার জন্য ? কারুর সঙ্গে আপনারা কথা বলেন নি। আপনারা শিক্ষার ব্যাপারে যতগুলি মৌলিক সিদ্ধান্ত নিয়েছেন সেগুলি রাজ্যের মানুষকে এয়াফেক্ট করে। শিক্ষকদের এজ অব সুপার এানুয়েশান ৬০ বছর করে দিলেন। সেখানে কত প্রাথমিক শিক্ষক আছেন যারা আজকে টাকা পাচেছন না। যারা ৬০ বছরের পরেও চাকরি করেছেন এবং ৬৫তে রিটায়ার করেছেন তারা পেনসন পাচ্ছেন না। কাভিবাবর যে সিদ্ধাভ, যে সিদ্ধাভের জন্য কাভিবাবুকে হারতে হল, আজকে পর্যন্ত তিনি বিধানসভায় আসতে পারেন নি, সেই সিদ্ধান্ত তাতে প্রাথমিক শিক্ষক এবং মাধ্যমিক শিক্ষকরা এ্যাফেকটেড হলেন। এটা কাদের সঙ্গে আলোচনা করে করেছেন ? তারপর দেখলাম যে অশোক মিত্র কমিশন আপনারা বসিয়েছেন। অশোক মিত্র কমিশন আগষ্ট ৯২ সালে বসানো হল। অশোক মিত্র মহাশয়ের খব তাডাতাডি ছিল, তার রাজ্যসভায় যাবার ব্যাপার ছিল, সেখানে তিনি যাবার আগে রিপোর্ট দিয়ে চলে গিয়েছেন। তাতে শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে কি বলা হয়েছে? বলা হয়েছে যে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা একটা

মাহিনা দেবার সিস্টেম হয়েছে। বলা হচ্ছে, In the case of both primary and Secondary Education as much as 95% of the total outlay goes to pay the emoluments of teachers. মাহিনা দেবার যন্ত্র। শিক্ষকদের নিশ্চয় মাহিনা দিতে হবে কিন্তু শিক্ষা মানে কি শুধু শিক্ষকদের মাহিনা দেওয়া? তার কোনও জবাব কিন্তু এখনও পর্যন্ত আপনারা দিলেন না। অশোক মিত্র স্বীকার করেছেন, While school attendance generally improved in towns and countries, for both boys and girls phenomenon of drop outs persists and a lot of ground still needs to be covered to remedy the situation. ড্রপ আউট-টা একটা বড় সমস্যা। রাজীব গান্ধী বলেছিলেন যে দরকার হলে আর.এল.ই.জি.পি.র টাকা ইউজ করতেহবে স্কুলগুলি তৈরি করতে।

## [3-25-3-35 p.m.]

অপারেশান ব্ল্যাক বোর্ড, শিক্ষায় মিনিমাম উপকরণ দেবার জন্য সাহায্য চেয়েছিল, What is the Govt.'s Constitution? অশোক মিত্র বলছেন, There is a Serious lack of minimum infrastrutural facilities in schoots. The number of one room school is high so also the number of one or two teachers schools. The quality and method of teaching leave much to be desired ভাঙা বাডি জল আসে বৃষ্টির, দরজা নেই, জানালা নেই, গরু ঢুকে বসে থাকে। এই হচ্ছে গ্রামের প্রাইমারি স্কল। সেই ইনফ্রাস্টাকচার ইমপ্রভ করার আপনার কোনও চেষ্টা নেই। আপনার চেষ্টা কি করে কাউন্সিলগুলোকে হাতে রাখা যায়, কি করে বোর্ডগুলোকে হাতে রাখা যায়। আপনারা ইংরাজি তলে দিয়েছেন ক্লাস ওয়ান থেকে ফাইভ পর্যন্ত। আপনারা বঝেছেন, অশোক মিত্র বলেছেন যে এটা এখন ওয়ান থেকে ফোর পর্যন্ত ওঠা থাক। ফাইভ থেকে চলুক, আপনি গতকালই এ্যানাউন্স করেছেন, এটাও কার সঙ্গে আলোচনা করে, কীসের ভিত্তিতে ক্লাস ওয়ান থেকে ফাইভ পর্যন্ত উঠলো কেন আবার ফাইভ থেকে চালু হল কেন, কীসের ভিত্তিতে? আমি জানি না, কেউ জবাব দেননি, মস্তাফা বীন কাশিম কমিশনের মেম্বার ছিলেন, জবাব দেবেন। কোন বেসিস এনে, আপনারা শহরাঞ্চলে পরো প্রাইমারী এডকেশন সরকারি এটা রিভানভেন্ট করে দিয়েছেন, কর্পোরেশন প্রাইমারী স্কুল চালাচ্ছেন, আপনারাও চালাচ্ছেন, ওল্ড সিন্টেম ইজ রিভানডেন্ট, কেউ যায় না আপনার প্রাইমারী স্কলে। লোকেরা ডবল ট্রিবল মাইনে দিয়ে ফ্রী প্রাইমারী স্কুলে ভর্তি হচ্ছে আর বড স্কুলে তো প্রাইমারী আছেই। সেখানে আপনার কোনও কন্ট্রোল নেই আপনার শহরাঞ্চলে, সারা পশ্চিমবাংলায়, আগে এটা কলকাতার ফেনোমেনন ছিল এটা সারা পশ্চিমবাংলায় ইংরাজী ইংলিশ মিডিয়ামটা একটা কমন ফেনামেনন। আপনি তাকে নিয়ন্ত্রণ করতে পারেন নি। আপনার সেই জিদ আঁকড়ে ধরে বসে রয়েছেন যে না প্রাথমিকে আমরা ইংরাজি চালু করবো না। আপনারা প্রমোশন তলে দিলেন, পাস ফেল তলে দিলেন এবং আপনি অশোক মিত্র কমিশনকে দিয়েও থেয়াইট ওয়াশ করে দিলেন, The whole system is redundant.. The Commission recommended also another inportant change that is the abandonment at the primary stage of the system of promoting students from one class to the next higher one on the basis of results of annual examination, কোনও এ্যাসেসমেন্ট হয়েছে, যে এর ফলে এই যে পাস ফেল তুলে দিলেন এতে ছাত্র-ছাত্রীরা বেশি পড়ছে আগের থেকে, তাদের এ্যাকাডেমিক এ্যাচিভমেন্ট বেশিং ডুপ আউট আরও কম ? তাদের ইন্টারেন্ট বাডছে ? না. সাধারণ বন্ধিতে সাধারণভাবে দেখে আমবা যেটা বারবার বলছি যে পাশ ফেল তলে দেওয়ার যেটুকু পড়াশুনার চাপ বাচ্চাদের এই প্রাইমারী স্কলে ছিল সেই চাপটা সম্পর্ণভাবে চলে গেছে। আজকে অচিন্ত বাবু বললেন যে বীরা**শ্লা মৈলী কমিটি এডকেশানকে ডিসেন্ট্রালাইন্ধ ক**রার কথা বলেছেন। পঞ্চায়েতের উপর দায়িত দেবার কথা বলেছেন, কেন্দ্র দায়িত থেকে সরে আসছে। কেন্দ্রের দায়িত তো কখনও প্রাইমারী এডকেশানে ছিল না. ইন্দিরা গান্ধী প্রথম ৭৬ সালে এডকেশনকে কংকারেন্ট লিস্টে আনলেন। তার আগে এডুকেশন তো পুরোপুরি ষ্টেট লিস্টে ছিল এবং রাজীব গান্ধী প্রথম ন্যাশনাল এডকেশন পলিসির মাধ্যমে অপারেশন ব্রাক বোর্ড এর মাধ্যমে অন্যান্য স্কীয়ের মাধ্যমে, নবোদয় বিদ্যালয়ের মাধ্যমে প্রাইমারী আন্ড সেকেন্ডারী এড়কেশনে ডিরেক্টলি সেট্রাল গভর্নমেন্টের টাকা দিলেন। এর আগে কেউ দেন নি। সেন্টাল কখনও এই কথা বলছে না যে তারা সব রেসপলিবিলিটি তলে নেবে। যে কথা অশোক মিত্র বলেছেন যে বীরাগ্লা মৈলী কমিটির রিপোর্ট পডলেন, অশোক মিত্র কি বলেছেন, অশোক মিত্র বলছেন যে the Panchayat bodies should be invited to participate in an intensive, timebound programme of building low cost school structures with the help of resources, অশোক মিত্র কমিশনের ছত্রে ছত্রে কোথায় পঞ্চায়েতকে ইনভলভ করতে হবে. সেই কথা বলা আছে. সেখানে তথু স্কুল তৈরির ব্যাপার নয়, বলছেন, For each block there may be a formal body consisting of representatives of the panchayat Samity. The District primary Education Council, district Inspector of Schools and at least two eminent retired teachers of the areas one of whom should preside over it, to monitor and supervise the quality and content of teaching in schools. যারা পুরো প্রাইমারী এডুকেশনের উপর স্পাইরভাইজ করবে, এ ভিলেজ Level Education Committee may also be formed consisting of village elders and social workers. সূতরাং আপনাদের क्रिमात या वना हिन, जाभिन अथन जाभिछ कर्राह्म, वनह्म वीदाश्रा रेमनी क्रिमिरित রিপোর্ট পেলে সেন্টার উইল wash its hand. না, প্রশ্নটা তা নয়, সেন্টার এর ডাইরেইল রেসপুলিবিলিটি প্রাইমারী এডকেশনে কখনও ছিল না, নেবেও না। কিন্তু সেন্টার থেকে নতুন **স্কীমের মাধ্যমে টাকা আসুক, এটা আমরা চাই। আপনারা নবোদ**য় বিদ্যালয় রিজেক্ট করে ভূল करतिष्टितन । नर्तामग्र विमानस्यत्र ठोका७ এখन यथन चात्माक भिज वत्नरहन, नर्तामग्र विमानस्यतः টাকাও পশ্চিমবাংলায় আসা উচিত। আমি আপনাকে আবার বলবো, এই বিলটা রিকনসিডার করুন। প্রাইমারী টিচাররা ঠিক করুক যে কে প্রাইমারী এডকেশন চালাবে। সরকার নয়, সরকার জেনারেল পলিশি এয়ান্ড গাইড লাইন করে দিক। আপনারা বারবার যখনই কোনও

ইলেকশন হয়, তার আগে দেখা যায় যে কর্পোরেশন ইলেকশন হলে, আপনি এরিয়া বাড়িয়ে নেন, তেমনি প্রাইমারি এড়কেশনের ইলেকশন হলে আপনি নমিনেটেড কমপোনেন্ট বাড়িয়ে দিলেন এবং সবচেয়ে জরুরি যেটা আপনার পার্টির লোককে জ্বোর করে বসাবার জন্য এখানে নমিনেটেড চেয়ারম্যান করে দিলেন। আমরা তীব্র ভাবে এর বিরোধিতা করছি। আমরা শিক্ষায় গণতন্ত্রীকরণ চাই, শিক্ষায় রাজনীতি নয়, শাসক দলের নিয়ন্ত্রণ নয়, তাই আমরা এই বিলের বিরোধিতা করছি।

শ্রী সৌমেন্দ্রচন্দ্র দাস : মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় শিক্ষা মন্ত্রী যে বিল আজকে এখানে এনেছেন তাকে সমর্থন করে আমি দু' চারটে কথা বলছি। আজকে আমি কংগ্রেস সদস্যদের বক্তব্য অনেকক্ষণ ধরে শুনলাম। ওঁরা শিক্ষা নিয়ে কথা বলছেন, শিক্ষার গণতন্ত্রীকরণের কথা বলছেন! কংগ্রেস আমলে নাকি শিক্ষা ব্যবস্থা অনেক বেশি গণতান্ত্রিক ছিল, আজকে তা নেই। কংগ্রেস আমলে আমরা কি দেখেছিং সিগারেটের খাপে নাম লিখে দিলেই শিক্ষা প্রতিষ্ঠানে চাকরি হয়ে যেত. কোনও ইন্টারভিউ পর্যন্ত নেওয়া হত না। আর এখন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম আসে, ইন্টারভিউ হয় তবে চাকরি হয়। সে সময়ে পশ্চিমবাংলায় আমরা অনেক ভূয়া, ভূতুড়ে স্কুল দেখেছি। স্কুল ছিল না, কিন্তু শিক্ষকরা বেতন পেয়ে যেত। কংগ্রেস আমলে এরকম অনেক দুষ্টান্ত ছিল। মাধ্যমিক পরীক্ষায়, হায়ার সেকেন্ডারী প্রীক্ষায় ছাত্র-প্রিষদের দাবি ছিল নকল করতে দিতে হবে। তখন নকল করটো নাকি গণতান্ত্রিক অধিকারের মধ্যে পড়ত। কুচবিহার বিদ্যালয়ের শিক্ষক শঙ্কর চক্রবর্তীকে কংগ্রেস আমলে সি.আর.পি. লেলিয়ে হত্যা করা হয়েছিল। বর্তমান বিধানসভার সদস্য বিমল কান্তি বসু একজন মাধ্যমিক শিক্ষক, তিনি নকল করার বিরোধী ছিলেন, ফলে কংগ্রেস আমলে আমরা দেখেছি বার বার তাঁকে ছাত্র-পরিষদের হাতে অপমানিত হয়েছে। সেজন্য আমরা আজকে শুনে আশ্চর্য হয়ে যাচ্ছি যে, কংগ্রেস শিক্ষার স্বার্থে চিন্তা ভাবনা করছে। বিড়াল যদি বলে মাছ খাব না, তা যেমন কেউ বিশ্বাস করে না, শিক্ষা নিয়ে কংগ্রেসের কথাও তেমন কেউ বিশ্বাস করে না। তারপর নির্বাচন প্রসঙ্গে সৌগতবাব বললেন কংগ্রেসের প্রাথমিক স্তরের শিক্ষক সংগঠন ডাবল,বি.পি.টি.এ.র সদস্য নাকি এতই বেশি যে, নির্বাচন করলে তাঁরা জিতে যাবেন, সে জন্য আমরা নির্বাচন করছি না। এটা সৌগতবাবু ছাড়া কংগ্রেস দলেরই আর একজনও বিশ্বাস করেন না। কারণ কিং মাধ্যমিক স্তরের নির্বাচন হয়ে গেল, বোর্ডের নির্বাচন হয়ে গেল, কাউন্সিলের নির্বাচন হয়ে গেল, বিশ্ববিদ্যালয় স্তরের নির্বাচন হয়ে গেল, এই নির্বাচন গুলিতে প্রমাণ হয়ে গেছে পশ্চিমবাংলার কতজন শিক্ষক বা শিক্ষক সমাজ কংগ্রেসকে সমর্থন করে। আর পঞ্চায়েত এবং পৌর নির্বাচনে কংগ্রেস তো ভাগাড়ে চলে গেছে, এটা মানুষ জানে। সে জন্য আজকে শিক্ষা ক্ষেত্রে যে সুষ্ঠু অবস্থা কায়েম করবার চেষ্টা হচ্ছে, এটা কংগ্রেস সহ্য করতে পারছে না। আমরা জানি কংগ্রেসের এটা সহ্য হবে না, ইওয়া সম্ভবও নয়। তবুও আমাদের এই সব ব্যবস্থার মধ্যে যে একদম ক্রটি নেই, তা নয়। ব্রুটি, দুর্বলতা ইত্যাদি আছে। তবুও গোটা শিক্ষা ক্ষেত্রে ধীরে থীরে একটা সৃষ্ট পরিবেশ গড়ে

উঠছে। এখানে বিগত মাধামিক পরীক্ষার কথাও তোলা হয়েছে—হাাঁ, অন্ধ পরীক্ষার প্রশ্ন-পত কঠিন হয়েছিল এবং ছাত্র-ছাত্রী, অভিভাবকরা ক্ষুব্ধ হয়েছিলেন। সরকার দৃঢ়তার সঙ্গে এবং দ্রুততার সঙ্গে সে বিষয়ে সিদ্ধান্ত নিয়ে সাথে সাথে সিদ্ধান্ত ঘোষণা করেছেন। যদ্ধকালী জরুরি বাবস্থা হিসাবে বাবস্থা গ্রহণ করেছেন। তবে যে সমস্ত ব্যক্তি ঐ প্রশ্ন পত্র রচনার সঙ্গে ছাড়িত ছিলেন তাঁদের নাম প্রকাশ করার দরকার আছে। তাঁদের শুধু ব্ল্যাক লিষ্টেড করলেই হবে না. ছাত্র. শিক্ষক, অভিভাবক সমাজের সামনে তাঁদের তলে ধরে দুষ্টাড্যমলক শাস্তি তাঁদের দেওয়া যায় কি না সে বিষয়ে চিন্তা করতে হবে। সৌগতবাব প্রাথমিক স্কলের বাডি-ঘরের সমস্যার কথা বললেন। মন্ত্রী মহাশয় নিশ্চয়ই উত্তর দেবার সময় এসম্পর্কে তথা দিয়ে, পরিসংখ্যান দিয়ে বলবেন। কিন্তু আমরা জানি পশ্চিমবাংলার গ্রাম থেকে গ্রামান্তরে বহু নতন প্রাথমিক এবং মাধ্যমিক বিদ্যালয় ভবন তৈরি হয়েছে, বহু পরোন বাডির সংস্কার হয়েছে। নতন নতন জনিয়র হাই স্কল, হাই স্কল তৈরি হয়েছে। নতন করে বহু প্রাইমারী স্কল তৈরি হয়েছে। বর্তমানে পশ্চিমবাংলায় প্রাথমিক বিদ্যালয়ে এত বেশি ছাত্র-ছাত্রী পড়তে আসছে পরবর্তীকালে জুনিয়র হাই স্কলে বা মাধ্যমিক স্কলে তাদের স্থান হচ্ছে না। অবশ্য ডুপ আউট যে হচ্ছে না একথা আমি বলছি না। এই সমস্যা কিভাবে আরও কাটিয়ে ওঠা যায় তা আমাদের ভেবে দেখতে হবে এবং সেইভাবে চেষ্টা করতে হবে। যে টিফিনের ব্যবস্থা ছিল সেটা একটু ভালভাবে চালু করা যায় কি না, তাও আমাদের চিন্তা করতে হবে। সামগ্রিকভাবে আজকে সারা পশ্চিমবাংলায় একটা আলোড়ন সৃষ্টি হয়েছে, এটা কংগ্রেসিরা সহ্য করতে পারছেন না। কারণ আমরা জানি, শ্রেণী বিভক্ত সমাজে কংগ্রেসিরা যে শ্রেণীর প্রতিনিধিত করে, আমরা বামপষ্টীরা ঠিক বিপরীত শ্রেণীর প্রতিনিধিত্ব করি। আমরা যে শ্রেণীর প্রতিনিধিত্ব করি—শোষক, জমিদার, জোতদার শ্রেণী ভয় পায়। কারণ আমরা জানি, শিক্ষায় মানবের চেতনা আনে এবং সেই চেতনা আনে বিপ্লব। স্বাধীনতার ৪৬ বছর পরেও এখন হাজার হাজার মানুষ নিরক্ষর। সেই নিরক্ষর মানুষগুলিকে শিক্ষার আলোয় পৌছে দেবার জন্য বয়স্ক শিক্ষা, নিরক্ষরতা দুরীকরণ প্রাথমিক বিদ্যালয়ের মাধ্যমে গ্রামেগঞ্জে সূচিত হয়েছে পঞ্চায়েতের মধ্য দিয়ে। এটা কংগ্রেসিরা সহ্য করতে পারছে না। যে বিল আনা হয়েছে তাতে মনোনীত সদস্য এবং নির্বাচিত সদস্য এই দুই ধরণের সদস্যদের নিয়ে এই বোর্ড এবং কাউন্সিল হচ্ছে। আমি একটি বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি কোচবিহার থেকে নির্বাচিত সদস্য। মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ বাবু কয়েকদিন ধরে বলছেন, কোচবিহারের প্রাথমিক কাউপিলের যিনি চেয়ারম্যান আছেন শ্রী সমরেন্দ্র নাথ সাহা, তিনি বিশিষ্ট শিক্ষা আন্দোলনের সৈনিক, কোচবিহারের প্রমিনেন্ট ব্যক্তিত্ব, দৃষ্টান্তমূলক প্রধান শিক্ষক। কোচবিহারের স্কুল কাউপিলের যে অফিসটি ছিল সেটা ভাডা বাডিতে ছিল, বসবার জায়গা ছিল না। শিক্ষক-শিক্ষিকাদের দিনের পর দিন দাঁড়িয়ে থাকতে হতো। এই নিয়ে অনেক আন্দোলন হয়েছে। এখন ভবন তৈরি হয়েছে। কিন্তু উনি বারেবারে এই অভিযোগ করছেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে <sup>এই</sup> অভিযোগ সম্পর্কে স্পষ্ট উত্তর দেওয়ার প্রয়োজন আছে। একজন হেড মান্টারমশাইয়ের চরিত্রকে কলঙ্কিত করার প্রচেষ্টা এই বিধানসভায় বারে বারে করা হয়েছে। শিক্ষক নিয়োগের বাপারে

সারা পশ্চিমবাংলার ক্ষেত্রে একটা সমস্যা হয়ে আছে। কারণ করেক বছর ধরে হাইকোর্টে মামলা থাকার ফলে শিক্ষক নিয়োগ করা যাছে না। বর্তমানে সমস্যাটাকে কিভাবে কাটিয়ে ওঠা যায় তার প্রচেষ্টা হছে। বিভিন্ন স্কুলে শিক্ষক নিয়োগ করার যে প্রয়োজন আছে সে বিষয়ে আমি দিমত নই। এ ব্যাপারে কিভাবে অতি ক্রুত কার্যকর পদক্ষেপ নেওয়া যায় তারজন্য চিন্তা-ভাবনা করার ক্ষেত্রে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এরপর প্রেসিডেন্ট নির্বাচনের কথা বলেছেন। প্রেসিডেন্টের ক্ষেত্রে স্কুল বোর্ড বা কাউপিল রাজ্যের ক্ষেত্রে বোর্ড আর জেলার ক্ষেত্রে কাউপিল। এই বোর্ড এবং কাউপিলের উপর নির্ভর করছে গোটা রাজ্যের এবং জেলার শিক্ষা, শিক্ষক, শিক্ষিকা এবং ছাত্র-ছাত্রীদের স্বার্থ। নির্বাচনের মাধ্যমে আসতে গেলে বিভিন্ন ধরণের সমস্যা আসার সম্ভাবনা আছে। এখন যে ব্যবহা নেওয়া হয়েছে, আমি বলতে চাই, এটা দীর্ঘ বছর যাতে না চলে, অন্যরকমভাবে গণতান্ত্রিক চিন্তাভাবনা করা যায় কিনা সেই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। গোটা দেশের গণতন্ত্রকে কংগ্রেস শেষ করে দিতে চাইছে। সাম্রাজ্যবাদী শক্তির হাতে দেশকে বিকিয়ে দেবার ষড়যন্ত্র যারা করছে তাদের বিরুদ্ধে গোটা দেশের মানুষ আজকে লড়াই করছে। এই কথা বলে এই বিলকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করেছি।

শ্রী নিত্যানন্দ অধিকারী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বে বিল উত্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে দু-একটি কথা আপনার উদ্দেশ্যে নিবেদন করতে চাই। একটা ফর্মেশনের ব্যাপার দাঁড়িয়ে আছে—যে সদস্যদের ভোটের দ্বারা চেয়ারম্যান নির্বাচিত হয়—সংখ্যাধিক্যের ভোট নিয়ে অনেক অযোগ্য লোক চেয়ারম্যান হয়ে যেতে পারে। শিক্ষার ব্যাপারে আমরা বাছাই করতে পারি। যাকে যোগ্য ব্যক্তি মনে করবো তাকে ঐ পদে নিয়োজত করবো। আমরা অতীতে দেখেছি, স্কুল বোর্ডে যে লোক ছিল, সে সেই চেয়ারে বসে, প্রেসিডেন্ট হয়ে দলীয় রাজনীতি করে গেছেন। জলপাইগুড়ি জেলার ভূপেন দেব রায় স্কুল বোর্ডের মেম্বার ছিলেন। তিনি বাড়িতে বসে এ্যপয়েন্টমেন্ট দিয়েছেন।

[3-35-3-45 p.m.]

অনেক কাহিনী, অনেক উদাহরণ আমরা দিতে পারি। কাজেই সব সময়েই যে গণতদ্রের সূফল ফলবে এটা কোনও কথা নয়। তার ডিমেরিটস আছে, সেই ডিমেরিটসের দিকটা ভাবন। একজন বিচক্ষণ শিক্ষাবিদ তাঁকে যদি ঐ আসনটা দিচ্ছে শিক্ষা ব্যবস্থার মধ্যে বিশেষ করে প্রাথমিক স্তরে এখানে চিস্তা ভাবনা মাননীয় মন্ত্রী মহাশয় করছেন শিক্ষার স্তর তৈরি করলে প্রাথমিক স্তরে ভিত্তিটাকে যদি শক্ত করতে হয় নানা দিকে চিস্তা ভাবনা করে ভিত্তিটাকে তৈরি করতে হবে। আমার মনে হয় বিলটা সঠিক হয়েছে। প্রাথমিক শিক্ষার বিভিন্ন দিক আছে, আজকে দুঃখের সাথে বলছি, আমরা প্রশ্ন রেখেছি, আমারও প্রশ্ন ছিল সব প্রশ্নের আলোচনা হল না, বিভিন্ন বিষয়ের উপর আলোচনা হয় আমরা জানতে পারি না। আজকে স্কুল কাউদিল যে ভাবে চলছে বিশেষ করে উচ্চ আদালতে গিয়ে আমাদের

আবেদন ব্যর্থ হয়ে যাচ্ছে। যদি এই মামলা মোকর্দমার নিষ্পন্তি না হয়ে কোনও কাজই হবে না। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে বিল তিনি এনেছেন সেটাকে আমি সমর্থন করি এবং সাথে সাথে আমি এই কথা বলতে চাই যেটা হচ্ছে ভাইস প্রেসিডেন্টের যে পোন্ত সেটাকে তিনি তুলে দিলেন, যেটা উচ্চ পর্যায়ের কমিটি ছিল সেটাকে সেই ভাইস প্রেসিডেন্টের পোষ্ট তুলে দিলেন। তিনি যখন বিল উত্থাপন করেছিলেন তখন একটা কথা বলেছিলেন ৭৩ তম সংশোধনী সেটা আনতে গিয়ে এটা দরকার হয়েছে এই ব্যাখ্যাটা তিনি জবাবী ভাষণে ভালভাবে রাখেন তাহলে আমরা খুবই উপকৃত হব। কাজেই বক্তব্য আর দীর্ঘায়িত না করে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ মানস উইয়া ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, গণতন্ত্রের সর্বোচ্চ মন্দিরে গণতন্ত্রের একজন খনি আসামী প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী অচিন্ত কফ রায় মহাশয় গণতন্ত্রকে হত্যা করেছেন। আজকে এই বিল এই হাউসে নিয়ে এসে। আমি শুনলাম মাননীয় সরকারি দলের সদস্যের বক্তব্যে যে গণতন্ত্রে সব সময় ভাল জিনিস হয় না. তাই মাঝে মাঝে মনোনীত সদস্যকে বলে আনতে হয় এবং সেই কারণে বিল নিয়ে আসা হয়েছে। প্রাদেশিক স্তর থেকে জেলা স্তরে বোর্ড কাউপিল গঠনের ক্ষেত্রে সদস্য যেভাবে নির্বাচিত হোন না কেন এবং মনোনয়ন দেওয়া সরকার তাঁর নিজের হাতে রাখবেন। এবং এই যুক্তিকে সমর্থন করতে গিয়ে খোদ মন্ত্রী থেকে সরকারি দলের সদস্যরা বললেন অগণতান্ত্রিক পদ্ধতিকে মেনে নিচিছ। গণতন্ত্রের সব জিনিস ভাল নয়। আমার মনে পড়ে এই সেই দল যার। এমার্জেনীর বিরোধিতা করেছিল, এই সেই দল যারা গণতন্ত্রীকরণের কথা বলে এবং শিক্ষায় গণতন্ত্রীকরণের কথা আরও বেশি করে বলে। যাঁরা বলছেন যে শিক্ষার প্রসার হয়েছে, স্কুলে জায়গা দেওয়া যাচ্ছে না বামফ্রন্টের রাজত্বে। কিন্তু তথ্য কি বলছে? এখানে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী আছেন, তিনি জানেন, অন্তত মাননীয় অচিত্ত বাবুর থেকে বেশি জানেন, আমি জানি। এখানে ক্লাশ ওয়ান থেকে ক্লাশ ফোর অবধি ৬৪.৭ পারসেন্ট ডুপ আউট, বেরিয়ে যাচেছ? ২৮ পারসেন্ট বাজেটে খরচ করছে। পশ্চিমবঙ্গের এডকেশনের জন্য? তার ডুপ আউট ৬৪.৭ পারসেন্ট ওয়ান টু ফোর? এক থেকে দশ ক্লাশ ৮০.৪৫ আরও বেশি। তাহলে স্কলের শিক্ষাটা কোন জায়গায় গেছে? তার উপরে আজকে গণতদ্বকে খুন করলেন? আমি আবেদন করবো, এই বিল প্রত্যাহার করুন এবং প্রত্যাহার করে মাননীয় সদস্য সঞ্জীব দাসের প্রস্তাব মত বিভিন্ন প্রতিষ্ঠানের, জনসাধারণের মতামত নিন। পশ্চিমবঙ্গের একটা উজ্জ্বল ইতিহাস আছে. সেই ইতিহাসকে এভাবে কলঙ্কিত করবেন না: এই পবিত্র মন্দিরের একটা ইতিহাস রয়েছে, এই পবিত্র মন্দিরকে কলঙ্কিত করবেন না সারা পশ্চিমবঙ্গে গণতত্ত্ব হত্যাকারী হিসাবে চিহ্নিত হয়ে। আজকে সংসদের ভেতর এই বিল এনে আইন করে আপনি গণতম্ভ্র<sup>ক</sup>ে হত্যা করছেন, কাজেই আজকের দিনটি সবচেয়ে অন্ধকারময় দিন, শিক্ষার ইতিহাসে সবচেয়ে कमिक मिन। जाँदै अदै विन প্রত্যাহার করুন এই দাবি করছি।

মিঃ চেয়ারম্যান, স্যার, আমি সেই জেলার প্রতিনিধি যে জেলা শুধুমাত্র পশ্চিম বাংলার

মধোই নয়, সারা ভারতের মধ্যে সবচেয়ে বড় জেলা, নাম মেদিনীপুর। ঐ জেলার প্রাইমারী মল বোর্ড—শিক্ষক গ্রাপয়েন্টমেন্টের উপর আমার কাছে একটা কাগজ আছে। মহামানা ছাইকোর্টের দ্বারা মনোনীত স্পেশাল অফিসার যাঁকে আপনাদের দলের জোচ্চরি ধরবার জন্য নিয়োগ করা হয়েছে তিনি তাঁর রিপোর্ট কি বলেছেন? শুনলে তো ভূমিকম্প হবে। কি ভয়ন্তর অবস্থা করেছেন সেখানে আপনারা? রিপোর্টে বলেছেন—সিরিয়াল নম্বর ৬৬৬ থেকে ৭৭১ সিরিয়াল নম্বর ৭৮২ থেকে ৮৬০, সিরিয়াল নাম্বার ৩৯২৩০ থেকে ৩৯৪০৭—সেখানে দ্ধল ফাইনাল, হায়ার সেকেন্ডারী এবং হায়ার এডকেশনের ক্ষেত্রে মার্কস দিয়েছেন ০ থেকে ১ যারা ফার্স্ট ডিভিশনে পাশ করেছেন তাদের দিয়েছেন ০ থেকে ১ মার্কস, কিছু যারা পি ডিভিশনে পাশ করেছেন তাদের দিয়েছেন ২৫ মার্কস। এটা আমার কথা নয়, মহামানা হাইকোর্ট থেকে নিযুক্ত স্পেশাল অফিসার ওদের এই জোচ্চরি জালিয়াতি ধরেছেন। এইরকম অবস্থা রয়েছে প্রতি ছত্রে ছত্রে। এই রকম একটা বিপজ্জনক অবস্থা সষ্টি করেছেন সেখানে। ইন পেন্ধ নাম্বার টুয়েলভ, ঐ রিপোর্ট বলছে—"Ten candidates who passed in the first division were awarded 25 marks plus two marks. Other candidates who passed only in 'P' division had been awarded 37 to 40 marks." আজকে এই সরকার শিক্ষা নিয়ে জালিয়াতি করছেন, যুবকদের সঙ্গে জালিয়াতি করছেন, শিক্ষকদের সঙ্গে জালিয়াতি করছেন, এমন কি, বাচ্চা শিশুরা যে প্রাথমিক স্কলে শিক্ষা নিতে আসে, সেই সমস্ত স্কলের শিক্ষক নিয়োগের ক্ষেত্রেও ব্যবসা করছেন। আজ্বকে তাঁরা ঐ কলঙ্কিত, জ্বাল প্রাইমারী টিচারস প্যানেলভক্ত এ্যাপয়েন্টমেন্ট বাতিল করে দিয়েছেন। ধরা পড়ে গেছেন হাইকোর্টের দ্বারা নিযক্ত স্পেশাল অফিসারের তৈরি ইনভেষ্টিগেশন রিপোর্টে। এটা আমার কাছে আছে। মাননীয় মন্ত্রী নিশ্চয়ই উত্তর দেবেন এই ভয়ন্কর জালিয়াতি সম্পর্কে।

মিঃ চেয়ারম্যান, এখানে বলা হয়েছে নির্বাচিত হবেন ১৪ জন, আর মনোনীত হবেন ১৭ জন। ৩ জনকে আপনারা এগিয়ে রেখেছেন। বলেছেন, আমরা এদিক ওদিক করে চেয়ারম্যান এবং প্রেসিডেন্ট নিযুক্ত করবো। এখানে আপনাদের সরিক দলের দুজন সদস্য বলছিলেন যে, গণতান্ত্রিক পদ্ধতিতে সব সময় সবকিছু ভাল হয় না। তাহলে এখানে একটা রেজলিউশন নিয়ে আসুন না এই বলে—আমরা গণতান্ত্রিক পদ্ধতিতে বিশ্বাস করি না। এক সময় জ্যোতি বসুকে মুখ্যমন্ত্রী নির্বাচিত করেছিলাম ঠিকই, কিন্তু এখন তাঁর স্থানে বুদ্ধদেববাবুকে মুখ্যমন্ত্রী করবো। গণতন্ত্রে বিশ্বাস নেই যাদের, গণতন্ত্রের মন্দিরে তারা এটাও করতে পারবেন।

[3-45-3-55 p.m.]

তার রেপিটিশান রেন আপনারা। তাই, আবেদন করছি যে আবার একটু ভাবুন। কারণ আপনারা অনেক নক্কারজনক ইতিহাসের রচয়িতা। দীর্ঘ ১৭ বছর এক্সপেরিমেন্টের পরে আপনাদের মনে পড়লো যে ইংরাজীকে আবার প্রাইমারী স্তরে ফিরিয়ে আনা দরকার। তাই, প্রাথমিক স্তরে ক্লাশ ফাইভ থেকে আবার শুরু করলেন। যে নক্কার জনক ঘটনার সূচনা আপনার এক সহকর্মী পার্থ বাবু করে গিয়েছিলেন, তাকে কিছুটা নাঘব করার চেষ্টা করেছেন।

আজকে এখানে আবার অন্ধকার ময় ইতিহাস রচয়িতা হিসাবে প্রতিষ্ঠিত করলেন, গণতমূত্র হত্যা করে যে, নির্বাচিত স্কল কাউন্সিল, নির্বাচিত প্রাদেশিক স্তরে স্কল বোর্ড-এর প্রেসিডেন হবেন মনোনীত। সামগ্রিকভাবে এটা গণতন্ত্রের ইতিহাসের উপ্টো কাহিনী আপনি শুরু করে मिलान আছেকে এই বিলের মাধ্যমে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষা মন্ত্রী যে <sub>বিল</sub> এনেছেন. সেখানে বলছেন, সেকসান ৪৫ অমিট করে দিতে। ডিস্ট্রিক্ট কাউপিলের ক্ষেত্রে বিমাল করা যাবে না। মনোনীত এ্যাপয়েন্টমেন্ট হবে. কিন্তু রিমুভ্যাল হবে না, বাদ দেওয়া যাবে না। সে যত অন্যায় করুক, যত খারাপ কাজ করুক, যত অগণতান্ত্রিক কাজ করুক, যত শিক্ষা বিরোধি পদক্ষেপ নিক. তাকে বাদ দেওয়া যাবে না। কারণ তিনি বললেন, সেকশান ৪৫ অব দি প্রিমিপাল এট্রে শ্যাল বি ওমিটেড। আরও কি বললেন গু আরও বললেন, সেকসান ১০ অব দি প্রিন্সিপ্যাল এটে শ্যাল বি ওমিটেড—প্রাদেশিক স্তরে রাজ্যের প্রাথমিক বোর্ড তৈরি করার ক্ষেত্রে—এতো মনে হচ্ছে, এরা হিটলারের নাতি, হিটলারের বংশধর। হিটলারের রক্ত এদের শরীরে প্রবাহিত হচ্ছে। তার বংশধররা আমাদের সামনে বসে আছেন। এটাতো বিপদজনত ব্যাপার। এরা সাম্রাজ্যবাদের কথা বলছেন, গণতম্বের কথা বলছেন। এটা কোনও সাম্রাজ্যবাদের কথা, কোনও গণতারের কথা? আজকে আর.এস.পি.র একজন বিধায়ক বললেন যে গণতা সব কিছু ঠিক মত হয় না। তাহলে বিধান সভা ছেডে বেরিয়ে যান, পদত্যাগ করুন। তাহলে বলে দিন যে, গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত সরকারের প্রতিনিধি, আমরা গণতন্ত্রের প্রতি আস্থা হারিয়েছি, আমি পদত্যাগ করছি—অচিন্ত রায়। এই কথা বলে এই বিল অনা কাউকে দিয়ে পাশ করান। গণতন্ত্রের শপথ নিয়ে বলবেন আমি গণতন্ত্রের প্রতিনিধি, আর গণতন্ত্রকে হত্যা করে এই বিল নিয়ে আসবেন—এই জিনিস হতে পারে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে তাই আমরা অত্যন্ত চিন্তিত। আমরা চিন্তিত এই কারণে যে রাজ্যে প্রায় ৫১ হাজার विদ্যালয় রয়েছে প্রাইমারী স্কুল সমেত। সেই বিদ্যালয়গুলির অধিকাংশ ঠিকানা হচ্ছে বটতলাং. নদীর কিনারে, আর ভাঙ্গা ঝুপড়ি ঘরে। যে কোনও মৃহর্তে সেগুলি চাপা পড়ে বাচ্চার্ডলি মারা যেতে পারে। এই রকম একটা অবস্থায় এসে দাঁডিয়েছে। কেন্দ্রীয় সরকার আমাদের আগে যেটা আর.এল.ই.জি.পি., এখন জওহর রোজগার যোজনা হয়েছে, তাতে ৫০ হাজার করে টাকা দিতেন। এখন আবার ৭৫ হাজার টাকা দিচ্ছেন বিদ্যালয়গুলিকে পনর্গঠনের জন্য. সংস্কারের জন্য। কিন্তু আমরা দেখছি যে অধিকাংশ টাকা পঞ্চায়েত মেরে দিয়েছে। আর ওদের দলের সমর্থক প্রধান শিক্ষক যারা, তারা আজকে প্রধানের সঙ্গে চুক্তি করে সেই টাকা খ্রচ করছেন না, কোনও সংস্কার করছেন না। আজকে ৩০/৩৫ স্কলের অপারেশান ব্লাক বোর্ডের টাকা খরচ করা হয়নি। প্রত্যেকটি স্কল থেকে মিড-ডে-মিল তলে দেওয়া হয়েছে। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পোশাক বিতরণের জন্য যে টাকা ধার্য আছে প্রতিটি জেলায়, সেটা চুরি, জোচ্চুরি করে মেরে দেওয়া হয়েছে। আজকে সর্বত্র চুরি-জোচ্চুরি, ডাকাতির এক বিরাট ইতিহাস চলছে। আর তার মধ্যে আবার এদের মনোনীত কতকণ্ডলি মার্কামারা ডাকা<sup>তকে</sup> জেলাওয়ারী বসাবার সিদ্ধান্ত নিয়েছেন। এটা সেই জমি পাট্টা দেবার মত শিক্ষা ক্ষেত্রে এ<sup>কটা</sup> ব্যবস্থা চালু করলেন। সেজন্য আমরা এর বিরুদ্ধে প্রতিবাদ করছি। মাননীয় সদস্য সঞ্জীববা<sup>র</sup>

ধ্ব সঠিক ভাবেই বলেছেন যে, এটা জনমত যাচাই করার জন্য বিলি করা হোক এবং ক্রনমত গ্রহণ করা হোক। আজকে শিক্ষার সঙ্গে যুক্ত যারা শিক্ষাবীদ আছেন, শিক্ষার সঙ্গে ফ্রন্ত সংবেদনশীল মণিষী যারা আছেন, তাদের মতামত গ্রহণ করা হোক। আমি তাই আপনার ্রাধামে মন্ত্রী মহাশয়কে আবার বলছি যে একটু ভাবুন, কি বিপদ জনক অধ্যায় রচনা করতে যাচ্ছেন। গণতান্ত্রিক ভারতবর্ষের পটভূমিতে একটা অংশ রাজ্যের শিক্ষা মন্ত্রী হিসাবে কংকারেন্ট লিষ্টের একজন নায়ক হিসাবে এই যে বিপদ জনক অধ্যায় রচনা করতে যাচ্ছেন তার থেকে বিরত হন। নজীর বিহীন দৃষ্টান্ত, নজীরবিহীন পদক্ষেপ আজকে মহামান্য আদালত ঘোষণা করেছেন। জালিয়াতি জোচ্চোর সরকারের মনোনীত কাউন্সিল মেদিনীপুর জেলায় যে জালিয়াতি করে জোচ্চুরি করে সাধারণ খেটে খাওয়া নিম্নমধ্যবিত্ত কৃষক পরিবারের উপযুক্ত যুবক-যবতীদের বঞ্চিত করে, ট্রেনিং প্রাপ্ত যুবকুযুবতীদের বঞ্চিত করে, তফসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের যুবক-যুবতীদের বঞ্চিত করে শুধু মাত্র পার্টির তকমা আঁটা যুবক-যুবতীদের রেখে যে তালিকা তৈরি করেছিলেন আজকে হাই-কোর্টের রায়ে সেই মনোনয়ন বাতিল হয়েছে, সেই চাকুরি বাতিল হয়েছে এবং সেই তালিকা বাতিল হয়েছে। অবিলয়ে আজকে আপনি ঘোষণা করুন মেদিনীপুর জেলার স্কুল বোর্ড কাউদিল, প্রাইমারী কাউদিল বাতিল করা হল এবং নতুন করে সেখানে নতুন কাউন্সিল তৈরি করা হোক এটা ঘোষণা করন। গণতন্ত্রের আপনার ন্যুনতম শ্রদ্ধা ভক্তি থাকে, গণতান্ত্রিক পদ্ধতির উপর ন্যুনতম শ্রদ্ধা ভক্তি থাকে তাহলে আমরা আশা করবো এই ঘোষণা আপনি করবেন। মাননীয় উপাধাক্ষ মহাশয়, আজকে ওঁরা বলছেন যে কংগ্রেস আমলে এই জিনিস হয়েছে, আমাদের এই জিনিস য়ে নি। একজন মাননীয় সদস্য বললেন যে কংগ্রেস আমলে সিগারেটের খোলাতে আমরা নাকি চাকুরি দিয়েছে। কিন্তু এটা কিং আসুন চ্যালেঞ্জ করুন। আপনারা বলুন কেন জালিয়াতি করে, কেন জোচ্চরি করে এই প্যানেল তৈরি করা হয়েছে এবং চাকুরি দেওয়া হয়েছে? কেন তাদের বঞ্চিত করা হয়েছে? আমি তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আবার <sup>বলছি</sup> মাননীয় সঞ্জীব দাস মহাশয় যে দাবি এখানে রেখেছেন তাকে গ্রহণ করুন মাননীয় শিক্ষা মন্ত্রী আজকে এই গণতন্ত্রের পুন্য মন্দিরে গণতন্ত্রকে হত্যা করে কালা পাহাড়ের মতো <sup>নিজেকে</sup> চিহ্নিত করবেন না। গণতান্ত্রিক পদ্ধতিকে শ্রদ্ধা জানিয়ে বিল উইথডু করুন। আমি <sup>এই</sup> ব্যবস্থার বিরোধিতা করছি এবং তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমি দাবি করছি এই বিল <sup>উইথ্</sup>ড করে মেদিনীপুর জেলার প্রাথমিক স্কুল বোর্ড কাউসিল যেটা রয়েছে তাকে বাতিল <sup>করুন</sup>। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আনিসুর রহমান ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের কংগ্রেসের বন্ধুরা খুব কন্ট করে গণতন্ত্রের কথা বলেছেন। আমার শুনতে কন্ট হয়েছে এই কারণে যে হঠাৎ করে গণতন্ত্রের প্রতি অতো আবেগ, এতো গণতন্ত্রের প্রতি ভালবাসা দরদ উথলে উঠছে কেন? অবশ্য এটা হওয়া স্বাভাবিক। কারণ যাদের দলে গণতন্ত্র নেই, গণতন্ত্রের কথা বাইরে বলা বায়ন, এই একমাত্র জায়গা যেখানে দুটো গণতন্ত্রের কথা বলা যায়। তার জন্য তারা বারে

বারে এই কথাটা বলছেন। আমি প্রশ্ন করবো বিনয়ের সঙ্গে, যাঁরা এই গণতন্তের ক্রম বলেন একজন নেতৃ বলেছিলেন রাইটার্স বিশ্তিং দখল করবো, মুখামন্ত্রীর চেয়ারে গিচ বসবেন। এটা নাকি গণতান্ত্রিক কথা। এটাকে ঠেকাতে গেলে অগণতান্ত্রিক হয়ে যায়। আ গত পরত দিন দিল্লিতে আমাদের সমাবেশ হল, বামপন্থীরা গেল মিছিল করে, সেখানে লাচি দিয়ে মারা হল, পুলিশ দিয়ে মারা হল। এটা মানে কিং ওখানে ওরা প্রতিবাদ করবে, এট গণতন্ত্র নয়, আপনাদেরটা হচ্ছে গণতন্ত্র। তার সঙ্গে মানসবাবু বলেছেন এটা গণতন্ত্রে মন্দির আর গণতন্ত্রের মন্দিরকে কলঙ্কিত করেছে কে? গুচ্ছের এম.পি. কিনে সংখ্যা গরিষ্ঠত এনেছেন কারা? লচ্ছা করে না? যারা এম.পি. কিনে সরকারের সংখ্যা গরিষ্ঠতা এনেছেন তাঁরা বলছেন পার্লামেন্ট এবং বিধানসভা হচ্ছে গণতন্ত্রের মন্দির? এই হচ্ছে আপনাদের চরিত্র। আপনারা প্রশ্ন তুলেছেন গণতান্ত্রিক বোর্ড নিয়ে। আপনাদের পুরানো পাপ গুলির কথ একবার খেয়াল করেছেন? ১৯৫০ সালে আপনারা এই বোর্ডের জন্ম দিয়েছিলেন। বোর্ড এ্যাষ্ট্রে কি লেখা আছে? প্রেসিডেন্ট এ্যাপয়েন্টেড লেখা আছে। ১৯৬৩ সালে সেকেন্ডার্ট বোর্ডের আবার এাক্ট তৈরি হয়। তাতে কি লেখা আছে দয়া করে পডন। ১৯৭২ সালে হায়ার সেকেন্ডারী যে এাার্ট্ট হয়েছে তাতে সভাপতি কে হবে আছে, দয়া করে পডন। এাার্ট্ট যদি লেখা থাকে নির্বাচিত হবে, তাহলে আমরা এটা তুলে নেব। পড়ন, দেখুন, ১৯৫০ সালে পড়ন, ১৯৬৩ সাল পড়ন, ১৯৭২ সাল পড়ন। আপনারাই করেছেন, এটা আমাদের আমল হয় নি। এটা গণতন্ত্রের একমাত্র মাপ কাঠি হয় না। দিলিতে আপনাদের কটা বোর্ড আছে আপনারা জানেন? আপনারা জানেন কি না জানি না, আমি জানি না। দুটি বোর্ডের কং আমি জানি, আই.সি.এ.সি. সি.বি.এ.সি., সেখানে নির্বাচন হয় ? তার কারা মেম্বার জানে আপনারা? মাননীয় সৌগতবাব বললেন মৌলি কমিটির কথা। এই কমিটিতে বলা আছে, এক জায়গায় লেখা আছে এটা নির্বাচিত হবে? সবগুলি নমিনেটেড, সব গুলি বাই ডেজিগনেশান। খুলে দেখুন, যদি একটুও অসত্য হয় আমরা এটা তুলে নেব।

[3-55-4-05 p.m.]

আজকে বলছেন যে প্রাইমারী স্কুলে ছেলে কমে যাছে। এর কি হিসাব আছে আপনাদের কাছে? আজ আপনি, মাননীয় সদস্য একটা হিসাব শুনুন। আগের হিসাব নয়, টাটকা হিসাব। ১৯৯১-৯২ সালে পশ্চিমবাংলায় ছাত্র ছিল ৯৩ লক্ষ, এখন হয়েছে কত, না ১০২ লক্ষ। গত এক বছরে ১০ লক্ষ ছাত্র বেড়েছে। আপনারা যখন ক্ষমতায় ছেড়ে চলে যান, সেই ১৯৭৭ সালে ছাত্র সংখ্যা ছিল ৫৪ লক্ষ, আর এখন হয়েছে ১ কোটি ২ লক্ষ। সৌগতবার এখানে বলছিলেন যে ছেলে কমে যাছে। উনি যে জায়গায় থাকেন, সেই জায়গায় ইংলিশ মিডিয়াম স্কুল দু'একটি আছে, যেখানে ছেলে কমে যেতে পারে। কিন্তু আপনি গ্রামে যান, দেখতে পাবেন সেখানে ছেলে বেড়েছে কিনা, সেখানে স্কুলে পড়াশুনা হয় কিনা? এইসব দেখতে হলে গ্রামে চলে যান, সেখানে গিয়ে দেখে আসুন। ড্রপ আউটের কথা বলছেন? ডুপ আউটের রিপোটটা ঠিক নয়। প্রাইমারীতে ছোট ওয়ান এবং বড় ওয়ান, এই দুটি ভাগ আছে।

সাবা পাঁচ বছরের নীচে তারা ছোট ওয়ানের ছাত্র, তাদের নাম ছোট ওয়ানে লেখা আছে। াটে ওয়ান এবং বড় ওয়ান, দুটো মিলিয়ে সংখ্যাটা কমে যায়। এই জন্য ওরা বলে দেয় ক্রপ আউট হয়েছে। কিন্তু এটি কোনও বিতর্কের ব্যাপার নয়। আপনারা বিতর্ক নিশ্চয়ই করবেন। খারাপ হলে তা নিশ্চয়ই বলবেন। কিন্তু সাফল্য হলে তা বলবেন নাং পশ্চিমবাংলায় . শিক্ষার ক্ষেত্রে যে বিকাশ হয়েছে তা বলবেন নাং সমস্যা কিছ আছে. সমস্যা তো থাকবে। অনেক স্কলের ঘরবাড়ি ভেঙে গেছে, এটা আমরা জানি। যে দেশে ৪০-৪৫ ভাগ লোক দারিদ্র <sub>সীমার</sub> নীচে বাস করে, সেখানে সমস্যা থাকবে না? সমতা হয়ে যাবে? আপনারা ৩১ ভাগ টাকা বিদেশ থেকে এবং স্বদেশ থেকে লোন নিয়ে এবং সুদের টাকা পরিশোধ করে চলছেন, দেশটাকে বিক্রি করে দেওয়ার চেষ্টা করছেন। সব বেসরকারি প্রতিষ্ঠানের কাছে তলে দিতে চ্ট্রাছন আপনারা ডাঙ্কেল করবেন বলছেন, কিন্তু শিক্ষার জন্য আপনাদের কোনও দায়ভার আছে প্রধানমন্ত্রী বছ কটে ৯টি দেশের যে সম্মেলেন হয়ে গেল, সেখানে বলেছেন যে নবম প্রান যখন শুরু হবে তখন টাকা দেবেন, তখন টাকা বাড়াবেন। কিন্তু এখন কি হবে? আপনারা শিক্ষার জন্য কটা টাকা খরচ করেন? দেশের মধ্যে কয়েকটা জায়গায় কয়েকটা নবোদয় বিদ্যালয় শুধু আপনারা করেছেন. আর এটা করে সব দায়িত্ব শেষ হয়ে গেল? কোনও দায়িত্ব আপনাদের আছে শিক্ষার ব্যাপারে? পশ্চিমবাংলা কি দিল্লির এল্লাকা নয়? বিহার দিল্লির এলাকা হতে পারে আর পশ্চিমবাংলা কি দিল্লির এলাকা হতে পারে নাং আপনাদের কথা শুনলে অবাক লাগে, বারে বারে আপনারা এই কথাটা বলেন। কিন্তু কি দায়িত নেবেন, সেই দায়িত্ববোধ কি আপনাদের আছে? আমি মনে করি যে পশ্চিমবাংলায় ছাত্র বেডেছে। মাধ্যমিকের পরীক্ষা নিয়ে এখানে প্রশ্ন তুলেছেন। হাা, সেখানে কিছু ক্রটি হতে পারে। তারজনা আমরা দঃখিত। আজকে এত বিশাল দায়িত্ব নিয়ে যেখানে চলতে হয়, সেখানে কিছ ক্রটি থাকতে পারে। আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখন ৫০ হাজার ছেলে পরীক্ষা দিত। আর আজকে সাড়ে চার লক্ষ ছাত্র মাধ্যমিক বোর্ডে পরীক্ষা দিচ্ছে। সারা দেশে. ভারতবর্ষের মধ্যে আর কোনও রাজ্যে এতবড ব্যবস্থা আছে. যেখানে এই রকম সাডে চার লফ ছাত্র-ছাত্রী পরীক্ষা দেয় ? ভারতবর্ষের মধ্যে কোথাও এত বড বোর্ড আছে, কোথাও এতবড কাউন্সিল আছে? আপনারা মৌলি কমিটি করে করে বলেছেন যে পঞ্চায়েতের হাতে ষৰ ক্ষমতা দেবেন। পঞ্চায়েত, জেলা পরিষদ সব নিয়োগ করবে। কিন্তু কে টাকা দেবে? • আপনারা বলছেন, আপনারা টাকা দেবেন না। পঞ্চায়েতকে টাকা জোগাড় করতে হবে। অপনারা বলেছিলেন যে দশ বছরের মধ্যে সার্বিক শিক্ষার ব্যবস্থা করবেন. এলিমেন্টারী এডুকেশানের ব্যবস্থা করবেন। কত দশ বছর তারপরে পার হয়ে গেল, আর কিছুদিন পরে আমরা দু'হাজার সাল পেরিয়ে যাব। প্রধানমন্ত্রী বলেছেন যে সবাইকে শিক্ষার ব্যবস্থা করবেন। পশ্চিমবাংলায় সার্বিক শিক্ষার ব্যবস্থা হয়েছে। এখানে সমস্যা কিছু আছে। এখানে প্যানেল रूल वलाइन--- शातालत कथा वलालन. शाताल তा এমনিতে হয়नि? সেখানে তো ইন্টারভিউ रग्निছে। আপনাদের সময়ে তো কোনও পরীক্ষাই হোত না, এম.এল.এ.দের পকেট থেকে গক্রি হোত। আপনাদের সময়ে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কোনও নিয়ম ছিল না, আপনারা তথন

খেরাল খুশি মত চলেছেন। কিন্তু এখন তা হয় না। আজকে একটা পদ্ধতি আছে, নির্ম্ম আছে। এক্সচেঞ্জ থেকে নাম আসে এবং যোগ্যতা অনুসারে সকলের পরীক্ষা হয়। এটা আপনাদের গায়ে লাগবে, লাগারই কথা। এই রকম কোটা ছিল, সিস্টেম ছিল, আপনারা দিয়ে দিয়েছেন। তার জন্য আজকে যখন সুষ্ঠুভাবে আমরা চালাতে যাচ্ছি আপনাদের কষ্ট হচ্ছে। আমি আপনার কাছে আবেদন করবো অনেক হৈটৈ করেছেন একটু কাজের কথা ভাবুন, একটু দয়া করে প্রধানমন্ত্রীকে গণতন্ত্রের শিক্ষা দেবেন। আপনারা রাইটার্স বিল্ডিং দয়ল করে ক্ষমতা দখল করতে চাইছেন, এটা হচ্ছে গণতন্ত্র আর বামপন্থীরা যখন সমাবেশ করতে চায় তখন তাদেরকে লাঠি মারেন, সেখানে পুলিশ মেরেছে, ওটা গণতন্ত্র নায়। এই সমতে জিনিস আপনারা আজকে চাইছেন, এই জিনিস পশ্চিমবাংলায় হবে না। আমরা মনে করি পশ্চিমবাংলার মানুষ যা চাইছে সেইভাবে আমরা পরিচালনা করছি, আমাদের আবেদন যা করেছেন ঝগড়া করার জন্য করেছেন, আমরা তো এটাকে সমর্থন করছি, আপনারাও সমর্থন করেনে, এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অচিন্ত কৃষ্ণ রায় ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা পশ্চিমবঙ্গ প্রাথ**মিক শিক্ষা বিল ৯৪ সালের উপর যা আলোচনা করেছেন তার জন্য ধনাবাদ জানাচ্ছ। শিশির সরকার, নিত্যানন্দ অধিকারী, সৌমেন্দ্র অধিকারী, সৌমেন্দ্র দাস যারা আলোচনায় অংশ গ্রহণ করেছেন তাদের ধন্যবাদ জানাচ্ছি। যারা বিরোধিতা করেছেন তাদের একট মনোযোগ দিয়ে শোনার জন্য আবেদন করবো। সৌগত বাবু, সঞ্জীববাবু বলেছেন আমরা নাকি নির্বাচন করছি না। নির্বাচনের ভয়ে আমরা এই রকমভাবে পরিবর্তন করার জন্য চেষ্টা করছি। নানা রকমেব কো রিলেশান আছে সেটার পরিবর্তন করে নোমিনেটেড বাডাতে চাচ্ছি। আমি এর আগে সৌগতবাবকে বলেছিলাম উনি পভার তো সময় পাননা, ভাল অধ্যাপক, পভাবেন নিউটনের থিওরি, উনি সেখানে আর্কিমিডিস প্রিন্সিপাল পড়িয়ে দিয়ে চলে গেলেন। কোন বিষয়ে দরকার সেটা জানেন না। আপনারা দেখেছেন টিচারদের ডেফিনেশান নিয়ে দিল্লিতে এটা পাঠানে হয়েছিল, আমরা যখন ৮০ সালে এটা সংশোধন করলাম শুধু শিক্ষকের সংজ্ঞার জনা কয়েক বছর পড়ে রইল। এখন দেখবেন নির্বাচন করতে গেলে অনেক বিশম্খলা দেখা দিতে পারে, সেখানে কিছু টেকনিক্যাল অসুবিধা হবে, সেইগুলি দুর না করে নির্বাচন করা যায় না নির্বাচন করার জন্য এখানে সংশোধন এনেছি। আপনারা দয়া করে পড়ে দেখবেন। আমরা নাকি সদস্য বাডিয়ে দিচ্ছি। আমাদের ১৮টি জেলা, তার উপর একটি প্রাইমারী বোর্ড, রাজা বোর্ড। যেটা সত্যিই বাডানোর কথা বলছেন, আমাদের ১৮টি জেলায় যে কাউপিল <sup>আছে</sup> সেখানে পরিবর্তন হচ্ছে না। যেটা বলছেন ১৩ থেকে ১৭ সেখানে দেখবেন ৪ জন বাড়ানো হয়েছে। ঐ যে ১২ জন আছে, তার সঙ্গে সংখ্যার অনুপাতে করার জন্য যেটা বলেছেন ত মোটেও নয়। এখানে মহিলাদের প্রতিনিধিত্ব করার জন্য ৪ জন আসবে। আপনাদের <sup>যে</sup> বিরোধী দল আছে সেখানে যে কমিটি আছে. জেলাতে বা রাজ্যে এই কর্মচারীরা তারা নানা দলে যুক্ত থাকতে পারে, তারা একটা প্রতিনিধিত্ব চায়। আর যে ২টি মহিলা হচ্ছে <sup>একটা</sup>

ষ্টেট কর্মচারী আর একটা হচ্ছে জেলা কর্মচারী, এটা গণতান্ত্রিক পদ্ধতি নয়, গণতান্ত্রিক পদ্ধতিতে আমরা সমস্ত অংশের মানুষকে আনতে চাচ্ছি। আমরা চাচ্ছি ব্যালেন্স বোর্ড করতে। আমরা প্রেসিডেন্ট নিয়োগ করতে চাচ্ছি বলে সবটা অগণতান্ত্রিক হয়ে যাচ্ছে না। শুধু প্রেসিডেন্ট ওখান থেকেও আসতে পারে, এই ব্যাপারে কোনও বাধা নেই।

[4-05-4-15 p.m.]

কাজেই নির্বাচিত থাকছেন। সরকারের পক্ষে প্রশাসন থাকছেন। আপনারা দেখেছেন পঞ্চায়েত এবং পৌরসভা থেকে থাকছেন। তার সঙ্গে থাকছেন, আমরা বলেছি যিনি চালাতে পারবেন তিনি থাকছেন। আপনারা আমাদের শরিক দলগুলির মধ্যে বিরোধ লাগাবার চেন্টা করবেন না। আমরা শরিকদল নিয়ে সরকার চালাই। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে এই ব্যাপারটি কার্যকর করার ক্ষেত্রে এখানে যিনি যোগ্য হবেন তিনি হবেন। আমাদের শরিক দলের মধ্যে যোগ্য তো আছেনই, এখনও আছেন।

## (গোলমাল)

আপনারা দিনাজপুর জেলাতে দেখবেন, সেখানে শরিকদলের পক্ষ থেকে আছেন। আপনারা কিছুই খবর রাঝেন না। এমন কি আমি বলছি আপনাদেরও যদি শিক্ষাবিদ হন—সৌগতবাবুর মতন দলবাজি করার জন্য অবশ্য নিতে পারবো না—পশ্চিমবাংলার শিক্ষার স্বার্থে কেউ যদি থাকেন সেখানে আমাদের কোনও সংকীর্ণতা থাকবে না, আমরা বাধা দেব না। যদি নির্বাচিত হয়ে থাকেন তাহলে আমাদের কোনও বাধা থাকবে না। আমরা একটা ব্যালেন্স বোর্ড এবং ব্যালেন্স কাউন্সিল করার জন্যই এই সংশোধনীগুলি আনছি। রিমুভ্যালের ব্যাপারে বলেছেন। এটাও স্যার, ওরা পড়ে দেখেন নি। ওরা বলেছেন, আপনি তো কারুকে বিমভ করতে পারবেন না। এটা একটু পড়ে দেখবেন। সেখানে সেকশান ৫২তে, প্রেসিডেন্টের ক্ষেত্রেও আছে সেকশান ১৩(২)তে। সেখানে সরকারের ক্ষমতা আছে রিমুভ করার। সরকারের ক্ষমতা আছে সেকশান ৫২থে রিমুভ করে দেবার। আপনারা এগুলি একটু পড়ে দেখবেন। আপনারা বলেছেন, আইন নেই, দলবাজি হবে ইত্যাদি ইত্যাদি। যে মুহুর্তে তিনি নিয়মশৃঙ্খলা মানবেন না সেখানে আইনের প্রভিসান আছে, সেণ্ডলির আমরা সংশোধন করি নি। আপনারা যদি না · <sup>বড়ে</sup> বক্তৃতা দেন তাহলে আমার কিছু করার নেই। এই বোর্ড অতীতে আপনারা করেছেন। <sup>1ধ্য</sup>শিক্ষা পর্যদ সম্পর্কে যদি গোটাটাই গোলমাল হয় সেখানে সূপারসিড করার জন্য ক্রজ 🦚 আছে। আপনারা ১৭ বছরে ধরে জনগণের কাছে পাতা পান নি তাতে আমরা কি <sup>করবো</sup>? কাজেই শিক্ষার ক্ষেত্রে এই সমন্ত ব্যবস্থা গুলি আছে, এগুলি একটু পড়ে দেখবেন। আর ডঃ মিত্র কমিশনের রিপোর্ট সম্পর্কে যেটা বলেছেন সে সম্পর্কে বলি, এটা তো আমরাই করেছি। ভারতবর্ষের আর কোনও রাজ্যে এটা হয়নি। প্রাথমিক, মাধ্যমিক বা কলেজ <sup>শিক্ষা</sup> সম্পর্কে সেখানে ঐ ধরণের অস্ত্র আপনাদের হাতে তুলে দেওয়া এটা গণতান্ত্রিক বোর্ড না থাকলে কখনও সম্ভব নাকি? আমরা তো আপনাদের হাতে অন্ত তুলে দিয়েছি। গণতাম্ব্রিক

বোর্ড আছে বলে আপনারা আমাদের সমালোচনা করতে পারছেন, আমাদের যদি কোথাও দুর্বলতা থাকে সেটা বার করার সুযোগ পাচেছন। পশ্চিমবঙ্গের জনগণের শিক্ষার স্বার্থে যদি কোথাও সংশোধন করার প্রয়োজন হয় তাহলে নিশ্চয় তা করা হবে। আর অপারেশন রাকবোর্ড ইত্যাদি নিয়ে যা বলেছেন সেসব শিক্ষা বাজেটের আলোচনার সময় হবে, তার জবাব তখন দেব। মিত্র কমিশনের রিপোর্ট সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী বক্তব্য রাখবেন। আমি কালকেও বলেছি, যত শীঘ্র সম্ভব তিনি বক্তব্য রাখবেন বলে বলেছেন। আর ড্রপ আউট, মিড ডে মিল ইত্যাদি নিয়ে শিক্ষা বাজেটের আলোচনার সময় হবে। আর মেদিনীপুর নিয়ে বলি, স্পেশ্যাল অফিসার নিয়োগ হয়েছে কোর্ট থেকে। সেই স্পেশ্যাল অফিসার মেদিনীপুর সম্পর্কে যে মন্তব্য করেছেন তার রায়টা একবার পড়ে দেখবেন। তদন্ত করে বলেছেন, যারা নিয়োগ হয়েছে তাদের ক্ষেত্রে বলেছেন ৪ মাসের মধ্যে।

### (গোলমাল)

হাওড়া সম্পর্কে একই কথা বলা হয়েছে। সেখানে তো জজ রায় দিয়েছেন এবং তাতে আপনাদের ব্যাপারটা ধোপে টেকে নি। আপনাদের দলের একজন লোকই সেখানে মামলা করেছিলেন। সেইসব বিষয় আলোচনা করার অন্য সুযোগ আছে, এখানে এই বিলের ব্যাপারে সেটা আসে না। সেই সুযোগ আপনাদের আছে। সেই সময় আপনারা তুলবেন, দুর্নীতি হলে আপনারা সেইগুলো সংশোধন করবেন। আর বেশি কিছু না বলে আমি আবেদন করবে, আপনারা সকলে এই বিলকে সমর্থন করবেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Achintya Krishna Ray that the West Bengal Primary Education (Amendment) Bill, 1994 be taken into consideration, was then put and agreed to.

#### Clause - 1

The question that Clause-1 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause - 2

Mr. Speaker: There is an amendment to Clause 2 by Shri Lakshmi Kanta Dey being Amendment No.3. The Amendment is in order. Shri Dey may now move his Amendment.

Shri Lakshmi Kanta Dey: Sir, I beg to move that in Clause-2, after sub-clause (e), the following be inserted :-

'(ee) in clause (xxia), for the words "Junior Basic Training Institution", the words "Primary Teachers' Training Institute" shall be substi-

tuted;'

Shri Achintya Krishna Ray: I accept the Amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey is that in Clause-2, after sub-clause (e), the following be inserted:

'(ee) in clause (xxia), for the words "Junior Basic Training Institution", the words "Primary Teachers' Training Institute" shall be substituted;' was then put and agreed to.

The question that Clause -2, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

### Clause - 3

Mr. Speaker: There is an amendment to Clasue - 3 by Shri Lakshmi Kanta Dey being Amendment No.2. The amendment is in order. Shri Dey may now move his Amendment.

Shri Lakshni Kanta Dey: Sir, I beg to move that in clause-3(a), in proposed Section 4(i), Sub-clause (x), item(2), for the word and figures "Section 57", the word and figures "Section 56" be substituted.

Shri Achintya Krishna Ray: I accept the Amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey that in clause-3(a), in proposed Section 4(i), sub-clause (x), item (2), for the word and figures "Section 57" the word and figures 'Section 56" be substituted, was then put and agreed to.

The question that Clause 3, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 4 to 28 and Preamble

The question that Clauses 4 to 28 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Achintya Krishna Ray: Sir, I beg to move that the West Bengal Primary Education (Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed.

[4-15-4-25 p.m.]

শ্রী আব্দুল মাল্লান : মাননীয় ডেপটি ম্পিকার মহাশয়, এই বিলটার যে মূল উদ্দেশ্য সেই উদ্দেশ্য গণতন্ত্রের প্রতি একটা বিরাট আঘাত বলে আমাদের সদস্যরা বারবার মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছেন এবং তারা বলেছিলেন বিলটা প্রত্যাহার করে নেবার জনা অধিকাংশের উপর একটা ক্ষমতা ছেডে দেওয়া অন্যায়। আপনি বললেন প্রেসিডেন্টকে রিমভ্যালের ক্ষমতা থাকছে ১৩(২)তে। কিন্তু সেটা বলছেন গভর্নমেন্টের অধিকার। কিন্তু যারা ইলেকটেড হয়ে আসছেন, তাদের ফাংশনটা কিং সেখানে আপনি বলছেন হি মে নট বি ইলেকটেড। আউট সাইডার, নমিটেড করে তাকে আপনি প্রেসিডেন্ট করে দেবেন। এটা গণতম্বের কোন জায়গায় রয়েছে? একটা লোক ইলেকশনে জিতলো না, হাউসের যদি তার প্রতি মেজবিটি না থাকে, মেজর মেম্বার যদি প্রেসিডেন্টের বিরুদ্ধে যায় তখন একটা অচল অবস্থার সহি হবে। মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, এটা ইগোর ব্যাপার নয়। আপনি অধিকাংশ সদস্যের মতামতকে উপেক্ষা করে তাদের মাথার উপর একজনকে প্রেসিডেন্ট করে দেবেন, এটা কি করে হয় বৃঝিয়ে দিন। আপনার নমিনেটেড মেম্বারও প্রেসিডেন্টের জন্য কনষ্টেট করুন এবং ইলেকটেড হয়ে তিনি প্রেসিডেন্ট হোন, তাতে আমাদের কোনও আপত্তি নেই। আপনি ইলো-তে ভুগছেন। আপনি যা করতে চাইছেন তা পৃথিবীর কোথাও হয় না। অধিকাংশের রায়কে না মেনে নমিনেটেড লোককে দিয়ে গণতন্ত্রকে রক্ষিত হয় না। ঐভাবে গণতন্ত্রকে রক্ষা করতে যাবেন না. এটাই আপনার কাছে আমার অনরোধ।

শ্রী সৌগত রায় ঃ স্যার, আমি মাননীয় মন্ত্রীর রিপ্লাই মন দিয়ে শুনলাম। উনি চেয়ারম্যানের পোষ্টটা তুলে দিতে চাইছেন। সেকেন্ডারী বোর্ডে বা হায়ার সেকেন্ডারী কাউপিলে ভাইস-চেয়ারম্যানের পোষ্ট নেই। ওদের সঙ্গে প্যারেটি এনে তুলে দিছেন। কিন্তু এখানে ভাইস-চেয়ারম্যানের একটা ফ্যাংশন ছিল—প্রেসিডেন্ট কোনও কারণে না এলে, কি জেলায়, কি ষ্টেট কাউপিলে, তাহলে সেখানে কে মিটিং প্রিসাইড করবেন? হয়ত এমন অবহা হল যে, কোনও কারণে প্রেসিডেন্ট দীর্ঘদিন আসতে পারলেন না, বা অসুস্থ হয়ে পড়লেন বা মারা গেলেন তখন তো বোর্ড অচল হয়ে পড়বে যতক্ষণ না সেক্রেটারী রাজ্য সরকারকে জানাবেন এবং যতক্ষণ না রাজ্য সরকার বিকল্প ব্যবস্থা করবেন। ভাইস-চেয়ারম্যান থাকলে টেম্পোরারী ট্রানজিশনাল এ্যারেজ্বমেন্ট হতে পারত। মাননীয় মন্ত্রী এটা তুলে দিছেছন— পসিবলি উনি চান না যে একটা লোক ভাইস চেয়ারম্যান হিসাবে সেই সময়ে ক্ষমতায় থাকবেন, তার ফলে সে সময়ে ওঁর কন্ট্রোল নাও থাকতে পারে। যাই হোক মন্ত্রীর বফ্তৃতার মধ্যে এবিষয়ে আমি কোনও সুস্পন্ত যুক্তি পেলাম না।

শ্রী অচিন্ত কৃষ্ণ রায় ঃ আমি আগেই বলেছি, যে আমরা বোর্ডকে ব্যালেন্স করছি। তা ছাড়া মাধ্যমিক শিক্ষা পর্যদে ৬৩ সাল থেকে প্রেসিডেন্ট নিযুক্ত হয়ে আসছেন। এখনও সেই পদ্ধতিই চলছে। এখানেও সেই একই পদ্ধতি। এখানে বাকি সব নির্বাচিত প্রতিনিধিরা তো

প্রাকছেন। তারপর রিমুভালের প্রশ্নটি মাননীয় মান্নান সাহেব তুলেছেন। ১০নং এবং ৪৫ নং ধারায় রিমুভালের কথা বলা আছে—সরকার দরকার হলে, কোনও অন্য সিচ্যুয়েশন হলে নিয়ম ও পদ্ধতির মধ্যেই ব্যবস্থা নিতে পারবেন। আশা করি এটা মাননীয় সদস্যরা মেনে নেবেন। আর না মানলে আমি কি করতে পারি।

The motion of Shri Achintya Krishna Ray that the West Bengal Primary Education (Amendmen) Bill, 1994 as settled in the Assembly, be passed —was then put and agreed to.

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

## Demand No. 41

ডাঃ মানস উঁইয়া : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী দীনেশ চন্দ্র 'ডাকুয়া পশ্চিমবঙ্গ সরকারের তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের যে ব্যয়-বরান্দের দাবি পেশ করেছেন সেই বিতর্কে অংশ গ্রহণ করে আমার একটি কথা শুধু মনে পড়ছে, এই বাজোর তফসিলি জাতি আদিবাসী এবং পিছিয়ে পড়া যেসব মানুষজন রয়েছেন তাদের কল্যাণের জন্য এই দপ্তর নয়, তাদের নিধনের জন্য এই দপ্তর এবং সেই কাজ মাননীয় মন্ত্রী মহাশয় খুব সূচারুভাবে করে চলেছেন পশ্চিমবঙ্গ সরকারের দায়িত্ব থেকে। এই রাজ্য হচ্ছে উড়িষ্যা এবং বিহারের সীমান্তবর্তী এবং এই রাজ্যে তফসিলি আদিবাসী মানুষের সংখ্যা একটা বিরাট পরিমানে আছে এবং তারসঙ্গে যুক্ত হয়েছে সম্প্রতি কেন্দ্রীয় সরকারের দ্বারা স্বীকৃত কমিশনের সুপারিশকে গ্রহণ করার মাধ্যমে। যে আদার ব্যাকওয়ার্ড ক্লাস, সমাজের পিছিয়ে পড়া অন্যান্য যেসব মানুষ তাদের সংখ্যা পশ্চিমবাংলায় কম নয়। একটা বিরাট অংশের মানুষ অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে, সামাজিক ন্যায়-বিচারের ক্ষেত্রে, প্রশাসনিক সুযোগ-সুবিধার ক্ষেত্রে গত কয়েক বছর ধরে বঞ্চনার শিকার হয়ে আছে। কাগজে-কলমে অনেক প্রকল্প আছে, অনেক কর্মসূচীর কথা বলা আছে, কিন্তু সমাজের এই মানুষগুলি যারা চিহ্নিত হল তাদের প্রতি এই মার্কস্বাদী কমিউনিষ্ট পার্টির নেতৃত্বে বামফ্রন্ট সরকার যেভাবে রাজত্ব চালাচ্ছে তাতে বিগত কয়েক বছর ধরে আদিবাসী মানুষের উন্নয়নের নামে আদিবাসী নিধন করেছেন, তফসিলি মানুষের উন্নয়নের নামে বঞ্চনা করেছেন। সবচেয়ে নঞ্চারজনক ঘটনা হচ্ছে, আদার ব্যাকওয়ার্ড ক্লাস, অন্যসব পিছিয়ে পড়া মানুষের ক্ষেত্রে একটা তালিকা পর্যন্ত করেননি। সারা ভারতবর্ষে যখন কংগ্রেসি রাজ্যে এবং কেন্দ্রীয় সরকার পিছিয়ে পড়া মানুষের তালিকা তৈরি করে যখন সংরক্ষণ নীতি সুস্পষ্টভাবে ঘোষণা করে দিয়েছেন, যখন অর্থনৈতিক ক্ষেত্রে কর্মসূচীভিত্তিক অর্থ বিনিয়োগ করে জাতীয় স্তরে ফিনান্সিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন তৈরি করেছেন আদার ব্যাকওয়ার্ড ক্লাসের জন্য। যখন তারা নির্দিষ্ট কর্মসূচী ঠিক করে দিয়েছেন, তখন আমাদের বাংলায় পিছিয়ে পড়া মানুষ, যুবক-যুবতী, ছাত্র-ছাত্রীরা সেই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে এদের হঠকারী রাজনৈতিক সিদ্ধান্তের জন্য। ১৬৩ কোটি টাকার বাজেট বরাদের

ট্রাইবাল সাব-প্ল্যান থেকে শুরু করে গ্রামীন ক্ষেত্রে ট্রাইবাল এরিয়া সাব-প্ল্যান প্রভৃতি অনেকণ্ডলি থাতে টাকা ধার্য করে অর্থ বিনিয়োগের জন্য দাবি করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশার, আমাদের রাজ্যে আজকে আদিবাসী এবং তফসিলি মানুষের সংখ্যা নেহাত কম নয়। তফসিলি সিভিউল কাস্ট্রস মানুষের সংখ্যা ১ কোটি ৬০ লক্ষ ৮০ হাজার। টোটাল পপুলেশানের ৩৪ পারসেন্ট, ১৯৯১ এর সেনসাস অনুযায়ী। আর সিভিউল ট্রাইব পপুলেশন ৩৮ লক্ষ ৮ হাজার ৭৬০, এ্যুজ্ব পার ১৯৯১ সেনসাস।

[4-25-4-35 p.m.]

এর সংখ্যাটা নেহাত কম নয়, আর যদি আদার ব্যাকওয়ার্ড ক্লাস ধরি তাহলে ৫২ পারসেন্ট অফ দি টোটাল পপুলেশান চলে যাচেছ তাদের সংখ্যাই আজকে বেশি। ভারতবর্ষের প্রেক্ষাপটেই বলুন, আর বাংলার প্রেক্ষাপটেই বলুন সেভাবে একজন বলতে পারবে। মাননীয় মন্ত্রী আজকে দ্বিধাগ্রস্ত, দিকশূণ্য। একটা সরকারের যদি ভাইরেকসন না থাকে যদি মাপকাঠি না থাকে তাহলে সেই সরকার কোন নিরিখে কর্মসূচী ঠিক করবেন ? ওঁরা বলবেন আমাদের ডাইরেকসন ঠিক আছে, আমরা আদিবাসী তফসিলিদের প্রতিনিধিত্ব করছি, আমরা ভূমিসংস্কার করছি, আমরা পঞ্চায়েতের মাধ্যমে ওদের অর্থনৈতিক মনোনয়ন করে দিয়েছে। কিন্তু এই কর্মসচীর ২০ ভাগ মাননীয়া ইন্দিরা গান্ধী প্রাক্তন প্রধান মন্ত্রী প্রয়াত নেত্রী ১৯৮০ সালে ঘোষণা করেছিলেন। এই কর্মসূচীগুলি ট্রাইব্যাল সাব-প্ল্যান ইন্টোপ্রেটেড tribal development programme তার অন্যতম কর্মসূচী আই,টি.ডি.পি. সিডিউল্ড কাষ্ট অ্যান্ড সিডিউল্ড ট্রাইবস financial development corporation. জাতীয় স্তরে শুরু হয়েছে, রাজ্য স্তরে আপনার৷ তা গ্রহণ করেছেন। গ্রামীন ক্ষুদ্র কৃটির শিল্প থেকে শুরু করে সেচ, কৃষি ভূমি সংস্কার পর্যন্ত প্রতিটি খাতে খণ দেওয়া থেকে শুরু করে কৃষি ভিত্তিক সেচ সবটাই কেন্দ্রীয় সরকারের কর্মসূচী, আপনারা পোষ্ট অফিসের কাজ করছেন। কোনও ইনোভেটিভ স্কীম তৈরি করতে পেরেছেন ? প্রতি দপ্তরে বসে এত আদিবাসী তফসিলি মানুষের অর্থনৈতিক বনিয়াদ তৈরি করার জন্য করেছি বলতে পারবেন না। আজকে পশ্চিমবঙ্গে আই.টি.ডি.পি. এরিয়া ভুক্ত এলাকায় প্রায় ১২৪১৫.৩২ স্কুল গেম, যেখানে আদিবাসী তফসিলি মানুষদের জন্য কেন্দ্রীয় সরকারের ঘোহিত কর্মসূচী, সস্তায় চাল দেওয়া বিভিন্ন অর্থনৈতিক কর্মসূচীকে আজকে তুলে দেওয়া সেখানে আমরা দেখেছি আমরা মাত্র টোটাল পপুলেশনের ৫০ পারসেন্ট কভার করতে পারছি না। ৫০ পারসেন্ট অফ দি টোটাল পপুলেসন আদিবাসী এবং তফর্সিলি পপুলেশন আজকে আই.টি.ডি.পি. এরিয়ার বাইরে পড়ে আছে। এতে সরকারের ভূমিকা কি উনি বলবেন ছড়িয়ে ছিটিয়ে থাকা তফসিলি একটা নিউক্লাস নিয়ে এসে কর্মসূচী প্রণয়ন করার ক্ষেত্রে অসবিধা হচ্ছে। আজকে জাতীয় পর্যায়ে মিটিং হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রের কাছে বলে বেড়াচ্ছেন। আমরা সব ক্ষেত্রে তাঁর সঙ্গে সহযোগিতা করতে প্রস্তুত। কিন্তু কোনও ক্ষেত্রে আদিবাসী তফসিলি মানুষদের যার ৫০ পারসেন্ট মানুষ আজকে পশ্চিমবঙ্গে আনকভারড পড়ে আছে। আই.টি.ডি.পি. প্রোগ্রামে পশ্চিমবঙ্গে আপনাদের নেতৃত্বে তার কর্মসূচী প্রণয়নের

জন্য জাতীয় স্তরে বিতর্ক তুলে কোনও কর্মসূচী নিলেন না। আমরা যখন এই বিষয়ে প্রশ্ন তলে আপনাদের দৃষ্টি আকর্ষণ করি আপনারা বললেন কেন্দ্রের প্রতিবন্ধকতা আছে. কিসের প্রতিবন্ধকতা? আজকে এই সুযোগে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাদের গভীরভাবে এই কথাটা ভাবতে হবে, এই কারণে ভাবতে হবে আমরা সিডিউল্ড কাষ্ট পপ্লেশন এদের আই.টি.ডি.পি.র আওতায় আনা গেছে ২৮৩৭১২০ মোটামুটি একটা সংখ্যা সিডিউল্ড ট্রাইবস আদিবাসী মানুষদের মাত্র ১৫ লক্ষ ৫৪ হাজার ৪৯৯ জনকে আপনাদের তথ্য বিরাট সংখ্যক মান্য উত্তরবঙ্গে জলপাইগুড়ি, কুচবিহার, মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া ২৪ পুরুগণা, নদীয়া সর্বত্র আদিবাসী তফসিলি মানুষ আজকে পড়ে আছে। আমাদের সরকারের অবহেলায়। আজকে পথ বার করতে হবে। সেই পথের নিশানা আপনাদের বাজেটে নেই। বলা হয়নি যে আমরা এ বছর থেকে ঠিক করছি যে পশ্চিমবঙ্গের সমস্ত আদিবাসী তফসিলি কর্মসূচীর আওতায় নিয়ে এসে এদের অর্থনৈতিক বনিয়াদ তৈরি করব। মাননীয় উপাধাক্ষ মহাশয় আজকে প্রায় সামগ্রিকভাবে এই সব তফসিলি আদিবাসী সমাজের ৮০ ভাগ গ্রামে বাস করে। এটি পারসেন্ট অফ দি টোটাল পপলেশন অফ এস.সি. অ্যান্ড এস.টি. এরা গ্রামে বাস হরেন। আজকে প্রতিটি জায়গায় বিকেন্দ্রীকরণের কথা বলছেন, কিন্তু ঝাডগ্রামে চলে যান, েখবেন, প্রকাশ্য দিবালোকে ঝাডগ্রাম শহরের গোডাউন থেকে আই.টি.ডি.পি.র চাল লরি করে পাচার হচ্ছে বিহারে। ব্যাপারটা বারবার হাউসে উত্থাপন করেছি, কিন্তু এই নিয়ে কোনও অনুসন্ধান করা হয়নি। তারফলে সেখানকার দরিদ্র আদিবাসী মহিলা ও পরুষ যারা জঙ্গলে ঘুরে ঘুরে শালপাতা এবং মহুয়া ফল সংগ্রহ করে বাজারে বিক্রি করে সেই পয়সায় চাল কিনছেন তারা আই.টি.ডি.পি.র চাল পাচ্ছেন না। সেখানকার রেশন ডিলার যারা তারা ঐসব আদিবাসীদের রেশন কার্ডগুলি ছিনিয়ে রেখে দিয়েছে, তারফলে তারা রেশনের দোকান থেকেও সাবসিডির চাল ও গম কিনতে পারছেন না। আজকে পুরুলিয়া এবং বাঁকুড়ায় তাই নিরন্ন হিসাবে দিন কাটছে সাধারণ মানযের। আর পশ্চিমবঙ্গ থেকে এঁরা যান উডিয্যার কালাহান্ডি। আজকে সেখানকার তফসিলি আদিবাসী মানুষ সামাজিক, রাজনৈতিক এবং প্রশাসনিক ভ্রষ্টাচারের শিকার হয়ে অপুষ্টির কারণে টি.বিতে আক্রান্ত হয়ে কাটাচ্ছেন। এসব কথা যখন আমরা বলি তখন আমাদের কথার মধ্যে এরা চক্রান্ত দেখেন, নরেণ হাঁসদা যখন এসব কথা বলেন তখন তারমধ্যে বিচ্ছিন্নতাবাদের আভাষ পান। আপনারা নিজেরা বিহারে গিয়ে বলেন—আদিবাসীদের <sup>ঝাড়খন্ড</sup> রাজ্যের দাবি যৌক্তিক, তাদের হক আদায়ের জন্য সেখানে প্রেস কনফারেন্স করেন, <sup>মধ্য</sup>প্রদেশে গিয়ে বলেন— আদিবাসীদের দাবির পেছনে যৌক্তিকতা রয়েছে, কিন্তু পশ্চিমবঙ্গে বলেন—ছিঃ ছিঃ, পশ্চিমবাংলায় এই দাবি করা যায় না, এটা বিচ্ছিয়তাবাদ। আপনাদের এই যে দুমুখো নীতি, এটা রাজনৈতিক স্থৈরাচার। এই সমস্যা নিয়ে ভারতবর্ষের স্থরাষ্ট্রমন্ত্রী একটা <sup>মিটিং</sup> ডেকেছিলেন, কারণ, এ-ব্যাপারে এককভাবে কোনও সিদ্ধান্তে আসা যায় না। ঐ <sup>নিটিং</sup>য়ে পশ্চিমবঙ্গসহ বিহার, ওড়িষ্যা এবং মধ্যপ্রদেশের মুখ্য মন্ত্রীদেরও ডাকা হয়েছিল। <sup>সেখানে</sup> প্রধানমন্ত্রী জানতে চেয়েছিলেন রাজ্য সরকারগুলির মতামত। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সেই মিটিংয়ে আমাদের মুখ্যমন্ত্রী গিয়েছিলেন কি? আমাদের সংবাদ, তিনি

যাননি, এ্যাভয়েড করেছেন। কেন যাননি? আজকে রাজনৈতিক চরিত্র প্রকাশিত হয়ে পড়বে বলে তিনি যাননি। আমরা শাঁখামূটি সাপ দেখেছি যার সামনেও মুখ, পেছনেও মুখ। ওরাও সেরকম, দুটি মুখ রয়েছে; একমুখ দিয়ে বিহার, উড়িয়া এবং মধ্যপ্রদেশে গিয়ে এক কথা বলেন, অপর মুখ দিয়ে এখানে অন্য কথা বলেন। ওরা অপারচুনিষ্ট, তাই ধান্দাবাজির রাজনীতির জন্ম দিয়েছেন এবং তারজন্য বিশৃদ্ধলা সৃষ্টি হয়েছে। ঝাড়খন্ডী রাজ্য হবে কি হবে না জানি না, কিন্তু আদিবাসীদের জন্য যদি ত্রিপুরায় স্বশাসিত পরিষদ করতে পারে তাহলে বাংলার মাটিতে আদিবাসী তফসিলিদের জন্য স্বশাসিত কাউপিল তৈরি হবে না কেনং মন্ত্রীর কাছে আমার দাবি, পশ্চিমবঙ্গেও তফসিলি আদিবাসীদের জন্য কাউপিল তৈরি করন। আজকে কেন্দ্রীয় সরকার ট্রাইবাল স্টেট প্র্যান মিডটার্ম লোন থেকে শুরু করে শর্টটার্ম লোন দিচ্ছেন। জাতীয় স্তরে এস.সি. অ্যান্ড এস.টি. ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশন তাদের সাহায়্য এবং সহযোগিতা দেবার জন্য ১২৫ কোটি টাকার যে ফান্ড তৈরি করেছেন, তার থেকে আপনারাও টাকা পেয়েছেন, সেই টাকা খরচও করেছেন, কিন্তু টাকাটা যাদের পাবার কথা তারা পাননি, মধ্যস্বত্বভোগীরা সেই টাকায় ফ্লেফেণ্ড উঠেছে।

## [4-35-4-45 p.m.]

পার্টি অফিসগুলির সংখ্যা বাডছে, আর গ্রামে আদিবাসী, তফসিলিরা শীর্ণকায় হছে, তারা জঙ্গলে ঘুরে ঘুরে জীবন কাটাচ্ছে। ১৭ বছর বাদে তফসিলি, আদিবাসী যে সম্প্রদায়, যাদের নিয়ে আপনাদের এই রাজনৈতিক চিত্র, তাদের অর্থনৈতিক বনিয়াদ সম্পর্কে এই হচ্ছে আপনাদের চিন্তা-ভাবনা। এই জায়গায় আমাদের প্রতিবাদ রয়েছে এবং এই প্রতিবাদ রয়েছে বলে আমরা স্পষ্ট ভাষায় দাবি করছি যে পশ্চিমবঙ্গে আদিবাসী এবং তফসিলিদের জন্য স্বয়ংশাসিত কাউন্সিল তৈরি করে তাদের উন্নয়নের দায়িত্ব তাদের হাতে তুলে দিন। গত বছর यथन গোর্খাদের, উন্নয়ণের জন্য দার্জিলিং হিল কাউন্সিল করার কথা হয়েছিল তখন বলেছিলেন যে আমরা বুকের রক্ত দিয়ে এটা বন্ধ করে দেব। আজকে সেই সুভাষ ঘিসিং হচ্ছেন জ্যোতিবাবুর এক নম্বর বন্ধ। আজকে বিল কাউন্সিল যদি সংবিধানের আওতায় থেকে গোর্খাদের উন্নয়নের ধারক হতে পারে তাহলে বাংলার স্বার্থে আদিবাসী এবং তফসিলিদের জন্য স্বয়ংশাসিত পরিষদ হবে না কেন? আমি আপনাকে একথা বলবো, মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলবেন যে, আমি বিবেকের যন্ত্রনায় তাডিত হয়েছি, দীর্ঘ ১৭ বছর এই নিরম মানুষগুলিকে বঞ্চনা করেছি, এখন আমি আদিবাসী এবং তফসিলিদের উন্নয়ণের জন্য এই কাউন্সিল ঘোষণা করছি। আপনি এটা নিশ্চয়ই করবেন বলে আমি আশা করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সারা ভারতবর্ষে প-িচমবঙ্গকে নিয়ে যে বিতর্ক সেটা হচ্ছে আদার ব্যাকওয়ার্ড ক্লাস নিয়ে আমরা মন্ডল কমিশনের রিপোর্টের কথা বারেবারে বলেছি। এই রিপোর্টে কি বলা আছে? আপনারা কি মহাপাপ করেছেন? সারা ভারতবর্ষ একদিকে চলছে, ভারতবর্ষের ২৫টি রাজ্য একভাবে চলছে. আর আমাদের এখানকার নায়ক মন্ত্রী দীনেশ ডাকুয়া মহাশয়, ১৭ বছরের বাংলার নবাব, তিনি আর একদিকে চলেছেন। তিনি বলেছিলেন

যে মাননীয় মন্ত্রী বিনয় কৃষ্ণ চৌধুরীর নেতৃত্বে একটা কমিটি হবে। ১৯৮০ সালে সেই কমিটি ভল। সেই কমিটি কি রিপোর্ট দিল? সেই কমিটি রিপোর্ট দিল, It also recommended the identification of the occupational groups as backward and formulation of comprehensive programme "for the economic development and educational advancement of these groups who are below the poverty line" The Committee was against reservation of quotas in Government Services for backward classes. The States and Union Territories which have never prepared a list of OBCs or taken any separate action for their upliftment. তার মধ্যে পশ্চিমবঙ্গ অন্যতম। এই যে ক্ষতি করলেন, এটা কাদের ক্ষতি করলেন ? সারা ভারতবর্ষে আজকে ন্যাশানাল ব্যাকওয়ার্ড ডেভেলপমেন্ট ফিনান্স তৈরি হয়ে গেছে। ৫ শত কোটি টাকা মূলধন করে সারা ভারতবর্ষের প্রতিটি রাজ্যে আদার ব্যাকওয়ার্ড ক্লানের ছেলেমেয়েদের শিক্ষার অগ্রগতির ক্ষেত্রে, শিল্পের অগ্রগতির ক্ষেত্রে, চাকরীর ক্ষেত্রে, সংরক্ষণের ক্ষেত্রে, আজকে তারা কর্মসচী ঘোষণা করেছে। আর আমাদের বাংলার ও.বি.সি'র ছেলেমেয়েরা বঞ্চিত হয়ে থাকবে। চাকুরীর ক্ষেত্রে যে ২৭ পারসেন্ট সংরক্ষণ, সেটা তারা পাবে না, অন্যান্য সংরক্ষণ তারা পাবে না, তারা আজকে রাজনৈতিক অবিচারের শিকার হবে, অর্থনৈতিক কোনও কর্মসচীর সযোগ পাবে না। ৮ কোটি টাকা ইতিমধ্যে ১৯৯৩-৯৪ সালের জন্য ইয়ার মার্ক করা হয়েছে। সেই টাকা দিয়ে আপনি কি করবেন? ৮ কোটি টাকা কেন্দ্র ইতিমধ্যে রাজ্যকে দিয়েছে। আপনার হাতে ও.বি.সি.র লিষ্ট নেই। আপনি বলছেন যে কমিটি করে দিয়েছেন এক্স.জাষ্টিস এ.এন.সেনের নেতৃত্বে। সেই কমিটি রিপোর্ট দেবে। আপনাকে আমি বলবো, আপনি মিথ্যাচারের বেডাজাল থেকে বেরিয়ে এসে বলুন যে এক মাসের মধ্যে, কি ১৫ দিনের মধ্যে বা ২০ দিনের মধ্যে বা ৫ বছর বাদে সেই কমিটি রিপোর্ট দেবে। আপনি ভাবের তরণী নদীতে ভাসিয়ে দিয়ে বসে থাকবেন, আর আমাদের রাজার আদার ব্যাকওয়ার্ড ক্রাসের ছেলে-মেয়েরা আপনার এই সিদ্ধান্তের ফলে বঞ্চিত হবে. তারা বঞ্চনার শিকার হবে—এই জিনিস চলতে পারে না। গণতান্ত্রিক পদ্ধতিতে একটা ফেডারেল ট্রাকচারের মধ্যে ভারতবর্ষের একটি অঙ্গ রাজ্যের মন্ত্রী হিসাবে আপনি একথা পরিষ্কার করে বলবেন যে আদার ব্যাকওয়ার্ড ক্লাসের জন্য যে সুযোগ-সবিধা, সেই সুযোগ-সবিধা তারা পাবে। কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই ঘোষণা করেছেন এবং কেন্দ্রীয় সংস্থাওলিতে চাকুরী দেওয়া শুরু হয়েছে। সেখানে আজকে পশ্চিমবঙ্গের ছেলেমেয়েরা এই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। অন্য জায়গায় মাহাতো, কর্মী, মাহিষ্য কমিউনিটির লোকেরা সুযোগ পাচ্ছে। ভারতবর্ষের অন্য রাজ্যগুলিতে তারা স্যোগ পাচ্ছে, কিন্তু সেই একই ফেডারেল ট্রাকচারের মধ্যে থেকে পশ্চিমবঙ্গে কোনও উন্নাসিকতায় সেই মানুষগুলিকে বঞ্চিত রাখা হয়েছে? তাই যদি হয় সপ্রীম কোর্টের নির্দেশ পাওয়ার পর যে কমিশন তৈরি করেছিলেন, এতো বছর বাদে, ১৪ বছর ধরে অপেক্ষা করলেন কেন? ১৪ বছর আপনারা বঞ্চিত করেছেন। প্রথম থেকে বিনয়বাবুর নেতৃত্বে যে কমিটি হল তাঁরা বলে দিলেন যে আমাদের এখানে আদার ব্যকওয়ার্ড ক্লাস বলে কিছু নেই। এখন মন্ত্রী মহাশয় পরিস্থিতির চাপে পড়ে বলতে বাধ্য হচ্ছেন যে

আমরা খুঁজে দেখবো, তালিকা তৈরি করবো। কবে হবে? আজকে এই কাজ যে দপ্তরের তার মন্ত্রী আপনি, আপনাকে বলতে হবে। এরা যে বঞ্চিত হল তার জন্য দায়ি আপনি। আপনাকে কাটাগরিক্যালি বলতে হবে কবে তালিকা তৈরি হবে এবং কেন ওদের বঞ্চিত করলেন আপনি পেছিয়ে পড়া মানুষের শত্রু। পেছিয়ে পড়া মানুষকে অর্থনৈতিক দিক থেকে বঞ্চিত করছেন। তাদের ছেলে-মেয়েরা যাতে চাকরী না পায়, তাদের ছেলে-মেয়েরা যাতে পডাশোনা করতে না পারে, তারা অর্থনৈতিক অগ্রগতির পথে যেতে না পারে তার বাবস্থা আপনি করেছেন। পেছিয়ে পড়া যে সমাজগুলি রয়েছে, মাহাতো, কর্মী, মাহিষ্য আরও অনেক যে সমস্ত শ্রেণী রয়েছে আজকে সেই সমাজের সেই শ্রেণী গুলিকে আপনি বঞ্চিত করছেন। কেন্দ্রের মাননীয় মন্ত্রী কিছদিন আগে আমার বিধানসভা কেন্দ্রে গিয়েছিলেন, আমাদের জেলাতে গিয়েছিলেন। মাননীয় মন্ত্রী এখানকার সমস্ত পরিম্বিতি দেখে গিয়েছেন এবং জোরের সঙ্গে বলে গিয়েছেন আমাদের দলের সভাপতি সোমেন মিত্র মহাশয়কে যে, বিপদ জনক ব্যাপার, পশ্চিমবাংলা এই ব্যাপারে সাংঘাতিক পেছিয়ে গিয়েছে। ভারতবর্ষের সমাজ কল্যাণ মন্ত্রী সাবা ভারতবর্ষ ঘরে বেডাচেছন, প্রতিটি রাজ্যে গিয়েছেন। প্রতিটি রাজ্য তার সযোগ সবিধা, তাদের **হক অধিকার আদায় করে নিচ্ছে। আর আপনার পশ্চিমবাংলার ছেলেমেয়েরা আজকে পেছি**ট্রে প**ডছে। আমি প্রতিদিন কত মানুষের কাছ থেকে চিঠি পাচ্ছি, কত মানুষ আমা**র সঙ্গে **টেলিফোনে যোগাযোগ করছে এবং বলছে. কেন আম**রা এই বঞ্চনার স্বীকার হয়ে আছি। আপনারা করছেন, করবেন বলে কাটিয়ে দিচ্ছেন, আর ওই মানুযগুলোকে বঞ্চিত করছেন। তাই আপনাকে আমি বলছি আপনি শ্লোগান দিন আদার ব্যাকওয়ার্ড ক্লাসের আন্দোলনের সমর্থনে সমস্ত রকম কভা ব্যবস্থা নেওয়া হবে। যেমন করে বলেন আপনাদের মিছিলে না এলে পতাका ना ধরলে, আপনাদের হয়ে জিন্দাবাদ না বললে, আপনাদের ভোট না দিলে আই আর ডি পি এন আর.আই.ই.পি-র লোন দেওয়া হবে না, তাদের সমাজে বেঁচে থাকার **অধিকার দেওয়া হবে না। অনেক মানুষ এইভাবে পশ্চিমবাংলার গ্রামে গ্রামে বয়কট হ**য়ে পড়ে রয়েছে, অর্থনৈতিক অবরোধের স্বীকার হয়েছে। আপনারা ও.বি.সি.র ব্যাপারে বলতে চাইছেন এই রকম চলবে, কোনও রকম আন্দোলন করা যাবে না, তোমরা যেমন পেছিয়ে আছো তেমনি পেছিয়ে থাকো, পশ্চিমবঙ্গ সরকার আমরা চালাচ্ছি, যে দিন বুঝবো সেই দিন ু দেব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার ইতিহাসে আজকে এই গণতন্ত্রের পুন্য মন্দিরে একটু আগে একটা খুন হল, গণতম্ভ খুন হল, সেই খুনি হচ্ছেন মাননীয় প্রাথমিক শিক্ষামন্ত্রী **শ্রী অচিন্তকৃষ্ণ রায়। আজকে গণতন্ত্রে পুণ্য মন্দিরে আরও একটা বিভিযিকা ভয়ঙ্কর বিপদ জনক অধ্যায় রচিত হয়েছে এই ব্যয় বরাদ্দ পেশ করে। সেটা হল তফসিলি জাতি** এবং উপজাতিদের অধিকার কেড়ে নিয়ে তাদের বঞ্চনার স্বীকার করে, সামাজিক অবিচারের স্বীকার করে পেছিয়ে পড়া মানুষদের ও.বি.সি.র অধিকার না দিয়ে। এই সরকার যে দাবি করে পেছিয়ে পড়া মানুষের সরকার, এটা ঠিক নয়। ওরা পেছিয়ে পড়া মানুষের সরকার নয়, পেছিয়ে পড়া মানুষের ধারক-বাহক নয়। এই সরকার পেছিয়ে পড়া মানুষকে বঞ্চিত করে আরও অনেক দরে পেছিয়ে দিচ্ছে। এই বঞ্চনার ইতিহাসের এই দলিলকে আমি কখনই

সমর্থন করতে পারছি না, এই বাজেট বরাদ্দকে সমর্থন করতে পারছি না। আমাদের আনা কাট মোশানকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-45-4-55 p.m.]

শ্রী ভন্দু মাঝি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গের তফসিলি জাতি এবং উপজাতি বিভাগের মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এনেছেন তাকে সমর্থন জানিয়ে কিছ বলতে চাই। স্যার, কিছুক্ষণ আগে আমি মানসবাবুর বক্তব্য শুনছিলাম। উনি যে কথাটা এখানে বলার চেষ্টা করেছেন, অনুরূপভাবে আমি লক্ষ্য করেছিলাম, কিছদিন আগে এখানে ক্রাগ্রেসের সভানেত্রী পুরুলিয়া এবং বাঁকুড়ার তফসিলি জাতি এবং উপজাতি মানুষদের একটা প্রসংখ্যান দিয়েছেন। তিনি যা বলেছেন তাতে সারা পশ্চিমবাংলায় তফসিলি জাতি এবং উপজাতি মানুষ বিভ্রান্তির মধ্যে পড়েছেন। উনি পরিসংখ্যান দিয়ে বলেছেন যে পুরুলিয়া, বাকুড়া এবং মেদিনীপুরে নাকি সন্তর ভাগ তফসিলি জাতি এবং উপজাতির মানুষ বাস করেন। স্যার, আপনি জানেন, উনি বলার চেষ্টা করেছেন যে এখানে নাকি স্বশাসিত পরিষদের কথা উল্লেখ করেছেন। আমি এখানে পরিস্কার করে বলতে চাই যে, পুরুলিয়াতে মাত্র ১৮ শতাংশ তফসিলি জাতি এবং উপজাতি মানুষ বাস করেন। আমি পরিস্কার ভাবে বলে দিতে চাই, আমাদের বামপদ্বী দৃষ্টি অনুসারে ত্রিপুরা জেলা পরিযদ আমরা করেছি। এখানে ঝাড়খন্ডী সদস্য নরেন হাঁসদা গতকাল যেভাবে সভাকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন, আমি তার বিরোধিতা করছি। গতকাল উনি বলেছেন যে উপজাতি সম্প্রদায়ের মানুষ খেজুর পাতায় শোয়, শালপাতাতে খাওয়া দাওয়া করে। আগে বাস্তব পরিস্থিতি যখন এখনকার মত ছিল না, তখন খেজুর পাতায় শুত। এখন বাস্তব পরিস্থিতি তা নয়। সেজন্য আমি ঐ বক্তবোর <sup>বিরোধিতা</sup> করছি। এখানে বামফ্রন্ট সরকার আসার পর আমরা তফসিলি জাতি এবং উপজাতিদের জন্য পঞ্চায়েতে যে সংরক্ষণের ব্যবস্থা করেছি, এটা কংগ্রেস সরকারের আমলে <sup>ছিল</sup> না। কং**গ্রেস সরকার কেবল মাত্র বিধানসভা এবং লোকসভাতে সংরক্ষণের ব্যবস্থা** <sup>করেছিল।</sup> কিন্তু বামফ্রন্ট সরকার ১৯৯৩ সালে সমস্ত পঞ্চায়েত আইনের এ্যামেভ্যেন্ট এনে ত্ফসিলি জাতি এবং উপজাতিদের এবং মহিলাদের জন্য আসন সংরক্ষণের ব্যবস্থা করেছেন। ভূমিসংকারের মাঝখান দিয়ে গ্রাম বাংলায় তফসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের মানুষ <sup>,যাজ</sup>কে বিভিন্ন জায়গায় জায়গায় জমি পেয়েছে। ভূমি সংস্কারের ফলেই এটা সম্ভব হয়েছে। <sup>গরিব</sup> মানুষদের মধ্যে সরকারি খাস জমি বন্টন করা হয়েছে। স্যার, ১৯৯১ সালের জনগননা <sup>অনুযা</sup>য়ী **পশ্চিমবঙ্গে এক কোটি ষাট লক্ষ আশি হাজার ছয়শত** এগার জন হচ্ছেন এস.সি. <sup>ও এস.</sup>টি.। **গ্রামের আই.আর.ডি.পি. প্রকল্প অনুসারে বেনিফিশি**য়ারীদের মধ্যে ৪০.৮৫ শতাংশ <sup>ইচ্ছে</sup> এস.সি. ও এ<mark>স.টি.। সরকারি খাস জমি পেয়েছে যারা তাদের ম</mark>ধ্যে এস.টি. হল ৫৬.৩ <sup>পার</sup>সেন্ট। অর্থাৎ ২০.৫৬ লক্ষের মধ্যে এস সি. ৭.৬৩ লক্ষ, এস.টি. ৩.৯৬ লক্ষ। দারিদ্র শীনার নীচে বসবাস করে এস.সি. ও এস.টি.দের জন্য ক্ষুদ্রশিল্প, হস্তশিল্প শোট ৬২টি ট্রেনিং <sup>সেন্টার</sup> গড়ে উঠেছে। এস.সি. ও এস.টি. সম্প্রদায়ের মানুষ এরফলে উপ $\phi^{\circ}$  হচ্ছে। বামফ্রন্ট

সরকার শিক্ষার দিকে বিশেষভাবে নজর দিয়েছেন। যোজনা বরাদ গত বছরের তুলনায় ১০ পারসেন্ট বেশি হয়েছে। তফসিলি জাতি এবং উপজাতি ছাত্রছাত্রীদের জনা এই রাজ্যে সরকার দষ্টান্ত স্থাপন করেছে। পোষ্ট ম্যাট্রিক স্কলারশিপ ভাতা পেয়েছে ১৯৯২-৯৩ সালে a কোটি ৫২ লক্ষ টাকা এবং ১৯৯৩-৯৪ সালে ৯ কোটি ৭০ লক্ষ টাকা এবং বর্তমান আর্থিক বছরে ১০ কোটি ৮৩ লক্ষ টাকা ধার্য হয়েছে। উপকৃতের সংখ্যা হচ্ছে ৮২ হাজার ৯৫০ জন। ১৯৭৪ সালে ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য যেখানে ৫০ টাকা করে বরাদ ছিল সেখানে এখন এর পরিমাণ এসে দাঁডিয়েছে ১৭৫ টাকায়। সেই সময়ে সারা পশ্চিমবঙ্গে মাত্র ৫০০০ হোষ্টেল ছিল, সেখানে আদিবাসী ছাত্রছাত্রীরা থাকার সুযোগ পেত। এখন সেটা এসে দাঁডিয়েছে প্রাথমিক ও মাধ্যমিক স্তরে ১৫১০ এবং ৩,৭৫৫টি। সব মিলিয়ে প্রায় ১ লক্ষ্য কাছাকাছি এখানে তফসিলি জাতি উপজাতি ছেলেরা হোস্টেলে পড়ার সুযোগ পাচেছ, সারা দেশে এটা একটা নজিরবিহীন ঘটনা। ৭৪ সালে তফসিলি জাতি উপজাতির জনা বায়ববাদ ছিল ৩ কোটি ৯১ লক্ষ ৫০ হাজার টাকা, এখন সেটা বেডে দাঁডিয়েছে ১৭৩ লক্ষ ৯০ হাজার টাকা। ৯৩-৯৪ সালে এস.সি.. এস.টি. ছাত্রদের জন্য বক গ্রান্ট বাবদ ৮ লক্ষ টাকা দেওয়া হয়েছে মেইনটেনান্স বাবদ ৯২-৯৩ সালে ২.৩৭ কোটি টাকা দেওয়া হয়েছে. এই বছরে প্রায় দ্বিগুণ হয়েছে ৪.৭১ কোটি টাকা। সারা ভারতবর্ষে এর কোনও নজির নেই। তাছাড়া পরিবার ভিত্তিক যে কর্ম পরিকল্পনা এস.সি. এস.টি.র জন্য নেওয়া হয়েছে, এস.সি.. এস.টি. ফিনাস কর্পোরেশনে আর্থিক এই প্রকল্প রূপায়ণের কাজে নিয়োজিত রয়েছে। ১২-৯৩ সালে মোট ৪০.৪১ কোটি টাকা বিনিয়োগ করে ৫৪ হাজার ৬৭৬ জন মানুষ এই কর্ম পরিকল্পনার সুবিধা পেয়েছে। ৯৩-৯৪ সালে ৯৩ হাজার ২৭২ জন উপকৃত হয়েছে। তারজনা খরচ হয়েছে ৬৫.২৯ কোটি টাকা। এছাড়া ওয়েষ্ট বেঙ্গল ট্রাইবাল ডেভেলপমেন্ট কর্পোরেশনের অধীন রাজ্যে ১১৫টি ল্যাম্পস আছে. সেখানে তফসিলি জাতি উপজাতিদের জন্য যে উন্নয়নমূলক কাজ গ্রামে হয় সেখানে উন্নয়নমূলক কাজে বেশিরভাগ তফসিলি জাতি ও উপজাতি মানুষেরা উপকত হন, স্যার, আমি বলছি, এখানে ল্যাম্পসগুলিতে কেন্দুপাতা শালবীচ ছাড়া বেশিরভাগ সময়ে আর কোনও ব্যবসা ল্যাম্পসগুলিতে নেই। তাই আমি দাবি করছি, যাতে তারা আরও বেশি করে কাজ পান। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

#### (গোলমাল)

মিঃ ডেপুটি স্পিকার ঃ মিঃ হাঁসদা অনেক সময় আপনার বক্তব্য ওদের ভাল না লাগতে পারে। আপনার বক্তব্য যথন সময় আসবে তখন আপনি বলবেন। সংসদীয় রীতি হচ্ছে একজন বলবে, আর একজন তার জবাব দেবে, আপনি ওদের বক্তব্য শুনুন।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাচ্ছি তফ্<sup>সিনি</sup> জাতি উপজাতির মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন ৯৪-৯৫ সালের জন্য আমি <sup>তার</sup> ৰিরোধিতা করছি। আমাদের দলের পক্ষ থেকে যে কাটমোশান আনা হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় মন্ত্রী মহাশায়, এখানে উপস্থিত আছে। তাঁকে বলি গ্রাম বাংলার সাধারণ তফসিলি জাতি এবং উপজাতিদের মানুষের যে অব্যবস্থা সেই অব্যবস্থা দেখার জন্য আপনি কোনও কমিশন গঠন করেছেন কিনা কিংবা কোনও দেখাশুনা করার দাহিত কাউকে দিয়েছেন কিনা আমি জানি না।

[4-55-5-05 p.m.]

পশ্চিমবঙ্গের এই সমস্ত সিডিউল্ড কাষ্ট, সিডিউল্ড ট্রাইবসের লোকেরা জীর্ণ, বস্তুহীন, অভুক্ত অবস্থায়—গাছের পাতা, কচু শাক খেয়ে বেঁচে আছে। এদের জন্য কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের যে টাকা আপনি কেন্দ্র থেকে নিয়ে আসছেন, কোথায়, কি ভাবে, কাদের জন্য সেই টাকা খরচ করছেন তা নিজেও আপনি কোনওদিন চেয়ে দেখেন না। এই তফসিলি জাতি, উপজাতির মানুযদের জন্য যে আই.টি.ডি.পি. স্কীম, সে সম্বধ্ধে মানুসবাবু বিস্তারিতভাবে বলেছেন। এই আই.টি.ডি.পি স্কীমের প্রকৃত সুযোগ সুবিধা নিয়ে একজন ভারতীয় নাগরিক হিসাবে এখানে বসবাস করার জন্য কেন্দ্রীয় সরকার থেকে টাকা বরাদ্দ করা হয় সিডিউল্ড কাষ্ট্র, সিডিউল্ড ট্রাইবসদের জন্য। কিন্তু এই টাকা প্রকৃত কাদের জন্য বিতরণ করা হচ্ছে তা আমরা জানি না। এই সিডিউল কাষ্ট এবং ট্রাইবস সম্প্রদায়ের মানুষদের জন্য কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প আছে কিন্তু পশ্চিমবাংলায় যে সমস্ত সিডিউল কাষ্ট এবং ট্রাইবস সম্প্রদায়ের মানুষ বাস করেন এইসব প্রকল্পের টাকা তাদের জন্য খরচ করে তাদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন আপনি ঘটাতে পেরেছেন কি? তাদের এলাকায় কোনও রাস্তাঘাট হয়েছে? তাদের এলাকায় আলোর ব্যবস্থা হয়েছে? এদের জন্য কেন্দ্রীয় সরকারের কুটির জ্যোতি ও লোকদীপ প্রকল্প রয়েছে। সিডিউল কাষ্ট ও ট্রাইবস সম্প্রদায়ের মানুষদের বাড়িতে বাড়িতে দৃটি করে বৈদ্যুতিক বাম্ব জালানোর জন্য কেন্দ্রীয় সরকার টাকা দেন। এই টাকা জেলা পরিষদের থতে আসে। কিন্তু এই টাকা সেই প্রকল্প খরচ না হয়ে কোথায় খরচ হচ্ছে আমরা জানি না। এমন কি জেলাপরিষদ থেকে সেই টাকা খরচ না হয়ে ফেরত পর্যন্ত চলে আসছে। কিন্তু ক্টোয় সরকারের লোকদীপ প্রকল্প, কৃটির জ্যোতি প্রকল্প সিডিউল কাষ্ট এলাকায় এই সমস্ত <sup>প্রকল্প</sup> বাস্তবে রূপ দিয়ে প্রতিটি বাড়িতে দুটো করে বাস্ব দেওয়া হবে এবং আলোকিত করা <sup>হবে</sup>, সমস্ত খরচ কেন্দ্রীয় সরকারের, মাসে পাঁচ টাকা মাত্র মিটার চার্জ লাগবে। কোন এলাকায় এই প্রকল্পকে বাস্তবে রূপ দিতে পেরেছেন এবং কোন এলাকায় আপনি এদের জন্য আলাদা করে স্পেশ্যাল এ্যালটমেন্ট করে রাস্তাঘাট, স্কুল বাড়িঘর করার কোনও প্রকল্প করেছেন? ইন্দিরা আবাসন প্রকল্পের সিডিউল কাষ্ট অ্যান্ড সিডিউল ট্রাইবসদের বাড়ি তৈরি করে দিতে <sup>হবে।</sup> কাদের দিচ্ছেন, কাদের বাড়ি তৈরি হচ্ছে সেই টাকায়, যাদের আর্থিক ক্ষমতা আছে, তাদের মধ্যে সীমাবদ্ধ রেখে খরচ হচ্ছে, আপনারা তা লক্ষ্য করেছেন কি? অধিকাংশ আদিবাসী তাদের বাড়ি নেই, ঘর নেই, ছিন্ন বস্তু, মানুষ অভুক্ত, বিশৃঞ্জল অবস্থায় ঘুরে <sup>বেড়াচ্ছে</sup>। প্রতিটি এলাকায় সার্ভে করুন, আমি চ্যালেঞ্জ করে বলছি কি আর্থিক পরিবর্তন

করেছেন. লক্ষ লক্ষ কোটি কোটি টাকা আপনারা নিচ্ছেন, এই এলাকার কি উন্নয়নের ব্যবহা হয়েছে. আর্থিক উন্নয়নের জন্য বিভিন্ন স্কীম, ডেয়ারি স্কীম, পিগারি স্কীম, এই সমস্ত তাদের মধ্যে একটা সীমাবদ্ধ থাকা উচিত, রিজার্ভেশন থাকা উচিত। আই.আর.ডি.পি. স্কীমে তাদের জন্য কিছু করেন নি। এস.সি.পি.র টাকা নিচ্ছেন, যার ৯০ পারসেন্ট সাবসিডি পাওয়া যায আজকে সেই এস.সি.পি.র টাকা একমাত্র ক্যাডারদের মধ্যে বিতরণ হচ্ছে। যারা সি.পি.এম করবে, তারা পাবে। সি.পি.এম. না করলে এই সমস্ত স্কীম পাওয়া যায় না। ভোটের সময় এস.সি.পি., আই.আর.ডি.পি.র ফর্ম দেওয়া শুরু হয়েছে। বলা হচ্ছে ভোট দাও তবে এট সমস্ত স্কীমের টাকা পাবে, তা নাহলে পাবে না। এইভাবে আপনি সিডিউল কাট্ট সিডিউল ট্রাইব ছাত্রছাত্রীদের পড়াশুনার ব্যবস্থা করছেন। কিন্তু সিড়িউল কাষ্ট সার্টিফিকেট পেতে গেল যে ক্রাইটেরিয়া করা হয়েছে তাতে কেউ এই সার্টিফিকেট পাচ্ছে না। একদিকে তারা চাকবিব স্যোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে, আপনি কোনও দিকে লক্ষ্য করেননি। সেই জনা বলতে চাই, কাউপিল অনেক করছে, আপনি আর একটা কাউপিল তৈরি করে এই আদিবাসী এবং তফসিলি জাতি এবং উপজাতি এবং হরিজন এবং এখন আবার ও,বি,সি, এসেছে, সকলের যাতে একটা উন্নয়নের ব্যবস্থা হয় সেইভাবে বাজেটের টাকাটা যদি খরচ না করেন তাহলে আসছে দিনে জনগণ তার জবাব দেবে, আসছে দিনে। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কমলাক্ষী বিশ্বাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তফ্সিলি এবং আদিবাসী কল্যান দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে কিছু বক্তব্য পেশ করছি। সমর্থন করছি এই কারণে যাতে আগামী দিনে আরও বেশি করে তাদের আমরা সুযোগ দিতে পারি। তারজন্য আমরা বন্ধ পরিকর। যে সমস্ত ব্যয় বরাদ্দ ধরা হয়েছে, তার উদ্দেশ্য কিং তফসিলি জাতি এবং উপজাতি সমাজের যাতে উয়তি হয় তার জন্য এই ব্যয় বরাদ্দ করা হয়েছে। ধরুন কোনও তফসিলি জাতির মানুষ তিনি হয়তো অক্ষম সংসার পরিচালনা করতে পারেন না, তার আয় বৃদ্ধি করা, তফসিলি জাতি উপজাতি ছাত্রছাত্রীরা যাতে আরও বেশি করে পড়াশুনা করতে পারে তার জন্য ব্যয় বরাদ্দ ধরা হয়েছে। অফসিলি জাতি উপজাতিদের সংস্কৃতিকে রক্ষা করার জন্য ব্যয় বরাদ্দ ধরা হয়েছে। যাদের বাড়ি ঘর নেই, তাদের বাড়ি তৈরি করে দেবার জন্য বরাদ্দ ধরা হয়েছে। তাদের বাড়ি ঘর নেই, তাদের বাড়ি তৈরি করে দেবার জন্য বরাদ্দ ধরা হয়েছে। তাদের নতুন ভাবে পরিকল্পনা করে পরীক্ষা নিরীক্ষা করে যাতে করে তাদের আয় বাড়ে এবং দেশের সাধারণ মানুষের সঙ্গে স্বাভাবিক ভাবে চলতে পারে তার ব্যবস্থা করা হয়েছে।

[5-05—5-15 p.m.]

ইতিমধ্যে আমাদের রাজ্যে তফসিলি জাতি এবং উপজাতি ছাত্র সংখ্যা বৃদ্ধি পাওয়ার প্রধান কারণ হচ্ছে ড্রপ আউটের সংখ্যা কমেছে। বর্তমানে স্কুলে অনেক বেশি সংখ্যায় ছাত্র-ছাত্রী দেখতে পাছিছ। স্যার, আপনি নিশ্চয়াই অবগত আছেন যে, পশ্চিমবাংলায় বামফ্রণ্টের রুরকার ক্ষমতায় আসার পর থেকে তফসিলি জাতি এবং উপজাতি ছাত্র-ছাত্রীদের বই কেনার প্রাসা দিচ্ছে এবং অন্যান্য সাহায্য দিচ্ছে। এর ২৮থে সাথে যে সমস্ত তফসিলি জাতি এবং ৯পজাতির বাবা মা নিজেদের আয়ে সংসার চালাতে পারতেন না তাঁরা তাঁদের ছোট ছেলে-ন্ময়েদের বাধ্য হয়ে কাজ করতে পাঠাতেন বা সঙ্গে করে কাজে নিয়ে যেতেন, মাঠে নিয়ে যেতেন। আজকে সেই সমস্ত অক্ষম পরিবার গুলিকে উপযুক্ত সাহায্য করা হচ্ছে—কাজের মাধামে এবং মজুরি বৃদ্ধির মাধ্যমে সাহায্য করা হচ্ছে। যার ফলে তাদের বাড়ির ছাত্র-ছাত্রীরা বিদাালয়ে যেতে পারছে। বিদ্যালয় গুলিতে আনুমানিক ১০ পারসেন্ট থেকে ১২ পারসেন্ট চাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। আদিবাসী এবং তফসিলি ছাত্র-ছাত্রীদের যে সমস্ত বিভিন্ন আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে তার ফলেও তাদের শিক্ষালাভের ক্ষেত্রে উন্নতি হচ্ছে। আদিবাসী এবং তফসিলি ছাত্র সমাজের কল্যাণের জন্য ১৯৯২-৯৩ সালে ৭ কোটি ৫২ লক্ষ টাকা বায়করা হয়েছে, ১৯৯৩-৯৪ সালে ৯ কোটি ৭০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং ১৯৯৪-১৫ সালে ১০ কোটি ৮৩ লক্ষ ৪০ হাজার টাকা বরাদ্দ ধার্য হয়েছে। সূতরাং আমরা দেখছি প্রতি বছর এই খাতে বরাদ্দ বৃদ্ধি করা হচ্ছে। আগামী দিনে নিশ্চয়ই আরও বেশি অর্থ ব্যয় করা হবে। এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে পারি—১৯৯০ সালে সেন্টাল গভর্নমেন্ট গোটা দেশের কৃষকদের ঋণ মকুব করেছিলেন। এস.সি. এবং এস.টি.দের মধ্যে যাঁরা কষক তারা এই ঋণ মকুবের আওতায় পড়েছিলেন। ব্যাঞ্চ এবং সিডিউল্ড কাষ্ট ও সিডিউল্ড ট্রাইব বল্যাণ বিভাগের পক্ষ থেকে ঋণের টাকা তাঁদের দেওয়া হয়েছিল। ব্যাস্কের পাওনা টাকাটা সেট্রাল গভর্নমেন্ট দিয়ে দিয়েছে, কিন্তু কল্যাণ বিভাগের টাকাটা এখনও পর্যন্ত দেওঁয়া হয়নি। যার ফলে সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইব ক্যক্রা এরাজ্যে এখনও পর্যন্ত ঋণ মক্বের পূর্ণ সুযোগটা পান নি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যত তাডাতাডি সম্ভব সেট্রাল গভর্নমেন্টের কাছ থেকে এদের সেই ঋণের টাকাটা আদায় করে দেওয়া হোক। এঁদের <sup>ঋণ</sup> মকুব করে দিয়ে, এঁদের ঋণের দায় থেকে মুক্তি দেওয়া হোক। তাহলে কৃষকরা ন্ফুনভাবে আবার ঋণ পেতে পারবেন। আমাদের রাজ্যের যে সমস্ত তফসিলি জাতির মানুযরা <sup>মাছ্</sup> ধরে জীবিকা নির্বাহ করেন তাঁদের সাহায্য করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। এদের জন্য কি পরিকল্পনা গ্রহণ করা যায় তা একট ভেবে দেখবেন। এই  $\sigma^{(1)}$  কথা বলে আমি আর একবার এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেয করছি।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় তফসিলি জাতি 
এবং উপজাতি কল্যাণ দপ্তরের জন্য যে ১০ কোটি ৮৩ লক্ষ ৪০ হাজার টাকার বরাদ্দ
চিয়েছেন তার আমি বিরোধিতা করছি। এবং আমাদের আনা কটি মোশানকে আমি সমর্থন
করিছি। এখন প্রশ্ন হচ্ছে বিরোধিতা কেন করছি? মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বিবৃতি
ক্লিছেন—এস.টি. এবং এস.সি.-দের চাকরিতে নিয়োগের ক্ষেত্রে এবং শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির
বিষয়ে যে সংরক্ষণের ব্যবস্থা আছে তাকে কঠোরভাবে কার্যকর করা হয়েছে। এর ফলে

সরকারি এবং আধা সরকারি প্রতিষ্ঠানগুলিতে চাকরির ক্ষেত্রে তফসিলি জাতি এবং উপজাতিদের প্রতিনিধিত্ব বৃদ্ধি পেয়েছে। কিন্তু গত ১৭ বছর ধরে আমরা কি দেখলাম? আপনারা যে পরিসংখ্যান দিয়েছেন সেই পরিসংখ্যানে বলছে পশ্চিমবঙ্গের বিভিন্ন দপ্তরে প্রায় ১ লক্ষ ৮৬ হাজার এপুরেন্টমেন্ট হয়েছে টোটাল, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসবার পর। তাতে আপনার পরিসংখ্যানে বলছে, সর্বসাকূল্যে ৫০০ জন এস.সি. অ্যান্ড এস.টি. চাকরী পেয়েছে। অথচ আপনি দাবি করছেন পশ্চিমবাংলায় এস.সি. অ্যান্ড এস.টির র্জন্য অনেক কিছু করবেন। কিয় আপনার পরিসংখ্যানে বলছে. টোটাল ১ লক্ষ ৮৬ হাজার এ্যপয়েন্টমেন্ট হয়েছে. তারমগ্রে এস.সি. অ্যান্ড এস.টি.র ৫০০ জন সরকারি প্রতিষ্ঠান. আধা-সরকারি প্রতিষ্ঠান-এ চাকরী পেয়েছে। জনসংখ্যার নিরিখে পশ্চিমবাংলায় এস.সি. হচ্ছে ২৩.৬২ আর এস.টি. হচ্ছে ৫.৫৯. এই হচ্ছে স্টাটিসটিক্স। এরপর আসন, এস.সি. অ্যান্ড এস.টি.র মঙ্গলের জন্য কোনও সেন করেছেন কিনা? পিছিয়ে পড়া মানুষের উন্নতির জন্য কোনও সেল করেছেন কিনা? দিল্লিতে যে শীতকালীন অধিবেশন হয়ে গেল তাতে লোকসভায় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী পি.এম. সৈয়দ ঘোষণা করেছেন সারা ভারতে এস.সি. অ্যান্ড এস.টি.র জন্য পৃথক সেল গঠন করা হল। আর উনি বলছেন, "Cell undertaken, three special drives for identification of backlog vacancy reserve for SC and ST and follow up action to be taken to fill up the vacancy." সুতরাং যতই বলুন এদের জন্য পশ্চিমবাংলায় অনেক উন্নতি করেছি, কিন্তু দুর্ভাগ্য, এই ধরণের সেল গঠন করেননি। তফসিলি জাতি ও উপজাতি মান্যের মঙ্গলের জন্য কিছু করেননি। আজকে যে সমস্ত পিছিয়ে পড়া মানুষ আছে সেই সমস্ত মানুষদের এস.সি. অ্যান্ড এস.টির তালিকায় আনতে কেন্দ্রীয় সরকার সচেষ্ট হয়েছে। ও.বি.সি.র ব্যাপারে আমি পরে আসছি। লোকসভায় ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী থাঙ্গাভালু আর্টিকেল ৩৪১ এবং ৩৪২ অফ দি কনস্টিটিউশন, তাতে বলেছে, সরকার পরীক্ষা করছেন আরও ১ হাজার ৫৫ জন জাতকে এই প্রস্তাবের আওতায় আনা যায় কিনা। ৪টি শ্রেণী গুজ্জর, বাককরওয়াল, সিল্পি এই সমস্ত জাতিগুলিকে এস.সি. অ্যান্ড এস.টি.র তালিকাভুক্ত কেন্দ্রীয় সরকার করেছেন ১৯৯১ সালে। অথচ দেখা যাচ্ছে এস.সি. অ্যান্ড এস.টি. ৬ ও.বি.সি.র যে তালিকা সেটা এই সরকার প্রস্তুত করতে পারেন নি। গত বাজেটবভূতায় বলেছিলেন, আপনাদের সরকার পঞ্চায়েতে এদের জন্য আসন সংরক্ষণ করেছেন ফর এস.সি. অ্যান্ড এস.টি. পিপল। আপনাদের সরকার বলেছিলেন আগামীদিনে যখন পৌর সভার <sup>ভোট</sup> আসবে তাদের জন্য রিজার্ভ করবেন। সংবিধানের ৭৭তম অনুচ্ছেদের এ্যামেন্ডমেন্টের স<sup>মর</sup> ভারতবর্ষের প্রয়াত প্রধানমন্ত্রী শ্রী রাজীব গান্ধী বলেছিলেন তফসিলি জাতি ও উপজাতির জন্য পঞ্চায়েতে সংরক্ষণ বাধ্যতামূলক করা উচিত। কিন্তু আপনারা তা করেন নি। <sup>এই</sup> এ্যামেন্ডমেন্ট উপর পশ্চিমবাংলায় ভোট হয়ে গেল, কিন্তু আপনারা কিছুই করলেন ন। সূতরাং সমস্ত কৃতিত্ব কেন্দ্রীয় সরকারের প্রাপ্য। পরবর্তীকালে আবার সংবিধানের ৭৪ তম এ্যামেন্ডমেন্টে রাজীব গান্ধী একই কথা বললেন, আগামীদিনে ভারতবর্ষের বিভিন্ন জার্গার নগরপালিকায় পৌরসভার যে ভোট হবে সেই ভোটে সংরক্ষণ বাধ্যতামূলক করতে হবে। <sup>গর্ড</sup>

লোকসভার শীতকালীন অধিবেশনে কেন্দ্রীয় কল্যাণ মন্ত্রী শ্রী সিতারাম কেশরী বললেন, "Rs. fifty crores have been provided for National SC & ST Finance and Development Corporation in 8th Finance Commission for disbursing loan to Scheduled Castes and Scheduled Tribes beneficiaries for economic development schemes including employment scheme."

## [5-15-5-25 p.m.]

আজকে পশ্চিমবঙ্গে তফসিলি জাতি উপজাতির জন্য যে সমস্ত স্কীম আছে সেই স্কীম একটাও কার্যকর করতে পারছেন না। আই.আর.ডি.পি. সেশ্রু বিভিন্ন যে সব স্কীম আসছে তারা সমস্ত স্কীম থেকে বঞ্চিত হচ্ছে। আমি আগে বলেছিলাম গত ১৭ বছরে যে ১ লক্ষ ৮৬ হাজার এ্যাপয়েন্টমেন্ট হয়েছে তার মধ্যে আপনি মাত্র ৫০০ দিয়েছেন। এখানে আপনি বলেছেন কি? ৪টি পয়েন্ট দিয়েছেন. আপনার দপ্তর তফসিলি আদিবাসী ছাত্র সম্প্রদায়ের কলাণ সাধন করেছে. দারিদ্রসীমার নীচে প্রতিষ্ঠিত তফসিলি আদিবাসীদের অর্থনৈতিক কলাণ সাধন করছে, আদিবাসীদের মধ্যে সাংস্কৃতিক আগ্রহ বর্ধিত করছে ফোর্থ পেজে বলছেন তফসিলি জাতি উপজাতিদের গরিষ্ঠতা আছে, তার পরিকাঠামোকে নিয়ন্ত্রণ করছেন, পরিসংখ্যান দিয়েছেন, পরিসংখ্যান কি বলছে। এ বছরের আর্থিক সমীক্ষা, ইকনমিক রিভিউ তাতে সমস্ত দ্বীমে বিভিন্ন ইস্যুতে বিভিন্ন দপ্তর থেকে টাকা চেয়েছেন। সমবায়েতেও টাকা চেয়েছেন। মেনলি বিদ্যুৎ আছে, কুটির জ্যোতি এবং লোকদীপ প্রকল্প এই প্রকল্পে আমরা বলেছিলাম belonging to scheduled castes and scheduled tribes peoples. এর একটা হাউস নানকসন দেওয়া হয় ফ্রম ষ্টেট গভর্নমেন্ট, কিন্তু কুটির জ্যোতি লোকদীপ প্রকল্প আপনার য়ে পরিসংখ্যান আর্থিক সমীক্ষায় গত আর্থিক বছরে আপনি বাঁকুড়া যেখানে এস.সি. এবং এম.টি.র সংখ্যা বেশি সেখানে একটা বাড়িতেও এই প্রকল্প চালু করতে পারেন নি। বাঁকুড়া, <sup>বর্তমান,</sup> দার্জিলিং, মুর্শিদাবাদ, নদীয়া উত্তর দিনাজপুর, পশ্চিম দিনাজপুর, সাউথ ২৪ পুরুগুণা ্টাটাল ১১টি জেলায় কৃটির জ্যোতি, লোকদীপ প্রকল্প একটা বাডিতেও কানেকসান দিতে <sup>পারেন</sup> নি অথচ বলছেন বিদ্যুৎ পৌঁছে দেব। পিছিয়ে পড়া মানুষদের স্বার্থে কাজ করবেন। অপনারা প্রায়ই বলেন সুন্দরবনে এস.সি. এবং এস.টির বাস বেশি, আমি নিজে সেখানে গিয়েছিলাম সেখানে দেখলাম মানুষের এত অসুবিধা ঐ সম্প্রদায়ের মানুষের ডেভেলপমেন্টের <sup>ছিন্য</sup> একটা পাকা সেতুও করতে পারেন নি। সন্দেশখালি, গোসাবা, হিগলগঞ্জ এইসব <sup>ছায়</sup>গায় একটা পাকা সেতুও করতে পারেন নি। আজকে একটা সেতুর অভাবে ঐসব <sup>জায়</sup>গার সঙ্গে কলকাতার সরাসরি সংযোগ স্থাপন করা যাচ্ছে না। নদী নালার দেশে মানুষকে <sup>প্রাণ</sup> হাতে করে চলাচল করতে হয়। তাদের বাঘের হাত থেকে বাঁচাবার জন্য কোনও স্কীম <sup>নিই।</sup> গত **৩ মাস আগে মাননীয় মুখ্যমন্ত্রী ওখানে** গিয়েছিলেন, মুখ্যমন্ত্রীর কাঠ আনার জন্য <sup>ওখান</sup>কার অজিত ওখানকার অজিত বাঘের হাতে মারা গেছেন। মাননীয় মুখ্যমন্ত্রীর সৌজন্য <sup>রোধ</sup> হল না তার পরিবারের জন্য একটা ব্যবস্থা করার অথচ আপনি এইসব কথা বলছেন।

আপনাকে বলতে হবে গত ১৭ বছরে তফসিলি মানুষের কল্যাণের জন্য কিছই কর পারেন নি। আজকে কেন্দ্রের মন্ডল কমিশনের সুপারিশ গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের বিচি দপ্তরে নিয়োগ শুরু হয়ে গেছে। থাংগুভ্যালী বলেছেন পশ্চিমবঙ্গ এখন কোন তালিকা দের্যা আমরা দেখেছিলাম পয়লা মার্চ তারিখে হাউসে মাননীয় মুখ্যমন্ত্রী কি বলেছিলেন, তফ্সি উপজাতিদের ও.বি.সি. আছে অন্যান্য শ্রেণীর কোনও খোঁজ পাইনি। সুপ্রীম কোর্ট রায় দি তার সপারিশ পশ্চিমবঙ্গে কার্যকর করতে হবে। রায়ের পরে সরকার চেষ্টা করছেন ও বি তালিকা প্রস্তুত করতে, একে কি আন্তরিকতা বলে? পরিদ্ধার ঘোষণা করেছেন ও,বি সম্বন্ধে সূপ্রীম কোর্টের রায়ের পর এখানে তালিকা প্রস্তুত হচ্ছে। মন্ডল কমিশনের রিন্সো ৩৮ পষ্ঠায় পরিস্কার বলা হয়েছে পশ্চিমবঙ্গ সরকার অনগ্রসর জাতিকে চিহ্নিত করে তা উন্নতির জন্য কি ব্যবস্থা নিচ্ছেন তা জানান হয় নি। এরপর সুপ্রীম কোর্টের রায় यः বেরিয়ে গেলো তখন এই সরকার তা কার্যকর করতে এগিয়ে এলেন। স্প্রীম কোর্ট রিটায়ার জাজ এ.কে.সেনের নেতৃত্বে যে কমিটি গঠন করেছিলেন তার রিপোর্ট না পাওয় আগেই মন্ডল কমিশনের রিপোর্ট কার্যকর করবেন কিনা সেটা বলুন। মন্ডল কমিশন পশ্চিমবচ ক্ষেত্রে যে ১৭৭টি কাষ্টের তালিকা দিয়েছেন সেই তালিকা মানবেন কিনা সে সম্পর্কে আ পর্যন্ত কোনও স্পষ্ট সিদ্ধান্ত নেননি, কিন্তু সেই সুপারিণ আপনাদের মানতেই হবে। ধ নিলাম যে, আপনারা ঐ রিপোর্টের সুপারিশ কার্যকর করবেন, তাহলে এখানে ও.বি.সি.র ২ পারসেন্ট এবং এস.সি.২২ পারসেন্ট সংরক্ষণ রাখতে হবে। বর্তমানে পশ্চিমবঙ্গে এমপ্লানে এক্সচেঞ্চণ্ডলিতে তালিকাভক্ত বেকারের সংখ্যা ৫০ লক্ষ। সেই সুপারিশে বলা হয়েছিল ৫ ভারতে, ৩,৭৭টি ক্লাস ও,বি,সি,র মধ্যে পড়ে এবং তারমধ্যে এর সংখ্যা পশ্চিমবঙ্গে ১৭৭ পরে স্প্রীম কোর্ট রায় দিয়েছেন এবং তাতে বলেছেন যে, ঐ তালিকা ৩,৭৭৭ থেকে ক ১.২০০ করা হয়েছে। কিন্তু এরফলে পশ্চিমবঙ্গের কোনও সুবিধা হবে না। গত ১৭ বছ ধরে রাজ্যের তফসিলি জাতি এবং উপজাতি মানুষদের সঙ্গে বঞ্চনা করেছেন, ছলনা করেছে তারজন্য এই বাজেটের বিরোধিতা করে এবং কাট মোশানকে সমর্থন করে বক্তব্য শে কর্বছি।

শ্রী সালিব টোপ্লোঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে তফসিলি উপজাতি বিভাগী মন্ত্রী যে দাবি পেশ করেছেন তাকে সমর্থন করতে গিয়ে আমি দুই চারটি কথা সাজেশ আকারে এখানে রাখতে চাই। সরকারের সদিচ্ছা থাকা সত্ত্বেও শিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ট ট্রাইব ডিপার্টমেন্ট বঞ্চিত হয়েছে। আমি এই সম্পর্কে কয়েকটি উদাহরণ দিয়ে মন্ত্রী মহাশরে দৃষ্টি আকর্ষণ করতে চাই যাতে তিনি এই বিষয়ে একটু খোঁজ নেন। আজকে প্রাইমারী এব সেকেভারী স্কুলের যেসব আদিবাসী হোস্টেল আছে তাতে আদিবাসী ছাত্রদের জন্য প্রতি বছ সরকার টাকা দিয়ে থাকেন, কিন্তু দুংখের সঙ্গে বলতে হচ্ছে, বছরে একবার টাকা দেওয়া ই এবং তারজন্য দোকান থেকে ধার করে তাদের খাওয়াতে হয়। সবচেয়ে দুংখের বিষয় ইন্ট এই কারণে নন-কাষ্ট ছাত্ররা ঠাট্টা করে বলে, আদিবাসী ছাত্রদের বছরে একবার থিদে পার্ট

সেইজন্য এই টাকা দেবার ব্যাপারটা যাতে সরলীকরণ করা হয় সেটা দেখতে হবে যাতে তাদের খাওয়াতে অসুবিধা না হয় এবং আশ্রমগুলি ঠিকভাবে চলে।

[5-25-5-35 p.m.]

দ্বিতীয় হচ্ছে. আজকে সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবদের ছেলেমেয়েদের জন্য যে মেনটেনেন্স তারা পাবে না। আজকাল সব জিনিসের দাম বেড়েছে। কাজেই এই ৫ শত টাকা আয়ের মধ্যে সীমাবদ্ধ থাকায় অনেক ছেলেমেয়েরা এ থেকে বঞ্চিত হচ্ছে। আপনি নর্থ বেঙ্গলের লোক, আপনি জানেন যে সেখানকার চা বাগানের বেশির ভাগ কর্মচারী হচ্ছে দিডিউল্ড ট্রাইবস। তারা মাসে যদি ২৫ দিন কাজ করে তাহলে তাদের বেতন হয় ৫০১ টাকা কয়েক পয়সা। কাজেই ৫ শত টাকা একসীড করলে মেনটেনেন্স গ্রান্ট পাবে না. এই আইন থাকায় অনেকে এর থেকে বঞ্চিত হচ্ছে। কাজেই এটা ৫ শত টাকার জায়গায় এক হাজার টাকা বা ৭ শত টাকা করা যায় কিনা সেটা চিন্তা-ভাবনা করার জন্য আপনাকে অনুরোধ করছি। আপনি জানেন যে ডুয়ার্স এলাকায় প্রায় ১৫৩টি চা বাগান আছে। দার্জিলিং এবং তরাই অঞ্চলেও অনেক চা বাগান আছে। সেখানকার ৭০ ভাগ মানুষ হচ্ছে শিডিউল্ড ট্রাইবস এবং তারা সকলেই প্রায় হিন্দী ভাষাভাষির মানুষ। ঐ অঞ্চলে১৯টি হিন্দী হাই স্কুল আছে। কিন্তু উচ্চশিক্ষার জন্য একটিও কলেজ নেই। কাজেই সেখানকার ছেলেমেয়েরা মাধ্যমিক পাশ করার পরে উচ্চ শিক্ষার জন্য বিহার, রাঁচী যেতে হচ্ছে এবং সেখানে ঝাড়খন্ডীদের যে মুভমেন্ট হচ্ছে, এই সব ছেলেরা তাদের খপ্পরে পড়ে সেই সব মুভমেন্ট ইনভলভ হয়ে যাচ্ছে। কাজেই ঐ এলাকায় উচ্চ শিক্ষার জন্য একটি কলেজ করার জন্য আপনার কাছে অনুরোধ জানাচ্ছি।

তারপরে উত্তরবঙ্গ উন্নয়ণ পরিষদ করার জন্য দাবি করা হয়েছে। আপনি জানেন যে এই ব্যাপারে উত্তরবঙ্গের কুচবিহার থেকে শুরু করে জলপাইগুড়ি জেলা পর্যন্ত পদযাত্রা করা হয়েছে। সরকার থেকে যদি এই উন্নয়ণ পরিষদ গঠন করা না হয় তাহলে এটা নিয়ে বিচ্ছিন্নতাবাদী শক্তি আবার মাথা চাড়া দিয়ে উঠবে। কাজেই উত্তরবঙ্গের মানুষ যাতে বামফ্রন্ট সরকারের প্রতি আস্থা রাখতে পারে তারজন্য আপনি এই ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করবেন।

তারপরে চাকুরীর ক্ষেত্রে যে রিজার্ভেশন কোটা ছিল সেই সম্পর্কে আমি দু'একটি উদাহরণ দিয়ে একথা বলতে চাই যে এটা অনেক ক্ষেত্রে ঠিক মত মানা হচ্ছে না। আমরা দেখেছি যে সিভিল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টে সাব-এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার হচ্ছে ১৩ শত ২৬ জন। তার মধ্যে সিডিউল্ড ট্রাইবস হচ্ছে মাত্র এক জন।, সিডিউল্ড কাস্ট হচ্ছে ৫২ জন। এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ারের পদ হচ্ছে ৩৬৭ জন। ১৯ জন সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইবস নিল। কাজেই এখানে দেখা যাচেছ যে রিজার্ভেশান কোটা ঠিক মত মেনটেন হচ্ছে না। রঞ্জিত ইলিদার, এক্সজিকিউটিভ ইঞ্জিনিয়ার, তার প্রোমোশানের ব্যাপারে হাই কোর্টের নির্দেশ থাকা সত্তেও যে ১৫.৯.৯৩ তারিখের মধ্যে ব্যবস্থা করতে হবে, কিন্তু আজ পর্যন্ত সেটা কার্যকর

হয়নি। এই ব্যাপারটা আপনাকে দেখার জন্য অনুরোধ করছি। এই কথা বলে মন্ত্রী মহাশ্র যে ব্যয়-বরাদের দাবি এখানে পেশ করেছেন, তাকে সমর্থন করে এবং যে বিষয়ে আমি এখানে বলেছি সেগুলি করবেন বলে আশা রেখে আমার বক্তব্য শেয করছি।

#### PRESENTATION OF REPORT

## 68th Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the 68th Report of the Business Advisory Committee which met in my Chamber today, 6th April, 1994 and recommended the following programme of business:

- 11.04.94 Monday:(i) The West Bengal Panchayat (Amendment) Bill, 1994 as reported by the select Committee.

  (Consideration and passing) .. 2 hours.
  - (ii) Demand No.51-Fisheries Department.. 2 hours.
- 12.04.94 Tuesday:(i) The West Bengal Taxation Tribunal
  (2nd Amendment) Bill, 1994.
  (Introduction, Consideration and
  Passing) .. 1 hour
  - (ii) DemandNo.35-Public Health Engineering
    Department. .. 2 hours

· Mr. Speaker: Now,I would request the Government Chief whip to move the motion for acceptance of the House.

Shri Lakshmi Kanta Dey: Sir, I beg to move that the 68th Report of the Business Advisory Committee, as presented today, be agreed to by the House.

The motion was then put and agreed to.

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

## Demand No.41

শ্রী নরেন হাঁসদা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে তফসিলি জাতি এবং উপজাতি কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া মহাশয় যে বাজেট পেশ করেছেন, একজন দায়িত্বশীল বিধায়ক হিসাবে এবং যেহেতু আমি একটা রিজার্ভ সিট থেকে নির্বাচিত হয়েছি—ভারতবর্ষের সাংবিধানিক রীতি অনুযায়ী যে রিজার্ভ সিট আছে সেই রিজার্ভ সিট

থেকে আমি একজন আদিবাসী নির্বাচিত হয়ে এসেছি—সেই কারণে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করছি। শুধু বিরোধিতা করছি তা নয়. ধিঞ্কার জানাচ্ছি। আমি আমার বক্তব্য আমার এলাকার মানুষের এবং তফসিলি জাতি এবং উপজাতি এবং আদিবাসী মানুষের যে বক্তব্য সেটা তুলে ধরার চেষ্টা করবো। আজকে কোন পর্যায়ে গিয়েছে। ্রের বামফ্রন্ট সরকারের ১৭ বছরের রাজত্বকালে কি অবস্থা হয়েছে দেখুন। আদিবাসীদের বিজার্ভ সিট থেকে যে মানুষগুলি জিতে এসেছেন তার মধ্যে কিছুক্ষণ আগে বন্ধু মাঝি বক্তব্য রাখছিলেন। তিনি যাদের ভোটে নির্বাচিত হয়ে এসেছেন সেই মানুষ গুলির কথা না বলে তাদের বিরুদ্ধে জয়গান করছেন, তাদের ধুলিস্যাৎ করছেন। আমি এর ধিকার জানাচ্ছি প্রতিবাদ জানাচ্ছি। প্রথমে একটা কথা বলে নেওয়া দরকার। এই বামফ্রন্ট সরকার তফসিলি জাতি, উপজাতি এবং আদিবাসী মানুষজনদের কত খানি ভাল চোখে দেখেন তার নজীর হলো এতো বড একটা শুরুত্বপূর্ণ সাবজেক্ট, এই সাবজেক্টের উপর বিতর্কের জন্য সময় নির্দিষ্ট করা হয়েছে মাত্র ২ ঘন্টা। মামলী যে সাবজেক্ট আছে তার জন্য ৪ ঘন্টা সময় নির্দিষ্ট করা হয়েছে। এখানে কয়েক কোটি আদিবাসী মানুষ যারা বসবাস করছে তাদের ভাগ্য নিয়ন্ত্রণ করার জন্য যে বাজেট তার জন্য ২ ঘন্টা মাত্র সময় ধার্য করা হয়েছে। এর থেকেই বোঝা যায় ওনারা আদিবাসীদের মূল্য কতখানি দেয়। আমি আশা করবো উপেনবাবু গত বছর কি বলেছিলেন সেটা তাঁর মনে আছে। গত বছর অর্থমন্ত্রী উপেনবাবু জোরের সঙ্গে বলেছিলেন যে, নরেন হাঁসদা কি চায়, কেউ কি জন্ম থেকেই দৌড়াতে আরম্ভ করে নাকি? জন্ম থেকে কেউ দৌড়াতে আরম্ভ করে না আমি জানি। গত ১৯৭৯ সালে হুড়াতে অলচিকি লিপিকে স্বীকৃতি দেওয়া হলো সাঁওতালি ভাষাকে স্বীকৃতি দেওয়া হলো, গত ১৫ বছরে উপেনবাবুর ছেলে হাঁটতে পারল না? জন্মের সময় যার ওজন ছিল ৩ কে.জি. এখন ২ কে.জি. ৯০০ গ্রাম হলো কি করে? এটা হলে আপনার ছেলে বাঁচতে পারে না, আপনি ডাক্তার দেখান, উপযুক্ত চিকিৎসা করান। আদিবাসী মানুষজন, তফসিলি জাতি এবং উপজাতির মানুষজন এটা বরদাস্ত <sup>করবে</sup> না। <mark>আজকে আমরা কি করে এগিয়ে যাওয়ার স্বপ্ন দেখবো? আমি এই মন্ত্রীদের স্মরণ</mark> <sup>করিয়ে</sup> দিতে চাই যে বাজেট আপনারা হাজির করেছেন সেটা যদি গ্রামবাংলার যে স্থান থেকে নির্বাচিত হয়ে আসছেন সেখানে যদি এই বাজেটটা পড়েন তাহলে আপনাদের মাথা ন্যাড়া <sup>করে</sup> গাধার পিঠে চাপিয়ে ঘোরাবে। মানুষ ধনী কি গরিব বড় কথা নয় আপনারা খতম । <sup>করতে</sup> চান। জ্যোতি বসু হোক আর নরেন হাঁসদাই হোক তাদের যতই সুন্দর সুন্দর জ্ঞান <sup>বিতর্ণ</sup> করুন না কেন তাদের মুখের আহার যদি কেড়ে নেন তাহলে সে জ্যোতি বসুই হোক <sup>আর</sup> নরেন হাঁসদাই হোক বাঁচতে পারে না। আপনারা কি করছেন আপনারা একটা সম্প্রদায়ের <sup>ফ্র</sup>তি করছেন। একটা সম্প্রদায়ের মুখের ভাষা যদি আপনারা গ্রাস করে নেন তাহলে সেই <sup>সম্প্রদায়কে</sup> বাঁচানো যাবে না। পৃথিবীতে ওদের যে অস্থিত্ব ছিল সেটা আর কেউ জানতে <sup>পারবে</sup> না। আপনাদের এই ১৭ বছরের রাজত্বকালে এই পিছিয়ে পড়া মানুষজনদের আপনারা <sup>খত</sup>ম করার কৌশল নিয়েছেন, মাতৃভাষা মাতৃদুগ্ধ, তার থেকে তাদের বঞ্চিত করবেন। তার <sup>জন্য</sup> আপনাদের ধিক্কার জানাচ্ছি, এই কাজের আমি প্রতিবাদ জানাচ্ছি। এই ধরণের কৌশল

অত্যন্ত নক্কারজনক, অত্যন্ত গর্হিত কাজ।

[5-35---5-45 p.m.]

আমি যেটা বলতে চাইছি, এখানে মন্ডল কমিশনের রিপোর্ট সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার প্রথমে বলেছিলেন, এখানে ও.বি.সি. মানুষ বলতে কিছু নেই। পরবর্তীকালে সুপ্রীম কোটের যে অর্ডার হয়েছে, সেই অনুযায়ী পরবর্তী সময়ে পশ্চিমবঙ্গ সরকার একটা বিল এনেছেন। পূর্বে এরা যে কথা বলেছিলেন তা আমাদের মনে আছে—বলেছিলেন যে এখানে ও বি সি কেউ নেই। স্প্রীম কোর্টে রায় বের হওয়ার পরে যে কমিশন গঠন করা হয়েছে. তাত ডাঃ বেলা ভট্টাচার্যকে চেয়ারম্যান করা হয়েছে। চনি কোটালকে আত্মহত্যা করতে বাধ্য কর হয়েছিল যে জন্য, সেখানে বেলা ভট্টাচার্যকে সেই কমিশনের চেয়ারম্যান করেছেন। অর্থাৎ বাঘকে সেখানে দায়িত্ব দিলেন ছাগলকে রক্ষা করার জন্য। ছাগলের ভাল করার জন্য, মদল করার জন্য এই দায়িত্ব দিয়ে যে কাজ করেছেন তা ও.বি.সি সম্প্রদায়ের মানুষ কংন্ত বরদান্ত করতে পারে না। কুর্মী, সদগোপ, তেলি, তাম্বুলি এই সমস্ত যে ১১৭টি শ্রেণীর যেসব মানুষ আছেন, যাঁরা সান অব দি সয়েল, তাদের মর্যাদা দিতে সপ্রীম কোর্টের যে রায়, সেট রায়কে কার্যকর করুন। এখানে আপনি বলছেন যে যাদের বাৎসরিক পারিবারিক আয় ৬০০০ হাজার টাকা, তাদের ২৫ টাকা করে দেবেন। এটা করে তাদের আপনি ভিখারী করে দিছেন। তাদের নিজেদের পায়ে দাঁডাবার যে অধিকার তা থেকে তাদের সরিয়ে দিচ্ছেন। পিছিয়ে পভা মানুষ, যারা মাথার ঘাম পায়ে ফেলে উৎপাদন করে, যে উৎপাদন নিয়ে সরকার চলে কলকারখানা চলে, যাদের নাহলে মানুষের জীবনযাত্রা অচল হয়ে যায়, সেই মানুষদের ভিখারী করে দিচ্ছেন। এদের শিক্ষার অভাব, চিকিৎসার অভাব এবং খাদ্যের অভাব রয়েছে, যেজন এরা মারা যাচ্ছে। বামফ্রন্ট সরকার দীর্ঘ ১৭ বছর ধরে যেটা করেনি, আজকে তা করছে। এদের ২৫ টাকা করে দিয়ে ষ্ট্রীট বেগারে পরিণত করতে চেষ্টা করছে। এদের আত্মর্মাদা थिक मितिरा पिराष्ट्र। विभाग न्याप्त्र विश्व कथा वना इस्साह्य। वना इस्साह्य स्व न्याप्त्र আদিবাসীদের মঙ্গল করছে। বলুন তো ল্যাম্প কাদের স্বার্থে? কিছুটা বলেছেন কাদের স্বার্থে। যারা শালপাতা, কেন্দু পাতা সংগ্রহ করে কষ্ট করে. সেগুলো তারা বিক্রি করে তাদের পিছিয়ে দেওয়া হচ্ছে। তারা ন্যায্য মজুরি পাচেছ না। মহাজনদের কাছ থেকে বাডতি সুদে টাকা নিয়ে আজকে তারা ক্রমশ দূর্বল হয়ে যাড়েছ তারা নিজেদের আত্মনিয়ন্ত্রণের ক্রমতা হারাচ্ছে। এটা গর্হিত কাজ। এখানে আপনি যেটা বলেছেন—সাঁওতালি ভাষা, মন্ডালি ভাষা, কুর্মালী ভাষাকে স্বাবলম্বী করার জন্য নাটক প্রতিযোগিতার ব্যবস্থা করেছেন। যার পরিণতিতে এলাকার মানুষ বিশাল আনন্দে মেতে উঠেছে। এটা কি করছেন? এর দ্বারা মাতৃভাষায় <sup>যে</sup> মাতৃদুগ্ধ তা থেকে তারা বঞ্চিত হচ্ছে। জ্যোতিবাবকে যদি লালকেল্লায় পাঠিয়ে দিয়ে বলা হয় পড়াশোনার কোনও দরকার নেই, এটা করলে জ্যোতি বস যেমন বাঁচবেন না, তেমনি আপনারা যেটা করছেন, এরফলে তাদের উপরে এটা গর্হিত কাজ করছেন। এটা করলে তার বাঁচবে না। চাকুরীর ক্ষেত্রে, শিক্ষার ক্ষেত্রে প্রত্যেকটি ব্যাপারে আদিবাসী মানুষ পিছিয়ে <sup>আছে।</sup>

্রাদনীপুর, বাঁকুড়ায় প্রাণীজ সম্পদ, খনিজ সম্পদ এবং শ্রম সম্পদ রয়েছে। মেদিনীপুর, ক্রাক্রতা এবং পুরুলিয়া এই তিনটি জেলার মানুষকে নিয়ে আপনারা মজুর-খনি তৈরি করেছেন, <sub>অধিক্ষার</sub> খনি তৈরি করেছেন। সেখানকার মানুষ যদি খেতে পরতে পারে, লেখাপড়ার সযোগ পায় তাহলে পাথর ভাঙার কাজ করবে কে? জ্যোতি বসুর বউ সেই কাজ করবে নাকি? স্টে কাজ তো আমাকে করতে হবে, আদিবাসী মানুষকে করতে হবে। যাতে আমরা খেতে না পাই, পড়তে না পারি যাতে লেখাপড়া শিখতে না পারি তার জন্য মেদিনীপুর, পুরুলিয়ার মত এই জেলাগুলিকে ১৭ বছর ধরে আপনারা না খাইয়ে রেখেছেন, তাদের মধ্যে ঘেন্না ধবিয়েছেন, এটা গর্হিত কাজ। এটা একজন দায়িত্বশীল মানুষের প্রতিনিধি হিসাবে আমি এটাকে সমর্থন করতে পারি না। বন্ধু আজকের অবস্থাটা কি, আমি আশা করেছিলাম ডাকুয়া স্যাহ্বে উনি আদিবাসীদের কিছ মঙ্গল করবেন। এর আগে একজন মন্ত্রী ছিলেন শম্ভ মান্তি, তিনি যখন কাজ করতে চাচ্ছিলেন, ঠিক সেই সময়ে তাকে জঙ্গলে পাঠিয়ে দেওয়া হল, তার চিকিৎসার জন্য। এখন তার অবস্থা কি? ডাকুয়া সাহেব যদি তিনি এইভাবে আদিবাসীদের উপর অত্যাচার করেন তাহলে পিছিয়ে পড়া আদিবাসী মানুষ আপনাকে ক্ষমা করবে না, ও.বি.সি.র মানুষ আপনাকে ক্ষমা করবে না। আজকে আমি খুব অল্প সময় পেয়েছি, দুঃখের সঙ্গে তাই বলতে বাধ্য হচ্ছি স্বাধীনতার আগে যারা নেতাজীকে ক্যুইসলিন বলেছিলেন সেই ওরা আজকে দাবি করছে ওরা স্বাধীনতা সংগ্রামের জন্য আন্দোলন করেছিল, ওরা বিচ্ছিমতাবাদ, খামরা জাপান কিংবা রাশিয়া থেকে আসিনি, আমরা জানি জ্যোতিবসুর দলের লোকেরা বিটিশের পা চেটেছিল, আমরা ঝাড়খন্ড পার্টি ইংরেজের হাত থেকে দেশকে ছিনিয়ে নেওয়ার জনা প্রাণ দিয়েছিলাম। আর আজকের জ্যোতিবার হচ্ছেন স্বাধীনতা সংগ্রামী আমরা হচ্ছি সন অফ দি সয়েল। আমরা নাকি বিচ্ছিন্নতাবাদ ভারতবর্ষের তাহলে সংবিধানের ৩ নম্বর অনুচ্ছেদে যে ক্ষমতা দেওয়া হয়েছে, ভারতবর্ষের সংবিধানের ধারার মধ্যে, আমাদের উন্নয়ন আমাদের ৃষ্টি ভাষাকে রক্ষার জন্য পথক ঝাডখন্ড চাচ্ছি, আমরা হচ্ছি সন অফ দি সয়েল। কারণ দীর্ঘ ৪৭ বছর ভারত সরকার আমাদেরকে ভিক্ষা দিয়েছে।

## (এই সময় মাইকের সংযোগ বিচ্ছিন হয়)

শ্রী শক্তি প্রসাদ বল ঃ মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি ৪১ নম্বর দাবির সমর্থনে করেকটি কথা বলছি। এতদিন পরে কংগ্রেসের হয়ে বলার মত একজন ভাল বক্তা জোগাড় রেছে। স্যার, আমি আজকে যে জিনিসটা বলতে চাচ্ছি, সেই ব্যাপারে বলি, আমার সময় অত্যন্ত কম, আমি সংক্ষেপে দু-একটি কথা বলব। মাননীয় সদস্য মানস ভূঁইয়া পার্টির ছইপ দলের দায়িত্বশীল নেতা, আমি বিরোধী সদস্যদের বলব এই আগুণ নিয়ে ছেলেখেলা করবেন না, দেশের বিচ্ছিন্নতাবাদ আমি জানি আমি বলতেও জানি, কিছু পড়াশুনাও করি, কিন্তু আজকে যেহেতু সময় নেই তাই বলতে পারছি না, নাহলে আমিও ঝাড়খন্ডের উপর এক ঘন্টা বলতে পারি; আদিবাসী হলেই ঝাড়খন্ড হওয়া যায় না। আজকে খুব একটা সংবেদনশীল বাজেট নিয়ে আলোচনা করছি, যেটা নিয়ে খুব অল্প কথায় এখানে আগ

হবে না, পশ্চিমবাংলায় কাঁসিরাম এসেছিল, এখানে নাকি পিছিয়ে পড়া জাতি নিয়ে সকলে কুম্ভিরাশ্রু করছে; সাঁওতাল হলে তিনি আদিবাসী হবেন, মুসলমান হলে তিনি কেবলমাত্র মুসলমান হবেন, আদিবাসীদের হয়ে যিনি বলছেন, এই পরিচিত বক্তৃতা আমরা ঝাড়খন্ডীদের কাছে শুনেছি।

[5-45---5-55 p.m.]

আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে খুব বিনয়ের সঙ্গে কয়েকটি কথা বলব। তার আগে বিরোধী দলের মাননীয় সদস্যদের বলতে চাই, এটা বুঝতে হবে যে ভারতবর্ষে এমন কোনও রাজ্য নেই যারা দাবি করতে পারেন যে তারা রাজ্যের সব সমসারে সমাধান করে দিয়েছেন, রাজ্যকে সোনায় মুড়ে দিয়েছেন। আমরাও সে দাবি করি না যে আমরা আমাদের রাজ্যকে সোনায় মুড়ে দিয়েছি। আমরা যেটা বলতে চাই সেটা হচ্ছে, সীমিত ক্ষমতা নিয়ে আমরা এখানে রাজ্য সরকার চালাচ্ছি। এই রাজ্য সরকারের টাকা পয়সা কম। কেলীয সরকারের কাছে টাকা পয়সা চাওয়া হয়েছে কিন্তু কেন্দ্রীয় সরকার টাকা দেন না। কেন্দ্রীয় সরকার এখান থেকে ৬ হাজার কোটি টাকা তুলে নিয়ে গিয়ে মাত্র দু হাজার কোটি টাকা দেন। কাজেই এখানে আমরা উন্নয়নের কাজটা যেভাবে করতে চাই সেইভাবে আমরা করতে भांति ना। विद्वाधी पत्नत माननीय সদসারা এখানে বারবার প্রসঙ্গটা টেনে বলেন যে এই রাজ্য কোনও উন্নয়নমূলক কাজ হয় না, এটা হয় না, ওটা হয় না ইত্যাদি। আমি তাদের বলতে চাই, তাদের বুঝতে হবে সীমিত আর্থিক ক্ষমতায় যতটা সম্ভব জনগণকে সঙ্গে নিয়ে সেই কাজ আমরা করে চলেছি। আদিবাসীদের কথা অনেক বলেন বিরোধী দলের সদসরো। আমি মাননীয় বিরোধী দলের সদস্যদের জিজ্ঞাসা করতে চাই, এখানে আদিবাসীরা যে নিরাপত্তা নিয়ে বাস করেন বা তারা যে রকম নিরাপত্তা বোধ করেন তা কি ভারতবর্ষের অন্য কোনও রাজ্যে আছে? এখানে কেউ ঝাডখন্ডী, কেউ কংগ্রেস ইত্যাদি নানান দল করেন, কথাটা সেটা নয়. কথাটা হচ্ছে একথা জোর দিয়ে বলা যায় যে ভারতবর্ষের মধ্যে এই একটি মাত্র রাজ্য আছে যেখানে আদিবাসী মা বোনেরা তাদের ই ্রত নিয়ে নির্ভয়ে রাস্তাঘাটে চলাফেরা করতে পারেন, জঙ্গলের মধ্যে হলেও বাস করতে পারেন। এটা কি অম্বীকার করতে পারেন। গোয়ালতোড়ের ঘটনা একটি বিচ্ছিন্ন ঘটনা মাত্র কিন্তু সামগ্রিকভাবে যে পরিস্থিতি এখানে আছে তা কি অন্য কোথাও আছে? তবে নিশ্চয় এটা ঠিক যে এদের আর্থিক উন্নয়নের জন্য আরও বেশি বেশি করে কাজ করা উচিত কিন্তু তারজন্য যে টাকা লাগবে সেই টাকাটা দেবে কে? কেন্দ্রীয় সরকার তো টাকা দেবেন না কাজেই বিরোধী পক্ষের সদস্যরা শুধু ফুটানির কথা বললেই তো হবে না, সব জিনিসটা চিন্তা করে বলতে হবে। আমার সময় কম, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে পরিশেষে কয়েকটি সাজেসান রাখতে চাই। কেন্দুপাতা এবং শালপাতার ব্যাপারটা ভালোভাবে দেখা দরকার। কারণ এটা নিয়ে ঝাডখন্ডীরা অনর্থক নানান অপপ্রচার চালায়। আমি মেদিনীপুর জেলার অধিবাসী, মাননীয় মন্ত্রী মহাশয়ও নিশ্চয় ঝাডগ্রাম গিয়েছেন. তিনি এই কেন্দুপাতা এবং শালপাতার ব্যাপারটা নিশ্চয় জানেন। এ ব্যাপারটা দেখুন। দীর্ঘদিন

প্রে ঐ ঝাডখন্ডীরা এটাকে তাদের মূল হাতিয়ার করে প্রচার করছে। মাননীয় মন্ত্রী মহাশয় জ্ঞানন যে এক্ষেত্রে মাঝখানে এজেন্টরা এবং মাসলম্যানরা সব পয়সা খেয়ে নেয়, সতিটি যারা আদিবাসী, যারা বঞ্চিত, অবহেলিত তারা এর থেকে ঠিকমতন পয়সা পায় না। এ বিষয়টা একট দেখবেন। এটা নিয়ে আপনাকে একটা পরিকল্পনা করতে হবে। এর উপর এই আদিবাসীরা অনেকাংশে নির্ভরশীল এবং বলতে পারেন একটা মূল উপজীবিকা এটা। কাজেই পঞ্চায়েত এবং মিউনিসিপ্যালিটিগুলি মাধ্যমে একটা পরিকল্পনা করে কিছ একটা ব্যবস্থা করা দরকার। তারপর এটা ঠিকই যে এই দপ্তরে একটা ভীষণ আওয়াজ উঠেছে যে এই আদিবাসী কলাণ দপ্তরে যদি কোনও যোগ্য আদিবাসী প্রার্থী থাকেন তাহলে তাদের বেশি বেশি করে নেওয়া হোক যাতে তাদের কল্যাণের কাজ আরও দ্রুত করা যায়। এটাও দেখা দরকার। তারপর এদের চাকরির ক্ষেত্রে সংরক্ষণের ব্যবস্থা করেছেন ঠিকই কিন্তু আমি মনে করি আরও বেশি বেশি করে এদের কারিগরী শিক্ষা দেওয়া দরকার। এর উপর বিশেষ ভাবে আমি জোর দিতে বলছি। পরিশেষে যে ব্যাপারটা নিয়ে আমি বলতে চাই সেটা নিয়ে নানান রাজ্যে জটিলতার সৃষ্টি হয়েছে। স্যার, আপনি জানেন এই ঝাড়খন্ডীরা দাবি করেন তারাই এই আদিবাসী, তফসিলি জাতি, উপজাতির মানুষদের নাকি প্রকৃত প্রতিনিধি। কিন্তু স্যার, বামফ্রন্ট সরকার পঞ্চায়েত এবং বিভিন্ন নির্বাচনী ব্যবস্থায় তাদের জন্য যেভাবে আসন সংরক্ষণ করেছেন এবং আজকে এই পশ্চিমবাংলায় এই আদিবাসী ও তফসিলি জাতি উপজাতির মানুষরা—এই সম্প্রদায়ের মা বোনরা যেভাবে নির্বাচিত হয়ে আসছেন এবং কাজ করছেন সেটাও প্রচার হওয়া দরকার। মাননীয় মন্ত্রী মহাশয়কে কতগুলি পজিটিভ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার জন্য অনুরোধ জানিয়ে এবং তার বাজেটকে পুনরায় সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ব্রহ্মময় নন্দ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় তফসিলি জাতি, উপজাতি ও আদিবাসী কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া যে ব্যয়বরান্দের দাবি পেশ করেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, এতক্ষণ ধরে মাননীয় বিরোধীপক্ষের সদস্যরা যা বললেন তা শুনে রবীন্দ্রনাথের একটি কবিতার কথা মনে পড়ে যাচছে। "যারে তুজি নিচে ফেল, সে তোমারে বাঁধিবে যে নিচে, পশ্চাতে ফেলিছ যারে, সে তোমারে পশ্চাতে টানিছে, অজ্ঞানের অন্ধকারে আড়ালে ঢাকিছ যারে, তোমারই মঙ্গল ঢাকি গড়িছে যে ঘোর ব্যবধান, অপমানে হতে হবে তাহাদের সবার সমান।" কংগ্রেস আমলে আদিবাসীদের জন্য এরা কি করেছে, তার খতিয়ান সরকারি দপ্তরে আছে এবং যেটুকু বলতে চাই সেটা হচ্ছে বর্তমান বামফ্রন্ট সরকার আসার পর আদিবাসীদের কল্যাণের জন্য এরা কি করেছে তান, ওরা তার ব্যয় বরান্দের প্রথম পৃষ্ঠাটা বোধ হয় পড়েননি। কি কি খাতে টাকাগুলো তিনি চেয়েছেন, সেই গুলো দেখলে দেখা যাবে সাধারণ শিক্ষা, ক্রীড়া, যুব কল্যাণ, পৃষ্টি, পশু পালন এবং খাদ্য সংরক্ষণ, সমবায়, মৎস্য চায় প্রামীণ এবং ক্ষুদ্র শিল্প এই সমস্ত ব্যাপার গুলো। তাহলে আমরা দেখলাম কি যে এই

বামফ্রন্ট সরকার আসার পর এই দপ্তর তফসিলি জাতি এবং আদিবাসী কল্যাণের জন্ম পরপর কাজ করে এসেছেন এবং পরের পরিকল্পনা গুলো তারা সুন্দর ভাবে সাজিয়ে ফেলেছেন। তফসিলি জাতি এবং উপজাতির মধ্যে শিক্ষা প্রসারের জন্য যে জনপ্রিয় কর্মসচী নেওয়া হয়েছে, সেইগুলো আমরা দেখতে পাচ্ছি, যার ফলে দেখছি যে আদিবাসীদের বাঢ়িব ছেলেমেয়েরা ব্যাপক হারে স্কুল কলেজে ভর্তি হচ্ছে এবং তফসিলি জাতি এবং আদিবাসী কল্যাণ বিভাগ ৬২টি যে প্রশিক্ষণ তথ্য উৎপাদন তফসিলি জাতি উপজাতি ছেলেমেয়েদের বিভিন্ন শিক্ষে এবং হস্তশিক্ষে প্রশিক্ষণ দেবার জন্য খুলেছেন এটা খুবই প্রশংসনীয় এবং আমরা দেখছি যে এই আদিবাসীদের যে গান, উত্তরবঙ্গের যে ভাওয়াইয়া গান সেটা আজ ঐতিহ্য লাভ করেছে এবং মুন্ডা ওঁরাও, লেপচা, ভূটিয়া, রাভী, মেচদের ভাষায় গান, নাটক লিখে ব্যাপার প্রচার চলছে এবং ভূমি সংস্কারের পর আমরা দেখছি যে সেই সমস্ত ভূমি আদিবাসী সম্প্রদায়ের মধ্যে বিলি করা হয়েছে এবং সেচ যোগ্য করে তোলা হচ্ছে। সাধারণ শিক্ষার দিকে জ্ঞার দেওয়া হয়েছে, ক্রীড়া এবং যুব কল্যাণ দপ্তর থেকে এদের মধ্যে প্রসার ঘটানো হয়েছে এবং নানা প্রকার অনুষ্ঠান বা কল্যাণ মূলক কাজে যাতে তারা ব্রতী হয় তার জন্য সরকার চেষ্টা করছে এবং বিভিন্ন জায়গায় আদিবাসী অধ্যুষিত এলাকায় বিদ্যুৎ এবং পূর্ত বিভাগেরও কাজ হচ্ছে। তবুও বলবে আমাদের মেদিনীপুরে এমন এমন জায়গায় আছে যেখানে তফসিলিদের সংখ্যা অনেক বেশি। কিন্তু সেই জায়গায় ঠিক সেই ভাবে নজর দেওয়া হয়নি। সেই জায়গায় এখনও রাস্তাঘাট করা দরকার এবং বিদ্যুৎ পৌছে দেওয়া দরকার। কিছু কিছু ক্রটি বিচ্যুতি আছে নিশ্চয়ই এবং সেইগুলো সংশোধন করার চেষ্টা হচ্ছে এবং সমত প্রকার তফসিলি জাতি এবং উপজাতির জন্য এই বামফ্রন্ট সরকার কাজ করে চলেছে। তাই এই যে ব্যয়-বরাদ্দ মন্ত্রী মহাশয় পেশ করেছেন, তাকে সম্পূর্ণ ভাবে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেয করছি।

শ্রী ত্রিলোচন দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে তফসিলি জাতি এবং তফসিলি উপজাতির জন্য মন্ত্রী মহাশয় ৯৩-৯৪ সালের যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে দু চারটি কথা বলতে চাই। আজকে কংগ্রেসি বিরোধী পক্ষের বক্তব্য শুনলাম মানস বাবুদের কথা। আজকে তাদের যে সমস্ত বক্তব্য বক্তৃতার মাধ্যমে বেরিয়ে আসলো যে আজকে তফসিলি জাতি এবং উপজাতিদের জন্য তাদের জন্য তাদের যেন কত দরদ, আজকে উথলে উঠছে। কিন্তু আজকে তাদের এই গাত্র দাহের কথা, এটা এক মাত্র কারণ যে এখানে পশ্চিমবাংলায় বামফ্রন্টের সরকার আসার পরেই পিছিয়ে পড়া তফসিলি জাতি এবং উপজাতি মানুষদের স্বার্থে যে উন্নয়ন মূলক কাজ করেছে, আজকে বামফ্রন্ট সরকার একমাত্র তাদের গণতান্ত্রিক অধিকার দিয়েছে, আজকে মানস বাবুরা যাদের ছোট লোক বলতো, আজকে তারা ছোট লোক বলার স্পর্ধা পায় না। এখানেই হচ্ছে তাদের গাত্র দাহ। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই এই তফসিলি জাতি এবং উপজাতি শ্রেণীর উন্নয়নের উদ্দেশ্যে রাজ্য সরকার একাধিক পদক্ষেপ গ্রহণ করেছেন, এই বিভাগের কল্যাণ

মূলক কাজকর্মের মধ্যে সাধারণ ভাবে রয়েছে তফসিলি জাতি এবং আদিবাসী অন্তর্ভুক্ত যারা তাদের কল্যাণ সাধন।

[5-55-6-05 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় তফসিলি জাতি এবং আদিবাসী কল্যাণ দগরের ১৯৯৪-৯৫ সালের যে ব্যয়-বরান্দের দাবি আজকে এই সভায় উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করে আপনার মাধ্যমে দু চারটি কথা বলতে চাই। স্যার, আজকে আমি বিরোধী পক্ষের কংগ্রেসি বন্ধুদের বক্তব্য শুনলাম। মানসবাবু এবং বিরোধী বন্ধুদের বক্তব্য ন্দ্রন মনে হল তফসিলি জাতি এবং আদিবাসী মানুষদের দুঃখে তাঁদের ঘুম হচ্ছে না। আসলে আন্ররা জানি বামফ্রন্ট সরকারের মাধ্যমে তফসিলি জাতি এবং আদিবাসী সম্প্রদায়ের মানুষদের কলাণ সাধিত হচ্ছে বলেই ওঁদের অত গাত্রদাহ সে জন্যই ওঁরা অত কথা বলছেন। পশ্চিমবাংলায় বামফ্রন্ট ক্ষমতায় আসার পর থেকে পিছিয়ে পড়া মানুষদের স্বার্থে যে কাজ হয়েছে তা কি মানসবাবুরা দেখতে পাচ্ছেন না? দেখতে নিশ্চয়ই পাচ্ছেন এবং সেটাই হচ্ছে ওঁদের গাত্রদাহের কারণ। ওঁরা দীর্ঘদিন যাদের ছোটলোক বলতেন, তাদের আজ আর ছোটলোক বলার ওঁদের স্পর্ধা নেই। আমরা জানি তফসিলি জাতি ও উপজাতি শ্রেণীর মানুযদের স্বার্থে, তাদের উন্নয়নের উদ্দেশ্যে রাজ্য সরকার একাধিক পদক্ষেপ গ্রহণ করেছেন। এই বিভাগের ক্ল্যাণমূলক কাজ-কর্মের মধ্যে সাধারণভাবে রয়েছে—তফসিলি জাতি ও আদিবাসী সম্প্রদায় ভূক্ত ছাত্র-ছাত্রীদের কল্যাণ সাধন। দারিদ্র-সীমার নিচে অবস্থিত তফসিলি জাতি ও আদিবাসী সম্প্রদায়ের মানুষদের কল্যাণ সাধন। তফসিলি ও আদিবাসীদের বিভিন্ন সংস্কৃতির উন্নতির <sup>সাধন।</sup> যে সমস্ত উপজাতি সম্প্রদায়ের ছাত্রদের পরিবারের বার্যিক আয় ৬০০০ টাকার কম, তারা প্রত্যেক বার্ষিক ৪০০ টাকা করে ভাতা পেয়ে থাকছেন। পশ্চিমবঙ্গের মোট জনসংখ্যা ৬,৮০,৭৭,৯৬৫ জনের মধ্যে ১,৬০,৮০,৬১১ জন তফসিলি জাতির মানুষ এবং ৩৮,০৮,৭৬০ <sup>ছন</sup> তফসিলি উপজাতি সম্প্রদায়ের মানুষ। মোট জনসংখ্যার ২৩.৬২ পারসেন্ট তফসিলি <sup>জাতির</sup> মানুষ এবং ৫.৫৯ পারসেন্ট তফসিলি উপজাতি সম্প্রদায়ের মানুষ। এটা ১৯৯১ <sup>সালের</sup> আদম-সুমারী অনুযায়ী। এই তফসিলি জাতি ও উপজাতিদের কল্যাণ সাধনের জন্য <sup>পশ্চিমবঙ্গ</sup> সরকার চেষ্টা করছে। চাকরি ও শিক্ষা ক্ষেত্রে সংরক্ষণের ব্যবস্থা করেছে এবং ।<sup>६६</sup>লি যথার্থ ও সঠিকভাবে রূপায়িত হচ্ছে কিনা তা মাননীয় মন্ত্রী মহাশয়কে দেখার জন্য <sup>মামি</sup> অনুরোধ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি জানেন মাধ্যমিকোত্তর ছাত্রদের <sup>বিভি</sup>ন্ন কোর্সের বৃ**ত্তির হার সমস্ত রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চল** গুলিতে ভারত সরকার <sup>কর্তৃক</sup> স্থিরিকৃত—কিন্তু দুর্ভাগ্যবশত কেন্দ্রীয় সরকার এই ব্যয়কে সপ্তম যোজনার শেষে <sup>ইতিমধ্যে</sup>ই ব্যয়িত হিসাবে ধরে এবং তা সম্পূর্ণভাবে রাজ্য সরকারের ওপর চাপিয়ে দিয়ে <sup>তাদের</sup> মেটাতে বলছেন। পশ্চিমবঙ্গ সরকার ভারত সরকারকে কেন্দ্রীয় পোযকতা প্রাপ্ত প্রকল্পের <sup>উন্য</sup> মেট ব্যয়ের ৫৮ পারসেন্ট বহন করার অনুরোধ জানায়। কিন্তু ভারত সরকার এই <sup>রে</sup>ণের ব্যয়ভার বহন করতে অস্বীকার করে। ফলে পশ্চিমবঙ্গ সরকারকে সম্পূর্ণ ব্যয় ভার

[6th April, 1994

বহন করতে হচ্ছে। আর এখানে কংগ্রেসি সদস্যরা। তফসিলি জাতি ও উপজাতির কল্যাণে জন্য পশ্চিমবঙ্গ সরকারকে দোষারোপ করছেন। কোনও নৈতিক অধিকারে ওঁরা এই সবলছেন? যদি বলতে হয় তো দিল্লিতে গিয়ে বলুন। স্যার, আমি আপনার মাধ্যমে আরং বলতে চাই—এ.আর.ডি.আর. আইন অনুসরণ করে ভারত সরকার তফসিলি জাতি এব তফসিলি উপজাতির মানুবের ১৯৯০ সালের ২রা অক্টোবরের আগে যারা ১০,০০ টাক লোন নিয়েছিল তাদের সেই ঋণ মকুব করবেন। ভারত সরকারকে বার বার অনুরোধ কর সত্ত্বেও এদের প্রান্তিক ঋণ মকুব করার জন্য অর্থ—নিগমকে ৪৫.৫০ কোটি টাকা প্রদান করছেন না। কেন্দ্রের এই বঞ্চনার বিরুদ্ধে সমস্ত তফসিলি জাতি এবং উপজাতির মানুবের রূপে দাঁড়াচ্ছে। এই কয়েকটি কথা বলে এই ব্যয়-বরান্দের দাবিকে আর একবার সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী উপেন্দ্র কিন্ধ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দু জন বিরোধী পক্ষের সদস্যের বত্তর শুনে আমার মনে হল—ওঁরা যেন বিদেশ থেকে হঠাৎ উড়ে এসে এখানে উপস্থিত হয়েছেন **ওঁরা দেখছেন পশ্চিমবঙ্গে আদিবাসীদের অবস্থা খব খারাপ। মানস-বাব এবং তাঁদের ল্যাংরেট** হিসাবে যিনি এসেছেন সেই নরেন হাঁসদা মহাশয় এটাই বলতে চাইলেন যে, সারা পশ্চিমবাংলা সামগ্রিকভাবে সমাজের নিচের তলার মানুষরা সব দিক দিয়ে ক্রমশই পিছিয়ে পডছেন। কি আমি এটা ওঁদের বলতে চাই যে, পশ্চিমবঙ্গে আমাদের সরকার সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিজ সমাজের নিচের তলার যে মানুষরা অর্থনৈতিক দিক দিয়ে, শিক্ষার দিক দিয়ে এবং অনান বিভিন্ন দিক দিয়ে পিছিয়ে আছেন সেই মানুষদের উন্নতির জন্য ব্যাপক কাজ-কর্ম করছে। এবং সেই দৃষ্টিভঙ্গীর মধ্যে দাঁডিয়ে ক্ষি, শিক্ষা এবং যোগাযোগ এবং বিভিন্ন দপ্তর ফেল সেইসব কাজকর্ম করছে তারসঙ্গে পরিপুরক হিসাবে তফসিলি জাতি ও আদিবাসী কলা **দপ্তর আরও বেশ কিছু প্রকল্প নিয়েছেন।** যার মধ্য দিয়ে ওরা দ্রুত সমাজের অন্যান্য *উল্লে* মানুষের সম পর্যায়ে উঠে আসতে পারেন। আমি বলতে পারি, পশ্চিমবাংলায় ১৭ বছর <sup>ধ্রে</sup> কংগ্রেসিরা যদি দেখাতে পারতেন যে এখানকার আদিবাসী মানুষ, তফসিলি মানুষরা না 🖾 মরেছেন, ওরা যদি বলতে পারতেন ভারতবর্ষের অন্যান্য রাজ্যে যেভাবে অম্পূশ্যতার <sup>ব্যাপার</sup> আছে, পশ্চিমবাংলার ক্ষেত্রে এখনও আছে তাহলে আমি বুঝতাম যে পশ্চিমবাংলায় বি কাজকর্ম হয়নি। কিন্তু কংগ্রেসিরা এর ধারে কাছে গেলেন না। মাননীয় বিরোধীদলের সক্ষ মানসবাব প্ররোচনামূলক বক্তব্য রেখে গেলেন। উনি বললেন, চাল ট্রাক ট্রাক পাচার <sup>হয়ে</sup> যাচ্ছে। মাননীয় সদস্য কি জানেন, দিল্লির সরকার বিগত ১ হাজার দিনের মধ্যে ে 👯 রেশনে চাল, গম এবং চিনির দাম বাড়িয়েছেন। আদিবাসীদের জন্য সাবসিডাইজড রেটে <sup>৫</sup> চাল, গম দেওয়া হতো সেই চাল গমের দাম বাড়িয়ে দিয়েছেন এবং বর্তমান বাজারদরে প্রায় কাছাকাছি। তাহলে আদিবাসী মানুষরা রেশনের ঐ পচা চাল কোন দুঃখে কিনতে <sup>যাং</sup>। এটা যদি উনি ভাবতেন এবং কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করতেন তাহলে আমি <sup>রে</sup> সাথে একমত হতে পারতাম। কিন্তু উনি সেইদিকে গেলেন না। উনি বললেন, আদিবাসী<sup>বে</sup>

📷 নাউদিল চাই। আমি একজন দায়িত্বশীল সদস্য হিসাবে প্রশ্ন রাখতে চাই, পশ্চিমবাংলার ১টি ব্রক বাদে আর কোথায় আদিবাসীরা সংখ্যাগরিষ্ঠ আছে হিসাব করে দেখবেন সেনসাসের <sub>বিপোর্ট</sub> থেকে? এইরকম কোথাও নেই। আমি মাননীয় সদস্যকে জিজ্ঞাসা করতে চাই, দি**ল্লি**র কেন্দ্রীয় সরকার-এর স্বরাষ্ট্র দপ্তরের প্রতি মন্ত্রী বলেছিলেন, রাষ্ট্রপতির কাছে বিহার সরকারের যে ঝাডখন্ড কাউন্সিল বিল আছে তা ফেরৎ পাঠিয়ে দেওয়া হবে। আজকে নরেন হাঁসদা <sub>চিংকার</sub> করছেন। উনি কংগ্রেসের কাছ থেকে টাকা নিয়ে বিধায়ক হিসাবে নির্বাচিত হয়ে এসেছেন। আপনি প্রশ্ন করবেন, বিহারে আদিবাসীরা সংখ্যাগরিষ্ঠ থাকা সত্ত্বেও কেন ঝাডখন্ড কাউসিল বিল ফেরৎ দেবেন না পেশ্চিমবঙ্গের ক্ষেত্রে দাবি করার আগে বিহারে আদিবাসীদের সংখ্যাগরিষ্ঠতা থাকা সত্ত্বেও ঝাড়খন্ড কাউন্সিল কার্যকর করা হচ্ছে না কেন? কংগ্রেস যদি দায়িত্দশীল হতো তাহলে পশ্চিমবাংলার আদিবাসী মানুষগুলিকে এইভাবে প্ররোচিত করার আগে ওরা দিল্লির দিকে তাকাতেন এবং বিহারের আদিবাসীদের দিকে তাকাতেন। ওরা যে যার যেমন খুশি কথা বলেন। একজন সদস্য কাউন্সিলের কথা বলেন, তো অন্য সদস্য রাজ্যের কথা বলেন। ওদের যতজন নেতা ততজন গোষ্ঠী, এই হচ্ছে বিরোধীদলের ভূমিকা। ভারতবর্মের বৃহত্তম একটি দল যারা কেন্দ্রে সরকার চালাচ্ছেন। সেই দলের এই হচ্ছে ভূমিকা। গরু হারালে এইরকমই হয়। যারফলে কংগ্রেসের আজকে একজনও আদিবাসী সদস্য নেই। নরেন হাঁসদা ল্যাঙ্গ-বোর্ড হিসাবে ওদের গাওনা গাইছেন এবং বলছেন এখানে আদিবাসীদের জন্য কিছু কাজ হয়নি। আমি নরেন হাঁসদাকে স্মরণ করিয়ে দিতে চাই, পশ্চিমবাংলার আদিবাসী মানুষ বামপদ্বীদের সাথে আছে। বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়ার আদিবাসী মানুষ বামপদ্বীদের সাথে আছে। তাই গত বছরের পঞ্চায়েত নির্বাচনে আপনাদের দলকে পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত থেকে একেবারে মান্য ছঁড়ে ফেলে দিয়েছে। আদিবাসীদের <sup>বিশ্রান্ত</sup>, বঞ্চিত করবার রাজনীতি আপনাদের শেয করেছে, তারজন্য আজকে হাত-পা ছুড়ে <sup>চিংকার</sup> করছেন। শালপাতার কথা বলছিলেন, কিন্তু বলেননি তো, ১৯৭৭ সালের পূর্ব পর্যন্ত ১০০ পাতা কালেকশন বাবদ তারা মাত্র এক পয়সা পেতেন। সেটাও ১৯৭৩ সাল থেকে আন্দোলন করবার ফলে বাড়াতে পেরেছিলাম। তার আগে সেটা আরও কম ছিল। আজকে ১০০ পাতা কালেকশন বাবদ তারা ৫০ পয়সা পাচ্ছেন। আজকে কেন্দুপাতা কালেকশনের <sup>ক্ষেত্রেও</sup> তারা ১০০ পাতায় ৫০ পয়সা পান যা আগে ছিল মাত্র ৫ পয়সা। এক্ষেত্রে ১০০ । <sup>পাতার</sup> ৪৫ প**রসা বেড়েছে। মধ্যপ্রদেশে তো আপনাদে**র সরকার বলছে। কয়েক মাস আগে <sup>আমি</sup> সেখানে গিয়েছিলাম, দেখেছি, সেখানে ১০০ পাতায় ৩০ পয়সা দেওয়া হয়। ত্রিপুরায় <sup>এর</sup> আগে যখন কংগ্রেস সরকার ছিলেন তখন সেখানে ট্রাইবাল ডেভেলপমেন্ট কাউপিল <sup>(থকে</sup> সরকার টাকা ধার নিয়েছিলেন রাজ্য সরকারিকর্মচারীদের মাইনে দেবার জন্য, কিন্তু <sup>ক্</sup>গ্রেস সরকারের নেওয়া সেই টাকা আজও ঐ কাউন্সিল ফেরৎ পাননি। এটাই হচ্ছে <sup>আপনাদের</sup> আদিবাসী দরদের নমুনা। কিন্তু আজকে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আদিবাসীদের <sup>শিক্ষা</sup>, সংস্কৃতি এবং আর্থিক দি<mark>ক থেকে সাধারণ মানুষের সম-প</mark>র্যায়ে আনার চেষ্টা করছেন। <sup>তারই</sup> জন্য আজকে পশ্চিমবঙ্গে মুন্ডালি, সাঁওতালি ভাষায় নাটক অনুষ্ঠিত হচ্ছে, আদিবাসী

ভাষার উপর নানা ওয়ার্কশপ হচ্ছে। আপনারা যে অলিচিকি নিয়ে এত কথা বলেছেন সেই অলিচিকি ক্রিপ্টের স্বীকৃতি আমরাই দিয়েছি এবং এই ক্রিপ্টের বই তৈরি করে তা ছাত্রদের মধ্যে বিতরণ করেছি। এই বছরও আমরা সাঁওতালি ভাষায় বই ছাপিয়ে তা প্রাথমিক বিদ্যালয়গুলিকে দেব। এইভাবে আমরা তাদের ভাষা, সংস্কৃতি, শিক্ষা এবং অর্থনৈতিক বিকাশের জন্য নানা পরিকল্পনা নিয়ে কাজ করছি। আপনারা যতই অরাজকতা সৃষ্টির চেষ্টা করন না কেন, আজকে আদিবাসীরা তাদের জীবনের অভিজ্ঞতা থেকে বুঝেছেন যে কে বন্ধু এবং কেই বা শক্র। সেজন্যই আজকে আপনারা অন্ধকারে নিক্ষিপ্ত হয়েছেন এবং বামদ্রুট সরকারে বা শক্র। সেজন্যই আজকে আপনারা অন্ধকারে নিক্ষিপ্ত হয়েছেন এবং বামদ্রুট সরকারে এগিয়ে চলেছেন। আগামী দিনেও তারা এইভাবে লড়াই করে বামদ্রুট সরকারের সঙ্গে এগিয়ে যাবেন এবং আপনারা যে যে সৌধ রচনা করবার স্বপ্প দেখেছেন তা ভেঙ্গে চুরমার হয়ে যাবে। এই বলে আপনাদের বক্তব্যের বিরোধিতা করে এবং ব্যয়-বরান্দকে সমর্থন করে শেষ করছি।

মিঃ ডেপুটি ম্পিকার ঃ সময় যা নির্ধারিত আছে তাতে হবে না। কাজেই ২০ মিন্টি সময় বাড়িয়ে দেবার জন্য প্রস্তাব রাখছি।

(সভার সম্মতিক্রমে এই সময় ২০ মিনিট সময় বৃদ্ধি হয়)

[6-05-6-15 p.m.]

**ত্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশ**য়, আজকে এই তফসিলি আদিবার্দ কল্যাণ দপ্তরের বাজেট আলোচনায় প্রধান বিরোধিতায় যিনি দাঁডিয়েছেন তিনি হচ্ছে বিরোধী পক্ষের মাননীয় সদস্য ডঃ মানস ভূঁইয়া। তাঁর বক্তব্যের যে মূল কথা আমি প্রথমে তাং উত্তর দেব। এখানে তিনি ও.বি.সি সম্পর্কে প্রশ্ন তুলেছেন, কিন্তু তিনি যে দলের সদস্য দে দলের ভূমিকা এ-ব্যাপারে ভূলে বসে আছেন। মনে রাখা দরকার যে, এটা মন্ডল কমিশনের সৃষ্টি, কংগ্রেসের নয়। দিল্লিতে যে অকংগ্রেসি সরকার এসেছিলেন তাঁরাই বসিয়েছিলেন এই মন্ডল কমিশন। ঐ কমিশন দুই বছর পরে যখন তাদের রিপোর্ট দিলেন তখন অবশ্য সে<sup>খানে</sup> কংগ্রেসি সরকার ছিলেন। কিন্তু তার পরে দেখা যাচ্ছে যে প্রায় এক দশক ধরে বা ৮/১ বছর ধরে কংগ্রেস বিচ্ছিন্ন ভাবে দিল্লিতে থাকলেন। তখন তারা সেই রিপোর্টের <sup>পাতা</sup> উল্টিয়ে দেখেন নি। এখন প্রশ্ন হচ্ছে, কেন পাতা উল্টিয়ে দেখেন নি, কি ব্যাপার, সেটা জান দরকার। মন্ডল কমিশনের পাতা তারা উল্টান নি। তারপরে একটা অকংগ্রেসি <sup>সরকার</sup> অল্পকিছু দিনের জন্য এসৈছিল। সেই সরকার যখন এলেন ভি.পি. সিং তার প্রধান<sup>নন্ত্রী</sup>। মন্ডল কমিশনের যে সুপারিশগুলি আছে, তার অংশ বিশেষ, সমগ্র সুপারিশ নয়, মন্ডল কমিশনের যে বড় সুপারিশগুলি আছে, মাননীয় সদস্য মানস ভূঁইয়া এবং কংগ্রেসের অন্যান সদস্য যারা আছেন, তারা সেটা উল্টিয়ে দেখবেন, তার মধ্যে অন্তত ভূমি সংস্কারের <sup>হে</sup> চ্যাপ্টারের কথা বলা আছে, মন্ডল কমিশন পরিস্কার বলে দিয়েছে যে উপর উপর এই <sup>সমত</sup> কাজ দিয়ে এই সমস্ত মানুষদের ওঠানো যাবে না যদি মৌলিক কিছু না দেওয়া <sup>যার। সেই</sup>

স্থালিক দেবার বিষয়ে মূল জিনিস অর্থাৎ জমির কথা সেখানে উল্লেখ করা হয়েছে। আমরা দাখছি যে ভূমি সংস্কারের যে কথা সেটা মন্ডল কমিশনের সুপারিশের মধ্যে আছে এবং ৩টি নবকারের প্রশংসা করা হয়েছে মন্ডল কমিশনে। মন্ডল কমিশনকে সামগ্রিকভাবে দেখতে হবে। স্থানে ত্রিপুরা, কর্ণটিক এবং পশ্চিমবঙ্গ এই তিনটি সরকারের প্রশংসা করা আছে। পরিস্কারভাবে স্থানে বলা আছে যে ভূমি যদি দেওয়া না যায় তাহলে উপর উপর জল ঢেলে কিছ লাভ গ্রব না। এই অবস্থার মধ্যে আমরা মন্ডল কমিশনের যে মৌলিক সুপারিশ গুলি আছে তাকে াক-ঢোল না পিটিয়েও আমরা সেটাকে কার্যকর করেছি ভূমি সংস্কারের মধ্যে দিয়ে। ভারতবর্ষে ্যত ভুমিহীন মানুষ দেখা যায়, গরিব মানুষ দেখা যায়, তারমধ্যে বড় একটা অংশ হচ্ছে, পায় অর্ধেক বলা যায়, ভূমিহীন এবং সরকারি হিসাবে বলা যায় যে সেটা সিডিউল্ড কাষ্ট ্রবং সিডিউল্ড ট্রাইবসদের মধ্যে। আর যদি ও.বি.সি. ধরা হয় তাহলে প্রায় ৭৫ শতাংশ মান্য হচ্ছে ভূমিহীন কৃষক, এই কথা বলা যেতে পারে। সুতরাং এই ভূমিহীন কৃষকদের জন্য পশ্চিমবঙ্গে ১৭ বছর ধরে আমরা বারে বারে অস্ততপক্ষে মন্ডল কমিশনের সুপারিশ এর হুগা উল্লেখ না করেও, মন্ডল কমিশনের যে মৌলিক কর্তব্য সেটা বামফ্রন্ট সরকার কার্যকর করেছে। এই কথাটা আপনাদের সকলের খেয়াল থাকা দরকার। তারপর এটা নিশ্চয়ই কংগ্রেস সরকারের বোঝা দরকার, তাদের সদস্যদের বোঝা দরকার যে কি অবস্থার মধ্যে ৮/৯ বছর তারা কার্যকর করতে পারেন নি. কি অস্বিধা ছিল। ইন্দিরা গান্ধী, রাজীব গান্ধীর কি এসবিধা ছিল সেটা নিশ্চয়ই তারা ভাল করে স্মরণ রাখবেন। অসুবিধা নিশ্চয়ই থাকতে পারে, কিন্তু সেটা ইন্দিরা গান্ধী, রাজীব গান্ধীর পক্ষে দাঁড়িয়ে এই বিধান সভায় বলার মত লোক নেই। যাইহোক, তারা কার্যকর করতে পারেন নি। তারপরে যখন ভি.পি. সিংয়ের অকংগ্রেসি সরকার এলেন, যখন নোটিফিকেশন হল, তারপরে অনেক জল গড়িয়ে গেছে এবং তারপরে দেখা গেল যে এই নিয়ে মামলা-মোকদ্দমা হয়েছে, সুপ্রীম কোর্ট পরিস্কার ভাষ্য দিয়েছে। এটা মনে রাখবেন যে সুপ্রীম কোর্টের ভাষ্য, আর মন্ডল কমিশন এক জিনিস নয়। মন্ডল কমিশনে কতগুলি জাতকে নির্দিষ্ট করা হবে। সেই জাতের মধ্যে যারা ক্রিমিলিয়ার মর্থাৎ যাদের টাকা প্রসার সচ্ছলতার মান আছে. সেই মানের উপরের লোকগুলিকে বাদ দেবার কথা রায়ের মধ্যে আছে।

[6-15—6-25 p.m.]

সেই মানের উপর লোক গুলো বাদ দেওয়া হবে, এই কথা সূপ্রীম কোর্টের রায়ে আছে। তারপর আমরা সূপ্রীম কোর্টের রায় অনুযায়ী আমরা কমিশন নিযুক্ত করেছি, সেন কমিশন নিযুক্ত করেছি। এই সেন কমিশনের রিপোর্ট যখন আমরা পাবো তখন করবো। আমরা চেষ্টা করছি রিপোর্ট তাড়াতাড়ি পাওয়ার জন্য। একটা বিচারপতিকে তো বলা যায় না তাড়াতাড়ি করার জন্য। এই সব তাড়াতাড়ি করা যায় না। কথা হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের ক্যাটিগরিক্যালি বিবৃতি আছে সুপ্রীম কোর্টের রায় কার্যকর করবে। কবে হবে না হবে এবং এই বিচারপতি সেনের যে কমিশন সেই কমিশন যে রায় দেবে, কমিশন যে সব

জাতিকে বলবে সেই অন্যায়ীই কাজ করবো। এখন প্রশ্ন হচ্ছে পরবর্তীকালে আর একটা পারস্পরিক বিষয় বলা হয়েছে। সেই ব্যাপারে মানসবাব ছাডা আরও দ-এক জন বলেছেন। এটা পরিস্কার দাবি করা হয়েছে যে অটোনমাস রিজিওনাল কাউন্সিল বলে আদিবাসীদের জন যদি লাগোয়া এলাকায় থাকে তাহলে একটা কাউন্সিল করতে। স্বশাসিত কাউন্সিলের ব্যবস্থা আইনে আছে, কনস্টিটিউশানে আছে। কিন্তু এটা মানসবাবর জানা উচিত ১৯৭৪-৭৫ সালে যখন পশ্চিমবাংলায় কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার মিলে খোঁজা-খাঁজি করে তখন দেখ গেল সারা পশ্চিমবাংলায় ছডিয়ে ছিটিয়ে আছে ৩৩টি স্পট, ৩৩টি এরিয়া, সেই ৩৩টি স্পটের মধ্যে একটার সঙ্গে আর একটার যোগাযোগ বিচ্ছিন্ন। একটা লাগোয়া এলাকায় নেই। অর্গাং পশ্চিমবাংলায় এই রকম এলাকা নেই যেখানে লাগোয়া আদিবাসীরা বাস করছে। ১৯৭৪-৭৫ সালের রিপোর্ট আমরা পেয়েছি. পাওয়ার পর আমি কিছ কিছ এলাকা ঘরেছি। এখান ভল তথ্য পরিবেশিত হয়েছে। সিডিউল কাষ্ট অ্যান্ড সিডিউল ট্রাইব এক সঙ্গে নয়, অটোনমাস কাউন্সিল করার যে পরিকল্পনা, যে আইন আছে সেটা হচ্ছে অনলী ইন সিডিউল টাইব এরিয়া। সিডিউল ট্রাইবদের এখানে লাগোয়া এলাকা এই রকম কোনও ভায়েবেল এলাকা পশ্চিমবাংলায় নেই। ৩৩টি বিচ্ছিন্ন এলাকায়, আলাদা আলাদা স্পটে বাস করছে। আমরা এই ৩৩টি স্পাটে আই.টি.ডি.পি. স্কীমে কাজকর্ম করছি। কোনও রিজিওনাল কাউপিল, কোনও অটোনমাস কাউসিল করার মতো ভৌগোলিক পরিবেশ, অখন্ডতা আমাদের এখানে নেই। এবারে অন্য প্রসঙ্গে আসছি। এখানে এমন ভাবে বলা হয়েছে যেন আদিবাসী এবং সিডিউল কাষ্ট আভে সিডিউল ট্রাইবদের কোনও উন্নতি হয় নি। আমি সব কিছর উত্তর দিছি একসঙ্গে।

#### (গোলমাল)

## (এই সময় মাননীয় সদস্য নরেন হাঁসদা কিছু বলতে ওঠেন)

ওদের ও.বি.সি. সম্পর্কে বক্তব্য যে আমাদের পশ্চিমবাংলায় কোনও অপ্রগতি হয় নি। অপ্রগতির একটি বড় মাপকাঠি হচ্ছে শিক্ষা, লিটারেসি। এই লিটারেসীতে যদি দেখি, তাহলে পশ্চিমবাংলায় দেখা যাচ্ছে, আমরা যদি ১৯৭১ সালের ফিগার দেখি তাহলে দেখছি যে এস.টি.দের লিটারেসী ছিল ৮.৯২ পারসেন্ট। ১৯৯১ সালে লিটারেসীতে, সরকারি ফিগারে যা দেখিছ, বেড়ে দাঁড়িয়েছে ২৭.৭৮ পারসেন্ট। এই সময়ে যে এটা বৃদ্ধি হয়েছে তা দেখা যাচ্ছে। এখন এস.টি.দের লিটারেসীর হার ২১১.৪৩ পারসেন্ট। এখানে হারটা কিস্তু উল্লেখযোগা। আমাদের ভারতবর্ষের ক্ষেত্রে এস.টি.এর ক্ষেত্রে লিটারেসী বৃদ্ধির হার হচ্ছে ১৬৭.৯ পারসেন্ট এস.সি.এর ক্ষেত্রে অল ইন্ডিয়াতে ১৯৭১-১৯৯১, গত ২০ বছরে লিটারেসী বৃদ্ধির হার ছিল ১৩৬.৪ পারসেন্ট। আর ঐ সময়ে ওয়েষ্ট বেঙ্গলে হয়েছে ১৩৭.৭ পারসেন্ট। লিটারেসী হারের এই যে বৃদ্ধি, যদিও খুব বেশি কিছু নয়, তাহলেও কিন্তু অল ইন্ডিয়া থেকে কিছু কম নয়। ট্রাইবস-এর ক্ষেত্রে অনেক বেশি আর এস.সি.র বেলায় অল ইন্ডিয়া ফিগার পশ্চিমবাংলার

রাছাকাছি। এস.সি.দের যে উন্নতি হয়েছে, এটা থেকে তা প্রমাণ পাওয়া যায়। দ্বিতীয় কথা চেছ, এখানে রিজার্ভেশান সম্পর্কে বলা হয়েছে। রিজার্ভেশান সম্পর্কে আগে কি ফিগার ছল? ১৯৭৭ সালে আমরা যখন সরকার ষ্টার্ট করেছিলাম, ওঁদের যেটা ছিল ৬.১৭ পারসেন্ট, রকারি চাকুরীতে এস.সি. এবং এস.টি.দের চাকুরী, শিক্ষা ইত্যাদি, যেটা নিয়ে আমাদের শুরু চরতে হয়েছিল তার হার ছিল ঐ রকম। তারপরে এটা মনে রাখা দরকার, চাকুরী যখন মাসে তখন সবাইকে দিতে হয়। কিন্তু মৌলিক যেটা, অর্থাৎ টোটাল অন্য কাউকে ব্যান করা মার না। ১৯৯৩ সালে আমরা এই হারকে তুলেছি ১১.৪৫ পারসেন্ট। এখানে উল্লেখযোগ্য বয়য় হছে এ প্রুপ চাকুরীতে ১৯৭৭ সালে এস.সি.র সংখ্যা ছিল ১.৮৫ পারসেন্ট। আর ১৯৯৩ সালে সেটা দাঁড়িয়েছে ৬.৬৩ পারসেন্ট। 'এগুপ' এর চাকুরীর পরিমাণ এই জায়গায় রেস দাঁড়িয়েছে। দু'একটা এই নমুনা থেকে বোঝা যাছে যে এস.সি. এবং এস.টি.দের রিপ্রেজনটেশানের হার কি দাঁড়িয়েছে। এছাড়া সরকারের নিজম্ব যেটা আছে, সেখানে এমপ্রয়মেন্ট ক্রিচেঞ্জের মাধ্যমে যে চাকুরী হয়, সেখানে দেখা যাছে, আমার কাছে ১৯৮৯ঃ১৯৩ সালের কগার আছে। আমি ১৯৮৯ সালের কথাটা বলছি, তাতে দেখা যাছেছ এমপ্রয়মেন্ট এক্সচেঞ্জের াধ্যমে ৯.৯৮৪ জনের চাকুরী হয়েছিল। তারমধ্যে এম.সি ছিল ১.৬৯৬ জন।

## [6-25-6-36 p.m.]

১৭ শতাংশ ছিল এস.সি. আর এস.টি. ছিল ৪৮৩; ৫ শতাংশ এস.টি.—১৯৯৪ ানের মধ্যে, এটা হচ্ছে টোটাল। চাকরি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে হয়েছে, এখানে নানা ছরের আছে, আমি ৯৩ সালের কথা বলছি, ৯৩তেও একই অবস্থা ছিল। ২০ শতাংশ ান,সি.র চাকরি হয়েছে, আর ৪ শতাংশ এস.টি.র চাকরি দেওয়া হয়েছে, এটা সরকারি তথ্য, াই তথ্য থেকে আমি পডছি। আমাদের এখানে মূলত এস.সি. এস.টি.র যে উন্নতির কথা ানেকে বললেন, এখানে লোকদ্বীপের কথা কেউ কেউ বললেন, এটা জানা দরকার সরকারের মন্ত কাজগুলি সরকারিভাবে লোকদ্বীপ এর জন্য সিডিউল কাষ্টের টাকা দিয়ে বা দপ্তরের াকা দিয়ে লোকদ্বীপ হয় এটা আমার জানা নেই। এটা অন্য ফান্ড থেকে অন্য দপ্তর থেকে <sup>ারা</sup> হয়। সতরাং সিডিউল কাস্ট ডিপার্টমেন্টের টাকায় কোথাও লোকদ্বীপ হয়নি, তার জন্য াই ডিপার্টমেন্ট দায়ী, এই ধরণের বলাটা ঠিক উচিত হবে না। এখানে বলি লোকদ্বীপ ্যাড়াও কয়েকটি পয়েন্ট বলেছেন ভূপেন শেঠ মহাশয়, পিগারী, এ্যানিমাল হ্যাজবেন্ডারী, শিরা আবাস—এইগুলির ব্যাপারে তারও জানা দরকার। জেলাপরিষদের সঙ্গে যদি তিনি ্ত থাকেন তাহলে তারও জানার দরকার আছে, এইগুলির ব্যাপারে সরকারের যে নির্দিষ্ট <sup>াতি</sup> আছে তেমনিভাবেই পালন করা হচ্ছে। পিগারী এবং এ্যানিমাল হ্যাজবেন্ডারী এই ২টির <sup>ান্</sup> আমাদের রাজা বাজেটে যা ধরা আছে এতে এস.সি.র সংখ্যা যতই হোক না কেন এতে <sup>্০</sup> শতাংশর মত খরচ হয়। সূতরাং এই সমস্ত বিষয়গুলি যদি ঠিক জেনেগুনে বলতেন াইলে অনেক ভাল হোত। এইগুলি না জেনে বলেছেন তবুও উত্তর দিতে হচ্ছে। আর <sup>কেটা</sup> জিনিস উল্লেখ করেছেন, এখানে নাকি মাত্র ২ ঘন্টা সময় দেওয়া হয়। এর আগে

যখন আমিও ছিলাম না, হালিম সাহেবও ছিলেন না, কংগ্রেস আমলে, তখন কিন্তু খৌছ নেবেন, এই বাজেট ডিসকাশানের জন্য সময় দেওয়া হোত না, পুরোটা গিলোটিনে করা হত। সূতরাং এখন এটার অনেক উন্নতি হয়েছে। এটা একটু খেয়াল করা দরকার। যে কথা স্ব সময় বলতে চাই এস.সি., এস.টি. ও ও.বি.সি. সব মিলিয়ে একটা স্পর্শকাতর এলাকা, এই এলাকা নিয়ে ঐভাবে সন্তায় রাজনীতি না করলেও চলবে। দায়িত্বশীল ভারতবাসীর মত আলোচনা করা উচিত, কোনটা ভাল আর কোনটা মন্দ। কেন ইন্দিরা গান্ধীর আমল, রাজীব গান্ধীর আমলে করতে পারেনি সেটা বোঝাবার চেটা করুন, সেটা বুঝে সুঝে যদি করা যায় তাহলে অনেক দায়িত্বশীল আচরণ করা যাবে, এটা সবদিক সামাল দিয়ে করতে হবে। আমি আশা করছি এটা সব দিক ঠিক রেখে করতে পারবো, সব শেষে বলব এস.সি. এবং এস.টি. দপ্তরের যে বাজেট তাকে সমর্থন করবেন এবং এই দপ্তরের বরাদ্দর ব্যাপারে যে কটিমোশান আনা হয়েছে তার বিরোধিতা করে, পুনরায় বাজেট বরাদ্দকে অনুমোদন করার জন্য বিধানসভার সকল সদস্যর কাছে আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage Hon'ble Member, Shri Naren Hansda rose to speak)

There are 2 cut motions. Now I put to vote all the cut motions except No.1 on which I understand division will be demanded. The Motion (No.2) that the amount of the demand be reduced to Rs.100/- was then put and lost.

....(Noise and interruption)...

(Hon'ble member Shri Naren Hansda rose to speak)

The Motion (cut motion No.1) that the amount of the Demand be reduced to Rs.100/- was then put and a division was taken with the following results;

...(At this stage Shri Naren Hansda walked out of the Chamber)

The motion of Shri Subrata Mukherjee that the amount of the demand be reduced by Rs.100/- was then put and a division taken with the following results::

#### **NOES**

Acharya, Shri Prabhat Bagdi, Shri Bijoy Biswas, Shri Benov Krishna Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Kamalakshi

Bouri, Shri Angad

Bouri, Shri Haradhan

Chakraborty, Shri Satyasadhan

Chatterjee, Shri, Dhirendra Nath

Chattopadhyay, Shrimati Sandhya

Choudhury, Shri Bansa Gopal

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Ananda Gopal

Das. Shri. S. R.

Das, Shri Soumindra Chandra

Das, Shri Trilochan

Das Gupta, Dr. Asim Kumar

Deb, Shri Goutam

Dey, Shri Lakshmi Kanta

Dhar, Shri Padmanidhi

Gayen, Shri Nripen

Ghatak, Shri Santi Ranjan

Goswami, Shri Kshiti

Hazra, Shri Haran

Hembram, Shrimati Arati

Jana, Shri Manindra Nath

Kar, Shri Nani

Kisku, Shri Lakshi Ram

Let, Shri Dhiren

Mahato, Shri Satya Ranjam

Mahata, Shri Kamala Kanta

Majhi, Shri Bhandu

Mondal, Shri Rabindra Nath

Mondal, Shri Raj Kumar

Md. Ansaruddin, Shri

Mistry, Shri Bimal

Mitra, Shrimati Jayasree

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Narayan

Murmu, Shri Sarkar

Nanda, Shri Brahmamoy

Nath, Shri Madanmohan

Pramanik, Shri Sudhir

Ray, Shri Achintya Krishna

Roy, Shri Narmada

Saha, Shri Kripa Sindhu

Sanyal, Shri Kamalendu

Sarkar, Shri Sisir

Sen, Shri Dhirendra Nath

Shaikh Khabiruddin Ahmed, Shri

Shish Mohammad, Shri

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra

## **AYES**

Abdus Salam Munshi, Shri

Banerjee, Shri Prabir

Das, Shri Sailaja Kumar

Seth, Shri Bhupendra Nath

Zainal Abedin, Dr.

The Ayes being 5 and the Noes 53, the motion was lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta: that a sum of Rs.1.63,74,9000 be granted for expenditure under Demand No.41, Major Heads: "2202—General Education (Tribal Areas Sub-plan), 2204—Sports and Youth Services (Tribal Areas Sub-plaan), 2210-Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Public Health) (Tribal Areas Sub-Plan). . 2215-Water supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan), , 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2235—Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan), 2236—Nutrition (Tribal Areas Sub-Plan), 2250—Other Social Services (Tribal Areas Sub-Plan), 2401—Crop Husbandry (Tribal Areas Sub-Plan), 2402—Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan), 2403—Animal Husbandry (Tribal Areas Sub-Plan), 2405—Fisheries (Tribal Areas Sub-Plan), 2406—Forestry and wild Life (Tribal Areas Sub-Plan), 2408—Food, Storage and warehousing (Tribal Areas Sub-Plan), 2425—Cooperation (Tribal Areas Sub-Plan), 2435—Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 2501-Rural Development (Tribal Areas Sub-Plan), 2515—Other Rural Development Programmes (Community Development) (Tribal Areas Sub-Plan), 2575—Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan), 2702—Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Aleas Sub-Plan), 4225—Capital Outlay on (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 4250—Capital Account of Other Social Services (Tribal Areas Sub-Plan), 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 4425—Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan), 4435—Capital Outlay on Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 4702—Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 4851—Capital Outlay on village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 5054—Capital Outlay on Roads and Bridges (Tribal Areas Sub-Plan), 6225-Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 6250—Loans for Other Social Services (Tribal Areas Sub-Plan), 6425-Loans for Co-operation (Tribal Areas Sub-Plan), 6575-Loans for Other Special Areas Programme (Tribal AreasSub-Plan) and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal

Areas Sub-Plan)."

(This is inclusive of a total sum of Rs.54,58,80,000 already voled on account in March, 1994.) was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6-36 p.m. till 11 a.m. on Thursday the April 7 1994, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 7th April, 1994 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 16 Ministers, 9 Ministers of State and 149 Members.

# Starred Questions (to which oral answers were given)

[11-00 — 11-10 a.m.]

## Selling of Government Flats

\*436 (Admitted question No. \*1409.) Shri Atish Chandra Sinha: Will the Minister-in-charge of the Housing Department be pleased to state—

- (a) is it a fact that the Government is considering selling of Government flats including the Rental ones to the occupants;
   and
- (b) if so, the latest development in the matter?

## Shri Goutam Deb:

- (a) In view of the steep rise in the cost of maintanence and other regarding expenditures the Government has decided to undertaken of Pilot Projects to sell the flats to the tenants only in respect of LIG/MIG flats and that too where most of the tenants are agreeable. Rental flats which are basically meant for serving State Government employees do not come within this fold.
- (b) So far only the case of Manicktala LIG/MIG flats on the V.I.P. Road has been considered. Certain terms and conditions have also been decided after obtaining the concurrence of the Cabinet. On certain points decision are yet to be finalised.

Shri Atish Chandra Sinha: I would like to know from the Hon'ble Minister that on 12th of April, 1989, when the Hon'ble Chief Minister was in-charge of Housing Department at that time, it was informed in the august House that the Government employees, if they wanted, they were able to buy flats in which at present they were staying as tenants. But unfortunately, I find from the answer of the

Minsiter that he has excluded government employees from this scheme of things. I would like to know from the Hon'ble Minister, what is the reason for excluding government employees from this scheme of things—on selling the flats of the Government employees?

Shri Goutam Deb: Actually, I cannot say in detail what was told by the Chief Minister in 1989. But what I am finding from the file, it seems that in 1973 when it was proposed when you were in the Government and decided, in 1973 July, that this Maniktala MIG/LIG centre, this estate which is a pilot project, and this will be sold to the tenants. But later nothing has been done. Then in 1988 when Chief Minister was also looking the Housing Department, serious exercise was taken up and that had been meterialized in 1988 through certain terms and conditions. Nowhere these flats was occupied by the government employees of West Bengal, which means certain government employees These rental flats are not going to be sold. This cannot be sold. That is the position of the Government in 1973.

Shri Atish Chandra Sinha: I am sorry to learn from the Minister the stand taken by the Government. You are asking the Government employees after serving the Government for 30 or forty years to vaccate the flats as soon as they retire. Is it a correct policy of the Government?

Shri Goutam Deb: What else could be the principle, that I cannot say. But if these flats are sold out to the present Government employees then what will happen to the new government employees. How they can be accommodated in Calcutta? The M.I.G., LIG Flats can be sold. There is no bar.

Shri Atish Chandra Sinha: The views expressed by the Minister should be reconsidered, in the light that the Government employees are serving the Government for a long time. The Government can build up new flats to meet the dearth of the flats.

Shri Goutam Deb: At best I can note it down, to take up the matter with the Chief Minsiter. I can inform you that nowhere in the country there is such system. Somedays back I talked to the Orissa Housing Minister in this respect. In Orissa, there is not a single flat on rental basis. This system is going on only in West Bengal.

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, অন্যান্য তুলনীয় রাজ্যের সরকারি কর্মচারি বা সাধারণ মানুষের ক্ষেত্রে হাউসিং অ্যারেঞ্জমেন্ট এর সাথে আমানের পশ্চিমবাংলায় যে ব্যবস্থা আছে তার সঙ্গে কোনও মৌলিক পার্থক্য আছে কিনা এবং থাক্রে সেটা কি এবং কতটা ব্যাপক?

শ্রী সৌতম দেব ঃ আমি আগেই বলেছি, সব স্টেটের ব্যাপারে খবর কিছুদিনের মধ্যে প্রের যাব। পার্টিকুলারটি উড়িষ্যায় সেখানে হাউসিং ব্যাপারে সেখানকার আই.এ.এস এবং হাউসিং মিনিস্টার যারা এসেছিলেন তাদের জিজ্ঞাসা করেছিলাম-আপনাদের এখানে পার্বলিকের জন্য এল.আই.জি. এবং এম.আই.জি ছেড়ে দিন সরকারি কর্মচারি এবং অফিসারদের আাকমোডেশনের কি ব্যবস্থা হয়, সেই বাড়িগুলিকে মেইনটেন করে? ওনারা বলেছিলেন, আমরা কিছু করি না। আমি জিজ্ঞাসা করেছিলাম, আপনারা থাকছেন কি করে? আমাকে বললো, সব ভাল ভাল জায়গায় ভুবনেশ্বর প্রভৃতি জায়গায় আই.এ.এস অফিসারদের জমি আলট করে দেন। আমরা সেখানে বাড়ি করে থাকি। এমন কোনও বাড়ি নেই যা সরকারকে সেইনটেন করতে হয়। কোথাও এই জিনিস নেই। (কংগ্রেসকে) আপনারা তো দেশের বেশিরভাগ রাজ্য চালাচেছন। আপনারাই বলুন না?

শ্রী আব্দুল মান্নান ঃ যেসব ফ্ল্যাটণ্ডলি রেন্টাল সিসটেমে আছে সেণ্ডলির মালিকানা দেবার জন্য কি ব্যবস্থা নিয়েছেন? খবর নিয়ে দেখেছি, একটা বিশ্তিং-এ ৮।১০টি ফ্ল্যাট আছে। তার মধ্যে ৮ জন রেন্টাল সিসটেমে আছে। এখন ৬ জন ক্যানডিডেট কিনতে চাইলো আর ২ জন অকুপান্ট চাইলো না। এখন ইউনিফরমিটি আনার জন্য কোনও আইন প্রণয়ন করার চেন্টা করছেন কি? টোটাল অকুপান্টস কত আছে সেইসব হিসাব করে আইন প্রণয়ন করার কথা চিতা করছেন কি?

[11-10 — 11-20 a.m.]

শ্রী গৌতম দেব : যে আইন আছে সেই আইনে এই বাড়িগুলি বিক্রি করা সম্ভব। ১৯৭৩ সালে এসব ক্যাবিনেটে আলোচনা হয়েছিল। তারপর মাননীয় মুখ্যমন্ত্রী যখন হাউসিং ডিপার্টমেন্টের দায়িত্বে ছিলেন তখন ১৯৮৮ সালের পর থেকে এ-ব্যাপারে সিরিয়াসলি মুভ হয়। তারপরে দীর্ঘ আলোচনা করে মানিকতলা, যেটাকে বলা হচ্ছে পাইলট প্রজেক্ট, তারপর করেয়া হাউসিং এস্টেট এবং সি.আই.টি. রোডের আর একটি হাউসিং এস্টেট এই তিনটিকে আমরা আপাততঃ ধরেছি। করেয়াতে ১০২টা ফ্র্যাট আছে। ইতিমধ্যে লিখিতভাবে ফর্ম ছাপিয়ে সেখানে বিক্রির জন্য তা বিলি করা হয়েছিল, কিন্তু তাদের মধ্যে ৯৫ জন জানিয়েছেন যে, তারা ফ্র্যাট কিনতে রাজি নন। ঐ একইরকম মনোভাব সি.আই.টি. রোড থেকেও জানান হয়েছে। আমাদের এখনও পর্যন্ত ফিনান্স ডিপার্টমেন্টের সঙ্গে কথা বলে ক্যাবিনেটের আপ্রভাল নিয়ে যে জি.ও. আছে এবং অ্যাপার্টমেন্ট ওনারশিপের যে অ্যাক্ট আছে তাতে ঐ ১০টি ফ্রাটের মালিক হবেন গভর্নমেন্ট এবং ৯০ জনের মালিকানার সমিতিতে গভর্নমেন্ট হবেন মেম্বার। অ্যাপার্টমেন্ট ওনারশিপ অ্যাষ্ট্র অনুযায়ি ঐ ১০ ফ্ল্যাটের জন্য যে পয়সা দেওয়া দরকার সেটা আমরা দেব। টোটাল কমন প্রপার্টিজ এন্রিথিং অ্যাপার্টমেন্ট ওনারশিপ অ্যাসোসিয়েশন এর হাতে বর্তে যাবে এবং আমাদের আর দায়িত্ব থাকবে না। এভাবেই আমরা আলোচনা <sup>ক্রে</sup> এগোচ্ছি মালিকতলার ব্যাপারে অনেকটাই এগিয়ে গেছি, করেয়ার ব্যাপারেও আলোচনা চলছে। আশা করছি, এ-ব্যাপারে সুনির্দিষ্ট সিদ্ধান্ত নেওয়া যাবে।

ডাঃ মানস ভুঁইয়া : টোটাল কতগুলি ফ্ল্যাট আছে?

শ্রী **গৌতম দেব ঃ** এল.আই.জি. এবং এম.আই.জি. মিলিয়ে টোটাল ২১,০০০ ফ্র্যাট আছে।

শ্রী পদ্মনিধি ধর ঃ বেলুড় স্টেশনের পাশে যে ইন্ডিস্ট্রিয়াল হাউসিং আছে সেটা এখন আপনার অধীন। আগে আমরা দেখতাম, স্বন্ধ আয়ের ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কাররা ৩০-৪০ টালা ভাড়ায় সেখানে সিঙ্গল বা ডবল রুমের ফ্ল্যাটে থাকতেন। কিন্তু এখন দেখতে পাছি, ঐ ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কারদের জন্য তৈরি ফ্ল্যাটগুলি পয়সাওয়ালা লোকেরা দখল করে বসে আছে। ইতিমধ্যে মন্ত্রী ওখান থেকে ছয়-সাতটি আন অথরাইজড অকুপেন্টকে বের করে দিয়েছেন, কিন্তু এখন অনেকে রয়েছেন এবং তারফলে গভর্নমেন্টের রেভিনিউ আর্নিং সাংঘাতিকভাবে ক্ষতিগ্রন্ত হচ্ছে। আমার প্রশ্ন, ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কারদের কাছেই হোক বা নিম্নবিত্ত মানুযের কাছেই হোক, ঐ ঐ ফ্ল্যাটগুলি বিক্রি করবার ব্যাপারে কোনও সিদ্ধান্ত নিয়েছেন কিনাং

শ্রী গৌতম দেব : সবগুলি একই সঙ্গে যুক্ত, ইণ্ডাস্ট্রিয়াল ওয়ার্কাররা কিনতে রাজি হলে ঐ ফ্র্যাটগুলোও বিক্রির মধ্যে পডবে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে উত্তর দিলেন, আমার আপনার কাছে প্রশ্ন, যে সরকারি কর্মচারিরা ২৫।৩০ বছর চাকুরি করার পরে রিটায়ার করতে যাচ্ছেন, তাদের বেতনক্রম অনুযায়ি তারা অল্প দামের বাড়ির জন্যও দরখান্ত করতে পারেনা। এইরকম অবস্থায় এরা যাতে সুবিধায় বাড়ি পেতে পারে সেইরকম কোনও ব্যবহু। বা পরিকল্পনা সরকার তাদের সম্পর্কে করেছেন কিনা জানাবেন কি?

শ্রী গৌতম দেব ঃ আপনার অবগতির জন্য জানাচ্ছি যে হাউসিং বোর্ড ওনারশিপ ফ্রাট হাজার হাজার তৈরি করে। তার একটা ফিকসড কোটা থাকে শুধু মাত্র সরকারি কর্মচারিদের জন্য এবং সেটা আলাদা তাদের মধ্যে লটারি হয়, পাবলিকের মধ্যে নয়। হাউসিং ডিপার্টমেন্ট এই প্রথম সরকারি কর্মচারিদের জন্য মালিকানা ভিত্তিক যে বাড়ি, সেই স্কীম গ্রহণ করেছেন। ২।০টি স্কীমে কাজ শুরু হয়েছে। এই বছরের যে বাজেট পেশ করা হয়েছে তাতে এইরকম ২।০টি স্কীম নেওয়া হয়েছে যে মালিকানা ভিত্তিক বাড়ি সরকারি কর্মচারিদের জন্য করা হরে।

শ্রী সুভাষ নস্কর ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার মাধ্যমে শুনলাম যে বহু ভাড়া বাড়ি বা বাড়ি করে সাধারণ মানুষ উচ্চপদস্থ কর্মচারিদের দেওয়া হয়। আমরা যারা বিধায়ক আছি, আমরা আবেদন করলে এইরকম অগ্রাধিকার দেওয়া হয়না। আপনি ২১ হাজার বাড়ি বিলিবটন করবেন। সে ক্ষেত্রে যদি বিধায়কদের অগ্রাধিকার দেওয়ার কথা চিস্তা-ভাবনা করছেন কি?

শ্রী গৌতম দেব ঃ এইরকম কোনও চিন্তা-ভাবনা নেই।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে আপনি মিডিল ইনকাম প্রুপের লোকজনের মধ্যে লটারি করে এগুলি দেবেন। আমরা যারা বিধায়ক, আমরা লো ইনকাম প্রুপের, আমরা চাইলে আমাদের দেবার জন্য ভবিষ্যুতে কোনও স্কীম আছে কিনা?

শ্রী গৌতম দেব ঃ আমি বলেছি যে ১০ পারসেন্ট ফ্ল্যাট যেগুলি হাউসিং বোর্ডে ভৈরি হয়, সেখানে চেয়ারম্যানের কোটা বলে লেখা থাকে। সেখানে সাধারণ মানুষ বিধায়ক, প্রভ্যেকে আবেদন করতে পারেন। আমি ১০।১৫ জনের নাম করতে পারি যারা কেনার জন্য আবেদন করেছেন। তবে বেশির ভাগ বিধায়কদের ফ্ল্যাট কেনার মত পয়সা আছে কিনা জানিনা, কিন্তু কেনার মত পয়সা আছে, যেমন প্রবীরবাবু, এইরকম যারা তারা যদি আবেদন করেন তাহলে

সেটা আমি দেখবো, এতে কোনও অসুবিধা হবেনা।

শ্রী নরেন হাঁসদা ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, এখানে সরকারি কর্মচারিদের ফ্ল্যাট নিয়ে যে আলোচনা চলছে, সেখানে শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইব এবং আদার ব্যাকওয়ার্ড ক্লাশের ব্যে রিজার্ভ কোটা সেই অনুযায়ি দেবার জন্য কোনও চিস্তা-ভাবনা করা হয়েছে কিনা বা কোনও পরিকল্পনা আছে কিনা জানাবেন কি?

শ্রী **গৌতম দেব ঃ** হাউসিং বোর্ডে যে ফ্ল্যাট তৈরি হয় সেখানে শিডিউল্ড কাস্ট এবং <sub>সিডিউ</sub>ল্ট ট্রাইবসদের জন্য ১০ পারসেন্ট সংরক্ষণ করা থাকে।

শ্রী আবু হেনা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যে সমস্ত বিধায়কদের সরকারি ক্র্যাট অ্যালট করা হয়েছিল, পরবর্তীকালে তাদের কাছ থেকে যে ফ্ল্যাটগুলি কেড়ে নেওয়া হয়েছিল আমাদের লিডার অব দি অপোজিশান, জ্ঞান সিং সোহন পাল এদের ফ্ল্যাট অ্যালট করা হয়েছিল, সেটা নিয়ে নেওয়া হয়েছে তাদের কি সেই ফ্ল্যাটগুলি ফেরত দেওয়া হবে?

মিঃ স্পিকার ঃ এটা ছেড়ে দিন। লিডার অব দি অপোজিশন, ডাঃ জয়নাল আবেদিন ভাল বাড়ি পাচ্ছেন। আর জ্ঞান সিং সোহন পাল সম্পর্কে যে কথা বলেছেন, সেই ব্যাপারে মগ্রী দেখছেন।

#### \*৪৩৭-নট কল্ড (মেম্বার নট প্রেজেন্ট)

শ্রী **শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন এবং মন্ত্রীও এখানে আছেন, কাজেই এটা যদি হয় তাহলে ভাল হয়।

মিঃ স্পিকার : না না, এটা হবে না। আমি হেল্পলেস।

প্রদেশ কংগ্রেস সভাপতি ও বিধানসভার বিরোধী দলনেতা নিগ্রহ

- \*৪৩৮। (অনুমোদিত প্রশ্ন নং \*১৬) শ্রী আব্দুল মান্নান ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) এটা কি সত্যি যে, গত নভেম্বর, ১৯৯৩-এ মুর্শিদাবাদ জেলায় ভগবানগোলা থানা এলাকায় প্রদেশ কংগ্রেস সভাপতি ও বিধানসভার বিরোধী দলনেতা আক্রান্ত হওয়ার ঘটনা ঘটেছিল;
  - (খ) সত্যি হলে, আক্রমণকারিরা কোনও রাজনৈতিক দলের সাথে যুক্ত ছিল কি না; এবং
  - (গ) ঐ ঘটনার সাথে যুক্ত অপরাধিদের বিরুদ্ধে এ-পর্যন্ত কি কি শান্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

### শ্রী জ্যোতি বস ঃ

 (क) ওরা আক্রান্ত হননি। কিছু স্থানীয় লোক পথ অবরোধ করেছিল এবং ওদের গাড়িতে ঢিল ছোঙে।

- (খ) অবরোধকারিদের মধ্যে কিছু সি.পি.আই(এম) দলের সমর্থক ছিল বলে জানান হয়েছে।
- (গ) অভিযুক্তদের, বিরুদ্ধে ভারতীয় দন্ডবিধির বিভিন্ন ধারা অনুসারে মামলা রুজু করা হয়েছে। মামলাটি তদন্তাধীন।

উক্ত মামলায় ২৬(ছাব্বিশ) জন অপরাধীকে গ্রেফতার করা হয়েছে।

[11-20 — 11-30 a.m.]

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মুখ্যমন্ত্রী পুলিশের দেওয়া রিপোর্ট ছবোছ পড়ে গেলে বলছেন আক্রান্ত হয়নি। আক্রান্ত ব্যক্তিরা হাউসের সদসা। এই হাউসের লিডার অফ দি অপোজিশান ডাঃ জয়নাল আবেদিন সাহেব উপস্থিত আছেন, তিনি এই ঘটনার স্বাক্ষী আছেন আমাদের আরও সদস্য স্বাক্ষী আছেন, অতীশ চন্দ্র সিনহা, আরু হেনা এবং অন্যান্য এম এল এ সেখানে উপস্থিত ছিলেন, তারা স্বাক্ষী আছেন। আপনাদের ক্যাডাররা সেখানে তাদের উপ্ত হামলা করে, গাড়ি ভাংচর করে। তার ফলে তাদের সিকিউরিটিকে হাসপাতালে ভর্তি করতে হয়। পলিশ সিকিউরিটি, পলিশের লোক হাসপাতালে ভর্তি করেছিল। গত সেপ্টেম্বর মাস যখন প্রেসিডেন্ট নিজে, প্রদেশ কংগ্রেসের সভাপতি সোমেন মিত্রকে নিয়ে যখন ওই একা জায়গায় গিয়েছিল তখন তার উপর হামলা হয়েছে। পরবর্তীকালে লিডার অফ দি অপোলিশান এবং প্রদেশ কংগ্রেসের সভাপতি দুজন মিলে যখন ওই এলাকায় যান তখন পুলিশকে প্রায়ে ইনফরমেশান দিয়ে গিয়েছিলেন। সেই একই জায়গায় দবার তাদের উপর হামলা হয়। এই ঘটনার ব্যাপারে দোষী পলিশ অফিসারের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন? প্রদেশ কংগ্রেসের সভাপতি এবং আপনার ক্যাবিনেট রাজের লোক লিডার অফ দি অপোজিশান তার নিরাপর রক্ষার জন্য যে পলিশ অফিসাররা দায়িত্বে ছিলেন, আপনার শাসক দলের লোকেরা সেঁ পলিশ অফিসারকে ইনআাকটিভ করে রেখেছিল, সেই ইনআাকটিভ পলিশ অফিসারের বিরুদ্ধে আপনি কোনও ব্যবস্থা নিয়েছেন কিনা বলবেন কি?

শ্রী জ্যোতি বসুঃ আমি তো বললাম যে যাদের গ্রেপ্তার করা হয়েছে, যে ২৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে তাদের মধ্যে সি.পি.এম-এর লোক আছে। তারা ইট ছোঁড়ে, তাতে দেহরক্ষী হোমগার্ড আহত হয়েছে। তারা আহত হয়েছে কিনা, বলে প্রশ্ন করা হয়েছে, মাননির সদস্য দুজন তারা আহত হন নি। এটা আমি বলেছি। ঘটনাটা একটু বলি। যেখানে ওর মিটিং করেছেন সেখানে কিন্তু কোনও গোলমাল হয়নি। তারপর ওনারা একজনের বাড়িতে গিয়েছিলেন। ঘটনার যে রিপোর্ট পেয়েছি সেটা বলছি। একজন অপরাধী, কংগ্রেসের লোক, তার বাড়িতে তারা গিয়েছিলেন। সে পালিয়ে বেড়াচ্ছে, তারা জানতেন যে সে বাড়িতে নেই। তার নামে নানা মামলা আছে, ১৯৯২ সাল থেকে তার নামে মামলা হচ্ছে, তার মামলার মধ্যে মার্ডার কেস আছে, খুন আছে। সেই লোক আ্যাবসকনডার, স্বাভাবিক ভাবেই সে কোথায় পুলিশ তাকে খুঁজে বেড়াচ্ছে। মাননীয় সদস্যরা সেখানে তার বাড়ি গিয়েছিলেন লিডার অফ দি অপোজিশান গিয়েছিলেন। কেন গিয়েছিলেন আমি জানিনা। আমি জানিনা কেন সেই পলাতকের বাড়ি গিয়েছিলেন, তাকে উৎসাহিত করার জন্য গিয়েছিলেন কিনা বলতে পারবো না। ওনারা যখন তার বাড়িতে যান স্থানীয় লোক তাদের বারন করেছিল বি

ভখানে যাবেননা। এটা তারা শোনেন নি। পুলিশ বলেছিল আপনাদের কর্মসূচীর মধ্যে এইরকম তো কিছু ছিল না যে মিটিং-এর পর কারো বাড়িতে যাবেন, সেই অ্যাবসকনডারের বাড়িতে যাবেন। তারপর এই ঘটনা ঘটে। তারপর পুলিশ যা ব্যবস্থা নেবার নিয়েছে। যারা সমস্ত অপরাধী ছিল তাদের লাঠি চার্জ করে সরিয়ে দিয়ে তাদের বাড়ি পাঠিয়ে দেয়।

শ্রী আব্দল মান্নান : মাননীয় মখ্যমন্ত্রী ব্যারিস্টার, তিনি আর প্রাকটিস করেন না আপনি একজন সব চেয়ে বড ক্রিমিনাল লইয়ার, আপনি ক্রিমিনাল লইয়ার হিসাবে প্রসিদ্ধি লাভ করেছেন, হাইকোর্টে আপনার সনাম আছে। আপনি বলন আক্রান্ত বলতে কি বোঝায়? দিল এবং ইট ছোঁডা হয়েছে উনি নিজে বলেছেন। তারপর কয়েক জনকে হাসপাতালে ভর্তি কবতে হয়েছে। তারপরেও উনি বলছেন আক্রান্ত হয়নি। আক্রমণ বলতে কি বোঝায়, আপনি ক্রিমিনাল লইয়ার, আপনি বোঝান। কত লোক ঢিল ছাঁডেছিল, ইট ছডেছিল, তাতে কত লোক আহত হয়েছে. কত লোক হাসপাতালে ভর্তি হয়েছে তিনি বলছেন। কিন্ত আবার বলছেন স্বরাষ্ট্রমন্ত্রী যে আক্রান্ত হয়নি। এটা আপনি একট বঝিয়ে দেবেন। আমি একটা অন্য প্রশ্ন জিজ্ঞাসা করছি। আমার সাপ্লিমেন্টারি প্রশ্নের উত্তর দেবার সময় উনি বললেন যে নাকি উৎসাহিত করেছে ইত্যাদি। সোমেন মিত্র, জয়নাল আবেদিন সাহেব এবং অন্যান্য বিধায়করা যদি অন্যায় করে থাকেন সেই আবসকনডারকে ডাকতে গিয়ে তাহলে তার জন্য বিচার ব্যবস্থা আছে, পলিশী ব্যবস্থা আছে তাদের আটকাতে পারেন, আ্যারেষ্ট করতে পারেন। কিন্ত আপনাদের দলের লোকেদের কে অধিকার দিয়েছে তাদের আটকাবার? পলিশ প্রশাসন কি করছিল? আমার প্রশ্ন হচ্ছে মাননীয় মখ্যমন্ত্রী বলন, স্বরাষ্ট্রমন্ত্রী বলন প্রদেশ কংগ্রেস সভাপতি এবং বিরোধী দলের নেতা যেখানে গিয়েছিল আপনাদের লোকেদের কি অধিকার আছে তাদের আটকাবার? সোমেন মিত্র বা ডাঃ জয়নাল আবেদিন যদি অপরাধ করে থাকেন তাহলে তা দমন করার জন্য পলিশ প্রশাসন কেন কোনও ব্যবস্থা নিল নাং সেই ব্যবস্থা কেন আপনার দলের লোকেরা নিল, আপনার দলের লোকেদের হাতে কি সেই ক্ষমতা দিয়েছেন?

শ্রী জ্যোতি বসু ঃ আক্রমন কাকে বলে, এইরকম সাধারণ প্রশা করা হয়েছে। আমি তো নির্দিষ্ট ভাবে উত্তর দিয়েছি বেঁ যাদের কথা বলা হয়েছে, বিরোধী দলের নেতা এবং সোনেনবাবু এরা আক্রান্ত হয়েছিলেন কিনা, আমি বলেছি এরা আক্রান্ত হন নি। এরা গাড়ির মধ্যে ইট পড়েছে, দু'জন আহত হয়েছে বলা হল, সেটা ঠিক নয়। কংগ্রেসিরা শেখাচ্ছেন, ইট মারবেন না। আমি বলছি, কংগ্রেস আমল হলে এটা হত না। ওখানে ২৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের মধ্যে সিপিএম'এর লোকেরাও আছে। আশা করি, কংগ্রেস সদস্যরা অপরাধী, খুনের মামলায় যারা জড়িত, যারা এবসকভ করেছে, তাদের বাডিতে না যাওয়াই ভাল।

শী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় আমাদের এই হাউসে যে ইনফর্মেশন দিলেন, পুলিশ আমাদের মাননীয় সদস্যদের নিরাপত্তা রক্ষায় সাহায্য করেছেন, এটা শুনলাম। আমার জিজ্ঞাস্য হচ্ছে স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে যে, আপনি যখন পশ্চিমবাংলায় বিরোধী দলে ছিলেন তখন আপনি এবং আপনার সঙ্গে একজন প্রয়াত সাংসদ, জ্যোতির্ময় বসু ছিলেন, আপনারা ২০।২২ বছর আগে যখন সোনারপুরে মিটিং করতে গিয়েছিলেন, তখন আপনার মিটিংয়ে মাইকের তার কেটে দেওয়া হয়েছিল,

মাইক ভেঙে দেওয়া হয়েছিল, লাইট অফ করে দেওয়া হয়েছিল। এবং আপনারা যখন দিরে আসছিলেন তখন আপনার গাড়ি ভেঙে দেওয়া হয়েছিল। আপনি তখন ভাঙা গাড়ি নিয়ে সোজা ডি.জি.র কাছে অভিযোগ করেছিলেন। আপনি বিরোধী দলের নেতা, দেশের একজন বরেন্য নেতা, আপনি লিখিত কমপ্লেন করেছিলেন। তখন কি ব্যবস্থা নেওয়া হয়েছিল?

শ্রী জ্যোতি বসু । মাননীয় সদস্য জানেন ঘটনা কি হয়েছিল। সেই আমলে তখন তো কোনও আইন-শৃঙ্খলাই ছিল না। পুলিশের সামনে তো আমার গাড়ি ভাংচুর করে দেওয়া হয়েছিল। এমনকি আমি পরে যখন চলে আসছিলাম তখনও ইট মারা হয়েছিল। কোনও ব্যবস্থা হয়নি। তখনকার মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ শঙ্কর রায়, তিনি পরবর্তীকালে দুজন ছেলেকে ব্যান্ডেজ করিয়ে বলেছিলেন যে জ্যোতিবাবুর গাড়িতে চাপা পড়েছিল। তাই তার গাড়ি ভাংচুর করা হয়েছে। তখন তো আইন-শৃঙ্খলা ছিল না। ম্পিকার মহাশয়, প্রশ্নের মধ্যে এতসব ঐ সময়ের কথা বলা হচ্ছে, কিন্তু আমি যখন মুখ্যমন্ত্রী, এই সময়ে আমার গাড়িতে তিনবার ইট মেরেছে, হামলা করেছে। এই আমলে এটা হয়েছে।

শ্রী অতীশ চন্দ্র সিনহা ঃ মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী যেটা বলছিলেন, আমরা যখন গিয়েছিলেন, বিরোধী দলের নেতা এবং প্রদেশ কংগ্রেসের সভাপতি একজন মার্ডার কেসের আসামি তাকে ঢুকিয়ে দেওয়া জনা, এই কথা ঠিক নয়। আমরা সেখানে গিয়েছিলাম। কারণ সেখানে কংগ্রেসের পাঁচশো পরিবারের বাড়ি লুঠ করা হয়েছে, বাড়ি পুড়িয়ে দেওয়া হয়েছে। তাদের সমস্ত ফসল কেটে নেওয়া হয়েছে। তিনমাস ধরে তারা বাড়িতে যেতে পারছিল না। তাদের সমস্ত ফসল নন্ট করে দেওয়া হয়েছে। তিনমাস ধরে তারা বাড়িতে যেতে পারছিল না। তাদের সমস্ত ফসল নন্ট করে দেওয়া হয়েছে, সমস্ত সম্পত্তি নন্ট করে দেওয়া হয়েছে। বাড়ি লুঠ করা হয়েছে। মেয়েদের উপরে অত্যাচার হয়েছে। এরপর আপনি যদি বলেন আমাদের তাদের বাড়িতে যাওয়াটা দোষের, তাহলে আমরা বার বার সেই দোষ করবো। আপনার পুলিশ এই ঘটনা জানা সত্ত্বেও বিধানসভার দলনেতাকে কোনও নিরাপত্তার ব্যবস্থা করেনি, মেয়েদের মত সব ঘটনা দেখেছে। গাড়িটা ভেঙে দেওয়া হয়েছিল। কিন্তু গাড়ি ভেঙে দেওয়ার পরে যে ঢিল ছুঁড়েছিল তা যদি গাড়ির ভেতরে পড়ত তাহলে আমাদের গাযে লাগতো। দোষি পুলিশের বিরুদ্ধে, যারা দাঁড়িয়ে থেকে এই ঘটনা ঘটিয়েছিল, তাদের বিরুদ্ধে, সেই পলিশের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী জ্যোতি বসুঃ পুলিশ ব্যবস্থা না করলে ওরা কি বাড়ি ফিরতে পারতেন? যদি অবরোধ মুক্ত না করতেন পুলিশরা সেইজন্য আমি আবার বলছি মাননীয় সদস্য বললেন যে যা করেছি আমরা ভাল করেছি অপরাধিদের বাড়ি গিয়ে, খুনিদের বাড়ি গিয়ে, আবার <sup>যাব</sup>, আমার মনে হয় না যাওয়াই ভাল।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় স্পিকার মহাশয়, প্রশ্নটা করার আগে আমি একটু বলে নিই। মাননীয় সদস্য অতীশ বাবুর ক্ষমা চাওয়া উচিত, লঙ্জিত হওয়া উচিত, পুলিশ নেয়েদের মত দাঁড়িয়ে ছিল এটা বলার জন্য ওনার নিজের লঙ্জা হওয়া উচিত। পুরুষ সিংহ রূপে নিজে কেন আবির্ভৃত হলেন বুঝলাম না. আপনার নিজের জন্য নিজের কাছে লঙ্জিত হওয়া উচিত। আমি যে প্রশ্নটা মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে রাখতে চাই, কেবলমাত্র ঘটনা নর, বারাসাতেও অনুরূপ ঘটনা ঘটেছে, এক কুখ্যাত সমাজ বিরোধীকে তার অঞ্চলে ঢুকিয়ে দেবার

জন্য কংগ্রেসের লোকেরা সেখানে গিয়েছিল এবং বিশৃঙ্খলা চালিয়েছে। এইভাবে যদি কংগ্রেসের নেতৃত্ব তারা পরিচিত সমাজবিরোধিদের সঙ্গে নিয়ে তারা জনজীবনে বিশৃঙ্খলা সৃষ্টি করতে চার, মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার প্রশ্ন, তিনি কি ওদের পার্টির নেতাদেরকে একটা জেনারেল অ্যাপিল করবেন, বিরোধীপক্ষের এম.এল.এ.রা ওরা সমাজবিরোধীদের নিয়ে যাতে জনজীবনে বিশৃঙ্খলা সৃষ্টি না করেন?

শ্রী জ্যোতি বসু থ মাননীয় সদস্য জানেন, যে কংগ্রেসের কোনও অরাজকতা সৃষ্টি করা খুন জখম করা মারপিট করা পুলিশকে মারা, বোমা ছোঁড়া, এসব ছাড়া ওদের কোনও কর্মসূচী নেই, বেচারা করবে কি?

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জবাব দেবেন কি, '৭২ সালে আপনি যখন নির্বাচনে হেরে গিয়েছিলেন সেই সময় আপনার বাড়ির সামনে নাকি সি.আর.পি. দাঁড়িয়ে থাকত এরজন্য সরকারের নাকি বছরে ৪ কোটি টাকা খরচ হোত।

#### (নট রিপ্লাইড)

শ্রীমতী মিনতী ঘোষ ঃ মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সভায় প্রতিবাদ করতে চাই, মাননীয় সদস্য অতীশ সিনহা আমাদের মহিলাদের প্রতি যে অসম্মানজনক উক্তি করেছেন আমার আশঙ্কা হচ্ছে তার ঘরে মা বোন রয়েছে কিনা, তিনি মহিলাদের মেয়েদের বলে এই শব্দটা উচ্চারণ করলেন, আমি তার এই মন্তব্যের জন্য তীব্র প্রতিবাদ জানাচ্ছি। স্যার, কংগ্রেসের দলের সর্বোচ্চ নেতৃত্ব সেদিন ভগবানগোলায় আল্লারাখা যে খুন করেছিল সেই খুনিকে এলাকায় ঢুকিয়ে দেবার জন্য কংগ্রেসের সর্বোচ্চ নেতৃত্ব সেখানে গিয়েছিল কিনা, সেই তথ্য মাননীয় স্বরাষ্টমন্ত্রীর কাছে আছে কিনা আপনার মাধ্যমে আমি জানতে চাইছি।

শ্রী জ্যোতি বসুঃ আমি বলছি, এই যে খুনের মামলা আছে যার বিরুদ্ধে, আপনারা তাকে চেনেন তো ধবিয়ে দিননা।

শ্রী শৈলজা কুমার দাস ঃ ভগবানগোলায় যেমন ঘটনার কথা উল্লেখ করা হয়েছে, তেমনি গত ২০ দিন আগে নন্দীগ্রামে আমাদের প্রদেশ কংগ্রেসের সভাপতি সেখানে আক্রান্ত ধ্য়েছিলেন, ভবিষ্যতে এই ধরনের বিরোধী দলের নেতার উপর যাতে আক্রমণ না হয় সেই ধ্রনের কোনও নির্দেশ আপনার আছে কিনা জানাবেন কি?

[11-30 — 11-40 a.m.]

শ্রী জ্যোতি বসু: আমি তো জানিনা। প্রশ্ন তো আমার কাছে নেই, প্রশ্ন করলে আমি উত্তর দেব। আপনারা যদি ইট, পাটকেল না ছোঁড়েন, বোমা না ছোঁড়েন তাহলে শান্তি থাকবে।

শ্রী **ধীরেন লেট ঃ মান**নীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি, ১৯৯১ সালে নির্বাচনের আগে <sup>মঙ্গ</sup>লাবাজারে যারা আপনাকে আক্রমণ করেছিল তারা কোন দলের?

### (নো রিপ্লাই)

শ্রী শিশির সরকার ঃ মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় জানাবেন কি, সেদিন কংগ্রেস দলের বিধায়করা বিরোধী দলের নেতা সহ প্রিয় নেতা আল্লারাখার খুনির বাড়িতে যাবার জন্য

মানুষের মধ্যে একটা বিক্ষোভ যা দেখা দিয়েছিল এবং ওরা যে অরাজকতা এবং বিশৃষ্খলার সৃষ্টি করেছিলেন তারজন্য তাদের বিরুদ্ধে কোনও আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছিল কিনাং

শ্রী জ্যোতি বসু ঃ না, না, খুনির বাড়িতে ওরা যেতে পারেন কিন্তু না যাওয়াটাই ভালো ছিল। আমি তো আগেই উত্তর দিয়েছি যে ওরা মিটিং করতে গিয়েছিলেন এটা পুলিশ জানতেন, সেখানে অগ্রিম খবর ছিল, ওরা খবর দিয়েছিলেন, সেখানে কোনও গোলমাল হয়নি, সেখানে মিটিং হয়েছে। কিন্তু পরে যে খুনির বাড়িতে যাবেন, অভিযোগ যার বিক্তন্ধে আছে, এটা তো পুলিশ জানতো না। এটা হঠাৎ ওরা ঠিক করেন। স্থানীয় কিছু কংগ্রেসিও নাকি ওদের বলেন যে এখন আপনারা যাবেন না, অন্ধকার হয়ে যাচেছ, এখন যাবেন না আপনারা। তারপর কিছু লোক আসে, তারমধ্যে মহিলারাও ছিলেন। কারণ তাদের লোক খুন হয়েছেন কিছুদিন আগে। সেইজন্য তারা প্রতিবাদ জানাবার জন্য পথ অবরোধ করেছিলেন। তাও পথ অবরোধ করা আমার মনে হয়না ঠিক। প্রতিবাদ নিশ্চয় করতে পারেন। আর ইট মারা তো একেবারেই ঠিক নয়। পলিশ তাদের সরিয়ে দেয়। এই তো ঘটনা।

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বার বার যেটা বলার চেটা করছেন সেটা হছে, আমাদের বিরোধী দলের নেতা, সভাপতি সভা করতে গিয়েছিলেন ঠিক আছে কিন্তু যেহেতৃ একজন খুনি আসামির বাড়ি পরিদর্শন করতে গিয়েছিলেন সেইজন্য জনতা উত্তেজিত হয়ে গিয়েছিলেন। তার কাছে আমার প্রশ্ন, আপনি কি জানেন যে ঐ জায়গাতে কংগ্রেসের হাজারুল বলে একজন যুব কংগ্রেসের কর্মি খুব মর্মান্তিক ভাবে খুন হয়েছিলেন সি.পি.এমের হায়ে আলারাখা খুন হবার আগে এবং প্রশাসন জানতেন যে এরা যাবেন, সভা করবেন এবং ঐ পথে আসবেন? স্যার, কংগ্রেসের উপর আক্রমণ সি.পি.এম. করছে এটা স্বাভাবিক ঘটনা, এটা কোনও ব্যতিক্রম নয়। উনি বলেছেন, গ্রেপ্তার করেছেন এবং it is follow up action. আমার প্রশ্ন, আপনি স্পেসিফিক্যালি বলুন যে সেই এরিং পুলিশ অফিসারদের বিরুদ্ধে কি আ্যাকশন আপনি নিয়েছেন। দু ঘন্টা ধরে ওরা যে স্ট্রানডেড হয়ে রইলেন তারজন্য যারা দার্মী সেই এরিং পুলিশ অফিসারদের বিরুদ্ধে কি অ্যাকশন নিয়েছেন জানাবেন কি?

শ্রী জ্যোতি বসু ঃ টেচালেই তো উত্তরটা অন্যরকম হয়ে যাবে না। আমি বলহি, পুলিশের কাছে এরকম কোনও খবর ছিল না কর্মসূচীর মধ্যে যে ঐ খুনি আসামির বাড়িতে কংগ্রেসের নেতারা যাবেন। হঠাৎ ওরা ঠিক করলেন যে তারা যাবেন। কাজেই পুলিশ তথ্য যতটা পারেন ব্যবহা করেন। আগে যদি আপনারা খবর দিতেন তাহলে পুলিশ হয়ত আপনাদের জানাতো, ভালই হচ্ছে, আপনারা যাচ্ছেন যখন তখন ঐ লোকটি যেন থাকে বাড়িতে, তাহলে আপনাদের সামনেই ওকে আমরা গ্রেপ্তার করে নেব। কিন্তু আপুনারা জেনেশুনে, একটা আ্যাবসকনডিং লোক, আপনারা সেখানে গেলেন এবং অনর্থক একটা গভগোল সৃষ্টি করার ব্যবহা করলেন। তাও আমি আরও একবার বলছি, এই যে অবরোধ করা, ইট ছোঁড়া-এসব ঠিক নয়। পুলিশ তারপর যা করার করবে। কংগ্রেসের নেতাদের দায়িত্ব হচ্ছে এরকম আমি তো বলেছি যে, যাদের কোনও কর্মসূচী নেই, কিছু নেই পশ্চিমবঙ্গের জন্য তারা আর বিকরবেন ং

শ্রীমতী সাবিত্রী মিত্র : মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী, আপনি মহিলা সমাজের কর্নধার, আপনার

দল এই দাবি করে। ঢাকনা পাড়াতে তিনজন শিশু সমেত একজন মহিলাকে পুড়িয়ে মারার ঘটনা যখন ঘটল তখন আপনি বলেছিলেন, এই ঘটনার সঙ্গে কংগ্রেসের লোকরা জড়িত। সেখানে চাঁদ মহম্মদ ম্যাজিস্ট্রেটের সামনে স্টেটমেন্ট করেছে এই বলে যে লুতফর রহমান-এর নেড়ত্বে এই ঘটনা ঘটেছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জানাবেন কি, তা সত্ত্বে লুতফুর রহমানকে গ্রেপ্তার করা হল না কেন এবং তিনি কোন দলের লোক?

শ্রী জ্যোতি বসু ঃ আমি এটা বুঝতে পারলাম না। মালদহে যে অপরাধী সে তে। কংগ্রেসের লোক। যে পুড়িয়ে মেরেছে নারি পুরুষ, শিশু সে তো কংগ্রেসের লোক।

(গোলমাল)

[11-40 — 11-50 a.m.]

শ্রী মোজাম্মেল হক ঃ মাননীয় সদস্য মানসবাবু বললেন যে আল্লারাখা খুন হওয়ার আগে ওখানে কংগ্রেসের একজন খুন হয়েছিলেন। ওখানে এই যে আল্লারাখা খুন হয়েছিল তার আগে তিনি কংগ্রেসের কোনও উপদলের লোক ছিলেন, এই ব্যাপারে কোনও তথ্য আছে কি?

শ্রী জ্যোতি বসু ঃ ওদের উপদল সম্পর্কে আমার খোঁজ রাখা মুদ্ধিল। আমি আমাদের পার্টি সম্পর্কে খোঁজ রাখি। আমাদের পার্টিতে উপদল নেই। সেইজন্য আপনি যেটা বলছেন, সেটা খোঁজ রাখা সম্ভব নয়।

শ্রী সৌগত রায় ঃ ভগবানগোলার ঘটনা সম্পর্কে যা বলেছেন সেটা আর ওয়াইডার করতে চাই না। তবে ৭২ থেকে ৭৭ পর্যন্ত যখন জ্যোতি বাবু হেরে গিয়েছিলেন, তখন তার বাড়ির চার পাশে সি.আর.পি. পোস্টিং ছিল, সেইজন্য একটা কথা উঠেছিল, 'জ্যোতি বাবু দোলে, সি.আর.পি.'র কোলে''। তারজন্য কত টাকা খরচ হয়েছিল এই সম্পর্কে আমি যেতে চাই না। তবে আমার প্রশ্ন হল আল্লা রাখা ঐ এলাকার খুনি বলে খ্যাত, অত্যাচারি ছিল এবং তার বিরুদ্ধে কয়েকটা মামলা চলছিল, আপনার কাছে কি কোনও খবর ছিল এই আলারাখা সি.পি.এম. এর লোক এবং তার বিরুদ্ধে অনেক মামলা ছিল?

শ্রী জ্যোতি বসুঃ কি করে এর জবাব দেব? আমি বলছি যার বিরুদ্ধে খুনের মামলা থাকে তাকে খুন করা যায় না।

শ্রী সুভাষ নক্ষর ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বিরোধী দলের নেতাদের প্রটেকশনের ব্যবস্থা করছেন। আমার প্রশা হচ্ছে করছেন বললেন, পুলিশ দিয়ে বিভিন্ন ভাবে প্রটেকশনের ব্যবস্থা করছেন। আমার প্রশা হচ্ছে ওদের দলের নেতার নির্দেশে কথায় কথায় থানা ঘেরাও, বিক্ষোভ এইগুলো লেগে আছে এবং বার দ্বারা পুলিশ জথম হচ্ছে, সেখানে আপনি কোনও ব্যবস্থা করছেন কি?

বিল্ডিংস দখল করতে হবে, এইসব খোলাখুলি বলছে। এখানেও বলছে, বাইরেও <sub>বলছে।</sub>

শ্রী সাধন পান্তে ঃ মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এখানে বললেন, খুনিদের সঙ্গে যাবেন না। আমি বলছি খুনিদের জেল থেকে বের করে শহিদ মিনারে মাল্যদান করলেন, সাঁই বাড়ির হত্যাকান্ত এই সব শুনেছি। আমি মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই, উনি বললেন আমাদের পার্টিতে উপদল নেই। যাদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন, তার মধ্যে মার্কসবাদি কম্যুনিষ্ট পার্টির লোক আছে। উনি বললেন পার্টির খোঁজ রাখেন। পার্টির যারা সদস্য এবং এই ঘটনার সঙ্গে যুক্ত আছেন, তাদের বিরুদ্ধে কোনও অ্যাডমিনিস্ট্রেটিভ ব্যবস্থা নিয়েছেন কি, সেইসব পার্টি সদস্যদের পাটি থেকে তাড়িয়ে দিয়েছেন কি, আমি এটাই জানতে চাইছি।

শ্রী জ্যোতি বসু ঃ মামলা আছে, মামলাটা হয়ে যাবার পর জিঞ্জেস করবেন।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ গত ২৬শে, ফেব্রুয়ারি নন্দীগ্রামের পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ ধনঞ্জয় জানাকে যারা নৃশংসভাবে খুন করেছিল তাদের যারা এফ.আই.আর. নেমড প্রদেশ কংগ্রেস সভাপতি বাড়িতে ঢোকাতে গিয়েছিলেন। এ অবস্থায় কংগ্রেস সভাপতির বিরুদ্ধে আপনি কোনও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করছেন কি?

শ্রী জ্যোতি বসু ঃ এটা তো একটা নির্দিষ্ট ব্যাপারে বললেন। আমি কি করে এখনই বলব! তবে সাধারণভাবে দেখছি খুনি-টুনিদের বাড়িতে কংগ্রোসিরা যাচ্ছেন।

শ্রী নরেন হাঁসদা : মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়, একটা কথা গ্রাম-বাংলায় প্রায় শোন যায় — পুলিশের ওপর সাধারণ মানুষের শ্রদ্ধা এবং আস্থা কমেছে, এটা কি সত্য?

শ্রী জ্যোতি বসু: আমার এটা জানা নেই। তবে আজকে পুলিশ বাজেট আছে তক্ষ আপনার কিছু জানা থাকলে বলবেন এবং আমি যা জানি তা আমি বলব।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় ম্পিকার মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী মাঝে মাঝে রাজ্য ছেড়ে বিদেশে যান পুঁজি টানতে, কিন্তু কেউ আসছেন না। যাইহোক যখন উনি রাজেছিলেননা এবং মাননীয় বিনয়কৃষ্ণ চৌধুরী মুখ্যমন্ত্রীর দায়িত্বে ছিলেন তখন হাজারুল্লা নামে একজন কংগ্রেস কর্মী খুন হলেন এবং ৮টা গ্রামে মানুষ গ্রাম থেকে বিতাড়িত হলেন। তখন আল্লারাখা এবং অন্যান্য সিপিএম-এর যে সমস্ত লোকের এফ.আই.আর.-এ নাম ছিল তালের কাউকে প্রেপ্তার করা হয়নি। যেহেতু যুব কংগ্রেসের কর্মী খুন হয়েছে সেহেতু কোনও ব্যবহা গ্রহণ করা হয়নি। এখানে ডেপুটি ম্পিকার নিজের হাতে আইন তুলে নিচ্ছেন। এরপর হয়ত মুখ্যমন্ত্রীও নিজের হাতে আইন তুলে নিয়ে এখানেই আমাদের আক্রমণ করবেন। যাইহোক তিনি যখন বিদেশে গিয়েছিলেন তখন বিনয় চৌধুরীর কাছে আমরা বার বার ডেপুটেশন দিয়েছি। ৮টা গ্রামের মানুষকে গ্রাম ছাড়া করা হয়েছিল। তাদের বিরুদ্ধে যদি অভিযোগই ছিল তাহলে আমরা যখন ওখানে গিয়েছিলাম তখন তো আমাদের আগে, পিছনে, পাশে পুলিশ ছিল, পুলিশ কেন আমাদের বললোনা যে, ওদের বিরুদ্ধে এই এই অভিযোগ আছে? বৃদ্ধি হলে চোখে কম দেখে জানি, মিথ্যা কথা বলার প্রবণ্টাও কি বাঁড়ে? আমার সিকিউরিটির হাত ভেঙে গেল, আমার গাড়ি ভাঙা হল, আমাকেই কৈফিয়ত দিতে হল — কেন ভাঙালা আর উনি যখন বাইরে ছিলেন ওর বাড়ির চারিদিকে দৈনিক ৩০০ সি.আর.পি. পাহার্গ

দিয়েছে। আমরা তখন স্টেট গভর্নমেন্টের পক্ষ থেকে কয়েক কোটি টাকা খরচ করেছি। একবার চীনা আক্রমণের সময়, আর একবার '৭২ থেকে '৭৭ সাল পর্যন্ত আমরা ঐ টাকা খরচ করেছি। ১৯৬৭ সাল থেকে এই ২৭ বছরের মধ্যে কংগ্রেস ক্ষমতায় ছিল মাত্র ৫ বছর ৪ মাস, বাকি সময় ওরা সরকার চালাচ্ছেন।

মিঃ স্পিকার : আপনার প্রশ্নটা করুন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আমার প্রশ্নটা হচ্ছে, আমাদের কি কোথাও যাবার অধিকার নেই? পুলিশ তো আমাদের সঙ্গেই ছিল, পুলিশকে কি আমরা কোনওভাবে বাধা দিয়েছি? আজকে অসত্য কথা বলে বলে এই বৃদ্ধ এমন জায়গায় পৌছে গেছেন যে আর সহ্য করা যায় না। আইন কি কংগ্রেসের ক্ষেত্রে একভাবে প্রয়োগ করা হবে, আর সিপিএম-এর ক্ষেত্রে অন্যভাবে প্রয়োগ করা হবে, সেইভাবে কি আইনকে প্রয়োগ করা যায়? না আইন সর্বজনিন হবে? আজকেই পুলিশ বাজেট আছে, এটা আমি আজকে পরিদ্ধার জানতে চাই। হাজারুল্লার খুনের পর ৮টা গ্রামের মানুষদের শ্রাম থেকে তাড়িয়ে দেওয়া হয়েছিল, তাদের জমির ফসল, হাস, মুরগি, জমি জায়গা কেড়ে নেওয়া হয়েছিল। যিনি সে সময়ে মুখ্যমন্ত্রীর দায়িত্বে ছিলেন তার কাছে বার বার ডেপুটেশন দিয়েছি তা সত্ত্বেও আমরা কোনও প্রতিকার পাই নি। এর কারণ কি?

[11-50 — 12-00 Noon.]

শ্রী জ্যোতি বসু । মাননীয় স্পিকার মহাশয়, প্রথমেই আমি বলছি, আমার বাড়িতে কোনওদিনও সি.আর.পি ছিল না। তবে কিছু পশ্চিমবাংলার পুলিশ প্লেন ক্লথে রাখা হয়েছিল যাতে কংগ্রেসিরা খুন করতে না পারে। এটা কেন্দ্রের হকুম ছিল এবং তখনকার যিনি মুখ্যমন্ত্রী ছিলেন তিনি এই ব্যবস্থা করেছিলেন। দ্বিতীয় কথা, আমাদের যে ১১০০ কর্মিকে খুন করা হয়েছে ১৯৭০ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত তারজন্য একটাও মামলা হয়নি, একটাও প্রথার হয়নি। এখন যা গোলমাল হয়, আক্রমণ হয় দুইপক্ষের লোককেই গ্রেপ্তার করা হয় আইন-শৃঞ্বলা বজায় রাখবার জন্য যে কোনও দেশের সভ্য সরকার এটা করে, আমরাও করি।

# গঙ্গার জল দৃষণকারী কারখানা

\*৪৪০। (অনুমোদিত প্রশ্ন নং \*৪১২) শ্রী দেবপ্রসাদ সরকার ঃ পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) রাজ্যে গঙ্গার জল দৃষণকারি কারখানার সংখ্যা কত; এবং
- (খ) এই দুয়ণ প্রতিরোধ রাজ্য সরকারের কি কি পরিকল্পনা আছে?

### ত্রী বনমালি রায় ঃ

- (ক) আজ পর্যন্ত ২৪২টি কারখানাকে জলদৃষণকারী (গঙ্গার জল সমেত) হিসাবে চিহ্নিত করা হয়েছে।
- (খ) জল দৃষণ প্রতিরোধের জন্য রাজ্য সরকারের পরিকল্পনাগুলি ঃ

- (১) দৃষণকারী কারখানাগুলিকে চিহ্নিত করা
- (২) ঐ কারখানাগুলিকে জলদূষণ আইন অনুযায়ী প্রয়োজনীয় Effluent Treatment plant বসানোর নির্দেশ দেওয়া
- (৩) নির্দেশ অমান্যকারি কারখানাগুলির বিরুদ্ধে আইন অনুযায়ি ব্যবস্থা গ্রহণ করা।

শ্রী দেবপ্রসাদ সরকার : আজ পর্যন্ত এইরকম কতগুলি কারখানা এই আইন ভঙ্গ করেছেন এবং তাদের বিরুদ্ধে কি শান্তিমূলক ব্যবস্থা আপনার সরকার নিয়েছেন?

শ্রী বনমালি রায় ঃ আইন ভঙ্গ করেছে এই ধরনের কোনও খবর আমাদের কাছে নেই। তবে আমরা আফ্রেয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট বসানোর ব্যাপারে সব কারখানাগুলিকে বলেছি। যারা বসাচ্ছেন না তাদের ক্ষেত্রে আমরা একটা সময় দিয়েছি এবং সেই সঙ্গে বলে দিয়েছি আফ্রুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট বসানোর জন্য।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ আমি বুঝতে পারলাম না। আপনি নিজেই বলছেন দৃষণকারী কারখানার সংখ্যা ২৪২টি। দৃষণকারী বলেই তো দৃষণকারী কারখানা। আমার জিজ্ঞাস্য, যারা দৃষণ করে আইন ভঙ্গ করছে এইরকম কতগুলি কারখানার ক্ষেত্রে কি ব্যবস্থা নিয়েছেন?

শ্রী বনমালি রায় ঃ আমাদের চিহ্নিত কারখানা হচ্ছে ২৪২টি। এরমধ্যে সম্পূর্ণ ব্যবহা নিয়েছে বলছে ১৮৯টি এবং ৩৮টি কারখানা ব্যবহা নেওয়ার পথে, অনেক কিছু ব্যবহা নিয়েছে, স্টানডার্ড নীড এখনও করেনি। তাদের সুযোগ দেওয়া হয়েছে করার জন্য এবং ১৫টির ক্ষেত্রে বন্ধের নোটিশ হয়েছিল। এই ১৫টির মধ্যে ১২টি কারখানা অন্যান্য কারণে বন্ধ ছিল আগের থেকে। বর্তমানে ৩টি কারখানা বন্ধ আছে দুষণজনিত ব্যাপারে।

শ্রী কৃপাসিদ্ধ সাহা ঃ আপনি বললেন ১৫টি কারখানা সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হয়েছে। এই ১৫টির মধ্যে অনেকগুলির কাজ অনেকাংশে হয়ে গেছে। তাসত্ত্বেও হাইকোটের অর্ডার অনুযায়ী, বন্ধ রয়েছে।

শ্রী বনমালি রায় ঃ আপনি শুনতে ভূল করেছেন। ১৫টি কারখানার ক্লোজার নোটিশ হয়েছিল। কিন্তু এই ১৫টির মধ্যে ১২টি জল দৃষণের জন্য বন্ধ তা নয়, ১৫টির মধ্যে ১২টি জন্য কারণে বন্ধ আগের থেকে ছিল। সূত্রাং ৩টি হচ্ছে বন্ধ।

শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ এই ৩টির ক্ষেত্রে আমি বিশেষ করে ইন্টার্ন ডিসট্টিলারি কেমিক্যালস লিমিটেডের কথা বলছি, যার অধিকাংশ কাজ হয়ে গেছে। কিন্তু যে কোনও কারণেই হোক রাজ্য সরকারের পক্ষ থেকে সুপ্রিম কোর্টে যে রিপোর্ট যাবার কথা ছিল সেটা ঠিকমত না যাবার জন্য কারখানাটি বন্ধ হয়ে গেছে। এটা পশ্চিমবাংলার মধ্যে অন্যতম লাভজনক কারখানা।

শ্রী বনমালি রায় ঃ এটা ঠিকই কারখানাগুলিতে অ্যাফ্রুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট বসাবার ক্ষেত্রে কতগুলো সমস্যা দেখা দিছে। যেমন ধরুন, এক-একটি কারখানায় অ্যাফুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট বসাতে গেলে ২৫ লক্ষ থেকে ১.৫ কোটি টাকা পর্যন্ত লেগে যাছে। কোনও কোনও ক্ষেত্রে যারজন্য মহামান্য সুপ্রিম কোর্টও এটা বসাতে তাদের সময় দিয়েছেন, বলেছেন এতদিনের মধ্যে বসিয়ে ফেলুন, কিন্তু কারখানা বন্ধ করে দিতে বলেননি, চালাতেই বলেছেন।

শ্রী কৃপাসিদ্ধ সাহা । আমি বিশেষকরে ইন্টার্ন ডিস্ট্রিলারির কথা বলছি, এই জাতীয় কারখানা কোথায় নেই পশ্চিমবঙ্গে, নোহাউও কোথায়ও নেই। ঐ কারখানাতে যারা ট্রিটমেন্ট প্ল্যান্ট বসাচ্ছেন তারা সময় চেয়েছিলেন যতটা তার চেয়ে অনেক বেশি সময় নিয়েছেন তার ফলে কোম্পানিটির কোনও দোষ না থাকা সত্ত্বেও সেটা বন্ধ হয়ে গেছে। তারজন্য উপযুক্ত ব্যবস্থা নেবেন কি?

শ্রী বনমালি রায় ঃ এই ব্যাপারে খবর নিয়ে দেখবো যে, বন্ধ হবার মূলে অন্য কোনও ব্যাপার আছে কিনা।

শ্রী জটু লাহিড়ি ঃ গঙ্গার দুইপাশে হাওড়া এবং কলকাতা কর্পোরেশন বহু জায়গায় ওদের পয়ঃপ্রণালির মাধ্যমে শহরের নোংরা জল গঙ্গায় ফেলছে যারজন্য গঙ্গা দূষণ ঘটছে। এই ব্যাপারে কোনও ব্যবস্থা নিয়েছেন কি?

শ্রী বনমালি রায় ঃ পরিবেশ নির্মল রাখার দায়টা পরিবেশ দপ্তরের নয়, সেই দায়িত্বটা কারখানাগুলির ক্ষেত্রে তাদের এবং কর্পোরেশনের ক্ষেত্রে কর্পোরেশন কর্তৃপক্ষের। গঙ্গা অ্যাকশন প্রানের যে টাকা কেন্দ্র দিয়েছিলেন সেটা পাবার পর পৌরসভাগুলি কতগুলো উদ্যোগ নিয়েছেন যাতে নোংরা জল পরিশুদ্ধ আকারে গঙ্গায় পড়ে। সি.এম.ডি.এও এই ব্যাপারে কাজ করেছেন। সুতরাং দূষণ রোধে অনেকখানি কাজ এগিয়ে গেছে।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ হলদিয়ায় শ'ওয়ালেস এবং হিন্দুস্থান লিভার দুর্গন্ধ ছেড়ে পরিবেশ দ্যণ ঘটাচ্ছে। এই ব্যাপারে ইতিপূর্বেও বলা হয়েছে। কিন্তু তারা এখনও পর্যন্ত দৃষণ রোধ যন্ত্র বসাননি বলেই জানি। তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কিং

শ্রী বনমালি রায় ঃ এটা একটা আলাদা প্রশ্ন; স্পেসিফিক নোটিশ দেবেন, উত্তর দেব।

শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ দূষণ সম্পর্কে আপনার দায়িত্ব নেই বলছেন, কিন্তু সামনেই কিছুটা দূরে গিয়ে দেখুন, ক্যালকাটা কর্পোরেশনের নোংরা জল পড়ে গঙ্গার জল কালো হয়ে রয়েছে। হাওড়ার দিকে একই অবস্থা। দুটি শহর থেকে শুধু নোংরা জলই নয়, মল-মূত্র পর্যন্ত গঙ্গায় গিয়ে পড়ছে। আপনার কি কোনও দায়-দায়িত্ব নেই এরজন্য ওদের বিরুদ্ধে কোনও আকশন নিয়েছেন কি এ-ব্যাপারে ?

শ্রী বনমালি রায় ঃ আমি বলেছিলাম, পরিবেশ নির্মল রাখার দায়িত্বটা তাদেরই যেসব কারখানা দৃষিত জল গঙ্গায় ফেলছে সেসব কারখানাগুলির। দফতরের দায়িত্ব হচ্ছে নজরদারির; শ্যাফুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট বসিয়েছেন কিনা, নোংরা জল বেরোচ্ছে কিনা সেসব দেখা। সেটা আমরা দেখছি এবং সেটা দেখবার ফলেই তো ২৪২টি কারখানার মধ্যে ১৮৯টি কারখানা শ্যাফুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট বসিয়েছে। সূতরাং কাজ করছি তো!

[12-00 — 12-10 p.m.]

খ্রী সত্যরপ্তান মাহাতো ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিহার বর্ডারের রাঁচি

[7th April, 1994

এলাকায় বিহার সরকারের একটা অ্যালুমিনিয়ামের কারখানা আছে। সেই কারখানা থেটে দূষণ পদার্থ আসার ফলে আমাদের পুরুলিয়া জেলার অর্থকরি ফসল যে লাক্ষা সেটা ন হয়ে যাচ্ছে এবং ধানগুলি গুকিয়ে যাচ্ছে। সেই বিষয়ে আপনি অবহিত আছেন কিনা এব আপনার কিছু করণীয় আছে কিনা জানাবেন কি?

শ্রী বনমালি রায় ঃ যদি বিহার সরকারের কারখানা হয়ে থাকে এবং সেই কারখানা দূষণ যদি আমাদের পুরুলিয়া জেলার মধ্যে আসে তাহলে আপনি এই ব্যাপারে এলাকা নোটিশ দেবেন। আমরা পরে এটা খোঁজ-খবর নিয়ে জানাবো।

#### Starred Questions

(to which written answers were laid on the Table)

#### 'হৈসকো" কারখানার বেসরকারিকরণ

\*৪৩৭। (অনুমোদিত প্রশ্ন নং \*১৯৩) শ্রী তপন হোড় ঃ শিল্প ও বাণিজ্য বিভাগেং ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) এটা কি সত্যি যে, "ইসকো" কারখানাটি বে-সরকারিকরণ করা হচ্ছে; এবং
- (খ) সত্যি হলে, এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে রাজ্য সরকারের কোনও আলোচন হয়েছে কি না এবং হলে তা কি?

### শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (ক) বিষয়টি কেন্দ্রীয় সরকারের আওতাধীন। যতদুর জানা আছে, বিষয়টি সম্পর্কে কেন্দ্রীয় সরকার এখনও চূড়ান্ত সিদ্ধান্ত কিছু গ্রহণ করে নি।
- (খ) ইসকো' কারখানার আধুনিকীকরণ অত্যন্ত জরুরি। এই পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার বিভিন্ন সময় কেন্দ্রীয় সরকারের সাথে বছবার আলাপ আলোচনা করেছেন এবং দ্রুত আধুনিকীকরণ-এর সিদ্ধান্ত গ্রহণ করার জন্য আবেদন করেছেন। কিন্ত দুর্ভাগ্যবশতঃ কেন্দ্রীয় সরকার এখনও আধুনিকীকরণের পক্ষে কোনও ইতিবাচক সিদ্ধান্ত নিতে পারেন নি।

# ক্ষেত মজুরদের জন্য পরিচয় পত্র

\*৪৩৯। (অনুমোদিত প্রশ্ন নং \*২৯২) শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ পঞ্চায়েত বিভা<sup>গের</sup> ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

- (ক) একথা কি সত্যি যে, রাজ্য সরকার ক্ষেতমজুরদের জন্য পরিচয় পত্র প্রদানের কোনও পরিকল্পনা গ্রহণ করেছে: এবং
- (খ) সত্যি **হলে, ঐ পরিচ**য় পত্র প্রদানের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আ<sup>না</sup> করা **দায়** :

#### পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) কেবলমাত্র ক্ষেতমজুরদের পরিচয়পত্র প্রদানের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের নেই। তবে প্রতিটি ভূমিহীন ক্ষেতমজুর পরিবার থেকে একজনকে জীবন বীমার অধীনে আনার একটি প্রকল্পের কাজ ১৫ই আগস্ট, ১৯৮৭ থেকে চালু আছে। ঐ জীবনবীমা প্রকল্পের আওতায় যে সব ব্যক্তিকে আনা হয়, তাদের একটি করে পরিচয়পত্র দেওয়া হয়। এছাড়া, কৃষিকাজের মন্দার সময়ে গ্রামের প্রাপ্ত বয়স্কদের মধ্যে যারা কায়িক পরিশ্রমের কাজ করতে ইচ্ছুক, তাদের ন্যুনতম ১০০ দিন কর্মসংস্থান সুনিশ্চিত করার একটি কেন্দ্রীয় প্রকল্প এই রাজ্যের ১২৮টি নির্বাচিত রকে কিছুদিন আগে চালু হয়েছে। এই প্রকল্পে যারা কাজ করছেন তাদের একটি করে পারিবারিক কার্ড দেওয়া হচ্ছে। কিন্তু এই প্রকল্পটি শুধুমাত্র ক্ষেতমজুরদের মধ্যেই সীমাবদ্ধ নয়। তাছাড়া, এই প্রকল্পের মধ্যে সূচীত পারিবারিক কার্ডকে প্রকত অর্থে পরিচয়পত্র বলা যাবে না।
- (খ) প্রশ্ন ওঠে না।

### মূর্শিদাবাদ জেলায় নলবাহী জল সরবরাহ প্রকল্প

\*৪৪১। (অনুমোদিত প্রশ্ন নং \*১৫১১) শ্রী আবুল হাসনাৎ খান ঃ জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) বর্তমানে মুর্শিদাবাদ জেলায় কতগুলি নলবাহী জল সরবরাহ প্রকল্প রূপায়ণের কাজ চলছে: এবং
- (খ) ঐ প্রকল্পগুলির নাম কি? জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ
- (ক) ১৩টি।
- (খ) প্রকল্পগুলির নাম -

(৯) মহালন্দী

(2)	গোধনপুর	জলসরবরাহ	প্রক
(২)	আউরঙ্গাবা	₹ "	>>
(ల)	নগর	33	. ,,,
(8)	তেজসিংহ?	্র "	**
<b>(¢)</b>	জাগতাই	"	"
(৬)	সাগরদীঘি	"	"
(٩)	সিমুলিয়া	"	39
(b)	ভবতপ্র		

- (১০) বেগুনবাড়ি "
- (১১) ডোমকল ,, "
- (১২) সেলামতপুর "
- (১৩) কাঁকুড়িয়া "

#### মানবাধিকার কমিশন

\*৪৪২। (অনুমোদিত প্রশ্ন নং \*৪৮৬) ডাঃ মানস উুঁইয়া ঃ স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

- (ক) একথা কি সত্যি যে, রাজ্যে মানবাধিকার কমিশনের শাখা গঠন করা হয়েছে; এবং
- (খ) সত্যি হলে,
  - (১) কোন তারিখ থেকে এই শাখা কার্যকরী হয়েছে;
  - (২) এই শাখার প্রধান কে;
  - (७) জেলাগুলির দায়িত্বে কে বা কারা থাকবেন; এবং
  - (৪) এই কমিশনের কাছে আবেদনের পদ্ধতি কি?

### স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
- (খ) বিবেচনাধীন আছে।

### বনভূমি দখল

- \*৪৪৩। (অনুমোদিত প্রশ্ন নং \*৭০১) খ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ বন বিভাগের ভারপ্রাণ্ড মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) একথা কি সত্যি যে, রাজ্যে বে-আইনীভাবে বনভূমি দখলের ঘটনা ঘটেছে;
  - (খ) সত্যি হলে, ১৯৯৩ সালে দখলিকৃত বনভূমির পরিমাণ কত; এবং
  - (খ) ঐ বে-আইনী দখল রোধ করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে? বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:
  - (ক) হাা।
  - (খ) ৪১০.৭৭ <del>হেক্টর</del>।
  - (গ) বে-আইনী দখল উচ্ছেদ করার জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

### নিবিড় গ্রামোন্নয়ন প্রকল্প

- \*৪৪৪। (অনুমোদিত প্রশ্ন নং \*৫৮৩) শ্রী সুকুমার দাশ ঃ গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে রাজ্যে নিবিড় গ্রামোম্মান বাবদ কত টাকা ধার্য ছিল;
  - (খ) এর-মধ্যে, কেন্দ্র ও রাজ্য সরকার কর্তৃক দেয় টাকার পরিমাণ কত;
  - (গ) ঐ টাকা সম্পর্ণরূপে ব্যয় করা হয়েছিল কি না?

### গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে রাজ্যে নিবিড় গ্রামোয়য়ন (আই.আর.ডি.পি.) বাবদ ৫৪৬০.০০ লক্ষ টাকা ধার্য হয়েছিল।
- (খ) ১৯৯২-৯৩ আর্থিক বছরে রাজ্যে নিবিড় গ্রামোন্নয়ন বাবদ ধার্য অর্থের মধ্যে কেন্দ্রের দেয় অংশ ২৭৩০.০০ লক্ষ টাকা এবং রাজ্যের দেয় অংশ ২৭৩০.০০ লক্ষ টাকা।
- (গ) হাাঁ; সম্পূর্ণরূপে ব্যয় করা হয়েছিল।

#### ফসল কাটার সময় সংঘর্ষ

- \*৪৪৫। (অনুমোদিত প্রশ্ন নং \*২৭২) শ্রী আবু আয়েশ, মণ্ডল ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) গত ১৯৯২-৯৩ সালে রাজ্যে ফসল তোলার সময় সংঘর্ষের কোনও ঘটনা ঘটেছে কি না; এবং
  - (খ) ঘটে থাকিলে, এরূপ সংঘর্ষের সংখ্যা কত?

# স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) হাা।
- (খ) ১৯৯২ সালে ১৬টি ১৯৯৩ সালে - ১৯টি।

# গ্রাম পঞ্চায়েতে হিসাবে গরমিল

- \*৪৪৬। (অনুমোদিত প্রশ্ন নং \*৯২০) শ্রী মানিক ভৌমিক ঃ পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) মেদিনীপুর জেলার নাইকুড়ি ১নং ব্লক-এর (তমলুক) অন্তর্গত 'নীলকুষ্ঠা' ও 'অনন্তপুরের'—২নং গ্রাম পঞ্চায়েত-এর কাজকর্মের হিসাবে গরমিল সংক্রান্ত কোনও অভিযোগ সরকার পেয়েছে কি না; এবং

- (খ) পেলে, ঐ বিষয়ে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে? পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ
- (ক) হাাঁ, নীলকুষ্ঠা গ্রাম পঞ্চায়েত এবং অনন্তপূর-২ গ্রাম পঞ্চায়েত-এর কাজকর্মের গরমিল সংক্রান্ত অভিযোগ পাওয়া গিয়েছে।
- (খ) অভিযোগগুলির উপরে প্রাথমিক তদন্তের পর নীচের ব্যবস্থাগুলি নেওয়া হয়েছে :—
  - (১) নীলকুষ্ঠা গ্রাম পঞ্চায়েত ক্ষেত্রে -
  - (ক) গ্রাম পঞ্চায়েত প্রধানকে সতকীকরণ করে বলা হয়েছে যে তিনি যেন ভবিষ্যতে ব্যয় সংক্রান্ত নিয়মাবলি মেনে পঞ্চায়েতের টাকা খরচ করেন। তদন্তের সময় যে সব নিয়ম বহির্ভূত কাজ ধরা পড়েছে, সেগুলি যথাবিহিত পদক্ষেপ নিয়ে নিয়মসঙ্গত করতেও তাকে বলা হয়েছে।
  - (খ) পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিককে এক মাসের মধ্যে গ্রাম পঞ্চায়েতের বকেয়া অভিট শেষ করে দায়ী ব্যক্তিদের কাছ থেকে অর্থ আদায় (সারচার্জ) করতে বলা হয়েছে।
  - (গ) গ্রাম পঞ্চায়েত সচিবকে বদলি করা হয়েছে।
  - (ঘ) ব্লক উন্নয়ন আধিকারিককে গ্রাম পঞ্চায়েতের কার্যকলাপের উপর প্রতিনিয়ত

    দষ্টি রাখতে বলা হয়েছে।
  - (%) ব্লক উন্নয়ন আধিকারিককে সাব-অ্যাসিস্টান্ট ইঞ্জিনিয়ার-এর মাধ্যমে ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ সালে রূপায়িত প্রকল্পগুলির বিষয়ে সরেজমিন তদন্ত করে একটি বিশ্বদ প্রতিবেদন দিতে বলা হয়েছে।
  - (২) অনন্তপুর গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে -
  - (ক) প্রধানের বিরুদ্ধে একটি অভিযোগ স্থানীয় থানায় দায়ের করে তার কাছ থেকে কি করে ক্যাশ বই চুরি হল সে সম্বন্ধে তদন্ত করতে বলা হয়েছে।
  - (খ) গ্রাম পঞ্চায়েতের বকেয়া অভিটের কাজ শুরু করা হয়েছে। এই মাসের মধ্যে কাজ শেষ হবে বলে আশা করা যায়।

#### বনজ সম্পদ থেকে রাজম্ব সংগ্রহ

- \*৪৪৭। (অনুমোদিত প্রশ্ন নং \*১৩৬৬) শ্রী সৃশান্ত ঘোষ ঃ বন বিভাগের ভারপ্রাণ্ড মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) ১৯৯৩ সালে সারা রাজ্যে নিজ সম্পদ থেকে রাজস্ব বাবদ সংগৃহিত অর্থের পরিমাণ কত; এবং
  - (খ) এর-মধ্যে মেদিনীপুর জেলা থেকে কত পরিমাণ আদায় হয়েছে?

#### বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) ১৯৯৩ সালের ডিসেম্বর পর্যন্ত সংগৃহিত রাজম্বের পরিমাণ ১৫৩৮.৫২ লক্ষ টাকা।
- (খ) ১৯৯৩ সালের ডিসেম্বর পর্যন্ত আদায়ের পরিমাণ ৫৬.৪১ লক্ষ টাকা।

### निमा र्जनाय भूनिम रश्याजरु मृज्य

- \*৪৪৮। (অনুমোদিত প্রশ্ন নং \*১০৩৪) শ্রী শিবদাস মুখার্জি ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
  - (ক) ১৯৯৩ সালে নদীয়া জেলার বিভিন্ন থানাতে পুলিশের হেফাজতে কত জন আসামীর মৃত্যুর ঘটনা ঘটেছে; এবং
  - (খ) উক্ত ঘটনায় জড়িত বিভিন্ন থানার কতজন পুলিশ কর্মচারিদের বিরুদ্ধে শান্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

#### স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (ক) দুজনের।
- (খ) তিনজনের বিরুদ্ধে।

#### বাঁকড়া, বর্ধমান জেলার সীমানা চিহ্নিত করণ

- \*৪৪৯। (অনুমোদিত প্রশ্ন নং \*৬৫২) শ্রী অমিয় পাত্র ঃ পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) একথা কি সত্যি যে, সম্প্রতি বাঁকুড়া-বর্ধমান জেলার সীমানা নতুন করে চিহ্নিত করা হয়েছে;
  - (খ) সত্যি হলে, ঐ চিহ্নিতকরণের ফলে, বাঁকুড়া জেলার জন্য নির্ধারিত পঞ্চায়েত সদস্যগণ (যাদের বর্তমান জেলা হয়েছে বর্ধমান) কিভাবে দায়িত্ব পালন করবেন; এবং
  - (গ) এরপ বাঁকুড়া জেলার কোন কোন গ্রামকে বর্ধমানের কোন কোন গ্রাম পঞ্চায়েত-এ যুক্ত করা হচ্ছে?

### পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (क) বিষয়টি এখনও আলোচনার স্তরে আছে। চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়নি।
- (খ) এখন প্রশ্ন ওঠে না।
- (গ) এখন প্রশ্ন ওঠে না।

#### Office of the Additional S.D.O., Midnapore Sadar

- \*450 (Admitted Question No. \*1095) Shri Gyan Singh Sohanpal—Will the Minister-in-charge of the Home (Personnel & Administrative Reforms) Department be Pleased to state—
  - (a) Whether the Government have been able to secure a rentect house at Kharagpur for the office of the Additional sub-Divisional Officer, Midnapore Sadar; and
  - (b) if so, when the said office is expected to start functioning a Kharagpur?

The Minister-in-charge of the Home (Personnel and Administrative Reforms) Deptt :—

- (a) No.
- (b) Does not arise.

#### এম.এল. এ-দের ফ্র্যুট

\*৪৫২। (অনুমোদিত প্রশ্ন নং \*১২০১) শ্রী প্রবীর ব্যানার্জি ঃ আবাসন বিভাগ্নে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

> ১৯৯১ সালের জুন মাস থেকে ১৯৯৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত আবাফ পর্যদ কর্তৃক কোন কোন এম.এল.এ.-কে ফ্ল্যাট বন্টন করা হয়েছে?

# আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(এম.এল.এ.) বিধায়কদিগকে ফ্র্যাট বন্টনের ক্ষেত্রে আবাসন পর্বদ কোনও কোট রাখেনি। বিধায়কগণ ব্যক্তিগতভাবে সাধারণ নাগরিকের সঙ্গে আবেদন করতে পারেন এবং লটারির মাধ্যমে ফ্র্যাট পেতে পারেন। এ ব্যাপারে পৃথক কোনও খাতাপত্র বা হিসাব রাখা হয় না।

# কলকাতা পুলিশের আধুনিকীকরণ

\*৪৫৩। (অনুমোদিত প্রশ্ন নং \*৫৬০) শ্রী শিবপ্রসাদ মালিক ঃ স্বরাষ্ট্র (আরক্ষ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

> এটা কি সত্যি যে, কলকাতা পুলিশকে অত্যাধুনিক বাহিনীতে পরিণত করার কর্মা সরকার বিবেচনা করছে?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

হাঁ।

Construction of House under Indira Awas Yojana \*454. (Admitted Question No. \*1399) Shri Saugata Ray and Shri Chowdhury Abdul Karim: Will the Minister-in-charge of the Rural Development Department be pleased to state—

- (a) the target for the number of houses to be built under the Indira Awas Yojana in 1993;
- (b) the number of houses actually completed so far; and
- (c) the reasons for the shortfall, if any?

# The Minister-in-charge of the Rural Development Department:—

- (a) The target was 11308 (number of houses) under the I.A.Y. during 1992-93. The target is fixed on the basis of a financial year.
- (b) The number of houses constructed during 1992-93 is 13,000.
- (c) Question does not rise.

#### কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের ফ্লাই অ্যাশে পরিবেশ দৃষণ

- \*৪৫৫। (অনুমোদিত প্রশ্ন নং \*১৫৮৩) শ্রী মৃণাল কান্তি রায় ঃ পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
  - (ক) কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের ছাই ওড়ার ফলে এলাকার পরিবেশ বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে—এই মর্মে কোন তথ্য সরকারের কাছে আছে কি না; এবং
  - (খ) থাকলে, সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছে/নিচ্ছেন?

### পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্রের ছাই ওড়ার ফলে পরিবেশ বিশেষভাবে ক্ষতিগ্রন্ত হচ্ছে এই বক্তব্যের সমর্থনে কোনও তথ্য নেই। কিন্তু কিছু অভিযোগ সরকারের কাছে এসেছে।
- (খ) এই অভিযোগের ভিত্তিতে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম (PDCL) একটি বিশেষজ্ঞ সংস্থার দ্বারা, কোলাঘাটের আশেপাশের এলাকার পরিবেশ দৃষণ বিষয়ে একটি সমীক্ষা করেছেন। এখনও পর্যন্ত ঐ সমীক্ষা থেকে যে তথ্য পাওয়া গিয়াছে, তার ভিত্তিতে PDCL দেখেছেন যে তাপ বিদ্যুৎ কেন্দ্রের সনিহিত এলাকার বায়ুতে ধুলিকনার পরিমান (ছাই ও অন্যান্য ধুলিকনা)। কেন্দ্রীয় দৃষণ নিয়ন্ত্রণ সংস্থার দ্বারা (CPCB) নিদ্ধারিত সীমার মধ্যে আছে। ঐ এলাকার ধান, ফুল ও পানের ফলন, ওড়া ছাইয়ের দ্বারা ক্ষতিগ্রন্ত হয়নি। যদিও পরিবেশ ক্ষতিগ্রন্ত হচ্ছে না, তা সত্ত্বেও ই.এস.পি. গুলির ছাই ধরার ক্ষমতার প্রয়োজন মত উন্নতি সাধন করে, ছাই ওড়ার পরিমাণ আরও কমাবার ব্যবস্থা PDCL গ্রহণ করছে।

[7th April, 1994

#### কলকাতায় নৈশ ঘোড়দৌড়

\*৪৫৬। (অনুমোদিত প্রশ্ন নং \*১৭১৫) শ্রী সূবত মুখার্জি : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

- (ক) রাজ্য সরকার কলকাতায় নৈশ ঘোড়দৌড়ের আয়োজন করার কোনও অনুম্র্যি দিয়েছে কি না; এবং
- (খ) দিলে, ঐ নৈশ ঘোড়দৌড় আয়োজনের কোনও ব্লু প্রিন্ট রাজ্য সরকার অনুমোদ করেছে কি নাং

#### স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) না, কোনও প্রস্তাব পাওয়া যায়নি।
- (খ) প্রশ্ন ওঠে না।

#### বনাায় উত্তরবঙ্গে বন সম্পদ নউ

- \*৪৫৭। (অনুমোদিত প্রশ্ন নং \*১৫৯০) শ্রী মনোহর তিরকী ঃ বন বিভাগের ভারপ্রাধ্ব মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
  - (ক) সাম্প্রতিক বন্যায় উত্তরবঙ্গের জলপাইগুড়ি, দার্জিলিং এবং কোচবিহার জেলাং বনাঞ্চলে আনুমানিক কত টাকার বন সম্পদ নষ্ট হয়েছে; এবং
  - (খ) উপরোক্ত বনাঞ্চল থেকে বন্যার ফলে বন্য প্রাণী ভেসে যাওয়ার ঘটনা ঘটেছে হি নাং

#### বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) বন সম্পদের ক্ষয়ক্ষতির পরিমাণ ৮৩০.৮৫ লক্ষ টাকা।
- (খ) হাা।

#### যৌথ উদ্যোগে আবাসন প্রকল্প

- \*৪৫৮। (অনুমোদিত প্রশ্ন নং \*১৭৫৮) শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ও শ্রী সৌ<sup>গত</sup> রায় ঃ আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) একথা কি সত্যি যে, রাজ্য সরকার দুটি বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে <sup>রৌং</sup> উদ্যোগে আবাসন প্রকল্প নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে: এবং
  - (খ) সত্যি হলে,
    - (১) কোন কোন প্রতিষ্ঠানের সঙ্গে এবং
    - (২) পরিকল্পনার বিবরণ ?

# আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (क) হাা, আবাসন পর্বদের সাথে।
- (খ) মেসার্স পিয়ারলেস জেনারেল ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড, এবং
  - (১) মেসার্স গুজরাট অমুজা সিমেন্টস লিমিটেড।
  - (২) মেমোরেভাম অফ আন্ডার-স্ট্যান্ডিং সম্পাদিত হয়েছে। আর্টিক্যালস অফ অ্যাসোসিয়েশন চুড়ান্ত করা হছে।

### সুন্দরবনে বাঘে আক্রান্ত কাঠ ও মধু সংগ্রহকারি

- \*৪৫৯। (অনুমোদিত প্রশ্ন নং \*১৮৯৩) শ্রী বিমল মিস্ত্রী ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
  - (ক) ১৯৯৩ সালে সুন্দরবন এলাকায় বাঘের দ্বারা আক্রান্ত কাঠ ও মধু সংগ্রহকারিদের সংখ্যা কত: এবং
  - (খ) তার মধ্যে আহত ও নিহতের সংখ্যা কত (আলাদাভাবে)?

#### বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) ৬ (ছয়) জন মধু সংগ্রহকারী ২ (দুই) জন কাঠ সংগ্রহকারী
- (খ) ৬ (ছয়) নিহত ঃ মধু = 8 + কাঠুরে = ২ (দুই)। আহত ২ (দুই)

# সরকারি কর্মচারিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

- \*৪৬০। (অনুমোদিত প্রশ্ন নং \*৩৯) শ্রী আব্দুল মান্নান ঃ স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ এবং প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) ১৯৮৯ থেকে ১৯৯৩ পর্যস্ত সময়ে ভিজিলেন্স কমিশন কর্তৃক কতজন পুলিশ ও অন্যান্য সরকারি কর্মচারির বিরুদ্ধে শান্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে; এবং
  - (খ) এ সুপারিশমত রাজ্য সরকার এ পর্যন্ত কতজনের বিরুদ্ধে কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

# স্বরাষ্ট্র (কর্মিবর্গ এবং প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) ১৫৩ জন। (এর মধ্যে ১০ জন পুলিশ কর্মচারী। বাকি ১৪৩ জন অন্য বিভাগিয় কর্মচারী।)
- (খ) ৩০ জন। এর মধ্যে সতর্কিকরণ, বেতনবৃদ্ধি বন্ধ, বেতন কমানো তিরস্কার ইত্যাদি শান্তির ব্যবস্থা নেওয়া হয়েছে।

# দক্ষিণ দিনাজপুর সীমান্ত এলাকায় কাঁটা তারের বেড়া

\*৪৬১। (অনুমোদিত প্রশ্ন নং \*২০০) শ্রী তপন হোড় ঃ স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) দক্ষিণ দিনাজপুর সীমান্তে কাঁটা তারের বেড়া দেওয়ার ফলে হিলী শহরের ব্যাপহ জমি বাংলাদেশের অন্তর্ভূক্ত হচ্ছে এই মর্মে কোন তথ্য সরকারের কাছে আছে কি না; এবং
- (খ) থাকলে, রাজ্য সরকার এ ব্যাপারে কি কি ব্যবস্থা অবলম্বন করেছে? স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ
- (ক) না।
- (খ) প্রশ্ন ওঠে না।

গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের অডিট

4.3

\*৪৬২। (অনুমোদিত প্রশ্ন নং \*৪০৮) শ্রী দেবপ্রসাদ সরকার ঃ পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ আর্থিক বছরের জন্য কতগুলি গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের অডিট সম্পূর্ণ হয়েছে এবং কতগুলির অডিট এখনও বাকি আছে?

# পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ আর্থিক বৎসরের জন্য যথাক্রমে ১৮৫০টি এবং ২৭৬৫টি গ্রাম পঞ্চায়েত অডিট বাকি আছে। ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ আর্থিক বৎসরের জন্য যথাক্রমে ৩৩৫টি ও ৩৩৯টি পঞ্চায়েত সমিতির অডিট বাকি আছে। ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ আর্থিক বৎসরের জন্য ১৫টি জিলা পরিষদ্যে অডিট বাকি আছে।

### রপ্তানি বাণিজ্য

\*৪৬৩। (অনুমোদিত প্রশ্ন নং \*৬১৩) শ্রী লক্ষ্ম্পাচন্দ্র শেঠ ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রপ্তানি-বাণিজ্য বৃদ্ধির জন্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে?

# শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (১) রাজ্য সরকার এই রাজ্য থেকে রপ্তানি বাণিজ্য সংক্রান্ত কার্যক্রমে ধারাবাহিক ভাবে সহায়কের ভূমিকা পালন করছে।
- (২) প্রধানত শিল্প দপ্তরের অধীনে একটি Export Promotion Cell'' এই

ক্ষেত্রে শিল্পদ্যোগিদের সাথে যোগাযোগ রক্ষা করে এবং সাধ্যমত প্রয়োজনীয় সহয়তা দান করে।

(৩) পশ্চিমবঙ্গ থেকে রপ্তানি বৃদ্ধির জন্য বিস্তৃত পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে।

#### পুলিশ হাজতে মৃত্যু

- \*৪৬৪। (অনুমোদিত প্রশ্ন নং \*৪৯২) ডাঃ মানস ভুঁইয়া এবং শ্রী অজয় দে ় স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
  - (ক) ১৯৯১-৯২, ১৯৯২-৯৩ ও ১৯৯৩-৯৪ সালে (ডিসেম্বর পর্যন্ত) রাজ্য পুলিশ হাজতে আটক মৃত্যুর কতগুলি ঘটনা ঘটেছে;
  - (খ) ঐ মৃতদের মধ্যে কোনও মহিলা থাকলে, তার সংখ্যা কত; এবং
  - (গ) কতগুলি ঘটনায় দোষীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে? স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:
  - (ক) ১৯৯১-৯২ সালে তিনটি,
     ১৯৯২-৯৩ সালে তিনটি এবং
     ১৯৯৩-৯৪ সালে একটি
     (ডিসেম্বর পর্যন্ত)
  - (খ) এক জন;
  - (গ) তিনটি ঘটনায়।

### নৃতন থানা গঠন

- \*৪৬৫। (অনুমোদিত প্রশ্ন নং \*৬৫৩) শ্রী **অমিয় পাত্র ঃ স্ব**রাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক-<sup>সংস্কার</sup>) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) এটা কি সত্যি যে, রাজ্যে কয়েকটি নৃতন থানা গঠনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে: এবং
  - (খ) সত্যি হলে, বাঁকুড়া জেলার এরূপ কতগুলি নৃতন থানা হবে?
    স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ
  - (ক) হাা।
  - (খ) ২ টি I

[7th April, 1994

#### চট-শিল্পে কেন্দ্রীয় অর্থ বরাদ্দ

- \*৪৬৬। (অনুমোদিত প্রশ্ন নং \*৭১০) শ্রী সুকুমার দাশ ঃ শিল্প ও বাণিজ্য বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে রাজ্যের চট-শিল্পের জন্য কেন্দ্রীয় সরকার কোনও ফ বরান্দ করেছে কি না; এবং
  - (খ) করলে, তার পরিমাণ কত?

### শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (ক) এবং
- (খ) হাাঁ, জুট কমিশনার অফ ইন্ডিয়া হইতে প্রাপ্ত তথ্যানুযায়ী কেন্দ্রীয় সরকার ১৯৯৬ ৯৪ আর্থিক বছরে এই রাজ্যের চট শিল্পের জন্য ৯ কোটি ৫৭ লক্ষ টাকা বরাদ করেছেন।

#### ট্রাইসেম প্রশিক্ষণ

- \*৪৬৭। (অনুমোদিত প্রশ্ন নং \*৬৫৭) শ্রী আবু আয়েশ মণ্ডল : গ্রামীণ-উন্নয়ন বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
  - (ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে ট্রাইসেম প্রশিক্ষণ ও প্রশিক্ষণের পরিকাঠামো গড়ে তোলার জন্য বরাদ্দ করা অর্থের পরিমাণ কত ছিল: এবং
  - (খ) তন্মধ্যে, কত পরিমাণ অর্থ ব্যয় করা হয়েছিল?

# গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে ট্রাইসেম প্রশিক্ষণ বরাদ্দ করা অর্থের পরিমাণ ছিল ৩২৮.০০ লক্ষ টাকা। ট্রাইসেম পরিকাঠামো বাবদ মোট বরাদ্দ ছিল ৯১.৭৬ লফ্ষ টাকা।
- (খ) ১৯৯২-৯৩ আর্থিক বছরে ট্রাইসেম প্রশিক্ষণে বরাদ্দ করা হয়েছিল ১৬৪.০০ লক্ষ টাকা এবং ট্রাইসেম পরিকাঠামো বাবদ মোট ব্যয় করা হয়েছিল ১০.১৬৯২ লক্ষ টাকা।

# Water Supply Scheme for Kharagpur Municipality

- \*468. (Admitted Question No. \*1098) **Shri Gyan Singh Sohanpal**: Will the Minister-in-charge of the Public Health Engineering Department be pleased to state—
  - (a) the total amount allotted and released by way of grant/loan during the year 1993-94 for implementation of Water Supply Scheme for Kharagpur Municipality;

- (b) the position in this regard during 1992-93;
- (c) the physical progress attained so far in the matter of implementation of the scheme; and
- (d) whether any monitoring committee has been consituted to check/keep track of the progress and regulate the implementation of the scheme?

#### Minister-in-charge of the Public Health Engineering Deptt :-

- (a) Rs.179.35 lakhs as grant.
- (i) Rs.112.225 lakhs as loan from HUDCO.
- (b) Nil
- (c) Investigation work in Kangsabati river bed has been completed. Tenders for constrution of Collector well, laying of rising main of 700 mm dia C.I. pipe from C.W.R.-I to the Collector well and also from C.W.R.-II to C.W.R.-III have been invited. Total expenditure till6-2-94 has been Rs. 236.21 lakhs, mainly on procurement of materials.
- (d) Yes.

#### স্যাটেলাইট টাউন

\*৪৬৯। (অনুমোদিত প্রশ্ন নং \*৭৭৫) শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) কলকাতা শহরকে কেন্দ্র করে কোনও স্যাটেলাইট টাউন গড়ে তোলার পরিকল্পনা সরকারের আছে কি না: এবং
- (খ) থাকলে, কোথায় কোথায়?

#### নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) প্রধানতঃ সাধারণ মানুষের বাসস্থানের অভাবের কথা চিন্তা করে একটি উপনগরী স্থাপনের সম্ভাবনা খতিয়ে দেখা হচ্ছে।
- (খ) বিধাননগরের সন্নিকটে।

# "ব্ৰু-ফিল্ম" প্ৰদৰ্শন

\*৪৭০। (অনুমোদিত প্রশ্ন নং \*১২১১) শ্রী প্রবীর ব্যানার্জি ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বর্তমানে রাজ্যের মফঃস্বল শহর এবং গ্রামাঞ্চলে 'ভিডিও'' হলগুলিতে 'রু-ফিল্মের'' প্রদর্শন সম্পর্কে সরকারের কাছে কোনও তথ্য আছে কি না; এবং

(খ) থাকলে, ঐ ধরনের ছবির প্রদর্শন বন্ধ করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

### স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) পুলিশ যথাযথ ব্যবস্থা নিরেছে। এবছর এখনও কোনও ঘটনার খবর পাওয়া যায় নি।
- (খ) তথাপি ভিডিও **হলগু**লির উপর **পু**লিশের সতর্ক দৃষ্টি আছে।

#### রাজ্যে নৃতন বনাঞ্চল

- \*৪৭১। (অনুমোদিত প্রশ্ন নং \*১৩৬৭) শ্রী সুশান্ত ঘোষ ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) ১৯৯৩ সালে সারা রাজ্যে নৃতন বনাঞ্চল তৈরির জন্য কত অর্থ ব্যয় করা হয়েছে; এবং
  - (খ) এর মধ্যে মেদিনীপুর জেলার জন্য ব্যয়কৃত অর্থের পরিমাণ কত?

### বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) ১৯৯৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ব্যয়িত অর্থের পরিমাণ ২৩৯৯.৪৯ লক্ষ টাকা।
- (খ) ১৯৯৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ব্যয়িত অর্থের পরিমাণ ২৭৬.৬৬ লফ টাকা।

# মুর্শিদাবাদ জেলায় বাস ও ট্রাক ছিনতাই

- \*৪৭২। (অনুমোদিত প্রশ্ন নং \*৯৯৮) শ্রী অতীশচন্দ্র সিন্হাঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ সালে মুর্শিদাবাদ জেলায় কতগুলি বাস ও ট্রান্ট ছিনতাই-এর ঘটনা ঘটেছে: এবং
  - (খ) এই ঘটনা প্রতিরোধ করবার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে? স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:
  - (ক) ১১টি।
  - (খ) সড়কে মোবাইল পেট্রোল বাড়ানো হয়েছে এবং সি.আই.ডি. বিভাগ ও স্থানীয় পুলিশ অপরাধিদের সনাক্ত করার জন্য যৌত প্রচেষ্টা চালাচ্ছে।

### ভূটান থেকে আগত শরণার্থী

\*৪৭৩। (অনুমোদিত প্রশ্ন নং \*১৭৭৭) শ্রী মনোহর তিরকী: স্বরাষ্ট্র (রাজনৈতিক)

বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি-

ভূটান থেকে আগত নেপালি-ভাষী শরণার্থীরা ভূয়ার্সের বিভিন্ন এলাকায় আশ্রয় নিয়েছে—এই মর্মে কোনও তথ্য সরকারের কাছে আছে কি না?

শ্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

আছে।

#### কলকাতায় বোমা বিস্ফোরণের তদন্ত রিপোর্ট

\*৪৭৪। (অনুমোদিত প্রশ্ন নং \*১৭২৬) শ্রী সুব্রত মুখার্জি ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) ১৯৯৩ সালের ৬ই মার্চ কলকাতা মহানগরীতে বোমা বিস্ফোরণের সঙ্গে যুক্ত অভিযুক্তদৈর বিরুদ্ধে তদন্তের রিপোর্ট রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছে কি না; এবং
- (খ) রাজ্য সরকারের তদন্ত রিপোর্ট অনুয়ায়ী—
  - (১) আজ পর্যন্ত কতজনকে গ্রেপ্তার করা হয়েছে; এবং
  - (২) কতজনকে জড়িত হিসাবে চিহ্নিত করা হয়েছে?

### স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) তদন্তের ফলাফল কেন্দ্রীয় সরকারকে জানানো হয়েছে।
- (খ) (১) ৬ জন।
  - (২) ১৫ জন।

দক্ষিণ ২৪-পরগনা জেলার নৃতন মহকুমায় কর্মী নিয়োগ

\*৪৭৫। (অনুমোদিত প্রশ্ন নং \*১৮৩২) শ্রী সুভাষ নম্কর ঃ স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) ক্যানিং, বারুইপুর, কাকদ্বীপ—এই তিনটি নৃতন মহকুমা গঠনের জন্য অতিরিক্ত মহকুমা শাসক সহ অন্যান্য পদে কর্মী নিয়োগের কাজ সম্পন্ন হয়েছে কি না; এবং
- (খ) হলে, ঐ তিনটি মহকুমার কাজ পূর্ণ আকারে কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

### ম্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) হাাঁ, আংশিক হয়েছে।
- (খ) কোনও নির্দিষ্ট তারিখ দেওয়া সম্ভব নয় কারণ পূর্ণ আকারে কাজের জনা

### আদালত সাব-জেল ও সাব-ট্রেজারি প্রভৃতি স্থাপন প্রয়োজন।

#### **Election Job Workers**

- \*476. (Admitted Question No. \*1748) Shri Saugata Ray: Will the Minister-in-charge of the Home (Constitution & Election) Department be pleased to State—
  - (a) total number of election job workers in the State at present,
     and
  - (b) whether the Government has any plan to absorb them permanently in Government Services?

#### Minister-in-charge of the Home (C and E) Deptt:

- (a) 1507 (One thousand five hundred and seven) approximately
- (b) They have been included in the Exempted Category.

#### লবণ তৈবি কাবখানা

- \*৪৭৭। (অনুমোদিত প্রশ্ন নং \*১৮৩৭) শ্রী মৃণালকান্তি রায় ঃ শিল্প ও বাণিজ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) বর্তমানে রাজ্যে লবণ তৈরির কারখানার সংখ্যা কত;
  - (খ) তার মধ্যে কতগুলি সচল, রুগ্ন ও বন্ধ অবস্থায় আছে; এবং
  - (গ) রাজ্যে বৃহৎ আয়তনে লবণ উৎপাদনের জন্য কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

# শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (ক) ৪৫টি।
- (খ) ৪৩টি কারখানা সচল অবস্থায় ও ২টি কারখানা বন্ধ অবস্থায় আছে।
- (গ) না।

# कल्यांभी विश्वविद्यालराव कृषि श्रामारत क्यांनिः मञ्कूमा जिस्म

- \*৪৭৮। (অনুমোদিত প্রশ্ন নং \*১৯০৩) শ্রী বিমল মিস্ত্রী : স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্র<sup>শাসনি</sup> সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪ পরগনা জেলার ক্যানিং থানা এলাকায় ক্রাণি কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি খামারের জ্বমিতে ক্যানিং মহকুমা অফিস স্থা<sup>পনে</sup> পরিকল্পনা নেওয়া হয়েছে: এবং
  - (খ) সত্যি হলে, উহার সর্বশেষ পরিস্থিতি কিং

# স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (क) এরূপ কোনও পরিকল্পনা নেওয়া হয়নি।
- (খ) প্রশ্ন উঠে না।

### ফলতা মুক্ত বাণিজ্য কেন্দ্ৰ

- \*৪৭৯। (অনুমোদিত প্রশ্ন নং \*৪৯৬) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) ফলতা মুক্ত বাণিজ্য কেন্দ্রটিকে সম্পূর্ণভাবে গড়ে তোলার জন্য কেন্দ্রীয় সরকারের সাথে রাজ্য সরকারের কোনও আলোচনা হয়েছে কি না: এবং
  - (খ) হলে, তা কি এবং সরকার এই বিষয়ে কি কি পদক্ষেপ গ্রহণ করেছে? শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ
  - (ক) এবং (খ) ফলতা রপ্তানি বাণিজ্য অঞ্চল কেন্দ্রীয় সরকারের বাণিজ্য 'মন্ত্রকের' অধীনস্থ একটি সংস্থা। ফলতা রপ্তানি বাণিজ্য অঞ্চলের বাহিরে প্রয়োজনীয় পরিকাঠামোগত এবং অন্যান্য আনুসঙ্গিক সুযোগ সুবিধার কাজ রাজ্য সরকার করেছেন। বর্তমানে কেন্দ্রের সহিত তিনটি প্রকল্পের ব্যাপারে কথাবার্তা চলিতেছে। প্রকল্পগুলি যথাক্রমে ঃ—
    - (১) জেটি নির্মাণ ;
    - (২) ডায়মন্ড হারবার রোডকে জাতীয় সড়ক হিসাবে ঘোষণা করা ; এবং
    - (৩) রাজ্য সরকারের রাইচক ও কুকরাহাটির মধ্যে যান ও যাত্রি পরিবহণের পরিকল্পনার পরিপ্রেক্ষিতে সরিযা নুরপুর রাস্তার নির্মাণ, উন্নতির জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আর্থিক সাহায্য চাওয়া হয়েছে।

### জেলা বিভাজন

- \*৪৮০। (অনুমোদিত প্রশ্ন নং \*১৯৭) শ্রী তপন হোড় ঃ স্বরাষ্ট্র কর্মিবর্গ ও প্রশাসনিক শ্রুরার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) এটা কি সত্যি যে, প্রশাসনিক স্বার্থে রাজ্যের কিছু জেলাকে বিভাজন করার সম্ভবনা আছে; এবং
  - (খ) সত্যি হলে, কোন কোন জেলা বিভাজিত হতে পারে?

### ম্বরাষ্ট্র কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (ক) এরূপ কোনও প্রস্তাব এখনই সরকারের বিবেচনাধীন নাই।
- <sup>(খ)</sup> প্রশ্ন ওঠে না।

### ট্রাইসেম প্রকল্পের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা

- \*৪৮১। (অনুমোদিত প্রশ্ন নং \*৭১৫) শ্রী সুকুমার দাশ ঃ গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে স্বনিযুক্তি প্রকল্পে রাজ্যে কতজন যুবক-যুবতি প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিল; এবং
  - (খ) উক্ত বছরে এই প্রকল্পে কত টাকা ব্যয় হয়েছে?

#### গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে গ্রামীণ উন্নয়ন বিভাগের অধীনে স্বনিযুক্তি প্রকল্পে (ট্রাইসেম) ১৬৪০০ জন যুবক-যুবতিদের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিল।
- (খ) ঐ বছরে ১৬৪.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

#### শালতোড়া পানীয় জল সরবরাহ প্রকল্প

- \*৪৮২। (অনুমোদিত প্রশ্ন নং \*১৬৭৮) শ্রী অমিয় পাত্র ঃ জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) বাঁকুড়া জেলার শালতোড়া পানীয় জল সরবরাহ প্রকল্পের কাজ কবে শুরু হয়েছে, এবং
  - (খ) বর্তমানে প্রকল্পের কাজ কোন পর্যায়ে আছে এবং ঐ কাজ কবে নাগাদ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

# জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) ১৯৮১ সালে।
- (খ) প্রকল্পটির বেশির ভাগ কাজ ১৯৮৬ সালে শেষ হয়ে গেছে কিন্তু পাইপ লাইন, বৈদ্যুতিক সরঞ্জাম ইত্যাদি একাধিকবার চুরি যাওয়ার ফলে প্রকল্পটির প্রগতি বাং প্রাপ্ত হয়। বর্তমানে কাজ বন্ধ আছে। জেলা প্রশাসনের সঙ্গে বার বার চুরি বন্ধ করা এবং পুনরায় কাজ শুরু করা নিয়ে আলোচনা চলছে।

# যৌথ উদ্যোগে সন্টলেকের দক্ষিণে উপনগরী নির্মাণ

- \*৪৮৩। (অনুমোদিত প্রশ্ন নং \*১২৮১) শ্রী দেবপ্রসাদ সরকার ঃ আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
  - (ক) এটা কি সত্যি যে, বে-সরকারি সংস্থার সাথে যৌথ উদ্যোগে রাজ্য সর<sup>কার</sup> সন্টলেকের দক্ষিণে বাণ্ডইহাটি ও রাজারহাট এলাকায় একটি উপনগরী গঠনের উদ্যোগ নিয়েছে; এবং
  - (খ) সত্যি হলে,

- (১) এই আবাসন প্রকল্পের রূপরেখা কিরূপ:
- (২) এই প্রকল্প রূপায়ণের বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে রয়েছে;
- (৩) এই প্রকল্প রূপায়ণের জন্য কোন কোন বে-সরকারি সংস্থার সঙ্গে সরকার যৌথ উদ্যোগে নামছে: এবং
- (৪) এ বিষয়ে উভয়ের মধ্যে চুক্তির শর্তগুলি কি কি?

#### নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- প্রধানতঃ সাধারণ মানুষের বাসস্থানের অভাবের কথা চিন্তা করে একটি উপনগরী স্থাপনের সম্ভাবনা খতিয়ে দেখা হচ্ছে।
- (খ) (১) এখনই বলা সম্ভব নয়।
  - (২) একেবারেই প্রাথমিক স্তরে রয়েছে।
  - (৩) প্রশ্ন ওঠে না।
  - (৪) প্রশ্ন ওঠে না।

#### Deaths by Suicide

\*484. (Admitted Question No. \*1407) Shri Gyan Singh Sohanpal: Will the Minister-in-charge of Home (Police) Department be pleased to state—

- (a) the total number of deaths by suicide (male/female) reported in the State in 1992:
- (b) the position in this regard in 1988, 1990 and 1991; and
- (c) the major causes of such suicides particularly in the cases of females?

### Minister-in-charge of the Home (Police) Deptt :-

- (a) 13,034 persons.
- (b) 1988 ... 9974 persons

1990 ... 11,846 persons

1991 ... 12,568 persons

(c) Quarrel with spouses and in-laws, estrengment in love affairs, illegitimate pregnancy, failure in examinations, dowry disputes, incurable diseases, family intrigues and depression.

#### ADJOURNMENT MOTION

Mr. Speaker: To-day I have received two notices of Adjournment Motion. The first is from Shri Ambica Baneriee on the subject of reported indiscriminate firing by a B.S.F. Jawan resulting in death of few persons and the second is from Shri Sudip Bandyopadhyay on the subject of reported insinuation by the Chief Minister against the Finance Minister of the State in a meeting yesterday.

On the subject of the first motion a statement is due to be made to-day in reply to a Calling Attention notice tabled by Dr. Manas Bhunia, Shri Gyan Singh Sohanpal and others.

The subject matter of the second Motion is vague. It is also not of urgent public importance.

I, therefore, do not accept the Motions.

#### CALLING ATTENTION

Mr. Speaker: Today, I have received seven notices of Calling Attention, namely :--

(i) Deplorable condition of river-dams at Sundarban area due to recent storms.

: Shri Subhas Naskar

(ii) Recent grave situation of law and order at Sabang P.S. in the District of Midnapore.

: Dr. Manas Bhunia

(iii) Acute crisis of drinking water at some areas of Calcutta.

Shri Ajoy Dey

(iv) Reported irregularties in the voter list of Bongaon Assembly Constituency.

Shri Bhupendra Nath Seth

(v) Alleged assult of a member of a Panchayet Samity by some B.S. F. Jawans on 5.4.1994 at Nirmalchak of Bhagabangola.

Shri Shish Mohammad

(vi) Reported suicide of two couples in Calcutta on 6.4.1994.

Shri Saugata Roy

(vii) Irregularities in the functioning of several chit funds and private fin- : ancial companies.

Shri Abdul Mannan and Dr. Manas Bhunia

Mr. Speaker: I have selected the notice of Shri Bhupendra lath Seth on the subject of reported irregularities in the voter list of longeon Assembly Constituency.

The Minister in charge may please make a statement to-day, if ossible, or give a date.

Shri Probodh Chandra Sinha: On 12th instant.

#### STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker: Now I call upon the Minsiter-in-charge of the lome (Police) Deptt to make a statement in response to calling Attenon Notice.

#### Shri Jyoti Basu:

1r. Speaker, Sir,

I rise to make the following statement in response to the Calling ttention Notice given by Sarbashree Manas Bhunia, Gyan Singh Sohan al, Shish Mohammad, Sibaprosad Malik, and Nani Kar, regarding the erious incident of death of one BSF, Jawan followed by firing by BSF, sulting in the killing of six villagers in Islampur PS. in Bairadanga illage in Uttar Dinajpur district on the 3rd April, 1994.

A preliminary report has been received but the facts are not clear. detailed enquiry and investigation is in progress.

It has been reported that on April 3, 1994, about 20.00 hours, one ICO. Harjinder Singh and one Constable Gagan Singh of the BSF. clonging to Khulti BOP under PS. Islampur, were performing duty car Uttar Santalia Village. At this time, it appears that they detected ne villager, named Baiskho, son of Thadu Md. moving suspiciously in le area. When Baisakho was apprehended by the BSF. personnel, he used a hue and cry. Alarmed by the noise, a large number of local llagers, including some of their family members rushed to the spot and portedly tried to snatch away Baisakho from the custody of the BSF. Isonnel. It has been stated that during the melee which followed, the llagers attacked Constable Gagan Singh with lathis causing head injues when he is reported to have opened fire with his automatic rifle, close range.

One Sakina Khatoon and one Nazummuddin, brother of Baisakho d. were killed on the spot. Baisakho Md. and three other villagers z. Phashi Khatoon, Chaitu Md. and Kamrul Huda, all of village Uttar intali, were fatally injured and subsequently succumbed to their injuries,

bringing the total death toll of the villagers to six. Another young girl viz., Bakula Khatoon, daughter of Baisakho sustained a bullet injury  $_{0\eta}$  her arm and has been admitted to Islampur Subdivisional Hospital.

Constable Gagan Singh reportedly died of his injuries following which his companion NCO. Harjinder Singh fled the scene alongwith the rifle of Shri Gagan Singh and reported the matter to the Khuti BOP which is about 1/2 K.M. from the place of occurrence.

Senior district officials of Uttar Dinajpur district rushed to the place of occurrence and brought the situation under control. A strong police picket has been introduced in the village. A case has been lodged at Islampur PS. which is under detailed enquiry and investigation.

This matter has been taken up with the local BSF, authorities and also with the Government of India.

#### PRESENTATION OF REPORT

Presentation of the Eighth Report of the Subject Committee on Education and Information and Cultural Affairs, 1993-94

Shri Partha De: Sir, I beg to present the Eighth Report of the Subject Committee on Education and Information and Cultural Affairs. 1993-94.

Presentation of the Seventh Report of the Subject Committee on Power and Commerce and Industries, 1993-94

Shri Santasri Chatterjee: Sir, I beg to present the Seventh Report of the Subject Committee on Power and Commerce and Industries, 1993-94, on the Bandel Thermal Power Station.

#### LAYING OF REPORT

Shri Prabodh Chandra Sinha: Sir, with your permission I beg to lay the 9th Annual Report of the West Bengal Handloom and Powerloom Development Corporation Ltd. For the year 1981-82.

The Annual Report of the State Fisheries Development Corporation Ltd. for the year 1985-86.

Shri Prabodh Chandra Sinha: Sir, with your kind permission I beg to lay the Annual Report of the State Fisheries Development Corporation Ltd. for the year 1985-86.

The 18th Annual Report of the West Bengal Essential Commodities Supply Corporation Ltd. for the year 1991-92.

Shri Prabodh Chandra Sinha: Sir, with your permission I beg to

lay the 18th Annual Report of the West Bengal Essential Commodities Supply Corporation Ltd. for the year 1991-92.

#### MENTION CASES

[12-10 — 12-20 p.m.]

শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আজকে আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ বিভাগের মন্ত্রীর কাছে একটি ভয়ন্ধর ব্যাপারে তার দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েক মাস হল মালদহে বিদ্যুৎ সরবরাহের ব্যাপারে অব্যবস্থা চলছে। লো ভোল্টেজ সেখানে দিনিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে। আমি একটি টেলিগ্রাম সেখান থেকে পেয়েছি তাতে বলছে যে ইলেকট্রসিটি almost paralysed, Absurd situation. Explanation solicited. টেলিফোনে খবর পেলাম যে বোরো চাষের জন্য পাম্পে জল তোলা যাছেই না, আর.এল.আই.'এর পাম্পে জল তোলা যাছেই না। পরীক্ষার্থিদের বিপদ দেখা দিয়েছে। এমন কি খাবার জল পাইপ দিয়ে সরবরাহ করা যাছেই না। সমস্ত এলাকাটি অন্ধকারের মধ্যে থাকছে। আমরা শুনেছি যে আমাদের অতিরিক্ত বিদ্যুৎ আছে। ওখানে মানুষ ভীষণ অস্থিরতার মধ্যে আছে এবং তাদের মধ্যে বিক্ষোভ দেখা দিয়েছে। আমি আপনার কাছে করজোড়ে প্রার্থনা করবো যে, আমার এই মেনশানের কাগজটি মন্ত্রীর কাছে যতক্ষণে যাবে ততক্ষণে বোরো চায় শেষ হয়ে যাবে, বোরো চাষের ক্ষতি হয়ে যাবে। আমার এই বিষয়টি পরিষদীয় মন্ত্রীকে দিয়ে যদি বিদ্যুৎ মন্ত্রীর কাছে অবিলম্বে পাঠানো হয় তাহলে আমাদের বিশেষ উপকার হবে। আমি আপনার কাছে এই আবেদন রাখলাম। আমি টেলিগ্রামের কপিটি আপনার কাছে দিচ্ছি, যাতে বিষয়টি বিদ্যুৎ মন্ত্রীর কাছে যায় সেজন্য আপনার মাধ্যমে এই অনুরোধ জানাছিছ পরিষদীয় মন্ত্রীকে।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ স্যার, গতকাল কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাষ্ট্রিজ, দি.আই.আর.'এর একটি আলোচনা সভায় মুখ্যমন্ত্রী গিয়েছিলেন। সেখানে 'স্টেটস অ্যান্ড ষ্ট্রাটেজি ফর গ্রোথ' এর উপরে একটি আলোচনা চক্র হচ্ছিল। সেখানে মুখ্যমন্ত্রী তার মন্ত্রীর প্রতি সম্পূর্ণ অনাস্থা জ্ঞাপন করেছেন এবং বলেছেন তিনি বাস্তবজ্ঞানহীন। তিনি এও বলেছেন যে পশ্চিমবঙ্গে শিল্প পরিস্থিতি সুবিধাজনক নয়। আমি মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি, বিলম্বিত ফলেও তার বোধদয় হয়েছে। মুখ্যমন্ত্রী মনেপ্রাণে চাইছেন কেন্দ্রীয় সরকারের উদার নীতি, উদার অর্থনীতি গ্রহণ করতে। তার দলের নেতারা যেভাবে তাকে চারপাশ থেকে ঘিরে রেখেছেন তাতে তিনি তা গ্রহণ করতে পারছেন না। তা নাহলে সি.আই.আর'এর সভায় নিজের অর্থমন্ত্রীকে এইভাবে সমালোচনা করতে পারতেন না। এর আগে আমরা দেখেছি মনমোহন সিং পদত্যাগ করেছিলেন। প্রধানমন্ত্রী তাকে পদত্যাগ পত্র প্রত্যাহার করে নিতে বলেছিলেন। এখানে এখন যে পরিস্থিতি তাতে হয় মুখ্যমন্ত্রী না হয় অর্থমন্ত্রী থাকুন। দু'জন'এর একজন থাকুন। এইভাবে দু'জন একসঙ্গে কখনও থাকতে পারেন না। অথবা মুখ্যমন্ত্রী এখানে এগেন জ্ঞানান, সংবাদপত্রে যা বেরিয়েছে তা সত্যি কিনা?

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এখানে একটি শুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করতে চাই। আমার নির্বাচনী ক্ষেত্র নদীগ্রাম বিধানসভা কেন্দ্র হলদি নদীর দ্বারা তিনদিকে পরিবেষ্ঠিত। সেখানে ইতিমধ্যে প্রায়

১০ কি.মি. নদী বাঁধ শুরুতর ভাবে ভাঙনের মুখে পড়েছে। এই ভাঙণের জন্য সেচ বিভাগের পক্ষ থেকে কেঁদেমারি সোনাচূড়া স্কীমটি পাস হয়ে গেলেও টাকার অভাবে তার কাজ হয়ন। মাননীয় সেচমন্ত্রী বার বার করে আশ্বাস দেওয়া সত্ত্বেও আমার ঐ এলাকায় নদী বাঁধ হছে না বা কাজ হছে না। বর্ষা আসন্ন, তারফলে আশ্বা করছি যে, যে কোনও সময়ে বাঁধ ভেঙে গিয়ে নোনা জলের প্লাবন হতে পারে। আমি তার কাছে আবেদন করছি যে আপাতে ফ্লাডের হাত থেকে বাঁচাবার একটা ব্যবস্থা তিনি করুন। যে কোনও সময়ে এলাকাটি প্লাবিত হতে পারে। সেখানে এমন ভয়ব্বর অবস্থা সৃষ্টি হয়েছে যে, হলদিয়ার অপজিটে যা দেখছি, সেখান দিয়ে অনবরত লোকজন যায়৾, খেয়া পারাপার হন। সেখানে ভাঙণের ফলে প্রায় ৩০-৪০ ফট নদী বাঁধ ভেঙে গেছে। অবিলম্বে এর প্রতিকারের দাবি জানাছি।

শ্রী নরেন হাঁসদা ঃ (অনুপস্থিত)

শ্রী আবৃদ সালাম মৃকী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহণ এবং পর্যটন বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকার মধ্যে পৃথিবী বিখ্যাত যুদ্ধক্রের পলাশি অবস্থিত। পলাশি সেখানে একটি ঐতিহাসিক জায়গা। বিভিন্ন জায়গা থেকে দেশ বিদেশের পর্যটকরা সেখানে যান। আমাদের প্রয়াত রাজ্যপাল সৈয়দ নৃবক্দ হাসানও সেখানে গিয়েছিলেন। বহু পর্যটক এই গুরুত্বপূর্ণ ঐতিহাসিক জায়গায় গেলেও সেখানে পরিবহণের ব্যবস্থা ভাল নয়। আমি পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে কলাকাত থেকে পলাশি পর্যন্ত সি.এস.টি.সি. বাস সার্ভিস দেওয়া হোক এবং পর্যটকদের আবাসনের সুবিধা যাতে থাকে তাই আমি পর্যটনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে পলাশিতে একটা টুরিষ্ট লজ তৈরি করা হোক এবং যাতে করে পর্যটকরা সেখানে আকৃষ্ট হয় বা তাদেরকে আকৃষ্ট করা যায় তাদের যাতায়াতের ও থাকার সুবিধা হয় এই জন্য আমি পরিবহণ মন্ত্রীও পর্যটন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা থেকে পলাশি পর্যন্ত সি.এস.টি.সি.র ব্যুক্ত চালানো হোক ও টুরিষ্ট লজ তৈরি করা হোক।

শ্রী শীশ মহন্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কপটিটিউয়েলি বর্জারের ধারে। সেখানে ৩টি বি.ও.পি. ক্যাম্প আছে নিমতিতা বি.এস.এফ. ক্যাম্পের অধীনে। এই ক্যাম্পর্ভরি পার্টিশান হওয়ার পরও ছিল। কিন্তু কয়েক বছর আগে এই ক্যাম্পণ্ডলিকে বর্জার থেকে সরিয়ে এনে প্রামের মধ্যবর্তি অঞ্চলে বাজীপুর ও চাঁদনীচকে নিয়ে আসা হয়েছে। বর্জার থেকে হাফ কি.মি. এর মধ্যে বি.ও.পি. ক্যাম্প ছিল, ফলে গ্রামের সঙ্গে তাদের সংশ্রব ছিল না। বর্জারও ভালভাবে এতে রক্ষিত হত। বি.ও.পি. ক্যাম্পেগুলিকে বর্জার থেকে সরিয়ে ৫ ।৬ কি.মি. ভেতরে নিয়ে এসে তারা ক্যাম্প করেছে। ওদের চলাফেরা আর যাতায়াতগুলি সাধারণ মানুষের পক্ষে আপত্তিজনক। তাই আমি আপনার মাধ্যমে আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে জায়গায় অর্থাৎ চড় এলাকায় আগে ক্যাম্পণ্ডলি ছিল সেখানে ক্যাম্পণ্ডলি নিয়ে যাওয়ার জন্য আবেদন জানাব, যাতে বর্জার তার বিক্রমত রক্ষা করতে পারেন।

শ্রী নরেন হাঁসদা ঃ মানতাং, ম্পিকার গোমকে, জোহার। স্যার, আমি আপনার <sup>মাধ্যমে</sup>

ডেবরার একটি গুরুত্বপূর্ণ অথচ স্পর্শকাতর বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দি.পি.এম.এর গুন্ডা বাহিনী এবং পুলিশের একাংশ ডেবরায় গণতন্ত্রপ্রিয় মানুষজনের কাছ থেকে ওদের যে মৌলিক অধিকার যেমন সম্পত্তি ভোগের অধিকার, স্বাধীনভাবে চলাফেরার অধিকার এবং সভা সমিতি করার অধিকার কেড়ে নিয়েছে। স্যার, আমি দাবি করছি অবিলম্বে ডেবরার গ্রামের মানুষজনের মৌলিক অধিকারগুলি ফিরিয়ে দেওয়া হোক ও দোষিদের অবিলম্বে শান্তি দেওয়া হোক।

[12-20 — 12-30 p.m.]

শ্রী এস.আর.দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী কেন্দ্র বরাবনি একটি কোলিয়ারি অঞ্চল। এখানে পানীয় জলের ধূবই অভাব। সেখানে গ্রীত্মকালে পুকুর এবং কুঁয়োগুলি সব শুকিয়ে যায়। এমন কি যে নলকৃপ আছে-রিগবোর্ড নলকৃপ—সেগুলিতেও জল ওঠে না। গ্রীত্মকালে পানীয় জলের জন্য চারিদিকে হাহাকার ওঠে। গত বছরও আমি এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম কিন্তু এখনও পর্যন্ত কোনও ব্যবস্থা হয়নি। নলবাহিত জল অল্প কিছু গ্রামে আছে। অন্য সব গ্রামগুলিতেও এই নলবাহিত জল পোঁছে দেওয়া দরকার। সেখানে যে লুনাকুরা ঘাট প্রকল্পটি তৈরি হয়েছে সেই প্রকল্পটি চালু করার জন্য আমি তার কাছে আবেদন রাখছি। পানীয় জলের সমস্যার সমাধানের জন্য যাতে একটি স্থায়ী ব্যবস্থা করা যায় তা দেখার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি। রানিগঞ্জ এবং বরাকরের জন্য যেনন প্রকল্প নেওয়া হয়েছে এখানেও সেরকম প্রকল্প নেওয়া হোক।

শ্রী শৈলজা কুমার দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি শুরুত্বপূর্ণ বিদরের প্রতি মাননীয় পর্যটন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি দীঘার সন্নিকটে শঙ্করপুরকে পর্যটনের মানচিত্রে আনা হয়েছে এবং সত্যিই এই শঙ্করপুর দীঘার চেয়ে বেশি আকর্ষণীয় হয়ে উঠছে। শঙ্করপুরকে পর্যটক আকর্ষণের কেন্দ্র বলে ঘোষণা করা হয়েছে কিন্তু সেখানে যাওয়ার ব্যাপারে আগে যে কয়েকটি বাস চলতো সেগুলি বন্ধ হয়ে গিরেছে। তা ছাড়া সন্ধাবেলায় সেখানকার সমুদ্রতটে পর্যটকরা যাতে ঘোরা ফেরা করতে পারেন তারজন্য সেখানে যে আলোর ব্যবস্থা থাকা দরকার তা নেই, এই আলোর ব্যবস্থা সেখানে করা দরকার। পর্যটকরা সেখানে ঠিকমতন সুযোগ সুবিধা পাচেছন না। মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি এ দিকে আকৃষ্ট করে বলব, যথা শীঘ্র সম্ভব সেখানে যাবার ব্যবস্থা, থাকার ব্যবস্থা ও আলোর ব্যবহু করকন।

শ্রী রবীন দেব ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার এবং বিশেষ করে আপনার দৃষ্টি আকর্ষণ করে বিষয়টি দেখার জন্য অনুরোধ করছি। স্যার, আপনি জানেন, গত জুলাই মাসে আমরা একটি সর্বদলিয় প্রস্তাব নিয়েছিলাম আকাশবানী এবং দ্রদর্শনের ভূমিকা সম্পর্কে। সেই প্রস্তাব সহ আমরা দিল্লিতে গিয়ে কেন্দ্রীয় তথ্য মন্ত্রীর সদ্দে দেখাও করেছিলাম গত আগষ্ট মাসে। কিন্তু তারপরও দেখছি, আকাশবানি এবং দ্রদর্শনার যে ভূমিকা অতীতে ছিল সেই অবস্থাতেই আছে। শুধু তাই নয়, আজ সেই ভূমিকা এমন একটা পর্যায়ে গিয়েছে যে — আমরা গতকাল এখানে উল্লেখ করেছি — একেবারে একপেশে

[7th April, 1994] প্রচার দ্রদর্শন চালাচ্ছে। স্যার, গত ৪ তারিখে যে মিছিল হল ডাঙ্কেল প্রস্তাবের বিরুদ্ধে এবং দেশের সার্বভৌমত্ব রক্ষার পক্ষে সেখানে দ্রদর্শন এমন পর্যায়ে গিয়েছে যে রাজ্যের বামফ্রটের চেয়ারম্যান থেকে শুরু করে মন্ত্রী সভার সদস্যরা, তারা মিছিল করলেন অথচ তাদের নাম পর্যন্ত উল্লেখ করলেন না। অথচ মানসবাবুরা রেলের ব্যাপারে যে ধর্মঘট করলেন, রেল রোকো করলেন, জয়নাল সাহেবরা জাফর শরিফ সাহেবের রেল বাজেটে পশ্চিমবঙ্গের প্রতি বঞ্চনার ব্যাপারে যা করলেন তা দেখানো হল। অপর দিকে গত ৩১ তারিখে ফেয়ারলি প্লেসে সকাল থেকে সন্ধা পর্যন্ত যে বিক্ষোভ দেখানো হল তার কোনও খবর নেই। ঐ দিনে মানস বাবুর জন্য একজন মন্ত্রী এসেছিলেন, তিনটে লাইফ সংবাদ দেখানো হল দ্রদর্শনে। আমি আপনার কাছে বলতে চাই, এখানে আকাশবানির প্রতিনিধিরা আছে, এখানে তাদের বসবার সুযোগ থাকে। কিন্তু এখানে ৩১শে মার্চের যে সংবাদ সেই সংবাদ সেখানে দেওয়া হল না, এই বিষয়ে আপনি বিশেষ ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী ভূপেন্দ্রনাথ দেঠ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্বস্থ মন্ত্রীর একটি গুরুতর বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বনগাঁ মহকুমায় একটি মাত্র হাসপাতাল ডাঃ জি.আর. ধর সাবভিভিশন্যাল হাসপাতাল। ওখানে ২৫০টি বেড আছে এবং সেই ২৫০টি বেডে জায়গা সঙ্কুলান হয় না। সেই অবস্থার মধ্যে দুজন স্পেশালিষ্ট, জেনারেল মেডিসিনে ছিল। আট বছর আগে ওখানে তাদের পোস্টিং দেওয়া হয়েছে। তারা নড়তে পারে না, রোগগ্রস্ত, অক্ষম। অধিকাংশ দিন তারা হাসপাতালে রোগী দেখে না। এই বিষয়ে আমি মই মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বিষয়ে স্বাস্থ্য দপ্তরের সচিবকে বলেছি, কিন্তু এখনও পর্যন্ত কিছু হয়নি। সুতরাং অবিলম্বে এদের অপসারণ করে, ট্রাসফার করে দুজন ভল জেনারেল ফিজিসিয়ান দিয়ে সেখানকার মানুষকে বাঁচানোর ব্যবস্থা করা হোক। ওমুধ তো নেই, ডাক্তার যা আছে সে অক্ষম, বৃদ্ধ, আট নয় বছর তারা সেই সাব ডিভিশন হাসপাতাল পোস্টেড হয়ে রয়েছে, এই অবস্থায় আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর অনুরোধ করছি অবিলম্বে ঐ দুজন ডাক্তারকে ট্রাসফার করে ভাল ডাক্তার ঐ হাসপাতালে দেওয়া হোক।

শ্রীমতী তানিয়া চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি ওক্রপূর্ণ বিষয়ে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পানিহাটি বহু ইতিহাসের ধারক ও বাংক। ইতিহাস পুরুষ রাধা কান্ত দেব বাহাদুর, সুবোধ মল্লিক, শিশির ঘোষ, চৈতন্য দেব, নিত্যান্দ মহাপ্রভু, রাণী রাসমনি, প্রমুখ প্রাতঃশ্মরণীয় ব্যক্তিদের শৃতি বিজড়িত। পানিহাটির গঙ্গাতীরবর্তী ১৯টি ঘাট যাদের প্রাচীনত্ব ৪৬০ থেকে ৪৬৫ বছরের মত, এর মধ্যে আমরা লক্ষ্য করহি যে এই ঘাটগুলোর অধিকাংশই এখন ভগ্ন অবস্থায় পর্যবসিত হয়েছে। সঙ্গে সঙ্গে আরু একটা বিশেষ দৃষ্টিতে আসছে, গঙ্গা তার গতি পরিবর্তন করেছে, বাঁক নিয়েছে। ফলে চোরা শ্রোত এইসব ঘাটগুলোর তলা দিয়ে ঢুকে পড়ে এই ঘাটগুলোকে ভেঙে দিচ্ছে, শুধু তাই নয়, রাধাকান্ত দেবের শৃতি বিজড়িত এলাকায় যে রাজা বাগান কলোনি গড়ে উঠেছে, শেই কলোনীর অবস্থা আজকে এমন পর্যায়ে পর্যবসিত হয়েছে, যে কোন্তুদিন সেখানকার জন সম্পূর্ণ বিধ্বন্ত হয়ে যাবে। তাই বিভাগীয় মন্ত্রীর কাছে আপনার মাধ্যমে আবেদন রাখতে চাই যে পানিহাটির এই গঙ্গা তীরবর্তী অঞ্চলগুলোকে রক্ষা করবার প্রশ্নে এবং এই ঘাটগুলোকে প্রশ্নে এবং এই ঘাটগুলোকে

ন্সা অ**তীশ চন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে স্বাস্থ্য দিবস. এই স্বাস্থ্য দ্বসে খুব দুঃখের সঙ্গে আমার এলাকার কাঁদি সাব ডিভিশন্যাল হাসপাতালের দূরবস্থার কথা ন্দুপুনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এটা ঐ মহকুমার একটা ্বনাত্ম হাসপাতাল। কিন্তু সেখানে কোনও সার্জেন নেই, সেখানে এক্সরে মেশিন খারাপ হয়ে গ্রাড রয়েছে প্রায় গত কয়েক বছর ধরে। আমি নিজে ইলেকট্রো মেডিক্যাল অ্যালায়েড কাম্পানি, যেখানে এটা মেরামত করা হয় সেখানে খবর নিলাম, কারা বললো ওখানে টাকা ্দেওয়া হয়নি বলে সেই মেশিন মেরামত করা হচ্ছে না। স্বাস্থ্য দপ্তর এই অবস্থার মধ্যে এসে পড়েছে। হাসপাতালে ই.সি.জি. মেশিন নেই, তিনটি টিউব ওয়েলের মধ্যে দটি টিউবওয়েল াবাপ হয়ে পড়ে রয়েছে। পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং দপ্তরকে বার বার বলা সত্তেও স্টেওলো মেরামত হচ্ছে না। অ্যানাসংথিসিয়া দেবার জন্য একটা বয়েলস অ্যাপারেটাস অনেকদিন থকে এসে পড়ে রয়েছে. কিন্তু তার অন্যান্য যে যন্ত্রপাতি. যেণ্ডলো কার্যকর করবার দরকার. সম্ভলো না থাকার জন্য এই অ্যাপারেটাসণ্ডলোকে কার্যকরী করা যাচ্ছে না। এছাড়া ডাক্তারদের ্য সংখ্যায় থাকার দরকার সেই সংখ্যায় ডাক্তার নেই। হাসপাতালে চুডান্ত অব্যবস্থা. এর প্রতিকার যাতে শীঘ্র হয় তারজন্য আমি একটা ডেপুটেশন দিয়েছিলাম হাসপাতালের যিনি স্পারিনটেনডেন্ট সার্জেন তার কাছে এবং তার উত্তরে আমাদের কাছে তিনি বিভিন্ন অসুবিধার কথা জানিয়েছে, আমি আজকে মেনশন করে মাননীয় অধ্যক্ষ মহাশয়. আপনাকে জানালাম. যাপনি দয়া করে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে যাতে অবিলম্বে এই অসুবিধাণ্ডলো দূর য়ে তার ব্যবস্থা গ্রহণ করলে আমি বাধিত হব।

[12-30 — 12-40 p.m.]

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটা খুব ওরুত্বপূর্ণ বিষয় ওখানে উপস্থাপিত করছি। বিষয়টি হচ্ছে — 'বর্ধমান জেলা গ্রামীণ হাসপাতাল'টির ১৯৮৯ সালে মাননীয় মুখ্যমন্ত্রী ভিন্দি প্রস্তর স্থাপন করেছিলেন এবং তারপর নির্মাণ কার্য 
ওরু হয়েছিল। কিন্তু বিগত পাঁচ বছরে তার গ্রাউন্ড ফ্রোরও শেষ হয়নি। স্যার, আপনি 
জানেন আমাদের দেশের অধিকাংশ মানুষই গ্রামে বাস করে, সূতরাং আমাদের দেশে গ্রামীণ 
হাসপাতাল নির্মাণের গুরুত্ব অপরিসীম। আমরা এটাও জানি আমাদের স্বাস্থ্য দপ্তর স্বাস্থ্য 
পরিবেবাকে সম্প্রসারিত করার জন্য সব সময় চেষ্টা করে চলেছে। তথাপি আমি বিষয়টির 
প্রতি স্বাস্থ্যমন্ত্রী, পূর্তমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি - পাঁচ বছর আগে যে কাজ 
ওরু হয়েছে সেই কাজের এখন পর্যন্ত বেশি অগ্রগতি হয়নি। কাজ শেষ করতে সময় যত 
বেশি লাগবে তত জিনিসের মূল্য বৃদ্ধির জন্য কাজের খরচও বেড়ে যাবে। অতীশবাবু 
কলেনে, আজ বিশ্ব স্বাস্থ্য দিবস। ২০০০ সালের মধ্যে সকলের জন্য স্বাস্থ্য, এই স্লোগান 
আমরা দিচ্ছি। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভাকে অনুরোধ করছি বর্ধমান ডিস্ট্রিক্ট 
করাল হসপিটালাটির নির্মাণ কার্য অবিলম্বে সমাপ্ত করে, হাসপাতালটি চালু করে গ্রামীণ 
মানুযদের চিকিৎসার স্যোগ সুবিধার কিছু সম্প্রসারণ ঘটানো হোক।

শ্রী **অদ্বিকা ব্যানার্জিঃ মাননীয় স্পিকার মহাশ**য়, আমি একটা গুরুতর বিষয়ের প্রতি আপনার মাধ্য**মে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি। স্যার, খুনের মামলার তিন বছরের মধ্যে চার্জসীট না হলে খুনিরা রেহাই পেয়ে যায়। প্রায় তিন বছর** 

িনা April. 1994
আগে হাওড়ায় মন্তাসি রহমান নামে যুব কংগ্রেসের একজন কর্মী প্রায় তিন বছর আগে হূ
হয়েছিলেন। আজ পর্যন্ত চার্জ-সীট দেওয়া হয়নি। স্যার, আপনি জানেন হাওড়ার কেঁলুরা
ঘটনার খবর সারা ভারতবর্ষে ছড়িয়ে পড়েছে—বিগত পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেসকে ভা
দেওয়ার অপরাধে চার জন মানুষের হাত কেটে নেওয়া হয়েছে, তিন জন মানুষকে খুন হর
হয়েছে, গোটা গ্রামটা জালিয়ে পুড়িয়ে দেওয়া হয়েছে। আর ঐ খুনের ব্যাপারে তিন বছর শে
হতে চলল এখন পর্যন্ত চার্জ-সীট দেওয়া হলনা। ডি.ডি. ডিপার্টমেন্টকে, সিনিয়র অফিসার্রে
বার বার বলা সত্ত্বেও চার্জ-সীট দেওয়া হল না। আর মাত্র কয়েক দিন পরেই তিন বছ
শেষ হয়ে যাবে, জঘন্য অপরাধের অপরাধিদের শান্তি হবেনা, এটা যে কোনও সরকারে
লজ্জার ব্যাপার। এফ.আই.আর. নেমড আসামিদের ধরে ইমিডিয়েটলি কেস যদি না দের
হয় তাহলে হাওড়ার মানুষ এর বিরুদ্ধে রুখে গাঁড়াবে, একথা আমি সরকারকে জানিয়ে দি
চাই। তখন ল' আন্ত অর্ডার সিচয়েশন যা হবে তার দায় দায়িত্ব সরকারকেই নিতে ফরে

শ্রী নৃপেন গায়েন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী এলাকা নদী বনারে সীমান্ত এলাকা। সেখানে সুন্দরবনের কাছে সামসের নগরে বি.এস.এফ.-এর একটা রাজ্ব আছে। সেই ক্যাম্প অফিসের কোম্পানি কমান্ডারের নির্দেশে বি.এস.এফ.-এর লোকেরা গেট এলাকার মানুষদের ওপর নির্মম অত্যাচার চালাচ্ছে। সম্প্রতি ঐ এলাকার হরিদাসকাঠি গ্রামে গ্রামাবাসিদের ক্যাম্পেন ধরে নিয়ে গিয়ে মারধাের করেছে। তাদের অপরাধ, তারা এক্ত দোবীকে ধরে দিতে বি.এস.এফ.-কে সাহায্য করে নি। স্যার, আপনি শুনলে আশ্বর্য র্যাবেন নিমাই সর্দার নামে একটি স্কুলের ছেলেকে চোরাকারবাার করে এই অজুহাতে ক্যাম্পের নিয়ে গিয়ে মারধাের করেছে। আসলে সে চোরাকারবাার নয়, স্কুলের ছাত্র। সে তা পরিচয় দেবার পরেও তাকে ছেড়ে দেওয়া হয়নি। শেষে সে হিন্দু, না মুসলমান, এবিযরে তা পরিচয় এবং প্রমাণ দেবার পর মুক্তিলাভ করে। এমন অবস্থা হয়েছে যে সাধারণ মানু বি.এস.এফ.-এর অত্যাচারের ভয়ে রাস্তায় বেরতে পারছেনা। তাদের সবরকম কাজকর্মে তা বাধা দিছেছে। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মাননীয় স্বরাম্ব্রমন্ত্রী তথ্ব মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ঐ দোখী বি.এস.এফ. অফিসারের শান্তি এবং প্রতিবিধান দ্বিকরতি।

শ্রী আব্দুল মানান ঃ মাননীয় স্পিকার স্যার, আমি একটি ওরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পৌরমন্ত্রী যদিও অসুস্থ, তার দ্রুত আরোগা কার্নকরি। আগামী ১৫মে ১৭টি পৌরসভার নির্বাচন হবে। এই নির্বাচনগুলির মনোনয়ন প্রেণ দিন আগামী পরশু অর্থাৎ ৯ এপ্রিল। আমি দুর্ভাগ্যের সঙ্গে লক্ষ্য করছি, যারা মনোনয়নপ্র জমা দেবেন ওয়ার্ড বেসিসে, ওয়ার্ড ডেলিমিটেশন, ওয়ার্ড এরিয়া সম্বন্ধে এখন বিস্তারিত তে মিউনিসিপ্যালিটি এলাকায় পাওয়া যাচছে না। আমরা রাজনৈতিক দল হিসাবে না পাওয়র্জ ফলে অ্যাকচুয়ালি কোন প্রার্থী কোন ওয়ার্ডের ভোটার সম্বন্ধে বিস্তারিত জানতে পারছি না অন্ধকারের মধ্যে রয়েছি। এর আগে যে পঞ্চায়েত নির্বাচন হয়েছিল তখনও মনোনয়ন প্র জমা দেবার শেষে আমরা জানতে পেরেছিলাম, এবারও ঠিক একই অর্বস্থা হচ্ছে। নির্বাচনর প্রহ্মননে পরিণত করার যড়যন্ত্র চলছে, নির্বাচনে কারচুপি করার ষড়যন্ত্র চলছে। আমি আপ্রন্তি মাধ্যমে বিভাগীয় দপ্তরের দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে সমস্ত ডেলিমিটেশনের নির্ব

বের করতে হবে এবং ভেটার তালিকায় নতুন করে আর নাম না ঢোকানো হয় তারজন্য ব্যবস্থা করা দরকার। মনোনয়ন পত্র দাখিল করার সময় যেন জানতে পারে কোন এলাকার ভোটার।

শ্রী ব্রজ গোপাল নিয়োগী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় আবগারি মন্ত্রী তথা অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ছগলি জেলায় বে-আইনীভাবে চোলাইমদের ব্যবসা ক্রমশ বেড়ে যাছে। চোলাই মদের ব্যবসায়িরা তাদের এজেন্ট দিয়ে ট্রেনে করে আসানসোল পর্যন্ত আর এদিকে হাওড়া কলকাতায় মদ পাচার করে। এরফলে গ্রামে এত বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে যে আইন-শৃঙ্খলার অবনতি হয়ে যাছে। এদের সঙ্গে আবগারি বিভাগের লোকের যোগসাজস আছে, থানার লোকের সঙ্গেও রোগসাজস আছে, থানার প্রাক্রের বলে সে ঘুরে ঘুরে মদের ভাঁটি থেকে টাকা নিয়ে আসে। বে-আইনী মদের ব্যবসা যাতে বন্ধ হয় তারজন্য আমি আবগারি মন্ত্রী তথা মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ কর্ছে।

শ্রী অঙ্গদ বাউরি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি। বাঁকুড়ার পাহাড়ি এলাকায় পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। সেইজন্য আমি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে পানীয় জলের যে টিউবওয়েলগুলি আছে তারজন্য পাইপ সরবরাহ করা হয় এবং অবিলম্বে পানীয় জলের সুরাহা হয়। আমার এলাকার শালতোড়ায় পি.এইচ.ইর যে প্রকল্প আছে সেখানে যদি সামান্য টাকা দেওয়া হয় তাহলে ১০।১২টি গ্রামের মানুষকে জল দেওয়া যাবে। ঐ প্রকল্পের জন্য সামান্য কিছু টাকা দিয়ে প্রকল্পটি চালু করার জন্য জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

[12-40 — 12-50 p.m.]

শ্রী নাসিরুদ্দিন খান ঃ স্যার, আমার বক্তব্য রাখবার আগে একটা কথা জানতে চাইছি, সেটা হছে, আমরা মেনশন দিই, সেই মেনশনের কাজ কিছু হোক, অ্যাফেক্ট কিছু হোক আর নাই হোক, আমরা যে মেনশন দিলাম সেটা পরবর্তী সময়ে ডিপার্টমেন্টাল কোনও অফিসার এনকোয়ারি করলো কিনা তা দেখতে পেলাম না। ডিপার্টমেন্টাল অফিসারের এ বিষয়ে তদন্ত করার আইন আছে। কিন্তু আমরা এম.এল.এরা আজ পর্যন্ত কেন বলতে পারবো না যে হাঁ, এ বিষয়ে অন্ততপক্ষে জানানো হয়েছে। এই বিষয়ে আমি এই হাউসে আসবার পর তিন তিনবার বলেছি। একটি হাসপাতাল, তাতে কিছু নেই। হাসপাতালটির নাম ঘোরামারা হেলথ সেটার, চাঁদপুর অঞ্চলের পার্শেই। সেখানে ঘোড়া মারা তো দ্রের কথা মানুষ মারা হয়। খুব দুংখ লাগে, একটি প্রত্যন্ত এলাকায় কোনও চিকিৎসার ব্যবস্থা নেই। এখন মেথররা পর্যন্ত শেখানে রেগুলার যায় না। আমি আপনাকে বলছি, এতবার করে বিষয়টা উল্লেখ করবার পর স্টো মন্ত্রীর নজরে এলো কিনা সেটা একটু দেখুন। এখন সেটা মানুষ মারার হেলথ সেন্টার হয়ে গেছে। কাজেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে একটু ডিপার্টমেন্টকে নির্দেশ দিন, দেখুন বাতে সেখানে ডাক্ডার যান, ওষুধ যায়, ব্যান্তেজ যায়।

মিঃ স্পিকার ঃ আমি তো আর এসব দেখতে পারি না, আমি কেবল মাননীয়

স্বাস্থ্যমন্ত্রীকে নির্দেশ দিতে পারি যাতে বিষয়টা তিনি গুছিয়ে দেখেন।

প্রবোধবাব, এই বিষয়টা আপনি একটু স্বাস্থ্যমন্ত্রীর নজরে আনবেন।

শ্রী বিজয় বাগদি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত মাধ্যমিক পরীক্ষার একজন মাধ্যমিক ছাত্র হাফিজুর রহমান বেনীমাধব হাইস্কুলে অ্যাডমিট কার্ড নেবার জন্য যাবার পথে কয়েকজন দুদ্ভকারী তাকে অ্যাস্বাসাডর গাড়িতে করে তুলে নিয়ে গিয়ে জঙ্গলের মধ্যে মেরে ফেলতে চায়, কিন্তু সে কোনওক্রমে প্রাণে বেঁচে যায়। আদিবাসিরা তাকে তুলে নিয়ে গিয়ে প্রাণে বাচান। ঐ অবস্থাতেও সে গাড়ির নাম্বার এবং দুদ্ভকারিদের নাম নোট করে পরে থানায় ডায়রি করেছেন, কিন্তু সিউড়ি থানার পুলিশ কোনও ব্যবস্থা নেয়নি। সেজন্য স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিছ দুদ্ভকারিদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য। ছেলেটি যে অভিযোগ দায়ের করেছে তার কপি আমার কাছে আছে, জমা দিচ্ছি।

ভাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বাছ্যমন্ত্রীর দৃটি আকর্ষণ করছি। এখানে অনেকেই স্বাস্থ্যের বিষয়ে উল্লেখ করেছেন। আমার এলাকা সবং-এর ব্যাপারে বার বার বলেছি যে, সরকার সাজ-সরঞ্জাম দিতে পারছে না, ওযুধপত্র দিতে পারছে না, এটা একটা বিষয়, কিন্তু সবং এর মত একটি গ্রামীণ হাসপাতালে এক্স-রে মেনিন দেহ বছর যাবত পড়ে আছে, কিন্তু বিদ্যুৎ দেওয়া হচ্ছে না, রেডিওলজিন্ট দেওয়া হচ্ছে না তারফলে সবং এলাকার মানুষদের ৭০ কিলোমিটার দূরে গিয়ে মেদিনীপুরে এক্স-রে করাতে হচ্ছে, ফলে সামান্য টাকায় যা করা যেত সেটা অনেক বেশি টাকায় করাতে হচ্ছে। হাসপাতালটিতে ওয়ৄধ নেই, গজ ব্যাভেজ নেই, এ.আর.ভি. নেই, এ.ভি. নেই, অর্থাৎ সামান্ চিকিৎসা-ব্যবস্থা নেই। আমার তাই বিনীত নিবেদন, গ্রামবাংলার মানুষের চিকিৎসার মার্বি সেখানে এক্স-রে মেশিনের জন্য রেডিওলজিন্ট পাঠানো হোক এবং প্রয়োজনীয় সমস্ত ওয়্বপত্র পাঠানো হোক। মেদিনীপুর সদর হসপিটালটিও নরক কুন্ডে পরিণত হয়েছে। তাই অবিলমে হাসপাতালটির দিকে নজর দিন।

শ্রীমতী আরতি হেমরম ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি। আপনি জানেন, আমার বিধানসভা কেন্দ্র রাণীবাঁধ সশন্ত্র ঝাড়খন্ডীদের এলাকা। সেখানকার বেশিরভাগ মানুষ তপসিলি আদিবাসি সম্প্রদায়ভুক্ত যাদের মধ্যে ক্ষেতমজুরদের সংখ্যা বেশি। কিন্তু সেখানে নিকটবর্তী কোনও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় না থাকবার ফলে বিশেষ করে মেয়েরা দূরে পড়াশুনা করতে যেতে পারে না। তার্জনা আমার অনুরোধ, অবিলম্বে হলুদকানালি মাধ্যমিক বিদ্যালয়টিকে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উদীত করা হোক।

শ্রী জটু লাহিড়ি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রামরাজাতলা স্টেশানের কাছে সাউথ ইটার্ল রেলের যে ক্রসিং আছে, সেখানে রোড ওভার ব্রীজ করার দাবী দীর্ঘদিন ধরে করা হয়েছে কিন্তু আজ পর্যন্ত কিছু হয়নি। বিগত দিনে অনেকগুলি অ্যাকসিডেন্ট ঐ ক্রসিংয়ে হয়েছে এবটা অ্যাকসিডেন্টে একসঙ্গে ৯ জন ও মারা গেছে। এই ব্যাপারে পূর্তমন্ত্রীর কাছে চিটি

দেওয়া হয়েছে, সাউথ ইষ্টার্ণ রেলের চেয়ারম্যানের কাছেও চিঠি দেওয়া হয়েছে। সাউথ ইষ্টার্ণ রেলের চেয়ারম্যান চিঠি দিয়ে জানিয়েছেন যে উই We entirely agree with you that the construction of the road over bridge has become very essential. In fact, we have been requesting the West Bengal Government to construct the road over bridge in Ram Raja Tala Station. We have again requested the West Bengal Government to consider this proposal on priority. রেল দপ্তর চাচ্ছে যে এখানে রোড ওভার ব্রীজ হোক। অথচ পূর্তমন্ত্রী এই ব্যাপারে এখনও পর্যন্ত কোনও ব্যবস্থা নেননি। তাই আমি আপনার মাধ্যমে আবেদন জানাবো যে এই ব্যাপারে অবিলম্বে যাতে ব্যবস্থা গ্রহণ করা হয়।

শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা বর্ধমান জেলার রায়নায় কিছুদিন যাবত বিদ্যুতের অভাব দেখা দিয়েছে। তার ফলে চাষীরা যে ধান বুনেছে তা মরে যাবার মত অবস্থায় এসেছে। আমি বার বার আবেদন করার পরেও সেখানে লা ভোল্টেজ চলছে। ভীপ টিউবওয়েল, আর এল.আই যেগুলি আছে সেগুলিও সঠিকভাবে না চলার ফলে ধান মরে যাচছে। সাব-স্টেশনে যে ক্ষমতা সম্পন্ন ট্রাপফরমার আছে সেটাও সঠিক ভাবে তার দায়িত্ব নিতে পারছে না। এইরকম কঠিন অবস্থার মধ্যে সেখানকার চাষীরা পড়ে তারা নিরাশ হয়ে পড়েছে। আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করিছি যাতে অতি সত্ত্বর জরুরি ভিত্তিতে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয় যাতে চাষীদের ফ্রলটা রক্ষা করা যায়।

শ্রী অজয় দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী এবং ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিছক্ষণ আগে মখামন্ত্রী প্রশ্নের উর্বের বলেছেন যে পশ্চিমবঙ্গে কংগ্রেসিরা বিশৃঙ্খলা সৃষ্টি করছে, আইন-শৃঙ্খলার অবনতি ফাচ্ছে। আমার এলাকা শান্তিপুরের আরবলদা গ্রামে ১২৬ বিঘা খাস জমি পড়ে আছে। <sup>এখানে</sup> ১৫ বছর পঞ্চায়েত ছিল সি.পি.এম-এর হাতে। এবারের নির্বাচনে সেই পঞ্চায়েত <sup>কংগ্রে</sup>সের হাতে এসেছে। ভূমি-রাজস্ব আইনে আছে যে এই খাস জমি বিলি-বন্টনের ব্যবস্থা <sup>করবে</sup> সেই এলাকার নির্বাচিত পঞ্চায়েত সংশ্লিষ্ট স্থায়ী সমিতি এবং ডি.এল.আর.ও। জয়েন্ট <sup>ইন্দপেকশানের</sup> মাধ্যমে প্রকৃত ভূমিহীন এবং বর্গাদারদের লিষ্ট তৈরি করে সেগুলি তাদের <sup>দেওয়া</sup> হবে। সেই হিসাবে ১৯৬ জনের একটা লিম্ন তৈরি করে সেগুলি তাদের দেওয়া হবে। <sup>সেই</sup> হিসাবে ১৯৬ জনের একটা লিষ্ট তৈরি করা হয়। তখন সি.পি.এম-এর টনক নড়ে। <sup>তারা</sup> ২২শে মার্চ প্রকাশ্যে পলিশ এবং বি.ডি.ও'র সামনে সশস্ত্র মিছিল নিয়ে গ্রামে গ্রামে <sup>অত্যাচার</sup> চালাতে থাকে। আমাদের কংগ্রেসের প্রতিনিধিরা সেখানে গিয়েছিলেন। আমাদের <sup>মাননীয়</sup> সদস্য অম্বিকা ব্যানার্জিও সেখানে গিয়েছিলেন, কিন্তু ১৪৪ ধারা জারি করার ফলে <sup>থামে</sup> তাকে ঢুকতে দেওয়া হয়নি। আজকে সি.পি.এম-এর হাত থেকে পঞ্চায়েত কংগ্রেসের <sup>হাতে</sup> চলে এসেছে। আজকে সরকারের আইন মেনে ১৯৬ জনের যে লিষ্ট তৈরি হয়েছে, <sup>তাদের</sup> সেটা দেওয়া হচ্ছে না। এই ব্যাপারে যাদের নামে এফ.আই.আর করা হয়েছে তাদের <sup>শ্রেপ্তার</sup> করা হয়নি। আমি দাবি করবো যে আসামিদের অবিলম্বে গ্রেপ্তার করা হোক এবং

এই ১৯৬ জনের যে লিষ্ট তৈরি করা হয়েছে, যেটা অনুমোদিত হয়েছে, সেটাকে কার্যকরী করা হোক।

[12-50 — 1-00 p.m.]

শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনস্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আমি পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় বাঁকুড়া-মেজিয়া ভায়া অমরকানন জিঘাটি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা। মেজিয়া তাপ বিদ্যুৎ কেন্দ্র, জেলার কয়লা খনি এবং বর্ধমান শিল্পাঞ্চলের জন্য যোগাযোগের ক্ষেত্রে এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সড়ক। দীর্ঘদিন ধরে এই রাস্তা উন্নয়নের জন্য পূর্ত দপ্তর কোনও নজর দিছে না। এই রাস্তা দিয়ে কয়েক হাজার বাস লরি যাতায়াত করে। বর্তমানে এই রাস্তা যান চলাচলের অযোগ্য হয়ে পড়ে রয়েছে। এই রাস্তার উপরে যে সমস্ত পূল, কালভাট রয়েছে সেইগুলি বিপদ জনক অবস্থায় রয়েছে, যে কোনও সময় জীবন হানির আশল্কা রয়েছে। অবিলম্বে যাতে এই রাস্তা মেরামত করার ব্যবস্থা করা হয় তারজন্য আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তরুন অধিকারী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বিদ্যুৎ বাবু রয়েছেন, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে শিল্পমন্ত্রী বিদ্যুৎবাবুর দৃষ্টি আকর্ষণ করছি। ব্যারাকপূর শিল্পাঞ্চল এবং কল্যাণী শিল্পাঞ্চল—এর সন্নিকটে ব্যারাকপূর কল্যাণী এক্সপ্রেস হাইওরের পাশে একটা বিরাট জায়গা রয়েছে সেখানে একটা গ্রোথ সেন্টার চালু করার জন্য আমি আপনাধ মাধ্যমে বিদ্যুৎবাবুর কাছে আবেদন জানিয়ে ছিলাম। সেই আবেদন অনুযায়ী জেলা প্রশাসন থেকে বিষয়টা পরীক্ষা করা হয়। কিন্তু আজ পর্যন্ত তার কি ফল হয়েছে দপ্তর থেকে সেটা আমি জানতে পারলাম না। মাননীয় মুখ্যমন্ত্রী বার বার বলছেন শিল্পোন্নয়নের কথা, শিল্পতিদের তিনি আবেদন জানাচ্ছেন। পশ্চিমবাংলার শিল্প বিকাশের যেখানে সুযোগ রয়েছে সেখানে কিছু করছেন না। যে জায়গায় এই গ্রোথ সেন্টার করার কথা বলছি, হুগলি নদীর উপর বাঁশবেড়িয়ায় সেতু হওয়ার ফলে সারা পশ্চিমবাংলার সঙ্গে যোগাযোগের রাস্তা খুলে গেছে। এখানে গ্রোথ সেন্টার হলে জেলার উন্নয়ন হবে, বেকার সমস্যার সমাধান হবে, শিল্পোন্নয়নের রাস্তা খুলে যাবে। আমি আপনার মাধ্যমে বিদ্যুৎবাবুকে অনুরোধ জানাবো অবিলম্বে এই ব্যাপারে ব্যবহা গ্রহণের জন্য।

শ্রী সৌমেন্দ্র চন্দ্র দাস । মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কুচবিহার জেলায় শত বর্ষ পার হয়ে গেছে এমন একটা কলেজ হল কুচবিহার এ.বি.এন সিল কলেজ। এই ঐতিহ্যবাহী কলেজে বর্তমানে প্রিপিপ্যাল নেই, প্রফেসার ইনচার্জ আছেন। তিনি সুযোগ্য ভাবে কলেজ পরিচালনা করতে পারছেন না। গত নির্বাচনকে কেন্দ্র করে অনির্দিষ্ট কালের জন্য কলেজ বন্ধ করে রেখে দেওয়া হয়েছে। কুচবিহার এ.বি.এন সিল কলেজ, দিনহাটা কলেজ, ঠাকুর পঞ্চানন মহিলা মহাবিদ্যালয়, তুফানগঞ্জ কলেজ, এইরকম ভাবে সারা পশ্চিমবাংলায় বহু কলেজে স্থায়ী প্রিপিণ্যাল নেই, প্রফেসার ইনচার্জ কলেজগুলি চালাচ্ছেন। তারফলে বিভিন্ন জায়গায় বিভিন্নরকম সমসারি সৃষ্টি হচ্ছে। প্রফেসার ইনচার্জ কে হবেন তা নিয়ে গড়োগোল সৃষ্টি হচ্ছে দিনহাটা কলেজে

দুর্জন অধ্যাপক প্রফেসার ইনচার্জ হবে, তা নিয়ে গভোগোল হচ্ছে। আমার দাবি পশ্চিমবাংলার কলেজগুলিতে যেখানে অধ্যক্ষের পদ খালি আছে সেখানে স্থায়ীভাবে প্রিন্দিপ্যাল নিয়োগ করা হোক। আর একটা বলি। কুচবিহার এ.বি.এন সিল কলেজে চতুর্থ শ্রেণীর কর্মচারী নিয়োগের ব্যাপারে একজন প্রতিবন্ধী যোগ্য বলে বিবেচিত হয়েছে। তার পুলিশ ভেরিফিকেশন হয়ে গেছে। অথচ আজকে ১ বছর হয়ে গেল তাকে নিয়োগ পত্র দেওয়া হয়ন। এই প্রতিবন্ধীর নাম নারায়ণ তালুকদার, পুলিশ ভেরিফিকেশান হয়ে গেছে, অথচ নিয়োগ পত্র দেয় নি। তার পরিবার অর্ধাহারে দিন কাটাচেছ, তার ভাই ক্যানসারে প্রায় বিনা চিকিৎসায় মারা গেছে। বিবেচিত হয়েও চাকুরি পায় নি। আমার দাবি প্রতিটি কলেজে স্থায়ী ভাবে প্রিন্ধিপ্যাল পাঠানোর ব্যবস্থা করা হোক। এবং ওই প্রতিবন্ধী যাতে চাকুরি পায় তার ব্যবস্থা করা হোক।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে পুলিশ বাজেট। পশ্চিমবাংলায় নারী ধর্ষণের ঘটনা এবং খুনের ঘটনা নিত্য নৈমিত্তিক ঘটনা। গত দু'দিন আগে যে ঘটনা ঘটেছে, একটি অত্যন্ত লোমহর্ষক ঘটনার কথা আমি বলছি। আপনি শুনলে অবাক হয়ে যাবেন স্যার। দিন মন্তুর তুহিন সামন্ত, যে কোনও দল করে না, সে যখন ইট ভাঙার কাজ করছিল তখন চারজন সমাজ বিরোধী, যারা সি.পি.এম.'এর আন-অফিশিয়াল গোষ্ঠীতে আছে, সেই লোকেরা দিবালোকে, বেলা তিনটার সময় তুহিন সামন্তের মুন্তু ধরে রাম দা দিয়ে কেটে লোককে দেখাতে দেখাতে পাশে ফেলে দেয়। পরবর্তী সময়ে কংগ্রেসের পক্ষ থেকে গোবরডাঙ্গা থানা অবরোধ করা হয়। আমাদের সঙ্গে তখন সৌভাগ্যবশত সি.পি.এম.'এর অফিশিয়াল গোষ্ঠী ছিলেন। কংগ্রেসের পক্ষ থেকে থানায় দুদ্ভৃতকারিদের অবিলম্বে গ্রেপ্তারের দাবি জানানো হয়। আমি আবেদন করবো, দলমত নির্বিশেবে, শুধু কংগ্রেস নয়, সমস্ত রাজনৈতিক দল এই ঘটনা দেখেছে যে কি ভাবে নারকীয় ভাবে ঘটনাটা ঘটেছে। ঐ দুদ্ভৃতকারিরা যে দলের লোক হোক না কেন, অবিলম্বে গ্রেপ্তার করার দাবি জানাচিছ।

শ্রী সৃধন রাহা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি শুরুত্বপূর্ণ বিবয়ে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের জলপাইগুড়ি জেলায় গত জানুয়ারি মাস থেকে কোনও হাসপাতালে এ.আর.ভি. ওষুধ নেই। ইতিমধ্যে ৩১শে মার্চের মধ্যে গোটা জেলায় ১৩টি ব্লকে চারশোর উপরে লোককে কুকুরে এবং বাঘে কামড়েছে। এরফলে স্বাভাবিক ভাবেই সমস্ত মানুষ উদ্বিগ্ধ হয়ে পড়েছে। তারা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে কোনও হাসপাতালে এই ওষুধ পাওয়া যাচ্ছে না। এখন একটা শুজব শোনা যাচ্ছে যে ব্যাঙ্গালোরে যে এজেপির মাধ্যমে এই ওষুধ কেনা হয়, সেই এজেপির ১৬ লক্ষ টাকা পাওনা আছে। এরফলে স্বাভাবিক কারণে তারা এই ওষুধ সাপ্লাই করছে না। অবিলম্বে যাতে জেলাতে এ.আর.ভি. পাওয়া যায়, তার ব্যবস্থা করা দরকার। আগে জেলাগুলোতে সরাসরি ওমুধ পাঠানো হোত। এখন ক্যালকাটা সেন্ট্রাল স্টোর্স থেকে যায়। বার বার করে বলা সত্ত্বেও দি.এম.ও.এইচ. বলছেন, তার কাছে ওষুধ নেই। বাজারে এই ওষুধ কেনা সম্ভব নয়। অবিলম্বে যাতে এই ওষুধ সেখানে পৌঁছায় তারজন্য আমি দাবি জানাচিছ।

খ্রী সৌগত রায় ঃ স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ

[7th April, 1994] করছি। স্বাস্থ্যমন্ত্রীর কৃপায় শুধু বেঁচে থাকার চেষ্টাটাই আজকে সমস্যা হয়ে দাড়িয়েছে। আজকে হাসপাতালগুলাতে শুধু অব্যবস্থা নয়, মানুষ মরেও নিশ্চিন্ত হচ্ছে না। স্যার, আপনি হয়ে জানবেন, আমাদের দক্ষিণ কলকাতা এবং দক্ষিণ ২৪ পরগনাতে কেউ অ্যাকসিডেন্টে বা খুন হয়ে মারা গেলে তার পোষ্ট মর্টেম করার ব্যবস্থা আছে কাঁটা পুকুর মর্গে। পুলিশ সব মৃতদেহ নিয়ে কাঁটা পুকুর মর্গে পাঠায়। এই মর্গটি একশো বছরের পুরনো। সেখানে এত বড় বড় ধাড়ি ইদুর আছে যে, যখন ২১শে জুলাই আমাদের ১৩ জন মারা গিয়েছিল, সেই সময়ে আমি ওখানে সারাদিন ছিলাম। আমি দেখেছি যে মৃত দেহগুলো ঐসব ইদুরে খেয়ে ফেলো এখন ৩৮ লক্ষ্ণ টাকা বায় করে নতুন একটি মর্গ করা হয়েছে। সেটি আজ তিন বছর ধরে পড়ে আছে। এয়ার কন্তিশনিং মেশিনটি সেখানে খারাপ হয়ে পড়ে আছে। জানালা দরজা সব খুলে নিয়ে চলে যাচ্ছে। স্বাস্থ্যমন্ত্রীর তবুও সেদিকে দৃষ্টি নেই। কাঁটা পুকুর মর্গে মানুষকে যায় নিয়ে যান, সেখানে তাদের মরে যেতে হয়, এইরকম অব্যবস্থা সেখানে রয়েছে। অন্যদিকে পুলিশ কেস হলে এবং নারী ধর্ষণ হলে পুলিশ হাসপাতালে পাঠানো হয় একজামিনেশাবে

শ্রী খবিরুদ্দিন আহমেদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি শুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় কৃষি বিপনন দপ্তরের ভারপ্রাপ্তমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র নাকাশিপাড়ায় বেথুয়াডহরি রেগুলেটেড মার্কেট ৪টি ব্লক নিয়ে গঠিত, এলাকার স্থানীয় ব্যবসায়ি ও কৃষকদের নিয়ে কমিটি পরিচালিত হচ্ছিল। সেই কমিটি ভেঙে দিয়ে সেখানে কিছু আমলা ও কর্মচারীদের নিয়ে পরিচালিত হচ্ছে। সেখানে উন্নয়নের কাজকর্ম বন্ধ হয়ে গিয়েছে। গত বছরে দেখলাম অবৈধভাবে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নানিয়ে সেখানে কিছু নিয়োগ হয়েছে, এতে এলাকায় বিক্ষোভ দেখা দিয়েছে। স্থানীয় সম্পাদকের অ্যাকাউনটেন্ট এর ভাই নিয়োগ হয়েছে।

জন্য। সেটি আছে আলিপুরে। সেখানে একজন বাদে ডাক্তার নেই। সেখানে ডাক্তার নেই বলে কোনও রেপ কেসের মেডিক্যাল একজামিনেশন হচ্ছে না। আমি স্বাস্থ্যমন্ত্রীকে বলব, আর্পান মানুষকে বাঁচাতে পারছেন না, কিন্তু মানুষ মরে গেলেও নিশ্চিন্ত করতে পারছেন না।

[1-00 — 1-10 p.m.]

শী সত্যরঞ্জন মাহাতো ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমগ্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে নরহারা ড্যাম ও রূপাই ড্যাম ২টি রয়েছে। নরহারায় জল রয়েছে, রুপাই ড্যামে জল নেই। সেখান থেকে সারা বছর জল বেরিয়ে যায়, কোনও মেরামতি হয়নি। দীর্ঘদিন ধরে সেইগুলির ব্যাপারে অভিযোগ করা সত্ত্বেও মেরামতি হচ্ছে না। ২টি ড্যামের চারধারে বোরো ধান লাগান হয়েছে, জলের অভাবে সেইগুলি মরে যাচ্ছে। নরহারার ড্যামের জল পরিপূর্ণ, কিন্তু কোনও ক্যানেল নেই। ক্যানেল না থাকার ফলে বোরো ধান মরে যাচ্ছে। যদি সেখানে পাম্প দিয়ে কিছু ব্যবস্থা করা যায় তাহলে ধান রক্ষিত হবে। আর রূপাই ড্যাম যেটা রয়েছে সেটা যদি অবিলম্বে মেরামতি হয় তাহলে চাবের পক্ষে উপকার হবে। দীর্ঘ ৪।৫ বছর কোনও মেরামতি হয়নি, অবিলম্বে যাতে মেরামতি হয় তারজন্য সেচমশ্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মোজান্মেল হকঃ (নট প্রেজেন্ট)

শ্রী সুভাষ নক্ষর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গরম পড়েছে। চারিদিকে জলের হাহাকার দেখা দিয়েছে এবং সুন্দরবনের চারিদিকে নদীর নোনা জল আশপাশের পুকুরগুলিকে নোনা করে দিছে। এখানে জলসরবরাহ দপ্তরের মন্ত্রী উপস্থিত আছেন তাকে আমি বলতে চাই, চারিদিকে জলের অভাব, সাধারণ মানুষ আগে পুকুরের জলপান করতেন, এখন আর পুকুরের জল পান করতে হয়না। কিন্তু সেখানকার যে সমস্ত নলকৃপগুলি আছে সেইগুলি বেশিরভাগই টেকে না, নন্ট হয়ে যায়। পঞ্চায়েত বা জেলা পরিষদ যে নলকৃপগুলি দেয় সেইগুলি প্রাোজনের তুলনায় কম। পুকুরের জল খেলে নানারকম রোগের সৃষ্টি হতে পারে। এখন সেখানকার ঔষধ হচ্ছে পানীয় জল, পানীয় জলের ব্যবস্থা করা যায় কিনা সেটা দেখার জন্য আমি বলব, অনেক নলকৃপ চোট খেয়ে যাচ্ছে, তার কোন বিকল্প ব্যবস্থা করা যায় কিনা, আমি আপনার মাধ্যমে জল সরবরাহ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কমলেন্দু সান্যাল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষিজ শিল্প বিপনন মন্ত্রীর আমি দৃষ্টি আকর্ষণ করছি। করিমপুর রেগুলেটেড মার্কেটের মাধ্যমে ভৈরব নদীর উপর একটা ছোট সেতু এবং কাঁঠালিয়া থেকে রাউথবাটি পর্যন্ত ২ কি.মি. একটা পথ এর আমি দাবি করছি। এতে ২০ হাজার এর বেশি কৃষক উপকৃত হবেন। আর একটি পথ এর দাবি করছি সেটা বেথুয়াডহরি রেগুলেটেড মার্কেট মারফত করার জন্য আবেদন জানাচ্ছি। সেটা হচ্ছে সাহেবনগর থেকে বালি পর্যন্ত যে পথটি, এটা করলে ২টি জেলার সঙ্গে যোগাযোগ হবে এবং ৫০ হাজারের বেশি কৃষক এতে উপকৃত হবেন। ধন্যবাদ।

শ্রী নিত্যানন্দ অধিকারী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি শুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য, পরিবেশ এবং বন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি যাদের কথা বলছি তারা হল এই রাজ্যের ক্ষুদ্রতম জনগোষ্ঠী - টোটো সম্প্রদায়। এদের জন্য বহু প্রতিক্ষিত একটি হাসপাতাল সেখানে তৈরি হয়েছে কিন্তু সেখানে ডাক্তার যেতে চায় না। চারিদিকে গভীর অরণ্য, উত্তুঙ্গ পাহাড়, তীর খরস্রোতা তোর্সা নদী দিয়ে ঘেরা অঞ্চলের এই হাসপাতালের জন্য বহু কন্টে পাশের জলপাইগুড়ি থেকে এক নবীন যুবক ডাক্তারকে পাঠানো হয়েছে কিন্তু কোনও রোগীকে এই দুর্গম অঞ্চল থেকে মাদারিহাট ব্লক হসপিটাল বা বীরপাড়া স্টেট জেনারেল হসপিটালে পাঠাতে হলে যে যোগাযোগ ব্যবস্থা থাকা দরকার তা নেই। দুটি মাত্র বেসরকারি বাস এই পাহাড়ী রাস্তা দিয়ে চলে কিন্তু রাস্তায় বড় বড় গর্ড হয়ে গিয়েছে। অবিলম্বে সেখানে একটি অ্যাস্থলেন্স পাঠানো দরকার রোগীদের স্বার্থে। এ দিকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী যোগেশ চন্দ্র বর্মন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৩১ নং জাতীয় সড়ক যেটা উত্তরবস তথা উত্তর পূর্ব ভারতের একমাত্র সড়ক পরিবহণের মাধ্যমে সেটি গত ২২শে জুলাই-এর বিধ্বংদী যে বন্যা - যে বন্যা জলপাইগুড়ি এবং কোচবিহারকে বিধ্বস্ত করেছিল—তাতে এই জাতীয় সড়কটি ভীষণ ক্ষতি হয়। স্যার, আমরা অবাক হয়ে দেখছি, সেই বন্যার পর এতদীর্ঘ সময় অতিবাহিত হয়ে গেলেও এই জাতীয় সড়কটি মেরামত করা হচ্ছে না। এখনও সেখানে ডাইভারসান দিয়ে গাড়ি যাচেছ। বর্ষা আগত কাজেই পুনরায় সেখানে বন্যার আতঙ্ক ছড়িয়ে পড়েছে। স্যার, এরজন্য কেন্দ্রীয় ভূতল পরিবহণ মন্ত্রক থেকে অর্থাৎ সি.আর.এফ থেকে যে টাকা রাজ্য সরকারের পাওনা তার কোনও টাকাই আসছে না। পরবর্তীকালে জয়েন্ট কমিশনার

শ্রী আর.এন.শেঠি পরিদর্শন করে বলেছিলেন, এটা বন্যা নয়। এখনই ঐ রাস্তাটি সারানো ন হলে ঐ এলাকা দিয়ে গাড়ি যাওয়া মুশকিল হয়ে যাবে। স্যার, আপনার মাধ্যমে তাই কেন্দ্রীর ভূতল পরিবহণ মন্ত্রীকে এ ব্যাপারে দৃষ্টি দিতে বলছি। আগামী বর্ষার আগেই যাতে উত্তরবঙ্গের এই শুরুত্বপূর্ণ রাস্তাটি সারানো হয় সেটা দেখার জন্য আমি দাবী করছি।

শ্রী রাজকুমার মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া মহকুমা হাসপাতাল নানান রক্ষের সঙ্কটে জর্জনিত, আমি এখন সে বিষয়ে আলোচনা করতে চাই না। আমি দুটি বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। একটি হচ্ছে, সাপে কামড়ানোর ঔষুধ এবং অপরাট হচ্ছে কুকুরে কামড়ানোর ঔষুধ এই দৃটি ঔষুধ দীর্ঘদিন যাবত এই হাসপাতালে নেই। ফলে এই সমস্ত রোগিদের কলকাতার হাসপাতালে রেফার করতে হং। এর ফলে আসা যাওয়ার রাস্তাতেই অনেকে মারা যান। এই দুটি ঔষুধ অবিলম্বে যাতে ্র হাসাপাতলে পাঠানো হয় তারজন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি।

### ZERO HOUR

শীমতী সাবিত্রী মিত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশা, একতি তাশপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি মালদহ জেলার হরিশচন্দ্রপুর ব্লকে বেলসূর গ্রামে লতিফ হক এবং আইনুল হকের কিছু জমি তাল জলা বা বিল ছিল। গত ৩০.৩.৯৪ তারিখে বি.এল.আর.ও. টু, থানার ও.সি., সি.পি.এমের পার্টি ক্যাডাররা গিয়ে এইসব জমি আইনুল হকের তরফে একতরফা রায় দেন। যেহেতু লতিফ কংগ্রেস করে, সেই হেতু সেভাবে রায় দেওয়া হয়নি। তারপর আইনুল হক সেই জমি দখল করার জন্য চড়াও হয়, লতিফ তাকে বাধা দিলে আইনুল হকের পক্ষ থেকে, আইনুল হকের নেতৃত্বে সি.পি.আই.এম. পার্টির সমর্থকরা গুলি বর্ষণ করে এবং এর ফলে দুজনের গুলি লাগে এবং এরা দুজন বর্তমানে সদর হাসপাতালে ভর্তি আছে, পুলিশকে জানানো সত্ত্বেও কোনওরকম ব্যবস্থা হয়নি। স্যার আজকে পুলিশ বাজেট, পুলিশ বাজেটে প্রচুর টাকা ধরা হবে। আমি চাই স্বরাষ্ট্র মন্ত্রী মাধ্যমে একটা উচ্চ পর্যায়ের তদন্ত করা হোক, এবং দোষীদের শান্তির ব্যবস্থা করা হোক।

[1-10 — 1-20 p.m.]

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে স্বাস্থ্য দিবস, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে স্বাস্থ্য বিষয়ে যে অগ্রগতির চেন্টা করছেন, তাকে আমি অভিনন্দন জানাচ্ছি। অপর দিকে আমি বলতে চাই, যে এক অংশের কর্মী আছে তারা স্বাস্থ্য দপ্তরের হানপাতালগুলোকে সুস্থা ভাবে চালানোর জন্য যে ব্যবস্থা গ্রহণ করা দরকার সৌটা তারা না করার ফলে বামফ্রন্ট সরকারের ইমেজ নস্ট করার জন্য বিভিন্ন ধরনের যড়যন্ত্র তারা চালাচ্ছে। আমি আপনার কাছে বলতে চাই যে আমাদের আজকে স্বাস্থ্য দিবসে আমাদের যে বাগনানে গ্রামীণ হাসপাতাল আছে, এই জায়গাটা চারটে জেলার সীমানায় অবস্থান করছে। এই চারটি জেলার সীমানায় যেহেতু অবস্থান করছে এবং ন্যাশনাল হাইওয়ে রয়েছে, সেখনে যদি এই হাসপাতালকে উন্নত না করতে পারি তাহলে অসুবিধা হয় এবং দীর্ঘদিন ধরে আমাদের ওখানে অ্যাস্থলেন্দ নস্ট হয়ে পড়ে রয়েছে, এটাকে সারানোর ব্যবস্থা করা হেনি।

শ্রী সত্যরপ্তন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীকে একটা ধন্যবাদ দিতে চাই। গত বিধানসভার বাজেট অধিবেশন যেটা হয়ে গেল এবং সেই বাজেট বক্তৃতায় আমি অংশ গ্রহণ করে বলেছিলাম যে আমাদের অর্থমন্ত্রী বাস্তব প্রানহীন, তাই আজকে ১০০ কোটি টাকা কেন্দ্রের কাছ থেকে পেয়ে বন্যাত্রাণের টাকা, সেই টাকা পঞ্চায়েতে উনি খরচ করলে, উনি এখন প্রত্যেক ডি.এম. এর কাছে ইউটিলাইজেশন সার্টিফিকেটের জন্য দ্বারস্থ হচ্ছেন। এবং মনমোহন সিং বাকি টাকা সেইজন্য বন্ধ করে দিয়েছেন। আমি আপনাকে বলবো, সেই ১০০ কোটি টাকা নয় ছয় করা হয়েছে পঞ্চায়েত নির্বাচনের সময় এবং অর্থমন্ত্রী তা নিজে করেছেন। উনি ভেতরে একটি জালিয়াতি তৈরি করে পশ্চিমবাংলার অর্থ মন্ত্রীগিরি এতদিন করলেন, এতদিন পরে পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী বুঝতে পেরেছেন। তাই আমি সকলের কাছে আজকে বলবো, এই পশ্চিমবাংলাতে এইরকম অর্থমন্ত্রীর আজই পদত্যাগ করা উচিত এবং পদত্যাগ করে পশ্চিমবাংলার বিধানসভা এবং পশ্চিমবাংলার হার্থনীতিকে সাহায্য করবেন এই কামনা আমি করবো।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী এলাকা আলিপুর দুয়ার তুয়ার্সের পীঠস্থান, সেখানে একটা রেডিও স্টেশন এবং একটা টি.ভি. রিলে সেন্টার আছে, সেটা যাতে উন্নীত করা হয় ওয়ান কে.ভি.এ. থেকে ১০ কে.ভি.এ.তে তারজন্য অনুরোধ করলাম। আমি অনুরোধ করছি যাতে একটা রেডিও স্টেশন আলিপুর দুয়ারে হয়। এর আগে মাননীয় মন্ত্রী অজিত পাঁজা, তিনি কথা দিয়েছিলেন। কে.পি. সিংদেও তিনিও কথা দিয়েছিলেন, ঐ দপ্তরের সচিবরাও বলেছেন, মহেশ প্রসাদও বলেছেন, আমি ভাস্কর বসুর সঙ্গে দেখা করেছি, চার তারিখে তিনিও বলেছেন। আমি অনুরোধ করছি আমাদের তথ্য মন্ত্রীকে, তিনি কিছু উদ্যোগ গ্রহণ করুন যাতে আলিপুর দুয়ারে একটা রেডিও স্টেশন স্থাপিত হতে পারে।

শ্রী পদ্মনিধি ধর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আগামী ১৩ই এপ্রিল জালিয়ানওয়ালবাগ হত্যা-কান্ডের ৭৫ বছর পূর্ণ হচ্ছে। এই হত্যা-কান্ডের প্রতিবাদে বিশ্ব-বরেনা কবি নাইট হুড ত্যাগ করেছিলেন। কিন্তু গত ৫ই এপ্রিল পাঞ্জাবের লাগোয়া দিল্লিতে আবার জালিয়ানওয়ালবাগ হত্যাকান্ডের ষড়যন্ত্র হয়েছিল। দিল্লিতে কংগ্রেসের পুলিশ এই চক্রাও করেছিল। সেখানে আমাদের এম.পি., এম.এল.এ.-দের এবং লক্ষ লক্ষ মানুষকে পিটিয়ে হত্যা করার চেষ্টা করা হয়েছিল।

মিঃ স্পিকার ঃ মিঃ ধর, ওটা নিয়ে আলোচনা হয়ে গেছে। ওটা আর বলা যাবেনা, আপনি বসুন।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি ঘটনার প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত পরশু দিন সকালে স্বরূপনগর বিধানসভা কেন্দ্রের স্বরূপনগর থানার অন্তর্গত কাচদহ গ্রামে স্থানীয় প্রধানের নেতৃত্বে ১২০টি কংগ্রেস কর্মির বাড়ি ভাংচুর করা হয়েছে। ৯ জন কংগ্রেস কর্মী গুরুতর আহত অবস্থায় কিগা হাসপাতালে ভর্তি হয়ে আছেন। তাদের অপরাধ কি? তারা আগে বি.জে.পি. করতেন, পরে সিপিএম দলে যোগ দিয়েছিলেন এবং সম্প্রতি কংগ্রেস করছেন। সিপিএম থেকে কংগ্রেসে চলে আসার অপরাধে প্রধানের নেতৃত্বে তাদের বাড়ি-ঘর ভাংচুর করা হয়েছে। এমন কি

[7th April, 1994

একটি ১৭ বছরের মেয়েকে পর্যন্ত মারা হয়েছে। তাকে বনগাঁ হাসপাতালে ভর্তি কর হয়েছে। আমি বিষয়টির প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দোষীদের প্রেপ্তার দাবী জানাছি।

খ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে মাননীয় সদস্য সদী বন্দোপাধ্যায় উল্লেখ করেছেন যে, আমরা একটা বিভ্রান্তির মধ্যে আছি—অর্থমন্ত্রীর বিক্র আমাদের অভিযোগ ছিল এবং বাজেটের জেনারেল ডিসকাশনের সময় আমরা বলেছিলাম ে অর্থমন্ত্রী বাস্তব বৃদ্ধিহীন। গতকাল মুখ্যমন্ত্রীও ঐ একই কথা বলেছেন এবং তা আজরে সংবাদপত্ত্রে প্রকাশিত হয়েছে। এরকম অবস্থায় অর্থমন্ত্রীর পদত্যাগ করা উচিত। এমন f সংবাদপত্তে আমরা দেখলাম যে. অর্থমন্ত্রী পদত্যাগ করেছেন, আজকে আবার অর্থমন্ত্রীকে এই আগেই হাউসে দেখলাম। ফলে আমরা বিভ্রান্ত হচ্ছি। আকচুয়ালি কি ঘটেছে তা আমাদ মাননীয় মুখ্যমন্ত্রী জানান। মুখ্যমন্ত্রী যদি ঐ কথা বলে থাকেন এবং অর্থমন্ত্রীর প্রতি যদি তা আস্থা না থাকে তাহলে অর্থমন্ত্রীর আর মন্ত্রী থাকা উচিত নয়। কারণ মুখ্যমন্ত্রীর আন্তাভান থাকলেই মন্ত্রীত্ব করা যায়। মখ্যমন্ত্রী যদি প্রকাশ্যে অর্থমন্ত্রীর প্রতি অনাস্থা প্রকাশ করে থাকে তাহলে অর্থমন্ত্রীর আর মন্ত্রীত্ব করার কোনও অধিকার থাকেনা। আজকে মুখ্যমন্ত্রীর পুনি বাজেট নিয়ে এখানে আলোচনা হবে। উনি তখন হাউসে উপস্থিত থাকবেন, সে সময়ে আদ ওর কাছ থেকে শুনতে চাই প্রকৃত ঘটনা কি, অর্থমন্ত্রী পদত্যাগ করছেন কিনা। আজকে এ শুধু আমাদের কাছেই নয়, রাজ্যের সাধারণ মানুষদের কাছেও পরিদ্ধার হওয়া উচিত। কর সাধারণ মানুষদের মধ্যেও বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। এই বিভ্রান্তি দূর করতে আমি মাননী মখমেন্ত্রীকে অনরোধ করছি।

শ্রী শক্তি প্রসাদ বল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয, আমি আপনার মাধ্যমে মাননী স্বাস্থামন্ত্রীর দৃষ্টি একটা শুরুতর ব্যাপারের প্রতি আকর্ষণ করতে চাই। আমার বিধানসং কেন্দ্রের মধ্যে নন্দীগ্রাম ব্লক (২) এর রেপাড়ায় তিন, চার বছর আগে একটা করা হাসপাতাল অনুমোদন পেয়েছিল। পঞ্চায়েতের মাধ্যমে প্রয়োজনীয় জমি জায়গা যোগাড় করে দেওয়া হয়েছিল, কিন্তু এখন পর্যন্ত বিশেষ কোনও কাজ ওখানে হলনা। যে বাড়ি-মর ছি তাও ভেঙে পড়ছে। আমি অবিলম্বে ওখানে স্বাস্থ্য মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি যাতে অবিল্য ওখানে কাজ শুরু হয়। তা নাহলে ঐ জমি জায়গা, যা দেওয়া হয়েছিল হাসপাতালের জ্বা সমস্ত নন্ট হয়ে যাবে। অবিলম্বে আমি ঐ হাসপাতালটির জন্য যা যা করণীয় তা করে চালু করতে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

[1-20 — 2-00 p.m.](including adjournment)

শ্রী সৃদীপ বন্দ্যোপাধ্যায় ঃ স্যার, গতকাল সৃপ্রিম কোর্টের একটা নির্দেশ হয়েছি সিনেমায় যৌনতা এবং হিংসা বন্ধের জন্য সেনসর বোর্ডকে আরও যথাযথ দায়িত্বশীল হা হবে। আমরা নিশ্চয়ই মনে করি সিনেমায় যৌনতা এবং হিংসায় উদ্বেলিত হওয়ার বর্ষে কারণ আছে। আমরা সকলেই আশা করবো, সেনসর বোর্ড যাদের হাতে নিয়দ্রণ আছে তার বেন সৃপ্রিম কোর্টের এই নির্দেশ যথাযথভাবে পালন করেন। আমরা জানি, সৃপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছেন সেটা মানা আবশ্যিক এবং বাদ্ধতামূলক। চলচিত্র প্রদর্শনের ক্ষেত্রে মানুর্জ

যে নৈতিক মানের অবক্ষয় হয় তা বন্ধ করা দরকার। আমরা জানি এটা কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীনে। কিন্তু সব ব্যাপারেই যে সমর্থনযোগ্য হতে হবে এই ভূয়ো ধারনার বশবতী হয়ে আমরা অন্ধের মতন কথা বলি না। আপনাদের শিকল দেওয়া হয়, পায়ে বেড়ি দেওয়া হয়। তাই বলছি, সুপ্রিম কোর্টের এই নির্দেশ কার্যকরী করা হোক।

শ্রী সৌগত রায় ঃ স্যার, গতকাল পূর্বভারতের সামনে কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রিজের একটা সভা ছিল। শিল্পের উপর ২টি রিপোর্ট সেখানে মুখ্যমন্ত্রীর কাছে পেশ করা হয়েছে। আই.এফ.ডির যিনি প্রধান তিনি সেখানে পশ্চিমবাংলার শিল্প পরিস্থিতি এবং শিল্পের পরিবেশ নিয়ে মুখ্যমন্ত্রীর সামনে রাজ্যসরকারের তীব্র সমালোচনা করেছেন। কিন্তু মিটিংটা যেজন্য শুরুত্বপূর্ণ সেটা হচ্ছে, মুখ্যমন্ত্রী নিজেই বলেছেন, তার অর্থমন্ত্রী ম্যাসাচুসেটস ইনস্টিটিউট যফ টেকনোলজি থেকে পড়ে থাকতে পারেন, কিন্তু শিল্প কি করে করতে হয় তা তার জানা নেই, অর্থমন্ত্রীর দপ্তরের অফিসারদেরও জানা নেই। মুখ্যমন্ত্রীর এই মন্তব্য ক্রবেছেন তখন সৃষ্টি করেছেন। তিনি প্রকাশ্যে শিল্পপতিদের সভায় যখন এই ধরনের মন্তব্য করেছেন তখন সবাই ভাবছেন, অর্থমন্ত্রীর পদে থাকা তার উচিত হবে কিনা? চারিদিকে রটে গেছে এবং কাগজও লিখেছে যে কথা আমি বললাম, অর্থমন্ত্রী এবারের বাজেটে যে কর বসিয়েছেন তার ফলে পশ্চিমবাংলার শিল্পগুলি চলে যাবে। সেইজন্য তিনি বিরক্ত।

শ্রী সাধন পাভেঃ (নট প্রেজেন্ট।)

শ্রী অজয় দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতায় বিদ্যুৎ থাকলেও গত ১ মাস ধরে নদীয়া জেলার শান্তিপুর শহরে বিদ্যুৎ একেবারে নেই, শোচনীয় অবস্থা। যেটুকু থাকছে তাও চরমভাবে লো-ভোন্টেজে ছলছে। এখন উচ্চমাধ্যমিক পরীক্ষা চলছে এবং চাযের কাজও চলছে। এরফলে বোরো চাষ মার খাচ্ছে। হাসপাতালগুলি চরম অসুবিধার মধ্যে পর্টেছে। বিদ্যুতের কর্মিরা সেইরকম অ্যাটেনশন দিছে না বার বার বলা সত্ত্বেও। সন্ধা থেকে একটানা ২।৩ ঘন্টা লোড-শেডিং চলছে। যেটুকু আসছে তাও লো-ভোন্টেজে থাকছে। এতে করে জনসাধারণের ভীষণ অসুবিধা হচ্ছে। আমি এ ব্যাপারে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় কৃষিমন্ত্রী, মাননীয় বিদ্যুৎমন্ত্রী এবং মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি। আমার এলাকা সবং-এ প্রায় ৩০ হাজার একর জমিতে বোরো ধানের চায হয়েছে, কিন্তু নিদুৎ নেই। যাও বা আসছে তাও লো-ভোন্টেজে। ফলে সেচের জল নেই। স্যালো টিউবওয়েল থেকে জল তোলা যাচ্ছে না বিদ্যুতের অভাবে। ডীপ-টিউবওয়েল বন্ধ হয়ে পড়ে আছে, ক্যানেলে জল দিছে না। মাননীয় মন্ত্রী ডাঃ ওমর আলি নিজেই অভিযোগ করেছেন বিদ্যুতের অভাবে, সেচের জলের অভাবে মেদিনীপুর জেলার বোরো চায মার খাচ্ছে। আমার সবং-এ প্রায় ৩০ হাজার একর জমিতে বোরো চাযের ধান নন্ট হয়ে গেল। আমি এ ব্যাপারে মন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপ প্রার্থনা করছি।

শ্রী ভূপেন্দ্র নাথ শেঠ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণ মন্ত্রী মহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, বহু মানুষ শক্ষন খেতে পায় না।

সরকারি সাহায্যের উপর নির্ভরশীল। সেই সমস্ত মানুষ পেনশনের জন্য দরখান্ত করেছে। মান মাত্র ১০০ টাকা। টাকা স্যাংসন্ড হয়েছে। স্যাংশন হবার পর সেই টাকা ডি.এম.এর থেকে এস.ডি.ওর কাছে গেছে ছয় মাস পূর্বে, কিন্তু এখনও মানুষণ্ডলি সেই টাকা পাননি। করেই হাজার মানুষের টাকাণ্ডলি কোথায় গেল, টাকাটা কি অন্য খাতে ডাইভার্ট করা হল, নার্কি মাইনে দিতে ব্যয় করা হল? জিজ্ঞাসা করেছিলাম, কিন্তু উত্তর দিতে পারেননি। সেজনা আপনার মাধ্যমে রিলিফ মন্ত্রীকে অনুরোধ করবো, তিনি যেন তদন্ত করে দেখেন যে, টাকাটা দিয়ে কি করা হয়েছে।

শ্রী আব্দুস সালাম মুপী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রী এবং জনস্বাস্থ্য কারিগরি ইঞ্জিনিয়ারিং দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকার যমপুকুর এবং আদমপুর নামক দৃটি গ্রামে শত শত মানুষ আজকে মৃত্যুর মঙ্গে লড়াই করছেন, কিন্তু তাদের চিকিৎসা বা বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা আজ পর্যন্ত হরান। তাই আমি বিষয়টির প্রতি মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে সেখানকার জলের আর্সেনিক সমস্যা দৃর করে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করে দিয়ে তাদের মৃত্যুর হাত থেকে রক্ষা করা হয়।

শ্রী অমলেন্দু সান্যাল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্কুলে একটি ছোট্ট ছেলের ধাধার সমাধান করতে না পেরে বিব্রত হতে হয়েছিল, সেটা এখানে রাখছি। সেটা হল -

"পঁয়য়য়্টি নিয়ে, কেউ প৾য়য়য়্টি দিলে
কত স্যার মিলে?

ছাত্র-তৈরি ধাঁধার সম্মুখে
জবাব খুঁজিয়া ফিরি, বসে নতমুখে।
পেশায় শিক্ষক নিজে, মনে মনে ভাবি
'ষাট-পাঁয়য়্টি অবসর-প্রশ্ন বিতর্কিত দাবি'
হতে পারে ধাঁধার উত্তর।
অথবা, কি, ধাঁধা এটি, সহজ অঙ্কর?
"শৃণ্য' হয়তো উত্তরটি – ভাবিতেছি মনে,
ছাত্র ততক্ষণে
আমার বুদ্ধির দৌড় বুঝে, হেঁসে বলে
'পাঁয়য়্টি টন ম্বর্ণ গেছে পশ্চিমেতে চলে।'
পাঁয়য়্টি দেওয়া বাগধারার অর্থ তো জানেন।
সোনা রং ঢেলে 'ম্বর্ণ' (পশ্চিম) পাঁয়য়্টি দিলো।"

(At this Stage the House was adjourned till 2-00 P.M.)

(After recess)

[2-00 — 2-10 p.m.]

Mr. Speaker: Dr. Zainal Abedin, what is your matter?

Dr. Zainal Abedin: I thank for the permission that was given to me for mentioning something. But I have already mentioned it.

# DISCUSSION ON VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No.21

Mr. Speaker: There are 28 cut motions to Demand No.21 of which numbers 1 to 4 and 6 are out of order. Rest of the cut motions are in order.

Smt. Sabitri Mitra: Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1.

Shri Abdul Mannan Shri Subrata Mukherjee Smt. Sabitri Mitra Shri Prabir Banerjee Shri Deba Prasad Sarkar : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100.

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্ৰী এখানে আছেন। আমরা বার বার আপনার কাছে একটা আপত্তি করে এসেছি যে আপনি এই হাউসে একটা Unconventional, illegal, inogical, irational unprecedented and never seen in the parliament, Legislatures on the commonwealth জিনিস করছেন যে মন্ত্রীরা লিখিত বিবৃতি দেবেন। আমরা আবার দাবি করছি এবং আপত্তি জানাচ্ছি যে, যেটা এখানে বলা হবেনা, পড়া হবেনা, That cannot form part of the proceedings. (ভয়েস ঃ এটা অল পার্টি ডিসিশান)... নো, নেভার। অল পার্টি মানে তোমাদের হতে পারে, আমাদের নয়। উই হ্যাভ অবজেকটেড অল অ্যালং। মাননীয় অধ্যক্ষ মহাশয়, West Bengal Legislative is isolated from the Commonwealth Parliament and Legislatare at any rate.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী পুলিশ মন্ত্রী হিসাবে যে ২১ দফা দাবির অধীনে ব্যয়-বরান্দের দাবি এখানে পেশ করেছেন ৪ শত ৪০ কোটি ১৪ লক্ষ টাকার, আমি তার বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণে যে এরা পুলিশকে যে ভাবে ব্যবহার করছে তাতে পুলিশের মাহিনা আলিমুদ্দিন স্ট্রীট থেকে দেওয়া উচিত। পুলিশ জনসাধারণের কজ করেনা। সি.পি.এমকে ক্ষমতায় রাখার জন্য পুলিশকে রাখা হয়েছে। সরকারি খরচে এরা

[7th April, 1994] পূলিশ প্রবেন, আর সেই পূলিশ সার্ভ করবে সি.পি.এমকে। এই জিনিস আমরা কর্মন সমর্থন করতে পারিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশমন্ত্রী আগে আমাদের জানাবেন 🙉 এটা হচ্ছে। কেন্দ্র যখন দাম বাড়িয়ে দেন, আপনারা বলেন অ্যাডমিনিসট্রেটিভ প্রাইস বাজি দিয়ে বাজেটের রিসোর্স বাডাচ্ছে, আর আপনার পূলিশ খাতে গেল বার ৩৭৫ কোটি টাক নিয়েছেন. আবার ৪০ কোটি সাপ্লিমেন্টারি এবং এবারে ১৯৯৪-৯৫ সালের জন্য যে বাজো উত্থাপন করেছেন তাতে দেখতে পাচ্ছি ৪৪০ কোটি টাকার। আপনাদের ফিনাস মিনিস্টির এখানে বলেছেন ৩.৩ উন্নয়নমূলক বরাদ্ধ, বর্তমান আর্থিক বছরে ৫.২৫১ কোটি টাকা থেক বৃদ্ধি পেয়ে ৫,৯৯৪ কোটি টাকাতে উন্নীত হয়েছে। আর পুলিশের ব্যয়ে আমরা যদি এট ফিগারটা ধরি, ২০ পারসেন্ট আপনারা বৃদ্ধি করেছেন। ২০ পারসেন্ট বৃদ্ধি করে ৩৭৫ জেটি টাকা থেকে বদ্ধি পেয়ে ৪৪০ কোটি টাকায় এসে পৌঁছেছে। পালটা এফিসিয়েন্সী বেডেচ পলিশের ? ক্রাইম কমেছে ? ক্রাইম এগেনেন্ট উইম্যান কমেছে ? আটসিটি এগেনেন্ট উইম্যান কমেছে? স্টুডেন্টদের এগেনেষ্টে গুলি চালানো কমেছে? আপনি সোজাসুজি বলে দিলেন ন কেন আপনি গুলি চালাবেন, গুলি চালানোর ব্যয় বরান্দের জন্য এই টাকা চেয়েছেন। অনের ঘটনা আপনি মেনশন করেছেন। ৪৯টি দফা এতো বড বাজেট বিবৃতি পুলিশ খাতে এর আগে বড একটা কেউ দেয় নি। আপনি দিয়েছেন। লিখে দিলে প্রসিডিংসে যাবে. উৎসাহিত হয়ে অনেক কথা উল্লেখ করেছেন। একটা গান আছে ''অনেক কথা যাও গো বলি কোন কথা না বলে।" আমরা তাই দেখতে পাচ্ছি। এখানে নেই, আপনি যে সমস্ত কমিশন ১৯৯২ সাল পর্যন্ত করেছেন। আপনার এখানে আরও হওয়া উচিত। আপনারা যে অপশাসন চালাচ্ছেন পলিশ যে অন্যায় করছে তাতে আরও হওয়া উচিত। কেন বৌবাজারের সাটা ডন রুফি খানের ব্যাপারে জডিশিয়াল এনকুয়ারি হবে না? আপনাদের সি.পি.এম-এর ঘনিষ্ট বলে? ২১ জলাই-এর ঘটনা নিয়ে কেন জডিশিয়াল এনকয়ারি হবে না? তারাপরের ব্যাপারে আপনি নিজে বিবতি দিয়েছেন ডাক্তার বদলি অনৈতিক ছিল, অকারণ ছিল, আননেসেসারি ছিল। সেখানে আপনারা গুলি করে মারলেন। তার জডিশিয়াল এনকুয়ারি কেন হবে নাং বারাসাত হাসপাতালে গিয়েছে মেয়েকে নিয়ে ঔষধ নিতে, গুলি করে মেরে দিলেন। তার কেন তদ্য হবে না? আমি আর বলছি না আপনারা বিজন সেততে ১৭ জন সন্মাসিকে মেরেছেন, তার তদন্ত হয়নি। আমরা দেখেছি ডকে মানুষ মেরেছেন, শান্তিপুরে ক্ষক মেরেছেন। জুডিশিয়াল এনকুয়ারি আপনারা দেন নি। পুলিশকে আপনারা যে ভাবে ব্যবহার করছেন তাতে পু<sup>লিশকে</sup> আপনারা টিগার হ্যাপি করে তলেছেন। পলিশকে আপনারা আসকারা দিয়েছেন। আপ<sup>নার</sup> আর এখানে বসে থাকার কথা নয় চিফ মিনিস্টার। বাহান্তরের দশা আপনার হয়ে গেছে। পুলিশকে দিয়ে আপনারা নির্বাচনে জিতে বার বার এখানে আসছেন আর বলবার চেট্টা করছেন জনগণ নাকি আপনাদের ভোটে জিতিয়েছে। আপনারা এখানে অনেক কথা বলেছেন কিন্তু এই কথাগুলি কেন বললেন না? মালদার গদায়েরচরে ১৩ জন মহিলা রেপ<sup>ড় হুর</sup> আজ পর্যন্ত চার্জ সিট হল না ৩ বছর হতে চললো। আপনাকে প্রশ্ন করেছিলাম ১২ <sup>জন</sup> না ১৪ জন। আপনি তাও বলতে পারেন নি। আসলে সি.পি.এম-রা অন্ধ জানে না, এ<sup>কা</sup> বেহিসাবী। কেন আপনি বলতে পারলেন না ১৩ জন মহিলার লাঞ্ছনার কথা? <sup>আজ্ঞার</sup> আপনাকে এই কথা বলতে হবে। শুধু সাধারণ মানুষ নয়, আপনাদের পাশে যারা <sup>বসে</sup> আ**ছে, আজকে সি.পি.আই-এর গীতা মুখার্জি বলছেন মেদিনীপুরে** নারীদের উপর <sup>অত্যাচার</sup>

ব্যভেছে। আমাদের পাশে বসে, আর.এস.পি-র এম.এল.এ-এর মাথা ফেটে গেছে. আসতে লাবছে না। বেঁচে আছে কিনা তাও জানি না, আপনারা মাথা ফাটিয়ে দিলেন। আমরা দেখেছি আপনাদের এম.এল.এ পুলিশ ফাঁড়িতে গিয়ে সমস্ত কিছু তছনছ করে দিল। আজকে সে মক্ত ন্য়ে ঘরে বেড়াচ্ছে, পুলিশের অপসারণ হয়ে গেল। দোষ করলেও আপনাদের কিছ হবে না আপনারা নাগালের বাইরে। আজকে এই অরাজগতা কতদিন চলবে? শুধু কি তাই, আমাদের নাসিক্রদিন খান-এর ব্যাপার নিয়ে চিঠি পাঠানো হয়েছে ও.সি-র কাছে। কোনও প্রতিকার পট নি। আব্দুল মান্নান আছে, আমরা দল নিয়ে গেছি, প্রদেশ কংগ্রেসের প্রেসিডেন্টকে নিয়ে দেচি। আজও এম.এল.এ-এর বাবা মা বাডিতে ঢকতে পারছেন না। আজকে এই অবস্থা াখানে হয়েছে। আমাদের মহিলা এম.এল.এ. আপনার কাছে নিজে আরও জানাবেন কোথাও কাথাও লাঞ্ছিত হচ্ছেন। তার কোনও প্রতিকার এখানে দেখলাম না। পাবলিকলি অপুমান ক্রাব বে-আইনী করে প্রাইভেটলি অফিসার পাঠিয়ে দিচ্ছেন ক্ষমা চাইতে। কেন লাঞ্জিত হল, চিউমিলিয়েটেড হল ? এর প্রতিকার হবে না ? সিপিএম এর রাজত্বে কি অল এমপ্লয়িজ আর ইমিউভং আজকে এই কথাগুলোর জবাব দিন। 'মদন মোহন' এর জন্য আমরা ইন্নিত দিয়েছি এর আগে। এটা একটা কমিউন্যাল রায়টে রূপ নিতে পারে। আমাদের সদসারা পদ্যাত্রা করেছেন, সেখানে তারা এটা দেখেছেন। আজকে এই জিনিস কেন হচ্ছে? সর্বত্র অরাজকতা, অথচ আপনি পুলিশের সুখ্যাতি করছেন। তার জবাব আমি দেব। পুলিশকে পরীক্ষা নকল বন্ধের দায়িত্ব দিলেন। সবাই উঠে গেল। কেন লোক দেখানো এগুলো করেন? এই জিনিসণ্ডলো আমরা দেখতে পাচ্ছি। আজকে পুলিশের দায়িত্ব পালনের ক্ষেত্রে পুলিশ কমিশনের রিপোর্টে কি বলেছে? আপনাদের পরিষ্কার বলে দিয়েছে কি কি রেসপনসিবিলিটি It shall be duty of every police officer to promote and preserve public order — but here it appears disorder and chaos. Next to investigate crimes, and where appropriate, to apprehend the offenders and participale in subsequent legal proceedings etc. এখানে ১৩ জন যখন লাশ পড়ে <sup>গেল, তখন</sup> পুলিশ নৃত্য করতে লাগল। ওয়েল ডান মাই চাইল্ড, আপুনি বোধহুর পীঠ গপড়ে দিয়েছেন। স্যার, এগুলো ধরে নেবেন, এই বক্তব্যে যা লেখা আছে। আমি চাইছি, মাপনি এটা বলে দেবেন। পুলিশ কমিশনের রিপোর্টে বলা আছে Again it shall be the duty, of every police officer to register all cognizable offences brought to his notice by a complainant in person etc - but here it appears that even 50% of the complaints are not recorded সি.পি.এম.'এর লোক ধরা <sup>পড়লে</sup> আপনার মন্ত্রী থানায় গিয়ে বলবে ছেড়ে দিন। থানায় সিপিএম'এর ছেলেদের ধরে <sup>নিয়ে</sup> গে**লে কেস রেকর্ড করা হচ্ছে না। মন্ত্রী আজকে থানা**য় বসে ছকুম করছে। আবার বলা <sup>ইচ্ছে</sup> যে, আমরা নাকি থানা দখল করতে যাচ্ছি? সিপিএম'এর লোকেদের বিচার হয়না। <sup>তারা</sup> বিচারের উর্দ্ধে নাকি? তারা কি **আইনে**র উর্দ্ধে? এই পাওয়ার আপনাকে কে দিয়েছে? <sup>দিল্লিতে</sup> আপনারা পার্লামেন্ট দখল করতে গিয়েছিলেন। আর এখানে আমরা ডেমোনেস্ট্রেশন <sup>করতে</sup> গেলে তার **উপরে গুলি চলে। কতবার গুলি চলেছে** তার হিসাব আমাদের কাছে <sup>থাছে</sup>। আমি চাইছি এই পাতাতে, প্যারা ৪৩তে পুলিশের রেসপনসিবিলিটির কথা বলা <sup>থাছে</sup>, আমি এটাকে রেড ধরে নিচ্ছি। এটা যেন প্রসিডিংসে যায়। কেননা, আমার সময় কম,

সেজন্য পড়ছি না। পুলিশের কাছে এই যে অপরাধ বৃদ্ধি হচ্ছে তার কোনও রেকর্ড দৌ

[2-10 — 2-20 p.m.]

Mr. Speaker: Where from you are quoting?

**Dr. Zainal Abedin :** Sir, I am quoting from the Eighth and conclud. ing report of the National Police Commission, May 1981-I would like to quote para 43, 44, 45 and 46 - all these paras should form part of the proceedings.

## DUTIES POWERS AND RESPONSIBILITIES OF THE POLLICE

- 43. It shall be the duty of every police officer to -
- (1) promote and preserve public order;
- (2) investigate crimes, and where appropriate, to apprehend the offenders and participate in subsequent legal proceedings connected therewith;
- (3) identify problems and situations that are likely to result in commission of crimes;
- (4) reduce the opportunities for commission of crimes through preventive patrol and other prescribed police measures;
- (5) aid and co-operate with other relevant agencies in implementing the prescrib measures for prevention of crimes;
  - (6) aid individuals who are in danger of physical harm;
  - (7) create and maintain a feeling of security in the community;
  - (8) facilitate orderly movement of people and vehicles;
  - (9) counsel and resolve conflicts and promote amity;
- (10) provide necessary services and afford relief to people in distress situations;
- (11) collect intelligence relating to matters affecting public peace and crimes in general including social and economic offences, national integrity and security; and
- (12) perform such other duties as may be enjoined on them by law for the time being in force.
  - 44. It shall be the duty of every police officer to -
- (1) register all cognizable offences brought to his notice by a complainant in person or by post or from his knowledge and take prompt steps to acknowledge registration of such offences where necessary and proceed with such investigation as is prescribed by law:

- (2) aid and cooperate with other agencies for the prevention of all offences and all wanton destruction of public property by violence, fire and accidents;
- (3) prevent such conduct in public places as would prove to be dangerous for the persons indulging in such acts like overloading of boats during rivercrossing or spirited youngsters driving dangerously and racklessly;
- (4) guide and assist members of the public particularly the poor and indigent disabled or physically weak and children who are either lost or find themselves helpless on the streets or other public places:
- (5) take charge of intoxicated persons and lunatics at large who in their ignorance may cause harm to themselves or other members of the public and their property;
- (6) assist in preventing the poor and indigent persons from exploitation by any organised group;
  - (7) prevent harassment of women and children in public places;
- (8) behave with all members of the public with due\_decorum and courtesy particularly so in dealing with women and children where strict regard should be paid to decency and reasonable gentleness;
- (9) refrain from needless inconvenience to the members of the public in the discharge of his duties;
- (10) while taking a person in to custody to ensure that he is not denied his rights and privileges and in particular ensuring that an arrested person in custody is able to inform a person of his choice the fact of his detention:
- (11) arrange for legally permissible sustenance and shelter to every person in custody and making known to poor persons in culsody provisions of legal aid schemes being enforced in the State and also inform the authority concerned to provide such aid.
- (12) provide every kind of assistance to victims of road accidents and in particular ensuring that they are given prompt medical aid without waiting for formalities;
- (13) assist accident victims or their heirs or their dependents where applicable with such information and documents as would facilitate their compensation claims and making the victims of road accidents aware of their rights and privileges; and
  - (14) show by personal conduct that it is in the general interest of

[7th April, 1994

the society to abide by the law in operation.

- 45. It shall be duty of every police officer -
- (1) to regulate and control the traffic in the streets, to preven obstructions therein and to the best of his ability, to prevent the contravention of any rule, regulation or order made under this Act or  $a_{n_j}$  other law in force for observance by the public in or near the streets
- (2) to keep order in the streets and it and within public bathing and washing places, fairs, temples and all other places of public rescr and in the neighbourhood of places of public worship;
- (3) to regulate resort to public bathing and washing places and all other places of public resort, to prevent overcrowding in such places and to the best of his ability to prevent the contravention of any regulation or order lawfully made for observance by the public at such place; and
- (4) to prevent to the best of his ability the commission of public nuisances.
- 46. (1) It shall be the duty of every police officer to ensure compliance with the provisions of this Act or any rule, regulation or order made thereunder and for that purpose such police officer may
- (a) warn persons who from ignorance fail to comply with any provision of this Act or any rule, regulation or order made thereunder.
- (b) require any person acting or about to act contrary to any provision to this Act or rule, regulation or order made thereunder, to desist from so doing;
- (c) subject to the provisions of sub-section (2) and (3) arrest any person contravening any provision of this Act or any rule, regulation or order made thereunder, where such contravention is an offence punishable under this Act; and
- (d) seize any object used, or about to be used, in contravening. or in contravention of the provisions of this Act, or any rule, regulation or order made thereunder, where such contravention is an offence punishable under this act.
- (2) A police officer shall not arrest any perosn under Clause (c) of sub-section (1), without a warrant issued by Magistrate, unless such person-
- (a) has contravened any regulation made for regulating traffic and for preservation of order in public places under section 61 of this Act.

## [2-20 — 2-30 p.m.]

- (b) has contravened any order or notification made under section 62 or under section 63, section 65 or section 79;
- (c) commits in the presence of such police officer offences punishable under section 107, sub-section (1) of section 118, Clause (a) (b) and (c) of section 119, or sub-section (2) of section 122, in respect of contravention of any order made under sections 66 and 67;
- (d) commits in his presence in any street or public place any non-cognizable offence punishable under this Act or any rule or regulation made thereunder if such person -
- (i) after being warned by the police officer persist in committing such offence; or
- (ii) refuses to accompanying the police officer to a police station on being required so to do.
- (3) The Commissioner or Superintendent of Police or any other police officer specially empowered in this behalf by the Director General/Inspector General of Police may arrest without warrant by a magistrate any person who has committed an offence under section 100. আমি এখানে যেটা বলতে চাই, পুলিশের যে দায়িত্ব তা সিপিএম'কে তোয়াজ করা নয়। পার্টি অফিস পাহারা দেওয়া দায়িত্ব নয়। মন্ত্রীর থানায় গিয়ে ছকুম করা নয়। ওদের দলের লোককে ছড়ে দেওয়ার ফলে কি হচ্ছে দেখুন। রায়গঞ্জে রোজ একটা করে খুন হচ্ছে। এটা কোথাও যাছে? এটা স্যার, একটা দেখছি রায়গঞ্জ পি.এস.-এর অধীনে বরেন বৈশ্য. সাতটি কেসের আসামি, যার বিরুদ্ধে চার্জশিট আছে, সে দরখান্ত করেছে। বরেন বৈশ্য প্রেড ফর দি উইথড্রয়াল অফ হিস কেস। আপনার অফিসার রিপোর্ট দিয়েছে একে উইথডু করা যাবে না। এটা পলিটিক্যাল পার্টির শেল্টার আছে। সঙ্গে সঙ্গে অফিসারের বদলি হল। হাইকোর্টে গিয়ে অফিসার স্টে অর্ডার নিয়ে এল, এতে আপনাদের সি.পি.এম.এর পারপাস সার্ভ না করলেও পুলিশ কোড অনুযায়ী ব্যবস্থা করবেন। বরেণ বৈশ্য এতগুলি মার্ডার করেছে, এটাও আপনাদের রেকর্ডেড ধরে নিচ্ছি। আপনি যেটা বিবৃতি দিয়েছেন সেটা যদি পার্ট অফ দি প্রসিডিংস হয়, এই বরেণ বৈশ্য যাকে নিয়ে পূলিশ অফিসার বলেছিল কেস উইথড্র করা যাবে না, যেহেতু মি.পি.এম.এর লোক, সেইজন্য পুলিশ অফিসার বদলি, পুলিশ অফিসারের বিরুদ্ধে পিউনিটিভ মজার্স এসেছে, তাকে হাইকোর্টে যেতে হল। আজকে কি অবস্থা হচ্ছে আপনাদের আমলে, সি.পি.এম. কোনও অপরাধ করলে শাস্তি হবেনা, দোষ হবে না, ধরা হলে বিচারের জন্য এদেরকে সাব্যস্ত করা যাবে না। বিচার হলেও শান্তি হবে না। আর শান্তি হলেও মুখ্যমন্ত্রী তো দেখিয়েই দিয়েছেন জেলের দরজা খুলে দিয়ে শহীদ মিনারের তলায় তাকে নিয়ে গিয়ে নাটক করেছেন, মালা পরিয়েছেন। খুনের আসামি, রেপের আসামিকে ছেড়ে দিয়েছেন। সেইজন্যই যাজকে এই পুলিশ বাজেটের বিরোধিতা করছি। আজকে কোথায় বলেছেন আপনি কমিশন করেছেন? কমিশনের রিপোর্ট আসেনা। এটা একটা লং রোপ। জাস্টিস ডিলেইড ইজ জাস্টিস িনাইড। আমরা একটা ক্ষেত্রে কি দেখলাম বানতলা আসামির প্রসিকিউশন হল, কনভিকশন

হল, এটাকে আপনি টোকেন হিসাবে দেখিয়ে দিয়েছেন। আমি রেকর্ড থেকে বলছি হাজারটি কেসের কথা বলতে পারি. তারমধ্যে ৩১ জনের কনভিকশান হয়েছে, আপনি সেদ্দি যোটা উত্তর দিয়েছিলেন ১৪৪০টি ডাউরি ডেথ হয়েছে, তার মধ্যে চার্জশিট হয়েছে ১৭ জনের আর কনভিকশান নীল। এই লোকগুলি সি.পি.এম.এর খাতায় নাম লিখিয়েছে পুলিশের কাজ হচ্ছে টু সেভ দি লাইফ অ্যান্ড প্রপার্টি অ্যান্ড ডিগনিটি। আজকে সেই ওরাই ওদের দায়িত থেকে সরে গিয়েছে। ওদেরকে সি.পি.এম.এর পদলেহন করতে হবে, আর কিছু করতে হবে না। আপনি পলিশ কমিশনের কথা বলেছেন, মাইনরিটি কমিশনের কথাও আপনি বলেন কিন্তু আপনার কাছে আমি চিঠি লিখেছিলাম আফটার রায়ট ইন মেটিয়াক্রজ বেহালা থানায় মসলিমকে ধরে এনে অত্যাচার করা হয়েছে, আপনি তার কোনও উত্তর দেননি, সেই রেকর্ড আমি জেরক্স করে আপনার কাছে পাঠিয়েছিলাম, কিন্তু আপনি তার উত্তর দেননি। আজকে আমরা এ.পি.ভি.আর.-এ কি দেখতে পাচ্ছি, সেটার রিপোর্টে দেখছি ইট ইজ এ লং হিন্নি. কোনও বিচার হচ্ছে না এখন। আমরা দেখতে প্রাচ্ছি পুলিশ আাকিউসড ইন কমিউনাল বায়াস। আমি দেখেছি ১৩ বছরের এক বালক সেচের কাজ করছিল তার পা ভেঙে দেওয়া হয়েছে, ফরোয়ার্ড ব্রকের আই ওয়েস্ট দেয়ার, পা ভেঙে পড়ে আছে তার বিচার হয়নি। মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছিলাম, পেপার কাটিংও দিয়েছিলাম, কিন্তু তার কোনও বিচার হয়নি। দিস ইজ দি ফর্ম, পার্ট অফ দি প্রসিডিংস। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন ভিজিলেদ কমিশন নিয়ে, ১৫টি কেসের কথা বলেছেন, ১৫ লক্ষ কেস হলেও কিছু হবে না। ফিনাস কমিশনের কাছে কি চেয়েছিলেন, কম বেশি ৫০ হাজার কনস্টেবলস আছে, ৭৭৯ জন এস.আই. আছে ইন্সপেক্টার রেঞ্জের অনেকে আছেন, তাছাডা আই.জি., ডি.আই.জি. আছে. আপনারা তো পুলিশকে সম্ভুষ্ট করার জন্য অনেক কিছু করেছেন।

এতগুলি করেছেন আপনি কিন্তু তার ফল কি হয়েছে? আপনি নিজেও বলেছেন তে এখানে ক্যালকাটা পুলিশ এবং বেঙ্গল পুলিশ মিলিয়ে ৩০ হাজার প্লাস ৭০ হাজার, নানে এক লক্ষ পুলিশ আছে। এই যদি পুলিশ থাকে এবং আপনি বলেছেন এখানে ৭২ হাজার ও ৬৯ হাজার কেস হয়েছে এবং এটা নাকি বেটার। এরজন্য নৃত্য কেন করলেন না? এটা বেটার হল? অর্ধেক কেসও তো রেকর্ড হয়না। যেটা রেকডেড হয়েছে তাতে পুলিশ প্রতি একটা অফেসও হয়না, তদন্ত তো দূরের কথা। কনভিকসান নিল। এক হাজার কেসে আমরা দেখছি ৩১ টাতে কনভিকশান হয় যা রিপোর্ট এ পর্যন্ত পেয়েছি। Sir, the police must stop communal riots. This should from part of procedings. I apeal to you, Sir. একথা বলা দরকার। এখানে আরও বলা দরকার যে ক্রাইম অ্যান্ড পানিশমেন্ট—

মিঃ ম্পিকার । আপনি সমস্ত কাগজপত্র ফাইল করে জমা দেবেন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার, আপনার চরণে সব জমা দেব, আপনি উদ্বিগ্ন হবেন না।

Mr. Speaker: Dr. Abdin it will be taken as read.

ডাঃ জয়নাল আবেদিন : Yes. I mean this should be taken as read.

kunday Times of India, April 3, 1994. এতো আপনারা উৎসাহিত হবেন না আপনাদের লজ্জা কম Supreme Court কি বলেছে? আপনারা কি জানেন না। Allahabad Court বলেছে। "The Police is an organised gang of cirminals আর Suneme Court কি বলেছে? The Supreme Court's remark that "the only misfortune of the citizens of this country is that they have to live under police protection' must be taken seriously. It should be read in the context of some of the court's recent observations against the police. What makes these observation all the more significant is that the Chief lustice, who is known for his sagacity and wisdom, has made some of them; as also the fact that they have been largely endorsed by a host of judges and some eminent former chief justices. The court has often contended that it cannot just stand by while the police continues in its errant ways. It has, after all, to discharge its primary responsibility that of protecting the citizen's rights. In a recent case, the Supreme Court directed the police to produce a kidnapped girl without delay or face its wrath. The court seems to be under the impression that all that is required to make the police force more effective is to put pressure on it, in the form of threats of arrest, suspension, dismissal, or humilation by way of summoning senior officies to court and giving them a dressing-down." Sir, this is a big article. This should be taken as read.

## (গোলমাল)

্রাম মুখামন্ত্রীকে বলতে চাই, আপনার ম্যাজিস্ট্রেটকে হাইকোর্ট জেল দিয়েছিল। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটর পরে কি হয়েছে জানিনা। এখানে খবরে দেখতে পাচ্ছি যে কোর্ট ও.সি.কে সামন করছে বিকল্প of defiance of the law. কোর্টকে মানছে না পুলিশ।

মিঃ ম্পিকার ঃ ডাঃ আবেদিন, এটা তো হোম (পারে)-এ বলা উচিত ছিল এই ডিস্ট্রিক্ট মাজিফ্রেটের ব্যাপারটা।

## [2-30 — 2-40 p.m.]

ডাঃ জয়নাল আ্বেদিন ঃ আপনি স্যার, সেই সময় থাকতেই দিলেন না। আপনি এমন কলিং দিলেন যে আমাদের বেরিয়ে যেতে হল। স্যার, আপনার সঙ্গে বুদ্ধিতে তো আমরা পাববো না। আপনি মুখ্যমন্ত্রীকে প্রোটেকসান দেবেনই, তাই এই দশা। যাইহোক, আজকে কৈছি, হাইকোট থেকে পুলিশের উপর স্ট্রিকচার, ম্যাজিস্ট্রেট কোট থেকে পুলিশের উপর স্থিকচার। Have you taken any cognizance? How many officers have been strictured? আজকে তারা স্ট্রিকচার দিচ্ছে কিন্তু কিছুই হচ্ছে না কারণ এরা আপনাদের পোষ্যপুত্র, এরা আপনাদের ছায়াতলে রয়েছে। যেহেতু নির্বাচনের সময় সাহায্য করে আপনাদের তাই পুলিশের সাতখুন মাফ। এই হাউসের এক সদস্যর ব্যাপারে পুলিশকে শ্রি ফোন করেছে, সে নিজে ফোন করেছে কিন্তু পুলিশের মবিলিটি নেই। পুলিশ যখন বিয়েছে তখন আসামি ভেগে গিয়েছে। আজকে এখানে কি অবস্থা হচ্ছেং মুখ্যমন্ত্রী, আপনার

[7th April, 1994

ডি.জি. রিটায়ার করেছে তারপর বি.জে.পি.তে যোগ দিয়েছে। আপনার এনটায়ার অ্যাডমিনিক্ট্রেক্ট্রপলিটিসাইজ হয়ে গিয়েছে। এনটায়ার অ্যাডমিনিস্ট্রেক্ট্রেক্টরেছে। আর আপনাদের 'বি' টিম, বি.জে.পি. তাদের সঙ্গে আপনাদের একটা প্রেম, ভালবাদ রয়েছে। আপনার ডি.জি. সে বি.জে.পি. হয়ে গেল আর দেখছি বি.জে.পি. যখন ডাঙ্কেল নিয়ে নৃত্য করছে তখন পাশাপাশি আপনারাও তাদের সঙ্গে নৃত্য করছেন। আজকে আপনাদের কোনও ইস্যু নেই। কংগ্রেসের দেশ গড়ার ইস্যু আছে কিন্তু আপনাদের কোনও ইস্যু নেই তাই চারিদিকে অন্ধকার দেখছেন, ডাঙ্কেল নিয়ে পদযাত্রা করছেন। এবং ডাঙ্কেল নিয়ে বি.জে.পি. নিরাজ্য করছে, পাশাপাশি আপনারা নৈরাজ্য করছেন, আপনাদের আজকে কোনও ইস্যু নেই কংগ্রেসের ইস্যু আছে দেশ গড়ার জন্য। আপনাদের কাছে কোনও ইস্যু নেই, তাই ডাঙ্কেল নিয়ে পদ যাত্রা করছেন এবং দিল্লিতে গিয়ে পার্লামেন্ট দখল করবেন, সেখানে এমন অবহার সৃষ্টি করেছিলেন যাতে দিল্লি পুলিশকে জল কামান চালাতে হয়েছে, তাতে আপনাদের আপরি।

## (গোলমাল)

কংগ্রেসের খুন হওয়ার কথা হয়েছে। একজন কিশোর তাকে বাডি থেকে বার করে এনে ফা করা হয়েছে, মা কাকৃতি মিনতি করছে, এরা সব পঞ্চায়েত সদস্য এবং সি.পি.এম এব লোক. একটা কেও ধরা হল না। বাড়ি থেকে মা গেছে আমার কাছে, আমি তার কান্না সহ করতে পারিনি। মুখ্যমন্ত্রী বলেছিলেন ১২শো ৫৪ বার গুলি চালানো হয়েছে, কোথায় কোথায় চালিয়েছেন আজকে এটা জানতে চাই, বামফ্রন্টের আমলে পুলিশ কোথায় কবে গুলি চালিয়েছে সেটা জানাবেন, মরিচঝাঁপি থেকে শুরু করেছেন আপনারা। আজকে এখানেই নয় কচবিয়ে থেকে আরম্ভ করে সর্বত্র পূলিশ অত্যাচার করেছে। পূলিশ কবার কোথায় গুলি চালিয়েছে জানতে চাই। আজকে জানতে চাই আনন্দ বাজার পত্রিকা অফিসে হামলা চালানো হয়েছিল। ডেমক্রাটিক কান্ট্রিতে প্রেসের একটা বড় ভূমিকা থাকে, কিন্তু আপনারা দমদমে নিরপরাং সাংবাদিকদের ঘরের মধ্যে তালা দিয়ে আটকে রাখলেন। তারপর ২১শে জলাই শুধ যুব करधिमिएनत थून कतलान ठाँरे नग्न, माश्वािमकरानत धालारे मिरा घरत भरत ताथलान। व्यार्टिस्न ১৯ অবদি কন্সটিটিউশন সাংবাদিকদের যে সাক্ষরিধানিক অধিকার দেওয়া রয়েছে, জ্যোতি বার্ আমলে সাংবাদিকদের সেই সাংবিধানিক অবিশ্রি থাকবে না, তাদের গরু ছাগলের মত তাল দিয়ে বন্ধ করে রাখবেন? আমরা বার বার দেখেছি আপনারা এই জিনিস করেছেন। আপনি একটা কথা বলেছেন, এখানে অনুপ্রবেশের কিছু ঘটনা আছে। এখানে ইয়ং ফ্রেন্ড মা<sup>ন্</sup> মুখার্জি একটা বই লিখেছেন, আমাকে একটা বই দিয়েছেন, বইটা একটু পড়ে দেখবেন। আপনারা এখানে সাম্প্রদায়িকতার কথা বলেন, কিন্তু আপনারা নিজেরা সাম্প্রদায়িক দলকে প্রশ্রয় দেবেন, আপনারা প্রশ্রয় দিয়েছেন। কংগ্রেসকে হটাবার জন্য, অ্যান্টি কংগ্রেসিজম <sup>করার</sup> জন্য আপনারা বি.জে.পি.'র সঙ্গে গাঁঠছড়া বেঁধেছেন। আপনারা কংগ্রেসকে ১১ মাসের জন সরিয়েছিলেন, তারপর আপনারা ভেঙে গেছেন, স্টেবল গভর্নমেন্ট আপনারা করতে পার্বেন নি, আপনাদের বন্ধু সরকারের আমলে কোনও ইকনমিক রিফর্ম হয়নি। আজকে এই জিনিস দেখতে পাচ্ছি আপনি পঞ্চায়েত নির্বাচনের কথা বললেন। আমি চিঠি দিয়েছি, ওখানে নমিনে<sup>শন</sup> দিতে দিচ্ছে না আপনাদের এস.ডি.পি.ও. অফিসার বাধা দিচ্ছে সি.পি.এম. এর ক্যাডার <sup>বলে।</sup> কংগ্রেসিদের নমিনেশন দিতে দিচ্ছে না। আপনারা ডেমক্রাসির গর্ব করেন। কিন্তু আপ<sup>নার</sup>

্রাজরা পুলিশ এবং সমাজ বিরোধিদের সঙ্গে আঁতাত করে ভোট করছেন। আমরা নমিনেশন মত পারলাম না। যারা দিলো তারা বাঁচতে পারলো না, মৃত্যু বরণ করলো। জাতীয় ন্ত্রেসের লোক মারা গেল। আপনারা পঞ্চায়েত নির্বাচনের পর ৬ হাজার বাডি ধ্বংস রুরছেন, ৬০ হাজার মানুষকে এলাকা থেকে তাড়িয়েছেন। যারা জিতেছিলেন তারা মৃত্যু বরণ চরলেন। ৬০ জন মরেছেন। স্যার, আপনাকে আমি দু'চারটে কথা বলতে চাই — আমি ্যাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাইছি, আপনার ফিনান্স মিনিস্টার আছেন, না তাকে আপনি ্রবধাস্ত করেছেন? আপনি যে মন্তব্য করেছেন তা আপনি এখনো প্রত্যাহার করেন নি। যদি ্যা করে থাকেন তাহলে কি আমরা ধরে নেব যে আপনাদের লজ্জা নেই, আপনার ফিনান্স ্লিনিস্টারের লঙ্জা নেই। আপনার ঐ কথার পরেও মান সন্ত্রম-বোধ থাকলে ঐ ভদ্রলোকের ্রার মিনিস্টার থাকা উচিত নয়। কারণ ইট ইজ নট কনট্রাডিকটেড। অবশ্য আমি বিশ্বাস ক্রিনা আপনার স্নেহধন্য ফিনান্স মিনিস্টারকে আপনি অতখানি কানমোলা দেবেন। আপনি যদি তা করে থাকেন তাহলে আপনাকে আমি কনগ্রাচ্যুলেট করছি। এই ভদ্রলোক ৮ বছরে পশ্চিমবাংলাকে ১৮ বছর পিছিয়ে দিয়েছেন একটা রং ইকনমিক পলিসি নিয়ে। ভারতবর্ষ যুখন ল্যান্ডেড থু আউট দি ওয়ার্ল্ড ফর ইটস ইকনমিক প্রোগ্রেস, তখন উনি পশ্চিমবাংলার অর্থনীতিকে ভেঙেচুরে নম্ট করে দিচ্ছেন। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি আনঅথোরাইজড গানস-এর কথা বলেছেন — জি.এন.এল.এফ.-এর সঙ্গে যখন সিপিএম-এর পার্টি টু পার্টি লড়াই চলছিল তখন আপনার ক্যাডারস আর ইকুাইপড উইথ সোফিসটিকেটেড আর্মস, সে আর্মস ওলো কেন রিকভার হবেনা? কেন সিপিএম-দের বাড়ি সার্চ হবে নাং আমরা দেখছি সিপিএম-এর লোকেরা সোফিসটিকেটেড আর্মস নিয়ে কংগ্রেসিদের বাড়িতে হামলা করছে। সেগুলো কেন উদ্ধার করা হবেনা? যদি কোনও কংগ্রেসির কাছে কোনও বে-আইনী অস্ত্র থাকে নিশ্চয়ই তা আপনি উদ্ধার করবেন, উই হ্যাভ নো অবজেকশন। আপনি ফিনান্স কমিশনের নেমোরেন্ডামে একটা কথা বলেছেন —শিলিগুড়িতে একটা ইন্ডিপেনডেন্ট ফরেনসিক লেবোরেটারি হবে। কারণ খুব পেসার। আপনারা নর্থ বেঙ্গলের কোনও ডেভেলপমেন্টই করছেন না। হাইকোর্টের বেঞ্চ কোথায় হবে, সে সিদ্ধান্তও এখন পর্যন্ত নিতে পারলেন না। যাইহোক ঐ লবোরেটরির কথা আপনার বাজেট ভাষণের মধ্যে দেখছি না। আজকেই আমাদের পার্টির ছেলেরা এসে বলল বেহালা থেকে ৭০টা ভিসেরার বোতল পুলিশ হেফাজতে চলে গেল. অর্থাৎ ৭০টা সাক্ষী চলে গেল। টেলিগ্রাফে দেখছি ব্রিকফিল্ড ওনার্সদের ব্যাপারটা। এই সমস্ত জিনিস দেখার পরেও বলতে হবে পুলিশ ঠিক কাজ করছে। আজকে হাওড়া ডিষ্ট্রিক্ট কংগ্রেস প্রেসিডেন্ট এবং এম.এল.এ. অম্বিকা ব্যানার্জি এখানে কেঁদুয়ার কথা উল্লেখ করেছেন। আপনাদের লোকেরা কংগ্রেসকে হাত চিহ্নে ভোট দেওয়ার জন্য হাত কেটে নিয়েছে, খুন করেছে, তিন বছর হতে চললো আসামিদের বিরুদ্ধে চার্জ-সীট পর্যন্ত দেওয়া হয়নি। এরপর নাকি তিন বছর হয়ে গেলে আর মামলা করা যাবেনা—আপনি বড় ব্যারিষ্টার, আপনি আইন জানেন তাই আপনি তিন বছর পার করে দিতে চাইছেন। আপনি বড় ব্যারিস্টার, কিন্তু ব্রিফলেস অলদো, তথাপি আপনি আসামিদের খালাস করে দিতে চাইছেন। নাইনথ ফিনান্স কমিশনের <sup>কাছে</sup> আপনি বলেছেন যে, আপনারা পুলিশের সুযোগ সুবিধা বাড়াতে চান। ফিনান্স কমিশন আপনাকে বলেছে, প্রতিটি পুলিশ কর্মির জন্য বাড়ি দেবেন We do not oppose to it. কিন্তু পুলিশদের জন্য বাড়ি হচ্ছে না কেন? কোথায় বাঁধা সেটা জানাবেন। মর্ডানাইজেশনের

[2-40 — 2-50 p.m.]

জন্য কিছ ইকাইপমেন্ট আপনি চেয়েছেন। সি.পি.টি. E.P.S., S.I., B.Y.E. এবং আমিপ্লিফারার, টেলিপ্রিন্টার এইসব আপনি চেয়েছেন। এখানে আন-ইন্টারাপ্টেড পাওয়ার সাপ্তট এখানে পাওয়ারের পজিশন ভাল। Why not police will be incorporated আপ্রচি ওয়ার্ক-কালচার পশ্চিমবঙ্গ থেকে তুলে দিয়েছেন। পুলিশ ফোর্স এর থেকে বাইরে <sub>নয়।</sub> আমরা দেখলাম, আপনারা এতদিন ধরে মিটিং-এ বলেছেন, ওয়ার্ক-কালচার না হলে চলাছ না। We are 25 years back within the rest of India. আজকে মহারাষ্ট্রে প্রাচ আপনাদের জানা দরকার, ৪ হাজার ৪০০ কোটি টাকা। আর আপনাদের ১২৪০ কোট টাকার প্ল্যান, তাও পরণ করতে পারছেন না এবং করা সম্ভব নয়। কারণ আপনার। নিজেদের পার্টি আগে টানবেন, না দেশের উন্নতি করবেন? এর সঙ্গে বলা দরকার, পলিশের সঙ্গে জডিসিয়াল ব্যবস্থা-হোয়েদার ক্রিমিনাল justices are linked up কোর্টে যে মামলা-মোকর্দমা জমেছে, ইনফ্রাষ্ট্রাকচার আন্ত সিসটেম যদি অগমেন্ট না করেন তাহলে ক্রিমিনাল কেসের তো ট্রায়াল হবে না, আপনার পুলিশ তো চার্জনিট দেবে না। কিন্তু যারা কোটে কেস করতে যাবে তারা তো বিচার পাচ্ছে না। দটোর লিম্ক-আপ আছে। ক্রিমিনাল সিসটেম র্যাদ রিনোভেট না করেন তাহলে তো কিছু হবে না। তারপর কোর্টের এমনই অভাব, ফিনাগ কমিশন যে টাকা দিয়েছে কোর্টের জন্য, তা আপনারা খেয়ে ফেলেছেন, অন্য খাতে ডাইভার্ট করেছেন। আপনারা বলেছেন ফিনান্স কমিশনে মেমোরাভাম ছিল। এই টাকার সমস্টটা আপন্তা ব্যবহার করতে পারেননি। আমি ধরে নিচ্ছি যে ফিনান্স কমিশনের কাছে আপনারা মেনোরাভাম দিয়েছেন, ১৯৯৫ ট ২০০০ সাল পর্যন্ত ৩১ হাজার ৪৫৮ কোটি টাকা। আপনাদের ডেফিসিট হবে। আজকে আপনার অর্থমন্ত্রী কারিগুরি দেখায়, এখানে জিরো ডেফিসিট বাজেট প্লেস করেন, ২ কোটি টাকার বাজেট, ৫ কোটি টাকার বাজেট, প্রত্যেক বছর ডেফিসিট। ফিন্স কমিশনের কাছে মেমোরাভাম দেওয়াটা যদি ধরে নিই যেটা দেও সেটা গভর্নমেন্ট অফ ইভিয়া দেবে এবং সে দিতে বাধা। কিন্তু আপনাদের আয়-বায়ের কোনও মাত্রা নেই। লপ-সাইডেড ব্যয় হচ্ছে। তথু এদের আনুগত্যের জন্য ডেভেলপুমেন্ট ব্যয় হচ্ছে না। যে টাকাটা বাই করছেন তাও ঠিকমত ব্যয় করছেন না। ফলে সমাজের মান্য নিরাপ্তা বোধ করছে না। এখানেই আমি আপত্তি জানাচ্ছি। নেকস্ট যেটা জানতে চেয়েছিলাম সেটা হচ্ছে, ট্রাগফার অ্যান্ড পোস্টিং-এর ব্যাপারটা কি? রিক্রটমেন্টের ব্যাপারটা কি? এটা আপনি জানাবেন, What is the policy for promotion of the officers, কনস্টেবল থেকে হেড-কনস্টেবল, এ.এস.আই থেকে এস.আই. সি.আই. আপনাদের পলিসি কি? এখানে নকল করতে গিয়ে ধরা পড়লো। কিন্তু তারপর কি এটা থেকে যাবেং এফিসিয়েলি কেন মর্যাদা পাবে নাং অনেষ্টি কেন মর্যাদা পাবে না? নাকি অনেষ্টি রায়গঞ্জের সি.আইয়ের মতন? যেহেতু সে সি.পি.এমের কেস উইথড্র করতে নিষেধ করেছে সেহেতু তার চাকরি চলে যাবে? সুভ ইট হ্যাপেন হেয়ার? আজকে সেই কথাটা আপনি এখানে জানিয়ে দেবেন-হোয়াট ইজ <sup>হওর</sup> পলিসি? আমি জানতে চাইছি, বালুরঘাটে একটা জায়গায় কুমারগঞ্জের কথা এখানে আপনর উল্লেখ করেছেন সেখানে একইদিনে এস.পি., ডি.এমকে বদলি করে দিলেন কেন? সি.পি.এনের কি মনপুত হল নাং আমি দেখলাম, ১ বছরে বালুরঘাটে ৩ বার এস.পি. বদল হল। <sup>খ্রি</sup> টাইমস। বললো, স্যার, আমাকে নিয়ে এসেছিল ইলেকশন করার জনা। ইলেকশনে আমি

দ্রাপ,এমকে জিতিয়ে দিয়েছি। ব্যাস, হয়ে গেছে। এটা কি আপনাদের পলিসি? এদের টেনিওব ক্রি? না, যখন সি.পি.এমের ক্যাডাররা এসে বলবেন ওকে বদলি করে দিন, তখনই বদলি হ্রার দেবেন? যারা নিষ্ঠার সঙ্গে কাজ করতে চায়, যারা নিরপেক্ষভাবে কাজ করতে চায লাদরকে আপনারা সঙ্গে সঙ্গে বদলি করে দিচ্ছেন, প্যানিশমেন্ট দিয়ে দিচ্ছেন, আজকে এই <sub>জিনিস্টা</sub> আমরা বার বার দেখতে পাচ্ছি। আপনার পুলিশ বাজেটে দুই জিনিস আর আছে। We are controlling Railway police and you are also controlling harbour nolice. কিন্তু আপনাদের সুপারভিশন নেই, একথা কেন বললেন না। আজকে গঙ্গাসাগারে দুরো শ্রে মানুষ মারা গেল। গঙ্গাসাগরের মতন একটা ঘটনা যেখানে বিশ্বজোড়া একটা মেলা ্রসে এবং বছতীর্থযাত্রির সমাগম ঘটে, + পুরানো যুগের মন্দিরের দর্শন করে এবং উপাসনা ক্রম্ব ও মান করে। আপনারা ১৭ বছর ধরে ক্ষমতায় আছেন। আমি ধরে নিলাম, কংগ্রেস বিগত ৭ ৮ বছরে ৫ বছর ৪ মাস ক্ষমতায় ছিল। বাকি তো আপনারাই ক্ষমতায় আছেন ্রকাসপ্ট short spell of presidents rule in 1968-69. আপনারাই তো ক্ষমতায় মাছেন একটানা ১৭ বছর ধরে, কেন এই জিনিস ধরা পড়ে না? কেন ইনফ্রাস্ট্রাকচার নিগ্রন্থভনেন্ট করতে পারেন না? হাওড়ায় যাত্রিনিবাসে মানুষ ওয়ে আছে। রেল পুলিশ গিয়ে তাদের মলেষ্টেশন করলো। কি করেছেন আপনি এদের? আজকে রেল পুলিশ আর্ক্ত দের মাভারে, বন্দর পুলিশ আপনাদের আন্ভারে। ইদ্রিস কোনও বেফাস কথা বলে ফেলরে, স্ট্রনা তাকে জেলের মধ্যে মেরে দিলেন। এই কিলিং ইন কাষ্ট্রোডি, ইট ইত ওয়ার্স ক্রাইম।

[2-50 — 3-00 p.m.]

হিউম্যান রাইটস কমিশন আমাদের দৃটি কংগ্র বলেছেন এবং জ্যোতিবাবু, আপনি ঐ ্রাটা জিনিস নিজেরা এনেছেন। ব্যুরোক্রাসির উপর নির্ভর করলে কি অবস্থা হয়! The spirit and temper of a bureaucracy is also influenced greatly by its general standing in the eyes of society; a people gets the bureaucrats it imagmes. The civil servant of independent India is regarded generally as less powerful, less impartial and less honest than his predecessor. Whether there was real ground for such opinion is difficult to say, but such opinion tends to make itself valid; former civil servant A.D. Gorwala in his Report on Public Administration, pointed out that the psychological atmosphere produced by this persistent and unfavourable comment is uself the cause of further deterioration, for people will begin to adapt their methods, even for securing a legitimate right, to what they believe to the tendency of men in power and office. আজকে এটা যদি আপনি দেখেন <sup>উহলে</sup> বুঝবেন যে, ব্যুরোক্রাসি কখনও এফিশিয়েন্ট অ্যান্ড নিউট্রাল হতে পারে না, অনেষ্ট <sup>(3)</sup> নম্ই। ওপাশ থেকে এক মন্ত্ৰী বলছিলেন যে, এখন থেকে নাকি সেভাবেই চালারেন। <sup>িন্তু</sup> আজকে **গোটা বিশ্ব থেকেই কম্যুনিজন উঠে** গেছে। চিনও কণ্যুনিজনের সাইন-বোর্ড ছাড়া িহু রাখেননি। They are competing with India and other countries for investment from Washington, Japan and Communist China. সেখানে ্রানিজমের সাইন-বোর্ড ছাড়া কিছু নেই। আপনি তো সেখানে একবার গিয়েছিলেন, আবার

গিয়ে দেখে আসুন ওখানে আপনাদের স্বপ্নের কম্মানিষ্ট সাম্রাজ্য কোনওদিন হবে না। আমি তাই পড়ে শুনচ্ছি : As it is true that the green revolution accentuates social cleavages and tensions in rural society, but between that situation and communist revolution there lie barriers galore; deep social cleavages of quite different kinds which cross-out those of agricultural classes; sets of functioning local bodies more or less responsive to demands; bits and skills of adaptability among those who may be called upon to make concession and an army of rival political entrepreneurs eager to cheat the communists of what their doctrine tells them are their dues. No. India is not 'going communist, nor even steadily or uniformly left. it is going both left and right in different respects and on the whole only a little more left than right; it is mainly going Indian. কথাই যাই হোক, এখানে কম্মানিজম চলবে না, চলতে পারে না, এটাই আপনাদের সতর্ক করে দিচ্ছি। আপনাদের সত্র এখানে কখনও বাস্তবায়িত হবে না এটা বলে দিচ্ছি।

বাজারে চিটিং বলে একটি কথা চালু আছে। জিনিসের ওজন কম দেওয়া, ফুডে ভেলচ দেওয়া, এসব দেখার দায়িত্ব হচ্ছে এনফোর্সমেন্টের। কিন্তু আপনি যে বাজেট পেশ করেলে তারমধ্যে প্ল্যান বাজেট কতং ৪৪০.১৪ কোটি টাকার মধ্যে প্ল্যানের টাকা মাত্র ১ কোটি টাকা। অল আর জাষ্ট লাইকলি কনজামশনেবল। এখানে ৩২৩টি থানা আমরা ছেড়ে গিয়েছিলাম সেটা আপনারা ৩৮৯ করেছেন এবং সেখানে মহিলা পুলিশ নিয়েছেন ১৭৬ জন। কিঃ যেহেতু রেপস হ্যাভ বিন টেকন প্লেস ইন পুলিশ স্টেশন তারজন্য আরও বেশি করে মহিলা পুলিশ কেন নেবেন নাং আমি আপনাকে সাবধান করে দিছি, এখানে ক্রিমিনালাইজেশন অং পলেটিক্স করবেন না, রশিদের মত মানুষদের নিয়ে আসবেন না। সেদিন আপনাদের ওমান ডেমোক্রাট নেত্রি বিরাটিতে গিয়ে বলেছেন দি ওমেন অয়ার সাসপিসাস ক্যারেক্টার, সো দে ক্যান বি রেপড। কথাটা তো মারাত্মক, ডেজ্লারাস! এইভাবে পার্টিকে আডেমিনস্টেশনের ক্ষেক্রেকখনও ইন্টারফেয়ার করতে দেবেন না; তারজন্য পুলিশ ম্যানুয়াল আছে, কনস্টিটিউশন আছে, আই.পি.সি. আছে, সি.আর.পি.সি. আছে। ক্রাইম ইজ ইন দি কক্কারেন্ট লিউ।

আমার শেষ কথা হচ্ছে, আপনার বয়স হয়ে গেছে, আর বেশি বয়স হলে মানুনে ভীমরতি ধরে, তাই রবীন মন্ডল বা রবীন দেবের মত কাউকে আপনার রাষ্ট্রমন্ত্রী হিসাবে নিন, মানুষকে বাঁচতে দিন। সংবিধানের বিরোধিতা করেছেন। আপনার পুলিশের কাজ সাধারণ নাগরিকদের জীবন অসহনীয় করে তুলেছে। আজকে কমিউনিট্ট ছাড়া আর কেউ পুলিশের সাহায্য পায়না। তাই আপনার পুলিশকে ধিক্কার দিয়ে, পুলিশ বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নাসিরুদ্দিন খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পুলিশ বাজেটের উপরে বলতে চাই। তথানে মাননীয় পুলিশমন্ত্রী হাজির আছেন। আমি তাকে দু'একটি কথা বলতে চাই। আমার ভারতবর্ষের বাইরে যাবার সৌভাগ্য হয়েছিল। আমি ভারতবর্ষের বাইরে কিছু হিছু দেশের পুলিশ দেখছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশ কথাটার একটা বিশেষ অধ

আছে। এমন কোনও দেশ নেই যেখানে পুলিশ বাবহার করা হয়না। সৌদি আরবে পলিশ ক্র্যাটা তারা কিভাবে ব্যবহার করে জানেন? সেখানে ওরা পুলিশের পিটা ঠিক মত উচ্চারণ করতে পারেনা। ওরা বলে ফুলিশ। পুলিশ কথাটা অত্যন্ত শুরুত্বপূর্ণ মানে আছে। 'পি' মানে গোলাইটনেস, 'ও' মানে ওবিডিয়েন্ট, 'এল' মানে লয়েলটি, 'আই' মানে ইন্টেগ্রিটি. 'সি' মানে কার্টির এবং হি' মানে এফিসিয়েন্ট। এই গুনগুলি পুলিশের মধ্যে থাকতে হবে। আপনি বলতে পারেন যে এই শুনগুলি আপনার পুলিশের মধ্যে আছে? আপনার পলিশের কোন ্ন নুন নেই। যার কোনও শুন নেই তার কপালে আগুন, এই পুলিশের অবস্থা এইরকম। আমি নিবোধী পক্ষ থেকে দেখাতে চাই আপনার সমস্ত বক্ততা পাঠ করে যে বেশির ভাগ অংশের মানষের এই পুলিশের বিরুদ্ধে অভিযোগ আছে। ১৭ বছরে পুলিশের চরিত্র বদলে গেল. এটা হতে পারেনা। আপনার হৃদয় আছে, ইচ্ছা আছে, মানসিকতা আছে। যখন আপনার সঙ্গে আমরা আলোচনা করতে যাই, আমরা দেখেছি যে আপনি হৃদয়ভরা আলোচনা করেন। কিন্তু আপনার যে ছকুম সেটা ওরা থোড়াই কেয়ার করে। এই হাউসে যখন সিদ্ধার্থ শঙ্কর বাবু ছিলেন তখন আমরা পুলিশের যে আচরণ, একজন বিধানসভার সদস্য হিসাবে সেই আচৰা সম্পর্কে বলেছিলাম। আমার যে সিকিউরিটি আহত হয়েছিল, সেই সম্পর্কে এখানে প্রিভিলেজ ° মোশান এনেছিলাম, কিন্তু তার কি করলেন? আপনি প্রয়োজন বোধ করেন নি। আমি সেনি: দেখা করতে গিয়ে বলেছিলাম যে নওদা থানার যে ও.সি. আমি অসতা কথা বলতে চাইনা. সে নিরপেক্ষ ভাবে সমস্ত আসামিদের ধরেছেন এবং থানায় নিয়ে গিয়ে উলঙ্গ করে হাগায় এবং সেই মল অন্য আসামিদের দুই হাত দিয়ে তোলায়। কোনও ডায়েরি না করে দীর্ঘদিন বরে তাদের আটক রাখা হচ্ছে। আমি দায়িত্ব নিয়ে বলছি যে আসামিদের বাডির অভিভাবক এবং মেয়েরা যারা সেখানে তাদের দেখতে গেছে. সেই মেয়েদের তারা অকথ্য ভাষায় গালিগালাজ করেছে। এছাডা বাগদি পাডা, কলোনি পাডায় আসামি ধরার নামে প্রায় ১০টি বাড়ি তারা ধ্বংস করে দিয়েছে। এই হল আপনার পলিশের চরিত্র। এই হাউসে আমার কথা বলছি না, আমাদের নির্মলবাবর কথা বলছি। ২৮শে সেপ্টেম্বর নির্মলবাব কোথা থেকে আসছিলেন, মাঝেরহাট থানা এলাকায় তার সমস্ত লুট হয়ে গেল, তার সাথীর ঘড়ি, চশমা সমস্ত লুট হয়ে গেল। তারজন্য আপনাকে লিখিত দেওয়া হয়েছে। আজ পর্যন্ত কিছ হয়েছে? সতরাং এম.এল.এ-দেরও কিছু প্রতিকার হয় না। তপনবাবর মাথা ফাটিয়ে দেওয়া হল। তার ফল কি হল? নির্মলবাব সেই থানায় গিয়ে পলিশকে গতিয়ে গতিয়ে তলে সমস্ত ঘটনা জানিয়ে এলো। আজ পর্যন্ত তার কোনও প্রতিকার হয় নি। আপনার হুকুম থাকলে কি হবে, পুলিশ আপনাকে <sup>থোড়াই</sup> কেয়ার করে। আপনার টাকা আমি মঞ্জর করতে পারছি না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-00 — 3-10 p.m.]

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জয়নাল আবেদিন সাহেবের বক্তব্য শুনেছি, সেই বক্তব্য হাউসের মর্যাদা খুন করেছে। তার বক্তব্যের ভূমিকা ছিল গইংপোথিটিক্যাল, সাবজেকটিভ কিছু ছিল না, এবং ডিসট্রাকশান অফ ফার্ট্রসে ভর্তি। তারসঙ্গে আমার মনে হল হি ইজ নট নরমাল টুডে। যাইহোক আমি বাজেট বরাদ্দকে সমর্থন করছি। সমর্থন করিছ এই কারণে যে আমার কাছে কিছু আ্যাসেসমেন্ট আছে এই গভর্নমেন্টের

কাজকর্ম সম্পর্কে, এবং এই দপ্তরের কাজকর্ম সম্পর্কে। পুলিশ খাতে গত বছর টোটিল বাজেটের যত পারসেন্ট ছিল এবারে তার চেয়ে কম। গত বছর ছিল ৬ পারসেন্ট, এবার ৫.৩ পারসেন্ট। সূতরাং পারসেন্টেজের হিসাবে কম। তা ছাড়া টাকার অঙ্কে যেটা বেভেড সেটা সবাই জানেন। সব রাজ্যেই বেড়েছে, কেন্দ্রীয় সরকারের বেড়েছে, সেই কথায় আহি যাচ্ছি না। মাননীয় জয়নাল সাহেব ডাঙ্কেল, ডাঙ্কেল করছেন, তিনি এটা দিয়ে শুরু করেছেন। সারা ভারতবর্ষ জুড়ে ক্রাইম বলুন, ভায়োলেস বলুন, মোলাসট্রেশান বলুন, মার্ডার বলুন টে পরিস্থিতিতে আছে ডাম্কেল প্রস্তাব সই হবার পর পরবর্তীকালে ভারতবর্ষ জড়ে সম্মান নির্যাতন, খুন, রাহাজানি এতো পরিমাণে বাডবে আজকে যারা এই নিয়ে ভাবছেন তাদের কল্পনারও অতীত হবে। ধণতান্ত্রিক দুনিয়ার অবক্ষয়ের ওপর অবক্ষয় সংস্কৃতিকে ততীয় বিশের দুনিয়ার উপর রপ্তানি করা হচ্ছে। ধনবাদি পুঁজিবাদি দুনিয়ার অপসংস্কৃতি সারা বিশ্বক গ্রাস করে নেওয়ার চেষ্টা করা হচ্ছে। সেক্স ভায়োলেন্স বাডছে। বন্দুকবাজদের লীলাক্ষে হচ্ছে আমেরিকা। ১৪ই ডিসেম্বর দুরদর্শনে দেখলাম আমেরিকার প্রেসিডেন্ট বিল ক্রিট্র বলছেন আমাদের রাস্তায়, আমাদের বাডিতে, আমাদের স্কলে কোথাও কোনও নিরাপত্তা নেই। আমেরিকার জনগণের শ্লোগান হচ্ছে 'নিজের হাতে অন্ত্র, তবেই তুমি নিরাপদ''। নাগনত স্থলে বোর্ডের যে স্টাটিসটিক, তারা ৭০টি জেলায় সমীক্ষা করেছে, সেখানে ৮০ পারসেউ কুলেই হিংসাত্মক ঘটনার হার বেড়ে চলেছে। ন্যাশানাল রাইফেল অ্যাসোসিয়েশানের সমস্য সংখ্যা ১৯৯১ সালে ছিল ২৫ লক্ষ্, ১৯৯৩ সালে সেই সংখ্যা এসে দাঁডিয়েছে ৩৩ লক্ষে ধণতান্ত্রিক বাজারী অর্থনীতিতে নারীরা বড শিকার। স্যার, আপনি ভাবলে আশ্চর্য হকে আজকে দক্ষিণ পূর্ব এশিয়ায় বিদেশি মুদ্রা আনার জন্য সেক্স টুরিজিমকে ব্যবহার করা হছে। এর ফলে এ.আই.ডি.এস ছডাচ্ছে। আমেরিকার যবকদের শ্লোগান হচ্ছে 'নো ডেনোফ্রাসি বট সেক্সোক্রাসি"। সমাজতন্ত্রের পতনের পর রাশিয়ায় যুব সমাজ পতিতাবৃত্তি এবং মদের আশ্রঃ নিচ্ছে। হিংসা এবং যৌনতাকে পথিবীর গরিব দেশগুলোতে ইনজেক্ট করে দিয়ে মান্ত্রে নৈতিকতাকে পয়জেন করা হচ্ছে। সেইজন্য ভারতবর্য জড়ে সন্ত্রাস, সাম্প্রদায়িকতা, গড় পাতের অম্বিরতা বাডছে, হিংসাত্মক কার্যকলাপ বাডছে। তার প্রভাব প্রতিবেশী রাজ্য ওলোও এসে পড়ছে। মনিপুরে পি.এল.এ, নাগাল্যান্ডে এন.এস.সি.এল., নিজোরামে এম.এন.এফ. আসামের আলফা বোরো এই সমস্ত হিংসাঘক কার্যকলাপ করছে। এই সমস্ত জায়গাড়ে অপহরণ, লুঠ, হত্যা প্রতিনিয়ত ঘটে চলেছে। বাংলাদেশের ওপারে সীমান্তের সমস্যা ে আমাদের কিছু আছে। এবারে আমরা ভারতবর্ষের অন্যান্য কংগ্রেসী রাজ্যে একট ঘূরে আসি। গোয়াতে গনেশ মন্দির নিয়ে চিফ মিনিষ্টারের সঙ্গে রাজ্যপালের লড়াই চিফ মিনিস্টারকে খারিজ করে দিলেন এই অবস্থা সেখানে চলছে। কর্ণাটকে বাঙ্গারাগ্লাকে রাজ্যপাল খারিজ <sup>করে</sup> দিলেন। বাঙ্গারাখ্যা নতন একটি দল করলেন। তিনি বললেন প্রধানমন্ত্রী এক কোটি টার্লা নিয়েছেন, তার তদন্ত কোথায়? ওখানে আবার গোল্ড স্টার নিয়ে তদন্ত চলছে। কেরালা মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে সি.এ.জি.র রিপোর্টের তদন্ত কোথায় ? এখানে মহারাষ্টের কথা বলছিলে মহারাট্রে সাংবাদিকদের উপরে আক্রমণ করা হল। বাল থ্যাকারে যখন সাংবাদিক স<sup>ন্মোলন</sup> করছিলেন তখন সঙ্গে সঙ্গে সাংবাদিকদের উপরে শিবসেনা ঝাঁপিয়ে পড়ে মারধোর করলে তার কোনও এনকোয়ারি হল না। মহারাষ্ট্রের শারদ পাওয়ার এখানে এসে বড় বড় কথা বলে গেলেন, অথচ নিজের রাজ্যে সাংবাদিকের স্বাধীনতা রক্ষা করতে পারেন না। ওর্ ভাই

ন্য গত বছর বোম্বেতে যখন বোম্ব ব্লাষ্ট হয়েছিল তখন দাউদ ইব্রাহিমের রাইভাাল অরুন নাটলি, সে তিন বছর জেলে আছে, তাকে ছেড়ে দেওয়া হচ্ছে যখন তখন সে বললো. ভামি বাইরে যাবো না, বাইরে গেলে আমাকে মেরে ফেলবে।' এটা ইন্ডিপেনডেন্ট কাগজে हो। এপ্রিল বেরিয়েছে। পাঞ্জাবে কয়েকটি মাত্র এম.পি.র জন্য নির্বাচনের নামে প্রহসন হল। সেখানে সবচেয়ে কম সংখ্যক মানুষ ভোট দিয়েছেন। স্যার, আমি কেন এই বাজেটকে সমর্থন ক্রবৃছি, আমি সর্ব ভারতিয় প্রেক্ষাপটে বলছি কেন সমর্থন করছি। আমাদের রাজ্য কেমন ভাবে চলাছ ? আমাদের রাজ্য কোনও বিচ্ছিন্ন একটি আইল্যান্ড নয়। আমি অন্যান্য রাজ্যে সংঘটিত অপুরাধের ঘটনা কিছ তলে ধরছি। ১৯৯২ সালে ডাকাতি কলকাতা বাদে ৫১৬টি, ১৯৯৩ সালে ৪৮০। ১৯৯২ সালে খুন হয়েছে ১৬৮৭টি, ১৯৯৩ সালে হয়েছে ১৬১৫টি। অপহরণ ৫ আবেডাকশান- ১৯৯২ সালে ছিল ৯৭২টি, ১৯৯৩ সালে ৮৯৯টি। কগনিজিবল অফেস, শান্তিযোগ্য অপরাধ উত্তরপ্রদেশে ১৯৯৩ সালে ছিল ১,৮৬,৩৪১টি, অন্ধ্রপ্রদেশে ৮৫.৬২১টি. আর পশ্চিমবাংলায় ৭০.৭১৮টি। ডাকাতি উত্তর প্রদেশে ঐ বছরে ছিল ১৩৮৩টি, মহারাষ্ট্রে ৭৭২টি, অন্তপ্রদেশে ৬৭৪টি, আর পশ্চিমবাংলায় ৫১৮টি। খুন উত্তর প্রদেশে ৮৫৬১, মহারাষ্ট্রে ৩১২১, অন্ত্রপ্রদেশে ২৩০৪, আর পশ্চিমবাংলায় ১৬৮৫। এই প্রসঙ্গে আমি কলতে চাই যে. বিএস এফের দ্বারা ১৯৯০ সাল থেকে ১৯৯৪ সাল পর্যন্ত আমাদের রাজ্যে খুন হয়েছে স্যার, আপনি একট দেখন ৩৭ জনকে বি.এস.এফ. খুন করেছে। বর্ডার সিকিউরিটি ফোর্স কার। চালায় ? কলকাতা, বোম্বে এবং দিল্লিতে আই.পি.সি.তে, ভারতীয় দম্ভবিধিতে অপরাধয়োগা লোক ১৯৯২ সালে কলকাতায় ছিল ১৪,১১২, ১৯৯৩ সালে ১২.২০৬ ছিল। দিল্লিতে ১৯৯৩ সালে ছিল ৩৬,৫৯৭টি। বোম্বেতে ১৯৯৩ সালে ছিল ৩৫,৬৮৭। আর এখানে ১৯৯৩ সালে হয়েছে ১২.২০৬টি। খন দিল্লিতে ৪৮৭, বোম্বেতে ৬৮৭, আর কলকাতায় ৩৮। ডাকাতি দিল্লিতে ২৭, বোম্বেতে ১১৭, আর কলকাতায় ছিল ৭০। রাহাজানি দিল্লিতে ৩২৬, বোধেতে ৭৬২, আর কলকাতায় ছিল ১৬৩। ১৯৯৩ সালে ধর্যণ যা হয়েছে যেটা নিয়ে ওরা এখানে চিৎকার চেঁচামেচি করছেন, এটা নিয়ে কেন রাজনীতি করছেন জানি না যাইহোক. দিল্লিতে ধর্যণ হয়েছে ৩০৬টি, বোম্বেতে ১৩১টি, আর কলকাতাতে ৩৩টি। খ্লীলতা হানি -দিল্লতে হয়েছে ২৬০টি, বোম্বেতে ২১৩টি, আর কলকাতায় হয়েছে ১০৮টি। গৃহবধু নির্যাতন দিন্নিতে হয়েছে ৭৯২টি, বোম্বেতে ২০৮টি, আর কলকাতায় হয়েছে ১৩৩টি। পনপ্রথার বলি র্দিল্লতে হয়েছে ১২২টি, বোম্বেতে ২৪ আর কলকাতায় হয়েছে ৩টি। পশ্চিমবাংলায় পনপ্রথার্জনিত মৃত্যু কমেছে। ১৯৯২ সালে যেখানে ছিল ১৪৮, ১৯৯৩ সালে তা কমে দাঁড়িয়েছে ৭৭। <sup>বধৃহ</sup>তাা, অগ্নিদগ্ধ ১৯৯২তে ছিল ৫৩, আর ১৯৯৩ সালে হয়েছে ২৩। সারা ভারতে ২৫টি রাজা ও কেন্দ্র শাসিত অঞ্চলের মধ্যে ধর্যণে আমাদের স্থান হচ্ছে একুশতম, পনজনিত মৃত্যুতে চোদ্দতম, আর অপহরণের ক্ষেত্রে বিশতম স্থান। সারা দেশের মহিলাদের বিরুদ্ধে, মপরাধমূলক ঘটনা ৬০,৭১১; পণজনিত মৃত্যু ৪,৩৬৬; ধর্যণ ৮,১৫৩; নারি নির্যাতন ১৫,৫৯০ আনদের পারসেনটেজ সারা দেশের তুলনায় ৫ শতাংশ। তা সত্ত্বেও আমরা আবাসন্তুট্ট নই। <sup>গত</sup> বৃহস্পতিবার আমার মনে আছে সুদীপ বন্দোপাধ্যায় মাননীয় মুখ্যমন্ত্রীকে পণজনিত মৃত্যুর ব্যাপারে প্রশ্ন করেছিলেন পণজনিত মৃত্যু কেন হচ্ছে, কিভাবে হচ্ছে, কত হচ্ছে, এই প্রসঙ্গে শামি সুদীপ বাবকে একটা কথা বলি, এবারের কেন্দ্রীয় বাজেটটা দেখবেন, তারা বলছেন ১ <sup>লক্ষ</sup> টাকা পর্যন্ত যদি গিফট দেন তাহলে ট্যাক্স ফ্রি হবে। তাহলে বলুন তো যদি•১০ জনে

[7th April, 1994]

মিলে ১ লক্ষ টাকা করে ১০ লক্ষ টাকা যদি দেয় তাহলে এই যে লক্ষ লক্ষ টাকা দেৱ তারা কারা। একদিকে বলছেন পণজনিত মতা হচ্ছে কেন, আবার ১ লক্ষ টাকা টাকে চি করছেন তাহলে পণজনিত বিষয়টাকে আপনারা কি লিগালাইজ করে দিয়েছেন কেন্দ্রীয় ব্যাক্তি এই স্ববিরোধিতা ভাল নয়। এই বিষয়টা আপনাদেরকে অন্তত একটু খেয়াল করতে বলর। শুধু তাই নয়, ৯২ থেকে এই বছর অবধী রেপ কত বেড়েছে, এটা তো আমরা গোপন করলেও পারতাম, কিন্তু তা করবো কেন, যে দেশের যে ঘটনা তা তো আমরা গোপন করতে পারিনা, তবে একটা উদ্বেগের বিষয় চাইল্ড রেপ বেডেছে, দিল্লিতে এটা ম্যাকসিয়া আমাদের এখানে ছটছাট, কিছ বিচ্ছিন্ন ঘটনা, এইগুলির সম্পর্কে একট দেখতে হবে। কিছ একটি বিষয়ে তো আমরা সকলে একমত হতে পারি. এই যে ধর্যণের ঘটনাগুলি এইং জি উদ্বেগজনক ঘটনা, এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব কিং আপনি যদি টিভি দোক তাহলে দেখবেন তাতে এমন একটা ঘটনা নেই, প্রত্যেকটি হিন্দি বইতে প্রত্যেকটি ব্যাপারে ধর্ষণ, এটা একটা নিতানৈমিত্তিক ঘটনা। এইভাবে যব সমাজকে এটা একটা স্বাভাবিক ঘটনা **হিসাবে তাদের কাছে প্রতিষ্ঠিত করার চেষ্টা হচ্ছে। এই সম্পর্কে কেন্দ্রী**য় সরকারের ভূমিক: কি. গত ২২শে ফেব্রুয়ারি অশোক মিত্র রাজ্যসভায় জিজ্ঞাসা করেছিলেন এন.কে.ভি. সালভেক্ত এই যে ধরনের অন্ধ্রীলতা, কুরুচিপূর্ণ সব ছবি দেখান হচ্ছে, এটা শিশু মনে প্রভাব বিস্তাঃ করছে, তাতে তিনি কি উত্তর দিলেন যে ঐসব আমরা জানি, কিন্তু এইগুলি হচ্ছে অভিভাবকনে দায়িত। কত দায়িত্বজ্ঞানহীন মন্ত্রী হলে তবে এই ধরনের কথা বলে। সারা ভারতবর্তে শিশুমনকে এইভাবে প্রভাবিত করছে যেখানে, সেখানে এই হল তার উত্তর। সাার, এখনে একটা প্রশ্ন আছে, এই ঘটনাগুলি এই সরকার কেমনভাবে দেখে, আমি এই সরকারে মখামন্ত্রীর ২টি লাইন পড়ে দিই ৭-এর পাতায় বাজেট বইতে আছে। এই যে রেপ ইত্যাদি ঘটনাগুলি ঘটছে ডিউরিং দি ইয়ার ৯৩ 10 persons were convicted in I cases of rape. The growing incidence of rapee is causing great concern and among other actions Governmeent has initiated vigorous steps to complete the invstigations and to pause the cases in the courts. সূতরাং এই দৃষ্টিটা হচ্ছে এখানকার। এখন মৃষ্ণিলটা হচ্ছে, অসুবিধাটা কি জানেন, এই যে ভেমর্ক্রের গণতন্ত্র এটা জুডিসিয়াল প্রসেসে চলে গেছে। এখন অনেক কেসে চার্জসিট দেওয়া হয়েছে। কিন্তু জুডিসিয়াল ব্যাপারটা তো আপনি জানেন, আপনি আইনজ্ঞ মানুষ, জুডিসিয়াল এটা ইন্ডিপেনডেন্স এটা এত উচুতে উঠে গেছে, যদি মুভ না করে গভর্নমেন্টের করার কিছু <sup>নেই।</sup> ট্রায়াল কেস যদি তারা না করে সরকার সেখানে নিরূপায়। সেইজন্য জুডিসিয়ারিকে <sup>হাইকোর্ট</sup> দেখে তাদের অন্তত পক্ষে একটু অ্যাকটিভ হতে হবে বলে আমি মনে করি। আ<sup>মাদের</sup> সরকারের যে পদক্ষেপ, এই যে বানতলা, ফুলতলা বলুন, বানতলার ঘটনার ব্যাপারে পুলিশের পক্ষ থেকে প্রথম ডিক্রেয়ার করা হয়েছে সকাল বেলাতে এবং শুধু তাই নয় এই ফুলবাগানে কেসে আর বানতলায় আপনারী দেখবেন এই বই-এ আছে, সরকার থেকে দ্রুতলয়ে স<sup>ন্ত</sup> ব্যবস্থা করে ৭ জনের বিরুদ্ধে দাঁড়ায়, কোর্টে তারা বলেছে, যাবজ্জীবন শান্তি হল, একজ হাইকোর্ট থেকে ছাড়া পেয়ে গেছে। কিন্তু তাদের যাবজ্জীবনের শাস্তির ব্যবস্থা করা <sup>হয়েছে।</sup> ফুলবাগানের কেসে পুলিশ সরাসরি সাসপেন্ড করে দিল। এবং তার বিরুদ্ধে চার্জসিট দা<sup>হিল</sup> করল, পানিশমেন্ট হল, যাবজ্জীবন কারাদন্ড হল। এখানে আমরা কোনও রাজনীতি করিনি।

[3-10 — 3-20 p.m.]

মনেকে বলে ঐ যে নীলকমল, সে তো হচ্ছে সরকারের যে পুলিশের অ্যাসোসিয়েশন আছে তার কর্মী, সুতরাং এখানে তার প্রতি দুর্বলতা থাকবে, কিন্তু সরকারের তো আমরা কোনও দুর্বলতা দেখিনি। আমি এখানে বলতে পারি এই যে মহিলাদের উপর নির্যাতন, তাদের উপর যে ধরনের শ্লীলতাহানি হচ্ছে সেই সম্পর্কে আমাদের সরকার অন্তত যথেষ্ট পরিমানে তারা সতর্ক আছে এবং সজাগ আছে। আমি এখানে একটু জানতে চেয়েছিলাম, আমাদের রাজ্যে মহিলা পুলিশের অবস্থা কি, ৭৭ সালে কত ছিল, আর আজকে ৯৩ সালে সেটা বেড়ে কি হয়েছে; ৭৭ সালে আমাদের এই রাজ্যে মহিলা পুলিশ এস.আই. ছিল ১৯ জন, এ.এস.আই. ২৬ জন, এবং কদটেবল ৬৩ জন ছিল, এবং ইপপেক্টার ২ জন ছিল। এস.আই. ৫৭, এ.এস.আই. ৬৮, কদটেবল ৩৫০ প্রথম ফিগারটা হল কলকাতা পুলিশের, আর নীচেরটা হল আমাদের রাজ্য পুলিশের। এই বছরে ৯৩তে আমাদের অবস্থাটা কোথায় দাড়িয়েছে দেখুন। ইদ্পপেক্টার ৫ জন, এস.আই. ২৯ জন, এ.এস.আই. ৪৪ জন, মোট ৭৮ জন। আবার দেখুন এ.সি. ১ জন, ইপপেক্টার ১০ জন, সাব ইপপেক্টার ৩৭ জন, আসিসটেন্ট সাব-ইপপেক্টার ৩৬ জন, মহিলা পুলিশ কপটেবল ৮০ জন, সুতরাং প্রতিটি ক্ষেত্রে আমরা এইগুলিকে বাড়িয়ে যাওয়ার চেষ্টা করছি। এই ব্যাপারে সতর্কতা নেওয়ার জন্য আমরা ভূমিকা নিচিছ।

এখানে প্রশ্ন করা হল যে কুমারগঞ্জের কথা হল না কেন? বলুন তো, কুমারগঞ্জের এই পরিস্থিতিতেও আমাদের মন্ত্রীরা কুমারগঞ্জের সেই মৃতের বাড়িতে গিয়েছেন যদিও তিনি কংগ্রেসী। কিন্তু একটা নজির আপনারা দেখাতে পারেন যে, যেখানে আপনাদের রাজত্বে আমাদের মান্য খন হয়েছেন আর আপনাদের মন্ত্রীরা তার বাডিতে গিয়েছেন সভানুভূতি জানাতে? কুমারগঞ্জের ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে ঘটনাটি দুঃখজনক। মন্ত্রীরা কুমারগঞ্জে গিয়ে বলেছেন যে টাকা-পয়সা, তাও দেওয়া হবে। কিন্তু আপনাদের আমলে একটা লাস পর্যন্ত আমাদের দেখতে দেন নি। একজন ভাই তার মৃত ভাই-এর মৃতদেহ দেখতে পর্যন্ত পায়নি। মা তার ছেলের মৃতদেহ দেখতে পায়নি। এই ছিল আপনাদের রাজ্যে অবস্থা। আপনারা শিক্ষকদের কথা বলছেন। মানব সাহা, আল্লারাখা সহ আমাদের ৫০ জন মানুষ মুর্শিদাবাদ জেলাতে খুন হয়েছেন কিন্তু, কই, তাদের জন্য তো আপনাদের একবিন্দু চাখের জল পড়ে নি? অবশ্য আমরা বুঝি যে কেন আপনারা এইসব করছেন। আমরা ব্ৰেছি, কংগ্ৰেস এই রাজ্যের স্টেবিলিটি ভাঙতে চায়। তারা জানে যে গণতান্ত্রিক পথে এটা <sup>সম্ভব</sup> নয় তাই তাদের আনডেমোক্রাটিক ওয়েতে যেতে হবে। হতাশ এই কংগ্রেস দল, তারা জানে এ ছাডা তাদের পথ নেই। আর ক্ষমতা দখলের লড়াই? স্যার, ক্রিমিনালরা কোন দিকে <sup>যাচ্ছে</sup> সেটা দেখতে হবে। বারাসতের ঘটনা ২২শে ফেব্রুয়ারি ঘটেছে। এখানে বন্ধু সৌগতবাবু <sup>আছেন</sup>, আরও তিনজন এম.এল.এ. আছেন, যে নেত্রী এখানে উপস্থিত নেই তার কথা <sup>বলতে</sup> চাই না, এম.এল.এ. যারা আছেন তারা বলুন, কোনও সভ্য দেশে এটা কি সম্ভব <sup>য়ে</sup> প্রশাসনের কোনও হেড. তিনি একটা পার্টি মিটিং-এ গিয়ে বলবেন যে এক লক্ষ লোকের জ্মায়েত হয়েছে, আপনাদের অ্যারেষ্ট করলাম এবং ছেড়ে দিলাম? সৌগতবাবু বলুন, কিসের ভিত্তিত আপনারা এটা দাবি করেন? আপনি গিয়েছিলেন হাসপাতালে, হাসপাতালের সুপারকে <sup>বললেন</sup> আপনাকে বলতে হবে যে পুলিশ হাসপাতালের মধ্যে গুলি করে লোককে মেরেছে।

17th April, 1991 এটা নীতির দিক থেকে, নৈতিকতার দিক থেকে, আইনের দিক থেকে অন্যায়, অবিচার। ৫ এটা করলেন বলতে পারেন? আইনের শাসন যেখানে আছে সেইরকম কোনও সভা কে এ জিনিস কি হতে পারে? কিন্তু তা সত্তেও আপনারা এই জিনিস করলেন। ওখানে for বললেন চলো, মারো, পুলিশকে আক্রমণ করো। পুলিশকে আক্রমণ করলেন ব্যুলাম ক্রি টেলিফোন এক্সচেঞ্জ-এ ভাংচুর করলেন কেন? রেল স্টেশনে ভাংচুর করলেন কেন? ক সম্পত্তি এগুলি ? এখানে শক্রমিত্র পর্যন্ত ভূলে গিয়েছেন ? এখানে আপনারা শক্র, মিত্র একাল করে দিলেন। তার মানে আপনারা ভায়োলেন্স করছেন ফর ভায়োলেন্স সেক। এটাই ফুং আপনাদের আজকের দিনের রাজনীতি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাাঁ, এই রাজো ক্রাইম ক্রি বাডছে। সেখানে কিন্তু ডাইরি নেওয়া হচ্ছে, তার বিরুদ্ধে কেস রুজু করা হচ্ছে, আরেই হু হচ্ছে. কোর্টে যাচেছে. বিচার হচ্ছে এবং শান্তি হচ্ছে। কিন্তু যতদিন বেঁচে থাকবো ততদিন বাং যাব যে আপনাদের আমলে আমাদের ১১শো কর্মী খুন হয়েছেন ভাই-এর কাছ থেকে বেচার ছিনিয়ে নেওয়া হয়েছে, মায়ের কাছ থেকে মেয়েকে ছিনিয়ে নেওয়া হয়েছে—কিন্তু ভারত একটা কেসও হ্য়নি। সেখানে একটু সহানুভূতির কথাও আপনারা বলেন নি। সেহত প্রশাসন থেকে কোনও ব্যবস্থাও সেই সময় নেওয়া হয়নি। ডাইরি পর্যন্ত নেওয়া হয়নি, আই পর্যন্ত আমরা করতে যেতে পারি নি। এখন কিন্তু সেই অবস্থাটা নিশ্চয় নেই। আপনাকে উদ্দেশ্যটা কি? আপনাদের উদ্দেশ্য হচ্ছে, কোন গ্রপ কতটা ভায়োলেল করতে পারে হে: মস্তান, সমাজবিরোধীদের কিভাবে ক্যাম্প চেঞ্জ করিয়ে নিজেরা পার্টিটা দখলে রাখতে পতে भिरं एको राष्ट्र । এই रल **याननाएन यात्नालान लक्ष्म । এটা यात्नालन नय** । प्रसिद्ध की গণতন্ত্রের প্রতি আপনাদের বিশ্বাস থাকে তাহলে আগামি মে মাসে যে ১৯টি পৌরসভা এই দৃটি কর্পোরেশনের নির্বাচন হবে চলুন সেখানে গণতান্ত্রিক পথ জনগণের রায় নেবার জন **न**ড़ाই হোক। यদि সাহস থাকে সেইভাবে গণতার্ত্তিক উপায়ে লড়াই-এ নামন। তা করে দেখবেন জনগণ থেকে কত দরে আপনারা, জনগণের কাছে কত ঘৃণার জায়গায় আপনার পৌছে গেছেন। কয়েকদিন আগে দেখলাম—পেপারের নামটা শুনলে আপুনাদের ভাল লাগ্যং– আননন্দবাজার গোষ্ঠীর তরফ থেকে লেডিস স্টাডি গ্রপের মাধ্যমে নিয়ে আসা হল এবং ভারতবর্ষের শ্রেষ্ঠ গণতন্ত্রের পূজারিকে এখানে পূজা করার জন্য। সুপ্রিম কোর্ট থেকে খনি ঝামা ঘবে দিয়েছে। আনন্দবাজারকে গণতন্ত্র কাকে বলে শিখতে হবে। স্যার, আমি বল চাই. আমাদের সাধারণ পুলিশ হচ্ছে: Police of West Bengal is free from communal and parochial mentality. This is a big achievement. This is a background of the prevailing situation in India and abroad as a whole সাধারণভাবে সারা বছর ধরে পুলিশ গণতান্ত্রিক ব্যবহারের আনুগত্য ধারাবাহিক ভাবে অসে এবং আচরণ করে চলেছে। তাদের সামাজিক দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হয়েছে। পুলিশের কম্পোলিস চেঞ্জ হয়ে গিয়েছে। আগের দিন কেউ পুলিশে যেতে চাইতো না, এখন দেখবেন <sup>হস্কে</sup> শিক্ষিত ছেলে পুলিশে যোগ দিচ্ছে। আজকে পুলিশকে ট্রেন আপ করার সুযোগ হটেছি পুলিশের যে ফিটনেস থাকা দরকার সেজন্য সেটা করা হচ্ছে। আমি মনেকরি প্রমেট মবিলিটিও তাদের থাকা দরকার। এই.প্রসঙ্গে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে একটু <sup>হন্তে</sup> করবো। ঠিক আছে, আজকে বিভিন্ন রকমের ভায়োলেন্ট সব তাদের নানান ধরনের আভ<sup>ন</sup> করছে। এটা ঠিক, সেইগুলোকে স্তব্ধ করার জন্য অনেক বিষয় আছে, আগে <sup>বোঝার্টি</sup>

সোঝানোর ব্যবস্থা আছে তার লাঠি চার্জ, তারপর টিয়ার গ্যাস, তারপরও যখন পারা যায় না তখন একেবারে তাদের বিরুদ্ধে গুলি চালাতে হয়। এই সমস্ত প্রসেসগুলো মেনটেন করার পর যদি পারা যায়—যদিও টাকা পয়সার সমস্যা আছে, আমি জানিনা কি হবে আডিমিনিস্টেটিভলি কতটা গ্রহণ করা যাবে কি যাবে না, তাতে যদি দেখা যায় একট রাবার বলেট, রঙিন জল দেওয়া যায় তাহলে সেটার একটা চেষ্টা করা যেতে পারে। সেটা আপনি ব্রুবেন, তাহলে সেটার একটা চেষ্টা করা যেতে পারে। তবে আমি মনে করি যে সমস্ত ঘটনা ঘটছে, ধরুন ২১শে জুলাই মহাকরণ অবরোধ ওরা যে পরিস্থিতিটা তৈরি করেছিল, যে আনকলি অ্যাকটিভিটিটা নিল, এটা কোনও গণতান্ত্রিক আন্দোলন নয়। সুদীপ বাবু আপনার জ্ঞান কতটা জানিনা, বয়স কতটা জানিনা, তবে আমরাও গণতান্ত্রিক আন্দোলন করেছি আমাদের বয়স থেকে, ৫৯ সালে খাদ্য আন্দোলন আমরা করেছি, ৭১ সালে জন বিরোধী সংখ্যা লঘিষ্ট সরকারের বিরুদ্ধে আন্দোলন করেছি. মার খেয়েছি, কিন্তু কখনও আমরা ব্যাগে করে বোমা নিয়ে যাইনি। কখনও ব্যাগে করে রেলওয়ে স্টেশনে স্টোন নিয়ে যাইনি, আমরা পলিশকে মারবো বলে, আমরা সংখ্যায় ২৫ হাজার, ওরা ২০০ ওদের মার, ধরো, আক্রমণ কর, তার একটা অন্যতম হোতা এখানে বসে আছেন, প্রফেসার, রাজনীতিবীদ, জ্ঞানী, গুনি মানষ। এই হল উত্তেজনার উস্কানি। সেইভাবে করা হয়েছে। গণতান্ত্রিক আন্দোলনে এই সমস্ত করে না, তবে আমি মনে করি যে ধরনের ব্যবহার করা, দিস কাইভ অব বিহেভিয়ার কখনও এটা সাটেবল নয়। ইট ইজ নট বিফিটিং ইন ডেমক্রাস। This, in my thinking, is unbecoming of opposition parties. কিন্তু আপনারা এই কাজগুলো অনবরত করে চলেছেন। কেন মানুষ আপনাদের সমর্থন করবে বলুন? আমি একটু আশ্চর্য হয়ে যাচ্ছি ১৩ সালের ১লা মার্চ থেকে আপনাদের তো রাইটার্সে থাকার কথা, আপনাদের নেতত্ব ঘোষণা করেছিল যে আমরা রাইটার্স-এ থাকবো। এখানে কি করছেন, টিমটিম করছেন, কেন? যাইহোক আপনারা নারী ধর্ষণ ইত্যাদি বলেন। আপনাদের দলের একটু খবর নেবেন। আমার যতটুকু মনে আছে গত ১৪ই মার্চ শান্তিনিকেতন, আপনাদের শান্তি নিকেতনের ছাত্র নেতা সতীনাথ নিয়োগী রবীন্দ্র নাথের শাস্তি নিকেতনে ধর্যণের দায়ে অভিযক্ত হল, ঠিক তারা দ সপ্তাহ বাদে ২২ মার্চ দোলের দিন আরও একজন ধর্যিতা হলেন, ঐ শান্তি নিকেতনে। এই মেয়েরা অল ব্যুসী সব ছাত্র পরিষদের কর্মী। এর জন্য উদ্দেশ্য আপনাদের বলার জন্য অ্যাপ্লিকেবল, সেই জন্য বোধ হয় জীবানন্দ দাস ঐ কবিতার লাইনটা লিখেছিলেন, ''নরম মাটির পায়ের তলায় <sup>কত</sup> কুমারীর গভীর নিশ্বাস কথা কয়।" স্যার আজকে আমাদের এই রাজ্যে স্বাধীনতা আছে, <sup>ফ্রীডম</sup> আছে আর ওদের আন্দোলন ভায়লেট করে, ভায়লেন্স করে সেটাকে সন্ত্রস্ত করে যায়। সেইজন্য বিখ্যাত ফ্রেঞ্চ ফিলজফার জিম পল সাামটে লিখেছিলেন. ''ফ্রীডম ইজ টেরার।'' <sup>আমরা</sup> এই স্বাধীনতা যে অবাধ স্বাধীনতা আর আপনারা সেটাকে সন্ত্রস্ত করবার চেষ্টা <sup>কর্ছেন</sup>, স্যার ক্রিমিন্যালাইজেশন ইন পলিটিক্স - সৌগত বাবু আপনাকে একটা রেফার <sup>কর্ছি</sup> শুধু। এই দেখুন ২২শে ফেব্রুয়ারি আপনাদের কি ছিল, আপনারা শাসনে যারা সমাজ <sup>বিরোধী</sup>, এলাকা থেকে আউট হয়ে ছিল, শাসনের বিতাড়িতদের পুনর্বাসন দিতে হবে। কোন <sup>পদ্ধতিতে</sup> থামি এই বিধানসভায় বলেছিলাম সিদ্ধার্থ শঙ্কর রায়, বিরোধী দলের নেতা চলে <sup>গেলেন</sup>, বিরোধী দল নেতা ডাঃ জয়নাল আবেদিন, দুজনে গিয়েছিলেন শাসনে, যে ওদের ঘরে <sup>তুলে</sup> দিতে হবে। সালাউদ্দিন. এই হল সেই খবরের কাগজে আপনি দেখবেন ৩রা এপ্রিল

[3-20 — 3-30 p.m.]

এই সালাউদ্দিনের ছবি আছে রাইফেল হাতে। ম্যাসকট হতে। একে ওরা তুলে দেবার জনা মুমতা ব্যানার্জি গিয়েছিলেন। সুমাজ বিরোধী, সুমাজ বিরোধী কারা নিয়ে খেলা করে? হাওডাল দেব, উৎপলকে খুন করলো কারা? সেই বিনোদানন্দ ব্যানার্জি, আপনাদের মনমোহন সিং এব পদ याजार शिराहिल्न। भमयाजा कतरा भारतन नि. कातन स्थारन भारतमाति करताका এছাডা, এই দেখুন, মধ্যপ্রদেশের একজন আভার গ্রাউন্ত ডন, তার নাম হল ভেস্টা পাাটেল সেই ভেস্টা প্যাটেলকে দেখবেন পরপর দুদিন তারা ওখানে শয়ে শয়ে ঘর পোডালো জালানো, কয়েকজনকে খুন করলো, মধ্য প্রদেশের মুখ্যমন্ত্রী দিগবিজয় সিং, সেই ডনকে দেখতে গেলেন, আন্তার ওয়ার্ন্ডের ডনকে দেখতে গেলেন। কিন্তু যাদের ঘর বাড়ি পোড়ানো হল, খন হল, তাদের দেখতে গেলেন না, এটা ভাবতে পারেন? আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীর এই ভূমিকা কখনও দেখেছেন? আর মধ্য প্রদেশের মুখ্যমন্ত্রী বিগবিজয় সিং সেই আভার ওয়ার্ল্ডের ডন'কে দেখতে গেলেন। কিন্তু যাদের ঘরবাড়ি পোড়ান হল তাদের দেখতে গেলেননা। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীর এই জাতীয় কোনও ভূমিকার কথা কেউ কি ভাবতে পারেন! এটা কি কেউ ভাবতে পারেন যে, আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী ঐসব সমাজবিরোধীদের পেটোনাইজ করছেন। ওরা রাজনীতিতে ঐ সমস্ত সমাজবিরোধীদের নিয়ে আসছেন। আমি এখানে একটা পরিসংখ্যান উল্লেখ করতে চাই এবং এটার প্রতি সুদীপবাবুর দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্র ১৯৯৩ সালে ১০টা জনসভায় অংশ গ্রহণ করেছেন — সেই সভাগুলোতে নান ওয়াজ কিলড অ্যান্ড ইনজিয়োর্ড। কিন্তু মমতা ব্যানার্জির নেতৃহে যেসবগুলি হয়েছে সেসব গুলোতে আমরা কি দেখেছিং ঐ সৌগত রায় ইত্যাদিরা সেসব বিক্ষোভ সমাবেশে উপস্থিত থেকে এমত অবস্থার সৃষ্টি করেছে যে মানুয ভয় পেয়ে গেছে। বারাসাতে ওরা মিটিং করতে গিয়েছিলেন, ভয় পেয়ে দোকান-পাট সব বন্ধ হয়ে গিয়েছিল। মমতা ব্যানার্জি মিটিং করবে শুনলেই মানুষ ভয়ে আতঙ্কিত, সম্ভ্রস্ত হয়ে পড়ে। এ জিনিস আজকে ওদেরই ভেবে দেখতে হবে যে, ওরা কোনও জায়গায় যাচ্ছেন। সূতরাং আমার বক্তব্য এই জায়গায় যে, আজকে কংগ্রেস দল গোটা দেশটাকে যে জায়গায় নিয়ে যাচ্ছে তাতে ওরা আমাদের রাজ্যের পুলিশ প্রশাসনের সঠিক অবস্থানটা উপলব্ধি করতে পারছেন না এবং সহাও করতে পারছেন না। তবুও আমাদের মুখ্যমন্ত্রী বার বার বলছেন, 'আমাদের একটু সুবিধা হয় প্রশাসন চালাতে যদি কংগ্রেস দলের মধ্যে ঐক্য ফিরে আসে। কারণ <sup>ওরা</sup> পরস্পরের মধ্যে হানাহানি, মারামারি করেন এবং আমাদের পূলিশ প্রশাসনকে তা সামলাতে গিয়ে অনেক সময়েই অসুবিধায় পড়তে হয়।" আমি আজকে একথা পরিদ্বার বলতে চাই যে, আমাদের পশ্চিমবাংলায় যেমন বামফ্রন্ট সরকার আছে. তার পলিশ প্রশাসন আছে তেমনি এখানে গণতান্ত্রিক আন্দোলন আছে, সংগ্রাম আছে লড়াই আছে। আমরা এমন কি শতি <sup>যে</sup> ১৭ বছর ধরে এখানে আমরা ক্ষমতায় আছি! এটা সম্বভ হচ্ছে পুলিশি ব্যবস্থার পরিবর্তন হয়েছে বলেই। আজকে পঞ্চায়েত থেকে শুরু করে, মিউনিসিপ্যালিটি থেকে শুরু করে প্র<sup>িটি</sup> স্তরে কংগ্রেস, বামপন্থী, সকলের সঙ্গে বসে আলোচনা করে গণতান্ত্রিক পরিবেশের <sup>মধ্যে দিয়ে</sup> সমস্ত কিছু পরিচালনা করা হচ্ছে বলেই আমরা সরকার পরিচালনা করতে পারছি। <sup>এওচ</sup> ওরা আজকে আমাদের এই গণতান্ত্রিক পরিবেশকে মপ-আপ করে দিতে চাইছেন। <sup>আমি</sup>

জ্ঞাশা করব আমাদের রাজ্যের সাধারণ মানুষ নিজেদের অভিজ্ঞতার ভিত্তিতে সমস্ত কিছু উপলব্ধি করে বিচার বিবেচনা করবেন। আমি আশা করব যে কেউ রাজ্যে আইন-শৃঞ্খলা পরিস্থিতির অবনতি ঘটাবার চেষ্টা করলে দলমত নির্বিশেষে তাদের ধরা হবে, বিচার করা হবে। এটাই আমাদের নীতি, এটাই আমাদের দৃষ্টিভঙ্গী। আগামী দিনেও আমরা মানুষের শক্তিকে সহায় করে এগিয়ে যাব, আমাদের জয়-যাত্রা তীব্র গতিতে এগিয়ে যাবে। সমস্তরকম আক্রমণকে পদানত করে, পরাজিত করে আমাদের বিজয় পতাকাকে এগিয়ে নিয়ে যাবে। এই গ্রাশা করে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সৌগত রায় ঃ স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী যে ৪৪০ কোটি টাকার নাজেট এনেছেন আমি ঘৃণার সঙ্গে তার বিরোধিতা করছি। এই পুলিশ মন্ত্রী সম্পূর্ণভাবে গলিশের ওপর নির্ভরশীল এবং এই যে ভেড়ার দল দেখছি, এরা পূলিশের ওপর দাঁডিয়ে . মাছন তাই এরা হাততালি দিয়ে পুলিশ বাজেটে ৬৫ কোটি টাকা বাড়ানোর দাবিকে সমর্থন রুরেন। কিন্তু আমি এটাকে সমর্থন করতে পারছিনা। স্যার, এই সরকার পুলিশকে শুধু টগার হ্যাপি করে তুলেছেন। পুলিশের একটা অংশকে পোলিটিক্যালাইজ করেছেন এবং গ্রাইপি.এস. অফিসারদের কিছু লোককে সুযোগ সুবিধা দিয়ে, উপটোকন দিয়ে ওদের হাতিয়ার हेमात তৈরি করেছেন। আমি একটা হিসাব পড়ি, এই সরকারের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু ১৯৯৩ সালের ১১ মার্চ জবাব দিয়েছেন. গত ৫ বছরে অর্থাৎ ১৯৯৩ সারের মার্চের আগের । বছরে কতবার পুলিশ গুলি চালিয়েছিল - ১ হাজার ৮৪ বার পুলিশ গুলি চালিয়েছিল। হজন পুলিশের গুলিতে মারা গিয়েছিল? ১৯৮৮ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত ৪১৩ জন ার ইনজিয়োর্ড হয়েছে ৬৩০ জন। নির্লজ্জ লোক, ৪১৩ জন লোককে গত ৫ বছরে ুর্লিশের গুলিতে খুন করে আবার সেই লোকটি পুলিশের সাফাই গাইছেন? এর থেকে <sup>াজ্ঞা</sup>র কথা আর কিছু হতে পারে না। এই সরকারের মুখ্যমন্ত্রী কখন পুলিশের বিরুদ্ধে গুডিসিয়াল এনকোয়ারি করে না। গত ১৯৯৩ সালে ৪টি ঘটনা ঘটেছে পুলিশ ফায়ারিং-এ. <sup>বঙ্</sup>লিকে জুডিসিয়াল এনকোয়ারি হওয়া উচিত ছিল। ওর পলিসি হচেছ, যে করেই হোক 🤻 পুলিশ বাহিনীকে হাতে রাখতে হবে। রবীনবাবু এখানে জনসমর্থনের কথা বললেন। াপের ব্যাটা যদি হন তাহলে পদত্যাগ করে প্রেসিডেন্ট রুলে ইলেকশন করুন, দেখবো, কত <sup>মতা</sup> আছে। বাপের ব্যাটা যদি হোন, শেষনের কথা মেনে নিয়ে আইডেনটিটি কার্ড করুন, <sup>ন্ধ</sup>নো, কত **ইলেকশনে জেতার ক্ষমতা আছে। আপনা**রা দাঁড়িয়ে আছেন পুলিশের স্তন্তের <sup>iপর।</sup> হি<del>ম্মত নেই প্রেসিডেন্ট রুল করে ইলেকশন</del> করার। একটার পর একটা ঘটনা দেখিয়ে <sup>মমি বলবো,</sup> যে কিভাবে এই সরকার সম্পূর্ণভাবে নির্ভর করে আছে পুলিশের উপর। এই ্থমন্ত্রীর লজ্জা হয় না, একটার পর একটা মিথ্যা কথা বলে যাচ্ছেন। ২১শে জুলাই ঘটনার র্মমি নিজে সাক্ষী। আমি হাতে করে মৃত দেহ নিয়ে গেছি। লাস কাটা ঘর থেকে আমি <sup>২টি শ</sup>হিদের মৃতদেহ বার করেছি এবং সেদিন শপথ নিয়েছি, আদিম হিংস্র মানবিকতার <sup>দি আমি</sup> কেউ হই, তাহলে স্বজন হারানোর শ্মশানে জ্যোতিবসুর চিতা আমি তুলবই। এই <sup>লে আমরা</sup> শপথ নিয়েছি। আগরতলায় মুখ্যমন্ত্রী মহাশয় পরশুদিন বলে এসেছেন, রাইটার্স <sup>বৃদ্ধিং</sup> কেউ দথল করতে গেলে আমরা তা প্রতিহত করবো। বৃদ্ধ মুখ্যমন্ত্রী অসত্য কথা <sup>লেছেন।</sup> রাইটার্স বিশ্ভিং কারা দখল করতে গিয়েছিল? ২১শে জুলাই যুব কংগ্রেসের ছেলেরা <sup>্টিটার্স</sup> বিল্ডিং দখল করতে গেলে আপনাদের বাইরে পুলিশ দাড়িয়ে আছে বন্দুক নিয়ে

[7th April, 1994] দখল করতে গেলে ২।৪টি বন্দুক নিয়ে যাবে, বোমা নিয়ে যাবে, ৪।৫টি স্ট্রেনগ্যান <sub>নিয়ে</sub> যাবে। জ্যোতিবাবর সাহস থাকে পলিশ হাসপাতালের রিপোর্ট এই হাউসে রাখুন। ওরা াটা বলছেন তাতে পুলিশ কর্মী আহত হয়েছেন ৫৯ জন। একটাও পুলিশ কর্মচারির গায়ে क्र ছোঁডার আঘাত ছাড়া অন্য কিছর আঘাত ছিল কিনা? ডায়রেক্ট বোমার আঘাত আছে किনा? গুলির আঘাত আছে কিনা এবং একটাও পুলিশ কর্মচারী কোনও আগ্নেয়ায়ে আহত হযেচ কিনা? ইটের বদলে যে গুলি ছুঁড়তে হয় এটাতেই জ্যোতিবসূর সরকার অভ্যন্ত। ১২টি লোক মারা গেল। খোদ কলকাতায় শহরের বকে এস.এস.কে.এম, মেডিক্যাল কলেজ <sub>এবং</sub> এন আর এসে ভর্তি হল ৬০ জন লোক। তারমধ্যে ৪৫ জন লোকের গুলির আঘাত লেগেছ। আমার সময় নেই, তানাহলে আমি নাম পড়ে দিতে পারি যে কারা কারা গুলিতে আঘাত লেগে ভর্তি হয়েছিল। রাইটার্স দখল করতে গেলে শুধু ময়দান থেকে ইট হাতে তলে নিয়ে রাইটার্স দখল করা যায় না। এইরকম অসত্য কথা দিনের পর দিন এই বৃদ্ধ লোকটার মধ থেকে শুনতে হবে? সাহস থাকে জুডিসিয়াল এনকোয়ারি করুন। যদি সাহস না থাকে তাহল ক্মপক্ষে পলিশ হাসপাতালের রিপোর্ট এই হাউসে প্লেস করা হোক এবং এই হাউস ক্রিটি বিচার করে দেখন একটা পুলিশ কর্মচারি আগ্নেয়াস্ত্রে আহত হয়েছিল কিনা? আমি জানি আপনার এমন অফিসার আছেন যারা তার পরেই বলবেন ওয়েল ডান মাই বয়েজ। আপনি কলকাতাকে ক্রাইম মুক্ত করবেন! আপনার উপায় নেই সেটা করার: ঐ কমিশনকেই সাপোর্ট করতে হবে, কারণ এক বছর হয়ে গেল. কিন্তু এখনও জানানো হল না সাট্টাডন রশিদের বন্ধ-পুলিশদের নাম যে সাট্রাডনের বোদ্ব ব্লাষ্টের ফলে ৬৭ জন লোক মারা গিয়েছিল। তাং সঙ্গে সি.পি.এম.এর কোন কোন নেতার যোগাযোগ ছিল সে ব্যাপারে তুষার তালুকদার আপনার হাতে একটা সেপারেট রিপোর্ট দিয়েছেন। যদি হিম্মত থাকে তাহলে সভায় সেই রিপোর্ট প্লেস করুন! কিন্তু আপনার সেটা করবার ক্ষমতা নেই এবং তারই জন্য তুষার তালকদারের মত একজন পলিশ অফিসার রাজনৈতিক বক্তব্য রাখলে তা আপনাকে ডিক্টে করতে হবে, তারই জন্য ডি.সি (হেড কোয়াটার) দেবেন বিশ্বাস আকাশবানির সামনে ওলি চালাবার অর্ডার দিলে সেই দেবেন বিশ্বাসের ছেলেকে মুখ্যমন্ত্রীর কোটায় ভর্তি করতে হবে সেজন্য রচপাল সিং বারাসতে গুলি চালাতে অর্ডার দেবার পর তার মেয়েকে মেডিকাল কলেজে ব্যক্তিগত কোটায় ভর্তি করতে হবে। আপনি এইভাবে ঘুষ দিয়ে ঐ সমস্ত পু<sup>লিশ</sup> অফিসারদের নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করছেন। আমাদের বলুন, রচপাল সিং এর মত পু<sup>লিশ</sup> অফিসার, যার মাইনে সাত হাজার টাকা তিনি আহত হয়ে কি করে বেলভিউ নার্সিং <sup>হোনে</sup> ভর্তি হন; কি করে তিনি নার্সিং হোমের খরচ বেয়ার করেন? এর আগে একবার এবং এবারে বারাসতের ঘটনায় **আহত হ**য়ে তিনি বেলভিউ নার্সিং হোমে ভর্তি হয়েছেন। তার কারণ হল, পি.জিতে ভর্তি হলে তার ইনজ্বরি রিপোর্ট আমরা বার করে নিতে পারি <sup>বলেই</sup> বেলভিউতে ভর্তি করতে হয়। আপনি পুলিশ কমিশনারের বিরুদ্ধে ভিজিলেপ করেছেন <sup>কিছ্</sup> আজকে কত টাকা দিয়ে এস.পি. সল্ট লেকে বাড়ি করেছেন তার কোনও হিসেব <sup>নেই।</sup> তারই জন্য রবীনবাবু ভেড়ি লুট করলে শাসনে মানুষ ঘরে ফিরতে পারেন না, <sup>কারণ</sup>

মার্কসবাদি কমুনিষ্ট ছাড়া সেখানে কেউ থাকতে পারবেন না।

মিঃ স্পিকার ঃ রবীনবাবু ভেড়ি লুট করেন নি।

[3-30 — 3-40 p.m.]

ন্সী সৌগত রায় : উনি নিজে লট করেননি ঠিকই, কিন্তু যারা সেটা করেছে তাদের মান্ত তিনি যুক্ত আছেন এবং তারই জন্য সেখানে মার্কসবাদি কম্যনিষ্ট ছাডা কেউ থাকতে ্রারবেন না। আজকে পুলিশকে ট্রিগার হ্যাপি পুলিশে পরিণত করা হয়েছে। আমরা বলেছিলাম ্রাতা ব্যানার্জি বারাসাতে যাচ্ছেন, সেখানে এক লক্ষ লোককে গ্রেপ্তার করবার ব্যবস্থা নিন কারণ আপনাদের অত গাড়ি নেই। কিন্তু পুলিশ কর্তৃপক্ষ বলেছিলেন না, মুখ্যমন্ত্রীর নির্দেশ আছ সেখানে গ্রেপ্তার করা যাবে না। অর্থাৎ উনি শিখিয়ে দিয়েছিলেন যে. ওখানে ওলি <sub>চালাতে</sub> হবে। বলে দিয়েছিলেন আমাদের সরকারের বিরুদ্ধে যারা আন্দোলন করবে তাদের <sub>तिकाकि</sub> গুলি চালাও। ২২শে জানুয়ারি কুমারগঞ্জ, সেখানে ইট পর্যন্ত ছিল না; একটি ৯ বছরের ছেলে একটি মাটির ঢেলা ছুঁড়েছিল, সেখানে গুলি চালিয়ে ১৬ বছরের একটি ফটফটে চলে পার্থপ্রতিম রায়কে হত্যা করেছেন। আজকে সেই জ্যোতি বস এখানে বসে সাফাই গাইছেন! বীরভমের তারাপরে কোন কংগ্রেসি নেতারা ছিলেন? যারজন্য শশাঙ্কশেথর মন্ডল রলেছিলেন আমি আমরণ অনশন করবো, তিনজন ফরোয়ার্ড ব্লক কর্মীকে মেরে ফেলা হল সেখানে। তারা বলেছিলেন উনি জনপ্রিয় ডাক্টার, ওকে ট্রান্সফার করো না। এটা বলতে গিয়ে সেখানে তিনজন পুলিশের গুলিতে মারা গেলেন। গত পাঁচ বছরের হিসাব দিয়ে বলেছেন ৪১২টি জায়গায় পলিশ গুলি চালিয়েছে, অর্থাৎ পশ্চিমবঙ্গ ভীষণ ভাল চলছে। কিন্তু বিগত পাঁচ বছরে পশ্চিমবঙ্গে ১০৮৪টি জায়গায় গুলি চলেছে। কুচবিহারে মদনমোহন ঠাকুরের মূর্তি চরি হল, তারফলে সেখানকার নিরস্ত মানুষের উপর পুলিশ গুলি চালালো। আজকে গুলি চালাতে আপনার হাত বা বুক কাঁপে না। কিন্তু এই মুখ্যমন্ত্রীই ১৯৫৯ সালে খাদ্য আন্দোলনের পর এখানে দাড়িয়ে বলেছিলেন - "শেষকালে আমি জিজ্ঞাসা করি, আপনারা যদি চোখের সামনে দেখেন যে, বিবস্ত্র নারীর উপর আক্রমণ হচ্ছে তাহলে তার বিরুদ্ধে রূথে দাঁড়াবেন নাং যদি পুরুষ হন, মানুষের রক্ত যদি গায়ে থাকে, তাহলে রুখে দাঁড়াবেনই।" এই সেদিন আমরা দেখেছি, ছেলের সামনে বিবস্ত্র নারীর উপর পাশবিক অত্যাচার হতে। আপনার দেহে মনুমের রক্ত নেই, তাই এটা বলতে পারছেন না এবং তারই জন্য ১৯৫৯ সালে বিধানসভায় দাঁড়িয়ে যে বক্ততা দিয়েছিলেন তার পুনরাবৃত্তি করলাম। তাই আমি আর একটা কথা বলতে গই। সেদিন আমাদের আজকের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু কি বলেছিলেন? সেদিন মুখ্যমন্ত্রী গুলি গলিয়েছেন বলে উনি বলেছিলেন, স্যার, সরকার যে সমস্ত কান্ড ঘটিয়েছিল, আমার মনে <sup>আছে</sup>, আজকের আনন্দ বাজেরের কথা বলছিনা, সেদিন তার যিনি এডিটর, সত্যেন মজুমদার, এডিটোরিয়ালে ঐ কালিবাবুকে ঐ কেলোর কীর্তি বলে নাকি কি লিখিয়াছিলেন এবং প্রফুল্লবাবুকে িটনি লিখিয়াছিলেন, এরা হচ্ছে সাম্রাজ্যবাদের জারজ সন্তান, মাতৃগর্ভের লজ্জা। আমি বলি মুখ্যমন্ত্রীকে এর মধ্যে ইনক্লড করে নেওয়া যায়। জ্যোতি বসু বলেছেন বিধান রায় সম্পর্কে যে সাম্রাজ্যবাদের জারজ সন্তান, মাতৃ গর্ভের লচ্ছা। এতগুলি ছেলেকে গুলি করে মেরে ফেলার পরে যদি ৫৯ সালে জ্যোতিবাবুর ব্যবহাত ভাষা, আনন্দ বাজারের সত্যেন মজুমদারের ভাষা এর সম্পর্কে ব্যবহার করি সাম্রাজ্যবাদের কিসের সম্ভান, কোথাকার লজ্জা তাহলে সেটা ি অন্যায় হবে মানুষগুলিকে মারার জন্য ও এই মুখ্যমন্ত্রী নারী নিগ্রহের মুখ্যমন্ত্রী, যিনি <sup>বানতলার</sup> ঘটনা ঘটার পরে বলেন যে এমন ঘটনা তো ঘটে থাকে। আর ফুলবাগানে থানার

17th April, 1994 মধ্যে নিহারবান ধর্ষিত হবার পরে বলেন যে, ১০ বছরে একবার তো ঘটতে পারে। एक রাজ্যে ধর্ষণের ঘটনা যে বাডবে তাতে আর আশ্চর্য কি। তার রাজত্বে আলপনা বাানারি বটতলা থানা থেকে ২ শত গজ দুরে বিবস্ত হবেন, আহত হবেন, এতে আর আশ্চর্য ক্রি তার রাজত্বে চন্ডিতলা লেনে গৃহবধু অঞ্জনা রায় নিগৃহিত হবেন, তাতে আর আশ্চর্য 🗟 এদের রাজত্বে মায়ের লজ্জা থাকবেনা। যে পার্টির গণতান্ত্রিক মহিলা সমিতির সাধান সম্পাদিকার বিরুদ্ধে পার্টির অভিযোগ তোলে যে, তিনি রসিদ খানের সাম্রাজ্যে মনোরঃ ঘটাতে তার সংগঠনের মেয়েদের পাঠিয়েছেন তাদের কি অধিকার আছে, নৈতিক অধিকা আছে মেয়েদের ইজ্জতের কথা বলার? এই অধিকার আমাদের আছে। আমরা বলছি. বাংলা মাকে আপনারা কলঙ্কিত করেছেন। তাই, আপনাদের আমলে এম.এল.এ জগদিশ দাস থান আক্রমণ করলে তার শান্তি হয়না। সং পুলিশ অফিসার সঞ্জয় মুখার্জিকে সরে যেতে হয আপনাদের আমলে রচপাল সিংরা. দেবেন বিশ্বাসরা থাকবে। আর থাকবে নন-গেজেন্টা পুলিশ কর্মচারি সমিতির সেই লোকগুলি যারা বামফ্রন্টকে জিন্দাবাদ বলে পশ্চিমবাংলা গণতন্ত্রের অপলাপ ঘটায়, গণতন্ত্রকে ধ্বংস করে। সং প্রলিশ অফিসার থাকবেনা। তাই ঐ বাজেটের একটা পয়সাও আমি সমর্থন করছি না। আমার যেটুকু শক্তি আছে, সবটুকু দি আমি বিরোধিতা করছি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: Mr. Mondal, what is your point of order?

শ্রী রবীন্দ্র নাথ মন্ডল ঃ স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। স্যার, আমার সাবিদ্রিক্তিল এই, এর আগেও শ্রী সৌগত রায় একটা স্টেটমেন্টে একই কথা বলেছিলেন, আজকের বললেন পশ্চিমবঙ্গ গণতান্ত্রিক মহিলা সমিতির নেত্রির নামে তিনি যে অভিযোগ করলে আমি আপনার কাছে অনুরোধ করবো, এই বিষয়টি এখান থেকে এক্সপাঞ্জ করা হোক। বাবে এই ধরনের কথা যিনি এই সভার সদস্যা নন তাকে উদ্দেশ্য করে, উদ্দেশ্য মূলকভারে এই সভায় এই ধরনের কথা বলা হচ্ছে এটাই আমি আপনার কাছে অনুরোধ করছি।

ি মিঃ স্পিকার ঃ আমি প্রসিডিংসটা দেখে, তারপরে বলবো।

[3-40 — 3-50 p.m.]

শ্রী সৌমেন্দ্র চন্দ্র দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পুলিশমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী ও ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন করছি এবং সমর্থন করে করের্বাকথা বলছি আজকে কোনও পূলিশ নিয়ে আমাদের কাজ করতে হচ্ছে? এই পূলিশ ১৯৪৮ সালে যখন দেশ স্বাধীন হল, ১৯৪৮ সাল থেকে ৭৭ সাল পর্যন্ত মাঝখানে যুক্তফ্রন্টের ক্ষুসময় বাদে এই পূলিশ বাহিনী কারা গড়ে তুলেছিল? এই কংগ্রেসিরা পূলিশ বাহিনী গড়ে তুলেছিল এবং পূলিশ বাহিনীর চরিত্রকেও এই কংগ্রেসিরা গড়ে তুলেছিল। ভারতবর্ব এর্ক্ট পূঁজিবাদি রাট্র আমরা জানি যে কালচার ইজ দি সুপার ষ্ট্রাকচার অব ইকনমি। অর্থনীতিঃ বুনিয়াদ হচ্ছে সংস্কৃতি। পূঁজিবাদি যে রাষ্ট্র তার সংস্কৃতিও পূঁজিবাদি হয়ে থাকে। পশ্চিমবাংলার ক্ষমতায় আমরা বিপ্লবের মধ্যে দিয়ে আসিনি। পশ্চিমবাংলার কোটি কোটি মানুষের চিন্তাভাবনা, তাদের চেতনা সমস্ত কিছু পান্টে গেছে, এটা ভাবার কোনও অবকাশ নেই। পূলিশে মধ্যে একটা অংশ আছে, যারা কংগ্রেসিদের সেবক। পুলিশের মধ্যে একটা অংশ আছে, যারা কংগ্রেসিদের সেবক। পুলিশের মধ্যে একটা অংশ আছে যার

ক্রংগ্রেস সমর্থিত পুলিশ কর্মচারি সমিতি করে। আর এরা বিভিন্ন জায়গায় বামফ্রন্ট সরকারকে ে-ইজ্জত করার জন্য গুলি চালিয়ে দেয়, এটা ঘটনা। গুলি চালনার যে ঘটনা ঘটছে আমি েখানে মখামন্ত্রীকে উদ্দেশ্য করে বলতে চাই, একজন ব্যক্তি, আর একজন ব্যক্তিকে হত্যা করে. আইন অনুসারে তার বিচার, সাজা হয়। মমতা ব্যানার্জি তার বক্তব্যের মধ্যে দিয়ে মান্যকে বিভ্রাপ্ত করে, উত্তেজিত করে সারা পশ্চিমবাংলার কত জন মানুষকে হত্যা করেছে তার বিরুদ্ধে, সৌগতবাবুর বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে? কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। উর্জেজত করে মানষকে হত্যা করলো, তার বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হবে নাং হাওডার দের উৎপল মারা গেল, কংগ্রেসের নেতারা বলেছে বার বার যে কংগ্রেসের অন্তর্মের জন্যই <sub>মারা</sub> গেছে। মমতা ব্যানার্জি ৩০ তারিখে কচবিহারের দিনহাটায় গিয়েছিলেন, আমরা বামপদ্বীরা তার আগে থেকে কয়েক দিন ধরে মাইক নিয়ে প্রচার করে বেডিয়েছি মমতা ব্যানার্জি জনসভা হবে, অহেতক উত্তেজনা সৃষ্টি করবে, আইন-শৃঙ্খলা বিঘ্নিত করার চেষ্টা করবে, আপনারা সেই প্ররোচনায় পা দেবেন না। কংগ্রেসের অভ্যন্তরীণ অন্তর্ধন্দের ফলে এখানে অনেক বিশ্বস্থালার সৃষ্টি হয়। কংগ্রেসের সূত্রত মুখার্জি কয়েক দিন আগে বলেছেন মমতা ব্যানার্জির কোনও জ্ঞান নেই, কোনও ধারনা নেই। কংগ্রেসের আর কি বলার আছে এখানে? জয়নাল আবেদিন সাহেব এখানে আছে. উনি বলেছেন সি.পি.এম যদি কোনও অন্যায় করে তাহলে প্রশাসন তাকে অ্যারেষ্ট করে না, গ্রেপ্তার করে না ইত্যাদি। আজকে সকালে মুখ্যমন্ত্রী কংগ্রেস সদস্য আব্দুল মান্নান সাহেবের এক প্রশ্নের উত্তরে বলেছেন, মূর্শিদাবাদে সৌগতবাব এবং সোমেনবাব গিয়ে খনী আসামির বাডিতে গিয়েছিল এবং তাকে উৎসাহিত করতে গিয়েছিল। সেখানে যারা আারেষ্ট হয়েছে তার মোট সংখ্যা হচ্ছে ২৬ জন। মাননীয় মুখামন্ত্রী বলেছেন তার মধ্যে সি.পি.এম-এর লোকও আছে। জয়নাল আবেদিন সাহেব বলেছেন যে সি.পি.এম অন্যায় করলে সাজা হয় না. গ্রেপ্তার হয় না। কিন্তু এখানে মুখ্যমন্ত্রী বলেছেন এই যে ২৬ জনকে অ্যারেস্ট করা হয়েছে তার মধ্যে কংগ্রেসের লোক আছে এবং সি.পি.এম-এর লোকও আছে। মাননীয় মুখ্যমন্ত্রীর বাজেটকে সমর্থন করি এই কারণে, মাননীয় মুখ্যমন্ত্রী বারে বারে বলেছেন যারা অন্যায় করবে তারা যে দলেরই লোক হোক না কেন পলিশকে নিরপেক্ষ ব্যবস্থা নিতে হবে। এই কথার এখানেই প্রমাণ হয় যখন মূর্শিদাবাদে যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের মধ্যে সি.পি.এম-এর লোক আছে এবং কংগ্রেসের লোক আছে। সেইজন্য বলছি কতকগুলি বিষয় আছে সেইগুলি আপনাদের লক্ষ্য রাখা উচিত। কংগ্রেস গণতন্ত্রের কথা বলে, আনন্দবাজারের উদ্ধৃতি দেয়। কিন্তু এই আনন্দবাজার কার ধারক এবং বাহক? আমি একটা বিষয় আপনাদের সামনে তুলে ধরতে চাই। ভারতবর্ষের সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করে ১৯২৮ সালের ২৩শে মার্চ ভগৎ সিং-এর ফাঁসি হয়েছিল। সামনে ২৩শে মার্চ চলে গেল, গণশক্তি ছাড়া কেউ দূ-লাইন এই ব্যাপারে লেখার প্রয়োজন মনে করলো না। ভারতবর্ষের যুব সমাজের কাছে ভগৎ সিংকে জানাবার দরকার আছে। তাকে অনুকরণ করে ভারতবর্ষের যুব সমাজ অন্যায়ের বিরুদ্ধে লড়াই করতে শিখবে। যাইহোক কংগ্রেস আবার বলছে তাদের আমলে পুলিশ নিরপেক্ষ ছিল। আমরা কুচবিহারের মানুষ ১৯৪৭ সালে দেশ ম্বাধীন হল, ১৯৫০ সালে কুচবিহার পশ্চিমবাংলার সাথে যুক্ত হল, ১৯৫১ সালে কুচবিহারের মানুষ এক মুঠো অঙ্গের জন্য নরেশ বোসের নেতৃত্বে শহীদ মিনারের সামনে জড়ো হয়েছিল। শেই সময় মুখামন্ত্রী বিধান রায় সেখানে পুলিশ লেলিয়ে দিয়েছিল। তার ফলে সেই দিন

[7th April, 1994]

কবিতা, বন্দনা, বাদল, সতীশ শহীদ হল। তখন থেকে কুচবিহারের মানুষ কংগ্রেসের চিক্রি চিনে গেল। তারপর ১৯৬২ সাল থেকে কুচবিহারের মানুষ নির্বাচনে কংগ্রেসকে আর ভোট দিল না। কংগ্রেস গণতন্ত্রের কথা বলে কংগ্রেসের আমলে পশ্চিমবাংলায় জননেতা ত্রেভ বসুকে হত্যা করেছিল কে তা আমাদের জানা ঘটনা। মুর্শিদাবাদের মানব সাহাকে কংগ্রেসিরা হত্যা করেছিল। জলপাইগুড়িতে চা বাগানে সি-আই-টি-ইউ.'এর মানুষদের কারা হত্যা করেছিল তা আমাদের জানা ঘটনা। সেজন্য কংগ্রেসিদের কিছ বলার নেই। এই নারী নির্যাতন, পনপ্রথার বলি সারা দেশের তুলনায় আমাদের পশ্চিমবাংলায় কম, তা এই বইতে আছে। তবে এতে আত্মতৃষ্টির কোনও অবকাশ নেই। এই বিদ্যাসাগরের বাংলায়, ক্ষুদিরামের বাংলায় বধহতা। নারী হত্যা যাতে একটিও না ঘটে তারজন্য পরিপুরক গণ আন্দোলন গড়ে তুলতে হবে। চুরি, ডাকাতি, খুন একটু অবশ্য আছে। পুঁজিবাদি সমাজে চুরি, ডাকাতি, রাহাজানি এণ্ডলোকে কমানো যায় যদি কংগ্রেসিরা নিজেদের একটু নিয়ন্ত্রণ করে। তবে চরি ডাকাতি, রাহাজানিব বিরুদ্ধে পুলিশ প্রশাসন ব্যবস্থা নিচ্ছে। কারণ সমাজ বিরোধিদের মধ্যে একটা বড অংশ কংগ্রেসের সঙ্গে যুক্ত আছে। প্রদেশ কংগ্রেসের ঘরে যায় যার বিরুদ্ধে ওয়ারেন্ট আছে এট অধীর চৌধুরীর বিরুদ্ধে ওয়ারেন্ট আছে, সে কলকাতায় আসে, অথচ পুলিশ তাকে ধরতে পারছে না. এটা পলিশের ব্যর্থতা। এটা মুখ্যমন্ত্রী যেন একটু দেখবেন। সে কলকাতায় আসছে অথচ পুলিশ তাকে ধরতে পারছে না কেন? পুলিশকে নিরপেক্ষ ভাবে কাজ করতে হবে। **অনেক জায়গাতে তারা নিরপেক্ষ ভাবে কাজ করছে, কিন্তু সব জায়গাতে নয়। কুচবিহারে** মদন মোহনের বিগ্রহ চুরি হয়ে গেল। পুলিশের বার্থতার জন্য তা এখন উদ্ধার হয়নি। পুলিশের এই ব্যর্থতাকে দূর করতে হবে। এই সঙ্গে সঙ্গে আমি পুলিশ যে কাজ করছে তারও প্রশংসা করবো। কারণ কুচবিহারে গত ২৭শে ফেব্রুয়ারি তারিখে যে ওয়ারলেস চুরি হয়ে গিয়েছিল তা সাফল্যের সাথে পুলিশ উদ্ধার করেছে। কুচবিহারে তিনবিঘা আন্দোলনকে **क्लिं करत भान्य यथन विद्याष्ट, उथन পुनिश निर्दार्थक ভाবে তাকে कार्यक**री करत्रहा পুলিশের সাফল্যের জন্যই সেটা সম্ভব হয়েছে। সেজন্য পুলিশের ক্ষেত্রে এটাও চিন্তা করতে হবে যে তারাও মানুষ। তার জন্য থানায় থানায় যে পুলিশ আছে তাদের উন্নতি হওয়া দরকার। গ্রামাঞ্চলে থানার সংখ্যা বাডানো দরকার। পরুলিয়া বিহারের সীমান্তবর্তী এলাকা। ওখানে থানা এবং পুলিশ ফাঁড়ির পরিমাণ বাড়ানো দরকার, পুলিশ ফোর্স বাড়ানো দরকার। উত্তর বাংলায় স্বায়াত্ব শাসনের নামে মানুষে মানুষে হানাহানি চলছে। সেখানে পুলিশকে আরও আধুনিকীকরণ করা প্রয়োজন। আজকের পত্রিকায় দেখলাম যে, আধুনিকীকরণের জন্য পাঁচটি রাজ্যকে কেন্দ্র টাকা দিচ্ছে। কিন্তু পশ্চিমবাংলাকে তারা টাকা দিচ্ছে না। কেন্দ্রীয় সরকার সমস্ত জায়গায় মানুষের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করছে। পুলিশের মধ্যে হোমগার্ড আছে, এন.ভি.এফ. আছে। আজকে স্বাধীনতা লাভের পর ৪৭ বছর পার হয়ে গেল অথচ তাদের স্থায়ী চাকুরি হল না। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলবো, এদের দিকে একটু দৃষ্টি দেওয়া দরকার, এদের যাতে চাকুরির সুবন্দোবস্ত হয় এবং চাকুরির স্থায়িকরণ হয়, সেদিকে তিনি যেন দৃষ্টি দেন। কংগ্রেসিরা এই যে নির্বাচনের কথা বলছেন, কংগ্রেস আমলে নির্বাচন হয়েছে? আজকে সকালে আলোচনা হয়েছে এখানে কংগ্রেস আমলে আমাদের মখামন্ত্রীকে খুন করবার চেষ্টা করেছে ওরা। কংগ্রেসের মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ শঙ্কর রায় জ্যোতিবাবুর নিরাপতার ব্যবস্থা করেছিলেন। আজকে কংগ্রেসের সদস্যদের কাছ থেকে যদি সিকিউরিটিদের সরি<sup>য়ে</sup>

<sub>এএয়া</sub> যায় তা**হলে** কি হবে? তাদের ভয় যে এক গোষ্ঠী আর এক গোষ্ঠীর লোককে মেরে ক্রার। এখানে মনমোহন সিং এসেছিলেন। তিনি কলকাতায় পদযাত্রা করতে এসেছিলেন। <sub>ইন্ত্র</sub> পদযাত্রা তিনি করতে পারলেন না। কংগ্রেসের আর এক গোষ্ঠী তাকে পদযাত্রা করতে ্রালন না। প্রিয় রঞ্জন দাশমুপী যখন পদযাত্রা করতে গেলেন, তখন সোমেন মিত্রের গোষ্ঠী ্রাম গ্রহণ করলেন না, তারা তীব্র বিরোধিতা করেছে। খবরের কাগজে এটা বেরিয়েছে। ্রাতাকটি জেলাতে ওদের এই অবস্থা। মদন মোহন নিয়ে এখানে জয়নাল আবেদিন সাহেব ্র্লিচলেন যে এটি একটি স্পর্শকাতর বিষয়। হাাঁ, মদন মোহনকে কেন্দ্র করে ওদের নেতা. গ্রাহ্ম থেকে যিনি বহিদ্ধত, সেই মিহির গোস্বামী কি করেছেন? এই মিহির গোস্বামী <sub>ফবিহারে</sub> মদন মোহন বিগ্রহকে কেন্দ্র করে একাট সাম্প্রদায়িক বাতাবরণের আবহাওয়া ্<sub>টির</sub> চেম্বা করছে। মিহির গোস্বামী একটা লিফলেট বের করে এই বিষয়টাকে একটা ার্টানতিক আকার দেওয়ার চেষ্টা করছেন, এই বিষয়টাকে নিয়ে কংগ্রেসের আর একটা অংশ <sub>পথানে</sub> রাজনীতি করার চেষ্টা করছে। আজকে আমাদের এই যে পুলিশ এটা হচ্ছে কংগ্রেসের থকে উত্তরাধিকার সত্রে পাওয়া পলিশ, এখন পশ্চিমবাংলার বামপদ্বীদের আচার আচরণ ও র্ম্মকলাপ ইত্যাদির মধ্যে দিয়ে পুলিশের একটা অংশকে আমরা সংশোধন করতে পেরেছি, <sup>ভদ্ম</sup> বাকি অংশের আজও সংশোধন হয়নি। তারা কংগ্রেসের ধারক বাহক, তারা কংগ্রেসকে ার্জনৈতিক সুবিধা করে দেওয়ার জন্য বিভিন্ন জায়গায় অশান্তি সৃষ্টি করবার জন্য ষডযন্ত্রে নিও হন। এখানে বহরমপুরের যে আলোচনাটা ভক্তিবাব করেছেন, এই ঘটনার ব্যাপারে ামি মাননীয় মুখ্যমন্ত্রীকে আবেদন করবো, সেখানকার গোটা বিষয়টাকে অনুসন্ধান করে <sup>নখার</sup> প্রয়োজনীয়তা আছে। সেখানে গুলি না চালিয়েও পরিস্থিতির মোকাবিলা করা যেত লাং এইগুলি অনুসন্ধান করে দেখা প্রয়োজন। নারী নির্যাতন, বধু হত্যা এই যে সংখ্যাটা ম হয়েছে বিহার, উত্তরপ্রদেশ, অন্তপ্রদেশ এর তুলনায়, এক্ষেত্রে আমরা বলি একটাও যেন া হয়। কম হয়েছে তারজন্য আত্মতষ্টির কোনও কারণ নেই। এই কথা মুখ্যমন্ত্রী নিজেও ালছেন, কম হয়েছে বলে তারজন্য আত্মতৃষ্টির কোনও সুযোগ নেই। এই যে পুলিশের মধ্যে <sup>মনক</sup> পুলিশের সাজা হয়েছে, এই যে কয়েকদিন আকে এই অ্যাসেম্বলীতে পুলিশের একজন <sup>এসি.</sup> তিনি এখানে অশালীন আচরণ করেছিলেন তারজন্য তাকে সাসপেন্ড করা হয়েছে। ্বিরের কাগজে আপনারা সকলেই দেখেছেন এই ঘটনা। কংগ্রেসি আমলে এইসব ছিল না <sup>াবানে।</sup> আমাদের কাছে তথ্য রয়েছে, কলকাতা পুলিশে ৯৩ সালে ১১৭ জন আধিকারিকের <sup>নিকৃ</sup>দ্ধে বিভাগিয় ব্যবস্থা নেওয়া হয়েছে, ৬ জনের বিৰুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা <sup>ট্রেছে</sup>। এই বছরে বিভিন্ন পুলিশ আধিকারিকের বিরুদ্ধে ১৫টি ভিজিলেস কেস শুরু হয়েছে, <sup>ম্প্রাসি</sup> আমলে এইসব ছিল না। পশ্চিমবঙ্গ পুলিশেও অনুরূপ ভাবে ৫৪০ জনের বিরুদ্ধে <sup>াব্</sup>য়া নেওয়া হয়েছে। ১৯৯৩ সালে ৫১৩ জন আধিকারিকের বিরুদ্ধে বড় রকমের শাস্তির <sup>।বস্থা</sup> করা হয়েছে। এইসব কংগ্রেসি আমলে ছিল না। পুলিশ বাহিনীর পরিকাঠামোগত <sup>ট্রাত</sup> হওয়া **দরকার, আরও গাড়ি বাড়ানো দরকার, পুলিশের** সংখ্যা বাড়ানো দরকার, <sup>াহিলাদে</sup>র উপর যেরকম অত্যাচার হচ্ছে তারজন্য সামাজিক ভাবে ও রাজনৈতিক ভাবে <sup>মিশোলন</sup> হওয়া দরকার। পাশাপাশি মহিলা পুলিশ বাড়ানো দরকার বিভিন্ন স্তরে জেলায় ফলায়। এইগুলি দেখা দরকার। এই বলে, এই ব্যয় বরাদ্দকে সমর্থনে করে, যে সংশোধনী <sup>াইবেণ্ডলি</sup> দিয়েছি সেইণ্ডলি নিশ্চয় দেখবেন, কংগ্রেসের কাটমোশানের পূর্ণ বিরোধিতা করে

[7th April, 19

আমার বক্তব্য শেষ করছি।

[3-50 — 4-00 p.m.]

শ্রী আব্দুল মারান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের স্বরাষ্ট্র দপ্তরের মাননীয় পুলিশ তার দফতরের ব্যয়বরান্দের যে দাবি পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। আমা পক্ষ থেকে যে সমস্ত কাটমোশান এসেছে সেইগুলিকে সমর্থন করে আমার বক্তব্য রাহ স্যার, আমরা ৭৭ সাল থেকে আছি, ৯১-৯২ সালের পুলিশ বাজেটে যে বরাদ্দ ছিল ও কোটি ১৯ লক্ষ ৪৭ হাজার টাকা, সেটা প্রতি বছরে বাড়তে বাড়তে মাত্র ৩ বছরে দে আজকে সেটা ৪৪০ কোটি ১৪ লক্ষ টাকা চলে এসেছে। অর্থাৎ ১০৭ কোটি টাকা পুলিতে মাত্র ৩ বছরে বাড়ানো হয়েছে। কারণ কি, জ্যোতিবাবু তার বাজেট বক্তৃতায় বলো পুলিশের কাজের গুণগত মানকে উন্নত করার জন্য এটা করেছেন। মানের উন্নতি মানে এই ব্যাপারে আমরা বেশিদুর যাব না, এখানে রবীন বাবু থাকলে ভাল হোত, সরল আছেন ওনাকেই বলছি, রবীনবাবু বাইরে যে কথাটা বলছেন, এখানে সেটা বললে বুঞা তার কথাটা কতটা সঠিক।

[\*\*\*] শাসক দলের সদস্য যিনি আজকে হোম পলিশ বাজেটে সরকারপক্ষের সং বক্তব্য রাখলেন সেই সদস্য বাইরে দাঁডিয়ে বলছেন তার সরকারের একজন মন্ত্রী তার দ লোকদের খুন করেছেন। তাহলে রাজ্যের আইন শৃঙ্খলার অবস্থা কেমন সেটা সহজেই অন্ আজকে রবীনবাব বাইরে যে কথা বলেছেন হাউসে যদি সেই কথা বলতেন তাহলে বুক স্যার, পুলিশের কাজের মান কত বেডেছে সে কথার মধ্যে বিস্তারিতভাবে যাব না কিছ অবস্থায় আমরা পুলিশের উপর আস্থা রাখবো কি করে, পুলিশমন্ত্রীর ব্যয়বরাদ্দ সমর্থন কর কোন অধিকারে সেটা আমরা বুঝতে পারছি না। স্যার, ওরা নারী নির্যাতন নিয়ে অনেক ব **मिलन—मिल्लि, वरम, प्राप्तारक्षत कथा वलालन। मिल्लि यार्क राज्य नार्या, व्यापक प्रा** রাস্তা, অতো দূরে যাবার দরকার কি, এখান থেকে একটু হেঁটে চেম্বারের বাইরে করেক গিয়েই কিছুদিন আগে কি ঘটনা দেখলাম? দেখা গেল, একজন পূলিশ অফিসার, তিনি এ মদ্যপ অবস্থায় তার সহকর্মী একজন পুলিশ অফিসার যিনি আবার মহিলা তাকে ি করছেন এবং তাই নিয়ে সেই এ.সি'র সঙ্গে ডি.সি'র ঝগড়া লেগে গেল। একজন গু অফিসার তার সহকর্মী মহিলা পুলিশ অফিসারকে টিজ করছেন এবং সেই মহিলা পুনি অফিসার নিরাপত্তার অভাব বোধ করে উপর তলার অফিসারকে সে কথা বলছেন এ খোদ বিধানসভা ভবনের মধ্যে এই ঘটনা ঘটছে তাহলে পুলিশের নৈতিক মান কোন প্রা নেমে গিয়েছে চিন্তা করে দেখন।

মিঃ ম্পিকার : এটা বিধানসভা ভবনের মধ্যে নয়, বিধান সভার প্রাঙ্গনে।

শ্রী **আব্দুল মান্নান ঃ** স্যার, আমি বলছি, আপনার চেম্বার থেকে একটু দূরে বা অফিসে আপনি বসে থাকেন সেখান থেকে বাইরে তাকালেই আপনি দেখতে পে<sup>তেন ও</sup> ঘটনাটা।

<sup>[\*\*\*]</sup> Expunged as ordered by the chair

মিঃ স্পিকার ঃ মিঃ মান্নান, আপনি এখানে উল্লেখ করলেন মাননীয় সদস্য শ্রী রবিন মুচ্চল বাইরে কি কি বলেছেন। আপনি রবিনবাবুকে নোটিশ দিয়ে এসব বলছেন কি?

গ্রী আব্দুল মান্নান ঃ স্যার, আমি বাইরে রবিনবাবুকে বলছিলাম যে এটা বলব।

মিঃ স্পিকার : না, না, এটা হবে না। রবিনবাবু সরলবাবুকে কি বলেছেন বলে এ। মান্নান যেটা উল্লেখ করলেন সেটা বাদ যাবে।

খ্রী আব্দুল মান্নান ঃ স্যার, ওরা ১৯৭২/৭৭ সালের অনেক রেফারেন্স দিলেন। কিন্ত <sub>এবা</sub> যদি একটা রেফারেন্স দিতে পারতেন যে পুলিশের কাছে কোনও মহিলা আশ্রয় চাইতে গিয়েছে এবং সেই আশ্রয় চাইতে গিয়ে কংগ্রেস আমলে সেই মহিলা পলিশের দারা ধর্যিতা ক্রছেন তাহলে বঝতাম। অথচ এই বামফ্রন্টের আমলে সেই ঘটনা ঘটেছে। সিঙ্গর থানায় কাকলি সর্দার বলে একটি মহিলার ক্ষেত্রে এই ঘটনা ঘটেছে। এই কাকলি সর্দার, তিনি ট্রেন ধরতে পারেন নি. প্ল্যাটফর্মে দাঁডিয়ে আছেন, সাধারণ মানুয ভাবলেন কোথাও রাত্রে থাকবেন মহিলা তাই তারা তাকে সিঙ্গর থানাতে নিয়ে গেলেন এবং পলিশ হেফাজতে রাখলেন। তারপর কি ঘটনা ঘটলো? সিঙ্গুর থানাতে সেই মহিলা তিনজন কসটেবল এবং একজন এএস আই দ্বারা ধর্ষিতা হলেন। যে পলিশের কাছে নিরাপতার জন্য ঐ মহিলা গেলেন সেই পলিশের দ্বারাই তিনি ধর্ষিতা হলেন। এ আমরা কোন রাজ্যে বাস করছি? ফলবাগানের কথা ওরা বললেন। ঐ নীলকমলের শাস্তি হত না যদি না বাইরের মান্য ফুলবাগানের ঘটনার কথা জানতে পারতেন। ঐ নীলু এন্টালি থানাতে এরকম ঘটনা আগেও ঘটিয়েছে। এন্টালি থানার রেকর্ডে এরকম বহু ঘটনার নজিরও আছে। তাকে টাসফার করা হয়েছে কিন্তু শাস্তি দেওয়া হয়নি। একজন পুলিশ অফিসার শুধু আপনাদের দলের লোক বলে তাকে দিনের পর দিন আপনারা প্রশ্রা দিচ্ছেন। এর ফলে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে পুলিশ প্রশাসন সমাজবিরোধীদের সঙ্গে হাত মিলিয়ে পশ্চিমবঙ্গে যা ইচ্ছা করে যাচ্ছে। এর ফলে মহিলারা পর্যন্ত এখানে নিরাপদ বোধ করতে পারছেন না। সাার, রবীন বাব বললেন মমতা ব্যানার্জি যেখানে যাচ্ছে সেখানেই এমন অবস্থার সৃষ্টি করছে যাতে পুলিশকে গুলি চালাতে হচ্ছে। সেখানে পরিস্থিতি এমন ক্রিয়েট করে দেওয়া হচ্ছে যে পলিশ গুলি চালাতে বাধ্য হচ্ছে। রবীন বাবর কথা তর্কের খাতিরে যদি মেনে নেওয়া যায় তাহলে সরকার পক্ষের সদস্যদের এবং মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করবো আপনি বলবেন কি হরিহর পাড়াতে যে গুলি চলেছিল, শেখানে কি মমতা ব্যানার্জি গিয়েছিল? শান্তিপুরে জলের দাবিতে যে গুলি চলেছিল সেখানে কি মমতা গিয়েছিল, তারাপুরে ডাক্তারের বদলির ব্যাপারে যে গুলি চলেছিল সেখানে কি ম্মতা গিয়েছিল, কুমার গঞ্জে শিক্ষকের বিরুদ্ধে যে গণ আন্দোলন হয়েছিল সেখানে কি ম্মতা গিয়েছিল, এই সমস্ত জায়গায় মমতা ব্যানার্জি না গেলেও যদি গুলি চলে ট্রিগার হ্যাপি পুলিশ যদি গুলি চালায় মুখ্যমন্ত্রী তো শিব ঠাকুরের মত বসে আছেন, এই শিব ঠাকুরকে <sup>খুসি</sup> করার জন্য, তিনি যেমন রিপোর্ট পছন্দ করেন সেইরকম ভাবে রিপোর্ট তৈরি হয়। <sup>বিধানসভার</sup> নির্বাচন হোক, লোক সভার নির্বাচন হোক, পৌর সভার নির্বাচন হোক, এই <sup>নির্বাচন</sup>গুলোতে দলের হয়ে কাজ করতে হবে, রিগিং করতে হবে, যাতে প্রকৃত ভোট দাতারা <sup>ভোট</sup> না দিতে পারে। মানব সাহা এবং আল্লা রাখা আপনাদের দলের উপদলিয় কোন্দলে

[7th April, 1994

খুন হয়েছে। আজকে সুভাষ চক্রবতী এবং সুভাষ চক্রবতীর আণি গ্রুপ এর কোন্দলের ফরে ব্যারাকপুর বেল্টে আজকে এত খুন হচ্ছে এবং সেইগুলো চাপা দেবার জন্য কংগ্রেসের ঘারে দোষ চাপিয়ে দেওয়া হচ্ছে। মানব সাহা খুন হয়েছে উপদলিয় কোন্দলের ফলে, মুর্শিদাবার আপনাদের উপদলিয় কোন্দলের ফলে আলা রাখা খুন হয়েছে। সুতরাং আমার সময় অন্ধ এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 p.m.]

শ্রী ক্ষিতি গোস্বামী: মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে ৪৪০ কোটি ১০ লক্ষ টাকার ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন, আমি তাকে সমর্থন করছি। আমরা সকলে জানি যে আমাদের এখানে যে পুলিশ ব্যবস্থা, যা নিয়ে এত বেশি আলোচনা হচ্ছে এ মূলটা তৈরি হয়েছিল ব্রিটিশ আমলে এবং এর পরে কংগ্রেসি রাজত্ব চলেছে দীর্ঘকাল, এব এটা স্বীকার করবেন। যার ফলে পুলিশি ব্যবস্থাটাকে বর্তমানে পুরোপুরি ভাবে পরিবর্তন কর সম্ভব হয়নি। বামফ্রন্ট যখন ক্ষমতায় এলো উত্তরাধিকার সুত্রে সেই পুলিশ প্রশাসনকে আয়ং পেলাম। কিন্তু এর শুনগত পরিবর্তন হয়ে গেছে এটা বলা যায় না এটা ভাবাও যায় না ভোট হয়েছে, আমরা দেখেছি মন্ত্রী সভা হয়েছে, এই হাউসের যে কমবিনেশন ছিল সেটা 🞉 হয়ে গেছে, কিন্তু পুলিশের পরিবর্তন অবস্থায় তার বদল ততটা আসেনি। এখন পুলিশ হে অবস্থার মধ্যে আছে. প্রলিশের সঙ্গে জনগণের প্রশাসনিক দিক থেকে যোগাযোগ রাখা, সেট হয়নি। যে কোনও থানায় দারোগারা লিঙ্ক ম্যান হিসাবে জনগণের কাজ করবেন। দারোগালে ভূমিকা এমন ছিল — একটা গল্প আছে, একজন বৃদ্ধা একজন জজকে বলেছিলেন বাব আর জমে যেন তুমি দারোগা হয়ো। অর্থাৎ তখন দারোগাদের যে প্রতিপত্তি ছিল সেই প্রতিপত্তি যায়নি। এখনও পর্যন্ত সেটা রয়ে গেছে। দারোগারা থানায় থানায় লিঙ্ক ম্যান হিসাবে কাজ করবেন, তাদের একটা বড ভূমিকা থাকবে সেটা আমরা জানি। কাজেই ইচ্ছে করলেই সেই ভূমিকা পাল্টে দেওয়া যায়না। জ্যোতিবাব স্বরাষ্ট্রমন্ত্রী হয়েছেন, অতএব তিনি রাতারাতি সমস্ত কিছু পাল্টে দেবেন—এটা ভাবা যায়না। এটাই বাস্তব কথা। সূতরাং ইচ্ছে করলে পূর্লিশ একটা সরকারকে জনপ্রিয় করতে পারে, আবার ইচ্ছে করলে একটা সরকারকে ডোবাতে পারে। সেই অবস্থা এখনো এখানে আছে এবং আমরা সেখানে অসহায়। সেই পরিস্থিতির মধ্যে দাঁডিয়ে পুলিশ প্রশাসন পরিচালনা করতে হচ্ছে। আমরা দেখছি <sup>ওরা</sup> অভিযোগ করছেন — পুলিশ বিভিন্ন জায়গায় লাঠি, গুলি চালাচ্ছে এবং মাননীয় সদস্য সৌগত রায় আানালোজি টানবার চেষ্টা করলেন। তিনি বললেন, ''আমি এর আগে বিধানসভাই ৩১শে, জুলাই-এর ঘটনার পরিপ্রেক্ষিতে যে ভূমিকা নিয়েছিলাম তা যথার্থই ছিল। কারণ ১৯৫৯ সালে কলকাতায় একটা ঘটনা ঘটেছিল, তাতে সেদিন তখনকার বিরোধী দলের <sup>নেতা</sup> কি বলেছিলেন?" এই কথা বলে তিনি সেদিনেরও বিরোধী দলের নেতার ভাষণের অংশ বিশেষ এখানে পাঠ করলেন এবং তিনি প্রমাণ করতে চাইলেন যে, তার ঐ আচরণের জাষ্টিফিকেশন আছে। তিনি বললেন, 'আমি তারি পদাঙ্ক অনুসরণ করেছি।'' স্যার, আমি সৌগতবাবুকে ৰলতে চাই যে, দুটো এক জিনিস নয়। স্যার, আমাকে একটু ক্ষমা <sup>করবেন,</sup> আমি এখানে একটা গ্রাম্য কথা উল্লেখ করতে চাই—কিসের সঙ্গে কিসের তুলনা, <sup>চাঁদের</sup> সঙ্গে — (ড্যাস)-এর! ১৯৫৯ সালে বৃভূক্ষ্, দুর্ভিক্ষ পীড়িত মানুষ মিছিল করে কলকাতা শহরে খাদ্য চাইতে এসেছিল। আর গত ২১শে, জুলাই কিছু হলিগাপ'কে এক জায়গায় <sup>জড়ে</sup>

করে তাদের বলা হল তোমরা আমার নেতৃত্বে চলো, রাইটার্স' বিশ্ভিং উডিয়ে দেব। এটাকে বলা যায়, কিছু বোকা লোককে লাঠি গুলির খাদ্য করা হয়েছে। সূতরাং কতগুলি ছলিগান্স কৈ <sub>নিয়ে</sub> রাইটার্স বিশ্ভিং দখল করতে যাওয়া আর বুভুক্ষু মানুষের খাদ্যের দাবি, দটোকে এক করা যায়না। একদল মানুষ খেতে পাচ্ছেনা, খেতে চাইছে, আর একদল ছলিগান্স-এর গুন্ডামি <sub>দটো</sub> এক জিনিস নয়। অতএব সেদিনের জ্যোতি-বাবুর প্রতিক্রিয়া আর সৌগতবাবুর প্রতিক্রিয়া ্র<sub>াক</sub> হতে পারেনা। যেহেতু সেদিন জ্যোতিবাবু ঘটনার গুরুত্বের পরিপ্রেক্ষিতে উত্তেজিত হয়ে ্য কথা বলেছিলেন সেহেতু সৌগতবাবুও মুখ্যমন্ত্রীর দিকে পাদুকা হাতে ছটে যাবেন — তার ক্রত-কর্মের সপক্ষে উদাহরণ টেনে তিনি আজকে যে বক্তব্য রাখলেন আমি তার বিরোধিতা ক্বছি। একটা ছিল অরিজিনাল মুভমেন্ট, আর একটা মুভমেন্টের নামে নাটক। সূতরাং সেদিন সাগতবাব যে অপরাধমূলক কাজকর্ম করেছেন তার কোনও জাষ্টিফিকেশন নেই। একজন অধাপক হিসাবে আমরা তার কাছে যে রুচিবোধ যে কালচার আশা করি, তার আচরণ এবং বলেবার মধ্যে তা নেই। উনি এমন একটা কথা বললেন — সেই কথাটা এক্সপাঞ্জ করা ফ্রল— সেটা কোনও সম্ভ রুচির পরিচয় নয়। উনি এখানে বক্তব্য রাখতে যে সমস্ত ভাষা প্রয়োগ করলেন — একটা অংশ এক্সপাঞ্জ হয়েছে ঠিকই — তাতে আমি আশা করি উনি একজন নেতা, উনি কংগ্রেস দলকে অনেক ক্ষেত্রেই পরিচালিত করছেন এবং অধ্যাপক হিসাবে ওর কাছে অনেক ছেলেই যায়, তাদেরও উনি পরিচালনা করেন তাদের অন্ততঃ এইবকম ভাষা এবং আচার-আচরণের মাধ্যমে পরিচালনা করবেন না। কারণ যে রুচি এবং কালচারের উনি আজকে এখানে পরিচয় রাখলেন তা যদি তাদের কাছেও প্রকাশ করেন তাহলে আমাদের দেশের ছেলেরাও ঐরকম অসভ্য আচরণ করতে এবং মিথ্যে কথা বলতে শিখবে। যে সব শব্দ এখানে উচ্চারণ করা যায়না, সভ্য সমাজে বলা যায়না তা যদি একজন শিক্ষকের কাছ থেকেই বেরিয়ে আসে এবং তিনি যখন একটা দলকে পরিচালনা করেন তখন নিশ্চয়ই আমাদের আইন-শঙ্খলা পরিস্থিতি নিয়ে ভাবতে হবে। তারা তো তাহলে যা খুশি করবেন, যা খুশি করবার চেষ্টা করবেন। তবে আমি বলতে চাই, এ কথা ঠিক যে, বামফ্রন্ট আমলেও বহু জায়গায় পুলিশ আমাদের কথা ঠিক মত শুনছেনা। এমন অনেক কাজও করছে, যারজন্য পরবর্তীকালে আমাদের শাস্তি বিধানের ব্যবস্থা করতে হচ্ছে এবং মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর বাজেট ভাষণের মধ্যে বহু ঘটনারই উল্লেখ করা হয়েছে। এই প্রসঙ্গে আমি বলতে বাধ্য হচ্ছি যে, এখন দোষী পলিশ অফিসারদের শাস্তি দেওয়া হচ্ছে, অথচ কংগ্রেস আমলে আমরা দেখেছি কথায় কথায় জনসাধারণকে পুলিশ দিয়ে বিব্রত করা হত, কথায় <sup>কথায়</sup> মিসা, পি.ডি. অ্যাক্ট প্রয়োগ করা হত, মানুষকে হ্যারাস করা হত। এই প্রসঙ্গে আমার একটা কথা মনে পড়ে যাচেছ, আমি দক্ষিণ ২৪-পরগণার একজন চাযিকে জানতাম, তার <sup>বিরুদ্ধে</sup> ৮২টা মামলা ছিল, ফলে সে কোনও দিন গ্রামে ফিরতে পারতো না মামলার আটেনডেন্সের জন্য। সে এই ময়দানে ফল বিক্রি করত। সে আমাকে বলেছিল, 'গ্রামে ফিরে <sup>গেলে</sup> রোজ থানায় আটেনডেন্স দিতে হবে।' অসংখ্য চাষিকে ঐ সময়ে থানায় আটেনডেন্স <sup>দিতে</sup> হত। যখন তখন এক একজনের বিরুদ্ধে ১২/১৩টা মামলা ঝুলিয়ে দেওয়া হত। থানায় <sup>হাজি</sup>রা দিতে গেলেই দারোগাবাবু বলতেন আগে জল এনে দাও, কাপড়টা কেচে দাও। এই <sup>ভাবে</sup> তাদের ঘন্টার পর ঘন্টা আটকে রেখে বেগার খাটান হত, হয়রান করা হত। একটা <sup>থানা</sup> দেখান সেইসব মানুষগুলিকে হাজিরা খাতার সামনে বসিয়ে রেখে সেইভাবে তাদেরকে

[7th April, 1994)

খাটানোর চেষ্টা করা হচ্ছেং পুলিশের সাহস আছে মানুষণ্ডলিকে খাটাবেং মানুষ নিজেন তাদের দরকারে থানায় আসে। বিনা পয়সায় খাটিয়ে নেবে সেটা আপনাদের (কংগ্রেসিদের আমলে) আমলে এই কাজগুলি হত। এই কাজ আপনারা করতেন। পুলিশকে অন্ততঃ এই জায়গায় আমরা লাগাম লাগাতে পেরেছি। পুলিশ প্রশাসনকে এই জায়গায় আমরা <sub>লাগায়</sub> লাগাতে পেরেছি। আমরা বলেছি, জনগণের পক্ষে কাজ করো, জনগণের পক্ষে থাকার চেটা করো. গরিব. খেটে-খাওয়া নিরপরাধ মানুষদের পক্ষে থাকো। যারা বিচার পায় না. তাদের সবিচার দেবার চেষ্টা করো। আমরা জানি, এক্ষেত্রে সম্পূর্ণ সফল আমরা হতে পারিনি। কারণ দৃষ্টি-ভঙ্গী গত কারণে অনেকেই আমাদের সঙ্গে নেই। যেভাবে আমরা বলতে চাইছি সেইভাব প্রশাসন পরিচালনা করার জায়গায় নেই। কিন্তু আমরা চেষ্টা করছি এবং যথেই সফলন অর্জন করেছি। সেটা এই বিবৃতির মধ্যে যেমন পাওয়া যাচ্ছে, তেমনি আজকে পশ্চিমবাংলার যে চেহারা, তার যে ক্রাইমের কমপ্যারেটিভ ষ্টাডি আরও অন্যান্য রাজ্যগুলির সঙ্গে যদি কমপ্যারেটিভ ষ্টাডি করা যায় তাহলে দেখা যাবে আমরা ভাল জায়গায় দাঁডিয়ে আছি। কিছ একটা কথা মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে বলবার আছে, সেটা হচ্ছে, হিটলারের শাসনকালে হিটলার সেখানে নিন্দিত হয়েছিলেন এবং যদ্ধে তিনি পরাজিত হয়েছিলেন কিনা জানি না কিছ পরবর্তীকালে হিটলারের আমলে যারা অত্যাচার চালিয়েছিলেন তারা কিন্তু একথা বলে পার পায়নি কখনও, যে হিটলারের নির্দেশে আমরা অত্যাচার চালিয়েছি। অতএব আমাদের কোন অপরাধ নেই। তাহলে আইকম্যান ক্ষমতা পেয়ে যেতেন। কিন্তু আইকম্যানকে ক্ষমা করা হয়নি। তেমনি কংগ্রেসিদের আমলে ওরা কিছু কিছু পুলিশকে অ্যালসেসিয়ান ডগ তৈরি করেছিলেন। সেই সমস্ত অ্যালসেসিয়ান ডগগুলি, সেই সমস্ত পুলিশ অফিসারগুলি বামফ্রটেব আমলে থেকেছে। সেই সমস্ত আইকম্যানদের আমরা খুঁজে বের করতে পারিনি। তারা যেভাবে মানুষদের হত্যা করেছে, আমাদের কমরেডদের হত্যা করেছে, বিভিন্ন জায়গায় সাধারণ মানুষদের উপর অত্যাচার চালিয়েছে তার স্পষ্ট নজীরগুলি রয়েছে। সেক্ষেত্রে সেই সমস্ত আইকম্যানদের খুঁজে বের করে তাদের বিচার করার জায়গা ছিল এবং আমরা সেই উদাহরণ সৃষ্টি করতে পারতাম। সেই সমস্ত পুলিশ অফিসাররা প্রশাসনের মধ্যে লুকিয়ে আছে যারা পিছন দিক থেকে ছরিকাঘাত করার চেষ্টা করছেন। আমাদের প্রশাসন ব্যবস্থায় তারা যে স্পর্যা পেরা যাড়েন সেই স্পর্ধার জায়গাটা আমরা বন্ধ করে দিতে পারতাম। কিন্তু সেখানেই আমাদের বার্থতার দিক আছে। আমি মাননীয় স্বরাষ্টমন্ত্রী মহাশয়কে অনরোধ করবো, এই সমস্ট আইকম্যানদের যারা ঐ সময়ে অত্যাচার চালিয়েছিল সেইসব স্পর্ধিত মানুষগুলিকে ধরবার চেষ্টা করা উচিত। আমরা চাই, আজকে তাদের বিচার হোক। আজকে সাধারণ মানুষ <sup>যদি</sup> দেখে তাদের ধরা হচ্ছে না. তাদেরকে সেই বিচারের জায়গায় আনা হচ্ছে না, তাংগে নিশ্চিতভাবেই তারা চিন্তা করবে। আমরা যারা ক্ষমতায় এসেছি. যারা বামপন্থী, যারা গেটে-খাওয়া মানুষের নির্বাচিত প্রতিনিধি হয়ে এখানে এসেছেন তারা এটা বার বার দাবি জানাচ্ছে। সেই সমস্ত খেটে-খাওয়া মানুষ তারা এখনও বলে, ঐ কংগ্রেস আমলে আমাদের পিঠে চাবুক পড়েছে। যে সমস্ত লোকগুলি ঐ সময় চাবুক চালিয়েছিল তাদের কোনও বিচার হচ্ছে না। তারা আজকে সেইজন্য জনপ্রতিনিধিদের সম্পর্কে যেমন মন্তব্য করছে, তেমনি বামফ্রন্ট সরকারের বিরুদ্ধেও মন্তব্য করবে। তারা বলছেন, এই ধরনের মানুষণ্ডলিকে যদি প্রশ্রয় দেওয়া হয়, তাদের স্পর্ধাকে যদি সহ্য করা হয় তাহলে তারা প্রশাসনের মধ্যে থেকে বিভিন্নভাবে প্রশা<sup>সনকৈ</sup>

<sub>ছিন্</sub>ছ করে দেবে। এই জায়গায় আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়কে বলবো, তাদের ব্যাপারে <sub>জাগ</sub> দৃষ্টি রাখতে হবে। আরও কতকগুলি ব্যাপারে প্রশ্ন এসে যাচ্ছে, সেটা হচ্ছে এই লিশের যে কার্যকলাপ সেগুলি যদি আমরা খানিকটা নিয়ন্ত্রণের মধ্যে রাখতে চাই সেক্ষেত্রে ্রামার মনে হয় জেলাস্তরে একটা প্রতিনিধিত্বমূলক ব্যবস্থা থাকা দরকার। যারা প্রতিনিধি াত্রবেন তারা পুলিশের সঙ্গে যোগাযোগ রাখার চেষ্টা করবেন। পুলিশ যদি কোনও সমস্যায াড় তাহলে তারা প্রতিনিধিদের সঙ্গে যোগাযোগ রাখবে। সেইজন্য বলছি, জেলান্তরে এই ্বনের প্রতিনিধিত্বমূলক কমিটি বলুন বা প্রতিনিধিত্বমূলক ব্যবস্থাই বলুন যারা জনগণের পক্ষে াকবে তারা পুলিশের সঙ্গে লিঙ্ক রেখে চলার চেষ্টা করবে। এইভাবে যদি জেলায় জেলায় • ্রা যায় তা**হলে পুলিশ আজকে যা খুশি করার যে চে**ষ্টা করছে সেণ্ডলি করার ক্ষেত্রে <sub>टসটে</sub>ন্ট করা যাবে, খানিকটা নিয়ন্ত্রণের জায়গায় আনতে পারবো। এই ধরনের কিঞ্চিৎ নক্সীকরণের মধ্য দিয়ে জনগণের কাছাকাছি আসতে পারা যায়। অর্থাৎ আমি যে কথাটা লতে চাই, পুলিশ প্রশাসনকে জনগণের কাছে আসতে হবে, জনগণের সঙ্গে হাত মিলিয়ে াকতে হবে। জনগণের ইচ্ছাকে বুঝতে হবে, জনগণের গণতাম্ভ্রিক অধিকারকে রক্ষা করতে বে। সেইজন্য আমি বলতে চাই, প্রতিনিধিত্বমূলক যে কমিটি করার কথা বলছি তার সঙ্গে গুলিশের লিঙ্ক যদি করা যায় তাহলে পুলিশ ইচ্ছা করলেও যা খুশি তাই করবে সেই ন্যাগায় যেতে পারবে না। সূতরাং এই ধরনের প্রশাসনিক সংস্কার বামফ্রন্ট সরকারের মমলে আমরা আশা করতে পারি। আমরা যারা মানুষকে সঙ্গে নিয়ে গণ-আন্দোলন করি গদেরকে মানুষের দুঃখ-দুর্দশার কথা শুনতে হয়। তৃণমূলে গিয়ে যদি এই কথাগুলি শোনার ্যা করি তাহলে আমার মনে হয় যে কাজ আমরা করছি সেই কাজ আরও সাফল্যের সঙ্গে রতে গেলে জনগণের কাছে আসবার যে ব্যবস্থা সেই ব্যবস্থা তৈরি করতে হবে। আমার ো য়ে, আজকে বামফ্রন্ট সরকার যে কাজ করছেন সে ক্ষেত্রে জনগণের কাছে আরও <sup>্বিয়ে</sup> আসতে হবে। সেদিক থেকে আমি বলবো, জেলায় জেলায় প্রতিনিধিত্বমূলক একটি র্মাটির মত ব্যবস্থা করুন যারা পুলিশের সঙ্গে যোগাযোগ রেখে কাজ করবেন। এটা করলে শিশের যা খুশি তা করবার ইচ্ছা রোধ করা যাবে। আজকে হোমগার্ডকে আধা পুলিশ করে <sup>াখ</sup> হয়েছে এবং এরা বছরের সব সময় কাজও পান না। এদের অবস্থাটা খুবই খারাপ <sup>গায়গায়</sup> রয়েছে। তাদের চাকরিতে কোনও গ্যারান্টি নেই এবং মাইনেও যা দেওয়া হয় সেটাও <sup>বিশ</sup> নয়। কিছু কিছু হোমগার্ডকে ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য পাঠিয়ে দেওয়া হয়, কিন্তু তারা <sup>টিউ এবং</sup> ইকুটিপড না হবার ফলে এবং ষ্ট্যাটাস না থাকবার ফলে সেখানে আশানুরূপ <sup>্রিকা</sup> পালন করতে পারনে না। কাজেই হোমগার্ডদের যদি রাখতেই হয় তাহলে তাদের <sup>দিংগঠিত</sup> করতে হবে এবং তাদের মজুরি বাড়াবার ব্যবস্থা করতে হবে।

[4-10 — 4-20 p.m.]

এরপর পরামর্শমূলক একটি কথা বলে শেষ করবো। বর্তমানে কলকাতা মহানগরির ্ব ফ্রিপ্ত এরিয়ার অনেক অংশ যুক্ত হয়েছে এবং সেখানে লক্ষ লক্ষ মানুব বাস করেন, ইং রান্তায় জ্যামজটের কারণে কলকাতাবাসিদের মত ঐসব ফ্রিপ্ত এরিয়ার মানুযকেও ক্লাড ইর ফেলেছে। আজকে তাই সেখানকার জ্যামজটকে নিয়ন্ত্রিত করবার জন্য ক্যালকাটা পুলিশকে ইংগ্রে ট্রেন্ড এবং ইকুাইপড করা হয়েছে সেইভাবে পশ্চিমবঙ্গের পুলিশকেও ট্রেন্ড এবং

[7th April, 1904

ইকাইপড করা দরকার। এটা করা না হলে ফ্রিঞ্জ এরিয়ায় রাস্তায় জ্যামজট নিয়ে সম্মা সৃষ্টি হবে। এই বলে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ কর্বছি।

দ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে বাজেট কে করেছেন আমি তার বিরোধিতা করছি এবং কাট মোশনের সমর্থনে বক্তব্য রাখছি। এবাক এই পলিশ বাজেটে মাননীয় মখামন্ত্রী ৬০ কোটি ৯৩ লক্ষ ৭৮ হাজার টাকা বাডিয়েছেন ল বছরের বাজেটের চেয়ে। রাজ্যের পলিশ বাজেট বাডছে, কিন্তু সমাজ বিরোধী কার্যকল রাজ্যে কমছে না, অথচ সংখ্যাতথোর সাহায্যে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী দাবি করেছেন, এই বাফ খন, ডাকাতি, রাহাজানি, নারি নির্যাতন (ধর্ষণের সংখ্যাটা বাদ দিয়ে) এসব অপরাধের সংখ নাকি কমে যাচ্ছে। কিন্তু আমি এই পরিসংখ্যান সম্পর্কে বলি, আজকে স্বরাষ্ট্র দপ্তর যো যে পরিসংখ্যান দেওয়া হয়েছে তাতে কারচুপি করে পুলিশ খাতায় কলমে অপরাধের সংখ্যা কম করে দেখিয়েছে। কথাটা আমার নয়, কথাটা এই রাজ্যের স্বয়ং ডি.জির। তিনি মহাকর নিজের ঘরে বিভিন্ন অঞ্চলের অফিসারদের সঙ্গে যে সম্মেলন করেছিলেন তাতে বিভি অফিসাররা যেসব তথা দিয়েছিলেন তাতে দেখতে পাচ্ছি, পশ্চিমবঙ্গে নাকি চুরি, ডার্কান্ খন, নারি নির্যাতন ইত্যাদি সব কমে যাচেছ। তিনি ঐসব অফিসারদের দেওয়া তথ্য থেকে মন্তবাটা করেছেন। আর সত্যি যদি এই হারে অপরাধের সংখ্যাটা এই রাজ্যে কমে আ তাহলে তো কয়েক বছর পরে পূলিশ রাখারই আর প্রয়োজন হবে না। এই যে পরিসংখা এই ব্যাপারটা খবই গোলমেলে। পরিসংখ্যান সত্যকে উন্মোচন করে, নাকি তথ্য গেপ কববার জন্য পরিসংখ্যান ও অনেকেই বলে থাকেন যে, দ্বিতীয়টাই এর উদ্দেশ্য। তাই Oues tion is whether the statistics are to reveal the truth or to suppress th truth. এই প্রশ্নটা আজকে পশ্চিমবঙ্গের মানুযের সামনে এসে দাঁড়িয়েছে। ওড়িয়াতে এইভা পুলিশের কর্মকর্তারা কারচুপি করে অপরাধের সংখ্যাটা কম করে দেখিয়েছেন। আসং শাসকগোষ্ঠীর নির্দেশে এই স্বরাষ্ট্র দপ্তরের পলিশ, তারা এইভাবে কারচুপি করে অপরাধে সংখ্যা কম দেখান, পরিসংখ্যান কারচপি করেন। আবার সেই কম সংখ্যক অপরাধের ভিত্তি সেই তথ্য দেখিয়ে শাসকগোষ্ঠী দাবি করেন যে এই রাজ্যে আইন-শৃঙ্খলা সারা ভারতবর্ষে মধ্যে সর্বোক্তম। ফলে এইরকম ফ্যান্সিফুল সাজানো পরিসংখ্যার ভিত্তিতে রাজ্যের আইন-শৃঞ্চ খুব ভাল, এটাই জ্যোতি বসু বলবেন। কিন্তু রাজ্যের যে বাস্তব পরিস্থিতি তাতে <sup>জনগণে</sup> কাছে এই পরিসংখ্যান সম্পূর্ণ অবিশ্বাস্য, এর উপরে নির্ভর করা যায়না। দ্বিতীয় কথা হঙ্গে কিছুদিন আগে এখানে যখন চারিদিকে একের পর এক গোলমাল চলছে, বিভিন্ন ঘটনা ঘটন তখন তাড়াতাড়ি স্বরাষ্ট্র মন্ত্রী এস.পি. এবং জেলা প্রশাসনকে ডেকে মহাকরণে বৈঠক করেছেন সেখানে তিনি আলপনা ব্যানার্জি সহ একের পর এক নির্যাতিত ঘটনা. পুলিশের সম্প<sup>ে</sup> অভিযোগের সমস্ত ঘটনা তিনি বলেছেন। সেখানে তার মন্তব্য যে আজকাল এই সব <sup>জিনি</sup> যা হচ্ছে পুলিশ সঙ্গে সঙ্গে ব্যবস্থা নিতে পারছেনা। এর কারণ হিসাবে বলা হ<sup>রেছে (</sup> পুলিশের গোয়েন্দা দপ্তর খুব ততপর নয়, তারা ঠিক সময়ে খবর দিতে পারছেনা, সে<sup>জন</sup> পুলিশ ব্যবস্থা নিতে পারছেনা। অর্থাৎ পুলিশের অকর্মন্যতা, দুর্নীতি, ব্যর্থতা, এণ্ড<sup>লিকে হি</sup> ভাবে আড়াল করা যায় সেই চেষ্টা। সেইভাবে জ্যোতিবাবু কৌশল করে বলবার <sup>চুর্ট</sup> করেছেন যে এগুলি অনেক কমেছে। এই যে সাহিত্য পরিষদ স্ট্রীটে একজন মহিলা, <sup>আলপ্র</sup>

ন্ত্রানার্জিকে বিবন্ধ করে কয়েক ঘন্টা ধরে তার উপরে নির্যাতন চললো, অথচ নাকের ডগায় <sub>कों</sub> कोंठना थाना, সেখানে পুলিশ আসতে পারলোনা। এটা কি গোয়েন্দা দপ্তরের পুলিশ-এর বার্থতা, না রাজ্য সরকারের সাধারণ পুলিশ, থানার পুলিশের ব্যর্থতা কি বলবেন জ্যোতিবাবু? অভিযোগ করা হয়েছে যে বট তলার ও.সি তার উপরে যে শালিনতা হানি করা হয়েছে ন্দো চেপে দিতে চেয়েছিল। আসলে এইভাবে এটাকে কমানোর চেস্টা করা হয়েছে। কমবে ় ৯ করে? কারণ সরিষার মধ্যেই যে ভূত আছে। আজকে পুলিশকে মেরুদভহীন করা হয়েছে। তারা শাসকদলের স্তাবকতা করে চাকুরি বজায় রাখেন। এটা কংগ্রেসের সময়ে জন্ম হয়েছে এবং আপনার জমানায় এটা আরও বেড়েছে। ফলে সমাজবিরোধিদের আপনারা ধরবেন কি করেং জ্যোতিবাবু বলেছেন, যে দলেরই সমাজবিরোধী হোক না কেন, আমার দলের হলেও তাকে ধরা হবে। এটা যদি তার অস্তরের কথা হয় তাহলে পুলিশ ঠিকমত কাজ করতে পারে। কিন্তু এটা কি তার অন্তরের কথা? আজকে রাজনৈতিক দলের ছত্র-ছায়ায় এইসব সমাজবিরোধিরা রয়েছে। পুলিশ ভয়ে এইসব সমাজবিরোধিদের সম্পর্কে কোনও ব্যবস্থা নিতে পারেনা। কাজেই এইসব গড় ফাদারদের যদি সংযত করেন তাহলে পুলিশ এখানে খানিকটা ন্টতার সঙ্গে কাজ করতে পারে, নিরপেক্ষ ভাবে কাজ করতে পারে। কাজেই জ্যোতিবাবু কি সেই প্রতিশ্রুতি দেবেন ? ফলে এর উপরে সমাজবিরোধিদের কার্যকলাপ কমবে কি বাডবে সেটা নির্ভব কবছে।

# [4-20 — 4-30 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কি বলবো, লালবাজারের নাকের ডগায় বৌ বাজারের ঘটনা ফলো। বৌবাজারের সাট্টার ডন রসিদ খানকে গ্রেপ্তার করা হল। বোমা বিষ্ফোরণের ঘটনা ্বিছর অতিক্রান্ত হল। এই ঘটনা ঘটার সময় সরকার থেকে বলা হয়েছিল এই ব্যাপারে পৃঞ্জানুপূল্জ ভাবে তদস্ত হবে। এই ঘটনার ব্যাপারে যারা দোযী তাদের খুঁজে বার করা হবে এবং তাদের উপযুক্ত শাস্তি দেওয়া হবে। আমার জিজ্ঞাস্য ১ বছর পার হয়ে গেল তদন্তের ি হল? দোষী বলে অভিযুক্ত তাদের কতজনকে ধরা হয়েছে এবং তাদের বিরুদ্ধে কি শন্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে? যে ৬৭ জন মানুষ এই ঘটনার ব্যাপারে জীবন দিল অদের আত্মীয়দের ভরণ পোষণের জন্য কি ক্ষতিপূরণ সরকার করেছে? এই ব্যাপারে সরকারের <sup>ব্</sup>ুল্য কিং এ**ই রসিদ খানের সঙ্গে যে পুলিশ অফিসার, আমলা** এবং রাজনৈতিক নেতা যুক্ত, যারা রসিদ খানের কাছ থেকে সুযোগ সুবিধা পেয়েছিল, যাদের সঙ্গে রসিদ খানের গ্রোগসাজস ছিল তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে? খোদ শাসক দলের নেতা নেত্রী <sup>মৃক্ত</sup> আছে এই অভিযোগ উঠেছে। এই অভিযোগ বিরোধী দলের পক্ষ থেকে ওঠে নি, খোদ <sup>দনের</sup> অভ্যন্তরে এই প্রশ্ন উঠেছে। এই ব্যাপারে দলের মধ্যে থেকে থ্রি ম্যান কমিটি হয়েছে। <sup>এই ব্যা</sup>পারে রাজ্য সম্পাদক মন্ডলির সম্পাদক আছেন। ১ বছর পার হয়ে গেল আজ পর্যন্ত <sup>খেনের</sup> বিরুদ্ধে এই সমস্ত অভিযোগ এসেছে তাদের সম্পর্কে তদন্ত কমিটির রিপোর্ট কি সেটা <sup>জানা গেল</sup> না। এতো বড় একটা ঘটনা ঘটলো, এইরকম বোমা বিস্ফোরণ পশ্চিমবাংলার <sup>ইতিহাসে</sup> নজীর বিহীন, সর্বোপরি পুলিশের চরম অপদার্থতা, খোদ হেড কোয়াটার লালবাজারের <sup>ইরেক গ্রন্ধ</sup> দূরে এই ঘটনা ঘটলো। দিনের পর দিন, মাসের পর মাস বছরের পর বছব <sup>এই বাইজিখানা</sup> চ**লছে, এই বোমা বারুদের কারখানা চলছে পুলিশের কাছে কোনও খবর** 

[7th April, 1994]

নেই! পুলিশের অপদার্থতার জন্যই এই জিনিস হতে পেরেছে। তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে? ফলে আপনারা এই যে ক্রিমিনাইজেশান অফ পলেটিক্স চলছে আভার প্রাউন্ডে আপনারা প্রকারস্তরে তার পৃষ্ঠপোষকতা করে যাচ্ছেন। কমলেশ সরকার একজন প্রধান শিক্ষক, তার মর্মাস্তিক মৃত্যু হল। প্রধান শিক্ষক সংগঠন বলেছে কমলেশ সরকারের ঘটনা হচ্ছে হত্যাকান্ড, মৃত্যু নয়। গুভাদের চাপে তার এই পরিণতি হয়েছে। হাসপাতালে য়মারা গেছে, এটা একটা হত্যাকান্ড। হাসপাতালে তাকে মারা হয়েছে। পশ্চিমবাংলার শিক্ষা প্রতিষ্ঠানগুলি দখল করার এবং দলবাজি করার রাজনীতি কোন পর্যায়ে গিয়েছে এটা তার একটা জলস্ভ দৃষ্টান্ড।

# (এই সময় লালবাতি জুলে ওঠে।)

দলবাজির একটা নগ্ন দৃষ্টান্ত কমলেশ সরকারের হত্যাকান্ডে তা প্রমাণিত হল। এই হত্যারান্ত যারা করেছে তাদের কি করা হল? যেহেতু ঘাতক সি.পি.এম-এর পৃষ্ঠপোষক তাই তার বিচার হল না, শান্তি হল না। এই কেসে যাদের ধরা হল তাদের জামিনে খালাস করে দেওয়া হল। এই শিক্ষক সারা জীবন তিল তিল করে গড়ে তুলেছিল এই শিক্ষা প্রতিষ্ঠান। তাকে দলবাজির জন্য বরখান্ত করা হল। বরখান্ত করেই খান্ত হল না, খুন করে খান্ত হল। সি.পি.এম-এর সন্ত্রাসের রাজনীতি, ঘৃণ্য দলবাজির রাজনীতি কোন পর্যায়ে গিয়েছে স্যায় আপনি ভেবে দেখুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর কোনও বিচার হয়নি। আজকে নারী নির্যাতনের ব্যাপারে আপনি জানেন যে কোনও পর্যায়ে চলে গেছে। মুর্শিদাবাদে নারী বিক্রিহছে।

# (এই সময়ে মাইক অফ হয়ে যায়)

শ্রী কামাখ্যা চরণ ঘোষ ঃ মাননীয় ম্পিকার স্যার, আজকে মাননীয় স্বরাট্রমন্ত্রী মে পুলিশ বাজেট পেশ করেছেন আমি তার বাঙ্গুট বরাদ্দকে সমর্থন জানাচ্ছি। আমরা তিনরকরের পুলিশ দেখলাম। এক হচ্ছে, ইংরেজ আন্তালর পুলিষ লাল পাগড়ি পরা, দুই, কংগ্রেস আমলের পুলিশ এবং তিন, বামফ্রন্ট আমনেশ্র পুলিশ। এটা তো ঠিকই যে, কংগ্রেস আমলের পুলিশ এবং বৃটিশ আমলের পুলিশের থেকে বামফ্রন্ট আমলের পুলিশের একটা পার্থকা আছে। কংগ্রেস আমলে পুলিশ রাস্তা দিয়ে গোলে লোকে আতঙ্কগ্রস্ত হোত। এই সরকারের আমলে পুলিশ রাস্তা দিয়ে গোলে লোকে আতঙ্কগ্রস্ত হোত। এই সরকারের আমলে পুলিশ রাস্তা দিয়ে গোলে লোকে আতঙ্কগ্রস্ত হোত। এই সরকারের আমলে পুলিশ রাস্তা দিয়ে গোলে লোকে আতঙ্কিত হয় না। আগে গণ আলোলন যারা করতো, ছাত্র যুবক, তাদের উপরে পুলিশ শুলি করতো। এখন তা হয়না। কংগ্রেসিরা এটা শ্বীকার না করতে পারেন, কিন্তু দেব প্রসাদবাবু তা স্বীকার করবেন। তবে অনেক দুঃখজনক ঘটনা ঘটেছে, সেই কথা আমরা স্বীকার করছি, তা যাতে আর না ঘটে সেটা দেখতে হবে। পুলিশের একটা ঐতিহ্য আছে। সে আসছে কোথা থেকে, কি পরিস্থিতির মধ্যে কাজ করছে? আর সম্প্রতি যেসব ঘটনা ঘটেছে তারমধ্যে একটা বড় ঘটনা যে তেরজন কংগ্রেসি বন্ধু মার গেলেন। তবে এটা খেয়াল রাখতে হবে যে তাদের শ্লোগান কি ছিল, কি নিয়ে যাছিলে। তারা পুলিশকে প্রোভাকেশান দিয়েছিল। এইভাবে তারা মারা গেল। সংবাদপত্রে অনেক কিয় বেরিয়েছে। কিন্তু কে দায়ী এর জন্যং সংবাদপত্র কি বলেছে, ওরা বলেছে, আলোলন হর্চেছ

একটা ঘটনায় কিছু লোক না মরলে আন্দোলন করা যায় না। এটা তো একটা ঘটনা। আর যে সমস্ত জিনিস হয়েছে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। বানতলার ঘটনার কথা বলুন, আর নেহেরবানুর কেস বলুন, সেই জায়গায় পুলিশকে শান্তি দেওয়া হয়েছে। কাজেই কিছু য়য়ি, কোনও পরিবর্তন হয়নি তা নয়, কিছু হছে। কাজেই আমি মনেকরি যে আমাদের আরও সতর্ক হতে হবে। কোনও দুঃখজনক ঘটনা যাতে না ঘটে তা দেখতে হবে। এইজনা পুলিশের আরও ট্রেনিং দরকার। পুলিশকে খুবই দূরবহার মধ্যে কাজ করতে হছে। আমরা বিভিন্ন থানাতে গিয়ে দেখেছি যে পুলিশ যে ব্যারাকে থাকে তার অবস্থা খুব খারাপ। এমন কি তারা শোবার জায়গা পর্যন্ত পায় না। অনেকের কোয়াটার নেই, থাকবার জায়গা নেই, এওলো দেখতে হবে। সেজন্য বাজেটে যে বরাদ্দ চাওয়া হয়েছে তাকে আমি সমর্থন জানাছি। আমি আশা করি যে, আরও সংস্কার করে, পুলিশকে সংগঠিত করা যাবে। আমাদের এখানে দুঃখজনক ঘটনা আর যাতে না ঘটে এবং পুলিশ যাতে নিরপেক্ষ ভাবে কাজ করতে পারে তার বাবস্থা আমরা করতে পারবো। এইটুকু বলে আমার বক্তব্য শেষ করছি।

## [4-30 - 4-40 p.m.]

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী এবং স্বরাট্রমন্ত্রী সতের বছরে গুলিশ রাজের যিনি স্রস্টা এবং সমাজবিরোধিদের তোষণের যিনি নায়ক, তিনি পুলিশ বাজেট পেশ করেছেন গত বছরের তুলনায় ৬০ কোটি টাকার বেশি। আমি এতক্ষণ ধরে খুব ধৈর্য ধরে বক্তবা শুনছিলাম রবীনবাবু সমেত সবার। মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তা আমি খুঁটিয়ে খুঁটিয়ে পড়েছি। কলকাতা পুলিশের ডি.জি. এবং পুলিশ নিয়ে মনেক কথা এখানে হল। আমি প্রথমত এখানে যে জিনিসটা বলছি এবং যে জন্য বলছি যে চেছে, সারা পশ্চিমবাংলার মাথা নিচু হয়ে গেছে নারি নির্যাতনের ঘটনাকে কেন্দ্র করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেটের বাইশ ধারাতে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি মাকর্ষণ করছি আপনার মাধ্যমে। সেখানে বলা আছে যে ২৫টি রাজ্য এবং ৭টি কেন্দ্র শাসিত অঞ্চলগুলিতে ধর্ষণ, পণের জন্য মৃত্য এবং অপহরণের জন্য যথাক্রমে স্থান হঙ্গেছ ক্শতম, চোদ্দতম এবং বিশতম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোনও তথ্য থেকে উনি এই ব্যা বলেছেন আমি জানিনা। ৯০ - ৯১ সালের যে তথ্য এখানে সরকারি ভাবে বলা রাছে সেই তথ্য থেকে আমি কোর্ট করছি এবং এই বাজেট বিতর্কে যে তথ্য দেওয়া হয়েছে । সংশোধন করার জন্য — এখানে কিছু ভুল তথ্য দেওয়া হয়েছে - আমি পেশ করছি।

### (গোলমাল)

নানীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে এটা সংশোধন করার জন্য বলছি। এখানে বৈলছেন, ৯০-৯১তে রেপের ক্ষেত্রে ২৫টি রাজ্য এবং কেন্দ্রীয় শাসিতদের মধ্যে পশ্চিমবঙ্গ ২১তম স্থানে ছিল, না এটা হচ্ছে সেভেন্থ পজিশন অ্যাক্রভিং টু রিপোর্ট পাবলিশ ইন 
ভারোলেস এগেনস্ট উওমেন, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি
করিছি, কোনও অফিসার আপনাকে এই বিবৃতি লিখে দিয়েছেন আমি জানিনা, তবে এই
কিবৃতি দেওয়ার আগে তিনি সংশোধন করে নেবেন এটা আমি আশা করি। তিনি তার
ক্রিব্যে বলেছেন ডাউরি ডেথে এর ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান ১৪, না ডাউরি ডেথের ক্ষেত্রে

[7th April, 1994]

পশ্চিমবঙ্গের স্থান থার্ড পজিশান ইন ইন্ডিয়া। দিস ইজ ভায়োলেন্স। মাননীয় উপাধ্যক্ষ মহাশ্য এখানে বলা হয়েছে, যা রেফার করছি ভায়োলেন্স এগেনন্ত উত্তমেন, গভর্নমেন্ট অফ ইভিয়া থেকে কিডন্যাপিং এর ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান হচ্ছে ২০, না আমি বলছি কিডন্যাপিং এব ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান হচ্ছে নাইনথ পজিশান। এটা আমি রেফার করছি, রিপোর্ট পাবনিধ বাই গভর্নমেন্ট অফ ইন্ডিয়া, ভায়োলেন্স এগেনষ্ট উত্তমেন। এইভাবে কতকণ্ডলি [\*\*] পুলিশ অফিসার আছেন যারা এই ভুল তথ্য বানিয়ে দিয়েছেন, এই [\*\*] পুলিশ অফিসারদের বানিয়ে দেওয়া বাজেট বক্তৃতার আমি তীব্র প্রতিবাদ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় মাননীয় মুখ্যমন্ত্রী তিনি এই পবিত্র বিধানসভায় বলেছেন ঝাড়খন্ডীদের মুভমেন্টের পরিপ্রেক্ষিত ডেবরায় খুন হয়েছেন ৪ জন। আমার কাছে মাননীয় মুখ্যমন্ত্রীর বিবৃতি আছে, নাইনথ মার্চ মাননীয় মুখ্যমন্ত্রী বলছিলেন তার রাজত্বে ডেবরায় খুন হয়ে গেছে ঝাড়খন্ডীদের হাতে ৪ জন নাম কি বললেন, নাম বললেন গোবিন্দ সিং, জয়দেব পাখিরা, নকুল পাত্র, গোপাল মুর্। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, সি.পি.এম. দলের পক্ষ থেকে যে এফ.আই.আর. করা হয়েছিল ডেবরা থানায় তার কপি আমার কাছে আছে। সেখানে ২৩শে ফেব্রুয়ারি যে এফ.আই মার করা হয়েছে তাতে নাম আছে গোবিন্দ সিং, সনাতন মন্ডল, জয়দেব সামন্ত। মুখ্যমন্ত্রী যে নাম করেছে, সি.পি.এমের. এফ.আই.আর.-এ সেই নাম নেই, একটা নাম খালি মিলেছে গোকি সিং। সেখানে সি.পি.এমের পক্ষ থেকে একটা লিফলেট প্রচার করা হল বলা হল জোনল কমিটির পক্ষ থেকে, সেই লিফলেট শহীদদের শ্রদ্ধাশীল জানান হল গোবিন্দ সিং, গোপাল মুর্মু, জয়দেব পাথিরা সন্নাসি মান্ডি - এর থেকে মাত্র একটির নাম মিলছে এফ.আই.আর. ্র এর সঙ্গে। গোপাল মুর্যু, জয়দেব পাথিরা, সন্নাসি মান্ডির নাম একে অপরের সঙ্গে মিল সেই কোনও অফিসার এটা তৈরি করে দিয়েছেন, এইসব রিপোর্ট আপনারা এখানে পড়েন গ এবংর বলুন মুখ্যমন্ত্রী মহাশয় যে কেন বাজেট বক্তৃতা এইসব [\*\*] পুলিশ অফিসারদের দিয়ে গৈ কবিয়েছেন १

মিঃ ডেপুটি স্পিকার ঃ জোচ্চর কথাটা বাদ যাবে।

ডাঃ মানস ভূঁইয়া ঃ অসত্য কথা দিয়ে আজকে মুখ্যমন্ত্রীকে বিপথে পরিচালিত ববে দিনের পর দিন হাউসের মধ্যে তাকে বিপথগামী করা হচ্ছে, বিপথে পরিচালনা করা হছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য এই জায়গাতেই। বাংলার পুলিশ প্রশাসন এই অর্ম ধৃতরাষ্ট্রের নেতৃত্বে দুর্মোধন, দুঃশাসনের দ্বারা পরিবেষ্টিত হয়ে এইভাবে বিপথগামী একটি পুলিশ প্রশাসনে পরিণত হয়েছে। অসত্য ভাষণের মধ্যে দিয়ে বিধানসভায় যে বক্তবা হাছে তার সঙ্গে বাস্তবের কোনও মিল নেই। কি ভাবে রাজত্ব চলছে সে সম্পর্কে আমাজি দলের বক্তারা বিস্তারিতভাবে বলেছেন। স্যার, কলকাতার কথা শুনলেন, কলকাতার আপেপাশির কথাও শুনলেন। আজকে কিন্তু বাংলা চলছে শুধু পুলিশ দিয়ে নয়। পুলিশকে শুধু দোষ বিনা। জ্যোতিবাবুর রাজত্বে আজকে পুলিশ ক্রিব, পঙ্গু নরকের কীট-এ পরিণত হয়েছে। এবের কোনও মানসিক্তাই নেই মানুষের নিরাপত্তা রক্ষা করার। এই নরকের কীটেদের জনা কেনিও আমরা টাকা দেবং এদের পরিচালনা করছে মার্কসবাদি কমিউনিষ্ট পার্টির লোক্যাল করিটি এবং সম্পাদকরা। স্যার, আমি একটা উদাহরণ দিচ্ছি তাতে দেখবেন কিরকম বিপদজনি

Note \*Expunged as ordered by the chair.

দ্যানা ঘটছে। আমাদের একজন ক্যান্ডিডেট ছিলেন পঞ্চায়েত নির্বাচনে নারায়ণগড থানার ্রকটি গ্রামে মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্রের এলাকায়। তার অপরাধ সে কংগ্রেসের প্রার্থী হয়েছিল। পর্বায়েত নির্বাচনের প্রার্থী সন্ধ্যা প্রামানিক এবং তার স্বামী শচীন প্রামানিক বার বার আবেদন করেছে মুখ্যমন্ত্রী থেকে শুরু করে এস.পি.ডি.এম. বি.ডি.ও. সর্বত্র যে তাদের জমি দখল হয়ে গেল। তারা পুলিশের কাছে গিয়েছে এবং দীর্ঘ ৯/১০ মাস ধরে এ দিকে ওদিকে ঘুরেছে. পুলিশ সেখানে বলছে, 'আমাদের কিছু করার নেই, তুমি লোক্যাল কমিটির কাছে যাও।' সারে, লোক্যাল কমিটির একজন নেতা আর একজন নেতাকে লিখছেন, আমি পড়ে দিচ্ছি. প্রিয় কমরেড, আপনার এলাকায় শচীন প্রামানিক আমার কাছে বারে বারে এসেছেন। পূর্বে আপনার সঙ্গে আমার কথা হয়েছে। সেইমত শচীন প্রামাণিকের চাষযোগ্য জমি যাহা ব্রাঞ্চ ক্র্রিটি দখলে নিয়েছে': স্যার, কোট করছি আবার, ''যাহা ব্রাঞ্চ কমিটি দখলে নিয়েছে'' **শতাহা অতি সত্তর তার জমিকে চাষ করতে দিন। আপনারা সরে আসুন এবং শচীনবাবু তার** ক্রমি যাতে দখল পেতে পারেন তার ব্যবস্থা করুন। অভিনন্দন সহ-চৈতন্য সাহ।" তার উত্তরে কি লিখছেন তিনি? তিনি লিখছেন, "প্রিয় কমরেড, তোমার নিকট শচীনবাবুকে পাঠালাম। বারে বারে উনি আসছেন কিন্তু কমরেডরা সেই জমির দখল ছাড়িতেছে না। উপায় নেই, ব্রুক করিতে হইবে। "স্যার, নারায়ণগড থানার ও.সি. পর্যন্ত এই চিঠি লিখছেন না। চি.এম.এ কথা বলছেন না। মেদিনীপুরের এস.পি. ক্লিব, পঙ্গু সেই অফিসার একথা বলছে . না। আজকে প্রশাসন চলছে মার্কসবাদি কমিউনিস্ট পার্টির লোক্যাল কমিটির দ্বারা। কতকগুলি ক্রিব, পদ্র, নরকের কিট ঐ পুলিশ কমিশনার থেকে শুরু করে জেলায় জেলায় এস.পি. থানায় থানায় অফিসার ইনচার্জরা আজকে এই অবস্থায় দিন কাটাচ্ছেন।

মিঃ ডেপ্টি ম্পিকার ঃ ডাঃ ভুঁইয়া, এফ.আই.আর-এর কপি আমাকে দিয়ে দেবেন। ডাঃ মানস ভুঁইয়া ঃ সব দেব। [\*\*] এসব দেখলে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মানও একটি ঘটনার কথা বলছি। এই যে ছবি...

#### (গোলমাল)

শ্রী পার্থ দে ঃ অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, যে ভাষা ব্যবহার করা হচ্ছে এইসব ভাষা এই সভায় বসে শোনা যায় না। ভাষা সংযত না হলে বক্তৃতা শোনা যাবে না, সভার মর্যাদাও থাকবে না। আমি তাই অনুরোধ করছি, দয়া করে উনি ভাষাটা সংযত রাখুন এবং সভাকে সভার মর্যাদায় থাকতে দিন। এই হচ্ছে আমার বক্তব্য।

[4-40 — 4-50 p.m.]

মিঃ ডেপুটি স্পিকার **ঃ** এক্সপাঞ্জ করে দেবেন।

ডাঃ মানস ভূঁইয়া ঃ কোনটা অসংসদীয় কথা বলুন, আপনি রুলিং দিন।

(গোলমাল)

মিঃ ডেপুটি ম্পিকার ঃ 'আপনার মাথায় বজ্রাঘাত হবে'', এই বক্তব্য ইট ইজ অ্যান

Note \*Expunged as ordered by the chair.

[7th April, 1994

অ্যাসপারশন টু দি চেয়ার। আই হ্যাভ হার্ড ইট, এটা এক্সপাঞ্জ হবে।

ডাঃ মানস ভূঁইয়া ঃ এটা কি অসংসদীয় কথা? মাননীয় আপনার সামনে আজকে আর একটা ঘটনা তুলে ধরছি। আজকে মুকুল মাইতি এবং তার বোনরা তাদের সর্বস্থ দখল হয় যাবার পর মাননীয় অ্যাকটিং চিফ মিনিস্টার থেকে শুরু করে সর্বত্র তারা আবেদন নিবেদ করলেন, বিনয় বাবু মেদিনীপুরের এস.পি'র কাছে কেসটা পাঠিয়ে দিলেন খেজুরি থানা ইড়িয়াতে নেতাজি পাঠ চক্রের নামে জমি দখল হয়ে গেছে। বিনয় বাবু পাঠালেন মেদিনীপুরে এস.পি.'র কাছে, এস.পি. কিন্তু তাকে ডাকলেন না, ফরওয়ার্ড রকের অশোক ঘোষের কায়ে মুকুল বাবু গিয়েছিলেন, শৈলেন বাবুকে চিঠি দিয়েছিলেন এবং বলেছিলেন বিষয়াটি স্পর্শকায়ে এই বিষয়ে বিচার করলেন । এস.পি. বিচার করলেন না, ডি.এম. বিচার করলেন না, বিনয় বাবিচার করলেন না। কে ডেকে পাঠালো, ডেকে পাঠালো ডেকে পাঠালো হেড়িয়া জোলাকমিটির এল.সি.এস.। এই তথ্য আপনার কাছে দেব। এই পুলিশের জন্য টাকা দিতে হরে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দুর্ভাগ্যের বিষয় আমি আপনার কাছে পেশ করছি ৯২ সালে ১২ই এপ্রিল বাগনান থানায় পুলিশ অফিসারকে নিতাই আদক ঠাস ঠাস করে চড় মারলে এবং বুলেট চুরি গেল, সেখানকার এ.এস.আই. সুজিত নিয়োগী কেস করলেন ৫৭/৯২ ১২/৪/৯২ আন্ডার সেকশন ১৪৭/১৪৯/৪৪৭/৩৫৩/৩২৩/৩৭৯/৫০৬।

## (গোলমাল)

এই সময় মাইক বন্ধ হয়ে যায় এবং মিঃ ডেপুটি স্পিকার আনসারুদ্দিনকে তার বক্তব রাখার জন্য আহ্বান করেন।

শ্রী মহঃ আনসারুদ্দিন ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয় মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাট্রমন্ত্রি ঐ বিধানসভায় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। ৪৪০ কোটি ১৪ লং টাকার মঞ্জুরি দাবি তিনি উত্থাপন করেছেন, সেই দাবিকে সমর্থন করতে গিয়ে কয়েকটি ২০ আমি রাখছি। এই খাতে ৯৩/৯৪ সালে ৩৭৯ কোটি ২০ লক্ষ ২২ হাজার টাকা মঞ্জুর হর হয়েছিল। এবারে প্রায় ৬১ কোটি টাকা বেশি ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে। ব্যাখ্যা হিসাপ্তে আমাদের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন -

## (প্রচন্ড গোলমাল)

(একাধিক কংগ্রেস(ই) সদস্য দাড়িয়ে উঠে কথা বলার চেন্টা করেন।)

মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় তার বাজেট ভাবণের মান পরিষ্কার বলেছেন যে, পুলিশের জন্য নানারকম সাজসরঞ্জাম কেনার ব্যাপার আছে, পুলিক্মারিদের জন্য বাস গৃহ নির্মাণের প্রয়োজন আছে, বিভিন্ন ধরনের যন্ত্রপাতি কেনার প্রয়োজ আছে। এই সমস্ত প্রয়োজনকে সামনে রেখেই তিনি ৬১ কোটি টাকার বর্দ্ধিত বরাদের দানিপেশ করেছেন। কংগ্রেস বন্ধুরা এটার সমালোচনা করছেন। এটাকে ওরা ভালভাবে গ্রহ করতে পারছেনা। অবশ্য আমরা বিগত ১৭ বছর ধরে ওদের এই একই ভূমিকা দেখিছি এব

### (প্রচন্ড গোলমাল)

স্যার, কিছুক্ষণ আগে বিরোধী দলের সদস্য ডাঃ মানস ভূঁইয়া এখানে যেসব ভাষা প্রয়োগ করলেন তা কোনও সভ্য, শিক্ষিত, ডাক্তার মানুষ ব্যবহার করেন কিনা আমি জানিনা। তিনি 'পবিত্র বিধানসভা, গণতত্ত্বের পবিত্র মন্দির' ইত্যাদি শব্দের সাথে এমন সব অকথা, কুকথা ব্যবহার করলেন যা শুনে আমরা অত্যন্ত দুঃখিত এবং আহত হয়েছি। তিনি যেসব ভাষা উচ্চারণ করেছেন তার আমি তীব্র প্রতিবাদ করছি। অবশ্য আমরা এটাও জানি যে, তিনি প্রকৃত কংগ্রেসি কালচারের প্রমাণই এখানে রেখেছেন। তিনি মাননীয় ডেপুটি স্পিকার সম্বদ্ধে ব কথা, যে ভাষা ব্যবহার করলেন — কোনও ভদ্র সন্তান ঐ ভাষা এই পবিত্র মন্দিরে ব্যবহার করতে পারেন বলে আমরা মনে করি না।

#### (গোলমাল)

স্যার, ১৯৭৭ সালের আগে এখানে পুলিশকে যেভাবে ব্যবহার করা হয়েছিল ১৯৭৭ সালের পর থেকে পুলিশকে সেইভাবে আর ব্যবহার করা হছে না। '৭৭ সালের আগে আমরা দেখেছি পুলিশকে সর্বত্র গণ-আন্দোলন ভাঙার কাজে ব্যবহার করা হত। মিল মালিকদের রার্থে, জোতদার, জমিদারদের রার্থে পুলিশকে ব্যবহার করা হত। ১৯৭৭ সালের পর থেকে আমরা সর্বস্তরের সামাজিক অবস্থার পরিবর্তনের যে কাজ শুরু করেছি তাতে পুলিশ প্রশাসনের মধ্যেও পরিবর্তন আনতে চেয়েছি। আমরা সেই কাজে বেশ কিছুটা সফল হয়েছি, তাই আমরা আজ পুলিশের মানসিকতার পরিবর্তন দেখতে পাছিছ। এখন আর পুলিশের একটা বড় অংশ জোতদার, জমিদারদের পক্ষ সমর্থন করেনা, ভাগচাষী উচ্ছেদ করার জন্য তাদের ক্ষমতা প্রয়োগ করে না। আজকে আর শ্রমজীবি মানুষের আন্দোলন ভাঙার জন্য পুলিশ মালিক পক্ষের দালালি করেনা।গালমাল)

### (গোলমাল)

একথা ঠিক যে, আজকে আমাদের রাজ্যে কিছু মানুষ আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটাতে চাইছেন। তারা সর্বত্র আইন-শৃঙ্খলা ভাঙার চেষ্টা করছেন। একজন নেত্রী, তার কোনও রাজনীতি আছে বলে আমরা মনে করিনা, তার কোনও রাজনৈতিক বক্তব্য আমরা শুনতে পাই না, কিন্তু তিনি চাইছেন পশ্চিমবাংলার আইন শৃঙ্খলা ভেঙে দিতে। তাই তিনি আদোলনের নানে পুলিশকে মারছেন-ধরছেন। এখানে কয়েকজন বিধায়ক বসে আছেন — সৌগত রায়, শোভনদেব চট্টোপাধ্যায়, সাধন পান্ডে ইত্যাদি — যারা তাকে মদত দিছেন এবং কিছু মান্যকে সোজাসুজি উন্ধানি দিছেন পুলিশকে আক্রমণ করার জন্য। এই কিছু দিন আগে তারা রাইটার্স বিশ্ভিংস' অবরোধের আ্রান্ন জানিয়েছিলেন — তারপরে তারা এই কলকাতার বৃক্তে কি করেছিলেন তা রাজ্যের মানুষ জানেন। তাদের সেই কাজের ফলে ১২ জন মানুষ দিহত হয়েছেন। এটা দুঃখের ব্যাপার। কিন্তু কি করা যাবে! কোনও উপায় ছিলনা, তানাহলে রাজ্যের আইন-শৃঙ্খলা ভেঙে পড়ত এবং আমরা তা হতে দিতে পারিনা। সমস্ত আইন-শৃঙ্খলা ওদের হাতে ছেডে দেব, পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা থাকবেনা, এটা হতে পারেনা।

### (প্রচন্ড গোলমাল)

[7th April, 1994]

পশ্চিমবাংলা এমনই একটা জায়গা, এখানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সারা ভারতবর্ষের ম<sub>ধ্যে</sub> সব চেয়ে উন্নত। এটা ভারতবর্ষের মানুষ উপলব্ধি করছে। এরজন্য আমরা গর্বিত। একট্ কারণে ওরা আতদ্ধিত এবং সে জন্যই ওরা আইন-শৃঙ্খলা ভাঙতে চাইছেন, তারজন্য বার চেষ্টা করছেন।

[4-50 — 5-00 p.m.]

### (গোলমাল)

কাজেই আজকে যখন আমরা বলছি পুলিশের জন্য ব্যয়-বরান্দ বাড়াতে হবে তখন ওরা আতঙ্কিত হয়ে এখানে কৎসিত ভাষা ব্যবহার করছেন। আর পুলিশের গায়ে ইট ছঁডে মারছে ওদের ঘন্টেশ্বরী নেত্রী পুলিশের গায়ে আলকাতরা মাথিয়ে দিয়েছেন। তাই আজকে আচি বলতে চাই, পুলিশের মধ্যে কিছু খারাপ মানুষ আছে, আমরা অম্বীকার করি না। কি তাসত্তেও পুলিশের একটা বড অংশ আছে যাদের আমরা গণতান্ত্রিক মানুষের পাশে দাঁড করাতে পেরেছি। একটা ক্ষুদ্রতম অংশ আছে যারা ঐ কংগ্রেসিদের সঙ্গে যুক্ত। রাতের গভীরে ষডযন্ত্র করে সেই সমস্ত পূলিশ অফিসাররা—এটা আমরা জানি। তাই মাননীয় মখামন্ত্রী মহাশয়কে বলবো, সেই সমস্ত পূলিশ অফিসারদের সম্পর্কে সজাগ থাকতে হবে যারা ঐ কংগ্রেসিদের সঙ্গে গাঁটছড়া বেঁধে আছে। নিশ্চয়ই গণতান্ত্রিক মানুষ সেইদিক থেকে সজাগ আছে, আমরা মানুষের উপর বিশ্বাস করি। আমি আর একটি কথা বলে শেষ করতে চাই. মাননীয় ডেপটি স্পিকার মহাশয়, আপনি জানেন, আমাদের কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের বিখ্যাত উপন্যাস ''পথের দাবি'র সেই পলিশ অফিসার নিমাইবাবর ভূমিকা দেখেছি। আবার সেই সঙ্গে সঙ্গে পলিশ অফিসার জগদীশবাবর ভমিকা দেখেছি। এইরকম জগদীশবাবুর মতন পলিশ অফিসার কিছ আছে। পুলিশের একটা বড় অংশ নিমাইবাবুর মতন পুলিশ অফিসার আছেন যিনি বিপ্লবী সব্যসাচিকে অন্তরের সঙ্গে ভাল বেসেছেন. দরদ দিয়ে দেখেছেন. স্বাধীনতা আন্দোলনের নায়ককে যথায়থ সম্মান প্রদর্শন করেছেন এবং শ্রদ্ধা জানিয়েছেন। এই <sup>কথা</sup> বলে এই বাজেটের সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ অন এ পরেন্ট অফ অডার স্যার, মাননীয় উপাধ্যক্ষ মহাশ্য, আপনার কাছে সবিনয়ে নিবেদন করতে চাই, এই হাউস পরিচালনার ক্ষেত্রে আপনি আইন মানতে বাধ্য যখন আপনি চেয়ারে বসেছেন। যখন অপোজিশনের স্পিকার হাউসে বলছে তখন তাকে থামিয়ে দিয়ে মাননীয় সদস্য শ্রী পার্থ দেকে পরেন্ট অফ অর্ডার তুলতে দিয়েছেন। আপনাকে আমরা খবর পাঠিয়েছি। ইন বিটুইন স্পিচেস অফ মেঘারস আপনি পরেন্ট অফ অর্ডার তুলতে দিতে পারেন না। আপনি ২ জন মেঘারকে পারমিশন দিয়েছেন, কনসেন্ট দিয়েছেন, তাসত্ত্বেও ট্রেজারি বেক্ষের সদস্যকে বলতে দিলেন। হাউস বিলংস টু দি অপোজিশন, ইউ ক্যান নট অলটার দি পজিশন। আপনার যদি জানা না থাকে মেল পার্লামেন্টারি প্রাকটিশ দেখুন Page 252: The official Opposition. "The importance of the opposition in the system of parliamentary government has long received practical recognition in the procedure of parliament. Even before the First Reform Act, the phrase as 'His Majestry's oppositon had been coined by John Cam Hobhouse. In 1937 statutory recognition

vas accorded through the grant of a salary to the Leader of Opposi-The prevalance (on the whole) of the two party system has usully obviated in uncertainty as to which party has the right to be called official opposition'; it is the largest minority party which is prepared in he even of resignation of the government, to assume office. The Leader of the opposition and some of his principal colleagues in both houses form a group, popularly known as 'the Shadow Cabinet' each member of which is given a particular range of activities on which it is his task to direct criticism of the government's policy and the administration and to outline the alternative policies from the point of view of a party which is bidding for the support of the nation. Since the strength of modern party discipline makes a Ministry largely invulnerable to direct attack in the House of Commons, the criticims of the opposition is primarily directed towards the electorate, with a view to the next election, or with the aim of influencing government policy through the presure of public opinion. The floor of the house of Commons provides the onnosition with their main instrument for this purpose. Accordingly, the opposition has acquired the right to exercise the initiative in selecting the subject of debate on a certain number of days in each session and on such occasions as the debate on the address in reply to the Oueen's Speech or from time to time by putting down motions of censure. The Leader of the Opposition is by custom accorded certain peculiar rights in asking questions of Ministers and members of the Shadow Cabinet and other Opposition spokemen are also given some precedence in asking questions and in debate." স্যার, আমরা চেয়েছি পয়েন্ট অফ অর্ডার, কারণ আমরা জনতে চাইছি, কোন কনভেনশনে আমাদের স্পিকারকে বসিয়ে ট্রেজারি বেঞ্চের মেম্বারকে ইটারভিন করতে দিলেন ? ইউ হ্যাভ আলোউড ইন্টারপশন পারপাসফলি, আপনি পারেন না। আপনার যদি জানা না থাকে ঐ চেয়ারে বসে ইচ্ছামত তোষণ করতে পারেন না। আমি ষ্পন চেয়েছি পয়েন্ট অফ অর্ডার, আপনি পয়েন্ট অফ অর্ডার দিতে বাধা। লিডার অফ দি <sup>মপোজিশনের</sup> বাই কাষ্ট্র এই রাইট আছে। কাজেই আপনি দিতে বাধা। আজকে আপনার <sup>কাছে</sup> জানতে চাই, আপনি কোন কনভেনশন বলে তার স্পিচকে ইন্টারাপ্ট করতে দিলেন <sup>রেন্নিং</sup> দিস গভর্নমেন্ট? এটা কেন করলেন? লক্ষ্মী দে কি গভর্নমেন্টের চিফ ছইপ ডিক্রেয়ার <sup>করবেন</sup>? আমি পয়েন্ট অফ অর্ডার সিক করায় যদি নার্ভাস হন তাহলে ঐ চেয়ারের দায়িত্ব <sup>নেবেন</sup> না। আপনার মাথায় বজ্রাঘাত পডবে? ডিকসনারি দেখে বলুন, Which part of the Speech is unparliamentary. It is allegory, analogy. The oppositon has a right to exercise this. এটা অলঙ্কার। আপনার মাথায় বজ্রাঘাত পড়বে না, কিন্তু পার্লামেন্টের কোনও ডিকসানারি অনুযায়ী এক্সপাঞ্জ করেছেন এর জবাব দিতে হবে, তা না <sup>रिल এই</sup> হাউস চলবে না। পার্থ দে দাবি করবেন তারজন্য এক্সপাঞ্জ করবেন? ঘ্ইচ পার্ট <sup>এফ দি</sup> স্পিচ **ইজ আনপার্লামেন্টা**রি? আজকে ওরা চিৎকার করবেন, তারজন্য নার্ভাস হয়ে বাবেন? you have no right to create pandemonium. There is some dignity

[7th April, 1994

and decorum. কোনও আইনে আপনি এক্সপাঞ্জ করেছেন বলুন। আপনি একশো বছর বাঁচুন, ঐ মাথায় বক্সাথাত পড়বে না, কিন্তু বলুন, ছইচ পার্ট অফ দি স্পিচ ইজ আনপার্লামেন্টারি নিজের জ্ঞান নেই, আপনি আইন নিজের হাতে তুলে নিতে চেয়েছিলেন। আপনি সেটা নিজে হাতে তুলে নিতে পারেন, কিন্তু আইন ভাঙতে পারেন না। আপনার রুলিং প্রত্যাহার বরুতে হবে, তা নাহলে আমরা হাউস চালান অ্যালাউ করবো না। কি পেয়েছেন আপনিং ছইচ গাঁত অফ দি স্পিচ ইজ আনপার্লামেন্টারিং ডিকশনারি নিয়ে এসে দেখুন যে, এটা করবার অধিক্রং আছে কিনা আপনার।

Mr. Deputy Speaker: I have heard you during the course of his speech. ...(noise)... Dr. Manas Bhunia take your seat. I want to give my ruling regarding point of order raised by Dr. Zainal Abedin. Now during the course of speech which delivered by Dr. Manas Bhunia certain unparliamentary words which he had used "\*\*\*". That is unparliamentary word. Now according to rule. According to Rule 355 of Rules of Procedure and Conduct of Business - I quote. "If the Speaker is of opinion that words have been used in debate which are defamatory or indecent or unparliamentary or undignified or otherwise inappropriate, he may in his discreation order that such words be expunged from the proceedings of the House." That is why I gave the order.

[5-00 — 5-10 p.m.]

শ্রী নরেন হাঁসদা : মাননীয় ডেপটি ম্পিকার, স্যার, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশা ও বাজেট পেশ করেছেন, আমি তার তীব্র বিরোধিতা করছি। কারণ স্বরাষ্ট দপ্তরের যে পুলি সেই পুলিশ আজকে সি.পি.এম-এর দাসানুদাসে পরিণত হয়েছে। যে পুলিশ বাংলার এক ঐতিহ্য ছিল, সেই পুলিশ আজকে মহিলাদের ইঙ্জত কেডে নিতে চাচ্ছে। সেই পুলিশে বিরোধিতা করে আমি আমার বক্তবা এখানে রাখছি। আমি এই দপ্তরের বাজেটের বিরোধিত কর্মছ কারণ পশ্চিমবঙ্গের অন্যান্য দপ্তরের মত এই স্বরাষ্ট্র দপ্তরে শিডিউল্ড কার্ট এব শিভিউল্ড ট্রাইবদের চাকুরির ক্ষেত্রে যে রিজার্ভেশান কোটা আছে সেটা তারা ফুলফিল কর্রে ইচ্ছাকৃত ভাবে। সারা ভারতবর্ষের কাছে বাংলার যে ঐতিহ্য আছে. বাংলার যে ইতিহা আছে, বাংলার যে মহত্বপূর্ণ ভূমিকা আছে, সেই ভূমিকা জ্যোতি বসুর রাজ্যে <sup>ধূলিসাং</sup> হয়েছে। আজকে গণতন্ত্র রক্ষার স্বার্থে, ঝাডখন্ডীদের স্বার্থে, মা-বোনেদের ইজ্জত রক্ষার স্বা আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে পদক্ষেপ নেবার জন্য দাবি করে আমার বক্তব্য রা<sup>থছি। আ</sup> বক্তব্য রাখার আগে একথা বলতে চাই যে, একটা আদিবাসি ছেলে. যদুনাথ মুর্ম, তাং লেখাপড়া থেকে চিরকালের জন্য বঞ্চিত করা হল। সিলদা কলেজ থেকে সে <sup>যখন কির্টে</sup> তখন প্রকাশ্য দিবালোকে দিনের বলায় সি.পি.এম এবং পুলিশ যোগসাজসে তাকে <sup>কুপিটে</sup> কুপিয়ে খুন করা হল, কিন্তু আজ পর্যন্ত একজন আসামিকেও গ্রেপ্তার করা হলনা। আজং পৃথিবীর ইতিহাস থেকে যদুনাথ মুর্মুর নাম মুছে গেল। তাকে কবে, কোথায়, কে খুন <sup>করেছ</sup> তার জবাব ইতিহাসের কোথাও থাকবেনা। মাননীয় ডেপ্রটি স্পিকার. স্যার. এখানে কমলাফিবা কললেন যে আর কিছু হোক বা না হোক, পুলিশ দেখে এখন আর মানুষ ভয় পায়না। ্র গাননীয় সদস্যরা এবং উপস্থিত দর্শকবৃন্দ যারা এখানে আছেন, আমি তাদের উদ্দেশ্যে জানাবো ্য ফুলবাগানে যে ঘটনা ঘটেছে, বাঁকুড়া থানায় যে ঘটনা ঘটেছে, তারপরে কি আর পলিশের পতি শ্রদ্ধা থাকে? তারপরে আর কোনও শ্রদ্ধা থাকেনা। আমি কমলাক্ষী বারকে বলবো. ্র ফলবাগানের সেই মেয়েটি যদি আপনার মেয়ে হত, সে যদি আমার মেয়ে হত, সে যদি ু নেপটি স্পিকারের মেয়ে হত তাহলে কি আমরা এই কথা বলতে পারতাম? আজকে কি ্ব অবস্থায় এসেছেন যে সামান্য এম.এল.এ থাকবেন বলে বাস্তবকে জলাগুলি দিয়েছেন. নিজের নিবেককে ধর্ষণ করছেন। আমি সেই কারণে এই বাজেটকে বিরোধিতা করছি। এখানে যে বাজেট পেশ করেছেন, আমি সেই সম্পর্কে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়কে বলতে চাই যে আপনি এই ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে একটা সর্বদলিয় জনসভা ডাকুন এবং সেই সভায় জ্যোতিবাব জনগণের দরকারে এটা পড়ে শোনান। আমি দায়িত্ব নিয়ে বলছি যে যদি জনগণ এতে বাহবা দেয় তাহলে আমি বিধানসভা থেকে পদত্যাগ করবো। আর তা যদি না হয় তাহলে মানুষ এই বাজেট সম্পর্কে বিরোধিতা করেনে এবং জনগণই তাকে নেডা করে মাথায় ঘোল ঢেলে গাধার পিঠে চডিয়ে ঘোরাবে এতে কোনও সন্দেহ নেই। স্যার, আজকে কি অবস্থা! আজকে পুলিশের থানা গুলিতে সাধারণ মানুষের যাওয়ার অধিকার নেই। সেই থানাণ্ডলি আজকে সি.পি.এম পার্টির অফিসে পরিণত হয়েছে। সাধারণ মানুযের একটাএন.জি.ডি করার অধিকার নেই। এখানে সাধু লোকেদের চোর বানাচ্ছে আর চোররা সাধু বানাচ্ছে। এই ধরনের অপশাসনে আমরা বাস করছি।

[5-10 — 5-20 p.m.]

খ্রী এস.আর.দাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে ব্যায় বরাদ্দের দাবি পেশ করেছেন সেই বাজেটকে আমি সমর্থন করছি এবং বিরোধী পক্ষ যে কাট মোশান এনেছেন তার বিরোধিতা করছি। স্যার, আমরা একটা ধণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় বাস করছি। এই ধণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় জিনিসের দাম বাড়ছে, বেকার বাড়ছে, সেইজন্য অপরাধ বাড়ছে। তারসঙ্গে জুটেছে গণ মাধ্যম। স্যার, এই গণ মাধ্যমে দেখানো হয় ডাকাতি কি করে করতে হয়। নারি ধর্ষণ, যৌন কামনা চরিতার্থ করার জন্য ব্যাভিচার, এইসব গণ মাধ্যমে দেখানো হচ্ছে। যুবকদের দেখানো হচ্ছে কি করে ডাকাতি করতে হয়, কি করে খুন করতে য়ে, কি করে ব্যাভিচারে লিপ্ত হতে হয়। আমাদের অতীতের যে ঐতিহ্য আদর্শ সেইওলিকে নস্যাৎ করা হচ্ছে। পশ্চিমবাংলায় যে সমস্ত অপরাধমূলক কাজ হচ্ছে সেইগুলি নিয়ে আমরা চিত্তিত, বামফ্রন্ট সরকার চিন্তিত। চেষ্টা হচ্ছে কি ভাবে এটাকে কমানো যায়। পশ্চিমবাংলায় যে অপরাধের সংখ্যা কমছে সেটা সংখ্যা তথ্য দিয়ে বলা হয়েছে, স্বরাষ্ট্রমন্ত্রীর বাজেট ভাষণে তার উল্লেখ আছে। পশ্চিমবাংলায় তুলনামূলকভাবে অপরাধের ঘটনা কমছে। পশ্চিমবাংলায় কংগ্রেস আমলের শেষ বছরে অর্থাৎ ১৯৭৬-৭৭ সালে পুলিশ খাতে ব্যয় বরান্দের পরিমাণ ছিল মোট বরান্দের ৯ ভাগ, আর আজকে যে ব্যায় বরান্দের দাবি পেশ করা হয়েছে তার পরিমাণ মোট বাজেট বরান্দের ৫.৩ ভাগ। অনেক কম। অন্যদিকে আরও দেখতে হবে। পুলিশের সংখ্যা প্রতি ১০,০০০ মানুষ প্রতি কোথায় কত। প্রতি ১০,০০০ মানুষ পিছু মহারাট্রে পুলিশের সংখ্যা ১৬ জন. গুজরাটে পুলিশের সংখ্যা ১৬ জন, দিল্লিতে ৪৪ জন

17th April, 1991 আর পশ্চিমবাংলায় পুলিশের সংখ্যা ১২ জন। তার সাথে আরও বলতে চাই এখানে কংগ্রু সদস্য যারা আছেন তাদের বলবো অতীত ইতিহাসের দিকে আপনারা একটু দৃষ্টি রাখন আজকে যারা এম.এল.এ হিসাবে এখানে এনেছেন, বামফ্রন্ট সরকার আছে বলে এখানে 🕫 হচ্ছে না। আপনাদের যে ইতিহাস তার কিছু উদাহরণ দিই। আপনাদের আমলে এখানে হ হয়েছে চন্ডি পদ মিত্র, গাইঘাটার এম.এল.এ। আমরা আরও দেখেছি আপনাদের আফে আপনাদের নেত্রি আভা মাইতিকে বিবস্ত্র করা হয়েছে সদর রাস্তার উপর। তখন আপনাদে সরকার ছিল. আপনাদের লোক দিয়ে এই জিনিস ঘটানো হয়েছে। আর একটা ঘটনার কর বলছি। এই সভায় অসমঞ্জ দে মহাশয় ৬ই মার্চ ১৯৭৫ সালে কি বলেছিলেন তার কঞা আমি তুলে দিচ্ছি। তিনি বলেছিলেন 'অনুমান করা হয় মৃতার লজ্জার স্থান দিয়ে কোন শক্ত জিনিস প্রবেশ করিয়ে তাকে হত্যা করা হয়েছিল। সমিতা পরামানিক বলে একজ মহিলা। কয়েক দিন পরে দেখলাম যারা তদন্তের দাবি জানিয়েছিল তাদের উপর দৈহিক হিছে অত্যাচার করা হল। আরও আতঙ্কগ্রস্ত হয়ে পডবেন যে পুলিশ পেয়াদা পাঠানো হল সেই আবেদনকারিদের বাডিতে, তাদের টেনে নিয়ে আসা হল এবং তাদের দিয়ে লেখানো হল ব আমরা আবেদন করিনি। আমাদের অভিযোগ সঠিক নয়।" এর বিহিত না করলে বাংলাদেশে মানুষ অরাজকতা ও বিশৃঙ্খলার হাত থেকে বাঁচবে না, খুনের রাজনীতি থেকে রেখই প্র না। এটা হচ্ছে ওদের সময়ের নেতা অসমঞ্জ দে'র বক্ততা, এই হাউসে তিনি এটা বলেছিলে ওরা বলছেন, এতবার লাঠি চলেছে, গুলি চলেছে। আমরা তো দেখেছি, সেই লডিক প্রতিভা, অমিয়া এরা খাদ্য আন্দোলন যখন করেছিলেন তখন রাস্তার উপরে গুলি কর হয়েছে। এরা যখন শান্তিপূর্ণ আন্দোলন করছিলেন তখন সেই অহিংস আন্দোলনে লা চালানো হয়েছিল, গুলি চালানো হয়েছিল। আমরা ঘন্টেশ্বরী দেবিকে ভূলিনি। রাইটার্স বিভিক্ দখল করার জন্য ওরা যে সাধনা করছেন, আমরা দেখতাম তান্ত্রিক সাধুরা সাধনাব জন নরবলি দিত, ওরাও নরবলি দেওয়ার জন্য নেমেছেন। সাংবাদিক কলদীপ নায়ার ১৯৮০ সালে একবার আনন্দবাজারে লিখেছিলেন, রাজনৈতিক স্বার্থে পুলিশকে ব্যবহার করা ২০০২ তিনি লিখেছিলেন যে, 'পুলিশকে রাজনৈতিক স্বার্থে ব্যবহার করার প্রবণতা বাডল '৬৭ সাল থেকে যখন বিভিন্ন রাজ্যে ক্ষমতাসীন কংগ্রেস দল বাধ্য হল অন্য দলকে সরকার গড়ে দিতে। বিধানসভায় সংখ্যাগরিষ্ঠতার ব্যবধান কম ছিল, তাই পুলিশের সাহায্যে এন.এল.এ পাকডাও করার জন্য ভয় দেখানো শুরু হয়েছিল।' ওদের সময়ে এটা শুরু হয়েছিল। <sup>দ্রার</sup> ওরা বলছেন যে পুলিশকে রাজনৈতিক আন্দোলনের বিরুদ্ধে আমরা নাকি ব্যবহার কর্মি এর আগে আপনারা দেখেছেন যে, মাননীয় সদস্য রবীন মন্ডল আপনাদের দেখিয়েছেন কি ভাবে কি হয়েছে। তিনি সংখ্যা তথা দিয়ে দেখিয়েছেন। পরিশেযে আমি বলছি যে, <sup>কংগুরু</sup> আমলে আমরা আমাদের অনেক বদ্ধদের হারিয়েছি। এই বামফ্রন্টের আমলে কংগ্রেস <sup>৬</sup> জোতদারদের অত্যাচার ও জুলুমের ফলে তাদের রুখতে গিয়েও আমরা অনেক <sup>বন্ধুরের</sup> হারিয়েছি। অনেক রক্তের বিনিময়ে বামফ্রন্ট সরকার যে শান্তি-শঙ্খলা ফিরিয়ে এনেছে, <sup>তারে</sup> অব্যাহত রাখতে আমরা দৃঢ় সংকল্পবন্ধ। কংগ্রেসের উন্মন্ততা ও অপচেষ্টা কখনই <sup>আমানের</sup> জনগণ থেকে বিচ্ছিন্ন করতে পারবে না। এই কথা বলে বাজেটে যে বরাদ্দ পে<sup>ন কর</sup>

(At this stage Shri Naren Hansda walked out of the chamber.)

হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-20 — 5-30 p.m.]

ন্ত্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মিঃ স্পিকার স্যার, আমি প্রথমেই মাননীয় পুলিশ মন্ত্রীর এই সাজাটের বিরোধিতা করছি। তার একটা কারণ, প্রথমেই বলি, একটা মাথাভারি পলিশ ্রুপাসন উনি তৈরি করেছেন। একটা দুর্নীতিগ্রস্ত পুলিশ প্রশাসন তৈরি করেছেন। উনি একটা ্বস্থ্য পলিশ প্রশাসন তৈরি করেছেন, আর পুলিশ প্রশাসনকে একটা রোবট বানিয়ে দিয়েছেন। ু <sub>তার ম</sub>ল কারণ আজকের এই বিধানসভার দাঁড়িয়ে যে সমস্ত মাননীয় সদস্য সরকার পক্ষেব ব্যানে বললেন, তাদের আমি একট স্মারণ করিয়ে দিই। এই বিধানসভায় এতদিন ধরে পুলিশের অত্যাচারের বিরুদ্ধে যে সমস্ত কথা বলেছেন, যে সমস্ত ঘটনার কথা বলেছেন, ্র সেগুলো তাহলে সব মিথ্যা এটা ধরে নিতে হবে। আজকে পুলিশ প্রশাসনের যম্ননাটা এমন ্রকটা ভায়গায় গিয়ে পৌঁছেছে যে সারা উত্তর প্রদেশ, বিহার এবং দিল্লির সঙ্গে আপনাদের ত্রনা করা চলে। আমরা পশ্চিমবাংলায় কি দেখছি? আমি আপনাকে স্মরণ করিয়ে দিই ় <sub>বিধানসভা</sub> প্রাঙ্গনে দাঁডিয়ে উন্মত্ত পুলিশ অফিসার মহিলা পুলিশ কর্মির উপুরে নির্যাতন করে ঘার সেই বিধানসভায় দাঁড়িয়ে পুলিশ বাজেটকে সমর্থন জানিয়ে যারা এখানে বলেছেন, আমি ফ্রুরে। আপনারা সমর্থন করেছেন ধর্যণের আর সমাজবিরোধিদের। এই বাজেটকে সমর্থন করে আপনারা সারা পশ্চিমবাংলার মানুষকে অপমান করেছেন। সারা পশ্চিমবাংলায় মানুষকে যার। অপমান করেছে, সেই পলিশ বাহিনীকে সমর্থন করেছেন। পলিশ বাহিনী চিরকাল ছিল এবং থাকবে। কিন্তু চিরকাল ধরে যে পূলিশ বাহিনী আছে সেই পূলিশ এমন হল কেন? তাদের তৈরি করা হয়েছে। আপনারা তাদের সমর্থন করতে বাধ্য। তাদের অনুগ্রহে ১৯৭৭ মাল থেকে আপনারা এখানে আছেন। তাদের অনুগ্রহ যদি না থাকতো তাহলে পশ্চিমবাংলার ্থ্যমন্ত্রী জ্যোতি বস এখানে থাকতে পারতেন না। সেই ইসলামপরের ঘটনা থেকে আজ পর্যন্ত একটি জায়গাতে পুলিশের বিরুদ্ধে কঠিন এবং দৃষ্টান্তযোগ্য ব্যবস্থা নিয়েছেন ং দুর্ভাগ্যের বিষ্যা, ১৯৭৭ সাল থেকে উনি আছেন, আমিও এখানে আছি। আনি বলি, আনি চোখে মাধূল দিয়ে বলি, পলিশ প্রশাসনকে হাতে রেখে ক্ষমতায় আসা যায়, কিন্তু আপনারা যা করছেন তাতে পশ্চিমবাংলার মানুষের সঙ্গে বিশ্বাসঘাতকতা করা হচ্ছে, পশ্চিমবাংলার মানুষের শঙ্গে শঠতা করা হচ্ছে। আমাদের চিফ মিনিস্টার হচ্ছেন বর্ধিয়ান নেতা, বৃদ্ধ সাজাহান, তাকে <sup>ন্দৌ</sup> করে রাখা **হয়েছে। বৃদ্ধ সাজাহান বন্দী অবস্থা**য় বসে আছেন, তাকে চালাচ্ছে তার <sup>কতকণ্</sup>লি চালাচামুন্ডার দল। আজকে দুর্ভাগ্যের বিষয় চিফ মিনিস্টার বলবেন We are giving more money every year. We are getting more murder. We are getting more crime. We are getting more rape. What is the reason of ॥? কিসের জন্য পুলিশ, কেন পুলিশকে দেওয়া হবে টাকা, ধর্যণ বাড়াবার জন্য। পুলিশ <sup>লৱ-আ</sup>পেতে আপনি নিজে বলেছিলেন যদি কোনও ঘটনা হয়, সেটা যদি সত্য প্রমাণিত হয় <sup>টাংলে</sup> বলুন অসভ্য মুখ্যমন্ত্রীর অসভ্য রাজত্বে একটার পর একটা নয় ৫৬টা ঘটনা ঘটেছে, <sup>থানাতে</sup> মহিলারা আশ্রয় চেয়েছেন ধর্ষিতা হয়েছেন। এখানে একটা মহিলা ধর্যণকারিকে চাপা <sup>দিবার</sup> জন্য পুলিশকে বাঁচানোর জন্য আপনাদের একজন মন্ত্রী, সেই মন্ত্রী এখনও বিধানসভায় <sup>মাছে,</sup> — আপনি হচ্ছেন মুখ্যমন্ত্রী — কেন তাকে তাড়িয়ে দেননি, নেহারবানুর কেসে ৫০০ <sup>টাকা দিতে</sup> গিয়েছিল। নাম বলতে দুঃখ হয়। আমি জানি শ্যামল চক্রবতী নামে নাকি একজন টী আছেন, নিগৃহিত ঐ মহিলার চোখের জল মুখ্যমন্ত্রীর জুতোয় পড়েছিল কিনা আমার

[7th April, 1994]

জানা নেই। ওর ঘুম ভাঙে মানুষের ক্রন্দনে নয়, শেয়ালের হুকারে ওর ঘুম ভাঙে, উনি ঘ্রিফ থাকেন। আজকে দুর্ভাগ্যের বিষয়, মুখ্যমন্ত্রীর বয়স হয়েছে, তিনি পারছেন না, তার ক্ষান্ত নেই. তিনি যাদের উপর পশ্চিমবাংলার দায়িত্ব ছেড়ে দিয়েছেন, তারা যে ভাবে সরকার চালাচ্ছেন. আপনি বলন আপনার ডাইরিতে আছে কোন আই.পি.এস. অফিসার রশিদের সাহ যুক্ত ছিল? আপনার কাছে যে সি.পি.এম নাম পাঠিয়েছিল তার তালিকা প্রকাশ করতে হরে। আপনাকে বলতে হবে, রশিদের সঙ্গে কোন কোন এম.এল.এ. যুক্ত আছে, বা কেউ আছ কিনা, কোনও নেত্রী যুক্ত আছে কিনা? আপনাদেরকে তো চালায় রশিদ, সাটাবাজন সমাজবিরোধিরা: সমাজবিরোধিরা আজকে স্বর্গরাজা তৈরি করেছে পলিশের সাহায্য নিয়ে আজকে আপনাদের ত্রাণকর্তা হচ্ছে সমাজবিরোধী, আর সমাজবিরোধীর ত্রাণ কর্তা হচ্ছে পুলিশ। রবীনবাব এখানে বলছিলেন, প্রথম বক্তা, উনি ভাল জানেন, উনি এখানে উল্লে প্রদেশের কথা তলনা করেছেন. এখানে রবীন্দ্রনাথ, বিবেকানন্দ, রামমোহন, জন্মগ্রহণ করেছেন ওরা তো আর উত্তরপ্রদেশে জন্মায়নি। পশ্চিমবাংলার মখ্যমন্ত্রী বিধানসভায় দাঁডিয়ে বলছিলেন ১ বছরে নারি ধর্ষণ কত হয়েছে, তারই তথ্য থেকে বলছি, ৯২ - ৯৩ সালে বধুহত্যা, নারি ধর্ষণ হয়েছে ৭১২ জন আপনি বলবেন, ৯৩ সালে একটি বছরে যা হয়েছে ৭২ থেকে ৭৭ সাল পর্যন্ত কোনও একটি বছরে এত হয়নি. ১ বছরে ৭১২ জন ধর্যিতা হয়েছেন। আহ যেটা বললাম যদি এটা দেখাতে পারেন তাহলে আমি পদত্যাগ করে চলে যাব, আপনি প্রতিবারে বলেন কংগ্রেস আমলে এইরকম হয়েছে। ওরা বলেন কংগ্রেসের সময় এখানে নাহি দুর্নীতির শাসন ছিল। আমি ওকে বলছি, যদি ক্ষমতা থাকে তাহলে আমি যে সব ঘটনার কথা উল্লেখ করবো তার খোঁজ নিন, আমি সময় দেব। স্যার, আজ পশ্চিমবাংলায় মন্তানরাই শুধ রাজত্ব করে না, তারসঙ্গে এখানে সাটাবাজরা রাজত্ব করে এবং রাজত্ব করে কাচার বাহিনী। একজন এম.এল.এ., তার নাম আমি করবো না। দুর্ভাগ্যের বিষয় পুলিশ সেই এম.এল.এ.কে ধরতে পারে নি। এমন কি পুলিশ সি.পি.এমের ক্যাডারদেরও ধরতে পারে না। সেখানে যদি নথিভক্ত কেস থাকে তাহলেও পলিশ ধরতে পারে না কারণ তা হলে থানাঃ হামলা হয়। এখানে সাজাহান বসে আছেন. তিনি বসে বসে দেখছেন যে তাদের লো<sup>কর</sup>। ফাঁডি আক্রমণ করছে আর পুলিশ যদি তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে তাহলে সেখনে এস.ডি.পি.ও কে ট্রান্সফার করে দেওয়া হচ্ছে। এই হচ্ছে এখানকার পরিচ্ছন্ন প্রশাসন-এর চিহ্ন: ১৯৭৭ সালে যখন আপনারা ক্ষমতায় এসেছিলেন তখন রাইটার্সের সামনে দাঁড়িয়ে আপনারা বড় বড় বক্তৃতা দিয়ে মানুষকে বলেছিলেন যে, 'আমরা পরিচ্ছন্ন প্রশাসন মানু<sup>মকে</sup> উপহার দেব।' স্যার, সেই পরিচ্ছন্ন প্রশাসন হচ্ছে নারি ধর্যণ, সেই পরিচ্ছন্ন প্রশাসনের চিহ হচ্ছে পশ্চিমবঙ্গকে সমাজ বিরোধীদের স্বর্গরাজ্যে পরিণত করা। আর আপনাদের গো<sup>নোনা</sup> দপ্তর এখানে সম্পূর্ণ ব্যর্থ এটা আপনারই কথা। আপনি যদি মনে করেন আপনার <sup>গোয়েন্দা</sup> দপ্তর ব্যর্থ, আপনার প্রশাসন ব্যর্থ, আপনার সমস্ত ব্যবস্থা ব্যর্থ তাহলে আজকে আপ<sup>নাকে</sup> প্রশ্ন করবো, আপনি কেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেন নি? এরপর আমি মুখ্যমন্ত্রী<sup>র কাছে</sup> কয়েকটি ঘটনার কথা তুলে ধরে জানতে চাইবো কেন এইসব কেসে গ্রেপ্তার করে দোযিদের শাস্তি দিতে পারেন নি সেটা তিনি বলুন। ২৫শে জানুয়ারি, ১৯৯৪ সাল, নিউ আলিপ্<sup>রের</sup> যে ঘটনা সেই ঘটনায় এখনও পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি কেন? আপনি লিখে নিন। <sup>নিট</sup> আলিপুর সঙ্গম ভিলায় একটি মেয়ে ধর্যিতা হল। পুলিশের রিপোর্ট আমার কাছে <sup>আছে।</sup>

<sub>রিপোর্ট</sub> দিচ্ছে কে? রিপোর্ট দিচ্ছে সুরজিত ভট্টাচার্য। তার কাছ থেকে ডি.সি.ডি.ডি. গৌতম ্রের্জী। কেন গ্রেপ্তার করতে পারেন নি, কোথায় বাধা সেটা বলুন। ১৬ই ফেব্রুয়ারি মসজিদ ্দ্র মার্চি স্ট্রীটে জনৈকা ভদ্রমহিলাকে রেপ করা হয়েছিল। কেন সেখানে আজ পর্যন্ত গ্রেপ্তার ্রত্ত পারেন নি, কোথায় বাধা। অবশ্য বাধা আপনাদের আছে এবং সেটা হচ্ছে প্রত্যেক <sub>নাযগায়</sub> সি.পি.এম যুক্ত এবং সেখানে পুলিশের ক্ষমতা নেই তাদের ধরার। ৬ই ফেব্রুয়ারি. ১৯৯৪, বাগবাজারে ২৪০ নং বাস স্টান্ডে জনৈকা বিবাহিতা মহিলাকে নিয়ে গিয়ে রেপ করা ্র্যাছল। একজনকে ধরে পরে ছেড়ে দেওয়া হয়েছে। ১৮ই ফেব্রুয়ারি, সাহিত্য পরিষদ স্থীটে ্র্ <sub>অলপনা</sub> ব্যানার্জির ঘটনার কথা বলে আপনাদের আর লজ্জা দেব না। অবশ্য এসব ঘটনায় আমবা জানি আপনার দুঃখও হবেনা, ঘুণাও হবে না কারণ আপনি মার্কসবাদি নেতা, সর্বহারাদের নেতা, অন্য লোকদের কথা ভাবেন না। এই হচ্ছে অবস্থা। আরও বলি. ২০শে ফেব্রারি, ৬ মাসের একটি বাচ্চা শিশুকে ধর্যণ করার চেষ্টা করা হয়। সেখানে গ্রেপ্তার পর্যন্ত ক্রতে পারেন নি। তাহলে কারজন্য, কিসের জন্য এই পুলিশ? একটি বই এই প্রসঙ্গে অপনাকে দেব, তডিত সিদ্ধার্থ এই বইটি দিয়েছেন, এতে ১৯৯১ থেকে ৯৩ সাল পর্যন্ত ন্যক হাজার ঘটনার কথা আছে যা পডলে দেখবেন একটা ইতিহাস তৈরি হয়ে গিয়েছে। সার আপনার মাধ্যমে এই বইটি আমি মখামন্ত্রীকে উপহার দেব। তার ১৭ বছরের রাজত্বে এখানে নারী ধর্যণ, নারী নির্যাতনের ঘটনার যে মালা উনি পরেছেন তার ঘটনার কথা এই ছোটু বইটিতে আছে। এটা পড়ে দেখুন যদি আপনার জ্ঞান, বৃদ্ধির উদয় হয়। অবশ্য ওর উপায় নেই, ক্ষমতায় থাকতে হবে তাই কোনও কিছ দেখছেন না। একদিন স্পিকার সাহেব বল্ছিলেন, বিধানসভাতে যাই বলুন না কেন সেটা গিয়ে ঐ ভোটের বাক্সে প্রতিফলিত হয়না। ইনি একজন বিজ্ঞ লোক, ভাল আইনজীবি, ওর সঙ্গে আমি একমত। আমরা এখানে চিৎকার ক্রবো, সংবাদপত্র, মিডিয়ার মাধ্যমে প্রকাশিত হবে কিন্তু সেখানে সেটা পৌঁছাবে না। আজকে এই বাজেট আপনার পলিশ বাবার বাজেট। He is their good father তাদের বাজেট মাজকে পাশ করাতে হবে। পুলিশকে সম্ভুষ্ট করতে হবে, তাদের বাজেট পাশ করাতে হবে র্থ্যীই ওধু আপনারা জানেন। কত ঘটনা ঘটছে — ডি.সি.ডি.ডি.কে লালবাজারে ঘেরাও কবা ফ, সে যদি এক গ্লাস জল চায় তাহলে এক বোতল প্রসাব করে নিয়ে এসে তাকে দেওয়া য়। ইতিহাসে শুনেছেন কখনও এই জিনিস হয়েছে? কি ব্যবস্থা আপনি এরজন্য নিয়েছেন। মাজকে দেখছি মমতা ব্যানার্জির আতঙ্কে ওরা ভূগছেন। তার কারণ মমতা ব্যানার্জি গণতম্ব্রের <sup>রক্ষক</sup> সব অত্যাচারের বিরুদ্ধে। তাই আজকে পরিশেষে বলবো, মমতা ব্যানার্জির দুটি ঘটনায় ় জায়গায় আমি ছিলাম। বারাসাতে ছিলাম, মুখ্যমন্ত্রীর নির্দেশ ছিল লক্ষ লক্ষ লোক, খালি <sup>पामता</sup> বলেছি**লাম আপনি মাইকে বলে** দিন অ্যারেস্টেড অ্যান্ড ডিসচার্জড। আমাদের অ্যারেস্ট <sup>বুরুলা</sup>, আমাদেরও রক্ষা করতে পারেননি, আমাকে পুলিশ ধাক্কা মেরে ফেলে দিয়েছিল, <sup>যামার</sup> চশমা পড়ে ভেঙে গিয়েছিল, ডি.এম. পরিষ্কার ভাবে বললেন আমি অসহায়, পারবো <sup>না,</sup> তার এক**টাই কার**ণ মুখ্যমন্ত্রীর নির্দেশ আছে যে মমতা ব্যানার্জির আন্দোলনকে গুলি <sup>চালিয়ে</sup> থামাতে হবে। আমি আজকে আপনাকে বলি যদি মনে করে থাকেন রুমানিয়া থেকে <sup>রাঙ্গেরি</sup>, মনে করেন যদি যুগশ্লোভকিয়ার মত গুলি করে আমাদের এই আন্দোলন থামাবেন, <sup>মহলে</sup> ভুল করছেন। এটা সোভিয়েট রাশিয়া নয়, চীনের গণতান্ত্রিক আন্দোলনকে রুখবেন, <sup>একটু</sup> বলে দিই, এটা কম্যানিষ্ট দেশ হয়নি, এটা হাঙ্গেরি নয়, এটা রুমানিয়া নয়, এটা

[7th April, 1994]

পশ্চিমবঙ্গ, এখানে গুলি করে জব্দ করতে পারবেন না, এটা মমতা ব্যানার্জির আন্দোলন নং এটা জনগণের আন্দোলন, গণতান্ত্রিক আন্দোলনকে রক্ষা করার জন্য, মাননীয় অধ্যক্ষ মহাধ্য়ে আমি শুধু একটু নিবেদন করবো, মুখ্যমন্ত্রীকে আবেদন করে কিছু হবে না, আপনাকে আবেদন করি, আপনি এই হাউসের কর্তা হিসাবে আমার আপনার কাছে আবেদন, এই জ্যোতি ক্য মহাশয়ের এই বই, বইখানা ওদের ইতিহাস, এটা মানব কমিশনের কাছে পাঠিয়ে দিন, উনি মানব না দানব তা প্রমান হোক বিশ্বের দরবারে। পশ্চিমবাংলার দরবারে নয়, ভারতেই দরবারে বইটা পাঠিয়ে দিন, মানব কমিশনে বইটা পাঠিয়ে দিন, ওর বিচার হোক, এটা খিন বিচার হয় পশ্চিমবাংলার মানষ জানবে যে আজকে জ্যোতি বসু মানব নয়, উনি একটা দানব এই পশ্চিমবাংলার রাজত্ব করছে ১৯৭৭ সাল থেকে এই পর্যন্ত এই কথা বলে আমি এর পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-30 — 5-40 p.m.]

শ্রী জ্যোতি বস : মাননীয় স্পিকার মহাশয়, আমি দাবি নং ২১ এর উপর সমগ্র করে আমার বক্তব্য রাখছি এবং যে ছাঁটাই প্রস্তাবগুলো এসেছে, তার বিরোধিতা কর্মচা প্রথমে আমি আপনার মাধামে বলতে চাই যে বিরোধী দল নেতা তিনি অনেক সব ৯৮% থেকে কি সব পডলেন। প্রথমতঃ এত চিৎকার করলে কিছু বোঝা যায় না ঠিক। শোনা হব কঠিন হয়। ঘরে বসে আরও ভাল শোনা যায়, কিন্তু এখানে কঠিন হয়। একটু আন্তে আত্ত বললে সুবিধা হয়। এটা ভবিষ্যতের জন্য বলছি। তিনি অনেক কাগজ পডলেন, আপনি বলেছেন সেই কাগজগুলো উনি আপনাকে দিয়েছেন, আপনি আমাকে দেবেন, আমি দেখ নেব সেইগুলো। এখন বুঝতে না পেরে কি বলবো? বউবাজার ব্লাস্ট সম্বন্ধে উনি বলেছেন, আরও কয়েকজন বলেছেন, আমি বলছি, সেখানে তো চার্জ শিট হয়েছে, ছয় জন ধ্র পড়েছে, দ জন অ্যাবস্কুন্ড করেছিল, এখনও ধরতে পারা যায় নি। মামলা হয়েছে, সং হাইকোর্টে এখন গেছে। এটা হচ্ছে টাডাতে এটা হতে পারে কি না, আমরা চাইছি 🗗 টাডাতে হোক। এটা হচ্ছে ঘটনা, এটা হয়ে আছে। শীঘ্র বোধ হয় হিয়ারিং আছে, ভঙ সাহেবরা বলবেন দেখে। কিন্তু চার্জ শিট আমাদের তৈরি হয়ে গেছে। আর ১৫ জন এ ব্লান্টে ওরা বম্ব তৈরি করছিল ভেতরে. ১৫ জন ওখানে মারা গেছে। এই হচ্ছে আমাদের <sup>বৌবাজাব</sup> এর লেটেস্ট কথা। তারপর হচ্ছে, উনি বলেছেন এখানে—উনি হাউসে থাকেন কি ন জানিনা, এই সম্পর্কে তো প্রশ্নোত্তরে আগের দিন বলেছি যে অনেক কমিশন বসানো ইয়েছে, তার রিপোর্ট উনি দেখেন নি। আমি আবার বলছি ১৮টা হচ্ছে ৭৭ সাল থেকে, তার <sup>মধো</sup> ১৩টা আমরা হাউসকে দিয়েছি। একটা পেয়েছি কয়েক সপ্তাহ আগে, সেটাও আমরা <sup>দি?</sup> দেব অ্যাসেম্বলি শেষ হবার আগে। আর চারটে বাকি আছে. আর আমি বলেছি জা<sup>জদের —</sup> একজন জাজ তো মারা গেলেন, যিনি করছিলেন, আর একজন জাজ সেখানে <sup>আর্ছ</sup> করেছেন। কাজেই তাদের তো আমরা এই ভাবে তাডা দিতে পারি না? জাজরা যখন দেকে তখন আপনাদের দিতে পারবো। কিন্তু এই যে ১৩টা লেড ইন দি হাউস হয়েছে, <sup>সেইওলে</sup> একটু পড়ে নেবেন। তারপর হচ্ছে যে উনি হঠাৎ — কিছু বলবার নেই তো, আমার <sup>এই</sup> বাজেট বক্তৃতা পড়ে আর কি বলবেন? কিছু বলার নেই, সবই পরিসংখীন সেখন <sup>আছে</sup> হঠাৎ বললেন সুপ্রিম কোর্ট কি বলেছেন পুলিশ সম্বন্ধে? উনি যে আগেরটা বলেনি

এলাহাবাদ হাইকোর্টেও এইরকম বলেছিল ১৫ বছর আগে। কিন্তু সেটা আমাদের স্পিকার মহাশার, আপনাকে বৃঝিয়ে বলেছেন যে সেটা এখানকার সম্বন্ধে কোনও ব্যাপার নয়। এটা অন্য একটা মামলা হয়েছিল, অন্য একটা কংগ্রেস রাজত্বের বোধ হয়, সে সম্বন্ধে বলতে গিয়ে ওরা মন্তব্যটা করেছেন। চার নং, উনি আবার সেই পুরোন কথা — বাংলাদেশের প্রধানমন্ত্রী যখন এসেছিলেন তখন সাংবাদিকদের ওপর আক্রমণ করা হয়েছে, ইত্যাদি বললেন! সেটা আমরা তদন্ত করেছি। সেটা একটা ভূল বোঝাবুঝি হয়েছিল। অনেক দিন আগেই সেটা মিটে গেছে। তদন্তে দেখা গেছে বাংলাদেশের প্রধানমন্ত্রীর সিকিউরিটির ইত্যাদির ব্যাপারে সেখানে ওদের যেতে দেওয়া হয়নি। আজকে এখানে পুলিশ বাজেটের বিরোধিতায় ঐ ঘটনা উল্লেখ করা হল! ওর জন্য ওদের সমর্থন করা উচিত। ওটা একটা সামান্য ঘটনা — ওখানে একট ভূল বোঝাবুঝি হয়েছিল।

তারপর হাঁা, ফরেনসিক সেন্টার শিলিগুড়িতে করব বলেছিলাম এবং আমরা ফিনান্স কমিশনকে বলেছিলাম, কিন্তু সেখান থেকে কোনও সাড়া পাওয়া যায় নি বলেই আমরা টাকার অভাবে করতে পারি নি। নাহলে শিলিগুড়ি এবং উত্তরবঙ্গের জন্য এটার প্রয়োজন আছে বলে আমরা মনে করি।

তারপর উনি বলেছেন, এখানে নাকি ট্রাপফারের কোনও নিয়মকানুন নেই। একটা দৃষ্টান্ত দিয়েছেন — দিনাজপুরে তিনজনকৈ সময়ের আগেই ট্রাপফার করা হয়েছে। সাধারণতঃ ২ বছর, আড়াই বছর, তিন বছর এক একজন এক এক জায়গায় থাকেন, কিন্তু তার আগেও আমরা আমাদের প্রশাসনের প্রয়োজন ট্রাপফার করি, সেরকম দু'জনকে করেছি এবং এটা ঠিকই যে, সময়ের আগেই করা হয়েছে। কিন্তু এটা পানিসমেন্ট বা সাজার কোনও ব্যাপার নয়, আমাদের প্রয়োজনে আমরা করেছি। আর একজনকে কেন্দ্রীয় সরকার চেয়েছিলেন বলে আমরা তাকে ছেড়ে দিয়েছি। তিনি কেন্দ্রে চলে গেছেন। এর বেশি আর কিছু বলার নেই।

আর বাকি ব্যাপার গুলো সম্বন্ধে উনি কাগজ-পত্র দেখালে পরে বলতে পারব।

আর আমাদের তরফ থেকে অনেকেই বলেছেন, তাদের মধ্যে মাননীয় সদস্য রবীন্দ্র নাথ মন্ডল, তিনি আমাদের যে স্টাটিসটিক্স ইত্যাদি আছে — তুলনামূলক পরিসংখ্যান গুলোর উল্লেখ করেছেন। সূতরাং সেগুলোর আর উল্লেখ করার দরকার নেই। তবে একথা এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, এতে আত্মসস্তুষ্টির কোনও ব্যাপার নেই। আমি বার বার বলি, আমাদের রাজ্যে অন্যান্য রাজ্যের তুলনায় বিভিন্ন ধরনের ক্রাইম যদি কমও হয় তাহলে তাতে আমাদের আত্ম-সন্তুষ্টির কিছু নেই — আরও কেন কম হচ্ছে না, প্রতিকার হচ্ছে না, এগুলো সব সময় আমাদের বলতে হবে। আমি বলছি, ১০০ বছর ক্ষমতায় থাকলেও বলতে হবে। আমরা যদি দুর্নীতির বিরুদ্ধে কিছু করে থাকি, তাতে আ্মা-সস্তুষ্টির কি আছে। আত্ম-সন্তুষ্টির কি আছে, আরও বলতে হবে। এটা তো আমরা জানি এবং এই দৃষ্টিভঙ্গী নিয়েই তো আমরা চলছি।

[5-40 — 5-54 p.m.]

তারপর রবীন্দ্রনাথ মন্ডল বলেছেন, রাবার বুলেট আনা যায় কিনা। আর জ্বল-কামানটা

[7th April, 1994]

বলেছেন কিনা শুনি নি. রাবার বলেটটা শুনেছি। ওটা মোরারজি দেশাই-এর সময়, উনি যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন দিল্লিতে ওরা এনেছিলেন এবং আমাদের বলেছিলেন ওতে কি হয় না হয় — লোক মরবেনা. পড়ে যাবে, অকেজো হয়ে যাবে, ইট-পাটকেল আর ছাঁড়াড় পারবে না। এখন পর্যন্ত আমাদের এখানে ওটা ব্যবহৃত হয়নি। দিল্লিতে ওরা ব্যবহার করেছেন লাঠি চালিয়েছে. জল ছঁডেছে, টিয়ার-গ্যাস ছঁডেছে। এখন আমরা বলছি, বোম মারলে. পাইপ গান ব্যবহার করলে ওটা কার্যকরী হবে কিনা আমরা জানিনা। ইউবোপ-টিউরোপের কোনও কোনও জায়গায় ওটা ব্যবহার করে. সেখানে তো কংগ্রেসের মত কেট বোমা মারেনা. পাইপ গান ব্যবহার করে পুলিশকে জখম করেনা। সেজন্য সেখানে কার্যকরী হতে পারে। আমাদের এখানে — আপনারা বলছেন. দেখব, জিজ্ঞাসা করব কেন্দ্রীয় সরকারকে কতটা কি কার্যকরী হয় দেখব। এর আগে এইরকম একটা হয়েছিল। পরিসংখ্যান যা দিয়েছি সেগুলি বানিয়ে দিইনি। কোনও একটা জায়গা থেকে পরিসংখ্যান পেয়েছি। আমরা খবর নিয়ে দেখলাম. ১৯৯২ সালে ডিপার্টমেন্ট অফ ওমেন অ্যান্ড চাইল্ড ডেভেলপমেন্ট মিনিস্টির একটা সম্মেলন হয়েছিল, তার থেকে স্টাটিসটিক্সগুলি নিয়েছি। মান্নান সাহেব যেটা বলছেন-আগ্নি ্যেটা বঝলাম. ক্রাইম রেকর্ড এইরকম একটা বই আছে তার থেকে উনি বলছেন মিল্ছে না আমি যতটা বলেছি. ততটা নয়। আমাদের একটা দেখতে হবে। এটার সঙ্গে ওটা যদি না মেলে নিশ্চয়ই দেখতে হবে। সিদ্ধার্থ শঙ্কর রায় যখন বিরোধী দলের নেতা ছিলেন তখন তিনি একটা পড়ে শুনিয়েছিলেন। আমি খুব অবাক হয়ে গেলাম। তিনি ভয়ঙ্কর একটা পরিসংখ্যান দিলেন কোন ক্রাইমের ব্যাপারে। আমি তাকে বললাম, এটা হতেই পাবে না আমি চপ করে গেলাম। পরে বইটা দেখিয়ে বললো. আমি তৈরি করিনি, এই দেখো, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এসেছে। ক্রাইম রেকর্ড বোধ হয় ছিল। তুমি যা বলেছো উল্টো কথা লেখা আছে এটা তিনি বললেন। আমি হতবাক হয়ে গেলাম। আমি কনটাক্ট করলাম দিল্লিতে, কোথায় পেলেন? ওরা রাজ্যগুলির কাছ থেকে পায়. ওদের নিজেদের কোনও ব্যবস্থা নেই যে নিজেরা খোঁজ-খবর নেবেন। ২।৩ সপ্তাহ পরে জানালেন। সিদ্ধার্থ শঙ্কর রায়কে জানিয়ে দিলাম, এটা আমাদের প্রিনটিং এরর হয়ে গেছে, ইচ্ছাকৃত নয়। সূতরাং মাননীয় সদস্য যখন বলছেন তখন এটা দেখতে হবে। তারপর মানসবাব্ বললেন, অনেক কথার মধ্যে যতটা আমি শুনেছি ডেবরার সম্বন্ধে কলিং- অ্যাটেনশনের যে জবাব দিলেন সেই নামগুলি মিলছে না। সি.পি.এম যে ইস্তাহার দিয়েছিলেন এবং আমি যে নামগুলি বলেছি তারসঙ্গে ৩টি মিলছে, ২টি মিলছে না। এটাও আমাদের দেখতে হবে। কারণ আমি সি.পি.এমের ইস্তাহারের উপর নির্ভর করে নাম দিইনি, আমি পুলিশ রিপোর্টের উপর ভিত্তি করে নামগুলি দিয়েছি। যদি ভূল হয়ে থাকে নামগুলি পরিবর্তন হবে। কিন্তু মৃত্যুর সংখ্যা সঠিক। অনর্থক কেন ভূল নাম দেব? ইচ্ছাকৃতভাবে হয় নাকি বা এটার জন্য কোনও কারণ আছে? তারপর সৌগতবাব বললেন, রাইটার্স বিল্ডিং দখলের ব্যাপারে। ওরা বারে বারে এইরকম চেষ্টা করেন। উনি বললেন, একেবারেই নয়। ওরা নিরামিষাষি কোন ইট মারেন না. বোমা ছোডেন না, পার্থর ছোডেন না. পিস্তল ব্যবহার করেন না. পূলিশ আহত হয়নি ইত্যাদি অনেক কথা বললেন। আমি অনেকবার বলেছি, আজকেও বলছি, কারণ বলবার আগে কংগ্রেসের চরিত্র কি সেটা বলি। ইন্দিরা গান্ধী যখন মারা গেলেন, তখন আমি মাদ্রাজে ছিলাম। কনফারেন্স ছিল বর্দ্ধ করে দিল্লিতে গেলাম। সেখানে গিয়ে সকালবেলায় খবর পেলাম. আমাদের এখানে কংগ্রেস

বাস্তায় নেমেছে এবং ১৪টি বাসের উপর আক্রমণ হয়েছে। শিখ ড্রাইভার ছিল, তাদের উপর ্রাক্রমণ হয়েছে। আমি তখন রাজীব গান্ধীকে চিনতাম না। তার বাডিতে আমাকে ডাকলেন. আমি গেলাম। তিনি বললেন, দিল্লিতে আগুন জ্বলছে, অবস্থা খুব খারাপ। আমি বললাম. ্রামি এই খবর পেলাম, আজকে ফিরে যাবো। উনি বললেন, আমি সব মুখ্যমন্ত্রীদের বলেছি, আপনারা নিজ নিজ রাজ্যে চলে যান. কোন জায়গায় যাতে গোলমাল না হয়। আমাদের ফৌজ আসতে দেরি হচ্ছে, ওরা এসে সব কন্ট্রোল করে দেবে। ততক্ষণে তিন হাজার মানষ খন হয়ে গেছে। তারপর তিনি ফোন করলেন। কার কাছে ফোন করলেন জানি না। আমি ্ তাকে বলেছিলাম, 'পশ্চিমবঙ্গে কেউ যদি গোলমাল করেন সেটা আপনার লোকেরাই করবেন. কাজেই আপনি বলে দিলে তারা ঠান্ডা থাকবেন। ফৈরে এসে দেখলাম, এখানে ১৪টি বাসের রুপর আক্রমণ হয়েছে। আমি কংগ্রেসি নেতাদের ডেকে বলেছিলাম, 'ঘটনা যা ঘটেছে এটা ্রকটা ভয়ঙ্কর কান্ড হয়েছে ভারতবর্ষের পক্ষে, এর মোকাবিলা করতে হবৈ একসঙ্গে। ওরা বলেছিলেন এসব কারা করেছে আমরা জানি না। এই হচ্ছে কংগ্রেসিদের চরিত্র, ইন্দিরা গান্ধীকে তার সিকিউরিটি গার্ডরা হত্যা করলো, আর তারজন্য দেশের তিন হাজার শিখ নারি-পরুষ-শিশু খুন হয়ে গেল। রাজীব গান্ধীকে যেদিন হত্যা করা হয় সেদিন আমি কলকাতায় ছিলাম না, পশ্চিমবাংলার বাইরে ছিলাম, কিন্তু সেদিনই খবর পেয়েছিলাম যে, এখানে ১৪টি বাসের উপর আক্রমণ হয়েছে। এটা কেন করা হয়েছে জানি না। আমার ফিরতে দেরি হয়েছিল, কিন্তু জানতে পারলাম, এখানে, বিশেষ করে জলপাইগুড়িতে মারাত্মক আক্রমণ আরম্ভ হয়ে গেছে। আপনারা নিজেদের নেতা রাজীব গান্ধীকে বাঁচাতে পারেন না. কিন্তু তারজনা এখানে আমাদের পূলিশ অফিসারদের উপর আক্রমণ করেন! তারপর আমাদের মন্ত্রীরা একসঙ্গে বসে ঠিক করলাম যে. এটা বাড়তে দিলে ক্ষতি হবে. সেজন্য মিলিটারি ডাকতে পারি কিনা। জানি যে. সব সময় অসামরিক কাজে মিলিটারি ডাকাটা ঠিক নয়. কিন্তু উপায় নেই, তাই সেই মিলিটারিই ডাকতে হল এবং মিলিটারি নামবার পর ঠান্ডা হল। কিন্তু রাজীব গান্ধীর উপর আক্রমণ হবে. কিন্তু তারজন্য এখানে বাসের উপর আক্রমণ হবে কেন? আজকে এটাই হচ্ছে কংগ্রেসিদের চরিত্র। আমরা দেখেছি, সৌগত রায় মহাশয় হাউসে অশালীন সব মস্তব্য করেন, কারণ এটাই কংগ্রেসিদের চরিত্র হয়ে দাঁডিয়েছে। আমি মিঃ স্পিকার মহাশয়কে বলি, আপনি আমাদের দাবিতে অনেক সময় ওদের এসব অশালিন বক্তব্য বাতিল করে দেন, কিন্তু আমি বলি, এসব এক্সপাঞ্জ না করে রেখে দেবেন, তাহলে আমাদের পরবর্তী প্রজন্ম জানতে পারবে না, ওদের চরিত্র কিরকম ছিল। ঐ ভদ্রলোক আলিপুর কেন্দ্র থেকে সেখানকার মানুষের দ্বারা নির্বাচিত প্রতিনিধি। উনি আন্দোলন করতে নেমে মানুষকে উদ্ধে দিয়ে পিছিয়ে যান এটা দেখেছি। কলকাতাই হোক বা বারাসাত হোক, চট করে উনি থানায় চলে যান রাইটার্স বিশ্ভিংয়ে বা পুলিশকে ফোন করবো বলে। এইভাবে উনি বারাসাতে াইটার্স বিশ্ভিংয়ে ফোন করবার নাম করে বেরিয়ে যেতে সমর্থ হয়েছিলেন উদ্ধে দেবার পর, যদিও আমি সে সময়ে রাইটার্স বিশ্ভিংয়েই ছিলাম। এইভাবেই কংগ্রেসি নেতারা পিছিয়ে যান এবং তারপর কেউ হয়ত হাত-পায়ে ব্যান্ডেজ ইত্যাদি বেঁধে বেঁধে হাউসে হাজির হন। ওরা বলেন, ওরা নাকি হিংসায় বিশ্বাস করেন না. একেবারে নিরামিযাশি! কিন্তু এবারে তো আমার কাছে ক্যাসেট আছে। এতে কংগ্রেসিরা বলছেন — 'আমরা ষাট হাজার, কিন্তু পূলিশের সংখ্যা একশো দুশোও নয়, কাজেই চলুন রাইটার্স বিশ্ভিং-এর দিকে। মার্চ টু রাইটার্স বিশ্ভিং।

[7th April, 1994]

ক্যাসেটের মধ্যে ধরা আছে এসব। ঐ ঘটনায় ২১৫ জন প্রদিশ-অফিসার-আদারস ফিলিস আহত হয়েছেন এবং তাদের মধ্যে ৩৪ জন প্রলিশ-হস্পিটাল এবং অন্যান্য হস্পিটালে ৯৯ হয়েছেন, ৩৫টি ভিকল নম্ভ হয়েছে। এছাড়া প্রাইডেট গাড়িও অনেক নম্ভ হয়েছে, পার্ক স্থীন লুটপাট করা হয়েছে। কংগ্রেস দলের লোকেরা লুটপাট করেছে সেখানে এবং সেখানে বোফার ব্যবহার করেছে তারা। ওখানে কতগুলো লোক যারা ওদেরই লোক তাদের নি**জে**রাই আচত করে হাসপাতালে পাঠিয়েছে। সেখানে তারা পাইপ-গান ব্যবহার করেছে, ইট-পাথর ব্যবহার করেছে। সার্জেন্ট ঘোষাল বলে একজন পলিশ অফিসার সেখানে পাইপ-গানের গুলিতে আহত হন, আর একজন আসিসটেন্ট ইনস্পেক্টারের হাতের পাশ দিয়ে পাইপ-গানের গুলি বেরিয়ে যায়। ঐ জায়গায় কিন্তু তালের কোনও মিটিং করবার কথা ছিল না। পলিন কমিশনারের সঙ্গে যে কথা হয়েছিল তাতে পাঁচটি জায়গায় তাদের অবস্থান করবার কংগ হয়েছিল। আমি বলেছিলাম, সেখানে মিটিং করতে চাইলে ওলের মিটিং করতে দিন। কিন্ত হঠাৎ করে ওরা সিদ্ধান্ত নিলেন - রাইটার্স বিশ্ভিং দখল করো। তাই সেখানে যতগুলো মতা ঘটেছে তারজনা কংগ্রেসিরাই দায়ী। এগুলি হচ্ছে অপরাধী। মানবের কাছে, সমাজের কাছে সভ্যতার কাছে এণ্ডলি হচ্ছে অপরাধী **লোক। আর নিজেরা এইসব ছেলেণ্ড**লিকে ডেকে আনেন এবং তাদের বলেন যে, আজকে আমরা রাজত করবো, চল, আমরা রাইটার্স বিল্ডিংস मधन कति। धरैमव कथा वटन जाएन निराय धरम निराम भानिसा याप वा भनिस्मत कार्क আশ্রয় নেয়। এরা পূলিশ বাজেটের বিরোধিতা করছেন, আর আমার কাছে এসে বারে বারে বলেন যে আমাকে সিকিউরিটি দিন, সিকিউরিটি দিন। কেন একথা বলেন? কার বিরুদ্ধে সিকিউরিটি চান ? ওদের নিজেদের বিরুদ্ধে। কারণ ওদের সমাজবিরোধিদের মধ্যে ভাগ, ওদের পার্টির মধ্যে ভাগ। আমি বলৈছি, আমি খুশি হব যদি ওরা এক পার্টি হয়ে যান। কারণ তাহলে-রাজনৈতিক ভাবে একটা জায়গায় মোকাবিলা করলে হবে আমাদের প্রশাসনের মাধ্যমে তানাহলে ২ IO বার করে আমানের প্রশাসনকে গুন্ডা বাহিনীর মোকাবিলা করতে হয়। কার্জেই **একটা জায়গায় হয়ে গেলে সবিধা হবে।** সৌগতবাবকে বলবো যে, আপনি ওদের সঙ্গে হাত মিলিয়ে নিন। আর এখন পশ্চিমবাংলায় যেহেত সংসদীয় গণতন্ত্র আছে, সেজনা রাইটার্স বিশ্ভিংস দখল করতে হলে নির্বাচনে যেতে হবে। ওরা বলছেন যে আমরা নির্বাচন চাইনা। আপনাদের আমলে আমরা নির্বাচন চাইনা, আমরা ৩৫৬ ধারা চাই। একথা আজও বলেছেন। ওরা বোধ হয় দেখেন নি যে এখন আমাদের খানিকটা সুবিধা হয়েছে। কারণ সুপ্রিম কোট থেকে একটা রায় দিয়েছে। আমাদের এতদিন ধারনা ছিল যে ৩৫৬ ধারা করতে হলে গভর্নরের রিপোর্ট দরকার আর আদারওয়াইজ কতকণ্ডলি লেখা আছে এটা পেলে কেন্দ্রীয় সরকার এটা করতে পারেন, ৩৫৬ ধারা করতে পারেন, রা**ষ্টপতি ক**রতে পারেন। কিন্তু <sup>এতে</sup> ওদের অসুবিধা হয়ে গেল। আমরা বলেছি যে, রায় যদি নাও হত তাহলেও সাধ্য আছে নাকি কংগ্রেসের এখানে ৩৫৬ ধারা করার? আপনারা এখানে বলেছেন, এইসব সিকিউরিটি ইত্যাদি, আমাদের বিরোধী দলের নেতারা একজন আহত হলেন। সেতো আমাদেরই পুলি<sup>শের</sup> একজন। সেতো দিল্লির পলিশের নয়। আপনারা চান হিংসাদ্মক কার্যকলাপ করবেন। আপনারা ঠিক করে নিয়েছেন যে, আমরা বাধ্য করবো পলিশকে গুলি চালাতে, জখম করতে। আপনারা ভাবছেন যে, এসব করে পশ্চিমবঙ্গের মানয়কে সমাজ বিরোধিদের হাতে আমরা ছেড়ে <sup>দেব।</sup>

কোনও মুর্খের বর্গে আপনারা বাস করছেন? এই জিনিস হতে পারেনা। সমাজবিরোধিদের হাতে এবং তাদের নেতাদের হাতে, কংগ্রেস (আই)-এর হাতে আমরা কখনই পশ্চিমবঙ্গের মানুষকে ছেড়ে দেবনা। এই কথা বলে আমি বিরোধীদের আনা সমস্ত কাট মোশানের বিরোধীতা করে এবং আমার বাজেটকে সমর্থন করতে বলে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: There are 28 cut motions to Demand No. 21 of which I to 4 and 6 are out of order. Rest of the cut motions have already been moved. I now put to vote all the cut motions except cut motion nos. 10, 11, 13 and 23 on which I understand division will be demanded.

The motion (no. 5) that the amount of the demand be reduced to Re. 1- and the motions (Nos. 7 to 9, 12, 14 to 22 and 24 to 28) that the amount of the demand be reduced by Rs.100-, were then put and lost.

The motions (Cut Motion Nos. 10, 11, 13, 23) that the amount of Demand be reduced by Rs.100/- were then put and a Division was taken with the following results:

#### NOES

Abdul Haque, Shri

Abdul Quiyom Molla, Shri

Acharya, Shri Prabhat

Adak, Shri Kashinath

Anisur Rahaman, Shri

Bagdi, Shri Bijoy

Bagdi, Shri Natabar

Bal, Shri Saktiprasad

Bandyopadhyay, Shri Debabrata

Basu, Shri Jyoti

Bose, Shri Shyamaprasad

Bauri, Shri Madan

Bera, Shrimati Chhaya

Bhattacharjee, Shri Buddhadeb

Biswas, Shri Benoy Krishna

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Kali Prasad

Biswas, Shri Sushil

Bouri, Shri Angad

Chakrabarty, Shri Deb Narayan

Chakraborty, Shri Subhas

Chakraborty, Shrimati Tania

Chatterjee, Shri Dhirendra Nath

Chattopadhyay, Shri Santasri

Chatterjee, Shrimati Santi

Choudhury, Shri Bansa Gopal

Choudhury, Shri Sibendra Narayan

Das, Shri Ananda Gopal

Das, Shri Atul Chandra

Das, Shri Benode

Das, Shri Debesh

Das, Shri Jagadish Chandra

Das. Shri Nirmal

Das. Shri S. R.

Das, Shri Soumindra Chandra

Das, Shri Trìlochan

Das Gupta, Shrimati Arati

Dasgupta, Dr. Asim Kumar

Das Mahapatra, Shri Kamakshyanandan

Deb. Shri Rabin

Deb. Shri Saral

Dey, Shri Lakshmi Kanta

Dey, Shri Narendra Nath

De, Shri Partha

Dhar, Shri Padmanidhi

Dutta, Dr. Gouripada

Ganguly, Shri Shanti

Gayen, Shri Nripen

Ghatak, Shri Santi Ranjan

Ghosh, Shri Biren

Ghosh, Shri Kamakhya Charan

Ghosh, Shrimati Minati

Goswami, Shri Kshiti

Hazra, Shri Haran

Hajra, Shri Sachindra Nath

Halder, Shri Krishnadhan

Jahangir Karim, Shri Sk.

Jana, Shri Haripada

Kar. Shri Nani

Kisku, Shri Lakshi Ram

Konar, Shrimati Maharani

Let, Shri Dhiren

Mahato, Shri Satyaranjan

Mehta, Shri Nishikanta

Mahboob Zahedi, Shri

Majhi, Shri Bhandu

Majhi, Shri Nandadulal

Maji, Shri Pannalal

Malik, Shri Shiba Prasad

Mamtaz Hassan, Shri

Mondal. Shri Ganesh Chandra

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Prabhanjan Kumar

[7th April, 1994]

Mondal, Shri Rabindra Nath

Mondal, Shri Raj Kumar

Mazumdar, Shri Dilip Kumar

Md. Ansaruddin, Shri

Md. Mahamuddin, Shri

Misra, Shri Surya Kanta

Mistry, Shri Bimal

Mitra, Shri Biswanath

Mitra. Shrimati Jayasree

Moitra, Shri Birendra Kumar

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Nirmal

Murmu, Shri Sarkar

Nanda, Shri Brahmamoy

Naskar, Shri Subhas

Naskar, Shri Sundar

Nath, Shri Madanmohan

Neogy, Shri Brajo Gopal

Omar Ali. Dr.

Pakhira, Shri Ratan Chandra

Pathak, Shri Patit Paban

Patra, Shri Amiya

Ray, Shri Achintya Krishna

Ray, Shri Dwijendra Nath

Roy, Shri Mrinal Kanti

Ray, Shri Subhash Chandra

Ray, Shri Tapan

Saha, Shri Kripa Sindhu anyal, Shri Kamalendu aren, Shri Subhas Chandra larkar, Shri Sisir Kumar larkar, Shri Sisir lahis, Shrimati Bilasibala en, Shri Dhirendra Nath en Gupta, Shri Prabir haw, Shri Prabin Kumar haikh Khabiruddin Ahmed, Shri hish Mohammad, Shri inha, Shri Khagendra Nath inha, Shri Prabodh Chandra inha, Shri Nirmal w. Shri Prasanta Kumar louab Ali. Shri

#### IYES

lbu Hena, Shri
lbu Hena, Shri
lbu Hena, Shri
lbdus Salam Munshi, Shri
lancijee, Shri Prabir
landyopadhyay, Shri Sudip
lunia, Dr. Manas
las, Shri Sailaja Kumar
las, Shri Sukumar
ley, Shri Ajoy
lyan Singh Sohanpal, Shri
litta, Shrimati Sabitri
lurul Islam Chowdhury, Shri

[7th April, 1

Paul, Shrimati Maya Rani

Roy, Shri Saugata

Rubi Nur, Shrimati

Seth, Shri Bhupendra Nath

Zainal Abedin, Dr.

Abst :-

Sarkar, Shri Deba Prasad

Purkait, Shri Prabodh.

The Ayes being 17 and Noes 118, the motions were lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum Rs.4,40,14,00,000 be granted for expenditure under Demand No. Major Head: "2055-Police", (This is inclusive of a total sum Rs.1,47,00,000 already voted on account in March 1994), was then and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5.54 p.m. till 11 a.m. of Frid the 8th April, 1994 at the Assembly House, Calcutta-1.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 8th April, 1994 at 11-00 a.m.

#### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 7 Ministers, Ministers of State, and 136 Members.

[11-00 - 11-10 a.m.]

শ্রী রবীন দেব ু স্যার একটি গুরুত্বপূর্ণ বিষয় আমি উত্থাপন করতে চাইছি। আপনি দখেছেন স্যার, কালকৈ মালদহ শহরে আমাদের সি.পি.এম অফিসের সামনে একদল কংগ্রেসী ভা বোমা ছোঁড়ে। এরফলে একজন নিরিহ লোক সেখানে প্রাণ হারিয়েছেন। আজকাল বিকার সাংবাদিক শ্রী অভিজিৎ চৌধুরি, যিনি ওখানে সংবাদ সংগ্রহের জন্য গিয়েছিলেন, দগ্রেসী গুভারা তাঁকে নিগ্রহ করেছে এবং তিনি আহত হয়েছেন। কংগ্রেসের অন্তর্দলীয় কাললের ফলে একজন নিরিহ ব্যক্তির প্রাণ গেছে। ওখানে এখন সন্ত্রাসের অবস্থা চলছে। খানে যারা সংবাদপত্রের অধিকারের কথা বলেন, তাঁরা এই কাজ ওখানে করেছেন। এর ক্ষিদ্ধে ব্যবস্থা গ্রহণ করা দরকার।

# Starred Questions (to which oral answers were given)

# রাজ্যে ভুয়া রেশন কার্ড

\*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং \*১০) শ্রী আন্দুল মান্ননঃ খাদ্য ও সরবরাহ বিভাগের গরপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেশ্রেন কি—

- (ক) এটা কি সত্যি যে, রাজ্যে ভুয়া রেশন কার্ড চালু আছে;
- (খ) সত্যি হলে, বর্তমানে ঐ সংখ্যা কত; এবং
- (গ) ১৯৯০ থেকে ১৯৯৩ সাল পর্যন্ত কত সংখ্যক ভুয়া রেশন কার্ড বাতিল করা হয়েছে (বংসর ভিত্তিক)?
- वी नातकानाथ ए ः
- <sup>(ক)</sup> হাা।

### (খ) ঐ সংখ্যা এই দপ্তরের জানা নেই।

## (গ) ভুয়া রেশন কার্ড বাতিলের সংখ্যা

বৎসর	বিধিবদ্ধ রেশন এলাকায়	সংশোধিত রেশন এলাকায়	মোট
०ददर	৩,০৩,৬৩৫	८८७,८७	৩,৬৫,০:
८६६८	২,৯৭,২৪৮	<b>১,৮২,</b> ৩১০	8,৭৯,০২
১৯৯২	২,৩৩,১৩২	8,38,009	৬,৪৭,৬১
<b><i><b>ए</b>ददर</i></b>	२,৫১,৭०১	8,8২,১২৭	৬,৯৩,৮३

শ্রী আব্দুল মায়ান: মাননীয় মন্ত্রী মহোদয় প্রতি বছরের যে হিসাব দিয়েছেন ए দেখা যাছে যে ভূয়া রেশন কার্ডের সংখ্যা যেগুলো বাতিল হয়েছে, সেগুলোর সংখ্যা বছর বেড়ে যাছে। বাতিল করা রেশন কার্ডের সংখ্যা বেশি হছে। এটি শুভ লক্ষ্য। যে ২১ লক্ষ্ণ রেশন কার্ড বিধিবদ্ধ এবং সংশোধিত এলাকায় বাতিল হয়েছে, এগুলো সেময়ে ইস্যু করা হয়েছিল তা বলবেন কি?

শ্রী নরেন্দ্রনাথ দেঃ এই ৪ বছরে প্রায় ২১ লক্ষ ৮৫ হাজার কার্ড বিভিন্ন সময়ে করা হয়েছে, সেটা আলাদা আলাদা করে বলা সম্ভব নয়।

শ্রী আব্দুল মানান : মডিফায়েড রেশনিং এরিয়া এবং স্ট্যাট্টরি রেশনিং কার্ডের স্ব কত এবং এই রেশন কার্ড ইস্যু করার ক্ষেত্রে গ্রাম পঞ্চায়েত এবং এম.এল.দের যে সূপা লাগে তাতে কতজনের ভূয়ো রেশন কার্ড হয়েছে?

মিঃ স্পিকার : আপনি কি ইনফরমেশন দিচ্ছেন না নিচ্ছেন?

শ্রী **আব্দুল মান্নান ঃ** গ্রাম পঞ্চায়েতের অধীনে প্রধান এবং এম.এল.এ-রা রেশন ব দিয়ে থাকেন, এক্ষেত্রে কি কারণে এই ভূয়ো রেশন কার্ড দেওয়ার ব্যাপারটা বামফ্রন্ট সরকা আমলে কি কারণে হয়েছে এবং এর টোটাল সংখ্যা কত?

মিঃ ম্পিকার ঃ রেশন কার্ড ইস্যু করার ব্যাপারে একটা পদ্ধতি আছে এ<sup>বং রু</sup> অনুসারে সেটা চলে, আপনি পড়ে দেখে নেবেন।

শ্রী নরেন্দ্রনাথ দে ঃ আমাদের রাজ্যে ১৯৯১ সালের সেনসাস অনুযায়ী মোট জন<sup>সং</sup> ৬ কোটি ৭৯ লক্ষ ৮২ হাজার ৭৩২ জন এবং এরপরে আমাদের ২.২ পারসেন্ট হারে <sup>বৃ</sup> পায়। এরফলে ১৯৯৪ সালে সেটা বেড়ে ৭ কোটি ২৫ লক্ষের মতো দাঁড়িয়েছে। <sup>এ</sup> আমাদের মোট রেশন কার্ডের সংখ্যা স্ট্যাটুটরি এবং মডিফায়েড এলাকা মিলে টোটাল হা

৬ কোটি ৬০ লক্ষ ৭৭ হাজার ৫১৮ আমাদের ভূয়ো রেশন কার্ড সম্পর্কে যেটা বলা হয়েছে। দ্রৌ আমাদের আমলেই বরং ধরা হয়েছে। এবং এই ব্যাপারে যথেষ্ট উদ্যোগ নেওয়া হয়েছে। গত কয়েক বছর ধরে রেশনের দোকানে বসে ওয়াচ করা হয়েছে যারা নিচ্ছে না এইরকম <sub>কিছু</sub> রেশন কার্ড ধরা হয়েছে সেগুলো বাতিল করা হয়েছে।

[11-10-11-20 a.m.]

শ্রী আব্দুল মারান ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলছেন ৬ কোটি ৬০ লক্ষ ৭৭ গ্রার ৫১৮টি রেশনকার্ড দেওয়া হয়েছে, যেখানে আমাদের ৭ কোটি ২৫ লক্ষ হচ্ছে পপুলেশন আপনার তথ্য অনুযায়ী দেখা যাচ্ছে একটাও যদি ভূয়া রেশনকার্ড না থাকে লংলে ৬৫।৭০ লক্ষ মানুষ এখনও রেশনকার্ড পায়নি, তাদের রেশনকার্ড দেওয়ার ব্যাপারে অপনি কোনও ব্যবস্থা নিচ্ছেন কিনা জানাবেন কি?

শ্রী নরেন্দ্রনাথ দেঃ রেশনকার্ড দেওয়ার ব্যাপারে আমাদের একটা বিশেষ ব্যবস্থা আছে।

ামরাও চাই, আমাদের খাদ্য দপ্তর চায়, বামফ্রন্ট সরকার চায় আমাদের যেটুকু নিয়ম আছে

া সার্কুলার আছে সেই নিয়ম অনুযায়ী দরখাস্ত করলে অনুসদ্ধানের পরে কোনও লোককে

শেনকার্ড দিতে বাধা নেই।

শ্রী সৌমেন্দ্রচন্দ্র দাসঃ মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি, দার্জিলিং জেলায় মোট যে গুলেশন তার থেকে রেশনকার্ড বেশি আছে কিনা, যদি বেশি হয়ে থাকে তাহলে কত বেশি বং কোন সময়ে হয়েছে?

শ্রী সঞ্জীব দাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিমবাংলায় এমন কোন ব্লক ছ যেখানে লোকসংখ্যার চেয়ে রেশনকার্ড-এর সংখ্যা বেশি আছে?

থী নরেন্দ্রনাথ **দেঃ** আমার কাছে নির্দিষ্ট কোনও ব্লকের সন্ধান আমার রেকর্ড-এ নেই।

খী দেবেশ দাসঃ মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি, সর্বভারতীয় ক্ষেত্রে ভূয়া রেশনকার্ড-<sup>কোনও</sup> তথ্য আপনার কাছে আছে কিনা?

শ্বী নরেন্দ্রনাথ দেঃ সর্বভারতীয় ক্ষেত্রে আজকেই একটা খবর খবরের কাগজে বেরিয়েছে <sup>ক্টি</sup> সামথিং ভূয়া রেশনকার্ড বাতিল করা হয়েছে।

শ্রী শিবপ্রসাদ দোলুইঃ স্যার, যে সমস্ত রেশনকার্ডগুলি প্রাপ্ত এবং অপ্রাপ্ত লেখা আছে শ্বি ধরে সেইগুলির অপ্রাপ্ত থেকে প্রাপ্তবয়স্ক করার কোনও পরিকল্পনা আছে কি? শ্রী নরেন্দ্রনাথ দেঃ নতুন কোনও পরিকল্পনা নেই। পুরনো যে পদ্ধতি আছে থেকে মেজর হতে গেলে ৮ বছর পরে দরখাস্ত করতে হয়। ৮ বছর পরে দরখাস্ত তার কার্ড মেজর হয়ে যাবে।

শ্রী আব্দুস সালাম মুকিঃ স্যার, শহর ও গ্রামাঞ্চলের মধ্যে ২১ লক্ষ ভূয়া রেশ বাতিল করেছেন, এর মধ্যে মুর্শিদাবাদ, নদীয়া, ২৪ পরগনার সীমান্ত এলাকার থানাগুলি ভূয়া রেশনকার্ড বাতিল করা হয়েছে কত?

শ্রী নরেন্দ্রনাথ দেঃ জেলাগুলির তথ্য এখানে নেই। জেলাগুলিতে লোকসংখ্যার ত্ রেশনকার্ডের সংখ্যা কম আছে। মুর্শিদাবাদের সংখ্যা বেশি নয়, মুর্শিদাবাদে ধরুন ৫০ পপুলেশন সেখানে রেশনকার্ড হচ্ছে ৪৩ লক্ষ।

শ্রী নির্মল দাসঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বিভিন্ন সময় বলেছেন যে সেরকারের পলিসির জন্য রেশন ব্যবস্থা বিপর্যস্ত হবার সম্ভাবনা আছে। আপনি ভূয়ো রেশ বাতিল করছেন এবং তার জন্য অভিনন্দন কুড়াচ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয় জানাকে এই অবস্থায় বৈধ রেশনকার্ডধারীদের রেশন পাবার গ্যারান্টি আছে কিনা?

শ্রী নরেন্দ্রনাথ দেঃ এখানে যে রেশন পান সেটা কেন্দ্রীয় সরকারের নীতির খানিকটা নির্ভর করে। তবে এই আশস্কা থেকে যাচ্ছে যেভাবে রেশনে জিনিসপত্রের দাম যাচ্ছে তাতে এই গণ বন্টন ব্যবস্থা আমাদের দেশে কতদিন থাকবে।

শ্রী শিশির সরকারঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে মুর্শিদাবাদে জনসংখ্যার রেশনকার্ড কম। যারা রেশনকার্ড পাননি তাদের রেশনকার্ড দেওয়ার ব্যাপারে যে দাবি সেই দাবি পুরণ করার জন্য কি পদক্ষেপ নিয়েছেন জানাবেন কি?

শ্রী নরেন্দ্রনাথ দেঃ ছা প্রান্ধনা রেশনকার্ডের অভাব নেই। রেশনকার্ড পাওয়ার ক্ষেপেন্ধতি আছে সেই পদ্ধতি কিছুটা সহজতর করা হয়েছে। কতকগুলি নির্দিষ্ট নিয়ম। আপলিকেশন করলে আমাদের ইন্সপেক্টার যারা আছেন তারা সেটা অনুসদ্ধান করে প্রেতারা যদি বোঝেন যে তারা রেশনকার্ড পাবার যোগ্য তখনই দিয়ে দেওয়া হয়। এ বাদ্মনানীয় সদস্যদের অনুরোধ করবো যে রেশনকার্ড পাওয়ার ব্যাপারে অযথা কোনও অর্কিস্টি হলে দয়া করে দপ্তরে চিঠি দিয়ে জানাবেন।

শ্রী **জাহাঙ্গির করিম ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে মেদিনীপুর জেলা এক<sup>টি বি</sup> জেলা। এই জেলাতে রেশনকার্ডের চাহিদা কত এবং আপনার দপ্তর থেকে <sup>কত সা</sup> দেওয়া হয়েছে।

শ্রী নরেন্দ্রনাথ দেঃ রেশনকার্ড-এর চাহিদা বলতে কত সংখ্যক দরখাও জম প্র সেটা জানাতে হয়। এই তথ্যটা এই মুহুর্তে আমার জানা নেই। শ্রী তপন হোড়ঃ মাননীয় মন্ত্রী মহাশয়কে দুঃখের সঙ্গে জানাই যে বীরভূমে গত গুর্চে চিনি, গম, চাল কিছুই রেশনে পাওয়া যায়নি। মাননীয় মন্ত্রী মহাশয় এ খবরটা জানেন লা এবং জানলে এর জন্য কি ব্যবস্থা নিয়েছেন জানাবেন কি?

শ্রী নরেন্দ্রনাথ **জেঃ** বিষয়টা আমাদের গোচরে এসেছে। বীরভূমের একটি পার্টিকুলার <sub>রিয়া</sub>তে এই ঘটনার ব্যাপারে আমরা আমাদের দপ্তর থেকে অফিসার পাঠিয়ে সেটা অনুসন্ধান র দেখছি।

শ্রী চিত্তরঞ্জন বিশ্বাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ভূয়ো রেশনকার্ড ধরার মতিটা কি?

শ্রী নরেন্দ্রনাথ দেঃ ধরার পদ্ধতির ব্যাপারে বলছি, বিশেষভাবে যখন ড্রাইভ দেওয়া তখন রেশন দোকানগুলিতে ইন্সপেক্টাররা বসে থাকেন এবং সপ্তাহের পর সপ্তাহ ধরে গা দেখেন যে কোন কোন রেশনকার্ডে আদৌ মাল তোলা হচ্ছে না। সেগুলিকে ডিটেক্ট কর। এই হল বিশেষ পদ্ধতি।

[11-20—11-30 a.m.]

খ্রী মৃণালকান্তি রায়ঃ মন্ত্রী মহাশয় বললেন রেশনকার্ড ধরার ব্যাপারে উদ্যোগ নিচ্ছেন।

দি জানতে চাই ডিলারদের কাছ থেকে কত ভূয়া রেশনকার্ড উদ্ধার করতে পেরেছেন, এই

পর্কে যদি তথা থাকে তাহলে বলবেন কি?

খী নরেন্দ্রনাথ দেঃ বিশেষ যে পদ্ধতির কথা বললাম, সেই পদ্ধতিতে কোন কোন ারেশন দোকান থেকে ভূয়া রেশনকার্ড উদ্ধার করা হয়েছে এবং তা বাতিল করা হয়েছে।

মিঃ স্পিকার ঃ মিঃ তপন হোড়, আপনি তো আপনার কোয়েশ্চেনের সময় ছিলেন না, সেশনে আমি পিউনিটিভ অ্যাকশন নিচ্ছি না, আগামী সেশন থেকে যদি কোনও প্রশ্ন  $^{1}$ পরপর তিনদিন প্রশ্ন দিয়ে না আসেন তাহলে সেই সেশনে তার আর কোন কোয়েশ্চেন র না

# অজয় নদের উপর সেতু নির্মাণ

<sup>\*৩৫।</sup> (অনুমোদিত প্রশ্ন নং \*১৩৪) শ্রী **তপন হোড় ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী <sup>টার</sup> অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

- (ক) এটা কি সত্যি যে, অজয় নদের উপর নতুনহাট-পালিতপুর-এ একটি সেতু নির্মাণের প্রস্তাব গৃহীত হয়েছে;
- <sup>(খ)</sup> সত্যি হলে, প্রস্তাবিত সেতুটির নির্মাণকাজ বর্তমানে কি পর্যায়ে আছে;

[8th April, 1994

- (গ) উক্ত সেতৃটির নির্মাণ বাবদ ব্যয় কত ধরা হয়েছে; এবং
- (ঘ) সেতৃটির নির্মাণকাজ কবে নাগাদ শেষ হতে পারে বলে আশা করা যায়?
- (ক) হাা।

শ্রী মতীশ বায়ঃ

- (খ) সেতৃটির দুটি অংশের ভিত্তির একেবারে নিচের অংশের কাজ চলছে।
- (গ) মূল সেতুর আনুমানিক নির্মাণ ব্যায় প্রায় ৫.০০ (পাঁচ) কোটি টাকা। তবে সেতু সংযোগকারী রাস্তার জন্য আনুমানিক ৪.২৪ কোটি টাকা ব্যয় হবে।
- (ঘ) অর্থের সংস্থান সাপেক্ষে সেতুর কাজ শেষ করতে অস্তত তিন বছর লাগবে:

শ্রী তপন হোড় ঃ অজয় নদীর এই সেতু দীর্ঘদিনের প্রস্তাব, সেতুটার প্রয়োজন ছিল.
এই সেতু হলে মুর্শিদাবাদ, বর্ধমানে এবং বীরভূম জেলার মধ্যে যোগাযোগের সুবিধা হবে
আপনাকে ধন্যবাদ, আপনি কাজ শুরু করেছেন। এই সেতুর আর একটা গুরুত্বপূর্ণ দিব
আছে, হলদিয়া থেকে ফরাক্কা একটা রাস্তা হবার কথা এবং সেই রাস্তা সেই সেতুর উপর
দিয়ে যাবে বলে জানি। তাতে দেড়শ কিলো মিটার রাস্তা কমে যাবে। এই রাস্তার ব্যাপারে
কতদ্র আপনি এগিয়েছেন এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনও সাহায়্য পাচ্ছেন বি
না?

শ্রী মতীশ রায় ঃ যদিও এই প্রশ্নের সঙ্গে সরাসরি যুক্ত নয়, তবুও বলছি ইতিমধে ফরাক্কা থেকে বীরভূম হয়ে হলদিয়ার সঙ্গে যোগাযোগকারী যে প্রস্তাবিত সড়ক তার করে আমরা শুরু করে দিয়েছি। এই কাজের মধ্যে আমরা দুটি নদীর উপর সেতু তৈরি করেছি অজয় নদীর উপর সেতুটি হয়ে গেলে এই রাস্তা খুলে যাবে এবং অ্যাপ্রোচ রোড যেগুলে আছে সেইগুলো আমরা সমাপ্ত করার চেষ্টা করছি।

শ্রী তপন হোড়ঃ যে অ্যাপ্রোচ রোড করা হচ্ছে তার জন্য কোনও জমি <sup>অধিগ্রহ</sup> করেছেন কি না এবং তাদের কমপেনসেশন দিতে পেরেছেন কি না জানাবেন কি?

শ্রী মতীশ রায় ঃ আমাদের অর্থ বরাদের উপর এটা সম্পূর্ণ নির্ভর করছে। কিন্তু আর্চি জানাচ্ছি যাদের জমি আমরা অধিগ্রহণ করছি, রাজ্য সরকারের নীতি হচ্ছে তাদের টাকটা ফ তাড়াতাড়ি দেওয়া যায় সেই জন্য আমরা প্রশাসনিক স্তরে ব্যবস্থা নেবার চেন্টা করছি।

শ্রী সৌমেন্দ্রচন্দ্র দাস ঃ যদিও এই বিষয়টা সম্পূর্ণ আলাদা, তবুও মন্ত্রী মহাশরের <sup>কাহ</sup> থেকে জানতে চাইছি, কুচবিহারের ক্ষেত্রে যে জুলম্ভ সমস্যা তোরসা নদীর উপর সেতু <sup>তৈরি</sup> করার কাজ, তা এবারে শুরু করা হবে কি না এবং অমি অধিগ্রহণের জন্য টাকা প<sup>রুস</sup> দেওয়া হবে কি না !

শ্রী মতীশ রায় ঃ স্যার, যে প্রশ্ন নিয়ে আলোচনা চলছে তার সঙ্গে মাননীয় সদস্যের অতিরিক্ত প্রশ্নটি যুক্ত নয়। তথাপি আমি মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, তোর্যা নদীর ওপর দ্বিতীয় সেতু নির্মাণের সিদ্ধান্ত পূর্ত (সড়ক) দপ্তর নিয়েছে। এখন শিলান্যাস হয় নি, জমি অধিগ্রহণ করা হয়েছে। জমির ক্ষতিপূরণ বাবদ ৩৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। পূর্ত দপ্তর সেতু তৈরির প্রাথমিক কাজ হিসাবে প্রায় ৫০ লক্ষ টাকার লোহা ও সিমেন্ট ইতিমধ্যেই কিনে রেখেছে তাড়াতাড়ি মূল কাজ শুরু করার জন্য।

শ্রী আব্দুস সালাম মুন্সীঃ মাননীয় মন্ত্রী মহাশয়, দীর্ঘদিন ধরে ভাগীরথীর ওপর কাটোয়াঘাটে নদীয়া এবং বর্ধমান জেলার মধ্যে সংযোগকারী একটা সেতু আমরা দাবি করছি। সেই সেতৃটি নির্মাণের জন্য আপনি কোনও পরিকল্পনা করেছেন কী?

শ্রী মতীশ রায়: মাননীয় সদস্য নোটিশ দিলে আমি বিস্তারিতভাবে জানাব।

শ্রী নন্দদুলাল মাঝিঃ মাননীয় মন্ত্রী মহাশয়, অজয় নদীর ওপর সেতু নির্মাণের পরিকল্পনা ছাড়া পশ্চিমবাংলায় আর কোন্ কোন্ নদীর ওপর নতুন সেতু নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছেন, দয়া করে জানাবেন কি?

শ্রী মতীশ রায়ঃ আরও অনেকগুলি সেতু নির্মাণের প্রস্তাব আছে। মাননীয় সদস্য আলাদা নোটিশ দিলে আমি বিস্তারিতভাবে জানিয়ে দেব।

শ্রী সুভাষ নশ্ধরঃ মাননীয় মন্ত্রী মহাশয়, অজয় নদীর ওপর আপনি সেতু নির্মাণ করছেন বলে আপনাকে ধন্যবাদ। আমরা দেখছি রাজ্যের বহু জায়গায় আপনি সংযোগ রক্ষাকারী সেতু নির্মাণ এবং উদ্বোধন করছেন। এতে আমরা খুশি। বর্তমানে যেগুলি আপনি নির্মাণ করছেন সেগুলির জন্য বরাদ্দকৃত অর্থ ঠিক মতো পাচ্ছেন কি এবং নির্দিষ্ট সময়ে সেগুলি নির্মাণের কাজ আপনি শেষ করতে পারবেন কি?

শ্রী মতীশ রায় ঃ মাননীয় সদস্য নিশ্চয়ই অবগত আছেন যে, রাজ্য সরকার বর্তমানে আর্থিক সঙ্কটের মধ্যে দিয়ে চলছে। ফলে আমাদের দপ্তরকে আশানুরূপ অর্থ বরাদ্দ করা হচ্ছে না এবং যা বরাদ্দ করা হচ্ছে তাও এখন পর্যন্ত আমরা পাচ্ছিনা।

শ্রী নির্মল দাসঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি উত্তরবঙ্গের বন্যা বিধবস্ত এলাকার দিকে নজর দিয়েছেন, তার জন্য আপনাকে ধন্যবাদ। আপনি পুন্তিবাড়িতে সেতু নির্মাণের জন্য যে শিলান্যাস করেছিলেন, সেটি নির্মাণের কাজ বর্তমানে কি অবস্থায় আছে?

শ্রী মতীশ রায়ঃ ফালাকাটা →পুন্ডিবাড়ি সেতুর দুটি অংশের কাজ চলছে। মুল সেতু নির্মাণের পরিকল্পনা রচনার কাজ একটি ঠিকাদারী সংস্থা করছে। সেই কাজ তারা শুরু করেছে। আর সেতুর অ্যাপ্রোচ রোডের কাজ আর একটা ঠিকাদারী সংস্থা শুরু করেছে এবং ইতিমধ্যে প্রায় ৩০ শতাংশ কাজ শেষ করেছে। কিন্তু আমি বিধানসভার কাছে দুঃখের সঙ্গে জানাছি যে, এই কাজ তরান্বিত করার জন্য বর্তমানে যে প্রযুক্তি ব্যবহার করা দরকার—কেন্দ্রীয়

সরকারের অফিসারদের সঙ্গে আলোচনা করে সেই প্রযুক্তি ব্যবহারের উদ্দেশ্য নিয়ে সেই ভাবেই আমরা কাজ শুরু করেছিলাম। কিন্তু তারপর কেন্দ্রীয় সরকার আমাদের কাছে একটা নির্দেশ পাঠিয়েছেন যে, ম্যানুয়াল ওয়ার্ক বাদ দিয়ে যে মেকানাইজড ওয়ার্ক-এর মধ্যে দিয়ে নির্দিষ্ট সময়-সীমার মধ্যে কাজ শেষ করতে চাওয়া হয়েছিল তাতে যে বাড়তি অর্থ লাগবে, সেটা তাঁরা দিতে পারবেন না। সে জন্য তাঁরা এই প্রজেক্টের কাজ আপাতত স্থগিত রাখতে বলেছেন। আমি দিল্লিতে গিয়ে ইতিমধ্যেই এম.আই.সি.-র সঙ্গে কথা বলেছি। এখন কেন্দ্রীয় মন্ত্রী বলছেন, অর্থমন্ত্রী—কেন্দ্রীয় অর্থমন্ত্রী—যদি অনুমোদন দেন, তাহলে এ ব্যাপারে তাদের আপত্তি থাকবে না।

#### [11-30-11-40 a.m.]

আমি রাজ্যসরকারের পক্ষ থেকে আমাদের দাবি জানিয়ে এসেছি। কারণ আডঃরাজা একটা পরিকল্পনা। এই পরিকল্পনা যদি কার্যকর করতে পারি তাহলে আসামে যাতায়াতের বিকল্প রাস্তা হবে এবং প্রায় ৩০ কিলোমিটার রাস্তা কমে যাবে এবং পেট্রোল ও ডিজেলের সাশ্রয় হবে। পশ্চিমবঙ্গের চেয়ে পূর্ব-ভারতের অন্যান্য রাজ্য আরও বেশি উপকৃত হবে। কিন্তু জানি না কেন্দ্রীয় সরকার কেন এই প্রস্তাবিত অর্থ আটকে রেখেছেন।

শ্রী নিশিকান্ত মেহেতা ঃ যদিও এই প্রশ্নের সঙ্গে আমার এই প্রশ্ন যুক্ত নয়, তবুও জানতে চাইছি, পুরুলিয়া ও বর্ধমান এলাকায় দামোদর ব্রীজ-দিশেরগড় ঘাটে কোল ইন্ডিয়া, মধুকুন্তা সিমেন্ট এবং আমাদের রাজ্যসরকার যৌথভাবে ব্রীজ করার পরিকল্পনা আছে। আমি কেন্দ্রীয়মন্ত্রী কোল ইন্ডিয়াকে জানিয়েছিলাম। তিনি চিঠি লিখেছিলেন যৌথ উদ্যোগে হবে। এ ব্যাপারে দিশেরগড়ঘাটে পুরুলিয়া এবং বর্ধমানের যোগাযোগের জন্য ব্রীজ করার পরিকল্পনা সম্পর্কে আপনার জানা আছে কিনা ?

শ্রী মতীশ রায় ঃ মাননীয় সদস্যের অতিরিক্ত প্রশ্নের উত্তর হিসাবে আমি জানাচ্ছি, এই ধরনের পরিকল্পনা রাজ্যসরকারের হাতে আছে। আমরা ইতিমধ্যে তাদের সাথে যোগাযোগ করে পরিকল্পনাটা কিভাবে বাস্তবায়িত করা যায় তার জন্য উদ্যোগ নিয়েছি।

# Flyovers at Bondel Gate and Lake Gardens

- \*38. (Admitted Question No. \*304) Shri Saugata Roy: Will the Minister-in-Charge of the P.W. (Roads) Department be pleased to state—
  - (a) whether it is a fact that Government has taken any decision to build flyovers at Bondel Gate and lake Gardens; and
  - (b) if so, when these projects will be started and completed?

## Shri Matish Roy:

- (a) The matter is under active consideration of the Government.
- (b) Government is interacting with various authorities like the Railways, CMDA etc. for project sanction and fund. Hence no firm date regarding commencement of work can be indicated at this stage.

শ্রী সৌগত রায় ঃ স্যার, এই কোয়েশ্চেনটা অত্যন্ত সিরিয়াস। তার কারণ এই দুটো ওভারব্রীজ নিয়ে দীর্ঘদিন এই বামফ্রন্ট সরকার ঐ এলাকার মানুষদের ধোঁকা দিয়েছেন। আমার মনে আছে এই হাউসে যখন মুখ্যমন্ত্রী মহাশয় পি.ডব্লু.ডি দপ্তরের চার্জে ছিলেন তখন আমার এক কোয়েশ্চেনের জবাবে মুখ্যমন্ত্রী জবাব দিয়েছিলেন ১৯৯০ সালে, যে এই ২টি স্যাংশভ হয়ে গেছে। তারপর রেলওয়ে মিনিস্টার জাফর শরিফ, অক্টোবর ১৪, ১৯৯১ সালে জবাব দিলেন লেক-গার্ডেন্স হয়ে গেছে। তিনি লিখেছিলেন, The State Government had indicated Keenness to include the work on priority in their 1992-93 Annual Plan. Joint Inspection was held on 15th July, 1991. The State Government subsequently furnished the Railway requisite plan showing the location of the proposed overbridge and its approaches to which Railway's acceptance has also been communicated. The State Government have also been requested by the Railway to furnish the formal proposal for the work including the estimates usual undertakings. আমি জানতে চাই, মুখ্যমন্ত্রী মহাশয় লেক-গার্ডেন্সের ফ্লাই ওভারের ব্যাপারে হাউসে বলেছিলেন স্যাংশভ হয়ে গেছে, কাজ শুরু হবে।

Shri Matish Roy: I have already stated that it is under active consideration. Active consideration—means, the State Government is determined to execute the scheme.

শ্রী সৌগত রায় ঃ কেন্দ্রীয় রেলমন্ত্রী উত্তরে লিখেছিলেন ১৯৯১ সালে যে, তাদের প্রস্তাব ফাইনাল হয়েছে, রেলওয়ে তাদের পার্ট অ্যাপ্রভ করেছে, কিন্তু ১৯৯২-৯৩ সালে স্টেট গভর্নমেন্ট বলেছেন যে, অ্যানোয়াল প্ল্যানে ইন্কুড করা হবে। আমি মন্ত্রীর কাছে জানতে চাই, ইউ ইজ আভার অ্যাকটিভ কনসিভারেশন অফ দি গভর্নমেন্ট বলে যা বলেছেন, এক্ষেত্রে আ্যাকটিভ কনসিভারেশনের মানে কিং এটা কি স্যাংশন্ত হয়েছেং এর জন্য কি বাজেটে টাকা ধরা হয়েছেং এটা কি অ্যানোয়াল প্ল্যানে ইন্কুডেড হয়েছেং গত ১০ বছর ধরে—যতীন চক্রবর্তী যিনি আপনাদের পার্টিরই ইলেকটেড মন্ত্রী ছিলেন—বলে আসছেন যে, লেক গার্ডেপ ফ্লাইওভার হবে। আন্ধি জানতে চাই, হোয়াট ইজ দি অ্যাকচুয়াল পোজিশনং আপনি স্যাংশন করেছেন, কি করেননিং স্টেট প্ল্যান্ড বাজেটে ইনকুড করেছেন কি করেননিং একজান্ট পোজিশন জানতে চাই, আন্ডার অ্যাকটিভ কনসিভারেশন শূনতে রাজি নই।

Shri Matish Roy: A supplementary question has been raised by my friend Shri Saugata Roy, I have already stated that it is under

active consideration of the Government. Here active consideration means the State Government is determined to execute the scheme. I am furnishing further particulars to this House. The P.W.D. Department has already made an estimate of this particular scheme. The money required for this project is about 20 crores 3 lakhs. Now the only question is about the execution part which has not yet been finalized. The point is whether the money will be given by the P.W. Department or by the C.M.D.A.—this has not yet been finalised.

শ্রী সৌগত রায়ঃ ৩১শে জুলাই, ১৯৯৩ তারিখে ইস্টার্ন রেলওয়ের চীফ ইঞ্জিনিয়ার পি.ডব্লু.ডি.র চীফ ইঞ্জিনিয়ারকে লিখেছিলেন, I would be thankful to you for early submission of the estimates for the approach portion of the work in respect of road over bridge at Bondel Gate and finalization of the alignment in respect of road over bridge at Lake Gardens. সাংসদ মমতা ব্যানার্জির এক প্রশ্নের উত্তরে পার্লামেন্ট ১৪ই ডিসেম্বর ১৯৯৩ তারিখে খ্রী কে.সি.লেয়া বলেছিলেন Alignments have been finalised. Estimates in respect of Lake Gardens round over bridge not yet submitted by the State Government. Target date will be finalised after State Government proceeds with Land acquisition and starts work on approaches. আমি জানতে চাই, সেটা কিরেল পার্টিয়েছে? তাঁরা কি লেক গার্ডেস ফ্লাইওভারের আলাইনমেন্টস চুড়ান্ডভাবে জানিয়েছেন এবং আপনারা কি ল্যান্ড আকুইজিশনের কাজ শুরু করেছেন?

[11-40-11-50 a.m.]

Shri Matish Ray: Sir, for the information of the hon. members I am giving these particulars to the House. As regards the Lake Gardens I believe the Hon. member is aware of the fact that the local people raised objection about the previous alignment and thereafter the P.W. Department started further examination and they put a new alignment and that was subsequently approved by the Hon'ble Chief Minister. As regards the Lake Gardens we have submitted an approved approach estimate as well as ROB estimate. As regards the Bondel Gate the length of the bridge is 56.755 metres, length of approach at one side Picnic Garden 302 metres and approach to the Bondel road side 292 metres. We have already submitted the project estimate as well as ROB estimate to the Central Government. The total amount is 13 crores 17 lakhs and the railway share is 314.5 lakhs and our share is 1002.5 lakhs that means 10 crores 2.5 lakhs is in the State Government's share and we have already submitted all these estimate to the Central Government.

Shri Saugata Roy: There is slight variation in figures. I do not know which is the correct. Railway has given me an estimate. Lake Gardens project they are saying the Railway's part is 3.96 crores that is at variance with the figure of the Hon'ble Minister. I am not on that. I know personally that there has been a dispute also between the then P.W.D. Minister and the present Health Minister over the alignment of the Railway bridge. Road alignment was ultimately finalised. It was seen that the road alignment will cause one or two C.M.D.A. buildings to be demolished. The Minister finalised the road alignment. I want to ask the Hon'ble Minister whether the road alignment on the Tollygunge Side has been finalised by the P.W.D. in consultation with the local M.L.A. of Dhakuria. I want a clear answer on this because 15 years have already gone on this.

Shri Matish Ray: Sir, this is not true. Our Engineers in consultation with the Corporation representative have made mainly the physical survey and thereafter they submitted a new alignment report to the Hon'ble Chief Minister and the Chief Minister has also approved the same. So, this matter is closed.

শ্রী রবীন দেবঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বিগত অধিবেশনে বলেছিলেন যে বন্ডেল ফ্লাই ওভার, লেক গার্ডেন ফ্লাই ওভার এবং লিলুয়া ফ্লাই ওভার, এই তিনটি সংযোগ করার জন্য উদ্যোগ নিয়েছেন। কিন্তু আজকে দুটির ক্ষেত্রে যে কথা উল্লেখ করলেন, আপনি বললেন যে কেন্দ্রীয় সরকারের বিশেষ করে রেল মন্ত্রক, তারা এই তিনটির জন্য অর্থ ইতিমধ্যে ডিসবার্স করেছেন। এই বিষয়টি একট্ট পরিষ্কার করে বলবেন কি?

শ্রী মতীশ রায় ঃ মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি যে কেন্দ্রীয় সরকারের রেল মন্ত্রক ইতিমধ্যে তাদের অংশের যে বরাদ্দকৃত টাকা সেটা তারা দেবেন বলে স্বীকৃতি দিয়েছেন।

শ্রী সূবত মুখার্জিঃ মাননীয় মন্ত্রী মহাশয়, লেক গার্ডেন এবং সেই সঙ্গে বন্ডেল গেট, এটা বহুদিনের ব্যাপার। এখানে দেখা যাচেছ যে প্রতি অল্টারনেট ডে-তেই অ্যাকসিডেন্ট হচ্ছে, এমন কি ছেলে-মেয়েরা ট্রেনে কাটা পড়ছে। এটা মানুষের একটা মৃত্যুর ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। আমরা যখন ছিলাম, আমরা চেষ্টা করেছিলাম। কিন্তু এই অ্যাপ্রোচ রোড নিয়ে একটা গভগোল ছিল স্থানীয় মানুষের মধ্যে। কিন্তু এখন সেটা তারা মেনে নিয়েছে।

আমি এখন শুনে অবাক হয়ে যাচ্ছি সৌগতবাবুর প্রশ্নের উত্তরে উনি বললেন যেটা খুব সামান্য ব্যাপার, কোনও ডিপার্টমেন্ট করবে, এই রাজ্য সরকারের কোনও ডিপার্টমেন্ট করবে স্টো নিয়ে ভাবনা চিন্তা হচ্ছে। আমি জানতে চাই এর জন্য কি অনির্দিষ্ট কালের জন্য পিন্ডিং হয়ে পড়ে থাকবে? মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এটা এক ঘন্টার মধ্যে নিষ্পত্তি করা যায় নাং

[8th April, 1994]

শ্রী মতীশ রায় ঃ মাননীয় সদস্য মনে হয় আমার উত্তরটা ধৈর্য ধরে শুনেন নি। এটা গত ডিসেম্বর মাসে মুখ্যমন্ত্রীর অনুমোদন লাভ করেছে এবং তার পরবর্তীকালে এই প্রোজেক্টা কার্যকর করার জন্য পি.ডব্লু.ডি. এবং সি.এম.ডি.এ-এর মধ্যে আলোচনা চলছে যে কারা এই প্রজেক্টের কাজটা শুরু করবে। আমাদের মধ্যে যে আলাপ-আলোচনা করছি তার বাস্তব সম্মত কারণ, আপনি জানেন যে কলিকাতার উন্নয়নমূলক কাজকর্ম সি.এম.ডি.এ করে থাকে এবং পি.ডব্লু.ডি করে থাকে। সেই জন্য এটা কে বাস্তবায়িত করবে সেটা রাজ্যসরকার ঠিক করবেন।

শ্রী মলিন ঘোষ: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, দুর্গাপুর রোড যেটা হচ্ছে সেই দুর্গাপুর রোডে ডানকুনিতে একটা ফ্লাই ওভার ....

মিঃ স্পিকারঃ এই প্রশ্ন হবে না।

## ক্ষেত-মজুরদের রেশনকার্ড-বন্টন

\*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং \*১১৪) শ্রী শিবপ্রসাদ মালিকঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) ক্ষেত-মজুরদের আলাদাভাবে রেশনকার্ড বন্টনের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা: এবং
- (খ) थाकल, करव नागाम जा कार्यकत रूत वल आगा कता याय ?

#### শ্রী নরেন্দ্রনাথ দেঃ

- (ক) না। এই রাজ্যে প্রত্যেকের রেশন কার্ড আছে; ক্ষেতমজুরদের কার্ডের উপর উল্লেখ করে দেওয়া হয়।
- (খ) এই প্রশ্ন ওঠে না।
- শ্রী শিবপ্রসাদ মালিকঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ক্ষেত মজুরদের আলাদা করে রেশন কার্ড দেওয়ার ব্যবস্থা নেই। আমি জানতে চাই ক্ষেতমজুরদের যে সস্তায় চাল দেওয়া হয়ে থাকে তাহলে সেটা কি ভাবে দেন?

শ্রী নরেন্দ্রনাথ দেঃ আমাদের রাজ্যে প্রত্যেকের রেশন কার্ড আছে। বছরে ১ মাস ক্ষেত মজুরদের সস্তায় চাল দেওয়া হয়। এই দায়িত্বটা পঞ্চায়েতকে দেওয়া আছে। তারা রেশন কার্ডের উপর একটা বিশেষ কথা লিখে দেয় যে ওই ব্যাক্তি ক্ষেত মজুর কিংবা ভূমিহীন কৃষক। পঞ্চায়েত এইগুলি আইডেনটিফাই করে এবং সেই ভাবেই চাল দেওয়া হয়।

শ্রী শিবপ্রসাদ মালিক: মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে পঞ্চায়েত লিস্ট করে দেয়।

আমি জানতে চাই পঞ্চায়েতের কাছে কি এই নির্দেশ দেওয়া আছে আপনার তরফ থেকে যে স্থানীয় কৃষক সংগঠনের সঙ্গে আলোচনা করে তারা এই লিস্ট করবে এবং যদি দেওয়া থাকে তাহলে সেটা কার্যকর হচ্ছে কিনা?

শ্রী নরেন্দ্রনাথ দেঃ সেই রকম নির্দেশ দেওয়া আছে যে পঞ্চায়েত স্থানীয় কৃষক সংগঠনের সঙ্গে কথাবার্তা বলে এই কাজগুলি করবে।

শ্রী সুভাষ নক্ষরঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বছরে ১ মাস করে ক্ষেত মজুরদের সন্তায় চাল দেওয়ার ব্যবস্থা আছে। কিন্তু ক্ষেত মজুরদের যে সময়টাতে কাজ থাকে না সেটা ১ মাস নয় ৩-৪ মাস হবে। আমার প্রশ্ন হলো এই ১ মাসটা কি বাড়ানো যায় না, অন্তত ২-৩ মাস করা যায় না?

শ্রী নরেন্দ্রনাথ দেঃ রাজ্যের আর্থিক সীমাবদ্ধতার জন্য এই সময়টা বাড়ানো এখনও সম্ভব হয় নি। কারণ এই চাল দিতে রাজ্য সরকারের ৮ কোটি টাকা ভর্তুকি লাগে। তবে চেন্টা আছে এই সময়টা বাড়ানো যায় কিনা।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়ঃ স্যার, এটা ভূয়া রেশন কার্ড নিয়ে প্রশ্ন। আমি বলতে চাই ভূয়া রেশন কার্ড রাখা যেমন অন্যায় তেমনি অনেকগুলি রেশন কার্ড আছে যে রেশন কার্ডগুলিতে চাল গম তো হয় না। যারা উচ্চবিত্ত বা ধনী তারা রেশন কার্ডে চাল গম তোলে না। এই উচ্চবিত্ত এবং ধনী মানুষদের যে রেশন কার্ড আছে সেই রেশন কার্ড বাতিল করার প্রশ্নে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে তাদের রেশন কার্ডে চাল গম তোলার সুযোগ থাকবে না?

#### [11-50-12-00 Noon]

শ্রী নরেন্দ্রনাথ দেঃ সর্ব ভারতীয় স্তরে এই বিষয়ে একটি আলোচনা চলছে। এই বিষয়ে একটি কমিটি গঠিত হয়েছিল যে, যারা বিন্তশালী তাদের রেশন কার্ড দেওয়া হবে কিনা? সেই কমিটির রিপোর্ট ভারত সরকারের কাছে দীর্ঘদিন জমা পড়ে আছে। ভারত সরকার সেই বিষয়ে কোনও সিদ্ধান্ত গ্রহণ করেন নি। রাজ্য সরকার সেই সিদ্ধান্তের অপেক্ষায় আছে।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় : ভারত সরকার সিদ্ধান্ত নেবেন কবে তার জন্য আপনি অপেক্ষা করবেন ? আপনারা কোনও সিদ্ধান্ত নেবেন না ?

শ্রী নরেন্দ্রনাথ দেঃ ভারত সরকার একটা সিদ্ধান্ত নেবেন, এবং শীঘ্র সিদ্ধান্ত নেবেন বলে জানা গেছে। সেজন্য এই মুহুর্তে রাজ্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করছেন না।

শ্রী আবু আয়েশ মন্ডলঃ মাননীয় মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি, রাজ্যে বর্তমানে ভমিহীন ক্ষেত মজরদের বছরে চার সপ্তাহ ভর্তুকি দিয়ে চাল দেবার যে ব্যবস্থা আছে, তাতে বিগত ১৯৯৩ সালে কত জন ক্ষেত মজুরকে চাল দেওয়া হয়েছে; এবং তার পরিমাণ কত?

শ্রী নরেন্দ্রনাথ দেঃ ১৯৯৩ সালে ১ কোটি ৫৬ লক্ষ ৪২ হাজার ৪৬২ জনকে এই স্কীমে চাল দেওয়া হয়েছে এবং মোট ৪৬ হাজার ৭৮১ মেট্রিক টন চাল দেওয়া হয়েছে।

শ্রী আব্দুস সালাম মুসী: মাননীয় মন্ত্রী মহাশয়, ক্ষেত মজুরদের এক মাস করে যে চাল দেওয়া হয় সেই বিষয়ে আপনি যা বললেন, ওদের আলাদা করে রেশন কার্ড দেবার দরকার নেই। পঞ্চায়েত থেকে যেভাবে লিস্ট করে দেওয়া হয় সেই ভাবে চাল দেওয়া হয়। ক্ষেত মজুরদের লিস্ট করতে গিয়ে যেখানে সি.পি.এম'-এর পঞ্চায়েত আছে, সেখানে ঝগড়া যেমন হয় তেমনি আবার কংগ্রেসের যেখানে পঞ্চায়েত আছে, সেখানেও ওরা ঝগড়া করে বলে যে ক্ষেত মজুরদের লিস্ট ঠিকমতো হয়নি। আপনার কাছে প্রশ্ন, ক্ষেত মজুরদের লিস্ট ঠিকমতো হয়নি। আপনার কাছে প্রশ্ন, ক্ষেত মজুরদের লিস্ট যৌম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতি থেকে করছে সেটা যাতে পক্ষপাতমূলক না হয় তার জন্য আপনি যদি রেশন কার্ডের ব্যবস্থা করেন তাহলে পক্ষপাতমূলক হয়না, প্রকৃত মজুর যারা তারা চাল পেতে পারে। তা নাহলে বিভিন্ন পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতিতে পক্ষপাত করার সুযোগ থেকে যাচ্ছে। সেজন্য এই পক্ষপাত যাতে না হয় তার জন্য ক্ষেত মজুরদের আলাদা রেশন কার্ড দেবার কথা আপনি চিস্তা করছেন কি?

শ্রী নরেন্দ্রনাথ দেঃ মাননীয় সদস্যকে প্রথমে বলি, আমি এই কথা বলিনি যে ক্ষেত্ত মজুরদের আলাদা রেশন কার্ডের প্রয়োজন নেই। আমি বলেছি আলাদা রেশন কার্ড করা হয় নি। এখন যে সিস্টেমটা আছে, তাতে একই কার্ডে আলাদাভাবে চিহ্নিত করার ব্যবস্থা আছে। পঞ্চায়েতে জনপ্রতিনিধি যাঁরা আছেন, যে কোনও দলেরই হোক না কেন, তাঁদের উপর দায়িত্ব দেওয়া আছে। এটি গণতন্ত্র সম্মত।

# কুলতলি ব্লকের 'জয়নগর রুরাল্ হাসপাতাল' সংস্কার

\*৪০। (অনুমোদিত প্রশ্ন নং \*৩৮৮) শ্রী প্রবোধ পুরকাইত ও শ্রী দেবপ্রসাদ সরকারঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) এটা কি সত্যি যে, সৃন্দরবন এলাকায় কুলতলি ব্লকের জামতলায় অবস্থিত একমাত্র চিকিৎসা কেন্দ্র 'জয়নগর রুরাল হাসপাতাল' গৃহটি সংস্কারের অভাবে হাসপাতালের ইন্ডোর-বিভাগ বন্ধ হয়ে গেছে এবং বহির্বিভাগের কাজও ব্যাহত হচ্ছে;
- (খ) 🗓ত্য হলে, উল্লিখিত হাসপাতাল-গৃহটি সংস্কার না হওয়ার কারণ কি; এবং
- (গ) এই সংস্কারের কাজ শুরু করতে কত দিন লাগবে?

#### ন্ত্রী প্রশান্তকুমার শুর:

- ক) হাসপাতাল গৃহটির ছাদ ক্ষতিগ্রন্থ হওয়ার দরুন হাসপাতালের কাজকর্মের বেশ কিছুটা অসুবিধার সৃষ্টি হচ্ছে।
- (খ) হাসপাতাল গৃহটির সংস্কারের দরুন সরকার বর্তমান আর্থিক বংসরে ১২, ০৭, ১০০ টাকা মঞ্জর করেছেন।
- (গ) পাবলিক ওয়ার্কস (কনস্ট্রাকশন বোর্ড) ডাইরেক্টরেটকে সংস্কারের কাজটি শীঘ্র শুরু করার জন্য বলা হয়েছে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানাই যে, প্রায় দেড় লক্ষ্মানুষের বাস এই সুন্দরবনে, সেখানে প্রায় দেড় বছর ধরে ওই সুন্দরবন অঞ্চলের হাসপাতালের ইভোর বন্ধ হয়ে গেছে। খালি আউটডোর চলছে। পাবলিক অ্যাকোমডেশন যাতে ঠিকমতো হয় তার জন্য ব্যবস্থা আপনি নিয়েছেন এবং এই ইভোর খোলার জন্য আপনি ১২ লক্ষ্টাকা স্যাংশন করেছেন। কিন্তু এর বিশ্ভিং তৈরি করার দায়িত্ব দিয়েছেন পি.ডব্রিউ.ডির কনস্ট্রাকশন বোর্ডের উপরে। সেক্ষেত্রে যাতে কেসটা তাড়াতাড়ি দেখা হয় তারজন্য ফলো আপ মেজর কি কি নেওয়া যেতে পারে সেই কারণে আপনার কাছ থেকে যদি এর একটা কপি পাই তাহলে ভাল হয়, আপনি কি এর একটা কপি দিতে পারবেন?

শ্রী প্রশান্তকুমার শুর: ইচ্ছা করলে আপনি এক্ষুনি এসে নিয়ে যেতে পারেন।

শ্রী সুভাষ নক্ষর: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি সুন্দরবনের জয়নগর রকের হাসপাতালটির জন্য চিন্তা ভাবনা করেছেন এবং এর বিশ্ডিং নেই বলে এর ব্যবস্থা করেছেন, কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে সুন্দরবনে বহু ব্লকে যেসব হাসপাতাল আছে তাতে ইভোর কোনও চালু হয় নি, এই ব্যাপারে আপনি কোনও বিবেচনা করেছেন কিনা?

## মিঃ স্পিকার ঃ নোটিশ দিতে হবে।

শ্রী প্রভঞ্জন মন্ডলঃ আমার অতিরিক্ত প্রশ্নটি হচ্ছে যে, পি ডব্লিউ ডি কনস্ট্রাকশন রোর্ডের সঙ্গে কি এই ব্যাপারে আপনারা কথাবার্তা বলেছেন, কেননা আমরা দেখছি রিপেয়ার ইত্যাদি করার ক্ষেত্রে ডিলেড করা হচ্ছে এবং কন্ট্রাকটররা ঠিকমতো টাকা পাচ্ছে না সেক্ষেত্রে যদি এই কাজের দায়িত্ব জেলা পরিষদের হাতে দেওয়া যায় তাহলে কাজটা অনেক দ্রুত হবে, এই ব্যাপারে আপনি কি কোনও সিদ্ধান্ত গ্রহণ করেছেন?

শ্রী প্রশান্তকুমার শ্বর ঃ সাধারনত এইসব কাজ পূর্ত দপ্তরই করে থাকেন। তবে কিছু কিছু কাজ আমরা জেলা পরিষদকে দিয়ে করিয়ে থাকি পঞ্চায়েতের মাধ্যমে। এখন প্রশ্ন হচ্ছে যে পূর্ত দপ্তর যে সব বাড়ি রিপেয়ার বা মেরামতি করেন সেক্ষেত্রে তাদেরই পূরো দায়িত্ব থাকে। এখন এই জেলা পরিষদের হাতে দিতে গেলে সেখানে সম্পূর্ণভাবে মেরামতি হবে কিনা এবং অর্থ ব্যয় কে করবেন এইরকম নানা প্রশ্ন এসে পড়বে তবে জেলা পরিষদ যদি মনে করেন যে এইসব বাডির রক্ষনাবেক্ষন বা মেরামতির দায়িত্ব পূরো নিতে পারবে তাহলে

8th April, 19941

আলোচনার মাধ্যমে সেটা করা যেতে পারে এবং দায়িত্ব দেওয়া যেতে পারে।

# Starred Questions (to which written answers were laid on the Table)

# শহিদ নিত্যানন্দ সাহার মূর্তি-প্রতিষ্ঠা

- \*৪১। (অনুমোদিত প্রশ্ন নং \*৪২৬) শ্রী সূভাষ বসুঃ পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
  - (ক) নদীয়া জেলার রানাঘাট থানার অন্তর্গত পায়রাভাঙ্গা প্রামে গোয়া মুক্তি আন্দোলনের অমর বীর শহিদ নিত্যানন্দ সাহার মুর্তি-প্রতিষ্ঠা করার ব্যাপারে কোনও সরকারি উদ্যোগ গ্রহণ করা হয়েছে কিনা; এবং
  - (খ) হয়ে থাকলে, কবে নাগাদ প্রতিষ্ঠা করা হবে?

পর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) হাাঁ
- (খ) আশা করা যাচ্ছে, ১৯৯৪ সালের মধ্যেই মুর্তিটি প্রতিষ্ঠা করা সম্ভব হবে।

মেডিক্যাল কলেজ ও হাসপাতালগুলিতে শিক্ষক ও শিক্ষিকার শূন্যপদ

- \*৪২। (অনুমোদিত প্রশ্ন নং \*৪৫১) ডাঃ মানস ভূঁইয়া ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গে মেডিক্যাল কলেজ ও হাসপাতালগুলিতে শিক্ষক ও শিক্ষিকার অনেকগুলি পদ শূন্য রয়েছে:
  - (খ) সত্যি হলে,
    - (১) কতগুলি পদ শুন্য রয়েছে;
    - (২) কত দিন যাবং এই পদগুলি শূন্য আছে; এবং
    - (৩) শূন্যপদগুলি পূরণের জন্য সরকার কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

# স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) মেডিক্যাল এডুকেশন সার্ভিসের কিছু শিক্ষক পদ শুন্য রয়েছে।
- (খ) (১) প্রায় ৩৫০টি

- (২) কিছু পদ (প্রায় ৪৫০টি) ২৫.৫.৯০ থেকে এবং আরও কিছু পদ (প্রায় ১৮৭টি) ২১.৩.৯৩ থেকে শূন্য আছে এছাড়া কিছু পদ অবসর গ্রহণের জন্য অথবা পদত্যাগ করার জন্যও শূন্য রয়েছে। এর মধ্যে ২৯২টি শূন্যপদ পূরণ করা হয়েছে।
- (৩) সরকার অবিলম্বে পদ প্রণের জন্য দরখান্ত গ্রহণের জন্য ঘোষনা করবেন।
   অন্তম পঞ্চবার্যিকী পরিকল্পনাকালে নতুন রাস্তা তৈরি
- \*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং \*৫০৩) শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে কত কিলোমিটার নতুন রাস্তা তৈরি করা হবে?
পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

অস্ট্রম পঞ্চ বার্ষিকী পরিকল্পনাতে ৩০০ (তিনশত) কিলোমিটার নতুন রাস্তা তৈরি করার পরিকল্পনা আছে।

বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ডাক্তারদের শ্ন্যপদ

- \*88। (অনুমোদিত প্রশ্ন নং \*৬৪৪) শ্রী অমিয় পাত্রঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) বাঁকুড়া সন্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, বাঁকুড়া জিলা হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তারদের কতগুলি পদ শুন্য আছে; এবং
  - (খ) এই সব ক্ষেত্রে ডাক্তার নিয়োগের কোনও উদ্যোগ নেওয়া হয়েছে কিনা? স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ
  - ক) বাঁকুড়া সিন্মলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ২৫টি ডব্লিউ বি এইচ এম পদ শূন্য আছে এবং স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ৫১টি পদ শূন্য ছিল।

বাঁকুড়া সন্মিলনী মেডিক্যাল কলেজে ও হাসপাতালে ১৪টি শিক্ষকের পদ শূন্য আছে।

বাঁকুড়ায় জেলা হাসপাতাল নাই।

(খ) বাঁকুড়া সন্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ডব্লিউ বি এইচ এসের শূন্য পদে ডাক্তার দেওয়ার জন্য নির্দিষ্ট প্রস্তাব দেওয়া হচ্ছে এবং স্বাস্থ্য কেন্দ্রগুলির শূন্যপদ পূরণের জন্য পি.এস.সি'র তালিকা ইইতে ডাক্তারদের নিয়োগ পত্র দেওয়া ইইয়াছে।

[8th April, 1994]

বাঁকুড়া সন্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে শিক্ষকদের পদগুলি পূরনের জন্য অবিলম্বে সরকার দরখাস্ত আহ্বান করিবেন।

# বোলপুর-রাজগ্রাম রাস্তার প্রথম পর্যায়ের কাজ

- ' \*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং \*৫৭০) শ্রী **ধীরেননাথ সেনঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) স্টেট প্ল্যানের অন্তর্ভুক্ত ও জেলা পরিষদ কর্তৃক অনুমোদিত বীরভূম জেলার বোলপুর-রাজগ্রাম রাস্তার প্রথম পর্যায়ের কাজ (সাঁইথিয়া-মল্লারপুর) কোন্ সময় নাগাদ শুরু হতে পারে: এবং
  - (খ) উক্ত কাজ কত দিনের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়?

## পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- ক) প্রথম পর্যায়ে বোলপুর—মল্লারপুর রাস্তার সাঁইথিয়া থেকে দ্বারকা নদের উপর সেতৃ পর্যন্ত অংশের কাজ শুরু করার পরিকল্পনা আছে। এ বিষয়ে প্রাথমিক কাজগুলি (রাস্তার জরীপ, প্রাক্কলন প্রস্তুতিকরন প্রভৃতি) নিম্পন্ন করতে সরকার সচেষ্ট আছেন। এই কাজগুলি নিম্পন্ন হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। এমতাবস্থায় রাস্তার প্রকৃত কাজ ঠিক কবে শুরু করা যাবে তাই এই মুহুর্তে বলা যাচ্ছে না।
- (খ) প্রশ্ন ওঠে না।

# কুষ্ঠ রোগীদের জন্য হাসপাতাল

- \*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং \*৫৫৮) শ্রী নটবর বাগদী ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - ক) পশ্চিমবঙ্গে কুষ্ঠ রোগীদের চিকিৎসার জন্য মোট কয়টা হাসপাতাল আছে।
  - (খ) ঐ হাসপাতালগুলিতে মোট শয্যাসংখ্যা কত; এবং
  - (গ) গত আর্থিক বছরে কতজন রোগমুক্ত রোগীকে পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে?
    স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:
  - ্ (ক) ২টি
  - (খ) ৬৮৫টি

- (গ) রোগমুক্ত কুষ্ঠ রোগীদের পুর্নবাসনের জন্য কোনও সরকারি প্রকল্প নেই।সরকারি হাসপাতালগুলিতে জীবনদায়ী ওয়ৄধ, ইনসুলিনের অভাব
- \*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং \*৯৪) শ্রী দেবপ্রসাদ সরকার । স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
  - (ক) রাজ্যের সরকারি হাসপাতালগুলিতে জীবনদায়ী ওবুধ, ইনসুলিন অমিল হওয়ায় ডায়াবেটিস রোগীদের চরম অসুবিধা সম্পর্কে রাজ্য সরকার অবহিত আছেন কিনা; এবং
  - (খ) অবহিত থাকলে, সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে নিয়মিত ইনসুলিন সরবরাহ করার জন্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন?

# স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (क) এ ধরনের কোনও খবর রাজ্য সরকারের জানা নাই।
- (খ) প্রশ্ন ওঠে না।

## হলদিয়া-ফরাক্কা সড়ক

- \*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং \*১৩৫) শ্রী তপন হোড় ঃ পূর্ত-(সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) হলদিয়া-ফরাক্কা সড়কটির নির্মাণকাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে;
  - (খ) উক্ত সড়ক নির্মাণে কেন্দ্রীয় সরকার কোনও অর্থ-মঞ্জুর করেছেন কিনা; এবং
  - (গ) করে থাকলে, তার পরিমাণ কত?

# পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হলদিয়া বন্দরের সঙ্গে উত্তরবঙ্গের সরাসরি যোগাযোগ করার লক্ষ্যে বর্তমানে চালু কয়েকটি সড়কের পথরেখা ব্যবহার করে হলদিয়া-ফরাক্কা সংযোগের একটি পরিকল্পনা রচিত হয়। যোগাযোগ সম্পূর্ণ করার জন্য কয়ে, ময়ৢরাক্ষী ও অজয় নদের উপর তিনটি সেতু এবং সেতু সংযোগকারী রাস্তা নির্মাণের প্রয়োজন। ইতিমধ্যে প্রথম দুটি নদীর উপর সেতু নির্মাণের কাজ শেষ হয়েছে এবং অজয় নদের উপর তৃতীয় সেতু নির্মাণের কাজ শুরু হয়েছে।

তাছাড়া, বর্তমান সড়ক পথের বেশ কিছু অংশ রাজ্যে সড়ক পর্যায়ে উন্নীত

[8th April, 1994]

করা প্রয়োজন। সেই লক্ষো আর্থিক সঙ্গতি অনুযায়ী দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করতে হবে।

(খ) (গ) কেন্দ্রীয় সরকার অর্থনৈতিক ও গুরুত্বপূর্ণ আন্তঃ রাজ্য সড়ক উন্নয়ন প্রকল্প (E & I Scheme) খাতে কুয়ে এবং ময়ুরাক্ষী সেতুদ্বয় নির্মাণের জন্য ২,৯৭,০০,০০০ টাকা মঞ্জর করেছিলেন।

# সরকারি হাসপাতালের ডাক্তারদের বদলীর ব্যবস্থা

- \*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং \*১১১) শ্রী শিবপ্রসাদ মালিকঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) সরকারি হাসপাতালের ডাক্তারদের কত দিন অন্তর বদলীর ব্যবস্থা আছে: এবং
  - (খ) এই বদলীর ব্যবস্থা আদৌ কার্যকর হয় কিনা?

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) সাধারনভাবে তিন বৎসর অন্তর সরকারি ডাক্তারদের বদলী করার ব্যবস্থা আছে।
- (খ) সাধারনভাবে ঐ ব্যবস্থা যথাসম্ভব কার্যকর করা হয়।

# দারকা নদীর উপর নির্মায়মান সেতুর কাজ

- \*৫০। (অনুমোদিত প্রশ্ন নং \*৫৭১) শ্রী **ধীরেন্দ্রনাথ সেনঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) বীরভূম জেলার 'বোলপুর-রাজগ্রাম' রাস্তায় দ্বারকা নদীর উপর নির্মীয়মান সেতুর কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে: এবং
  - (খ) এই সেতুর নির্মাণ-কাজ কোন্ সাল নাগাদ শেষ হবে বলে আশা করা যায় ?
    পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ
  - (ক) সেতুর ভিত ও স্তম্ভের কাজ শেষ হয়েছে। এর এক অংশে উপরিভাগের কংক্রিটের ঢালাই এর জন্য প্রারম্ভিক কাজ শুরু হয়েছে।
  - (খ) প্রয়োজনীয় অর্থের সংস্থান সাপেক্ষে আগামী আর্থিক বছরের মধ্যে সেতুর <sup>কাজ</sup> শেষ করার পরিকল্পনা আছে।

# কল্যাণীতে সৈয়দ নুরুল হাসানের নামে হাসপাতাল স্থাপন

- \*৫১। (অনুমোদিত প্রশ্ন নং \*৪২২) শ্রী সূভাষ বসুঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
  - (ক) নদীয়া জেলায় কল্যাণীতে পশ্চিমবঙ্গের প্রয়াত রাজ্যপাল সৈয়দ নুরুল হাসানের নামে (অল ইণ্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্স) হাসপাতাল-স্থাপন করার পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা; এবং
  - (খ) থাকলে, ঐ পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়? স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ
  - (ক) নতুন দিল্লিস্থিত অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সের পরিকাঠামো মতো একটি পোস্ট গ্র্যান্ধুয়েট স্পেশালিস্ট হাসপাতাল কল্যাণীতে স্থাপনের পরিকল্পনা অতি প্রাথমিক স্তরে রাজ্য সরকারের বিবেচনাধীন আছে।
  - (খ) এখনই কিছু বলা সম্ভব নয়।

## হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে পরামর্শদানের জন্য কমিটি

- \*৫২। (অনুমোদিত প্রশ্ন নং \*৬৪৫) শ্রী অমিয় পাত্রঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) রাজ্যের হাসপাতাল ও বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে দেখাশুনা ও পরামর্শদানের জন্য কোনও কমিটি আছে কিনা:
  - (খ) থাকলে---
    - (১) কোন্ স্তরে কাদের নিয়ে এই কমিটি গঠিত হয়েছে; এবং
    - (২) কমিটিগুলির উপর ন্যস্ত দায়িত্ব ও ক্ষমতার রূপরেখা কি?

# স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) হাা।
- (খ) (১) টিচিং হাসপাতাল (আভার গ্রাাজুয়েট ও পোস্ট গ্রাাজুয়েট) গুলিতে বিভিন্ন সরকারি ও বে-সরকারি প্রতিনিধিদের নিয়ে কমিটি গঠন করা হয়েছে। নন্-টিচিং হাসপাতাল ও বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রের মধ্যে রাজ্যন্তরে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর সভাপতিত্বে বিভিন্ন দপ্তরের সচিব এবং অন্যান্য সরকারি ও বেসরকারি প্রতিনিধিদের নিয়ে;

[8th April, 1994]

জেলান্তরে জেলা সভাধিপতির সভাপতিত্বে ব্লক স্তরে পঞ্চায়েত সমিতির সভাপতির সভাপতিত্ব এবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে সংশ্লিষ্ট প্রাম পঞ্চায়েত প্রধানের সভাপতিত্বে বিভিন্ন সরকারি ও বে-সরকারি প্রতিনিধিদের নিয়ে কমিটি গঠিত হয়েছে। কলকাতার রাজ্য সাধারন ও বিশেষ হাসপাতালগুলির জন্য স্বাস্থ্য অধিকর্তার প্রতিনিধির সভাপতিত্বে এবং বিভিন্ন আধিকারিক ও কলকাতা পৌরসভার প্রতিনিধিকে নিয়ে একটি কমিটি গঠিত হয়েছে। এছাড়া শহরাঞ্চলে সংশ্লিষ্ট পুরসভার প্রধান ও অন্যান্যদের নিয়েও কমিটি গঠিত হয়েছে। সব নন্-টিচিং হাসপাতালের কমিটিতেই এলাকার বিধায়ক ও সদস্য আছেন।

(২) বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে যে নানারকম সমস্যা দেখা যায় সেগুলি দূর করতে এবং সেইসব হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলির সর্বাঙ্গীন উন্নতি সাধনের জন্য ঐসব পরামর্শদাতা কমিটি তাদের সুচিস্তিত পরামর্শ প্রদান করেন।

## রাঁচীতে যক্ষা ও মানসিক রোগী-ভর্তি

- \*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং \*৬৬৯) শ্রী নটবর বাগদীঃ স্বাস্থ্য ও পরিবার কল্যা। বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—
  - (ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক সহায়তায় রাঁচীতে যে যক্ষ এবং মানসিক রোগীদের চিকিৎসা-কেন্দ্রগুলি আছে সেখানে রোগী ভর্তি হচ্ছে না এবং
  - (খ) সত্যি হলে, সরকার এ ব্যাপারে কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

# স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(क) ও (খ) পশ্চিমবঙ্গ সরকারের আংশিক আর্থিক ব্যয়ে রাঁচিতে আর. কে. মিশ্দ টিবি স্যানেটরিয়ামে ১৩০ শয্যা এবং রাঁচী মানসিক আরোগ্যশালা এবং রাঁচীর কেন্দ্রীয় ইন্সটিটিউট অফ সাইকিয়াট্রিতে যথাক্রমে ৬০০ ও ২৫০টি শয্যা আছে ১৯৯২-৯৩ সালে টি.বি. স্যানেটরিয়ামে পঃ বঃ সরকার কর্তৃক গড়ে ১০৪ জন্পাঠানো রোগী ভর্তি ছিলেন। অপরপক্ষে মানসিক হাসপাতাল দুটিতে যখন যেমন্দ্র প্রয়োজন তেমনি রোগী পাঠানো হয়। কাজেই একথা সত্য নয় যে এই হাসপাতালগুলিতে রাজ্য সরকার কর্তৃক মনোনীত রোগী ভর্তি বন্ধ আছে।

# সরকারি ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিস

\*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং \*১১২) শ্রী শিবপ্রসাদ মালিকঃ স্বাস্থ্য ও পরিবার <sup>কল্যা।</sup> বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি— সরকারি ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করার পরিকল্পনা সরকারের আছে কিনা? স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

প্র্যাকটিসিং পোস্টে প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করার কোনও পরিকল্পনা বর্তমানে নেই।

কলাণীতে গান্ধী মেমোরিয়াল হাসপাতাল

- \*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং \*৪২৩) শ্রী সূভাষ বসুঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) নদীয়া জেলার কল্যাণীতে হাদরোগ-নির্ণায়ক গান্ধী মেমোরিয়াল হাসপাতালটিকে মেডিক্যাল কলেজের সাথে যুক্ত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?
  - (খ) থাকলে, ঐ পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়? স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ
  - (ক) হাাঁ আছে।
  - (খ) এখনই বলা সম্ভব নয়।

# কুকুর ও সাপে কামড়ানোর প্রতিষেধক ওযুধ

- \*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং \*৬৪৭) শ্রী অমিয় পাত্রঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) এটা কি সত্যি যে, কুকুরে কামড়ানো ও সাপে কামড়ানোর প্রতিষেধক ওয়ৢধ হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে চাহিদা অনুযায়ী দেওয়া সম্ভব হচ্ছে না; এবং
  - (খ) সত্যি হলে, কারণ কি?
  - স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ
  - (ক) না, সত্য নয়।
  - (খ) প্রশ্ন ওঠে না।

# Adjournment Motion

Mr. Speaker: Today I have received three notices of adjournment Motion. The first is from Shri Saugata Roy and the second is from Shri Sudip Bandyopadhyay both on the subject of reported attack

8th April, 19941

on the President of the Malda district Youth Congress and killing of his companion on 7.4.94 and the third is from Shri Ambica Banerjee on the subject of reported death of four dacoits at Baruipur P.S. area on 7.4.94 by mass beating.

The subject matters of the Motions do not call for Adjournment of the business of the House. The Members may draw the attention of the concerned Ministers on the subjects through Calling Attention, Ouestion, Mention, etc.

I. therefore, withhold my consent to the Motions.

One Member may, however, read out the text of his Motion as amended.

Shri Ambica Banerice: This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely-

Four dacoits were beaten to death by public on 7.4.94 afternoon in the area of 'Sashan' under Baruipur P.S. One is seriously injured and another dacoit fled. Only one could be arrested. Seven armed dacoits looted the passengers of a Scaldah bound train between Lakshikantapur and Sashan. While chasing, other dacoits throw bombs and fired from their arms injuring atleast three persons, injured persons were sent to Baruipur Hospital. Train dacoity is increasing day by day creating dissatisfaction in the mind of people.

#### CALLING ATTENTION

Mr. Speaker: Today I have received five notices of Calling Attention, namely:-

1. Reported molestation of one tribal

woman at Jamdhara village under : Dr. Manas Bhunia and

Goaltore P.S. of Midnapore district : Shri Satya Ranjan Bapuli

2. Reported strike called by the powerloom owners on 7.4.97

: Shri Santashri Chatterjee Shri Manindranath Jana. Shri Benode Das and Shri Sachindranath Hazra

3. Reported attempt to murder youth Congress President of Malda

: Shri Saugata Roy.

district and death of his companion on 7.4.1994

Shri Abdul Mannan and Shri Ambica Banerjee

 Demand for construction of a bridge on the river Jalangi at Tehatta

: Shri Kamlendu Sanyal

 Increase of activities of antisocials in the border Districts of Mushidabad and Malda

: Shri Nirmal Das

I have selected the notice of Shri Nirmal Das on the subject of increase of activities of anti-socials in the border Districts of Murshidabad and Malda.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

খ্রী আব্দুল কোয়াম মোলাঃ স্যার, ১২ই এপ্রিল জবাব দেওয়া হবে।

#### STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker: The Minister-in-charge of Health Department will make a statement on the subject of deplorable condition of the Chinchurah. Immambara Sadar Hospital.

(Attention called by Shri Abdul Mannan on the 6th April 1994)

[12-00-12-10 p.m.]

খ্রী প্রশান্তকুমার শুরঃ

মাননীয় স্পিকার মহোদয়,

মাননীয় সদস্য খ্রী আব্দুল মান্নান চুঁচুড়া ইমামবাড়া সদর হাসপাতাল সম্পর্কে যে দৃষ্টি আকর্যনী প্রস্তাব উত্থাপন করেছেন তার জবাবে আমি প্রথমেই বলতে চাই যে তাঁর অভিযোগ বর্থার্থ নয়। চুঁচুড়া ইমামবাড়া সদর হাসপাতালে ৪৫০টি শব্যা চালু আছে। রোগীর চিকিৎসা বর্থাযথভাবেই চলছে। হাসপাতাল বাড়িটির অবস্থা মোটামুটি ভালই। পূর্ত দপ্তর প্রয়োজন মতো মেরামতির কাজ করে আসছেন। হাসপাতালের জল সরবরাহ পর্যাপ্ত এবং আনুসঙ্গিক পরিকাঠামোও যথাযথ।

হাসপাতালের ব্লাড বাাষ্কটি ভালভাবেই চলছে। তিনটি এগ্র-রে মেশিন নিয়মিত কাজ

[8th April, 1994

করে চলেছে। ই.সি.জি. মেশিনটিও চালু আছে। হাসপাতালের মর্গটি বাতানুকুল এবং সেচিং ভালভাবেই চলছে। হাসপাতালের দুটি অ্যাম্বুলেস নিয়মিত কাজ করে চলছে।

হাসপাতালটিতে এক্স-রে ফিল্ম এবং ওষুধের নিয়মিত সরবরাহ বজার রাখা হচ্ছে। ও বিষয়ে কোনও অভিযোগই হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে পাওয়া যায় নি। মাননার সদস্যরা অবগত আছেন যে, এ.ভি.এস. এবং এ.আর.ভি. বাইরে থেকে সংগ্রহ করা হয় পাস্তর ল্যাবরেটরির কাজ এখনও পুরোপুরি শুরু না হওয়য় এই প্রতিষ্ঠানের উৎপাদ সীমিত। তা দিয়ে সমস্ত রাজ্যের চাহিদা সব সময়ে মেটানো সম্ভব নয়। এই ওয়ৄর দৃটির সরবরাহে কখনও কখনও হয়ত বিদ্ব ঘটে। কিন্তু সাধারনভাবে এই হাসপাতালে কোনও ওয়ুধের অভাব নেই।

হাসপাতালে ৩৮ জন ডাক্তারের মধ্যে ৩৩ জন কর্মরত আছেন। সম্প্রতি পি.এস.সি থেকে যে তালিকা পাওয়া গিয়েছে তার থেকে বাকি কজনকেও নিয়োগ করার ব্যবস্থা নেওয় হচ্ছে। নার্স এবং অন্যান্য কর্মচারিও প্রয়োজনমতো নিযুক্ত আছেন।

একটি কথা এই প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে এই হাসপাতালে কর্মরত ২জন আ্যানাসথেসিস্টের মধ্যে বিশেষ প্রয়োজনে একজনকে অন্যন্ত বদলি করা হয়েছে। ফেব্রুয়ারি মাসের শেষ থেকে একজন মাত্র আ্যানেসথেসিস্ট এখানে কাজ করছেন। একজন আ্যানেসথেসিস্টের পক্ষে এতবড় হাসপাতালের সমস্ত অপারেশন কেসে সাহাযা করা সম্ভব নয়। তাই যে অপারেশনগুলি জরুরি নয় অর্থাৎ ডাক্রারী পরিভাষায় যাকে কোল্ড কেস বল হয় সেই অপারেশনগুলি কছুদিন বন্ধ আছে। মাননীয় সদস্যগন অবগত আছেন যে ডাভারনেশ মধ্যে অ্যানেসথেসিস্টদের সংখ্যা সীমিত যেহেতু এটি একটি ভার্থ সাবজেন্ত?। তবুও এটি সম্প্রতি পি.এস.সি'র পাঠানো তালিকা থেকে একজন অ্যানাসথেসিস্ট ইতিমধ্যেই এই হাসাপাতালে নিয়োগ করা হয়েছে। আশা করা যায় শীঘ্রই তিনি কাজে যোগদান করবেন এবং নিয়মিত অপারেশন চালু হবে।

উল্লিখিত বক্তব্যের পরিপ্রেক্ষিতে মাননীয় সদস্যগণ অবশ্যই অনুধাবন করবেন যে মাননীয় সদস্য শ্রী আব্দুল মানান 'চুচুড়া ইমামবাড়া সদর হাসপাতালে চিকিৎসা ব্যবস্থা ভেঙে পড়েছে বলে যে অভিযোগ করেছেন তা সঠিক নয়।

[12-10-1-00 p.m.] (including adjournment)

#### STATEMENT UNDER RULE 346

#### Shri Prasanta Kumar Sur:

9 (nine) babies born at Matri Mongal Pratisthan, 228. Rabindra Sarani, Calcutta-700 007, died between the period from 27th January. 1994 and 1st February, 1994-5 (five) at the above mentioned hospital

and 4 (four) at Marwari Relief Society Hospital, being shifted from the Matri Mongal Pratisthan. As soon as the news was published in the News Papers, a team of Medical Officers from the Health Department of the Government visited the hospital on the 3rd instant for investigation of the high mortality rate. It is found from the report that 6 (six) of these babies were born pre-matured-their birth weight varied between 1 Kg. and 2 Kg. Birth weight of other 3 (three) babies were almost normal. It has been ascertained from the hospital authorities that the cause of death was septicaemia. It was also found from the records of the hospital that all the mothers of the deceased new born babies were admitted in cabins and they had their Special Attendants supplied by the hospital. The infection which was the cause of the death of the babies had spread in the cabins of the hospital only.

As soon as the news was published in the Press the hospital authorities had collected swab samples from the probable sources of infection and sent them to a Laboratory for testing. They also started fumigation of the premises and closed the hospital. The Medical team asked them not to start admission of new patients till the premises is fully disinfected.

A Police party had also been sent there to enquire into the matter. From their report it is found that the Matri Mongal Pratisthan is a privately run maternity hospital housed in an old three stories building accommodating 150 beds. The hospital does not maintain the clinical standards of hygienity and amenities provided to the patients are not up to the standard although the charges realised are almost at par with the private Nursing Homes. Each patient is allowed to keep one Special Attendant supplied by the hospital who are neither trained nor follow the asceptic measures in handling the new borns. The cause of infection could not, however, been ascertained by them.

A team of bacteriologists from the School of Tropical Medicine Calcutta, had been sent to the hospital with a view to ascertaining the actual cause of infection. But as the hospital authorities started fumigation of the premises the team could not detect the source of infection. However, they collected samples from different sources which are under testing.

A report has since been received from the Laboratory on culture and antibiogram of swabs sent by the hospital authorities to them showing growth of Pseudomonas Pyocyanea in the Suction Apparatus and

[8th April, 1994

Mackintosh used in the Paediatrics Ward which was the cause o sopticaemia taking toll of 9 (nine) new born babies. It clearly shows that the hospital authorities do not maintain hygienic conditions properly A team consisting of the following three experts have, therefore, beer formed by the Health Department to enquire into the matter:

- Prof. (Dr.) P. Bhowmick, Head of the Deptt. of Paediatrics Medical College Hospital, Calcutta.
- 2. Prof. (Dr.) M. Sanyal, Head of the Deptt. of G. & O., Medica College Hospital, Calcutta.
- 3. Dr. B. Hazra, Asstt. Professor, Deptt. of Medicine, Medica College Hospital, Calcutta.

They have been asked to investigate into the working as a whole and submit their report early, on receipt of which action by the Government will be taken against the hospital authorities.

It has been observed by the Government that many a Nursing Home and Health Institutions have of late been setting up not only in the cities but also in the district and sub-divisional towns. They do not reportedly follow the rules and regulations prescribed in the Clinic Establishments Act fur running such institutions. The Health Department have asked the Police authorities of the city as well as to the District Magistrate of the districts to send the particulars of all Nursing Homes Maternity Homes, Pathological Laboratories and X-ray Units run by private entrepreneurs within their jurisdiction along with the names and addresses of the respective proprietors. On receipt of such lists periodical raids on each one of the institution will be conducted by the Officers of the Health Department to ascertain as to whether the institutions have been functioning as per rules and regulations prescribed for the same and punishment on the offending institutions shall be imposed by the Government. The Calcutta Municipal Corporation authorities have also been requested to be vigillant and take effective measures to see that the health institutions are run as per provisions of the Act.

The Government have also been contemplating to amend the Clinical Establishment Act. The existing penal provisions for noncompliance with the requirements of the Act are considered inadequate. The Act was promulgated as back as in the year 1950 and its amendments are necessary with a view to keeping pace with the changed socio-economic condition. It has, therefore, been considered proper to make the

provisions more stringent.

In consideration of the reports received by the Government from the teams enquiring into the affairs of the Institution and particularly in view of their responsibility in the matter of death of so many children the Government subsequently passed an order closing down the establishment and to show cause as to why they had not obtained a license under the Clinical Establishment Act, 1950 from the Government. The Jorasakho Police Station was also requested by the Health & F.W. Department to take appropriate action against the Institution for conducting the same without a valid license.

The Institution approached the Department with a plea to tract their organisation as a hospital and not a clinical establishment so that the organisation would not come under the purview of the Clinical Establishment Act.

The Government is not willing to agree with the above pre-position.

The question for re-opening of the Institution has, under the circumstances, not been resolved till now.

শ্রী সূত্রত মুখার্জিঃ স্যার, আমি এ বিষয়ে একটু বলতে চাই।

মিঃ স্পিকার: এখন আর হবে না, আজ শুক্রবার। এখন বিরতি, আমরা আবার মিলিত হব ১টার সময়।

(At this stage the House was adjourned till 1-00 p.m.)

[1-00-1-10 p.m.](After Recess)

#### MENTION CASES

শ্রী সূরত মুখার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় মাতৃমঙ্গলের ব্যাপারে বলে গেলেন, যদিও কোনও নতুন কথা নেই। এই কলকাতায় শুধু মাতৃমঙ্গল এবং মেয়ো হাসপাতাল দুটি নয়, আপনি জানেন, আর.জি.কর মেডিক্যাল কলেজের ওপরের ছাদ খসে পড়ে ৪ জন রোগী মারা গেল। মেডিক্যাল কলেজের প্রত্যেকটি বিশ্তিং-এর সেইরকম করুণ অবস্থা। মাতৃমঙ্গলে ১৫০টি সিট এবং ঐ এলাকায় ভয়ানক কষ্ট। একদিকে মেয়ো হাসপাতাল বন্ধ, আর একদিকে মাতৃমঙ্গল বন্ধ। স্বভাবতই আমি অনুরোধ

[8th April, 1994]

করছি, আমাদের এখানে হাউস কমিটি আছে। আপনি যদি অনুগ্রহ করে সেই কমিটির কাছে পাঠিয়ে দেন এই দুটি হাসপাতালের বিষয়টা, বিশেষ করে মাতৃমঙ্গলের বিষয়টি এবং তার সুপারিশ যদি ওখানকার অথরিটি গ্রহণ করে এবং অন্যদিকে সরকার গ্রহণ করে নেয় তাহলে হাসপাতালটি চলার সম্ভাবনা থাকে। সুতরাং হাউসে যখন এই বিষয়টি উঠেছে এবং হাউস কমিটি মেহেতু রয়েছে সেহেতু এই প্রস্তাবটি গ্রহণ করতে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করুন।

Mr. Speaker: Mr. Mukherjee, I do not find the Health Minister over here. I will speak with him on Monday in this matter and will inform you.

শ্রী দেওকিনন্দন পোদার ঃ মাননীয় শিপকার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের স্টেটনেন্ট শ্রনলাম। হাসপাতালগুলিতে রোগীর মৃত্যু হয়, সরকারি হাসপাতালে মৃত্যু হয়। সরকারি হাসপাতালে বাচ্চাদের কুকুরে খেয়ে নিলেও মন্ত্রী বা সরকারের বিরুদ্ধে কোনও অভিযোগ ওঠে না। কিন্তু এদিকে মানুষের যে ক্ষতি হচ্ছে। মাননীয় হেলথ মিনিস্টারকে অনুরোধ করব, তদন্ত করে যদি কাউকে দোষী পান অবশ্যই তাকে সাজা দেওয়া হোক। কিন্তু জনগন যে কন্ট পাছেছে সে বিযয়ে সরকারের দৃষ্টি দেওয়া উচিত। এতদিন সরকার অনুদান দিয়ে এলেন বছরের পর বছর, তখন কি সরকার অন্ধ হয়ে বসে ছিলেন তাদের কাছে রেকগনিশন আছে কি নেই সেটা দেখার?

তারা হাসপাতাল বলে সরকারের কাছ থেকে এড্ নিয়েছেন, কিন্তু তাদের রেকগনিশন আছে কিনা সেটা বছরের পর বছর সরকার দেখেননি। আজকে একটা মিসহাপ ঘটবার পর ব্যাপারটা সামনে এসেছে। যারা দোষী তদন্ত করে তাদের সাজা দিন, কিন্তু স্বাস্থ্যামন্ত্রীর কাছে আমার অনুরোধ, এক সপ্তাহের মধ্যে হাসপাতালটি খোলার ব্যাপারে প্রয়োজনীয় স্টেপ নিন। সরকারের ক্ষমতা থাকলে সরকার খুলুন বা যাদের ছিল তাদের দিয়েই চালান। যাই করুন, এক সপ্তাহের মধ্যে সেটা করুন এলাকার মানুষের স্বার্থে।

থ্যাঙ্ক ইউ স্যার ফর অ্যালাউইং মি টু স্পিক্।

ডাঃ তরুণ অধিকারী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ ৮ই এপ্রিল, 'বন্দেমাতরম' মহাসঙ্গীতের উদগাতা ঋষী বান্ধমচন্দ্রের মৃত্যু-শতবার্যিকী। এই দিনটিতে নৈহাটির কাঁঠালপাড়ায় তাঁর জন্মভিটাতে সাধারন মানুষ স্বতস্ফুর্তভাবে তাঁকে শ্রন্ধা জানাচ্ছেন, যুব কংগ্রেসের পার্ম থেকেও তাঁর ছবিতে মাল্যদান করা হচ্ছে। আমি তাঁর ঐ বসতবাটি অধিগ্রহণের জন্য বারবার মুখ্যমন্ত্রী এবং উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে আবেদন জানিয়েছিলাম এবং পরবর্তীকালে অনুরোধ জানিয়েছিলাম, রাজ্য সরকারের পক্ষ থেকে যে বহিন্দ পুরষ্কার দেওয়া হয় সেটা যেন নৈহাটিতে তাঁর বসতভিটায় অনুষ্ঠানের মাধ্যমে দেওয়া হয়। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাব, আমার আবেদনে সাড়া দিয়ে ঐ অনুষ্ঠান নৈহাটিতে হতে চলেছে। সঙ্গে সঙ্গে বলতে চাই, আজকে সারা দেশে যেভাবে সম্ব্রাসের রাজত্ব কায়েম হতে চলেছে প্রশ্ন দেখা দিয়েছে ভারতবর্যের

দ্রখন্ডতা থাকবে কি থারুবে না, এই অবস্থায় ভারতবর্ষের ঐক্যের এবং দেশাত্মবোধের মূলমন্ত্র বন্দেমাতরম' মহাসঙ্গীতের উদগাতা বন্ধিমচন্দ্রের প্রতি কেবলমাত্র রাজ্য সরকার নয়, শ্রন্ধা জানাতে কেন্দ্রীয় সরকারকেও এগিয়ে আসতে হবে। এর আগে এই ব্যাপারে রাজীব গান্ধী উদ্যোগ নিয়েছিলেন এবং নরসীমা রাও মহাশয়ও উদ্যোগ নিচ্ছেন। আপনার মাধ্যমে অনুরোধ করব, নৈহাটিতে বাংলা-সাহিত্য গবেষণাকেন্দ্র স্থাপন করা হোক—এই প্রস্তাবটি অবিলম্বে প্রধানমন্ত্রীর কাছে পাঠান হোক যাতে সেখানে বাংলা সাহিত্যের উপর আকৃষ্ট হয়ে সারা ভারতের মানুষ সেখানে গবেষণা করতে পারেন। আমার দ্বিতীয় প্রস্তাব হল, আপনার মাধ্যমে লোকসভার স্পিকারের কাছে আমার আবেদন রাখছি, বন্ধিমচন্দ্রের মতো ন্যাশনাল বিল্ডারের প্রতি শুধুমাত্র শ্রন্ধা জানালেই হবে না, কাজেই তাঁর আবক্ষ-মূর্তি সেখানে স্থাপন করা হোক।

[1-10-1-20 p.m.]

শ্রী সত্যরঞ্জন বাপুলিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যয় এখানে নেই। আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে তার দৃষ্টি আকর্ষণ করছি। ভায়মন্ডহারবার হাসপাতালের কাছে ভায়মন্ড হারবার রোডে কয়েক কোটি টাকা খরচ করে একটি ক্যাপার রিসার্চ সেন্টার খোলা হবে বলে আমাদের পৌরমন্ত্রী এবং বিচার মন্ত্রী ৩ বছর আগে একটা ভিত্তি প্রস্তর খাপন করে এসেছিলেন। কিন্তু দুংখের বিষয় ২/১টি ইট গাঁথা ছাড়া আর কিছুই হয়নি। সেখানে ক্যাপার রিসার্চ সেন্টার হওয়া দুরের কথা সমাজবিরোধীদের একটা আড্ডা খানায় পরিনত হয়েছে, ঝোপ-ঝাড় তৈরি হয়েছে। এই যে ক্যাপার রিসার্চ সেন্টার, এটা অত্যও গুরুত্বপূর্ণ। আমি তাই আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে এই বিষয়ে গুরুত্ব দিয়ে যথায়থ বাবস্থা গ্রহণ করা হোক।

মিঃ স্পিকার ঃ মিঃ বাপুলি, আপনি মেনশনের নোটিশ যা দিয়েছিলেন, আর বললেন কিং এটাতো মুণকিলের ব্যাপার।

শ্রী সূরত মুখার্জিঃ মাননীয় অধাক্ষ মহাশয়, আজকে চাঞ্চল্যকর সংবাদ সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। শুধু তাই নয়, আমাদের সাংগঠনিক সূত্রেও জেনেছি এবং ঐ জেলার সদস্য কংগ্রেসের সভানেত্রীও আছেন। স্যার, সাংঘাতিক অরাজকতা চলছে, আমাদের যুবকংগ্রেসের প্রেসিডেন্টকে খুন করার চেটা করা হয়েছে। এটা একটা সাধারন ঘটনা নয়। সি.পি.এম-এর অফিস থেকে বোমা নিয়ে গিয়ে সরাসরি যুবকংগ্রেসের ঐ সভাপতি কৃষ্ণেন্দুকে খুন করার চেটা করা হয়েছে। যে বোমা ছোড়া হয়েছে কৃষ্ণেন্দুকে, সে অল্পের জন্য রক্ষা পেয়ে গেছে, কিন্তু তার সঙ্গে তার সঙ্গী বিমল প্রসাদ ছিল, তার মাথাটা উড়ে গেছে। আমরা সংবাদ পর্যেছ যে মালদা শহরে অঘোষিত বন্ধ পালিত হচ্ছে। কালকের এই অরাজকতায় এখনও পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি। মালদায় একটা উত্তাল অবস্থা চলছে। মালদায় এইরকম ঘটনা প্রায়ই ঘটছে। এই যে অরাজকতা সৃষ্টি করা হচ্ছে তার কোনও সুরাহা হচ্ছে না। আজকে কাকে বলবং কোনও মন্ত্রী। একজন আছেন গবাদী পশু মন্ত্রী। আর একজন হচ্ছেন ত্রাণ বিভাগের মন্ত্রী। আজকে কাকে বলব যে উঠে দাঁভিয়ে জবাব দেবেন। আজকে বিমল প্রসাদের মুডু বোমায়

উড়ে গেল, এই অরাজকতা সি.পি.এম-এর অফিস থেকে করা হয়েছে কিন্তু পুলিশ কিছু করতে পারছে না। আজকে যুবকংগ্রেসের সভাপতিকে মারবার জন্য টার্গেট করা হয়েছে। সেকেঁদে ফেলেছে, সে মারা যেতে পারত। আমি দাবি করছি যে এখানে সিনিয়র একজন হত্ত্ব এসে এর জবাব দিন। এখনও পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয়েছে কিনা সেটা আমাদের জানিয়ে দিন। এই জিনিস কখনও বরদান্ত করা যায় না।

শ্রীমতী সাবিত্রী মিত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গতকাল এখানে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন যে কংগ্রেসীরা নাকি সমাজবিরোধী। স্যার, আজকে এই ঘটনায় প্রমাণ দিল সি.পি.এম সমাজবিরোধী। স্যার, মালদায় আমাদের যুব কংগ্রেসের সভাপতির উপর, গতকাল রাত্রে সি.পি.এম মিহির দাস ভবনে যৃত্তি করে সমাজবিরোধীদের নিয়ে বোমা মারে। যুব কংগ্রেসের সভাপতি সেখান থেকে কোনওরকনে দোঁড়ে পালিয়ে প্রাণে বাঁচে। কিন্তু আমাদের একজন কর্মী বিমল প্রসাদ তাকে গিয়ে বোমালাগে এবং সে মারা যায়। এই ঘটনার ব্যাপারে আজ পর্যন্ত কেউ প্রেপ্তার হয় নি। সারে, মালদায় সি.পি.এম, সমাজবিরোধীদের নেতৃত্ব দিছে। সমাজবিরোধীদের দিয়ে ছাড়া কোনও বাজ তারা করায় না। এখন ওদের মাথায় কোনও বুদ্ধি নেই, নিজেদের বুদ্ধি সব হারিয়ে গিয়েছ, সমাজবিরোধীদের বুদ্ধিতে তারা চলছে। কংগ্রেসকে ইউনাইটেড দেখে সমাজবিরোধীর রাজনীতি তারা সেখানে কায়েম করছে। আসুন যদি লড়াই করতে হয় ময়দানে চলুন। উনি যে অসত কথা বলেছেন জনগন তার জবাব দেবে। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিছ অবিলম্বে দোখীদের প্রপ্রার করা হোক।

শ্রী রবীন দেবঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই উল্লেখ করেছিল।ম যে কেন্দ্রাল সরকার গঠিত মালহোত্রা কমিটি এবং নরসিংহের কমিটি যে সুপারিশ করেছেন সেই সুপারিশের মধ্যে দিয়ে ব্যান্ধ বিমা এই ধরনের আর্থিক সংস্থাগুলি বেসরকারি করার চেষ্টা করা হচ্ছে (তুলে দেওয়ার জন্য) এবং দেশী এবং বিদেশী বেসরকারি সংস্থাকে এই আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে অনুপ্রবেশ করার সুযোগ করে দেওয়া হচ্ছে। এর প্রতিবাদে আজকে ভারতবর্যের ২৫ লক্ষ অফিসার করনিক সহ সমস্ত ট্রেড ইউনিয়নগুলি একটা সর্বাত্মক ধর্মঘট করছে। আমি এই ধর্মঘটী কর্মীদের আপনার মাধ্যমে (আমি) অভিনন্দন জানাচ্ছি। পাশাপাশি আমি এইবি উল্লেখ করি যে মালহোত্রা কমিটি এবং নরসিংহ কমিটির সুপারিশ মতো আই.এম.এফ এবং বিশ্ব ব্যান্থের নির্দেশ মতো এই যে বেসরকারি করণের চেষ্টা তার বিরুদ্ধে কেন্দ্রীয় সরকাব কোনও ব্যবস্থা নিচ্ছে না বলে আগামী দিনে তারা ২-৩ দিন ধরে ধর্মঘট চালাবে। আর্থিক সংস্থাগুলি বন্ধ হয়ে যাচ্ছে সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের এই যে মনোভাব তার আমি তীর ধিকার জানাচ্ছি এবং রাজ্য সরকারকে আবেদন করছি যাতে এই আর্থিক সংস্থাগুলি সচল রাখা যায় তার ব্যবস্থা গ্রহণ করুন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাল পুলিশ বাজেট এখানে আলোচন। হয়েছে। গত বছর যে ব্যায়-বরাদ্দ ছিল তা হল ৩৭৫ কোটি টাকা, সেখানে সাপ্লিমেটারিছিল ৪০ কোটি টাকা এবং এই বছর ৪৪০ কোটি টাকা মঞ্জুর করেছি। তার ফল বিহায়েছে? এখানে আলোচনা হচ্ছে, মালদা ডিষ্ট্রিক্ট ইয়োথ কংগ্রেমের যে প্রেসিডেন্ট—সুব্রতবাব্

যে কথা বলেছেন—তাকে হত্যা করার জন্য চেষ্টা করা হচ্ছে। সে অফিসে বসে আছে, তার সঙ্গে আর একটা কর্মী আছে, তাকে লক্ষ্য করে বোমা মারল, পাশে বসা কর্মীর মাথা উড়ে গেল। এই অবস্থা আমাদের সইতে হবে? আজকে আপনার উচিত হাউস সাসপেভ করে চিফ মিনিস্টারকে ডাকুন, তিনি এসে বলুন whether he is the captain of anti-socials in the state or not. আমরা কোথায় আছি? পুলিশ বাজেট বরাদ্দ করা হচ্ছে।

#### (গোলমাল)

লজ্জা করে না তোমাদের? উনি বললেন যে এখানে নাকি আইনশৃঙ্খলা ভাল। আজকে আমরা ভূমিরাজস্ব নিয়ে আলোচনা করব। এখানে নদী নালা দিয়ে দুধ, মধু বয়ে যাছে, আর এখানকার মানুষ তাতে হাবুড়ুবু খাছে! এখানে কারও অঙ্গুলি হেলানো নাকি শাঁশানো হয় না। আজকে কংগ্রেস করলে মাথা উড়ে যায়। এই কথা জিল্ঞাসা করব কাকে? এখানে তো পশু পালন মন্ত্রী আছেন আর কয়েক জন অর্ধ মন্ত্রী আছেন। এই মাত্র তো বিনয়বাবু আসলেন।

### [1-20-1-30 p.m.]

উনি দেখতে পান কিনা জানি না। কিন্তু এই হত্যাগুলো হচ্ছে। আমরা আজকে সাার, চাইছি যে আপনি পার্লানেন্টারি মিনিস্টারকে বলুন চিফ মিনিস্টারকে ডেকে আনুন। আমর। এই বিষয়ে আলোচনা করতে চাই। আপনি সেটার মালিক। এখানে আমাদের সদস্য মাননীয় অম্বিকা ব্যানার্জি মহাশয় একটা অ্যাডজর্ন মোশন দিয়েছিলেন। গতকাল পলিশ বার্জেট হয়ে গেছে, আর আলোচনার সুযোগ নেই। তবে আপনার হাতে দ'ঘন্টা আলোচনা করতে দেওয়ার সযোগ আছে। আমরা আলোচনাটা চাই, আপনি সেটা দিতে পারেন। আপনি মাননীয় মুখ্যমন্ত্রীকে वर्ल श्राप्तीन, এতবড একটা ঘটনা। এখানে কলিং আটেনশন দিলেই হবে না। কারণ ওটাতে এক তরফা বলবেন। ওঁর অফিসাররা যা বলে দেবেন তাই বলবেন। আমরা চাইছি, এটার উপরে আলোচনা হোক। আমাদের কাছে সংবাদ আছে। এখানে আমাদের জেলা কংগ্রেসের প্রেসিডেন্ট আছেন, তিনি আবার এম.এল.এ.ও বটে। আমরা এর উপরে আলোচনা চাইছি। এখানে বিধান নেই কলিং আটেনশনের উপরে আলোচনা করার। আপনার কাছে আমাদের পাঁচটি জিনিস প্রেভিং আছে। ১৯৮ অন্যায়ী কলিং আটেনশনের উপরে আমাদের আলোচনার সুযোগ দিতে হবে। আপনি সেদিন পার্লামেন্টের কথা বলেছিলেন, কি ভাবে গ্রান্ট মূভ হয় वलिছिल्नि। यामता याथनात कथा भारत निराहि। এটা निराह याद्यक्त यालाहिना कता शिक। আমরা এক তরফা আলোচনা চাই না। ওঁর কাছে অফিসাররা যা বলে দেন সেটাই উনি বলেন। ওরা সাহিত্য রচনা করেন। আপনি মুখ্যমন্ত্রীকে বলুন। আমরা যা সংবাদ পেয়েছি, আমাদের ডিস্টিক্ট প্রেসিডেন্ট যিনি এম.এল.এ., তিনি এখানে আছেন। আমাদের এই আলোচনাটা করতে দিতে হবে। না হলে এর ফল তীব্র হবে। আমরা গাদ্ধীবাদী, আমরা হিংসায় বিশাস করি না। ওরা খুনীর দল, দাঁত বার করে হাসছে। আপনারা শুনে রাখুন, এভরি আাকশন হাজ এ রি-আকসন। তোমরা বোমা মারবে, আর তোমাদের রসোণোলা ছঁড়বো, এই আশাটা করো না।

শী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি এবং একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে সভার অনুমোদনের জন্য রাখছি। ১৯৭৭ সালে তদানিন্তন রাজ্য সরকারের চিফ মিনিস্টার কমিউনিটি হেলথ গাইড নামে একটি প্রকল্প চালু করেছিলেন। তাতে আমাদের রাজ্যের সাত হাজার পুরুষ এবং মহিলা গ্রামাঞ্চলে পঞ্চাশ টাকা করে ভাতা পেত কাজ করার বিনিময়ে। সাম্প্রতিক কালে কেন্দ্রীয় সরকারের পক্ষথেকে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী আমাদের রাজ্যের স্বাস্থ্যমন্ত্রীকে একটি সার্কুলার পাঠিয়ে জানিয়েছেন য়ে পঞ্চাশ টাকার জায়গায় এই ভাতা একশো টাকা করা হবে। সেই ভাতা বৃদ্ধির কথাটা মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে থাকলে তিনি জানাতে পারতেন। আমি সার্কুলারের নম্বরটা বলে দিছি—জি.ও. নং পি ১৭০২১৮।১।১৯(১৩) ডেটেড মে, ১৩। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী সেটা সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে, জেলা স্বাস্থ্যকন্দ্রপুলিতে জানিয়ে দিয়েছেন। (এই সময়ে মাইক বদ্ধ হয়ে যায়)

শ্রী শান্ত শ্রী চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার রিষড়াতে অবস্থিত হেস্টিংস জুট মিল প্রায় হ হাজার শ্রমিক কাজ করে। সেখানে গত ২৩শে ফেব্রুয়ারি হঠাৎ লক আউট ঘোষণা করা হল। কিছুদিন আগেই ১৯শে জানুয়ারি একটা ব্রিপাক্ষিক মিটিংয়ে চুক্তি করে এই কারখানাটি খোলা হল। কিছু আবার হঠাৎ করে লক আউট ঘোষনা করা হল। একটা উদ্দেশ্য প্রনাদিত ভাবে লক আউট ঘোষণা করা হল, এর ফলে শ্রমিক কর্মচারিরা প্রচন্ড অসুবিধার মধ্যে পড়েছে। যেখানে পাটের এখন খুবই চাহিদা সেখানে হঠাৎ করে এই কারখানা বদ্ধ করে দেওয়াতে সরকারের আর্থিক দিক থেকেও বিরাট ফতি হবে। সুতরাং অবিলপ্থে যাতে ওই কারখানা খোলা হয় এবং শ্রমিকরা কাজ পায় তার ব্যবস্থা করন।

**এ দেবপ্রসাদ সরকারঃ মাননী**য় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে, রাজ্যে নারী নিগ্রহ কিভাবে বেডেছে। এর মধ্যেও আপনি শনলে আশ্চর্য হয়ে যাবেন যে চার্জনিটের ধারা পলিশ এখন পাল্টে ফেলছে। বটতলা কেসের আসামী আলপনা বন্দ্যোপাধ্যায়কে লাঞ্ছিত করার অভিযোগে **যেসব আসামীদের ধরা হয়েছিল তাদের জামিনে খালাস** করা হয়েছে এবং তার। নিশ্চিত্তে ঘুরে বেডাচ্ছে। এর ফলে এলাকার মানুষেরা নিরাপতার অভাব অনুভব করছে। আলপনা বন্দ্যোপাধ্যায়ের অভিযক্ত আসামীদের ক্ষেত্রে পুলিশ ৩০৭ ধারা পাল্টে ৩২৩ এবং ৩২৬ ধারা প্রয়োগ করে তাদের আটক করেছিলেন। ৩০৭ ধারা মানে এটেম ট মার্ডার এবং ৩২৩ ধারা এবং ৩২৬ ধারা মানে গুরুতর মারধোর করা হয়েছিল। এইরকম লঘু অভিযোগ ধরে प्यश्रताधीरमत भाष्टित माजा कमिरा राम्ख्या रन এवः जामिरा थानाभ करत एउस रहा আজকে বামফ্রন্ট সরকারের পূলিশ কি তাহলে সমাজবিরোধীদের সাজ। না দিয়ে তাদের অপরাধগুলো আড়াল করতে ব্যস্ত হয়ে পড়েছেন। সূতরাং আমার দাবি হচ্ছে যে এই দৃষ্টান্ট ধরে আমি বলতে চাই যে, ৩০৭ ধারা পাল্টে কেন এই দোযীদের ক্ষেত্রে ৩২৩ এবং ৩২৬ ধারা করা হল স্বরাষ্ট্রমন্ত্রী বিধানসভাতে তার উত্তর দিন এবং এই বিষয়ে একটা বিবৃতি দিন। এই ব্যাপারে মহিলা কমিশনও সোচ্চার হয়ে উঠেছে, সতরাং অবিলয়ে এর বিবৃতি দেওয়া হোক।

শ্রী নির্মল দাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি। ১৫৩টি চা বাগান তার হেড কোয়াটার ছিল জলপাইগুড়িতে, অধুনা গোপালপুরে এর রক্ষনাবেক্ষণ করা হয়। সেখানে মালিকদের সঙ্গে শ্রমিকদের একটা ত্রিপাক্ষিক চুক্তি হয় কিন্তু তাতে কোনও ফল হয় নি। মালিকপক্ষ ওখানে না থেকে কলকাতাতে অবস্থান করছে। এবং এই সমস্ত চা বাগানগুলো বেআইনিভাবে বন্ধ করে দিয়েছে। লেবার ডিপার্টমেন্টকে বলা সত্ত্বে কোনও উত্তর পাই নি। ৪ বছর ধরে এখানকার শ্রমিকরা অসুবিধার মধ্যে পড়ে রয়েছে। ৫ জন শ্রমিক মারা গেছে। এই বাাপারে মাননীয় পতিত পাবন পাঠক মহাশয়কেও জানিয়েছি, মাননীয় মুখামন্ত্রীকেও জানিয়েছি কিন্তু আজ পর্যন্ত কোনও কাজ হয় নি। এছাড়া আলিপুরদুয়ারে পায়োনীয়ার ডিনার লিমিটেড নামে একটি প্লাইউড কারখানা আছে, সেখানে ২১৪ জন কর্মচারি কাজ করে এবং প্রায় ১ হাজার লোক জড়িত। এতে ওয়েস্ট বেঙ্গল ফিনান্স কর্পোরেশন এবং ইউ বি আই ৭০ লক্ষ টাকা দিয়েছে, কিন্তু মালিকপক্ষ গা ঢাকা দিয়েছে। এখন অনেক কারখানা অধিগ্রহণ করা হচ্ছে অতএব এটাও করা হেকে।

[1-30—1-40 p.m.]

শ্রী অদ্বিকা ব্যানার্জিঃ মিঃ শিপকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রনন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা শুনেছি কাক কাকের মাংস খায়না, পুলিশ যে পুলিশের মাংস খায়ার জন্য ব্যস্ত হয়ে আছে এই কথা শুনিনি। আপনি এটা শুনলে আশ্চর্য হয়ে যাবেন। একটা কনস্টেবল ট্রাস্ফারের জন্য সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে ৫ থেকে ১০ হাজার টাকা নেওয়া হচ্ছে। সেখানে আই.জি. হেড কোয়াটার মিঃ সানাল যিনি আছেন তিনি অত্যন্ত সৎ মানুষ, তাকে সুপারসিড করে রাজনৈতিকভাবে ইনফুয়েল খাটিয়ে হাওড়ার গোলাবাড়িতে পোস্টিং করা হচ্ছে। সেখানে অক্শান হয়েছে ৫ লক্ষ টাকা, এখন দর উঠেছে ৭ লক্ষ টাকা। সেখানে বাস্তযুঘুরা যাবার চেটা করছে। আমি আশা করব এই ব্যাপারে প্রকৃত তদন্ত করা হবে, সেখানে অনেক ইন্সপেক্টার যাওয়ার চেটা করছে। আই.জি. হেড কোয়াটার দীপক সান্যালকে এই ব্যাপারে দায়িত্ব দেওয়া হোক এই ট্রান্সফারের বাপারে এটা দেখার জন্য। যে ভাবে টাকা নিয়ে ট্রান্সফার করা হচ্ছে ক্যালকাটা পুলিশে, ওয়েস্ট বেঙ্গল পুলিশে এটা অত্যন্ত পুলিশ ডিপার্টমেন্টের পক্ষে লজ্জার ব্যাপার, ঘৃণার ব্যাপার। তাই আমি মুখ্যমন্ত্রীকে বলব এই ব্যাপারে প্রপারলি ইনভেন্টিগেট করুন, যারা এই ব্যাপারে দায়ী, রাজনৈতিক নেতা যারা এর সঙ্গে যুক্ত নন গেজেটেড পুলিশ অ্যাসোসিয়েশনের কর্মকর্তা যারা আছে তাদের ব্যাপারে আইনানুগ ব্যবহা নিন।

শ্রী আব্দুল মানানঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শ্রমমন্ত্রী ও বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে আপোস জুট মিল যার সঙ্গে ব্রিয়ারলি সাহেব যুক্ত। এটা নিয়ে হাউসে বহুবার আলোচনা হয়েছে। কয়েকদিন আগে ১২টি ইউনিয়ন মালিকগোষ্ঠীর সঙ্গে চুক্তি করেছেন কারখানাটি ৩১শে মার্চ থেকে চালু করা হবে। সেই হিসাবে ৩১শে মার্চ শ্রমিকরা কাজে যোগদান করবেন বলে এসেছিলেন। কিন্তু দেখা গেল বিদ্যুৎ এর লাইন-এর সংযোগ কাটা থাকায় সেই কারখানা চালু করা হয়নি। সি.ই.এস.সি এর আগে বলেছিল ফিফটি পারসেন্ট টাকা যদি মিল কর্তৃপক্ষ জমা দেন তাহলে

[8th April, 1994]

তারা লাইন দিয়ে দেবে। কিন্তু সি.ই.এস.সি.কে মিল কর্তৃপক্ষ যখন ফিফটি পারসেন্ট টাকা বিদ্যুৎ এর জন্য তারা দিতে গিয়েছিলেন তখন সেখানে বলে যে মন্ত্রীর নির্দেশ আছে লাইন দেওয়া যাবে না। বন্ধ কারখানা খোলার জন্য যেখানে আমরা সহযোগিতা করতে রাজি সেখানে বিদ্যুৎ এর লাইন দেওয়া যাচ্ছে না বলে কারখানা চালু করা যাচ্ছে না। আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি অবিলম্বে মিল কর্তৃপক্ষের সঙ্গে সি.ই.এস.সি.র চুক্তি অনুযায়্নী তারা ফিফটি পারসেন্ট টাকা জমা নিয়ে যাতে বিদ্যুৎ এর সুযোগ দিয়ে দেন এবং কারখানাটি যাতে আবার চালু হয়, ৫ হাজার শ্রমিক সেখানে কাজ করে'তারা যাতে আবার চাকরি পায় সেটা দেখার জন্য আমি অনুরোধ করছি।

শ্রী শীশ মহমদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকার গঙ্গা ভাঙনের ঘটনার ব্যাপারে আপনার মাধ্যমে এখানে বলতে চাই। আমার এলাকায় হাসানপুর এবং সোদপুর, একটি লক্ষ্মীপুর অঞ্চলে আর একটি নুরপুর অঞ্চলে সেখানে অত্যস্ত উদ্বেগজনক ও ভরাবহ অবস্থা হয়েছে। আমরা অত্যত্ত ডিস্তার মধ্যে দিয়ে দিন কটাছিছে। এবারে জুন মাসে নদীতে জল বাড়লে সিরিয়াস ভাঙন দেখা দেবে। এখন নদীতে জল নেই। গতবারে ভাঙনের ফলে অনেকটাই চলে গিয়েছে। মাননীয় মন্ত্রী দেববতবাবু সেখানে গিয়েছিলেন উনি হাসানপুর দেখেনে, সোদপুর দেখেননি। আমি সরকারের কাছে আবেদন জানাছি সেখানে দ্বিম করে ভাঙন প্রতিরোধের ব্যবস্থা করুন। এখন থেকে ব্যবস্থা না নিলে পাথর ক্যারি করে নিয়ে আসা স্ট্যাগিং করা মেজারমেন্ট করা তাকে পিচিং করা এইসব করতে ভাল সময় লাগবে। সেইজনা অবিলম্বে বিভাগীয় অফিসারদের সেখানে পাঠিয়ে ব্যবস্থা নেবার জন্য অনুরোধ করছি।

শ্রী সৃদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামী ১৫ই এপ্রিল গ্যাট চুভি সই হতে চলেছে। ভারতবর্ষের অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে এই চুক্তি একটি দৃঢ় এবং বলিট পদক্ষেপ। কিন্তু সাার, এরা গ্যাট চুক্তি কি, তা না জেনে, না বুঝে অনর্থক তার বিরোধিতা করছেন এবং ভারতবর্ষের অর্থনৈতিক উন্নয়নের অগ্রগতিকে বাধা দিছেন। সারে, দৃখ্যন্ত্রী নিজেই উদার অর্থনীতি এবং উদার শিল্পনীতির সমর্থক এবং তিনি উদার নীতির সমর্থক বলেই অসীমবাবুর কাজকর্ম যে তিনি পছন্দ করেন না তা তিনি সি.আই.আর-এর মিটিং-এ দাঁড়িয়ে প্রকাশ্যে বলেছেন। আমরা অভিযোগ করা সত্তেও মুখ্যমন্ত্রী আজও বললেন না যে তিনি এই অভিমত ব্যক্ত করেছেন কিনা? স্যার, এই গ্যাট চুক্তি নিয়ে রামক্রন্ট মানুষকে বিস্লান্ত করছে এবং সেদিন তারা 'কালা দিবস' পালন করবেন বলে জানিয়েছেন। এরা স্যার, এর জন্য রাজধানী দিল্লিতে গিয়ে মিছিল করে পার্লামেন্ট দখল করতে চেয়েছিল এবং এইভোবে গোটা ভারতবর্ষে একটা অরাজকতার সৃষ্টি করতে চাইছে। আমরা সমবেত ভাবে এর প্রতিবাদ জানাতে বন্ধপরিকর। ভারতবর্ষের অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে ১১৭টি দেশ গাটে চুক্তির মাধ্যমে যে নতুন পথে এগুচ্ছে আমরা আন্তরিকভাবে তাকে স্থাগত ভানাটিছ।

শ্রী পদ্মনিধি ধরঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সি.এম.ডি.এ-এর ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বালির গ্রামাঞ্চলের ৫টি গ্রাম পঞ্চায়েতে সি.এম.ডরু.এস.এ.-এর যে জল প্রকল্প আছে তার অবস্থা অত্যক্ত করন এবং সে কথাটাই আমি আপনার মাধ্যমে তলে ধরে তার অবিলম্বে প্রতিকার চাই। সেখানে তিপ